# গোপালবিজয়

শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
সম্পাদিত

বিশ্বভারতী
শান্তিনিকেতন

সাহিত্যপ্রকাশিকা
ষষ্ঠ খণ্ড

সাধারণ সম্পাদক শ্রীবিজনবিহারী ভট্টাচার্য

বিশ্বভারতী গবেষণা-গ্রন্থমালা

প্রথম প্রকাশ : ১৩৭৩ বঙ্গাব্দ

প্রকাশক : রণজিৎ রায়
সম্পাদক, গবেষণা-গ্রন্থ প্রকাশন সমিতি
মুদ্রক : শ্রীবিদ্যুৎরঞ্জন বসু
শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম

প্রাপ্তিস্থান :
মুদ্রণ, প্রচার ও প্রকাশন দপ্তর, বিশ্বভারতী, শান্তিনিকেতন ;
বিশ্বভারতী গ্রন্থনবিভাগ,
৫ দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা ৭

## ॥ মুখবন্ধ ॥

অধ্যাপক শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম-এ, পি-এইচ-ডি সম্পাদিত বৈষ্ণব রসগ্রন্থ শ্রীকৃষ্ণভক্তিবল্লী প্রায় আট বৎসর পূর্বে বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত হয়।

শ্রীরূপ গোস্বামীর ভক্তিরসামৃতসিন্ধুর রসময়দাস-কৃত ভাবানুবাদ এই শ্রীকৃষ্ণভক্তিবল্লী গ্রন্থখানি পাণ্ডুলিপির অবরোধেই আবদ্ধ ছিল; দুর্গেশবাবু তাহার অবরোধ মোচন করিয়া বিদগ্ধ বাঙ্গালী সমাজের দৃষ্টিগোচর করিয়াছেন। সাহিত্যের ইতিহাসে যাহা স্মৃতিমাত্র ছিল, সাহিত্যের আপন অঙ্গনে বঙ্গভাষী পাঠক তাহাকে স্বরূপে দেখিতে পাইয়া ধন্য হইয়াছেন।

শ্রীকৃষ্ণভক্তিবল্লী প্রকাশের পর দুর্গেশবাবু কবিশেখর দৈবকীনন্দন সিংহের 'গোপাল বিজয়' কাব্যে হাত দেন। বিভিন্ন গ্রন্থাগারে রক্ষিত বহুসংখ্যক পুঁথি পরীক্ষা করিয়া ও তাহাদের পাঠ মিলাইয়া ইহার মুদ্রণযোগ্য পাঠ প্রস্তুত করিতে হইয়াছে। প্রাচীন পুঁথির সহিত যাঁহাদের কিছু পরিচয় আছে তাঁহারাই বুঝিবেন এ কাজ নিতান্ত সুকর নহে। বাঙ্গালা দেশে পুঁথির উপরিভাগে পুষ্পচন্দনের প্রলেপ যতই পুরু হইতে থাকে, উই ইঁদুর এবং আর্দ্রতার আক্রমণ সেই পরিমাণেই বৃদ্ধি পায়। কেবলমাত্র ভক্তির অস্ত্র দিয়া তাহাদের প্রতিরোধ করা যায় না। ফলে, সম্পূর্ণ পুঁথি নিতান্তই দুর্লভ হইয়া পড়ে। প্রথম পাতা শেষ পাতা কদাচিৎ মিলে। মধ্যের সকল পাতাও অচ্ছিন্ন থাকে না। 'গোপালবিজয়ে'র যে আটটি পুঁথি অবলম্বন করিয়া দুর্গেশবাবু পাঠ প্রস্তুত করিয়াছেন তাহার একটিও অখণ্ড নয়। একের অভাব অন্যের সাহায্যে পূর্ণ করিয়া লইতে হইয়াছে। পাঠ-সংকলনে সম্পাদক যে বিচারবুদ্ধি প্রয়োগ করিয়াছেন তাহা তাঁহার কৃতিত্বের পরিচায়ক।

সুদীর্ঘ ভূমিকায় প্রস্তাবিত গ্রন্থ ও গ্রন্থকর্তা সম্পর্কে যে আলোচনা করা হইয়াছে তাহা বহু তথ্যে সমৃদ্ধ। কেবল রসের বিচার করিয়াই সম্পাদক ক্ষান্ত হন নাই, প্রাচীন বাঙ্গালার ব্যাকরণ-প্রসঙ্গেও আলোচ্য গ্রন্থের মূল্যবত্তা প্রদর্শন করিয়াছেন। শ্রীকৃষ্ণকীর্তনের সহিত স্থানে স্থানে ইহার যে মিল দেখানো হইয়াছে তাহা ভাষাবিজ্ঞানীর নূতন চিন্তার খোরাক জোগাইবে। প্রাচীন বাঙ্গালা সাহিত্য বিশেষতঃ বৈষ্ণব সাহিত্য সম্পর্কে যাঁহাদের অনুরাগ আছে এই গোপালবিজয় গ্রন্থখানি তাঁহাদের সমাদর লাভ করিবে এবিষয়ে আমার সংশয়মাত্র নাই।

বিদ্যাভবন, শান্তিনিকেতন
২৫ বৈশাখ, ১৩৭২

শ্রীবিজনবিহারী ভট্টাচার্য
সম্পাদক, সাহিত্যপ্রকাশিকা, ষষ্ঠ খণ্ড

## নিবেদন

চর্যাপদের পর বাঙ্গালা সাহিত্যের আদি মধ্যযুগের স্বরূপ উদ্‌ঘাটিত হইয়াছে শ্রীকৃষ্ণকীর্তন-প্রকাশে। পঞ্চদশ শতাব্দীর বাঙ্গালা ভাষার বৈশিষ্ট্য এই গ্রন্থে পরিস্ফুট। গুণরাজখাঁ মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয় ও বিপ্রদাসের মনসাবিজয়—এই উভয় গ্রন্থের রচনাকাল পঞ্চদশ শতাব্দী হইলেও যে-সকল পুঁথির আধারে গ্রন্থদ্বয় সম্পাদিত ও প্রকাশিত, তাহাদের বয়স সেরূপ প্রাচীন নহে ; এই হেতু গ্রন্থরচনাকালীন ভাষার বৈশিষ্ট্য এই উভয় গ্রন্থে যথাযথভাবে প্রত্যাশা করা যায় না। এই দৃষ্টিতে কৃত্তিবাসের রামায়ণ-সম্পর্কে তো কথাই ওঠে না। কৃত্তিবাসের নামে মুদ্রিত ও প্রচলিত রচনায় কতটুকু কৃত্তিবাস দাবী করিতে পারেন তাহার বিচার এখনও শেষ হয় নাই।

আলোচ্য গ্রন্থ কবিশেখরের গোপালবিজয় এ-বিষয়ে প্রায় অদ্বিতীয়। এই গ্রন্থে ব্যবহৃত আদর্শ পুঁথির বয়স সপ্তদশ শতকের প্রথম পাদ। (দ্রষ্টব্য ভূমিকা, পৃষ্ঠা ৭-২, পাদটীকা) গোপালবিজয় সেকালের সমাজে গীত হইত এবং ভক্ত বৈষ্ণবগণ তাঁহাদের আধ্যাত্মিক উৎকর্ষের জন্য ইহার প্রতিলিপি করিয়া বা করাইয়া সযত্নে রক্ষা করিতেন এবং তাহারই কয়েকখানি ব্যবহারের সুযোগ আমাদের হইয়াছে। এই দিক্ হইতে শ্রীকৃষ্ণকীর্তনের অব্যবহিত পরবর্তী কালে রচিত এই গ্রন্থে ভাষা ও ভাবের যাবতীয় বৈশিষ্ট্য পাওয়া যাইতেছে। সুতরাং শ্রীকৃষ্ণকীর্তনের মতো এই গ্রন্থের আলোচনাও যে গুরুত্বপূর্ণ সে বিষয়ে কিছুমাত্র সংশয় থাকিতে পারে না। এ-বিষয়ের পূর্ণাঙ্গ আলোচনা বর্তমান গ্রন্থের ভূমিকায় যথাযথস্থানে পাওয়া যাইবে।

বিশ্বভারতীর উপাচার্য শ্রদ্ধেয় শ্রীযুক্ত সুধীরঞ্জন দাস মহাশয়ের উৎসাহ ও অনুমোদনের ফলে এই শ্রেণীর দুঃসাধ্য গ্রন্থ প্রকাশ করা আমার পক্ষে সম্ভব হইয়াছে। তাঁহাকে আমার আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীযুক্ত সুকুমার সেন মহাশয়ের সহায়তায় এই গবেষণাকার্য সম্পন্ন করিয়াছি। বিশ্ববিদ্যালয়ে রক্ষিত গোপালবিজয়ের পুঁথিগুলি সুষ্ঠুভাবে ব্যবহার করিতে পাইয়াছি তাঁহার সুব্যবস্থায়। সদ্য পরলোকগত অধ্যাপক শশিভূষণ দাশগুপ্ত মহাশয় এ বিষয়ে আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছিলেন। শ্রীযুক্ত তপনমোহন চট্টোপাধ্যায় মহাশয় এসিয়াটিক সোসাইটি ও বঙ্গীয় সাহিত্য পরিষদের পুঁথিগুলি ব্যবহারের ব্যবস্থা করিয়া দিয়াছেন। পণ্ডিত শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয় সংশয়স্থলে পুঁথির পাঠ ঠিক করিয়া দিয়াছেন। অধ্যাপক শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্তী ও শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন মহাশয়ের উপদেশও আমার কয়েকটি সন্দেহস্থলে বিশেষ উপকার করিয়াছে। বঙ্গীয় শব্দকোষকার স্বর্গত পণ্ডিত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় নানাভাবে

উপদেশ দিয়া আমাকে সাহায্য করিয়াছিলেন। এই গ্রন্থ-সম্পাদনায় প্রত্যক্ষভাবে সহায়তা করিয়াছেন বিশ্বভারতীর অধ্যাপক শ্রীযুক্ত পঞ্চানন মণ্ডল মহাশয়। ইঁহাদের প্রত্যেককে আমার আন্তরিক কৃতজ্ঞতা নিবেদন করিতেছি।

বিশ্বভারতী-বাঙ্গালাবিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক ও সাহিত্যপ্রকাশিকার সম্পাদক শ্রীযুক্ত উপেন্দ্রকুমার দাস মহাশয়ের আন্তরিক সহায়তায় এইরূপ দুরূহ কার্যে ব্রতী হইতে পারিয়াছিলাম। উক্ত বিভাগের বর্তমান প্রধান অধ্যাপক ও সাহিত্যপ্রকাশিকার সম্পাদক শ্রীযুক্ত বিজনবিহারী ভট্টাচার্য মহাশয় মুখবন্ধ লিখিয়া দিয়া এই গ্রন্থকে যে মর্যাদা দান করিয়াছেন সেজন্য নিজেকে চরিতার্থ বোধ করিতেছি। ইঁহারা সর্বদা আমাকে নানাভাবে সাহায্য ও উৎসাহ দান করিয়া কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন। বিশ্বভারতীর রবীন্দ্র-অধ্যাপক ও রবীন্দ্রভবনের অধ্যক্ষ আমার শিক্ষাচার্য শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সেন মহাশয় এই গ্রন্থ সম্পাদন ও প্রকাশন বিষয়ে নানাভাবে আমার আনুকূল্য করিয়াছেন। ইঁহাদের নিকট বাহ্যতঃ কৃতজ্ঞতাপ্রকাশ করিলে স্নেহের মর্যাদা ক্ষুণ্ণ করা হইবে। আমি ইঁহাদের লোকহিতপরায়ণ সমুজ্জ্বল দীর্ঘজীবন কামনা করি।

এসিয়াটিক সোসাইটির গ্রন্থাগারিক শ্রীযুক্ত শিবদাস চৌধুরী ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা পুঁথিবিভাগের অন্যতম করণিক শ্রীযুক্ত সুকুমার মিত্র মহাশয় পুঁথির পাঠ-পাঠান্তর মিলাইবার কাজে আমাকে অকুণ্ঠ সাহায্য করিয়াছেন। বিশ্বভারতীর গ্রন্থাগারিক শ্রীযুক্ত বিমলকুমার দত্ত ও তাঁহার সহযোগীদের নিকট হইতে সর্বদা নানাভাবে সাহায্য পাইয়াছি। ইঁহারা আমার অশেষ ধন্যবাদের পাত্র।

এই গ্রন্থের প্রকাশন-ব্যবস্থায় বিশ্বভারতীর গবেষণা-গ্রন্থ-প্রকাশনসমিতির সম্পাদক ও বিশ্বভারতী-গবেষণাগ্রন্থমালার প্রকাশক শ্রীযুক্ত রণজিৎ রায় মহাশয়ের আগ্রহ ও ধৈর্যের কথাও বিশেষ কৃতজ্ঞতার সহিত উল্লেখযোগ্য। শান্তিনিকেতন প্রেসের অধ্যক্ষ শ্রীযুক্ত যতীন্দ্র মোহন বিশ্বাস মহাশয় ও তাঁহার সহকর্মিগণ এই গ্রন্থের মুদ্রণ-পারিপাট্য ও অঙ্গসজ্জাবিধানে বিশেষ যত্ন নিয়াছেন। প্রেসের অন্যতম সুদক্ষ কর্মী শ্রীযুক্ত বলরাম সাহা মহাশয়কেও এই অজস্র পাদটীকাকণ্টকিত গ্রন্থের মুদ্রণব্যাপারে অপরিমেয় পরিশ্রম করিতে হইয়াছে। ইঁহাদের অমূল্য সহযোগিতার কথাও কৃতজ্ঞতার সহিত স্মরণ করি।

এই গ্রন্থসম্পাদনায় আমি শ্রম ও যত্নের ত্রুটি করি নাই। তথাপি আমার অজ্ঞতা ও অক্ষমতা নিবন্ধন যে সকল ভ্রম বা ত্রুটি রহিয়া গিয়াছে, আশা করি, সুধীসমাজ তাহা ক্ষমার দৃষ্টিতে দেখিবেন ও আমার দোষত্রুটি-সংশোধনে সহায়তা করিবেন।

বিদ্যাভবন,
বিশ্বভারতী, শান্তিনিকেতন
২৫ বৈশাখ ১৩৭২

শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

## বিষয়-সূচী

ভূমিকা পৃষ্ঠা ৭-১২৪

পুঁথি ৭

সম্পাদন-রীতি ২

গ্রন্থনাম ৬

কবিপরিচিতি ও গ্রন্থরচনাকাল ৫

কাব্যকাহিনীর সংক্ষিপ্ত পরিচয় ২৩

শ্রীকৃষ্ণবিজয়, শ্রীকৃষ্ণকীর্তন ও গোপালবিজয় (তুলনাত্মক অধ্যয়ন) ৫২

সাহিত্যিক মূল্যাঙ্কন ৭০-৯২

গ্রন্থরচনার প্রয়োজনীয়তা ৭০

পৌরাণিক ও লৌকিক ধারার সংমিশ্রণ ৭৭

কৃষ্ণের চরিতাবলী ৫৭

কাব্যে বর্ণিত মৌলিক বিষয়ের অবতারণা ৫২

সমাজচিত্র ৫৩

ভাষার বৈশিষ্ট্য ৯২-১১৪

ধ্বনিবিচার ৯২

পদবিচার ১০০

প্রবাদ-প্রবচন ১০৯

ছন্দ ১১১

অলঙ্কার ১১২

উপসংহার ১১৫

গোপালবিজয় ১-৩৩৬

টীকা-টিপ্পনী ও শব্দকোষ ৩৩৭

পৌরাণিক জীবনীর আকর-নির্ণয় ৪২১

শুদ্ধিপত্র ৪২৫

## ॥ সঙ্কেত ও প্রমাণপঞ্জী ॥

অ. দ. প — শ্রীরায়শেখরের অষ্টকালীয় দণ্ডাত্মিকা পদাবলী, শ্রীনিত্যানন্দদাস, বৃন্দাবন ধাম, শ্রীমদ্দেবকীনন্দন প্রেস, সম্বৎ ১৯৫৮

ই. বা. সা = ইসলামী বাঙ্গালা সাহিত্য, শ্রীসুকুমার সেন, বর্ধমান সাহিত্যসভা, ১৩৫৮

উ. নী = উজ্জ্বলনীলমণিঃ, শ্রীরূপ গোস্বামী, বহরমপুর রাধারমণ যন্ত্র, ২য় সং, ১২৯৫

এ. হি. চ = Ancient History of Champa, R. C. Mazumdar, The Punjab Sanskrit Book Depot, Lahore, 1927

ও. ডি. বি. এল = Origin and Development of Bengali Language, Suniti Kumar Chatterjee, Calcutta University, 1926

ক. খ = কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ৯৬১ সংখ্যক বাঙ্গালা হস্তলিখিত পুঁথি

ক. চ = কবিকঙ্কণ চণ্ডী, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯২৪

কৃ. চ = কৃষ্ণচরিত্র, শ্রীবঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ব. সা. প, ২য় মুদ্রণ, ১৩৫৩

কৃ. রা = কৃত্তিবাসী রামায়ণ, শ্রীসুবোধচন্দ্র মজুমদার, প্রবোধচন্দ্র মজুমদার এণ্ড ব্রাদার্স, ২২।৫ বি, ঝামাপুকুর লেন, কলিকাতা, ১২শ সংস্করণ, ১৩৬২

গা. স = গাথা-সপ্তশতী, শ্রীরাধাগোবিন্দ বসাক, জেনারেল প্রিন্টার্স য়্যাণ্ড পাবলিশার্স, লিঃ, ১১৯ ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা, ১৯৫৬

গো. বি = গোপালবিজয়

গৌ. বৈ. সা = শ্রীশ্রীগৌড়ীয় বৈষ্ণব-সাহিত্য, শ্রীহরিদাস দাস, শ্রীধাম নবদ্বীপ, হরিবোল কুটীর, ৪৬২ চৈতন্যাব্দ

চ. প = চর্যাগীতি-পদাবলী, শ্রীসুকুমার সেন, বর্ধমান সাহিত্যসভা, ১৯৫৮

চৈ. চ = শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীরাধাগোবিন্দ নাথ, তৃয় সং, ১৩৫৬, ভক্তিগ্রন্থ-প্রচারভাণ্ডার, ৪৬ রসা রোড ইষ্ট ফার্ষ্ট লেন, টালিগঞ্জ, কলিকাতা-৩৩

চৈ. চ. উ = শ্রীচৈতন্যচরিতের উপাদান, শ্রীবিমানবিহারী মজুমদার, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৯

তু = তুলনীয়

দোহা = বৌদ্ধগান ও দোহা, মহামহোপাধ্যায় শ্রীহরপ্রসাদ শাস্ত্রী, ব. সা. প, ১৩৫৮

দ্র = দ্রষ্টব্য

নৈ = নৈষধচরিতম্, শ্রীশিবদত্ত শর্মা, ৫ম সং, নির্ণয়সাগর প্রেস, বোম্বাই, ১৯১৯

প. ক = শ্রীশ্রীপদকল্পতরু, ৫ম খণ্ড, শ্রীসতীশচন্দ্র রায়, ব. সা. প, ১৩৩৮

প. ক (১ম) = ঐ ১ম খণ্ড ঐ ঐ ১৩২২

| | |
|---|---|
| প. প= | পদাবলী-পরিচয়, শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, ২০৩-১-১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬, ১৩৫৯ |
| প. ব. স= | পশ্চিমবঙ্গের সংস্কৃতি, শ্রীবিনয় ঘোষ, পুস্তক প্রকাশক, কলিকাতা-১২, ১৯৫৭ |
| প. মে= | পদমেরুগ্রন্থ-পদসূচী, পুঁথি-পরিচয়, ২য় খণ্ড, শ্রীপঞ্চানন মণ্ডল, বিশ্বভারতী, ১৯৫৮ |
| প. সা= | পদাবলী সাহিত্য, শ্রীকালিদাস রায়, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৫৫ |
| পু, ২য় খণ্ড= | পুরশ্চর্যার্ণবঃ, দ্বিতীয়খণ্ডঃ, শ্রীমুরলীধর ঝাঁ, বারাণসী, সংবৎ ১৯৫৯ |
| পু, তৃয় খণ্ড= | ঐ তৃতীয়খণ্ডঃ ঐ ঐ ঐ ১৯৬১ |
| পুঁ. প= | পুঁথি-পরিচয়, ২য় খণ্ড, শ্রীপঞ্চানন মণ্ডল, বিশ্বভারতী, ১৩৬৪ |
| পৌ. উ= | পৌরাণিক উপাখ্যান, শ্রীযোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, এম. সি. সরকার অ্যাণ্ড সন্স লিঃ, ১৪ বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, কলিকাতা, ১৩৬১ |
| প্রা. ব. সা= | প্রাচীন বঙ্গ-সাহিত্য ( ৫ম ও ৬ষ্ঠ ), শ্রীকালিদাস রায়, কমলা বুক ডিপো, কলিকাতা, ১৩৫৮ |
| প্রা. বা. বা= | প্রাচীন বাঙালী ও বাংলা সাহিত্য, শ্রীঅসিতকুমার বন্দ্যোপাধ্যায়, প্রগ্রেসিভ পাবলিসার্স, ৩৭ কলেজ ষ্ট্রীট, কলিকাতা, ১৩৬২ |
| প্রা. বা. সা. ই= | প্রাচীন বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, শ্রীতমোনাশ দাশগুপ্ত, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৫১ |
| ব. শ = | বঙ্গীয় শব্দকোষ, শ্রীহরিচরণ বন্দ্যোপাধ্যায়, বিশ্বভারতী, ১৩৪০-৫৩ |
| ব. সা. প= | Banga Sahitya Parichaya, Dinesh Chandra Sen, Part I University of Calcutta, 1914 |
| ব. সা সে= | বঙ্গীয় সাহিত্য-সেবক, শ্রীশিবরতন মিত্র, রতন লাইব্রেরী, বীরভূম-সিউড়ী, ১৩৩৬ |
| বা. ই= | বাঙালীর ইতিহাস, আদিপর্ব, শ্রীনীহাররঞ্জন রায়, ১ম সং, বুক এম্পোরিয়ম্, ২২।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা, ১৩৫৬ |
| বা. চ= | বালচরিতম্, শ্রীগণপতি শাস্ত্রী, ত্রিবাঙ্কুর মহারাজা সং, ১৯১২ |
| বা. দে. ই= | বাংলা দেশের ইতিহাস, ২য় সং, শ্রীরমেশচন্দ্র মজুমদার, ১৩৫৬ |
| বা. বৈ. ধ= | বাঙ্গালার বৈষ্ণব ধর্ম, মহামহোপাধ্যায় শ্রীপ্রমথনাথ তর্কভূষণ, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৯ |
| বা. সা= | বাংলা সাহিত্য, শ্রীমনোমোহন ঘোষ, ইণ্ডিয়ান পাবলিসিটি সোসাইটি, ২১ বলরাম ঘোষ ষ্ট্রীট, কলিকাতা-৪, ১৯৫৫ |

বা. সা. ই, ১ম সং — বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ১ম সং, শ্রীসুকুমার সেন, মডার্ণ বুক এজেন্সি, ১০ কলেজ স্কোয়ার, কলিকাতা, ১৯৪০

বা. সা. ই = ঐ প্রথম খণ্ড, ২য় সং, ১৩৫৫

বি. পু = বিষ্ণুপুরাণম্, শ্রীপঞ্চানন তর্করত্ন, ২য় সং, বঙ্গবাসী, ১৩৩১

বি. ভা. প = বিশ্বভারতী-পত্রিকা, মাঘ-চৈত্র, শ্রীপুলিনবিহারী সেন, ১৩৬৩

বি. সা = বিচিত্র সাহিত্য, ১ম খণ্ড, শ্রীসুকুমার সেন, ইষ্ট এণ্ড কোম্পানী, ৫২ কেশবচন্দ্র সেন ষ্ট্রীট, কলিকাতা – ৯, ১৯৫৬

বৃ. ত = বৃহৎ তন্ত্রসার, ১০ম সং, বসুমতী সাহিত্যমন্দির, ১৩১৬

বৈ. প = বৈষ্ণব পদাবলী, সাহিত্যরত্ন শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়, সাহিত্যসংসদ, ৩২এ আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলিকাতা-৯, ১৯৬১

বৈ. সা. প্র = বৈষ্ণব সাহিত্য প্রবেশিকা, শ্রীহিমাংশুচন্দ্র চৌধুরী, জেনারেল প্রিন্টার্স য্যাণ্ড পাবলিসার্স লিঃ, ১১৯ ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা, ১৩৫৮

ব্র. পু = ব্রহ্মপুরাণম্, শ্রীপঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সং, ১৩১৬

ব্র. বৈ = ব্রহ্মবৈবর্তপুরাণম্ ঐ ঐ শকাব্দা ১৮২৭

ভা = শ্রীমদ্ভাগবতম্ ঐ ঐ ১৩১০ ও শ্রীভাগবত দশমস্কন্ধ, আনন্দমুদ্রাশালা, মাদ্রাজ, ১৯১০

ভা. ই = ভাষার ইতিবৃত্ত, পঞ্চম সং, শ্রীসুকুমার সেন, বর্ধমান সাহিত্যসভা, ১৯৫৭

ভা. মহা = The Mahabharata (the Sabhaparvan), Edited by Franklin Edgerton, Poona Bhanderkar Oriental Research Institute, 1914

ম. বা. বা = মধ্যযুগের বাংলা ও বাঙালী, শ্রীসুকুমার সেন, বিশ্বভারতী গ্রন্থালয়, ২ বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, কলিকাতা, ১৩৫২

মহা = মহাভারতম্, শ্রীপঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সং, শকাব্দা ১৮৩০

রা = রামায়ণম্, ৪র্থ সং ঐ ঐ ১৩১৫

রা. প = রায়শেখরের পদাবলী, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৫৫

লোক = আনন্দবর্ধনের ধ্বন্যালোক, শ্রীসুবোধচন্দ্র সেনগুপ্ত ও শ্রীকালীপদ ভট্টাচার্য, এ মুখার্জি এ্যাণ্ড কোং লিঃ, ২ কলেজ স্কোয়ার, কলিকাতা, ১৩৫৭

শ = অভিজ্ঞানশকুন্তলম্, শ্রীরমেন্দ্রমোহন বসু, মডার্ন বুক এজেন্সি, ১০ কলেজ স্কোয়ার, কলিকাতা, ১৯৫৩

শ্রী. কী = শ্রীকৃষ্ণকীর্তন, শ্রীবসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, বঙ্গীয় সাহিত্য-পরিষৎ, ১৩২৩

শ্রী. বি— শ্রীশ্রীকৃষ্ণবিজয়, শ্রীগৌড়ীয় মঠ সং, বাগবাজার, কলিকাতা, ১৯৪৫ ও মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়, শ্রীখগেন্দ্রনাথ মিত্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৪৪

শ্রী. ভ— শ্রীকৃষ্ণভক্তিবল্লী, শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, সাহিত্যপ্রকাশিকা ২য় খণ্ড, বিশ্বভারতী, ১৩৬৩

সা. দ= সাহিত্যদর্পণঃ, শ্রীমদ্ গুরুনাথ বিদ্যানিধি, তৃয় সং, নিবেদিতা লেন, বাগবাজার, কলিকাতা, ১৯২৭

সা. প= সাহিত্য পত্রিকা, বর্ষা সংখ্যা, মুহম্মদ আবদুল হাই, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৩৬৫

সা. প. প, ২য়=সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ২য় সংখ্যা, ১৩৩৭

| | | |
|---|---|---|
| ঐ ১ম= | ঐ | ১ম সংখ্যা, ১৩৪০ |
| ঐ তৃয়= | ঐ | তৃয় সংখ্যা, ১৩৭২ |
| ঐ ৫৬ বর্ষ= | ঐ | ১৩৫৬ |
| ঐ ১৩৬০= | ঐ | ১৩৬০ |

সি. বি. আই— Contribution to a Bibliography of Indian Art and Aesthetics, Haridas Mitra. M. A., Visva-Bharati, 1951

হ. ব= শ্রীমন্মহাভারতম্, সপ্তমভাগে হরিবংশপর্ব, শ্রীরামচন্দ্র শাস্ত্রী, চিত্রশালা প্রেস, ১০২৬ সদাশিব বীথী, পুণা, ১ম সং, শকাব্দাঃ ১৮৫৭

হ. ব (ভা)= কবি ভবানন্দের হরিবংশ, শ্রীসতীশচন্দ্র রায়, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৩৩৯

হি= হিতোপদেশঃ, শ্রীজীবানন্দ বিদ্যাসাগর, ১১শ সং, ২ রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা, ১৯২৪

হি. ইন. লি— A History of Indian Literature, M. Winternitz, Calcutta University, 1927

হি. বৈ. এফ= Early History of the Vaisnava Faith and Movement in Bengal, Sushil Kumar De, General Printers aud Publishers Limited, Calcutta, 1942

হি. ব্র. লি— A History of Brajabuli Literature, Sukumar Sen, Calcutta University, 1935

হি. সং. লি= A History of Sanskrit Literature, A Mac Donell, London William Heinemarm Ltd, MCMXXVIII (1928)

R. V. S= Rig-Veda-Samhita, Vol. VI, Edited by F. Max Muller, London, 1874

# ভূমিকা

## ॥ পুঁথি ॥

গোপালবিজয় আটখানি পুঁথি অবলম্বনে সম্পাদিত হইল। ইহাদের প্রত্যেকটিই অপ্রকাশিত। পুঁথিগুলি নিম্নোক্ত চারিটি সংস্থায় সুরক্ষিত,—

১. বিশ্বভারতী
২. কলিকাতা বিশ্ববিদ্যালয়
৩. এসিয়াটিক সোসাইটি
৪. বঙ্গীয় সাহিত্য-পরিষৎ

সম্পূর্ণ গ্রন্থ কোথাও পাই নাই; আলোচ্য প্রত্যেকখানি পুঁথিই খণ্ডিত, কোনোটি আদিতে, কোনোটি অন্তে; মধ্যভাগে পত্রবিপর্যয়ও আছে। গোপালবিজয়ের প্রাপ্ত অনুলিপির প্রত্যেকখানিই প্রাচীন, দুই শত বৎসরের এদিকে কোনোটির বয়স নহে। পুরাতন তুলট কাগজের আধারে পুঁথিগুলি লিখিত। ইহাদের সংক্ষিপ্ত অন্যান্য পরিচয় এইরূপ, —

### ১. বিশ্বভারতী-সংগৃহীত পুঁথি

(ক) ২৬২৪ সংখ্যক; ইহার আকার ১৫″ × ৪⅓″; পত্রসংখ্যা ৩ক-১৩০খ; প্রতি-পৃষ্ঠায় ছত্রসংখ্যা ১০, ক্বচিৎ ১১ বা ১২; পুষ্পিকা[১] নাই। লেখার ছাঁদ দেখিয়া মনে হয়, লিপি ২৫০ বৎসরের এদিকে নহে; পুঁথিতে আছে তিন প্রকার হস্তাক্ষর। এই পুঁথিখানি প্রস্তুত গ্রন্থের সম্পাদনা-কার্যে আদর্শরূপে গৃহীত হইয়াছে।

(খ) ৫৩৯৪ সংখ্যক[২]; ইহার পত্রসংখ্যা ১০ক-১৪খ; আকার ১৩″ × ৪¼″; প্রতিপৃষ্ঠায় ছত্রসংখ্যা ১০, কোথাও ১১।

---

১ শিবরতন মিত্র মহাশয় পুঁথিখানির লিপিকাল বলিয়াছেন ১৫৩৫ শকাব্দ। এই সম্বন্ধে বিস্তৃততর আলোচনা দ্রষ্টব্য পৃষ্ঠা ২ (পাদটীকা)।

২ ইহাতে দানখণ্ডের শেষাংশ ও নৌকাখণ্ডের প্রথমাংশের বর্ণনা আছে। আদর্শ পুঁথিতে দানখণ্ডের পরিসমাপ্তি ও নৌকাখণ্ডের আরম্ভ ৫৯খ পৃষ্ঠায়; কিন্তু এই পুঁথিতে উক্ত বিষয়গুলির বর্ণনা আছে ১০ক-১৪খ পৃষ্ঠার মধ্যে। ইহাতে মনে হয়, এই পুঁথিতে শ্রীকৃষ্ণের জন্ম ও বাল্যলীলা, শ্রীকৃষ্ণকৃত নানা অসুরবধ ইত্যাদি বর্ণিত হয় নাই। পুঁথির আরম্ভ দানখণ্ডে ও পরিসমাপ্তি নৌকাখণ্ডে। সুতরাং গোপালবিজয়ের এই দুইটি অংশ সমাজে যে বিশেষভাবে সমাদৃত ছিল তা সহজেই অনুমান করা যায়; মনে হয়, এই কারণে স্বতন্ত্রভাবে ইহার অনুলিপি হইয়াছে।

(গ) ৫৮৭৬ সংখ্যক[১]; পত্রসংখ্যা ১৫ক-১০০খ; আকার ১৪" × ৪১/২"; প্রতিপৃষ্ঠায় ছত্রসংখ্যা ১১; পুষ্পিকা নাই।

## ২. কলিকাতা বিশ্ববিদ্যালয়-সংগৃহীত পুঁথি

(ক) ৯৬০ সংখ্যক; আদি খণ্ডিত; ইহার আকার ১৭" × ৪"; পত্রসংখ্যা ৩ক-২৯খ, ৪৪ক-৯৫খ, ৯৭ক-১১৫খ; প্রতিপৃষ্ঠায় ছত্রসংখ্যা ১০। ইহার পুষ্পিকা বৈশিষ্ট্যপূর্ণ। ইহাতে আদর্শ ও তাহার অনুলিখিত পুঁথির লিপিকাল দুইই আছে। আদর্শ পুঁথির লিপিকাল ১৫৭৮ শকাব্দ (১৬৫৬-৭ খৃঃ); লিপিকর নরোত্তম নন্দী। অনুলিখিত পুঁথির লিপিকাল ১৫৯৫ শকাব্দ (১৬৭৩-৪ খৃঃ)। এই পুঁথির অপর একটি কালজ্ঞাপক উক্তি হইতে জানা যায়, ইহা 'গোপীনয়ন-চন্দ্রমিতে সৌবর্ণ যুগে' ২৬শে জ্যৈষ্ঠ? মঙ্গলবারে কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে সম্পূর্ণ। পুঁথির মালিক মকরন্দ সাহুর অভিনবকুমার হরিরাম দাস। 'সৌবর্ণ যুগ' বলিয়া কোনো যুগ আছে কিনা জানি না; তবে শ্রীচৈতন্যদেবের সময়কে সৌবর্ণ যুগ ও তাঁহার তিরোভাবকাল ধরিয়া গণনা করিলে ১৩৮ সৌবর্ণ যুগকে ১৬৭২ খৃষ্টাব্দ অনুমান করা যাইতে পারে। ইহার সহিত পূর্বোক্ত ১৫৯৫ শকাব্দ অর্থাৎ ১৬৭৩-৪ খৃষ্টাব্দের সঙ্গতিসাধন কষ্টকর হয় না।

(খ) ৯৬১ সংখ্যক; ইহার আকার ১৪১/৪" × ৪১/২"; পত্রসংখ্যা ১ক-৫খ, ৭ক-১১২খ; প্রতিপৃষ্ঠায় ছত্রসংখ্যা ১২, কচিৎ ১০ বা ১১; পুষ্পিকা অত্যন্ত অস্পষ্ট; লিপিকাল ১৬— শকাব্দ, শেষের দুইটি সংখ্যা মুছিয়া গিয়াছে; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিবিভাগ-কর্তৃক ইহার লিপিকাল লিখিত হইয়াছে ১৬১০ শকাব্দ; লিপিকর শ্রীকররঞ্জন?

(গ) ৯৬৩ সংখ্যক; ইহার আকার ১২৩/৪" × ৫৩/৪"; পত্রসংখ্যা ১ক-৯৮খ; প্রতি-পৃষ্ঠায় ছত্রসংখ্যা ১২; লিপিকর অজ্ঞাত; লিপিকাল ১৭০১ শকাব্দ,[২] অর্থাৎ ১৭৭৯-৮০ খৃষ্টাব্দ।[৩]

---

১ পণ্ডিত শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয় পুঁথিখানি সম্প্রতি পাইয়া বিশ্বভারতীকে দিয়াছেন।

২ এই শকাব্দতে লিখিত গোপালবিজয়ের একখানি পুঁথির উল্লেখ করিয়াছেন শিবরতন মিত্র মহাশয়; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ৯৬৩ সংখ্যক পুঁথির লিপিকালও উহাই, সুতরাং উভয় পুঁথিই যে অভিন্ন, তাহাতে সন্দেহ নাই। ইহাও উল্লেখযোগ্য, সিউড়ী রতন লাইব্রেরির ৮৮ নং হস্তলিখিত গোপালবিজয়ের পুঁথিখানি এখন বিশ্বভারতীর (পুঁথিসংখ্যা ২৬২৪) অধিকারে; পুঁথিখানির লিপিকাল ১৫৩৫ শকাব্দ বলিয়াছেন মিত্র মহাশয়; কিন্তু তিনি ইহার কোনো প্রমাণ উল্লেখ করেন নাই। দ্রঃ ব. সা. সে., পৃ ৫৬

৩ শ্রীকৃষ্ণের বৃন্দাবনত্যাগেই এই পুঁথির পরিসমাপ্তি; কিন্তু অন্যান্য পুঁথির ন্যায় পরবর্তী প্রসঙ্গসমূহ,— শ্রীকৃষ্ণের বৃন্দাবনত্যাগে গোপীগণের বিলাপ, শ্রীকৃষ্ণের মথুরাপ্রবেশ, মথুরারাজের ভীতি, কংসবধ, শ্রীকৃষ্ণ-বলরামের

## ভূমিকা

### ৩. এসিয়াটিক সোসাইটির ( গভর্ণমেণ্ট ) সংগৃহীত ৪৮৮০ সংখ্যক পুঁথি।

ইহার আকার ১৩৪/৫"×৪১/২" ; পত্রসংখ্যা ২ক-১৪৩খ, ১৪৭ক-১৫২খ ; প্রতিপৃষ্ঠায় ছত্রসংখ্যা ১০, কোথাও ১১, ১২ বা ১৩ ; পুষ্পিকা নাই।

### ৪. বঙ্গীয়সাহিত্যপরিষৎ-সংগৃহীত ৩১২ সংখ্যক পুঁথি।

ইহার আকার ১৩৪/৫"×৪১/২" ; পত্রসংখ্যা ৪৭ক-৫৯খ, ৬১ক-৭০খ ; লেখার ছাঁদে মনে হয়, পুঁথিখানি ৩০০ বৎসরের প্রাচীন[১]। পুষ্পিকা নাই।

## ॥ সম্পাদন-রীতি ॥

পুঁথি-সম্পাদনায় বানানরীতি-সম্বন্ধে কিছু বলা আবশ্যক। প্রাচীন পুঁথির সাহায্যে এইরূপ কাজে অবলম্বিত বানানপদ্ধতি জানিবার কৌতূহল স্বাভাবিক। এই হেতু প্রস্তুত গ্রন্থে মদনুসৃত বানানরীতি-সম্পর্কে সম্পূর্ণ বিবরণ এই অনুচ্ছেদে প্রদত্ত হইল।

তৎসম শব্দের বানান শুদ্ধ করিয়া দিলেও সর্বত্র ভাষার প্রাচীনত্ব রক্ষা করা হইয়াছে। ৪৮৮০ সংখ্যক পুঁথিতে 'আহ্মা', 'তোহ্মা', 'আহ্মি', 'আহ্মার' ইত্যাদি পদের প্রয়োগ থাকায় সর্বনামের এই প্রাচীন রূপটি গ্রন্থে সবত্র অনুসৃত হইয়াছে। তদ্ভব, দেশী, বিদেশী শব্দের বানান যথাযথ আছে। নিম্নে প্রদত্ত কয়েকটি শব্দের দৃষ্টান্তে সম্পাদন-রীতি স্থুলতঃ অধিগত হইবে,—

১. তদ্ভব—ঠাঞি, হাথে, আওাস, বুলে, বাটি, পঢ়ে
২. দেশী—ঘাঁটু, খোলাডাহী, ছুতাহাড়ি, কুলিকুলি
৩. বিদেশী—দ্রেকানে, তম্বুরা, কামানের, আরদাসে

এতদ্ব্যতীত অন্যান্য বানান-বৈচিত্র্যেরও কিছু নমুনা পরবর্তী পৃষ্ঠায় দেওয়া হইল ; বলাবাহুল্য, শব্দগুলি গ্রন্থে একাধিকবার ব্যবহৃত হইয়াছে।

বসুদেবদৈবকীর শ্রীচরণ-দর্শন, অক্রূর ও কুব্জার গৃহে শ্রীকৃষ্ণের গমন, শ্রীকৃষ্ণবিরহে বৃন্দাবনে গভীর শোক, মথুরায় দূতীপ্রেরণ, উদ্ধবসংবাদ শ্রীকৃষ্ণের বৃন্দাবনে পুনরাগমন ইত্যাদি বৃত্তান্ত এই পুঁথিতে বর্ণিত হয় নাই ; পুঁথির পরিসমাপক কয়েকটি পঙক্তির সহিত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ৯৬০ সংখ্যক পুঁথির শেষ কয়েক ছত্রের সামঞ্জস্য থাকলেও পুঁথিখানি অসম্পূর্ণ। এ বিষয়ে লিপিকর বা গায়কের হাত আছে কিনা বিবেচ্য।

১ দ্র. বা. সা ই, (১ম সং) পৃ ৪০৯

# গোপালবিজয়

| | | মূল পুঁথির পাঠ | সম্পাদিত পাঠ |
|---|---|---|---|
| ১. | অ-কারের প্রয়োগ য়-কারের স্থলে | নারাঅনে | নারাঅণে |
| | | পরাঅন | পরাঅণ |
| | | গোপালবিজঅ | গোপালবিজঅ |
| ২. | ই-কারের লোপ | পৃথবি | পৃথবী |
| ৩. | ই, ঈ-কারের নির্বিচার প্রয়োগ | দেখী | দেখি |
| | | কুলবতি | কুলবতী |
| | | গোপিনাথ | গোপীনাথ |
| ৪. | উ, ঊ-কারের নির্বিচার প্রয়োগ | তাম্বুল | তাম্বুল |
| | | কর্পুর | কর্পূর |
| | | মুর্ছিত | মূর্ছিত |
| | | কুতুহলে | কুতুহলে |
| | | পুরে | পুরে |
| ৫. | উ-কারের ব্যবহার য়ু, য়ূ-কারের স্থলে | বাউ-দেবী | বাউ-দেবী |
| | | বাউ-রূপে | বাউ-রূপে |
| | | মউর | মউর |
| ৬. | ঐ-কার দ্বিস্বর 'ওই' রূপে উচ্চারিত | দইবে | দইবে |
| ৭. | অন্ত্য ও-কার 'ঙ'-তে পরিণত | কোথাঙ | কোথাঙ |
| ৮. | ঔ-কার দ্বিস্বর 'ওউ'-রূপে উচ্চারিত | কউতুকে | কৌতুকে |
| ৯. | ক-স্থানে 'খ'-এর প্রয়োগ | তাখে | তাখে |
| | | জাখে | জাখে |
| ১০. | অসমাপিকা ক্রিয়ার অন্ত্য ধ্বনি 'এঃ' বা 'আ' দ্বারা উচ্চারিত | | |
| | | লএঁা | লএঁা |
| | | বুলিএঁা | বুলিএঁা |
| | | জানিএঁা | জানিএঁা |
| | | দেখিআ | দেখিআ |
| | | দীআ | দিআ |
| ১১. | ঝ-কারের প্রয়োগ 'জ'-এর স্থানে | সমাঝ (< সমাজ) | সমাঝ |
| | | মাঝা | মাঝা |

| | | মূল পুঁথির পাঠ | সম্পাদিত পাঠ |
|---|---|---|---|
| ১২. | থ-কারের ব্যবহার 'ত'-এর স্থানে | হাথে | হাথে |
| | | তাথে | তাথে |
| | | কথো | কথো |
| | | নোথে | নোথে |
| ১৩. | ন, ণ-কারের নির্বিচার প্রয়োগ | দর্পনে | দর্পণে |
| | | শীরোমনি | শিরোমণি |
| | | চরনের | চরণের |
| ১৪. | ব-ফলা স্থানে উ-কার | দুতিঅ (<দ্বিতীয়) | দুতিঅ |
| ১৫. | ব-ফলা স্থানে দ্বিত্ব | সত্তর (<সত্বর) | সত্তর |
| ১৬. | 'ভ'-এর প্রয়োগ ব-কারের স্থানে | বিভা (<বিবাহ) | বিভা |
| ১৭. | স্ব-স্থানে শুধু ম | সমন্ধ | সমন্ধ |
| ১৮. | য-কার বর্গীয় 'জ'-তে পরিণত | জমের | জমের |
| | | জতেক | জতেক |
| | | জেন | জেন |
| | | জথাবিধি | জথাবিধি |
| ১৯. | য়-স্থানে অ-কার | বিদাঅ | বিদাঅ |
| ২০. | য-স্থানে এ-কার | বেথা (<ব্যথা) | বেথা |
| | | বেবোহার | বেবোহার |
| ২১. | য়-কারের প্রাচীনতর রূপ এ-কার | লএ | লএ |
| | | পালাএ | পালাএ |
| | | পেলাএ | পেলাএ |
| ২২. | য়ো-স্থানে ও-কার | পওধি | পওধি |
| | | পওধর | পওধর |
| ২৩. | র-স্থানে উ | দুবে (<দ্রবে) | দুবে |
| ২৪. | রেফের পরিবর্তে দ্বিত্ব | দুল্লভ | দুল্লভ |
| ২৫. | অন্তঃস্থ 'ব' স্বরধ্বনিতে পরিণত | আওাস (<আবাস) | আওাস |
| | | আঙঁআস | আঙঁআস |
| | | আশোআস | আশোআস |

| | | মূল পুঁথির পাঠ | সম্পাদিত পাঠ |
|---|---|---|---|
| ২৬. | অতিরিক্ত রেফের ব্যবহার | বৃর্দ্ধকালে | বৃর্দ্ধকালে |
| | | মৃর্তু্য | মৃর্তু্য |
| | | নৃর্ত্য | নৃর্ত্য |
| ২৭. | ণ, ষ, স-কারের নির্বিচার প্রয়োগ | সকতি | শকতি |
| | | পুরূস | পুরুষ |
| | | বসুমতি | বসুমতী |
| ২৮. | বিসর্গ স্থানে স-কার | দুস্খ (দুঃখ) | দুস্খ |
| ২৯. | যুক্ত ব্যঞ্জন 'হ্ব'-স্থানে 'ভ্ব' | জিভ্বা | জিভ্বা |

৩০. নিম্নলিখিত বানানগুলির আকার প্রায়ই এক ; অর্থের সহিত সঙ্গতি রাখিয়া পড়িতে হয়,—

ক্ক, ক্তু, ঙ্গ, জ্ঞ, র্দ্ধ, মু, স্ব, স্ক, ন্দ ইত্যাদি

## ॥ গ্রন্থনাম ॥

গ্রন্থের নাম-বিশ্লেষণে নামের বিশিষ্ট অর্থ ভিন্ন অন্য কোন তথ্যেরও কিছু পরিচয় পাওয়া যাইতে পারে ; এই হেতু গ্রন্থনামের আলোচনা আবশ্যক।

কবিশেখরের 'গোপালবিজয়' গ্রন্থের 'গোপাল' শব্দটি বিশেষ লক্ষণীয়। ইহা কবির চতুর্থ অথবা সর্বশেষ গ্রন্থ। কবির পূর্বরচিত অপর তিনখানি গ্রন্থ 'গোপালচরিত', 'গোপালের কীর্তন-অমৃত' ও 'গোপীনাথবিজয় নাটকের' মধ্যে দুইখানি গ্রন্থের নামকরণে প্রথমে 'গোপাল' শব্দের উল্লেখ আছে। কবিকৃত চতুর্থ গ্রন্থের নামকরণেও 'গোপাল' শব্দই আছে আদিতে ; উপরন্তু গ্রন্থমধ্যে[১] উক্ত গোপাল-কথাটি বহুবার ব্যবহৃত হইয়াছে। ইহাতে মনে হয়, গ্রন্থকার গোপালমন্ত্রে[২] দীক্ষিত ছিলেন। দ্বিতীয়তঃ, গোপালবিজয়ের রসাধিকারে বাৎসল্য রস অন্যতম মুখ্য ; বিশেষতঃ গ্রন্থের পূর্বভাগে ইহারই আধিক্য ; পক্ষান্তরে, লৌকিক ব্যবহারেও 'গোপাল' শব্দটিতে বাৎসল্য রস সুপ্রকট। এই

১ পৃ ৭, ৩০৭-৮, ৩১৩, ৩১৮, ৩২৭, ৩৩১, ৩৩২ ইত্যাদি।

বিঃ দ্রঃ—আক্ষি সে গোপাল-ঠাঞি কি করিব স্তুতি।…

গোপাল-বিমুখে কোন কার্জ সিদ্ধ নহে।…

ভকত জনেরে দআ না ছাড়ে গোপাল।…ইত্যাদি

২ বৃ. ত, পৃ ১৮৭ ও পু (২য় খণ্ড), পৃ ৬৯৫

বাৎসল্যাধিক্য হেতু গ্রন্থনাম-সংজ্ঞায় 'গোপাল' শব্দ ব্যবহৃত হইতে পারে। ইহাও লক্ষণীয়, কবি তৎকৃত কোনোও গ্রন্থের নামকরণে 'শ্রীকৃষ্ণ' শব্দ ব্যবহার করেন নাই; অথচ শ্রীকৃষ্ণেরই জীবনচরিত-অবলম্বনে আলোচ্য গ্রন্থ লিখিত। পুঁথিতে সর্বত্র 'গোপাল-বিজয়' আছে, 'কৃষ্ণমঙ্গল' বা 'গোবিন্দবিজয়' ইত্যাদি নাই। ষোড়শ শতকের প্রথম দিকে বৈষ্ণবগণ প্রধানতঃ গোপালমন্ত্রে দীক্ষিত ছিলেন।[১] কবিশেখর সম্ভবতঃ ঐ সময়ের কবি। সুতরাং ইঁহার রচিত গ্রন্থ-চতুষ্টয়ের নামকরণে তিনখানি গ্রন্থেই 'গোপাল' শব্দ থাকায় কবির গোপালমন্ত্রে দীক্ষাগ্রহণ-বিষয়ে পূর্বোল্লিখিত অনুমান সমর্থিত হয়।

এক্ষণে 'বিজয়' শব্দের অর্থ বিশেষভাবে আলোচ্য। কবি এই শব্দটি তৎকৃত-গ্রন্থচতুষ্টয়ের নামকরণে একাধিক বার ব্যবহার করিয়াছেন। ঋগ্বেদ, রামায়ণ,[৩] মহাভারত[৪] ইত্যাদি গ্রন্থে 'বিজয়' শব্দ বিভিন্ন অর্থে ব্যবহৃত হইয়াছে। বিজয় শব্দের অর্থ 'বিক্রম' 'চরিত',[৫] 'গমন', 'আগমন', 'যাত্রা'[৬] ইত্যাদি পাওয়া যায়। ইহার ধাতুগত অর্থ— বিশেষ ন্যূনীকরণ অর্থাৎ সর্বোৎকর্ষ বা শ্রেষ্ঠতা। ভক্তিশাস্ত্রে 'বিজয়' সর্বত্র সর্বোৎকর্ষদ্যোতক; 'শিক্ষাষ্টকে' 'পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্তনম্'[৭]—শ্রীচৈতন্যদেবের এই উক্তিতেও বিজয় শব্দ সদৃশার্থক। ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমীর রাত্রি রোহিণীচান্দ্রযোগে 'বিজয়' নামে অভিহিত।[৮] গোপালবিজয়ে গোপালের সর্বত্র জয় এবং সকলের উপর গোপালের বিজয় বা প্রাধান্য সূচিত। নররূপে নারায়ণের পৃথিবীতে আগমন বা জন্মগ্রহণ একটি বিশেষ উদ্দেশ্য সাধনার্থই। বৃন্দাবনে শ্রীকৃষ্ণকৃত নানা অসুরনিধন, ব্রহ্মার মোহন ইত্যাদি এবং মথুরায় বিখ্যাত মল্ল চানুরহত্যা ও কংসবধ হেতু শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠত্ব প্রতিপাদিত হইয়াছে। সুতরাং এই সকল অর্থে আলোচ্য গ্রন্থের 'গোপালবিজয়'[৯] নাম সার্থক।

প্রাচীন বাঙ্গালা সাহিত্যে 'মঙ্গল' ও 'বিজয়' কাব্য বলিয়া স্বতন্ত্র ধারায় দুই কাব্য বর্তমান ছিল,—এই ধারণা ভিত্তিহীন। একই কাব্যের বিভিন্ন পুঁথিতে কখনও 'মঙ্গল', কখনও বা 'বিজয়' নাম পাওয়া যায়; যেমন মালাধর বসুর কাব্য শ্রীকৃষ্ণবিজয়, গোবিন্দমঙ্গল বা গোবিন্দবিজয় নামে[১০] পরিচিত ছিল। গোপালবিজয় পাঁচালি ও মঙ্গলকাব্য; কিন্তু গ্রন্থে 'মঙ্গল' শব্দ[১১] কোথাও নাই, সর্বত্র 'বিজয়' আছে।

---

১ বা. সা. ই, পৃ ২০৫    ২ ১০।৮৪।৪, পৃ, ১৮৭ (R. V. S, Vol. 6)    ৩ ২।৭১।৩৩; পৃ ৩১০

৪ ১।১।১৫০; পৃ ১১    ৫ শ্রী. বি, পৃ /০    ৬ ব. শ, পৃ ২০৮৬    ৭ শ্রী. বি, পৃ /০

৮ শ্রী কী, পৃ ৪১৬; হ. ব, ২।৪।১৫-১৮    ৯ তু. শ্রীকৃষ্ণবিজয়, মনসাবিজয়, পাণ্ডববিজয় ইত্যাদি গ্রন্থ

১০ বা. সা. ই, পৃ ১০৬, শ্রী. বি, পৃ /০

১১ দীনেশবাবু কবিশেখরের 'কৃষ্ণমঙ্গল, নামক এক গ্রন্থের উল্লেখ করিয়াছেন তাঁহার 'বঙ্গসাহিত্য-পরিচয়'-এ (পৃ ৮৩২)। তিনি যে-ছত্রগুলি উহাতে উদ্ধৃত করিয়াছেন, সেগুলি গোপালবিজয়ের সহিত প্রায় মিলিয়া যায়। কবিশেখরের 'কৃষ্ণমঙ্গল' কাব্যের অস্তিত্ব আমরা জানি না; দীনেশ বাবু ইহার কোনো পরিচয়ও দেন নাই।

## ॥ কবিপরিচিতি ও গ্রন্থরচনাকাল ॥

গোপালবিজয়ে[১] কবির আত্মবিবরণীতে এইমাত্র জানা যায়, সিংহবংশোদ্ভব কবির নাম দৈবকীনন্দন, উপাধি কবিশেখর, পিতা চতুর্ভুজ, মাতা হীরাবতী[২]। এই কাব্যরচনার পূর্বে গ্রন্থকার 'গোপালচরিত' মহাকাব্য, গোপালের 'কীর্তন-অমৃত' ও 'গোপীনাথবিজয়' নাটক লিখিয়াছিলেন।

সাধারণতঃ সিংহ উপাধি হয় ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও কায়স্থের; কিন্তু বাংলাদেশে বিশেষতঃ রাঢ় অঞ্চলে সিংহ-উপাধিক ব্রাহ্মণ ও ক্ষত্রিয় অপেক্ষা কায়স্থের[৩] সংখ্যাই বেশী, আমাদের কবিও খুব সম্ভব কায়স্থই ছিলেন; কারণ পণ্ডিত ব্রাহ্মণদের প্রতি তাঁহার অনাস্থার ভাব লক্ষ্য করা যায় নিম্নোক্ত উদ্ধৃতি-সমূহে:—

সহজেই কলিকালে মুরুখ আপার।
পণ্ডিত জনের হব বিরল প্রচার॥
অশেষ প্রবন্ধ করে লোক ভাণ্ডিবারে।
নানা পরকারে পৌসে নিজ পরিবারে॥
হেনমতে কলিকালে পণ্ডিতের বেহারে।
নরদেহ ধরি জেন বুলে অহংকারে॥ পৃ ৬

পরলোক উপরহি কেহ নাহি ডরে।
বিপ্র বহি কেহো চিত হস্ত নাহি করে॥ পৃ ৭৮

কবির জন্মভূমির উল্লেখও কোথাও নাই; তবে গ্রন্থের আভ্যন্তরীণ প্রমাণে অনুমান, কবি ছিলেন রাঢ়ের অধিবাসী; কারণ রাঢ় অঞ্চলের উপভাষা গ্রন্থে প্রায় সর্বত্র ব্যবহৃত হইয়াছে। এই অঞ্চলের অধুনা প্রচলিত অপ্রচলিত বহু শব্দ আলোচ্য গ্রন্থে পরিদৃষ্ট হয়; ইহাদের মধ্যে এরূপ অনেক শব্দ আছে, যাহাদের অর্থনির্ণয় এই অঞ্চলের ভাষা-ভাষী অভিজ্ঞ ব্যক্তি ভিন্ন অন্যের পক্ষে অসম্ভব।

রাঢ়ের লাল মাটির কথা সর্বজন-বিদিত। গোপালবিজয়ে উক্ত লাল মাটির প্রসঙ্গ একাধিক বার পাওয়া যায়;—

১ পৃ ৮

২ দীনেশচন্দ্র সেন মহাশয় কবিশেখরের মাতা 'হীরাবতী' স্থানে 'হরাবতী' পড়িয়াছেন; গোপালবিজয়কে নাটক বলিয়াছেন; কিন্তু কবিকৃত অন্যতম গ্রন্থ 'গোপীনাথবিজয়' নাটকের নামোল্লেখ করেন নাই; দ্র. ব. সা. প, পৃ ৮৪০

৩ ব. শ, পৃ ২৯৭৯; প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য, ওড়িষ্যায় অনেক কায়স্থের সিংহ উপাধি আছে।

# ভূমিকা

চন্দন-অভাবে গাএ মাখ রাঙ্গা ধুলি।
ডোমখোলা হেন বাঁশী বাহ কুলি কুলি ॥ পৃ ২৮৯

বনে বসি রাঙ্গা ধুলা মাখে সব গাএ।
গোআলাছাওাঁল-মাঝে বলীআর বোলাএ ॥ পৃ ৩০৪

মনে হয়, এই 'রাঙ্গা ধুলা' রাঢ় অঞ্চলেরই ; সুতরাং ইহা হইতে অনুমান করা যাইতে পারে, কবির জন্ম রাঢ়দেশে ; তবে রাঢ়ের কোন্ অঞ্চলে তাহা সঠিক বলিবার উপায় নাই।

গোপালবিজয়-রচনার পূর্বে কবিশেখর যে তিনখানি গ্রন্থ প্রণয়ন করেন, তাহাতে তিনি পরিতৃপ্তি লাভ করিতে পারেন নাই ; এই হেতু কবি পরে পাঁচালিতে গোপালবিজয় রচনা করেন। এই উক্তিতে[১] মনে হয়, পাঁচালিকাব্যপ্রণয়নের পূর্বে তিনি সংস্কৃতে গ্রন্থ লিখিয়াছিলেন।[২] সংস্কৃতে যে কবির অসাধারণ দক্ষতা ছিল তা গোপালবিজয়-পাঠেই ধরা পড়ে। ভাগবতপুরাণ, নৈষধচরিত, অভিজ্ঞানশকুন্তলাদি সংস্কৃত গ্রন্থের সহিত গোপালবিজয়ের কবি বিশেষরূপে পরিচিত ছিলেন, প্রস্তুত গ্রন্থেই তাহার প্রচুর নিদর্শন আছে। স্বামিগৃহে যাত্রার পূর্বে দৈবকীর প্রতি কংসের উপদেশবাণী[৩] পতিগৃহ-গমনকালে শকুন্তলার প্রতি মহর্ষি কণ্বের উপদেশ[৪] স্মরণ করায় ; ব্রজের গোপীগণকৃত মথুরায় কৃষ্ণের নিকট দূতীপ্রেরণ-প্রসঙ্গে কামকলার প্রতি রাধার নির্দেশে[৫] নৈষধচরিতকাব্যে[৬] হংসের প্রতি ভৈমীর অনুরোধের ভাব বর্তমান। এতদ্ব্যতীত ভাগবত পুরাণাদির সহিত কবির যে নিবিড় ঘনিষ্ঠতা ছিল তা গোপালবিজয়ের প্রায় প্রতিপৃষ্ঠায় নিদর্শন রহিয়াছে। অলংকারশাস্ত্রে বৈদগ্ধ্য কবির অন্যতম বিশিষ্ট পরিচয় ; গ্রন্থে প্রায় সর্বত্র ইহার প্রমাণ আছে।

সম্ভবতঃ কবি ছিলেন গোপালমন্ত্রে[৭] দীক্ষিত পরম বৈষ্ণব। সংস্কৃতে ও বাংলায় রচিত তাঁহার প্রায় সমস্ত গ্রন্থই গোপালসম্পর্কে লিখিত। সংস্কৃতে রচিত তাঁহার কাব্য বা নাটক আমরা দেখি নাই ; তবে গ্রন্থের নামসংজ্ঞায় স্পষ্ট প্রতীয়মান হয়, গোপাল বা কৃষ্ণের যশঃশিখায় গ্রন্থগুলি সমুজ্জ্বল। পাঁচালিকাব্য গোপালবিজয়ে কবি একমাত্র নারায়ণকে[৮] পুনঃপুনঃ বন্দনা[৯] করিয়াছেন। বিভিন্ন দেবদেবীর উপর নারায়ণের প্রাধান্যই উপস্থাপিত হইয়াছে নানা উপমা ও উৎপ্রেক্ষায়।[১০]

---

১ গো বি, পৃ ৭-৮

২ অধ্যাপক সুকুমার সেন মহাশয় 'কীর্তন অমৃত' বাংলায় লিখিত 'রাধাকৃষ্ণ-পদাবলী' এবং দীনেশচন্দ্র সেন মহাশয় 'সঙ্গীতমালা' বলিয়াছেন। দ্র. বা. সা. ই, পৃ ২১৪ এবং ব. সা. প, পৃ ৮৪০-১

৩ গো. বি, পৃ ১৮  ৪ শ, ৪।১৮  ৫ গো. বি, পৃ ৩২১-৩  ৬ ৩।৮২-৯৬  ৭ বৃ. ত, পৃ ১৮৭ এবং পু, ( ২য় খণ্ড ) পৃ ৬৯৫  ৮ নারায়ণীয় উপাসনা অতিপ্রাচীন ; দ্র. হি. বৈ. এক, পৃ ২

৯ গো. বি, পৃ ৫-৬  ১০ ঐ ঐ

আত্মবিবরণী হইতে কবির আবির্ভাব-সময় ও গ্রন্থরচনা-কাল জানা যায় না। এ-বিষয়ে কিছু কিছু আলোচনা পূর্বে হইয়াছে। দীনেশ বাবুর মতে, গোপালবিজয়ের রচনাকাল সপ্তদশ শতক[১]। কবিশেখর ষোড়শ শতকের অন্যতম শ্রেষ্ঠ কবি, বলিয়াছেন অধ্যাপক সুকুমার সেন মহাশয় তাঁহার বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে[২]। কাহারও অনুমান, দৈবকীনন্দন সিংহ মহাপ্রভুর সমসাময়িক অন্যতম বিখ্যাত পদকর্তা।[৩] কালিদাস রায় মহাশয় 'দৈবকীনন্দন কবিশেখরকে' সপ্তদশ শতাব্দীর কবি বলিয়াছেন; তবে এই কালনির্ণয়ে তিনি যে একেবারে নিঃসন্দেহ নহেন, তাহা তাঁহার উক্তি[৪] হইতেই জানা যায়। অধ্যাপক মনোমোহন ঘোষ মহাশয় বলিয়াছেন, বৈষ্ণব ধর্মের আন্দোলনকে পরিপুষ্ট করিবার সঙ্গে সঙ্গে বাঙ্গালা সাহিত্যের ধারাকে স্ফীত করিতে সাহায্য করিয়াছিলেন যে সমস্ত কবি, তাঁহাদের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ কবিশেখর রায়।[৫] ঘোষ মহাশয়ের উক্তিতে বুঝা যায়, কবিশেখর ষোড়শ শতাব্দীর কবি। এক্ষণে উক্ত আলোচনাসমূহে ইহাই প্রতীয়মান হয়, কবিশেখরের আবির্ভাবকাল-সম্বন্ধে পূর্বোক্ত সমালোচকগণ একমত নহেন।

গোপালবিজয় ভাগবতের অনুসরণে রচিত। ভাগবতের অনুবাদকাল-সম্বন্ধে কিঞ্চিৎ পর্যালোচনা করিলে গোপালবিজয়ের কবি-সম্বন্ধে আরও কিছু জানা যাইতে পারে এবং তাঁহার গ্রন্থের রচনাকালনির্ণয়েও বিশেষ সহায়তা হইবে, মনে করি।

পঞ্চদশ শতাব্দী হইতেই ভাগবতের[৬] অনুবাদে কাব্যসৃষ্টি হইতে থাকে এবং ঊনবিংশ শতাব্দী পর্যন্ত ইহার জের চলে। এইরূপে প্রায় সাড়ে তিন শত বৎসরের অধিক কাল ধরিয়া (১৪৭৩-৪ খৃষ্টাব্দে মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়-রচনা হইতে আরম্ভ করিয়া ১৮৩১-২ খৃষ্টাব্দে রচিত দ্বিজ রামকুমারের ভাগবতের পদ্যানুবাদ পর্যন্ত[৭]) নানা কৃষ্ণলীলাকাব্য রচিত হইয়াছে। এই কৃষ্ণলীলাকাব্যগুলি প্রাক্-চৈতন্য ও চৈতন্যোত্তর—এই দুই বিশিষ্ট ধারায় বহমান। চৈতন্যোত্তর যুগে লিখিত কৃষ্ণলীলাকাব্যে চৈতন্যদেবের সাক্ষাৎ অথবা পরোক্ষ প্রভাব পরিলক্ষিত হয়। গোবিন্দ আচার্যের কৃষ্ণমঙ্গল, রঘুপণ্ডিতের কৃষ্ণপ্রেম-তরঙ্গিণী, মাধব আচার্যের শ্রীকৃষ্ণমঙ্গল, 'দুঃখী' শ্যামদাসের গোবিন্দমঙ্গল ইত্যাদি কাব্যগুলি যে চৈতন্যদেবের সময়ে অথবা তাঁহার পরবর্তী কালে রচিত, তাহার যথেষ্ট প্রমাণ আছে[৮]। রূপ

১ ব. সা. প, পৃ ৮৪০-১  ২ পৃ ২১৪  ৩ প্রা. বা. সা. ই, পৃ ৩৯৭  ৪ প্রা. ব. সা, পৃ ২১০

৫ বা. সা, পৃ ১১৬

৬ ভাগবত-সম্বন্ধে ফারকুহার বলেন, পুরাণখানি দ্রাবিড়দেশে রচিত এবং ইহার রচনাকাল ৯০০ খৃষ্টাব্দের পরে নহে; কিন্তু এ-বিষয়ে যথেষ্ট আলোচনার অবকাশ আছে, বলেন অধ্যাপক সুশীলকুমার দে মহাশয়; দ্র. হি. বৈ. এফ, পৃ ৫

৭ বা সা. ই, পৃ ৮৯৯  ৮ বা. সা. ই, পৃ ২০৪-২২

গোস্বামীর অনুসরণে ভাগবতভুক্ত কাহিনীর অনুবর্তন সপ্তদশ শতকে রচিত কৃষ্ণমঙ্গল কাব্যের অন্যতম বৈশিষ্ট্য ; দান ও নৌকা লীলা একেবারে পরিত্যক্ত না হইলেও আদি রসের মাতামাতি অনেক কমিয়া গিয়াছিল। সুবলমিলন, গোপীগোষ্ঠ ইত্যাদি কয়েকটি নূতন মিলনকাহিনী কৃষ্ণলীলার মধ্যে স্থান পাইয়াছিল। ধীরে ধীরে কাব্যে ভক্তিরস গৌণ হইয়া আসে।[১] এই সময় কৃষ্ণলীলাকাব্যের মধ্যে উল্লেখযোগ্য হইতেছে শ্রীকৃষ্ণদাসের শ্রীকৃষ্ণ-বিলাস, ভবানন্দের হরিবংশ, পরশুরাম চক্রবর্তীর কৃষ্ণমঙ্গল, অভিরাম দাসের গোবিন্দ-বিজয়,[২] ঘনশ্যাম দাসের শ্রীকৃষ্ণবিলাস,[৩] যশশ্চন্দ্রের গোবিন্দবিলাস ইত্যাদি গ্রন্থসমূহ[৪]। অষ্টাদশ শতাব্দীতে রচিত কৃষ্ণলীলাকাব্য সপ্তদশ শতকের ধারাই অনুসরণ করিয়াছে, তবে লুকোলুকি খেলা, রাখালরাজা খেলা ইত্যাদি[৫] কতকগুলি অর্বাচীন নূতন কাহিনী, কৃষ্ণলীলাকাব্যের অন্তর্ভুক্ত হইয়াছে। এই শতাব্দীতে উল্লেখযোগ্য কৃষ্ণমঙ্গল কাব্য হইতেছে বলরাম দাসের কৃষ্ণলীলামৃত, 'দ্বিজ' রমানাথের শ্রীকৃষ্ণবিজয় ইত্যাদি[৬]। ঊনবিংশ শতাব্দীতে কৃষ্ণলীলার বর্ণনায় দানখণ্ড, নৌকাখণ্ডের সহিত বিদেশিনী-মিলন, মান ইত্যাদি কাহিনী এবং কৃষ্ণলীলার আখ্যায়িকা লইয়া ছোট বড় অনেক কাব্য রচিত হইয়াছিল। ইহাদের মধ্যে উল্লেখযোগ্য হইতেছে 'দ্বিজ' রামকুমার-রচিত ভাগবতের পদ্যানুবাদ, জয়রামের উদ্ধবসংবাদ, জয়নারায়ণ মুখোপাধ্যায়ের 'রাধাকৃষ্ণবিলাস' ইত্যাদি[৭]।

উপরি-উক্ত চৈতন্যপরবর্তী নানা কৃষ্ণলীলাকাব্যের বৈশিষ্ট্যসমূহ গোপালবিজয়ে একেবারেই নাই। এই গ্রন্থ চৈতন্যোত্তর কালে রচিত হইলে ইতিপূর্বে আলোচিত বৈশিষ্ট্যসমূহ ও ভাবধারা কাব্যে নিশ্চয়ই পরিলক্ষিত হইত ; কিন্তু গ্রন্থে তাহার একান্তই অভাব। পক্ষান্তরে, প্রাক্-চৈতন্যযুগের কৃষ্ণলীলা-কাব্যের বিশেষত্বই গ্রন্থে পরিস্ফুট ; নিম্নে প্রমাণাবলী প্রদত্ত হইল ,—

প্রাক্-চৈতন্যযুগে কাব্যগ্রন্থের বন্দনাংশে মানুষের কোনো স্থান নাই ; না থাকাই স্বাভাবিক ; কারণ চৈতন্যদেবের আবির্ভাবের পূর্বে সাহিত্যে মানবিকতার বোধ জন্মে নাই। মানুষ ও দেবতার অতিনৈকট্য ঘটে শ্রীচৈতন্যচন্দ্রের অভ্যুদয়েরই ফলে। ইহার পূর্বে দেবতার ছিল একচ্ছত্র অধিকার। গোপালবিজয়ের বন্দনাংশে[৮] এই সত্যই পরিলক্ষিত। শ্রীকৃষ্ণবিজয়েও[৯] ইহার প্রমাণ আছে। শ্রীকৃষ্ণপ্রেমতরঙ্গিণী, শ্রীকৃষ্ণমঙ্গল ইত্যাদি চৈতন্য-পরবর্তী গ্রন্থের বন্দনাংশে চৈতন্যদেব ও তাঁহার সেবক ভক্তগণ এবং নদনদীর উল্লেখ আছে ;

১ বা. সা. ই, পৃ ৪২৬ ২ বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত ; দ্র. পুঁ. প, পৃ ৮০ ৩ বা. সা. ই, পৃ ৬০৮
৪ ঐ, পৃ ৪২৬-৩৬ ৫ ঐ, পৃ ৬১৭ ৬ ঐ, পৃ ৬১১ ৭ বা. সা. ই, পৃ ৮৯৯-৯০২
৮ পৃ ৫-৬ ৯ পৃ ১

কিন্তু গোপালবিজয়ে চৈতন্যদেব বা তাঁহার ভক্তবৃন্দের কোনো উল্লেখ নাই।[১] ভবানন্দের হরিবংশে এ-বিষয়ে ব্যতিক্রম থাকিলেও কাব্যগ্রন্থখানি যে চৈতন্যপরবর্তী কালে রচিত, তাহার অন্য প্রমাণ আছে।[২]

চৈতন্য-পরবর্তী বাংলা কাব্যে রাধা প্রথম হইতেই কৃষ্ণগতপ্রাণা, কিন্তু গোপালবিজয়ে রাধার সে ভাব কখনও দেখা যায় না। শ্রীকৃষ্ণকীর্তনের অনুরূপ রাধাচরিত্রই লক্ষিত হয় গোপালবিজয়ে।

গোপালবিজয়ে গুরুবন্দনা নাই। প্রাক্-চৈতন্যযুগীয় বৈষ্ণব গ্রন্থের ইহাও অন্যতম লক্ষণ; কারণ শ্রীকৃষ্ণবিজয়েও[৩] অনুরূপ ধারাই বহমান। এই প্রসঙ্গে ইহাও লক্ষণীয়, গোপালবিজয়ের বন্দনাংশে কেবলমাত্র নারায়ণের[৪] উল্লেখ আছে। এই নারায়ণীয় উপাসনা অতিপ্রাচীন।[৫]

ষোড়শ শতকের প্রথম দিকে বৈষ্ণবগণ প্রধানতঃ গোপালমন্ত্রে দীক্ষিত ছিলেন[৬] এবং আলোচ্য গ্রন্থের কবিও যে ঐ মন্ত্রের উপাসক, ইহার অনুমানসাপেক্ষে পূর্বে আলোচিত হইয়াছে। সুতরাং প্রস্তুত গ্রন্থের নমস্কার এবং কাব্যের নামকরণে 'গোপাল' শব্দ থাকায় গোপালবিজয়ের প্রাচীনত্বই দ্যোতিত হয়।

গোপালবিজয়ে অনেক রাগরাগিণী আছে। গ্রন্থের অধ্যায়বিভাগ হইয়াছে সাধারণতঃ এই রাগরাগিণীতে। চৈতন্যপূর্ববর্তী গ্রন্থ শ্রীকৃষ্ণবিজয়েও এই ধারাই পরিলক্ষিত। এই প্রাচীন অধ্যায়বিভাগ-রীতি পরবর্তী কালেও অনুসৃত হইয়াছে।

গোপালবিজয়ে[৭] বড়াইর যে রূপবর্ণনা আছে, তাহা জ্যোতিরীশ্বরের বর্ণ-(ন) রত্নাকর-ধৃত কুট্টিনীর প্রতিচ্ছায়া।[৮] বর্ণরত্নাকর চতুর্দশ শতকে রচিত; সুতরাং এই বিষয়েও গোপালবিজয়ের প্রাচীনত্ব দ্যোতনা করে। বলা বাহুল্য, বড়াই-সম্পর্কে এই বর্ণনা শ্রীকৃষ্ণকীর্তন ও গোপালবিজয় ছাড়া অন্যত্র দুর্লভ।

দ্বাদশ শতাব্দীতে[৯] রচিত জয়দেবের কাব্যগীতির মতো[১০] গোপালবিজয়েও প্রধানতঃ

---

১ গোপালবিজয়কার 'বৈষ্ণব-চরণরেণু করিঞা শিরএ...' ইত্যাদি স্বয়ং উক্তি করিয়া বৈষ্ণবের চরণধূলি প্রার্থনা করিয়াছেন গ্রন্থারম্ভে (পৃ ৮)। তিনি নিশ্চয়ই বৈষ্ণব সমাজকে অত্যন্ত শ্রদ্ধা করিতেন। সুতরাং গোপালবিজয়কার কবিশেখর 'অপাঙক্তেয় জয়গোপালের দলভুক্ত' কখনই নহেন; দ্র. বা. সা. ই, ১ম খণ্ড, পূর্বার্ধ, পৃ ৪৫৪

২ বা. সা ই, পৃ ৪২৭-৯; হ. ব (ভা), পৃ ৩৸৶০ ৩ পৃ ১ ৪ গো. বি, পৃ ৫-৬ ৫ হি. বৈ. এফ, পৃ ২

৬ বা. সা. ই, পৃ ২০৫; প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য, চণ্ডীমঙ্গল-রচয়িতা মুকুন্দরামের পিতামহ জগন্নাথ মিশ্র গোপালের উপাসক ছিলেন; দ্র. ক. চ, পৃ ২৪

৭ পৃ ১২৬-৭ ৮ বা. সা. ই, পৃ ২০০ ৯ বি. সা, পৃ ১৪; হি. বৈ. এফ, পৃ ৭ ১০ বি. সা, পৃ ২৫

তিনটি পাত্র-পাত্রী—কৃষ্ণ, রাধা ও বড়াই। ইহাদের মধ্যে দ্বিসংলাপময় গীতপদ্ধতির[১] পরিচয় পাওয়া যায়।[২] এই গীতপদ্ধতিকে 'লগনী' বলে। ইহা প্রাচীনত্ব-দ্যোতক; জ্যোতিরীশ্বরের বর্ণরত্নাকরে এইরূপ 'লগনীনাচো' উল্লিখিত আছে।[৩] শ্রীকৃষ্ণকীর্তনে[৪] লগনীর পরিচয় অনেক। গোপালবিজয়েও এই ধরণের পদ্ধতি থাকায় কাব্যের প্রাচীনত্বের অন্যতম প্রমাণ পাওয়া যায়।

গোপালবিজয়ের ভাষার মধ্যেও সুপ্রাচীনত্বের প্রকাশ আছে। আসিহে (২২০), করিহে, (২৬৮) বলিহে, (২৩১) বুলিহে (১৪৯) ইত্যাদি পদের প্রয়োগ পঞ্চদশ শতাব্দীর পরে আর দেখিতে পাওয়া যায় না, প্রখ্যাত ভাষাবিদ্ অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের ইহাই অভিমত। (দ্র. ও. ডি. বি. এল, পৃ ৯৬৪-৫)

শ্রীকৃষ্ণের ঐশ্বর্যবিভূতিভগবত্তা-প্রদর্শনই ছিল প্রাক্-চৈতন্যযুগে বৈষ্ণব সাহিত্যের প্রধান ধারা[৫]। বৃন্দাবনলীলার অন্তর্গত শৃঙ্গারলীলার ধারাও অব্যাহত ছিল। শ্রীকৃষ্ণে আত্ম-সমর্পণের বহু নিদর্শন চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব মহাজনগণের রচনায় পাওয়া যায়; কিন্তু গোপালবিজয়ে আত্মসমর্পণের অথবা আত্মবিসর্জনপরায়ণতার[৬] নমনীয় ভাবের কোনো আভাস নাই; পক্ষান্তরে, ইহাতে শ্রীকৃষ্ণের ঐশ্বর্য, বিভূতি ও ভগবত্তাই সুপ্রকট।

ভগবানের মধুর ভাবের উপাসনায় ব্রজগোপীর ভাবের মধ্য দিয়া অথবা মঞ্জরী-আদি সখার অনুগ হইয়া সখীসুলভ সেবাধর্মের যেরূপ সুস্পষ্ট নিদর্শন চৈতন্যোত্তর যুগে লক্ষিত হয়,[৭] গোপালবিজয়ে তাহার কোনো ইঙ্গিত নাই।

গোপালবিজয় চৈতন্যোত্তর যুগে রচিত হইলে তৎসাময়িক বৈষ্ণব রসশাস্ত্রের প্রভাব ইহাতে পড়িত; কিন্তু কাব্যে তাহার কোনো প্রকাশ নাই; উপরন্তু তাহার বিরুদ্ধ ভাবই বর্তমান। গোপালবিজয়ে কৃষ্ণ অপেক্ষা রাধিকাই বয়সে বড়[৮]; (দ্র. পৃ ৫৪-৫ এবং ৬০)। ইহা চৈতন্যপরবর্তী যুগের বৈষ্ণব কাব্যে কখনও দেখা যায় না। এই বিষয়ে কবিশেখর জয়দেবের গীতগোবিন্দ অথবা ব্রহ্মবৈবর্তপুরাণ[৯] অনুসরণ করিয়াছেন বলিয়া মনে হয়। সুতরাং গোপালবিজয়-রচনাকালে শ্রীরূপ গোস্বামীর অনুশাসন রচিত হয় নাই, ইহা মানিয়া লইলে গোপালবিজয়ের সুপ্রাচীনত্বই প্রমাণিত হয়।

মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণ মহাশয় বলেন, চৈতন্যদেবের পূর্বে যে মধুররস-প্রধান

---

১ বা. সা. ই, পৃ ১৭০ ২ গো বি, পৃ ১০১, ১৬৫-৬ ৩ বি. সা, পৃ ২৬ ৪ পৃ ১০, ১৬, ১৮ ইত্যাদি ৫ প্রা. ব. সা, পৃ ১৯২ ৬ বৈ. সা. প্র, পৃ ১৬ ৭ শ্রী. ভ, পৃ ১৭-২২

৮ শ্রীকৃষ্ণকীর্তনের কৃষ্ণ রাধিকাকে বলিয়াছেন যে তিনি বয়সে রাধা অপেক্ষা বড়: কিন্তু রাধা আবার কৃষ্ণকে বলিয়াছেন, 'এভোঁ গোঁ নাহি ঘুচে তোর মুখে দুধবাস।' রাধিকার এই উক্তিতে মনে হয় কৃষ্ণই বয়সে ছোট; দ্র. শ্রী. কী, পৃ ১৬, ৩৭ ৯ দ্র. ব্র. বৈ, পৃ ৩২৮, ৩৩৪-৯

আসল নাম দৈবকীনন্দন সিংহ। সুতরাং সমাসবদ্ধ পদ 'কবিশেখরই' গ্রন্থকর্তার প্রকৃত উপাধি। ইহার অনুকূলে প্রমাণ পাইতেছি গ্রন্থের প্রারম্ভে সংস্কৃতে রচিত শ্লোকে[১] ও কবির আত্মপরিচয়ে[২]। গ্রন্থকর্তা স্বয়ং বলিয়াছেন, 'শ্রীকবিশেখর'; সুতরাং 'শ্রী' পূর্বে থাকায় 'কবি' ও 'শেখর' পৃথক পদ হওয়া অসম্ভব। এখানে আরও উল্লেখযোগ্য, 'শ্রীকবিশেখর এতাং' বাক্যাংশটি ব্যাকরণশুদ্ধ। এ ক্ষেত্রে 'কবি' ও 'শেখর' পৃথক করিলে হওয়া উচিত ছিল 'কবিঃ শ্রীশেখর এতাং'। সুতরাং এই দিক হইতে বিচার করিলেও দেখা যায়, কবির উপাধি কখনও শেখর, রায়শেখর বা শেখর রায় নহে, প্রকৃত উপাধি কবিশেখর। অধ্যাপক সুকুমার সেন মহাশয়ের মতে,[৩] 'কবিশেখর-রায়'[৪] দৈবকীনন্দন সিংহের ছদ্মনাম। এক্ষণে আমাদের বক্তব্য, 'কবিশেখর-রায়' হইলে 'কবিশেখর' উপাধি হয় না, নাম হইয়া পড়ে। 'শেখর রায়' বা 'রায় শেখর' একই কথা। 'কবি শেখর রায়' হইলেও 'শেখর রায়' নাম হয়। সুতরাং 'কবিশেখর'ই গোপালবিজয়কারের প্রকৃত ভনিতা। পদরচয়িতা শেখর, কবি শেখর, কবি শেখর রায়, শেখর রায়[৫] ইত্যাদি নামের সহিত গোপালবিজয়কার কবিশেখরের গোলমাল হইয়া গিয়াছে। একটি নিদর্শনও প্রদত্ত হইল,—

অধ্যাপক সুকুমার সেন মহাশয়ের 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস'-এর (১ম খণ্ড, ১ম প্রকাশ) গোপালবিজয়-প্রসঙ্গে পাদটীকায় লিখিত আছে,—

শেখরে যে কহে গোপালবিজয়ে
শুনিতে অতি রসাল।
সব বেদসারে বুঝাহ সংসারে
তর সুখে কলিকাল ॥

কিন্তু উক্ত গ্রন্থের পরবর্তী কোনো সংস্করণে এই উদ্ধৃতি আর নাই। ইহাতেই সুস্পষ্ট, গোপালবিজয়-প্রসঙ্গে উক্ত উদ্ধৃতি প্রামাণিক নহে। কারণ আসল পাঠ হইতেছে,—

গোপালবিজঅ কবিশেখর কঅ
শুনিতে পরম রসালে।
সকল বেদের সার ব্রহ্ম অবতার
তঁর দুতর কলিকালে ॥ দ্র. গো. বি, পৃ ৫৩

১ গো. বি, পৃ ৫ ২ ঐ, পৃ ৮ ৩ বা. সা. ই, পৃ ২১৪

৪ 'কবিশেখর' শব্দের অর্থই 'কবিশ্রেষ্ঠ'; সুতরাং পুনরায় 'রায়' শব্দের কোনো সঙ্গত অর্থ কি পাওয়া যায়?

৫ প. ক, পৃ ৩০, প. মে, [দ্র. পুঁ প, পৃ ১৬২-২১০]; প. ক (১ম), পদসংখ্যা, ১০৬, ১৬০, ৯৮০ ইত্যাদি

গোপালবিজয়ে 'শেখর' বা 'শেখর রায়' ভনিতা কোথায়ও পাওয়া যায় না; শুধু একটিবার 'রায়শেখর'[১] ভনিতা পাওয়া গিয়াছে। আটখানি পুঁথির মধ্যে একটি পুঁথিতে মাত্র একবার 'রায়শেখর' ভনিতা পাওয়া গেলেই উহা কবিশেখর দৈবকীনন্দনের সঙ্গে অভিন্ন বলা মোটেই সঙ্গত নহে।

অধ্যাপক মনোমোহন ঘোষ মহাশয় তাঁহার 'বাংলা সাহিত্য' নামক গ্রন্থে[২] গোপালবিজয়-গ্রন্থকর্তার নাম পদকর্তা 'কবিশেখর' বা 'রায়শেখর' বলিয়াছেন; কিন্তু পূর্বেই আলোচিত হইয়াছে, 'কবিশেখর' ও 'রায়শেখর' এক ব্যক্তি নহেন।

কেহ কেহ বলেন, কবিশেখর, শেখর, রায় শেখর, শেখর রায় একই কবির ভনিতা এবং কবি রঘুনন্দনের শিষ্য কারণ রচনাংশে রঘুনন্দনের বন্দনা করা হইয়াছে। গোপাল বিজয়কার কবিশেখরকেও রঘুনন্দনের শিষ্য বলা হইয়াছে; কিন্তু এই ধারণা একেবারে ভ্রান্ত; কারণ গোপালবিজয়ের বন্দনাংশে রঘুনন্দনের কোনো উল্লেখ নাই। বন্দনায় গোপালবিজয়কার দৈবকীনন্দন সিংহ একমাত্র নারায়ণকে নমস্কার জানাইয়া গ্রন্থারম্ভ করিয়াছেন। বলা বাহুল্য, অন্য কোনো দেব-দেবতা, অবতার, মহাপুরুষ বা বৈষ্ণব ভক্ত প্রভৃতি কাহারও বন্দনা নাই।

আবার কাহারও অনুমান, গোপালবিজয়ে কবিশেখরের গুরু রঘুনন্দনের বন্দনা না থাকার কারণ হয়ত কবি গ্রন্থরচনার পরে দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। এ-প্রসঙ্গে বক্তব্য, কবিশেখরের গোপালবিজয় কবির রচিত চতুর্থ এবং খুব সম্ভব শেষ গ্রন্থ। এই সময় কবির নিশ্চয়ই যথেষ্ট বয়স হইয়াছিল; তিনি বৃদ্ধ বয়সে দীক্ষিত হইয়াছিলেন, ইহাই বা নিশ্চিতরূপে বলা যায় কি করিয়া?

কলিকাতা বিশ্ববিদ্যালয়-প্রকাশিত 'রায়শেখরের পদাবলী' নামক গ্রন্থে[৩] কবিশেখর-ভনিতার প্রায় পঞ্চাশটি পদ আছে; উহাদের মধ্যে গৌরাঙ্গবিষয়ক পদও (সংখ্যা ২৩৪, ২৩৬, ২৪৬) বর্তমান। প্রায় সমস্ত পদই ব্রজবুলিতে লেখা। উক্ত পদাবলীসংকলন-গ্রন্থের সম্পাদকদ্বয় মনে করিয়াছেন যে কবিশেখর, কবি শেখর, শেখর, রায়শেখর, শেখর রায়, কবি শেখর রায় ইত্যাদি ভনিতার পদ একই ব্যক্তির। এখানে লক্ষণীয়, কবিশেখরের পদগুলি প্রায়ই ব্রজবুলিতে লিখিত; এমন কি গৌরাঙ্গবিষয়ক পদগুলিও প্রায় ব্রজবুলির পর্যায়ে পড়ে। পক্ষান্তরে, কবিশেখর দৈবকীনন্দন সিংহের গোপালবিজয়ে কোথাও ব্রজবুলির নামগন্ধ নাই। যে-কবিশেখর পদাবলীরচনায় গৌরাঙ্গদেবের নৃত্যাদি-লীলা, ঐশ্বর্য ও

১ দ্র. পাঠান্তর, পৃ ২৫৮  ২ পৃ ১১৭  ৩ প্রথম প্রকাশ ১৯৫৫ খৃঃ-এ

মাধুর্য বিষয়ক পদ লিখিয়াছেন, তিনি যদি গোপালবিজয়কার কবিশেখরের সঙ্গে অভিন্ন হইতেন, তবে গোপালবিজয়ে কোথাও না কোথাও নিশ্চয়ই গৌরাঙ্গদেবের উল্লেখ থাকিত; অথবা তাঁহার ঐশ্বর্য বা মাহাত্ম্য বিষয়ক বর্ণনা গ্রন্থে নিশ্চয়ই স্থান লাভ করিত বা তাহার আভাস থাকিত। সুতরাং পদাবলীকার কবি শেখর এবং গোপালবিজয়ের কবিশেখর দৈবকীনন্দন সিংহ কখনও এক ব্যক্তি নহেন। তবে পদাবলীর দুই একটি স্থানে গোপালবিজয়ের ছত্রাংশের যে মিল দেখা যায় তাহা পদাবলীর উপর গোপাল-বিজয়েরই প্রভাবজাত। দৃষ্টান্তস্বরূপ কিছু উল্লেখ করা যাইতেছে,—

বৃন্দাবন ভরি সব রসের বাদলে।
তাহে প্রেমতরঙ্গেতে অধিক উথলে॥ গো. বি, পৃ ৩৩৫

বৃন্দাবন ভরি রসক বাদর
কবিশেখর রস গায়॥ রায়শেখরের পদাবলী, সংখ্যা ৫১

তবে কৃষ্ণ হাসিঞাঁ ডাকিল চন্দ্রমুখী।
হেঠমাথে রহে গোপী ভূম্যে নখ লেখি॥
জত জত আরতিকে ডাকে গোপীনাথে।
ততেক লজ্জাএ গোপী রহে হেঠমাথে॥ গো. বি, পৃ ২২৩

যব পহুঁ কহলহি লহু লহু বাত।
তবহুঁ কয়ল ধনি অবনত মাথ॥ রায়শেখরের পদাবলী, সংখ্যা ৩৬

অষ্টকালীয় দণ্ডাত্মিকা পদাবলীর রচয়িতা কবিশেখর নামে একজন পদকর্তার খ্যাতি আছে[১]; ভনিতায় শেখর, শেখর রায়, কবি শেখর, রায়শেখর পাওয়া যায়। ইহাদের মধ্যে শেখর ভনিতার পদই বেশী[২]। এতগুলি ভনিতার মধ্যে কোন্‌টি পদকর্তার প্রকৃত নাম, তাহা হঠাৎ নির্ণয় করা অসাধ্য; কিন্তু সযত্ন অনুধাবনেই স্পষ্ট প্রতীয়মান, পদকর্তার আসল নাম 'শেখর', 'রায়' উপাধি ও 'কবি' বিশেষণ; কিন্তু গোপালবিজয়ের কবির নাম দৈবকীনন্দন সিংহ এবং 'কবিশেখর' তাঁহার উপাধিমাত্র—ইহা গ্রন্থকর্তার স্বকীয় উক্তি[৩]।

১ বা. সা. ই, পৃ ২১৮ ২ দ্র. অ. দ. প ৩ গো. বি, পৃ ৮

উপরন্তু, গোপালবিজয়ের কবি ও দণ্ডাত্মিকাপদাবলীকার অভিন্ন হইলে কাব্যগ্রন্থে কোথাও না কোথাও 'শেখর', 'শেখর রায়' বা 'রায়শেখর'[১] ভনিতা পাওয়া যাইতই।

ইহাও উল্লেখযোগ্য, গোপালবিজয়কারের উক্তিতে তৎকর্তৃক ইতিপূর্বে রচিত তিনখানি গ্রন্থের উল্লেখ আছে আত্মবিবরণী-অংশে; কিন্তু দণ্ডাত্মিকা পদাবলীর কোনোই উল্লেখ নাই। তিনি পদাবলী লিখিলে নিশ্চয়ই গোপালবিজয়ে উহা উল্লেখ করিতেন। প্রতিপক্ষ বলিতে পারেন, কবি হয়ত পরে দণ্ডাত্মিকা পদাবলী লিখিয়াছেন। কিন্তু জিজ্ঞাস্য, উক্ত পদাবলীতে কি গোপালবিজয়কারের অন্যান্য গ্রন্থগুলির উল্লেখ আছে? গোপালবিজয় লিখিবার সময় কবি ইতিপূর্বে রচিত তিনখানি গ্রন্থেরই উল্লেখ করিয়াছেন উক্ত গ্রন্থমধ্যে এবং চতুর্থ গ্রন্থ কেন তিনি লিখিলেন, তাহারও কারণ প্রদত্ত হইয়াছে। দণ্ডাত্মিকা পদাবলী যদি তিনি পরে লিখিতেন তবে স্বাভাবিক অভ্যাস-অনুসারে তিনি পূর্ব-রচিত গ্রন্থগুলির উল্লেখ নিশ্চয়ই করিতেন; অথবা পদাবলীরচনার উদ্দেশ্য বর্ণনাকালে ঐগুলির কিছু আভাস দিতেন; কিন্তু দণ্ডাত্মিকা পদাবলীতে এই বিষয়ে কোনই ইঙ্গিত নাই। উপরন্তু পদাবলীতে শেখর, শেখর রায়, কবি শেখর রায়, রায়শেখর, কবি শেখর ইত্যাদি নানা ভনিতা রহিয়াছে এবং ইহাদের মধ্যে 'শেখর' ভনিতার পদই বেশী। অতএব প্রত্যক্ষ প্রমাণ ছাড়া শুধু অনুমানের উপর নির্ভর করিয়া গোপালবিজয়কার ও দণ্ডাত্মিকা পদাবলীর কবিকে অভিন্ন বলা সঙ্গত নহে। বলা বাহুল্য, গোপালবিজয় ও দণ্ডাত্মিকা পদাবলীর ভনিতায় কোনো সাদৃশ্য নাই। ইহাও অসম্ভব নহে, গোপালবিজয়কার 'কীর্তন-অমৃত' নামে স্বরচিত যে গ্রন্থখানির উল্লেখ করিয়াছেন তাহা বাংলায় রচিত হইলে সম্ভবতঃ উহাই পদাবলী। সুতরাং পৃথক গ্রন্থ দণ্ডাত্মিকা পদাবলীর কবি শেখর বা কবি রায়শেখরের সঙ্গে গোপালবিজয়কার কবিশেখরের অভিন্নত্বস্থাপন সমীচীন নহে।

কালিদাস রায় মহাশয় বলেন, 'কবি শেখর রায় যে কবি রায়শেখর সে বিষয়ে সন্দেহ নাই। রায় শব্দেই তাহার প্রমাণ'[২]। সুতরাং ইহা নিশ্চিত অনুমেয়, গোপালবিজকার ও অষ্টকালীয় দণ্ডাত্মিকার পদকর্তা অভিন্ন নহেন। এই অনুমানের অনুকূলে সতীশচন্দ্র রায় মহাশয়ের মন্তব্যও পাইতেছি। তিনি বলেন, "বঙ্গদেশে শেখর রায়, রায় শেখর বা কবিশেখর নামে একজন প্রসিদ্ধ পদকর্তা প্রাদুর্ভূত হইয়া বাঙ্গালা ও ব্রজবুলীতে বহু উৎকৃষ্ট পদরচনা ও সম্পূর্ণ স্বরচিত পদাবলীর দ্বারা শ্রীরাধাকৃষ্ণের অষ্টকালীয় নিত্য ব্রজলীলার বর্ণনাবিষয়ক 'দণ্ডাত্মিকা পদাবলী' নামক প্রসিদ্ধ গ্রন্থের সঙ্কলন করিয়া গিয়াছেন। কিন্তু তাঁহার ভনিতার 'কবিশেখর' শব্দটি তাঁহার উপাধি না হইয়া নামের সহিত প্রযুক্ত 'কবি' বিশেষণ

১ এই ভণিতা 'ক. খ' পুঁথিতে একবার পাওয়া গিয়াছে; কিন্তু আদর্শ ও অন্যান্য পুঁথিতে কোথাও নাই দ্র. পাঠান্তর, পৃ ২৫৮ ২ প্রা. ব. সা, পৃ ২৫৮

বলিয়াই বিবেচনা হয়"[১]। সুতরাং সতীশবাবু ও কালিদাস বাবুর মতের আনুকূল্যে ইহাই অনুমিত, দণ্ডাত্মিকাপদাবলীকার হইতেছেন কবি শেখর রায় বা কবি রায়শেখর; কিন্তু কবিশেখর কখনই নহেন। এই প্রসঙ্গে বলা যায়, 'কবিরত্নাকর' বা 'কবিভূষণ' উপাধিতে 'কবি' শব্দটি পৃথক পদ নহে, উহা 'রত্নাকর' বা 'ভূষণ'-এর সহিত সমাসবদ্ধ। অতএব গোপালবিজয়কারের 'কবিশেখর' উপাধি একটি সমাসবদ্ধ পদ; 'কবি' ও 'শেখর' পৃথক পদ করিবার হেতু নাই। গ্রন্থকর্তা ও পদাবলীকার যে এক ব্যক্তি নহেন, তাহার সমর্থনেও প্রমাণ পাওয়া যায় কাব্যরচনার উৎকর্ষ ও পদাবলীর ভাষা আলোচনায়। কাব্যের ভাষা বহু প্রাচীন, পদাবলীর ভাষা অপেক্ষাকৃত অর্বাচীন। পদাবলীতে এমন সমস্ত শব্দ ব্যবহৃত হইয়াছে যাহা আধুনিক বলা চলে, প্রাচীনত্বের কোনো ছাপ তাহাতে নাই; কিন্তু গোপালবিজয়ে ঐরূপ শব্দ কুত্রাপি দেখা যায় না। দৃষ্টান্তস্বরূপ কিছু উদ্‌ধৃত হইল,—

লুচি, পুরি, সরভাজা, সরপুরি, মণ্ডা, পক্বান্ন, মতিচুর, লড্ডুকা, মিছরি, আম্রের আচার, ঘি, বলিহারি, চিরণী, ঘাম, ঘরকরণ, ছুঁড়ি, চক্ষুর বালি, দুধভাত ইত্যাদি।

সখা-সখীদের নাম—সুবল, মঙ্গল, মধুমঙ্গল, বিশাখা, ললিতা, কুন্দলতা, জটিলা, কুটিলা, ইন্দুলেখা, চিত্রা, রঙ্গদেবী, ধনিষ্ঠা, তুলসী, বৃন্দা, চম্পকলতা ইত্যাদি।

গোপালবিজয়ে ঐ সমস্ত শব্দ এবং সখা-সখীদের নাম কোথাও দেখা যায় না। এক্ষণে রায়শেখর-কৃত পদাবলীর সামান্য পরিচয় দিতেছি,—

দশন মাজনি রসনা শোধনী
থুইল থালিয়ে ভরি।
কর্পূর সহিত মরিচ চূর্ণিত
যতনে করিয়া ধরি॥
নির্ম্মল সলিল, সুগন্ধি শীতল,
পুরিয়া গাগরি ঝারি।
মুখ পাখালিতে সিনান করিতে
বেদির উপরে ধরি॥
গামছা কাচিয়া, সুখান করিয়া,
রাখল পৃথক করি।
এ তৈল আমলা, আনিল শ্যামলা,
থালিয়ে বেলিয়ে ভরি॥[২]

বলা বাহুল্য, এইরূপ রচনা গোপালবিজয়ে একান্তই দুর্লভ।

---

১ প. ক., পৃ ২০ ২ গ. দ. প, পৃ ৫; রায়শেখরের পদাবলী, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৬৫ (ইহাতে ব্রজবুলি-পদ প্রচুর, কিন্তু আলোচ্য গ্রন্থে কচিৎ মেলে)

রায়শেখর-কৃত অষ্টকালীয় দণ্ডাত্মিকা পদাবলীর সম্পাদক নিত্যানন্দ দাস মহাশয় ভূমিকায় লিখিয়াছেন, '…এই পদকর্তাদের মধ্যে শ্রীগোবিন্দ কবিরাজ, বলরাম কবিরাজ, রায়বসন্ত ও রায়শেখরের পদাবলী সৎসমাজে সম্যক সমাদৃতা; এই পদকর্তাচতুষ্টয় এক সময়ে জন্মগ্রহণ করেন, এবং পরস্পরে একভাবাক্রান্তস্বান্তত্ববশতঃ (?) অসীম সৌহার্দশৃঙ্খলায় আবদ্ধ ছিলেন। রায়শেখরের নাম শশীশেখর রায়; ইনি শ্রীমহাপ্রভুর নিঃসীম কৃপাভাজন খণ্ডবাসী শ্রীরঘুনন্দনের অন্তেবাসী, ও বৈদ্যজাতি, ইহা মাত্র ইঁহার জীবনতত্ত্ব জানা যায়। কিন্তু ইঁহার পিতার নাম ও জন্মভূমি কোথায় তাহা সম্যকরূপে অপরিজ্ঞাত।' সম্পাদক মহাশয়ের এই উক্তি হইতে জানা যায়, দণ্ডাত্মিকার পদকর্তা রঘুনন্দনের শিষ্য[১]। অধ্যাপক সুকুমার সেন মহাশয় গোপালবিজয়কার কবিশেখরকেও শ্রীখণ্ডবাসী ও রঘুনন্দনের শিষ্য[২] এবং অষ্টকালীয় দণ্ডাত্মিকার পদকর্তা বলিয়াছেন[৩] কিন্তু এই অনুমান যে ঠিক নহে, তাহা আমরা পূর্বেই আলোচনা করিয়াছি। উপরন্তু, এই মত খণ্ডন করিয়াছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রামতনুলাহিড়ী-অধ্যাপক খগেন্দ্রনাথ মিত্র মহাশয়। তিনি বলেন '…রায়শেখরের পদের ভাষার সহিত কবিশেখরের ভাষার মোটেই মিল নাই; সেই জন্য 'শাখানির্ণয়োক্ত' রঘুনন্দনশিষ্য কবি শেখর রায় এবং দৈবকীনন্দন সিংহ কবিশেখরকে অভিন্ন মনে করা যুক্তিসঙ্গত নহে।' (দ্র. মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়, পৃ ২৮০, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৪৪)

আমাদেরও ধারণা, গোপালবিজয়ের কবি ও দণ্ডাত্মিকার পদকর্তা অভিন্ন হইলে, গ্রন্থকর্তা বন্দনায় নিশ্চয়ই রঘুনন্দনের নামোল্লেখ করিতেন; তিনি পিতামাতার উল্লেখ করিয়াছেন; কিন্তু রঘুনন্দনের মতো প্রখ্যাত ও পরম বৈষ্ণব গুরুর নাম করিতে ভুলিয়া যাইতে পারেন না। এ সমস্ত ছাড়া আরও কয়েকটি গুরুতর কথা আছে,—

অষ্টকালীয় দণ্ডাত্মিকা পদাবলীতে রাধাকে ভানুকুমারী, বৃষভানুসুতা বলা হইয়াছে, কিন্তু গোপালবিজয়ে রাধার পিতার নাম 'সুরানন্দ'। (দ্র. গো. বি, পৃ ১৩১)

উক্ত পদাবলী গ্রন্থে গৌরাঙ্গদেবের উল্লেখ ও মহাপ্রভুর ভাবাবেশ-পদ আছে[৪] (দ্র. অ. দ প, পরিশিষ্ট); কিন্তু গোপালবিজয়ে কোথাও মহাপ্রভুর নাম নাই।

পদাবলী আরম্ভ হইয়াছে—'শ্রীগৌরাঙ্গ জয়তি, শ্রীরাধাকৃষ্ণাভ্যাম্ নমঃ' বলিয়া;

১ প. প, পৃ ২২

২ বিনয় ঘোষ মহাশয় 'রায় শেখর'কে রঘুনন্দনের শিষ্য বলিয়াছেন: দ্র. প. ব. স, পৃ ২৯১

৩ বা. সা. ই, পৃ ২:৮-৯; প. প, পৃ ২২

৪ প্রা. ব. সা, পৃ ২৬০, প. ব. স, পৃ ২৯৫; রা. প, পদসংখ্যা ২২০, ২৩৪ ইত্যাদি

পক্ষান্তরে গোপালবিজয়ে পাই 'নমঃ শ্রীগোপালায়'। বলা বাহুল্য, কোথাও শ্রীগৌরাঙ্গদেবের উল্লেখ নাই।

প্রারম্ভে ও শেষে পদাবলীর কবিকে বলা হইয়াছে 'রায়শেখর'; কিন্তু কখনও 'কবিশেখর' বলা হয় নাই।

এই সমস্ত অমিল থাকা সত্ত্বেও কি বলা সঙ্গত যে অষ্টকালীয় দণ্ডাত্মিকা পদাবলীর কবি রায়শেখর এবং গোপালবিজয়কার কবিশেখর দৈবকীনন্দন সিংহ একই ব্যক্তি?

গোপালবিজয়ের কবি ও পদাবলীকার তো কখনই এক ব্যক্তি নহেন; বরং গোপালবিজয়ের প্রভাব পড়িয়াছে পদাবলীর উপর। পদাবলীতে 'সখীশিক্ষা' ও 'নায়কশিক্ষা' স্পষ্টতঃ প্রভাবিত হইয়াছে গোপালবিজয় দ্বারা। (দ্র. গো. বি, পৃ ২২০-৩ এবং অ. দ. প, পদসংখ্যা ১০৮)

রায়শেখরের নিম্নোক্ত ছত্রাংশও গোপালবিজয়-প্রভাবান্বিত,—

বৃন্দাবন ভরি রসের বাদর করি—অ. দ. প, পৃ ১৫

তু. গোপালবিজয়—

বৃন্দাবন ভরি সব রসের বাদলে।
তাহে প্রেমতরঙ্গেতে অধিক উথলে॥ পৃ ৩৩৫

বৈষ্ণব পদসমূহের আদি সঙ্কলয়িতা রামগোপাল দাস গোপালবিজয় হইতে কিছু অংশ উদ্‌ধৃত করিয়াছেন 'রাধাকৃষ্ণরসকল্পবল্লী'-তে। এই সঙ্কলনগ্রন্থে পদকর্তা কবি শেখরের পদও উদ্‌ধৃত হইয়াছে। রামগোপাল দাস কোথাও বলেন নাই যে গোপালবিজয়কার কবিশেখর দৈবকীনন্দন সিংহ এবং পদকর্তা কবি শেখর বা রায়শেখর একই ব্যক্তি। উপরন্তু, তাঁহার পদ-উদ্‌ধৃতির রীতি ও গ্রন্থে উদ্‌ধৃতপদের উপস্থাপনা লক্ষ্য করিলে স্পষ্ট প্রতীয়মান হয় যে গোপালবিজয়কার কবিশেখর ও পদকর্তা কবি শেখর সম্পূর্ণ বিভিন্ন। উভয়ে এক ব্যক্তি হইলে রসকল্পবল্লী-তে উদ্‌ধৃত অংশগুলি একত্র এক সঙ্গে একই কবির রচনা বলিয়া রামগোপাল দাস দেখাইতেন; কখনও পৃথক পৃথক ভাবে এবং পৃথক পৃথক শিরোনামায় উল্লেখ করিতেন না। রাধাকৃষ্ণরসকল্পবল্লী হইতে অংশগুলি তুলিয়া দিলাম বক্তব্যের পরিস্ফুটতার জন্য,—

"গোপালবিজয়ে—

হের দেখ রাধা পক্ক দাড়িম্ব রহয়। মিলিতে চাহে তোমার পয়োধর॥
ফুলে জিনিতে চাহে তোমার অধর। বিজে দশনপাঁতি জিনিবে সকল॥"

[দ্র. সা. প. প. (১৩৩৭), পৃ ১০৭ এবং সম্পাদিত গ্রন্থ, পৃ ২০৭]

"কবিশেখর—

(ক) বসনে বসনে লাগিবে লাগিয়া একুই রজকে দেয়।
মোর নামের আদি আখর * * * তাই সে যদাই লেয়॥

(খ) কানু বিরস কথি লাগি। কি মোর করম অভাগী॥"

[ দ্র. সা. প. প (১৩৩৭), পৃ ১১৩ ]

উক্ত অংশগুলি পৃথক পৃথক ভাবে উদ্ধৃতির ফলে নিশ্চিত অনুমান করা যায় যে রাম-গোপাল দাস গোপালবিজয়কার কবিশেখর এবং পদকর্তা কবি শেখরকে পৃথক ব্যক্তি বলিয়াই জানিতেন। আরও উল্লেখযোগ্য, (ক) এবং (খ) উদ্ধৃতিদ্বয় গোপালবিজয়ে নাই। উপরন্তু, (খ) অংশটি ব্রজবুলিতে রচিত। পদকর্তা রায়শেখর বা কবি শেখরের স্থান অমিয়মধুর ব্রজবুলির রচয়িতা গোবিন্দ দাসের পরেই। কবি শেখরের প্রায় সমস্ত পদই ব্রজবুলিতে রচিত; কিন্তু গোপালবিজয়ের রচনায় কোথাও ব্রজবুলির নামগন্ধ নাই। সুতরাং এই হিসাবেও বলা চলে, গোপালবিজয়কার কবিশেখর এবং পদকর্তা কবি শেখর বা রায়শেখর এক ব্যক্তি নহেন। শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয় কেন যে উভয়কে অভিন্ন বলিয়াছেন, বুঝিতে পারিলাম না। [ দ্র. সা. প. প ( ১৩৩৭ ), পৃ ১০৭-১৩ ]

রঘুনন্দনের পিতৃব্য নরহরি সরকারের গৌরাঙ্গপূজার প্রবর্তন, গৌরমূর্তি নির্মাণ ও প্রতিষ্ঠা বিশেষ উল্লেখযোগ্য[১]। ভ্রাতুষ্পুত্র রঘুনন্দন বাল্যকাল হইতেই পিতৃব্য নরহরি সকাশে প্রতিপালিত হন[২]। সুতরাং স্বভাবতঃই রঘুনন্দনের উপর নরহরির প্রভাব পড়িবার কথা। রায়শেখর গোপালবিজয়কার হইলে গৌরাঙ্গভক্ত রঘুনন্দনের শিষ্য হইয়া বন্দনায় গৌরাঙ্গ বা চৈতন্যদেবাদির নাম নিশ্চয়ই করিতেন। সুতরাং উক্ত প্রমাণ-সমূহে অনুমান করা যায়, পদকর্তা রায়শেখর ও গোপালবিজয়ের কবি 'কবিশেখর' এক ব্যক্তি নহেন; কবি শেখর, শেখর, রায়শেখর, শেখর রায়ের ভণিতায় পদকল্পতরু-ধৃত পদগুলি দণ্ডাত্মিকা-পদকারের রচিত বলিয়া মনে হয়; কারণ পদকল্পতরু ও দণ্ডাত্মিকা পদসমূহের মধ্যে বিশেষ সাদৃশ্য আছে[৩]।

কেহ কেহ অনুমান করেন, কবিরঞ্জন বৈদ্য বা ছোট বিদ্যাপতিই গোপালবিজয়কার কবিশেখর। কিন্তু এই ধারণা ভ্রান্ত; কারণ কবিশেখর দৈবকীনন্দন সিংহ কখনও বৈদ্য হইতে পারেন না। সিংহ উপাধি ব্রাহ্মণ, ক্ষত্রিয় অথবা কায়স্থ ছাড়া অন্য কাহারও হয় না।

---

১ প. ব. স, পৃ ২৯৬; সা. প প ( ১ম সংখ্যা ), ১৩৪০, পৃ ১৫, বা. সা. ই ( ১ম সং ) পৃ ২১২; নরহরি সরকার প্রথম গৌরগীত রচনা করেন; দ্র. চৈ. চ. উ, পৃ ৪৪ ২ প. ব. স, পৃ ২৯৫

৩ প. ক, পদসংখ্যা ১৬০, ২৪৪, ৩০০, ৯৭৬, ৯৮০, ৯৮১ ইত্যাদি এবং অ. দ. প, পৃ ১২

আর একটি কথা, দৈবকীনন্দন সিংহ নিজেকে সর্বদা কবিশেখর বলিয়াছেন। তাঁহার বিরাট গ্রন্থে কোথাও কবিরঞ্জন বা বিদ্যাপতি ভনিতা নাই। সুতরাং জোর করিয়া গোপাল-বিজয়কারকে কবিরঞ্জন বা বিদ্যাপতি বলা সঙ্গত নহে।

অতঃপর গোপালবিজয়ের সুপ্রাচীনত্বের নিম্নলিখিত কারণগুলিও বর্তমান ও বিশেষ উল্লেখযোগ্য,—

সতীশচন্দ্র রায় মহাশয় পদকল্পতরুর পঞ্চম খণ্ডে[১] বলিয়াছেন, 'বিদ্যাপতি ও চণ্ডীদাসের প্রাক্ চৈতন্যযুগের পদাবলীর আরও একটা অসাধারণ বিশেষত্ব আছে। বিদ্যাপতির খাঁটি পদাবলীতে ও বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তনে কুত্রাপি ললিতা, বিশাখা ইত্যাদি রাধার সখীদিগের; সুবল, মধুমঙ্গল ইত্যাদি শ্রীকৃষ্ণের সখাগণের ও জটিলা-কুটিলার প্রসঙ্গ বা উল্লেখ দেখা যায় না...'। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য, গোপালবিজয়েও জটিলা, কুটিলা, সুবল, মধুমঙ্গল ইত্যাদি নাম নাই। কেবলমাত্র শ্রীদামের উল্লেখ দুই বার আছে[২]। এই প্রসঙ্গে ইহাও উল্লেখযোগ্য, প্রাক্-চৈতন্যযুগে রচিত গ্রন্থ শ্রীকৃষ্ণবিজয়েও[৩] সুদাম ও শ্রীদাম সখার উল্লেখ আছে। সুতরাং রায় মহাশয়ের উক্তির ফলে গোপালবিজয়ের শুধু সুপ্রাচীনত্বই সূচিত হয় না, কবিশেখর দৈবকীনন্দন সিংহ শ্রীকৃষ্ণকীর্তনের যুগেও আসিয়া পড়েন।

কবিশেখর দৈবকীনন্দন সিংহের নাম কাটোয়া ও খেতরীর মহোৎসবে উপস্থিত মহাজনদের তালিকায় পাওয়া যায় না। সুতরাং ১৫৭০ খৃষ্টাব্দের পূর্বে কবিশেখরের তিরোভাব ঘটে।

গোপালবিজয়ের প্রাচীনত্ব-বিষয়ে একটি ঐতিহাসিক সত্যও মিলিয়াছে। কবিশেখর উপাধিক দেবকীনন্দন সিংহ হোসেন শাহ ও তৎপুত্র নসীরুদ্দিন নুসরৎ শাহের (১৪৯৩-১৫৩৩ খৃঃ) অধীনে কাজ করিয়াছিলেন[৪]। ইহার কয়েকটি পদে[৫] হোসেন শাহ ও নসীরুদ্দিন শাহের নাম আছে; পদের ভনিতায় বিদ্যাপতি ও কবিশেখর উভয়ই আছে[৬]। এই 'বিদ্যাপতি'[৭] ভনিতা গোপালবিজয়ে কোথাও নাই; কিন্তু অন্য বিষয়গুলি সবই মিলিয়া যাইতেছে। গোপালবিজয়ের কবির আসল নাম দৈবকীনন্দন সিংহ এবং হোসেন শাহ-নুসরৎ শাহের কবি কর্মচারীও দেবকীনন্দন সিংহ এবং উভয়েরই উপাধি কবিশেখর। সুতরাং গোপালবিজয়কার ও উক্ত সুলতানদ্বয়ের কর্মচারী অভিন্ন বলিতে

১ পৃ ৩৪-৫ ২ গো. বি, পৃ ১০৩, ১২৯ ৩ পৃ ৪৯

৪ বা. সা. ই. পৃ ৭৩, ৮০ ; ম বা. বা, পৃ ১৮ ; সা প প (১৩৮০), পৃ ২৮

৫ হয়ত ইনি পদ লিখিয়াছিলেন; কিন্তু তাহা আজ আর জানিবার উপায় নাই, বিদ্যাপতি-চণ্ডীদাসের মতোই তাঁহার দশা ঘটিয়াছে। ৬ বা. সা. ই, পৃ ৭৩, ৮০ ; ম. বা. বা, পৃ ১৮ ; সা. প. প (১৩৪০), পৃ ২৮

৭ কবিশেখরের বিদ্যাপতি খ্যাতি বহুদিন হইতেই চলিয়া আসিতেছে, সুতরাং গোপালবিজয়কার কবিশেখরেরও অন্যতর ভনিতা 'বিদ্যাপতি' পরবর্তী কালের 'গায়ন' বা লিপিকরের স্বেচ্ছাকৃত অথবা অনবধানহেতু প্রযুক্ত ; দ্র. বা সা. ই, পৃ ৮০

কোনো বাধা হয় না। এই সত্য অনুমানের আরও একটি সমর্থন মিলিতেছে। বৈষ্ণব পদসমূহের আদি সংকলয়িতা রামগোপাল দাসের 'শ্রীশ্রীরাধাকৃষ্ণরসকল্পবল্লী'-তে (১৬৪৩-১৬৭৩ খৃ:)[১] গোপালবিজয় হইতে কয়েকটি ছত্র উদ্ধৃত হইয়াছে,[২] ইহা পূর্বেই দেখাইয়াছি। কবিখ্যাতি-প্রতিষ্ঠায় দীর্ঘ সময়ের প্রয়োজন; গ্রন্থরচনার সময় হইতেই তাহার সম্ভাবনা কম; উপরন্তু, প্রাচীন কালে মুদ্রাযন্ত্র ছিল না; হাতে লিখিয়া অনুলিপির কাজ চলিত। সুতরাং গ্রন্থপ্রকাশ হইতেই বহু সময় লাগিত; কবিপ্রতিষ্ঠা তাহার আরও পরে। রসকল্পবল্লী সপ্তদশ শতকের প্রথমার্ধে রচিত হইলে, তাহার এক শত বৎসর পূর্বে গোপালবিজয়ের রচনাকাল অনুমান করা অসঙ্গত মনে হয় না। সুতরাং ঐতিহাসিক প্রমাণের[৩] সহিত এই অনুমানের সমন্বয়ে বলা যাইতে পারে, গোপালবিজয় ষোড়শ শতকের প্রথমার্ধে রচিত হইয়াছিল।

উক্ত অনুমান সুদৃঢ় হয় গ্রন্থে বর্ণিত নিম্নোক্ত দুইটি বিষয়ের প্রামাণ্যেও,—

(১) গোপালবিজয়ের ৩৩০ পৃষ্ঠায় বর্ণিত উদ্ধবের প্রতি কৃষ্ণবিরহাতুরা রাধিকার উক্তি—

জখন সে হেন প্রভু হইল নিরুপেখি।
তখনে ই ছাড় জীউ ধরিব কি দেখি॥
সবে বিধাতার পাএ মাগি এক দানে।
মোর পঞ্চভূত জেন আস্থে প্রভু-থানে॥

রাধিকার দেহত্যাগের পর তাঁহার দেহাশ্রিত পঞ্চভূত যেন কৃষ্ণের স্পর্শ লাভ করে, ইহাই রাধিকার প্রার্থনা। শ্রীরূপ গোস্বামিকৃত 'উজ্জ্বলনীলমণি'-র অনুসরণে কবিশেখর এই অংশ বর্ণনা করিয়াছেন। স্মরণ রাখা প্রয়োজন, পদকর্তা গোবিন্দদাসেরও 'যাহা যাহা পহুঁ অরুণ চরণে চলি যাত। তাঁহা তাঁহা ধরণি হইয়ে মঝু গাত… ॥' ইত্যাদি অনুরূপ একটি পদও আছে। সুতরাং মনে হইতে পারে, কবিশেখর হয়ত গোবিন্দদাসেরই অনুসরণ করিয়াছেন; কিন্তু গোবিন্দদাস অপেক্ষা শ্রীরূপ গোস্বামীই যে গোপালবিজয়কারের আদর্শ ছিলেন তাহার প্রমাণ পাওয়া যায় শ্রীরূপ গোস্বামিরচিত নিম্নোক্ত দুই ছত্র পাঠ করিলে,—

পঞ্চত্বং তনুরেতু ভূতনিবহাঃ স্বাংশে বিশন্তু স্ফুটং।
ধাতারং প্রণিপত্য হন্ত শিরসা তত্রাপি যাচে বরং॥ উ নী, পৃ ১২৫

১ সা প প, ২য় (১৩৩৭), পৃ ১০০
২ ঐ ঐ, পৃ ১০৭
৩ বা. সা. ই, পৃ ৭৩, ৮০; ম. বা. বা, পৃ ১৮; সা. প. প (১৩৪০), পৃ ২৮

এখানে বিশেষ লক্ষণীয়,—পঞ্চভূতের কথা, বিধাতার চরণে প্রণামপূর্বক বরপ্রার্থনা ইত্যাদি সংস্কৃত শ্লোকের বক্তব্যের সহিত কবিশেখরের বর্ণনার চমৎকার মিল পাওয়া যাইতেছে। ইহাতে নিশ্চিত অনুমেয়, গোপালবিজয়কার এ-বিষয়ে শ্রীরূপ গোস্বামীর সার্থক অনুসরণকারী। গোবিন্দদাসের পদে বিধাতা, পঞ্চভূত ইত্যাদি কথার উল্লেখ নাই। গোপালবিজয়কার গোবিন্দদাসের পরবর্তী হইলে কাব্যকর্তা নিশ্চয়ই পদকর্তার প্রসিদ্ধ পদটিই অনুসরণ করিতেন। সুতরাং গোপালবিজয়ের কবি শ্রীরূপ গোস্বামীর পরবর্তী এবং গোবিন্দদাসের অগ্রবর্তী। শ্রীরূপ গোস্বামীর জীবিতকাল আনুমানিক ১৪৭০-১৫৫৪ খৃষ্টাব্দ ( দ্র. শ্রী. ভ, পৃ ৫০ )। অতএব গোপালবিজয়কার কবিশেখরের আবির্ভাবকাল পঞ্চদশ শতকের শেষের দিকে এবং গোপালবিজয়ের রচনাকাল ষোড়শ শতকের প্রথমার্ধে।

(২) গোপালবিজয়ের লোকপ্রিয়তা এরূপ ব্যাপক ছিল যে পদকর্তা ঘনশ্যাম দাস কবিরাজ গোপালবিজয় হইতে প্রায় অবিকল কয়েক ছত্র লইয়া একটি পদের রূপ দিয়াছেন। নিম্নে তাহার আলোচনা করা দেওয়া যাইতেছে,—

গোপালবিজয়ে রাসখণ্ডের এক বর্ণনায় জানা যায়, অন্য গোপিকার প্রতি কৃষ্ণের আসক্তি ও তাহার সহিত কুঞ্জে একত্র অবস্থান লক্ষ্য করিয়া রাধা অভিমানে স্থানত্যাগ করিয়াছেন। কৃষ্ণ ফিরিয়া আসিয়া রাধিকাকে না দেখিয়া বড়ই ব্যাকুল হইয়াছেন এবং রাধাবিরহে কাতর হইয়া সর্বত্র রাধিকাকে অন্বেষণ করিয়া যখন কৃষ্ণ তাঁহার দর্শন পাইলেন না, তখন তিনি মাধবীলতাকুঞ্জে বসিয়া নানা খেদ করিতে লাগিলেন। পরিশেষে কোকিলের সহায়তায় কৃষ্ণ রাধিকার খোঁজ পাইলেন এবং তাঁহার নিকট যাইয়া নানা অনুনয় বিনয় করিতে লাগিলেন। গোপালবিজয়ে এই বিষয়ে বিস্তৃতভাবে বর্ণিত আছে। ( পৃ ২৩১-৭৩ ) পদকর্তা ঘনশ্যাম দাস কবিরাজ গোপালবিজয়ের উক্ত বর্ণিত বিষয় হইতে কয়েক ছত্র গ্রহণ করিয়া নিম্নোক্ত পদটির রূপ দিয়াছেন,—

মাধবি লতাতলে বসি।
চিবুকে ঠেকনা দিয়া বাঁশি॥
তোহারি চরিত অনুমানে।
যোগী যেন বসিলা ধেয়ানে॥
হরি হরি যবে গেলি রাধা।
হাঁচি জিঠি না পড়ল বাধা॥
জল গেলে কি করিবে বান্ধে।
নিশি গেলে কি করিবে চান্দে॥

জিউ গেলে কি কাজ শরীরে।
রাধা বিনু কি নন্দকুমারে॥
রাধা রাধা জপে অবিরাম।
না জানি কি হয়ে ঘনশ্যাম॥ (দ্র. প. ক, ১ম খণ্ড, পৃ ১৪৪-৫)

ঘনশ্যাম দাস কবিরাজ গোবিন্দ কবিরাজের (মৃত্যু ১৬১৩ খৃঃ) পৌত্র ও দিব্য সিংহের পুত্র। পণ্ডিতমণ্ডলীর অনুমান, ঘনশ্যাম দাসের জন্মকাল ১৫৮৮ খৃষ্টাব্দের দিকে। (দ্র. প. ক, ৫ম খণ্ড, পৃ ৮৭ এবং গৌ. বৈ. সা, পৃ ২১৩৮)

উক্ত প্রমাণসমূহে নিশ্চিত অনুমান করিতে পারি, গোপালবিজয় খৃষ্টীয় ষোড়শ শতকের প্রথমার্ধে রচিত হইয়াছিল।

## ॥ কাব্যকাহিনীর সংক্ষিপ্ত-পরিচয় ॥

প্রথম আট পৃষ্ঠায় বন্দনা, কাব্যরচনার উদ্দেশ্য ও কবির সংক্ষিপ্ত আত্মপরিচয়। পরে মথুরার বর্ণনায় কাহিনীর আরম্ভ।

কংসের অত্যাচারে প্রপীড়িতা বসুমতী পাতালে উপস্থিত হইলে বাসুকি তাঁহাকে সান্ত্বনা দিয়া ব্রহ্মার নিকটে পাঠাইলেন। বসুমতী গোরূপ ধারণ করিয়া দেবগণের সহিত ব্রহ্মার সমীপে উপস্থিত হইলে ব্রহ্মা সকলকে লইয়া ক্ষীরোদসমুদ্র-তীরে নারায়ণের স্তব করিলেন। স্তবে তুষ্ট নারায়ণ বলিলেন, কংসের বিনাশার্থ তিনি এক অংশে রোহিণীর পুত্র বলরামরূপে এবং অপর অংশে বসুদেব-দৈবকীর অষ্টম পুত্র শ্রীকৃষ্ণরূপে পৃথিবীতে অবতীর্ণ হইবেন[১]। এই হেতু রম্ভাদি বিদ্যাধরীগণকে[২] গোপীরূপে এবং দেবগণকে গোপরূপে গোকুলে জন্মগ্রহণ করিতে নারায়ণ আদেশ করিলে সকলে আশ্বস্ত হইয়া স্বস্থানে প্রস্থান করিলেন।

এদিকে প্রবল ক্ষমতাশালী কংস পিতা উগ্রসেনকে কারারুদ্ধ করিয়া মথুরার সিংহাসনে বসিলেন। হাতে শক্তি পাইয়া তাঁহার অত্যাচার চরমে উঠিল। তাঁহার ইচ্ছায় বসুদেবের সহিত দৈবকীর পরিণয় সম্পন্ন হয়; কন্যাসম্প্রদান করেন উগ্রসেন।[৩] দৈবকীর পতিগৃহ-গমনকালে অমঙ্গল দৈববাণী শুনিয়া কংস ভগিনীকে বধ করিতে উদ্যত হন; পরে, বসুদেব ও দৈবকীর কাতরতায়[৪] তিনি শান্ত হইলে দৈবকী স্বামীর সহিত প্রস্থান করেন পতিগৃহে।

১ বি. পু (৫।১।৫৯-৬০)-এ এই প্রসঙ্গে শ্বেত ও কৃষ্ণ কেশের উল্লেখ আছে: ব্র. বৈ-এ অন্য প্রকার বর্ণনা

২ ভা (১০।১।২৩)-এ সুরস্ত্রী; বি. পু-এ এ-বিষয়ে কোনো উল্লেখ নাই। শ্রী. বি-এ তিলোত্তমা-আদি স্বর্গবিদ্যাধরীদের কথা আছে। রাধার জন্মবৃত্তান্ত গো. বি-এ নাই। ৩ ব্র. বৈ-এ দেবক সম্প্রদানকর্তা

৪ ব্র. বৈ-এ দৈবকীর কাতরতার কোনো উল্লেখ নাই

দৈবকীর পর পর ছয় পুত্র জন্মগ্রহণ করিল ; কংস তাহাদিগকে হত্যা না করিয়া[১] তাঁহার ভাবী শত্রু কেবল অষ্টম গর্ভজ সন্তানকে বিনাশ করিবেন, স্থির করিলেন। এদিকে নারদ একদিন কংসসভায় আসিয়া অসুরবধার্থ দেবতাদের সংকল্প জানাইলে কংস ক্রোধে দৈবকীর ছয় পুত্রকে বধ, বসুদেব-দৈবকীকে কারাগারে অবরোধ ও 'গো ব্রাহ্মণ তীর্থ' সহ জত 'ভারত-পুরাণ' ধ্বংস করিতে আদেশ করিলেন[২]। যোগনিদ্রার মায়াবলে দৈবকীর সপ্তম গর্ভ রোহিণীর উদরে স্থাপিত হইলে বলভদ্রের জন্ম হয়। অষ্টম গর্ভে শ্রীকৃষ্ণের জন্ম হইলে শিশুর নির্দেশ-অনুসারে বসুদেব গোকুলে সদ্যপ্রসূতা সংজ্ঞাহীনা যশোদার ক্রোড়ে শ্রীকৃষ্ণকে রাখিয়া তাঁহার কন্যাকে লইয়া আসিলেন মথুরায়[৩]। কংস শিশুকন্যাকে শিলাপটে নিক্ষেপ করিতে গেলে কন্যা কংসের হাত 'নিকসিঞা' অষ্টভুজারূপে কংসকে বলিলেন,

তোহ্মা সভা মারিঞা খণ্ডাইব ভূমিভারে।
গোকুলে[৪] জন্মিলা আজি হেনখ কুমারে ॥···
তোহ্মারে মারিব হেন দেবের জুগতি।
ইহাতে রাখিব হেন কাহার শকতি ॥

ইহা শুনিয়া কংস চানূরমুষ্টিকাদি অসুরগণের সহিত পরামর্শ করিয়া সেই শিশুর বধার্থ পুতনাকে গোকুলে পাঠাইলেন এবং বসুদেব-দৈবকীকে নির্দোষ মনে করিয়া তাহাদের মুক্তি দিলেন।

এদিকে নন্দালয়ে বিরাট উৎসব। বৃদ্ধ বয়সে পুত্র হওয়ায় নন্দ পুত্রোৎসব-উপলক্ষে ব্রাহ্মণকে ধেনু বৎস দান করিলেন এবং রাজা কংসের সন্তোষবিধানার্থ 'ঘৃত দধি ঘোল দুধ' রাজকর দিয়া মথুরা হইতে ফিরিবার পথে বসুদেবের সহিত সাক্ষাৎ করিলেন। উভয়ের নানা কথাবার্তার পর বসুদেব নবজাত পুত্রকে সাবধানে রাখিতে পরামর্শ দিলেন এবং দৈবকী 'লোকদ্বারে' নন্দকে সম্ভাষণপূর্বক বলিলেন,

দুষ্টজন-জাতাআত নিরোধিহ ঘরে।
জারে তারে না দেখাইহ রূপস কুমারে ॥

মথুরা হইতে গোকুলে প্রত্যাবর্তনের পরেই পুতনাবধ-বৃত্তান্ত শুনিয়া বসুদেব ও দৈবকীর কথায় নন্দের প্রতীতি জন্মিল। তিনি যশোদাকে দৈবকীর সাবধান বাণী শুনাইয়া শিশুর প্রতি

১ ব্র. বৈ-এ জন্মমাত্র পুত্রকে কংস হত্যা করেন ২ শ্রীকৃষ্ণবিজয়ে প্রায় অনুরূপ বর্ণনা আছে

৩ এই প্রসঙ্গের কিছু কিছু অংশে কবি ভবিষ্যৎ পুরাণের আশ্রয় লইয়াছেন। শিশুসহ বসুদেবের যমুনা-উত্তরণের সময় শৃগালীর প্রসঙ্গ কবি গ্রহণ করিয়াছেন উক্ত পুরাণের বসিষ্ট-দিলীপ সংবাদের অন্তর্গত জন্মাষ্টমীব্রত-কথায়। শ্রীকৃষ্ণবিজয়েও প্রায় অনুরূপ বর্ণনা আছে।

৪ ব্র. বৈ-এ কোনো স্থানের উল্লেখ নাই

সতর্ক দৃষ্টি রাখিতে বলিলেন। ঐ দিন ছিল নন্দপুত্রের জন্মতিথি ; সেই হেতু যশোদা সকলকে আমন্ত্রণ করিলেন। শুভক্ষণে নন্দরানী শিশুকে পায়ে শোয়াইয়া তৈল, হরিদ্রা, পিঠালি দ্বারা তাহার গাত্র নির্মল করিলেন। পূজা, দান-ধ্যান, নৃত্যগীত বাদ্যে নন্দের নগরী মুখরিত হইয়া উঠিল। উৎসবশেষে নিদ্রাতুর শিশুকে বিচিত্র শকটতলে শয়ন করাইয়া ও কয়েকজন বালককে সেখানে রাখিয়া যশোদা নিমন্ত্রিত জনকে বিদায় দিতে গেলেন। এই সময় বালকগণের কোলাহলে[১] জাগ্রত শিশু চরণাঘাতে মস্তকোপরি শকট ভাঙ্গিয়া ফেলিলে প্রচণ্ড ভঞ্জনশব্দে ভীত যশোদা ছুটিয়া আসিয়া পুত্রকে কোলে লইলেন। শিশুগণ বলিল, বালকই শকট ভাঙ্গিয়াছে। কিন্তু যশোদার কিছুতেই বিশ্বাস হইল না এবং তিনি ভাবিলেন, ছেলেরা মিথ্যা কথা বলিতেছে। এদিকে শিশুকৃত পুতনা-বধ ও শকটভঙ্গ শুনিয়া কংস অতিশয় শঙ্কিত হইলে তৃণাবর্ত কংসকে আশ্বাস দিয়া নন্দপুত্রকে বধ করিতে গোকুলে প্রস্থান করিল। অসুর বায়ুরূপে সমস্ত গোকুল ধূলায় পূর্ণ করিলে ভীত যশোদা শিশুক্রোড়ে 'আত্তাসে' প্রবেশ করিবার পথে পুত্রের মায়ায়[২] তিনি তাহাকে বাহিরে রাখিয়াই গৃহমধ্যে গমন করিলেন। অসুর এই সুযোগে শিশুকে লইয়া পলায়ন করিতে থাকিলে বালক বিশ্বম্ভররূপে তাহাকে বধ করিলেন। শিশুর এই অদ্ভুত কর্মে সর্বত্র বিস্ময়ের সঞ্চার করিল।

এই সময় রোহিণীর পুত্রটির নামকরণের[৩] উপযুক্ত কাল বিবেচনায় বসুদেব গর্গ মুনিকে নন্দালয়ে প্রেরণ করিলেন[৪]। নন্দরাজ মিত্র বসুদেবের নির্দেশ পাইয়া মনে মনে ভাবিলেন, নিজ পুত্রেরও নামকরণের সময় হইয়াছে। তখন মুনিকে তিনি অনুরোধ করিলেন, উভয়েরই নামকরণ করিয়া দিতে। মুনি তদনুসারে পুত্রদ্বয়ের যথাবিধি নামকরণ-অনুষ্ঠান-সম্পাদনান্তে রোহিণীর পুত্রের নাম রৌহিণেয়, সঙ্কর্ষণ ও বলরাম এবং রূপগুণ-অনুরূপে নন্দপুত্রের নাম কৃষ্ণ রাখিলেন। নৃত্যগীতবাদ্যরঙ্গে গোকুলে আনন্দের লহরী উঠিল। এইরূপে নন্দালয়ে কৃষ্ণ 'আতিবলীআর' তমালশিশুর ন্যায় যশোদা ও গোপীগণের কোলে কোলে বাড়িতে লাগিলেন।

যশোদার কোলে একদিন কৃষ্ণ অত্যন্ত কাঁদিতে লাগিলেন, জননী কিছুতেই তাঁহাকে শান্ত করিতে পাড়িলেন না। গোপনারীগণ একে একে কৃষ্ণকে কোলে লইলেও কৃষ্ণ কেবলই কাঁদিতে লাগিলেন। অবশেষে রাধিকা কোলে লইলে কৃষ্ণ 'রস' বুঝিয়া শান্ত ও নিদ্রিত হইলেন ; তখন সকলের অনুরোধে রাধিকা কৃষ্ণকে কোলে লইয়া শয়ন করিলেন।[৫]

১ পুরাণে অন্যপ্রকার কারণ ; দ্র. ভা. ১০।৭।৬ ; বি. পু. ৫।৬।১

২ ভাগবত, ব্রহ্মবৈবর্ত ইত্যাদি পুরাণে (ভা, ১০।৮।১২-৩) অন্য কারণ ৩ ব্র. বৈ-এ অন্নপ্রাশনেরও উল্লেখ আছে

৪ ব্র. বৈ-এ গর্গ মুনি কৃষ্ণজন্মের সত্যপ্রকাশ করেন নন্দের নিকট ৫ এই বৃত্তান্ত পুরাণে নাই

কিছুদিন পরে হাঁটিতে শিখিলে কৃষ্ণ নন্দের আঙ্গুল ধরিয়া চলেন; যশোদা 'শুকশিশুসম' তাঁহাকে শিক্ষা দেন; আঙ্গিনায় পাখী দেখিলে কৃষ্ণ তাহা ধরিতে যান, আপন ছায়া দেখিয়া চাপড় মারেন, 'সাপ বেঙ কাটা খোচ' কিছুই বাছেন না। একদিন কৃষ্ণ মাটি খাইতে থাকিলে যশোদা তাহা নিবারণ করিতে আসিয়া শিশুর মুখের ভিতর চতুর্দশ ভুবন দেখিয়া বিহ্বল হইলেন; কিন্তু পুত্রকে কোলে লইলেই তিনি সমস্ত ভুলিয়া গেলেন।

কিছুকাল পরে কৃষ্ণ শিশুদের সহিত গোকুলে বেড়াইতে লাগিলেন; পথে পুরনারী-সঙ্গে তিনি ঢামালী করেন, 'শিশু হাথাইঞা' কাহাকেও অপমান করেন, আবার শেষে নিজেই বিবাদের সমাধান করিয়া দেন; পথে ভক্ষ্যের পসার দেখিলে সকলে মিলিয়া তাহা ছড়াইয়া দেন; রাজার নিকট কেহ 'গোহারি' করিতে চাহিলে তাহাকে আনিয়া প্রবোধ দেন; আবার যে কংসের গরবে বেশী কিছু বলে, তাহাকে অপমান করিতে ছাড়েন না; প্রতিগৃহ হইতে দধি, দুগ্ধ চাহিয়া আনিয়া সকলকে পথে খাওয়ান। কেহ যদি কৃষ্ণকে নীতি শিখাইতে আসে, তবে সে অপমানিত হইয়া গৃহে ফিরিয়া যাইতে পথ পায় না। রসের নিধান কৃষ্ণ যখন যে রসের কথা বলেন, তখন কেহই তাহার উত্তর দিতে পারে না; তাঁহার বুদ্ধি এত তীক্ষ্ণ যে কৃষ্ণ হারিয়া তর্ক করিয়া গেলেও কেহ তাহা খণ্ডন করিতে পারে না; বুদ্ধিমান লোকও কৃষ্ণের কথায় শুব্ধ হইয়া যায়। গোপনারী-প্রেরিত খাদ্যদ্রব্য কৃষ্ণ আনন্দে গ্রহণ করেন, কখনও পসার লুটিয়া খান, কাহারও 'গোহারি' শোনেন না. কেহ কৃষ্ণের জন্য দধি, দুগ্ধ না পাঠাইলে কৃষ্ণ বাছুর দিয়া তাহার গাভীর দুগ্ধ খাওয়াইয়া দেন।

চত্বরে খেলা পাতিয়া কৃষ্ণ নানা খেলা করেন। খেলা করিতে করিতে তিনি সমস্ত ভুলিয়া যান; বাড়ী ফিরিবার কথা তাঁহার মনে থাকে না; সন্ধ্যা হইলেও সেই খেলার বিরাম নাই। এদিকে বেলা-অবসানে কৃষ্ণকে ঘরে না দেখিলে যশোদা অতিব্যাকুলভাবে হাহাকার করিয়া পথে পথে তাহাকে অন্বেষণ করিতে থাকেন। এইরূপে একদিন খোঁজাখুঁজির পর কোথাও পুত্রের 'শুদ্ধি' না পাইয়া যশোদা আয়ানের গৃহে গমনপূর্বক রাধিকার প্রতি অভিযোগ করিয়া বলিলেন,

আজনম কাহ্নু-সঙ্গে তোহ্মার পিরিতি।
তোহ্মা বশ কানাঞি আতি-বিপরীতি॥
তোহ্মা পাইলে বাপমাও ঘরদ্বার ছাড়ে।
তিলেক না দেখি রাধা রাধা ডাক ছাড়ে॥
শিশুকাল হইতে নিঞা বুল ঠাই ঠাই।
তোহ্মা হইতে অনাআত হইলা কাহ্নাঞি॥

এই অনুযোগে দুঃখিতা রাধিকা যশোদাকে নম্রভাবে বলিলেন, 'মুখ-মামলাএ' তোমার গৃহে যাই ; যদি বল, তবে তোমার বাড়ী আর যাইব না। কৃষ্ণ এইখানেই ছিল, বোধ হয় গোষ্ঠে খেলিতে গিয়াছে। এই কথায় ক্রুদ্ধা যশোদা গোষ্ঠে গেলে কৃষ্ণ মায়ের কাছে ছুটিয়া আসিয়া তাঁহার কোলে ঝাঁপ দিলেন, অন্য শিশুরা পলাইল, আর বলরাম মনে মনে 'সাত পাঁচ' ভাবিলেন। মায়ের সস্নেহ তিরস্কারে কৃষ্ণ ক্রন্দন করিতে লাগিলেন। যশোদা বলরামকে কোলে লইয়া বড় বলিয়া অনুযোগ দিলেন। পরে তিনি দুই ভাইকে আনিয়া ও তাহাদের আহারাদি করাইয়া শয়নের ব্যবস্থা করিয়া দিলেন।

একদিন রাত্রিশেষে কৃষ্ণকে শয্যায় রাখিয়া যশোদা দধিমন্থন করিতেছিলেন। মন্থনের শব্দে জাগরিত কৃষ্ণ মায়ের নিকট আসিয়া নবনী খাইতে থাকিলে যশোদা হাতে 'সাঠ' লইয়া তাঁহার নিকটে গেলেন ; কৃষ্ণ তখন হাসিতে হাসিতে পলাইতে থাকিলে 'নন্দরানী পড়িলা উদাসে'। শেষে কৃষ্ণ মায়ের নিকট ধরা দিলেন। যশোদা কৃষ্ণের স্বভাব জানিয়া অনেক উচ্চে শিকায় দধি, দুগ্ধ রাখিলেন ; কৃষ্ণ মায়ের অসাক্ষাতে দণ্ডের সাহায্যে দুগ্ধভাণ্ড বিদীর্ণ করিয়া দুগ্ধ পান করিতে লাগিলেন এবং 'পিড়াপিড়ি' দিয়া তাহার উপর চড়িয়া ভাণ্ড হইতে নবনী খাইয়া পেট ভরাইলেন। এমন সময় মায়ের সাড়া পাইয়া কৃষ্ণ কোণের মধ্যে লুকাইলেন। গৃহতলে পতিত দুগ্ধাদি-দর্শনে অতিশয় ক্রুদ্ধ যশোদা কৃষ্ণকে খুঁজিতে লাগিলেন। অনেক খোঁজার পরও কৃষ্ণকে না পাইয়া যশোদা অত্যন্ত বিব্রত হইয়া পড়িলে কৃষ্ণ মায়ের বিপন্ন অবস্থা দেখিয়া হাঁসিয়া ফেলিলেন। যশোদা তখন কৃষ্ণকে ধরিয়া অনেক ভর্ৎসনা করিলেন। পরে 'ছান্দ দড়ি' দিয়া উদূখলের সহিত কৃষ্ণকে বাঁধিয়া তিনি গৃহকর্মে মনোযোগ দিলেন। এদিকে অদূরে যমলার্জুন বৃক্ষ দেখিয়া এবং নারদের অভিশাপে কুবের-পুত্রদ্বয়ের বৃক্ষত্বপ্রাপ্তি[১] ও তাঁহারই পাদস্পর্শে শাপমুক্তি স্মরণ করিয়া কৃষ্ণ বৃক্ষদ্বয়ের মধ্যভাগে উদূখল আকর্ষণ করিলে যমলার্জুন মহাশব্দে পতিত হইল। তখন শাপমুক্ত নলকূবর ও মণিগ্রীব কৃষ্ণকে প্রণামপূর্বক প্রদক্ষিণ করিয়া স্বপুরে চলিয়া গেলেন। এদিকে বৃক্ষপতনের শব্দে ভীত নন্দ ও যশোদা পতিতবৃক্ষ-সমীপে দ্রুত উপস্থিত হইলেন এবং কৃষ্ণকে উদূখলের সহিত আবদ্ধ দেখিয়া যশোদা ত্বরায় বন্ধন 'মুকাঞা' পুত্রকে কোলে লইলেন। পরে, বৃক্ষপতনের কারণ জিজ্ঞাসা করিলে বালকগণ বলিল, কৃষ্ণ বৃক্ষমধ্যে আসিয়া উদূখলে টান দিতেই গাছ ভাঙ্গিয়া পড়িয়াছে। শিশুদের এই কথায় কেহ বিশ্বাস না করিয়া নানা অনুমান করিলে 'দেখিতে দেখিতে গাছ উড়িল তথাঞি'। তখন অমঙ্গল আশঙ্কায় যশোদা পুত্রের 'রক্ষা' বাঁধিয়া ব্রাহ্মণদ্বারা শান্তি-স্বস্ত্যয়ন করাইলেন।

১ ব্র. বৈ-এর বর্ণনায় পাওয়া যায়, ক্রীড়ারত নলকূবর ও রম্ভা দেবল ঋষির যথোচিত সম্মান না করায় মুনি উভয়কে অভিশাপ দেন।

একদিন আঙিনায় ক্রীড়াকালে কৃষ্ণ কোন শবরীর নিকট হইতে সমস্ত ফল লইয়া প্রতিদানে তাহার 'চুপুড়ি'তে ধান ভরিয়া দিলে সেই পাত্রটি মুহূর্তমধ্যে নানা রত্নে পরিপূর্ণ হইয়া উঠিল। তদ্দর্শনে বিস্মিত শবরী সেই চুপুড়ি ঢাকিয়া হৃষ্টচিত্তে গৃহে প্রস্থান করিল। এইরূপে কৃষ্ণ শিশুগণের সহিত নানাবিধ ক্রীড়ায় শৈশব অতিবাহিত করিতে লাগিলেন; কিন্তু গোকুলে কৃষ্ণের বিরুদ্ধে নানা ষড়যন্ত্র দেখিয়া ও তাঁহার অমঙ্গলের আশঙ্কা ভাবিয়া একদিন নন্দঘোষ[১] 'দক্ষ মুখ্য বৃদ্ধ সব' ডাকিয়া পুতনাতৃণাবর্তাদিবধের বৃত্তান্ত ও রাজা কংসের অত্যাচারের কথা উল্লেখ করিয়া গোকুলত্যাগের সংকল্প করিলেন[২]। ইহা শুনিয়া আয়ান কোনো একটি বনে বসতি স্থাপনের প্রস্তাব করিল। ইহা শুনিয়া কৃষ্ণ বৃন্দাবনের নামোল্লেখ করিলে সকলেই ইহা অনুমোদন করিল এবং তদনুসারে পরের দিনই গোকুল ত্যাগ করিয়া গোপগণ সপরিজনে বৃন্দাবনের উদ্দেশে যাত্রা করিল এবং দিবাবসানে সেখানে পৌছিল। তখন বসন্তকাল; নানা ফুলফলে বৃন্দাবন পরিপূর্ণ ও অতিশয় মনোরম। সেখানে উপস্থিত হইবার পর 'আজতনে' রন্ধনভোজন সুসম্পন্ন হইল। বাথানে গরু সুখে 'পাজ' কাটিতে লাগিল। এইরূপে আনন্দে রাত্রি প্রভাত হইলে সকলে একত্র হইয়া 'আচীর পাঁচীর সজ্জ করিল চৌআরি। গোশালা পাঠশালা ভিতরে জলহরি'॥ দেখিতে দেখিতে বৃন্দাবন সুখসমৃদ্ধিতে পরিপূর্ণ হইয়া উঠিল এবং নন্দ ইন্দ্রাধিক সম্পদ ভোগ করিতে লাগিলেন।

একদিন নন্দঘোষ শিশুদের ডাকিয়া ও রামকৃষ্ণকে কোলে বসাইয়া কংসের নানা অত্যাচারের কথা স্মরণ করাইয়া দিলেন এবং ধেনুবৎস রাখিবার ছলে সাবধানে গোষ্ঠে থাকিতে ও খেলাধূলা করিতে বলিলেন। তদনুসারে বালকগণ প্রত্যহ ধেনুবৎস লইয়া বৃন্দাবনে সমস্ত দিন কাটাইতে লাগিল। এইরূপে একদিন বৎসগণ আপন সুখে বৃন্দাবনে চরিতেছিল; হঠাৎ তাহাদিগকে না দেখিয়া কৃষ্ণ স্বেচ্ছামাত্র দুষ্ট জন্তুদের বৃন্দাবন হইতে বিতাড়িত ও বৎসগণের অন্বেষণে শিশুদের নিযুক্ত করিয়া স্বয়ং কদম্ববৃক্ষমূলে উপস্থিত হইলেন। গাছে উঠিয়া কৃষ্ণ বাঁশী বাজাইতেই ধেনুবৎস সেই বৃক্ষমূলে সত্বর আসিয়া মিলিত হইল। শিশুগণও বাঁশীর শব্দানুসারে আসিয়া ও কদম্বমূলে তাহাদিগকে দেখিয়া পরম বিস্মিত হইল। পরে, দিনাবসানে ধেনুবৎস লইয়া সকলে গৃহে চলিল।

একদিন কৃষ্ণ অধিক বেলাতেও শয্যাত্যাগ না করায় ও গোষ্ঠে যাইবার জন্য সঙ্গিগণ কৃষ্ণের জন্য অপেক্ষা করিতে থাকায় নন্দ ও যশোদা কৃষ্ণকে ভৎর্সনা করিতেই কৃষ্ণ হাতমুখ ধুইয়া ও অন্নব্যঞ্জন সঙ্গে লইয়া শিশুগণের সহিত গোষ্ঠে গমন করিলেন। তথায় বাথানে

১ শ্রী. বি-এ নন্দের কথাই আছে ২ ভা (১০।১১।২২; এ উপানন্দ এই সংকল্পের কথা বলেন

বৎস বাখিয়া বনের মধ্যে বালকগণ 'ডরোআ' ও 'গেণ্ডু' খেলিতে লাগিল। এদিকে কৃষ্ণকৃত নানা অসুরবধের সংবাদে কংস কাতর হইয়া পাত্রমিত্রগণকে বলিলেন, কেহই তাঁহার মঙ্গলের চিন্তা করিতেছে না, প্রত্যেকে নিজের স্বার্থ লইয়াই ব্যস্ত। এই কথায় বৎসকাসুর কৃষ্ণবধে প্রতিজ্ঞা করিলে কংস তাম্বূলদানে তাহাকে সংবর্ধনাপূর্বক যমুনা[১]-তীরে পাঠাইলেন। 'কৈলাস-অধিক গোর' এবং 'জমের অধিক ঘোর' সেই অসুর বৎসরূপে কৃষ্ণের নিকটে আসিতে থাকিলে কৃষ্ণ অসুরের দুই পা ধরিয়া তাহাকে লাটিমের মতো ঘুরাইতে লাগিলেন। অবশেষে অসুর আর্তনাদ করিতে করিতে ভূতলে পতিত হইয়া প্রাণত্যাগ করিল। বৎসাসুর-নিধনে শিশুগণ আনন্দ-ধ্বনি করিয়া উঠিল। অনন্তর কৃষ্ণ ভাণ্ডীরের তলে যাইয়া বাঁশী বাজাইলে সকলে মিলিত হইয়া গৃহে গমন করিল। এই বৃত্তান্ত জানিতে পারিয়া গোপকুলের ভয়ের আর সীমা রহিল না।

অনন্তর কংস-প্রেরিত বক, অঘ, ধেনুক ও প্রলম্ব নামক অসুরচতুষ্টয় একে একে কৃষ্ণ ও বলরাম কর্তৃক নিহত হয়। ইহার পর কৃষ্ণকৃত কালিয়দমনে[২] বৃন্দাবনে আর কোনো ভয়ের কারণ রহিল না।

এদিকে কংসবধে ভূতলে অবতীর্ণ কৃষ্ণের শক্তিপরীক্ষার জন্য ব্রহ্মা একদিন বৎসকুল-সহ শিশুদিগকে হরণ করিয়া অন্তর্ধান করিলেন। তখন কৃষ্ণ ধ্যানে ব্রহ্মার ছলনা জানিয়া ঈষৎ-হাস্যসহকারে স্বীয় অঙ্গ হইতে যাবতীয় বৎস ও শিশু সৃষ্টি করিয়া গৃহে গমন করিলেন। এইরূপে নূতন সৃষ্ট শিশু ও ধেনুবৎসগণের প্রত্যহ গোচারণ পূর্ববৎ চলিতে লাগিল। এইভাবে এক বৎসর পূর্ণ হইবার দুই দিন পূর্বে ব্রহ্মা পুনরায় সেই বনে আসিয়া বৃক্ষতলে রাম, কৃষ্ণ এবং সেই শিশু ও সেই বৎসগণ দেখিতে পাইলেন। পরে আপনার স্থানে ( ব্রহ্মলোকে ) আসিয়া সেই বৎস ও শিশুদের দেখিয়া বিস্মিত ব্রহ্মা পুনরায় তরুতলে ফিরিয়া আসিয়া তখন কৃষ্ণকে একাকী দেখিলেন। কিছুক্ষণ পরেই আবার তাঁহার পার্শ্বে বলরাম এবং পশ্চাতে শিশু ও বৎসগণকে আসিতে দেখিলেন ; আবার মুহূর্তমধ্যে পার্শ্বে লক্ষ্মী, সরস্বতী ও সম্মুখে স্তুতিরত ব্রহ্মা এবং গরুড়ের সহিত শঙ্খচক্রগদাপদ্মধারী চতুর্ভুজ নারায়ণ ও স্থানে স্থানে নিজমূর্তি দেখিয়া বিমূঢ় প্রজাপতি রথ হইতে অবতরণপূর্বক আত্মকৃত মহাপরাধহেতু কৃষ্ণচরণে পতিত হইয়া ক্রন্দন করিতে লাগিলেন। ইহাতে দয়ায় কৃষ্ণ হাস্য করিলে ব্রহ্মা স্বস্থান হইতে প্রকৃত বৎস ও শিশুগণকে কৃষ্ণের নিকট আনিয়া দিলেন। এই বৃত্তান্তশ্রবণে গোপগণ কৃষ্ণকে সর্বশক্তির আধার সাক্ষাৎ নারায়ণ বলিয়া জানিতে পারিল।

১ গাথা সপ্তশতীতে যমুনানদীর উল্লেখ আছে ; দ্র. গা. স, পৃ ২৫১ ( ৭।৬৯ )

২ ঋগ্বেদে কালিয় নাগের প্রসঙ্গ আছে ; দ্র. হরেকৃষ্ণ মুখোপাধ্যায় –কবি জয়দেব ও গীতগোবিন্দ। তৃয় সং পৃ ২ ( ওঁ কালিকা নাম সর্পো নব নাগসহস্রবলঃ ইত্যাদি )

অন্য একদিন গোচারণকালে কৃষ্ণ ব্যতীত সকল শিশু 'নিদাঘ-আআসে' নিদ্রিত হইলে হঠাৎ বনে দাবানল জ্বলিয়া উঠিল এবং সেই শব্দে শিশুগণেরও নিদ্রাভঙ্গ হইল। ক্রমে অগ্নি তাহাদের চতুর্দিকে ঘিরিয়া আসিলে তাহারা প্রাণরক্ষার্থ কৃষ্ণের নিকট আশ্রয়গ্রহণ-মাত্রই কৃষ্ণ স্বকীয় ঐশ্বর্যে দাবানল নির্বাপিত করিলেন। মুহূর্ত মধ্যে অগ্নির চিহ্নমাত্র না দেখিয়া বালকগণ আনন্দে কৃষ্ণের জয়ধ্বনি করিয়া উঠিল। এইরূপে শিশুগণসহ যমুনাপুলিনে কৃষ্ণের শৈশব কাটিতে লাগিল।

গোপকন্যাগণ কাত্যায়নীব্রতোপলক্ষ্যে যমুনাতীরে প্রতিদিন স্বহস্তে রচিত মৃন্ময়ী চণ্ডিকা দেবীর পূজান্তে কৃষ্ণকে পতিরূপে পাইবার জন্য প্রার্থনা জানাইত। একদিন পূজাবসানে বিবসনা কন্যাগণের যমুনায় জলক্রীড়াকালে নদীতীরে রক্ষিত বস্ত্রসমূহ কৃষ্ণ সকলের অলক্ষ্যে হরণ করিয়া[১] কদম্ববৃক্ষে আরোহণ করিলেন। স্নানান্তে তীরে উত্তীর্ণ কন্যাগণ বস্ত্র না দেখিয়া ক্রন্দন করিতে থাকিলে হঠাৎ কৃষ্ণকে কদম্ববৃক্ষে দেখিয়া তাঁহার নিকট বস্ত্র প্রার্থনা করিল। শেষে কৃষ্ণের নির্বন্ধাতিশয্যে গোপীগণ পুটাঞ্জলি করিলে 'হাসিয়া নেহালি বস্ত্র দেই বনমালী'।

একদিন গোচারণকালে শিশুগণকে ক্ষুধায় কাতর দেখিয়া কৃষ্ণ তাহাদিগকে নিকটবর্তী ব্রাহ্মণনগরের যাজ্ঞিকগণের নিকট হইতে অন্ন আনিতে বলিলে বালকগণ সেখানে যাইয়া দ্বিজগণকে কৃষ্ণের প্রার্থনা জানাইল। তাঁহারা অবহেলাপূবক শিশুদিগকে নিরাশ[২] করিলে দুঃখিত বালকগণ কৃষ্ণের নিকট ফিরিয়া আসে। কৃষ্ণের কথায় শিশুরা পুনর্বার দ্বিজনারীগণের নিকটে আসিয়া কৃষ্ণনামে অন্নপ্রার্থনা করিলে ব্রাহ্মণপত্নীগণ আপনাদিগকে কৃতকৃত্য মানিয়া শিশুগণকে ভোজন করাইলেন[৩] এবং অসংখ্য পাত্রে নানা ভক্ষ্য ও পানীয় সাজাইয়া কৃষ্ণের নিকটে উপস্থিত হইলে কৃষ্ণ তাঁহাদের ঈষৎ ভৎর্সনা করিয়া বলিলেন যে স্বামীর অনুমতি বিনা স্ত্রীলোকের হঠাৎ বনে চলিয়া আসা কুলধর্মবিরুদ্ধ ও মহাপাপ। তখন কৃষ্ণের এই কথায়[৪] নারীগণ ক্রন্দন করিয়া বলিলেন,

অনেক তপের ফলে পাইল দরশন।
ছাড়াইলে না ছাড়িব তোহ্মার চরণ ॥
এত বুলি সব নারী বেঢ়িলেক পাএ।
হাসিঞা দআএ কিছু কহে জদুরাএ ॥

---

১ ব্র. বৈ ( পৃ ৩৮৮ ) এবং ভা ( ১০।২২।৭-৯ )-এ কৃষ্ণ একাকী বস্ত্রহরণ করেন নাই

২ ভা (১০।২৩।৯)-এ নিরাশ করার কথা নাই

৩ ব্র. বৈ ও ভা-এ শিশুদের অন্নভোজন করাইবার কথা নাই

৪ ভা এবং ব্র. বৈ-এ এই কথার উল্লেখ নাই

নারীগণের এই দৃঢ়া ভক্তিতে কৃষ্ণ পরম পরিতুষ্ট হইয়া শিশুগণের সঙ্গে[1] তাঁহাদিগকে গৃহে প্রেরণ করিলেন[2]। এই বৃত্তান্তশ্রবণে ব্রাহ্মণগণের চৈতন্যোদয় হইলে তাঁহারা সখেদে বলিলেন,

মিছাই পঢ়িল বেদ পুরাণ ভারথে।
আচার বিচার করি মিছা নানা মতে॥
কার তরে করি জপ তপ জজ্ঞ দানে।
আজিহ নহিল আন্ধার ছার তিরি জ্ঞানে॥

এই বলিয়া অনুতপ্ত ব্রাহ্মণগণ নিজেদের ধিক্কার দিতে লাগিলেন; পরে কৃষ্ণদর্শনে তাঁহারা অভিলাষী হইয়াও কংসভয়ে পুনরায় নিবৃত্ত হইলেন।

এই সময় নন্দ শস্যলাভার্থ মেঘের দেবতা ইন্দ্রের পূজা-অনুষ্ঠানের সংকল্প করিলে কৃষ্ণ তাহার প্রতিবাদ করিয়া বলিলেন, মেঘের উৎপত্তির মূল সূর্য এবং গিরিবর মন্দার[3] ঐ মেঘের আশ্রয়; এইজন্য গোকুলে প্রচুর বৃষ্টিপাত হইয়া থাকে; সুতরাং কাহারও পূজা করিতে হইলে গিরিপূজার অনুষ্ঠান করাই শ্রেয়। কৃষ্ণের এই উত্তম প্রস্তাবে গোপগণ নানা উপচারে পর্বতরাজের পূজা করিল। এদিকে ইন্দ্র 'আপন আপূজালাজে' প্রতিশোধ-গ্রহণার্থ পুষ্করাদি মেঘরাশি আহ্বান করিয়া গোকুলে প্রচুর বারিবর্ষণ করিলে সমগ্র স্থলভূমি জলে ডুবিয়া গেল; তখন নিরুপায় বিপন্ন গোকুলবাসী কৃষ্ণকেই আশ্রয় করিল। কৃষ্ণ তখন 'ছাথার সমান' মন্দার পর্বত বাম করে তুলিয়া তাহার নিম্নে গোবৎসসহ সমগ্র গোকুলবাসীকে রক্ষা করিলেন। অতুলনীয় শক্তিমান কৃষ্ণের সহিত বিবাদে ইন্দ্র প্রমাদ গণিয়া পরিশেষে তাঁহার সম্মুখে আসিয়া 'কুসুমমালার' মতো দণ্ডবৎ হইলেন। তখন কৃষ্ণ হাসিয়া সম্ভ্রমে ইন্দ্রকে হাত ধরিয়া তুলিলে দেবরাজ কৃষ্ণের স্তব করিতে লাগিলেন। পরে কৃষ্ণের অনুমতি লইয়া এই মাহেন্দ্রসময়ে দেবগণসমক্ষে ইন্দ্র সুরভির দুগ্ধাদি দ্বারা কৃষ্ণের অভিষেককার্য সমাধা করিয়া বলিলেন, আমি শুধু স্বর্গেরই রাজা, আর তুমি ত্রিলোকের পতি; এই হেতু তুমি 'গোবিন্দ'। কৃষ্ণের এই অভিষেকবার্তায় কংস অতিশয় শঙ্কিত হইয়া পড়িলেন।

কৃষ্ণের শক্তি পুনরায় পরীক্ষা করিতে একাদন বরুণদেবতা গোকুল হইতে নন্দকে

১ ভা (১০।২৩।৩১-৫)-এ কোনো সঙ্গীর উল্লেখ নাই

২ ব্র. বৈ-এ কৃষ্ণের বরে দ্বিজপত্নীগণের কায়ার গোলকপ্রাপ্তি হয়; শুধু ছায়ামাত্র থাকিয়া যায় পৃথিবীতে; দ্র. পৃ ৩৫৩

৩ রামায়ণে (অরণ্যকাণ্ডম্, ৪৭ শঃ সর্গঃ) মন্দর পর্বতের উল্লেখ আছে; ব্র. বৈ-এ গোবর্ধনের উল্লেখ পাই

অদৃশ্যভাবে অপহরণ করিলে গোকুলে হাহাকার পড়িয়া গেল। সকলে মনে করিল, নিশ্চয়ই এ-কাজ কংসের ; কিন্তু কৃষ্ণ ধ্যানে সমস্ত অবগত হইয়া সকলের অজ্ঞাতে বরুণালয়ে উপস্থিত হইলে দিক্‌পাল 'ভএ আনন্দে বিস্মএ' কৃষ্ণকে প্রদক্ষিণ ও দণ্ডবৎ প্রণিপাত করিয়া বলিলেন,

জবে নন্দকে ধরি হরিঞা না আনিব।
কোন তপে মো ছার দুই চরণ দেখিব ॥

অনন্তর ভক্তবৎসল কৃষ্ণ দিক্‌পালের প্রার্থনায় একদিন বরুণালয়ে থাকিয়া পিতা নন্দের সহিত গোকুলে প্রত্যাবর্তন করিলেন ; জলাধিপতিও অনেক ধন-রত্ন দিলেন সঙ্গে। এইরূপে নানা বাল্যলীলা সমাপন করিয়া অবশেষে 'জৌবনবিষয়ে সুখ ভুঞ্জে হৃষীকেশে'।

একদিন কৃষ্ণ সঙ্গিগণের সহিত 'বাহির বিজয়'-এর সংকল্প করিলে গোপীগণ গন্ধদ্রব্য, বস্ত্র, আভরণ ইত্যাদি নানা উপহার কৃষ্ণের নিকট পাঠাইল। কৃষ্ণ নানা বেশ-ভূষায় মোহনরূপ ধারণ করিয়া বালকগণের সহিত 'নগরবিজয়'-উৎসবে যাত্রা করিলেন ; গোপীগণও কৃষ্ণের এই নগরবিজয়-লীলার শুভাগমন-অভ্যর্থনায় নিজ নিজ গৃহ নানা উপকরণে সজ্জিত করিল। কৃষ্ণ সঙ্গীদের সহিত পথে পথে গোপীগণের দর্শনলালসা চরিতার্থ করিয়া দিবাবসানে কদম্বতলে নানা নৃত্যগীতবাদ্যে মহোৎসব করিলেন।

এদিকে রাধা-আদি গোপীগণও কদম্বমূলে কৃষ্ণের উৎসব-শ্রবণে বড়াইকে সঙ্গে করিয়া মদনপূজার্থ যাত্রা করিল। পথে কদম্বমূলে সমাসীন কৃষ্ণকে নানা বিলাসভাব দেখাইয়া গোপীগণ উপবনে 'মদনমণ্ডপে' উপস্থিত হইল। অনন্তর পূজার জন্য রাধা বড়াইকে এক ব্রাহ্মণকুমার আনিতে বলিলেন। এদিকে রাধারূপ-চিন্তায় বিকল কৃষ্ণ বচনপ্রবন্ধে সঙ্গিজনের নিকট বিদায় লইয়া গোপীগণের পদচিহ্ন-অনুসারে উপবনে প্রবেশ করিলে হঠাৎ কদম্বতলে উপবিষ্ট এক গোপীকে দেখিলেন। কৃষ্ণ তাহাকে রাধার সখী জানিয়া সানুনয়ে রাধাদর্শনের উপায় জিজ্ঞাসা করিলে গোপী রাধার পরিচয় দিয়া বলিল, রাধার দর্শনলাভ অসম্ভব হইলেও বড়াইর সহায়তায় কার্যসিদ্ধি হইতে পারে। ঠিক এই সময় কৃষ্ণ অদূরে বড়াইকে দেখিয়া তাহার নিকট গমনপূর্বক নিজের পরিচয় দিলেন এবং নানা দৈত্যবিনাশে আপনার বিক্রমের কথা বলিয়া রাধার পরিচয় জিজ্ঞাসা করিলে বড়াই কামাতুর কৃষ্ণকে ভর্ৎসনাপূর্বক এ-বিষয়ে তাঁহাকে নিবৃত্ত হইতে বলিল ; কিন্তু তাহাতেও কৃষ্ণের নির্বন্ধাতিশয় দেখিয়া রাধার পরিচয়দানান্তে বড়াই প্রত্যাবর্তনে উদ্যত হইলে কৃষ্ণ 'দুই হাথে বান্ধি রহে বড়াই-চরণ'। বৃদ্ধা নানা অসুর বধে তাঁহার বিক্রমের প্রশংসা করিলেও গুরুনারীহরণেচ্ছু কৃষ্ণকে অতিশয় নিন্দা করিয়া মৌনী রহিল। তখন নিরুপায় কৃষ্ণ বড়াইর নিকট বিশেষ কাতরতা প্রকাশ করিলে বৃদ্ধা কৃষ্ণকে শেষে আশ্বাস দেওয়ায় কৃষ্ণ যেন

হাতে স্বর্গ পাইলেন। পরে, বড়াই কৃষ্ণকে অপেক্ষা করিতে বলিয়া এবং রাধার মদন-পূজার্থ এক 'ব্রাহ্মণ বালী' আনিয়া পথে যাইতে যাইতে কৃষ্ণকে সঙ্কেতে অন্যত্র পাঠাইয়া রাধার নিকট উপস্থিত হইল। পূজান্তে প্রত্যেক গোপী প্রার্থনা করিল, 'নন্দের নন্দন মোর হইএ নিজ পতি'[১]। তমালের 'আড়ে' দণ্ডায়মান কৃষ্ণ গোপীদের এই সমস্ত ব্যবহার দেখিয়া পরম আশ্বস্ত হইলেন। পরে গোপীগণ বড়াইর পদধূলি গ্রহণ করিলে বৃদ্ধা রাধাকে ক্রোড়ে ধারণপূর্বক 'হাথসানে' গোপীদিগকে অন্যত্র যাইতে বলিল। তখন রাধার দুই তিন জন সখী ভিন্ন সকলেই গৃহে প্রত্যাবর্তন করিল। অবশিষ্ট গোপীরা রাধার ইঙ্গিতে ফুল তুলিবার ছলে স্থানান্তরে চলিয়া গেলে এই অবকাশে বড়াই রাধাকে বলিল,

> হেন রূপে জনমিআ গোআলার কুলে।
> তোরে স্বামী করি দিল ভাণ্ডুআ গোআলে ॥···
> মুরুখের ঠাই গুণ অধিক আশোআথে।
> মালতী পড়িল জেন বানরের হাথে ॥

অনন্তর বড়াই রাধাকে রূপমুগ্ধ কৃষ্ণকে ভজনা করিতে বলিলে 'কথা কানু কথা আহ্মি আন্তর আপার', এই কথা বলিয়া রাধা বড়াইকে অত্যন্ত ভর্ৎসনা করিলেন। রাধার এই কথায় 'বুঝিতে না পারে বুঢ়ি বুলএ সাঁতরি'। এই সময় সখীগণ ফুল সংগ্রহ করিয়া আসিবে সকলে মিলিয়া গৃহে প্রস্থান করিল; তখন কৃষ্ণও তাহাদের অনুসরণ করিলেন।

গৃহে আসিয়া রাধা ও কৃষ্ণ উভয়ে উভয়ের গুণস্মরণে মুগ্ধ হইলেন। মনোদুঃখ-প্রকাশে অসমর্থ হইয়া রাধা 'কুম্ভারের পুনি'র মতো অন্তরে অনুক্ষণ দগ্ধ হইতে লাগিলেন এবং কৃষ্ণও রাধা-গৃহ লক্ষ্য করিয়া বাঁশীতে 'রাধা-রূপনামগুণ' গাহিতে লাগিলেন। কিছুদিন পরে বড়াই কৃষ্ণের নিকটে পুনরায় আসিলে দীর্ঘদিন অদর্শনহেতু কৃষ্ণ তাহাকে অনেক অনুযোগ দিলেন। পরে, তিনি রাধার প্রসঙ্গ উত্থাপন করিলে বড়াই কৃষ্ণকে বলিলেন, রাধাপ্রাপ্তির বিষয়ে আশা নাই। বড়াইর এই কথায় কৃষ্ণ রাধার জন্য গজমতিহার তাহার হাতে দিয়া পুনরায় চেষ্টা করিতে বলিলেন। তদনুসারে বড়াই কোনো কাজের ছলে রাধার নিকট উপস্থিত হইলে রাধা বৃদ্ধার পাদবন্দনা করিলেন; কিন্তু বড়াই অভিমানে রাধার দিকে দৃষ্টিপাত না করায় রাধা এই বিমর্ষ ভাবের কারণ জানিতে চাহিলেন। তখন কৃষ্ণকে বঞ্চিত করায় রাধাকে অনুযোগ দিয়া বড়াই কৃষ্ণপ্রেরিত গজমতিহার তাহাকে দিতে চাহিল। রাধা হারের কথা শুনিয়া হাত পাতিলেন; কিন্তু তাহা 'নয়ানকালিমা-চিহ্নে' গুঞ্জারূপ দেখিয়া ফেলিয়া দিলেন। তখন বড়াই পুনরায় উহা তুলিয়া আনিয়া রাধার কণ্ঠে পরাইয়া দিলেই

১ তু. শ্রী. বি—'নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ'

রাধার 'পুলকে পুরিল গাও উথলিল বেথা'। পরে শ্বশুর, শাশুড়ী, ননদ প্রভৃতি গৃহ-পরিজনের কথা বলিয়া রাধা বড়াইকে ক্ষমা করিতে বলিলেন। রাধার সরস কথায় বড়াই এ-বিষয়ে নিজেই ভার লইতে চাহিলে রাধা তাহাতে সম্মতি দিলেন। তখন বড়াই সানন্দে কৃষ্ণের উদ্দেশে গমন করিল। কিছুক্ষণ পরে বড়াই হাসিতে হাসিতে কৃষ্ণের নিকটে আসিলে কৃষ্ণ বড়াইকে রাধার কথা পুনঃ পুনঃ জিজ্ঞাসা করিলেন। বড়াই বলিল, রাধা তোমাকে ভজনা করিবে, তুমি স্থির হও; সে স্বতন্ত্র নহে; 'বিকিছলে' গোপীগণের সহিত রাধাকে আমি যমুনার তীরে আনিলে তুমি দানছলে তাহাদিগকে আটকাইবে এবং সকলকে ছাড়িয়া শেষে রাধাকে রাখিয়া দিবে। এইভাবে কৃষ্ণকে আশ্বাস দিয়া বড়াই গৃহে প্রস্থান করিল।

কৃষ্ণের সঙ্গে এইরূপ পরামর্শ করিয়া একদিন বড়াই কৌশলে নন্দগৃহে আয়ান প্রভৃতি গোপগণকে ডাকিয়া আনিয়া বলিল, আমি মথুরায় গোপগণের বিরুদ্ধে নানা নিন্দা শুনিলাম। কংস বলেন, গোপগণ এখন কুলীন হইয়াছে; গোপীরা পসরা লইয়া আর মথুরার হাটে যায় না; সুতরাং গোকুলে এখন নন্দের রাজত্ব হইয়াছে; সেই হেতু গোকুলের কর আজকাল পাওয়া যাইতেছে না। কংসের এই কথায় শঙ্কিত হইয়া আমি তাঁহার মন্ত্রী অক্রূরকে গোপনে জিজ্ঞাসা করিলে তিনি উপদেশ দিলেন, কৃষ্ণ ও বলরাম যেন এক সঙ্গে বেড়ায় না, বরং বনে লুকাইয়া থাকে; আর গোপীরা যেন পসার সাজাইয়া মথুরায় দধিদুগ্ধাদি বিক্রয় করিতে যায়।

বৃদ্ধার মুখে এই সকল দারুণ সংবাদ শুনিয়া গোপগণ অত্যন্ত ভীত হইল; তাহারা বড়াইর এই চাতুরী ধরিতে না পারিয়া তাহারই উপর সকল ভার দিয়া নিশ্চিন্ত হইল। ইহাতে বড়াইর উদ্দেশ্যও সিদ্ধ হইল।

পূর্ব পরামর্শানুসারে একদিন কৃষ্ণ শিশুগণের সহিত বনে প্রবেশ করিলেন এবং তাহাদিগকে ধেনু চরাইতে বলিয়া তিনি একাকী যমুনাতীরে কদম্বমূলে উপবেশন করিলেন। ঠিক এই সময় গোপীগণ পসরা লইয়া মথুরার পথে যাইতে যাইতে কৃষ্ণকে কদম্বমূলে দেখিয়া 'লাজে আথান্তরি' হইলে বড়াই তাহাদিগকে সাবধানে নীরবে যাইতে বলিয়া আগে আগে চলিল। তখন কৃষ্ণ বাহুপ্রসারে সকলকে আটকাইলেন। গোপীরা তখন 'হেঠমাথে' বড়াইর দিকে চাহিলে কৃষ্ণ তাহাদিগকে বার বৎসরের পথের দান দিতে বলিলেন। ইহাতে বড়াই কৃষ্ণকে ভর্ৎসনা করিয়া বলিল, 'নিমাথী দেখিঞা করসি বলাআরী'। কৃষ্ণ বলিলেন, আমি রাজকর্মচারী, ঘরের কানাঞি বলিয়া ভাবিও না; শীঘ্র দান দাও। বড়াই কৃষ্ণকে পথে বিলম্ব না ঘটাইতে বার বার অনুরোধ করিল। তাহার এই কথা গ্রাহ্য না করিয়া কৃষ্ণ গোপীদের অভিমত জানিতে ইচ্ছুক হইলে বড়াইকে লক্ষ্য

করিয়া ক্রুদ্ধ রাধা কৃষ্ণকে বলিলেন, তুমি রূপগুণে অদ্বিতীয় এবং মাননীয় নন্দের পুত্র; অল্প বয়সে যশস্বী হইয়া তোমার এই হীন কাজে 'কুলের খাঁখার' হইবে। পথের 'ঘাটিআলি' তোমাকে কে দিল? অবলার প্রতি বলপ্রকাশ করিলে রাজা কংসের হস্তে ইহার সমুচিত ফল পাইবে।

রাধার এই কথা শুনিয়া কৃষ্ণ বলিলেন, এতদিন আমার লোক পথের দানী ছিল; কিন্তু তোমরা তাহাকে কড়ি দাও নাই, এই হেতু আমি এখন আসিয়াছি। কৃষ্ণের এই কথায় রাধা বলিলেন, এখন তবে দান লিখিয়া রাখ, মথুরা হইতে ফিরিবার সময় তাহা লইও। রাধার কথায় কৃষ্ণ দাননির্ণয়হেতু গোপীগণকে তাঁহার সম্মুখে বসিতে নির্দেশ দিয়া রাধাকে বলিলেন,

এ তোর নবনী ঘৃত আর দুগ্ধ দধি।
অমূল্য পসরা রাধে রসময় নিধি॥
অমৃতের তুল্য মূল্য ইথে দান কহি।
লেখা জোখা করিতে কড়ির অন্ত নাহি॥

কৃষ্ণের কথায় গোপীগণ প্রমাদ গণিয়া বৃদ্ধাকে উপায় স্থির করিতে বলিল; কিন্তু বড়াই এই বিষয়ে নীরব থাকিলে গোপীগণ পসরা ফেলিয়া গৃহে প্রত্যাগমনই শ্রেয়ঃ মনে করিয়া গমনোদ্যত হইলে কৃষ্ণ বাহুবিস্তার-পূর্বক রাধাকে বলিলেন, 'গোরসে কি ছার দান বোল অকারণে'। পরে, কৃষ্ণ রাধার কেশ, নাসিকা, অধর ইত্যাদি প্রত্যেক অঙ্গের পৃথক্ পৃথক্ দান চাহিলে রাধা বড়াইকে বলিলেন, যৌবনের মহাদান কোথাও শুনি নাই; কৃষ্ণ তো দানী নহে, কেবল জঞ্জাল বাড়াইতেছে; সুতরাং, বড়াই, তুমি গৃহে যাইয়া আমার প্রতি কৃষ্ণের 'বলাবল' সকলকে জানাও; কৃষ্ণ আর কুবচন বলিলে আমি যমুনায় প্রাণত্যাগ করিব।

এই কথায় বড়াই রাধাকে বলিল, কৃষ্ণকে 'পিরিতে মানাঞা' ও 'বচনে ভাণ্ডিঞা' যাইব; যে-কৃষ্ণের নিকটে ইন্দ্রাদি দেবতা বা কংস অতিতুচ্ছ, তাহার সহিত বিবাদ অনুচিত; মুহূর্তে সে অনর্থ ঘটাইতে পারে; আর আমাকে গোকুলে পাঠাইলে তোমরা বিপদে পড়িবে। গোপীরা পুনর্বার কৃষ্ণকে অনুনয় করিলে কৃষ্ণ তাহাদের বলিলেন, প্রত্যয়স্বরূপ রাধাকে রাখিয়া তোমরা সকলে যাইতে পার। তখন বড়াই উত্তর দিল, তোমার কাছে রাধাকে রাখিয়া যাওয়ার অর্থ হইল রাহুর নিকটে চন্দ্র অথবা সিংহের নিকট হরিণী রাখার মতো; বরং আমি তোমার কাছে থাকি, আর রাধা সকলের সঙ্গে মথুরায় প্রস্থান করুক। বড়াইর কথায় কৃষ্ণ হাসিয়া উপেক্ষা করিলে রাধা আর সহ্য করিতে না পারিয়া বলিলেন, আমি মথুরায় আর যাইব না, এইবার ঘরে চলিলাম।

রাধা এই কথা বলিয়া সেখান হইতে চলিয়া গেলে কৃষ্ণ অন্যান্য গোপীদিগকে পায়ে 'রেখা-বেঢ়ি' দিয়া তাঁহার অনুসরণ করিলেন। কিছুক্ষণ পরেই কৃষ্ণ রাধার নিকটে যাইয়া তাহার অঞ্চল ধরিলে রাধা ভয়ে কম্পিত হইলেন। নিরুপায় হইয়া রাধা তখন কৃষ্ণকে ধর্মভয়, লোকলজ্জার ভয় দেখাইলেন[১] এবং শেষে যশোদার দোহাই দিয়া তিনি বিশেষ কাতরতা প্রকাশ করিলেও 'মদন-আঁধলা' কৃষ্ণ কোনো কথাই শুনিলেন না।

এদিকে শঙ্কিতা বড়াই রাধার অদর্শনে চঞ্চল হইয়া চতুর্দিকে অন্বেষণ করিতে করিতে কদম্বতলে তাঁহাকে দেখিতে পাইল। বড়াইকে দেখিয়া রাধা কৃষ্ণের নানা অত্যাচারের কথা তাহাকে জানাইলেন। তখন কৃষ্ণ রাধার অঞ্চল ত্যাগ করিয়া দান চাহিলেন। রাধা তাঁহাকে কংসের ভয় দেখাইলে কৃষ্ণ পুতনাবধ, গোবর্ধনধারণ, ব্রহ্মার মোহন ইত্যাদি উল্লেখপূর্বক নিজ শৌর্যের পরিচয় দিয়া[২] বলিলেন, রাধা আমার কথা না শুনিলে পরে কষ্ট পাইবে। কৃষ্ণের এই কথায় রাধা বলিলেন, তিনি যেন মিথ্যা অভিলাষ না করেন, কারণ, রাঙ্গের সঙ্গে হীরার ঘুড়ি হয় না। ইহা শুনিয়া কৃষ্ণ রাধার নিকটে যাইয়া যোড়হাথে বলিলেন, আমাকে সামান্য মানুষ বলিয়া জানিও না; আমি স্বয়ং নারায়ণ, ভূভারহরণে পৃথিবীতে আমার অবতারগ্রহণ; পূর্বজন্মে তুমি আমার নারী ছিলে[৩]; এই হেতু 'আপনা না বাসি তোহ্মা স্মরি'। কৃষ্ণের এই কথায় রাধা মনে মনে ভাবিলেন,

জার পদ-পরশনে মুক্ত হেন জানি।
ব্রহ্মা-আদি দেব জাহাকে বাখানি॥
সিদ্ধ বিদ্যাধর জত জার পদ সেবে।
বিধি-অনুকুলে নিধি মোরে মেনে এবে॥

কিন্তু কুলকলঙ্ক-ভয়ে রাধা তাঁহাকে কিছুই না বলিয়া সেই স্থান হইতে চলিয়া গেলে কৃষ্ণ মূর্ছিত হইয়া পড়িলেন; পরে, চৈতন্য লাভ করিয়া তিনি বড়াইকে বলিলেন, আমি বিরহানলে আত্মাহুতি দিব, তখন পুরুষঘাতিনী বলিয়া রাধার নাম রটিবে। এই কথায় বড়াই কৃষ্ণকে সান্ত্বনা দিয়া উপায়ান্তরে কার্যসিদ্ধির উদ্দেশ্যে তাঁহাকে যমুনায় কাণ্ডারী[৪] হইতে পরামর্শ দিলে কৃষ্ণ তাহাতেই সম্মত হইলেন। (এইখানে দানখণ্ডের শেষ)

কৃষ্ণও বড়াইর পরামর্শ-অনুসারে অন্য পথে গিয়া যমুনায় কাণ্ডারী সাজিলেন। এদিকে গোপীগণ যমুনাতীরে আসিয়া 'কেরুআল'-হস্তে পুনরায় কৃষ্ণকে দেখিয়া ভাবিল,

জারে এড়াইআঁ বুলি ঠেকি তার পাশে।
আম্মের ডরে পালাইঞা তেতলি-তলে বাসে॥

১ শ্রী. কী, পৃ ৬৫-৬ ২ ঐ, পৃ ৯৫ ৩ শ্রী. কী, পৃ ১০৩ ৪ ঐ, পৃ ১৪০

পরে, দূরে ঘর এবং নিকটে মধুপুরী চিন্তা করিয়া গোপীগণ লজ্জা-পরিত্যাগপূর্বক কৃষ্ণের নিকট উপস্থিত হইলে রাধা কৃষ্ণকে বলিলেন, কোনো প্রকারে তোমাকে এড়াইবার পথ নাই; অকারণে কষ্ট না দিয়া আমাদের পার কর। কৃষ্ণ উত্তর করিলেন, পথের দান বরাবর বঞ্চনা করিয়া এইবারও 'ধর্ম-খেআ' বলিয়া কড়ির নাম করিতেছ না। তাঁহার কথায় গোপীগণ লজ্জিত হইলে রাধা বলিলেন, তোমার প্রাপ্য তুমি লইও, আগে আমাদের পার কর। তখন ক্ষুদ্র নৌকা হেতু কৃষ্ণ গোপীদের একে একে পার করিতে প্রস্তাব করিলে বড়াই ইহাতে সম্মত হইল; কিন্তু গোপীদের তাহা মনঃপূত না হইলে অনর্থক বিলম্বহেতু অসহমানা রাধিকা একাই নৌকায় আরোহণ করিলেন। কৃষ্ণও তখন সুযোগ বুঝিয়া নৌকা চালাইয়া দিলেন; কিন্তু নদীর মধ্যস্থলে আসিয়া তিনি নৌকাবহনের অসামর্থ্য হেতু রাধার সাহায্য চাহিলে রাধা তাঁহাকে এ-সমস্ত 'ঢামালী' ছাড়িয়া নদী পার করিতে বিশেষ অনুনয় করিলেন; কিন্তু কৃষ্ণের মায়ায় নৌকা টলবল ও অঙ্গভঙ্গীতে 'একাশি' হইলে অতিশয় শঙ্কিতা রাধা নিরুপায় হইয়া কৃষ্ণকে জড়াইয়া ধরিলেন এবং কৃষ্ণও সেই লক্ষ্যে রাধার সহিত নদীতে ঝাঁপ দিলে[১] তীরস্থিত গোপীগণ হাহাকারে বলিল, 'জে হকু সে হকু রাধে জীকু দামোদরে'।

এদিকে রাধাকৃষ্ণ জলে ভাসিতে ভাসিতে কোনো নিভৃত নিকুঞ্জের নিকটে উপস্থিত হইলে তাঁহারা হঠাৎ সেই নৌকাখানি পাশে দেখিয়া আশ্বস্ত হইলেন। তখন কৃষ্ণ রাধার নীরব সম্মতিতে বহু দিনের ইচ্ছা পূর্ণ করিয়া রাধাকে নৌকায় তুলিয়া মথুরার পারে রাখিলেন এবং অনতিবিলম্বে অপর পারে আসিয়া বড়াইর নিকটে কপট দুঃখে বলিলেন, নৌকা ডুবিবার পর রাধার উদ্দেশ কোথাও পাইলাম না; তোমরা শীঘ্র নৌকায় আরোহণ কর, অপর পারে গিয়া আমরা সকলে মিলিয়া রাধার অন্বেষণ করিব। কৃষ্ণের এই কথা শুনিয়া সকলে ভয়ে, শোকে ও আশঙ্কায় নৌকায় উঠিলে তাহাদিগকে লইয়া কৃষ্ণ মথুরার পারে উত্তীর্ণ হইলেন। তখন সেখানে হঠাৎ রাধাকে দেখিয়া 'সব সখী রাধা পাঞা কোলাকোলি কান্দি'। রাধাও পরম আশ্বস্ত হইয়া বড়াইর পাদবন্দনান্তে ক্রন্দন করিয়া সকলের নিকট প্রকৃত বিষয় ভাঁড়াইলে কৃষ্ণ ঈষৎ হাসিলেন। পরে, কৃষ্ণকে যমুনাতটে কিছুক্ষণ অপেক্ষা করিতে বলিয়া বড়াইর সহিত রাধা-আদি গোপীগণ পসরা লইয়া মথুরায় গমন করিল এবং হাট হইতে ফিরিয়া আসিয়া বড়াই কৃষ্ণকে কর গ্রহণ ও নদী পার করিতে বলিল। অনন্তর যমুনা উত্তীর্ণ হইয়া গোপীগণ কৃষ্ণবিচ্ছেদে বিষণ্নমনে গৃহে গমনপূর্বক 'বচনপ্রবন্ধে' গৃহজনের মনোরঞ্জন করিল। (এইখানে নৌকাখণ্ডের সমাপ্তি)

---

১ তু. শ্রী. কৃ, পৃ ১৬১

গোপীগণ এইভাবে 'বিকিছলে' প্রত্যহ নিকুঞ্জে কৃষ্ণের সহিত সমস্ত দিন যাপন করিয়া ও 'ঘর রঞ্জিবারে' কৃষ্ণের নিকট হইতে কিছু কড়ি লইয়া গৃহে গমন করিত। কিছুদিন পরে এই ব্যাপার জানিতে পারিয়া যশোদা কৃষ্ণকে ভৎর্সনাপূর্বক গোপীগণকে অনুযোগ দিলে[১] রাধা সবিষাদে বলিলেন,—

সভে মেলি নিতি মধুপুরী বিকে জাই।
তোহোর সুন্দর কানু দেখিতে না পাই ॥…
না জাব মথুরা বিকে না আসিব এথা।
কাহা-সঙ্গে সতিসাধে না কহিব কথা ॥

রাধার এইরূপ বিষাদের কথা শুনিয়া নন্দরাণী গোপীগণকে আর কিছু না বলিয়া মধুরবচনে সকলকে প্রবোধ দিয়া শান্ত করিলেন।

একদিন বাসন্তী পূর্ণিমায়[২] মণিমালা, ময়ূরপুচ্ছচূড়া ইত্যাদি নানা বেশে সজ্জিত হইয়া কৃষ্ণ যমুনাপুলিনে কদম্বমূলে ত্রিভঙ্গঠামে দাঁড়াইয়া 'রাসরসে' মোহন বংশধ্বনি[৩] করিলেন। তাহাতে 'তৃণ-আদি সভাকার' মুক্তিলাভ ঘটিল; কীটপতঙ্গ ও পক্ষিকুল উল্লসিত এবং তরুলতা মুকুলের ছলে পুলকিত হইল; গোধন খোয়ার ভাঙ্গিয়া শব্দানুসারে ধাবিত হইল।[৪] গোপী-গণ কাষ্ঠপুত্তলীবৎ স্থির হইয়া রহিল; রন্ধন, পরিবেশন ইত্যাদি বিষয়ে তাহাদের মতিভ্রম জন্মিল। পরে, গৃহকর্ম সত্বর সম্পন্ন করিয়া তাহারা অভিসারের জন্য প্রস্তুত হইল। দ্বিতীয় বার মুরলীরবে সাজসজ্জায় গোপীগণের নানা বিথতাভাব জন্মিল; কেহ গলায় কিঙ্কিণী, কেহ পায়ে হার পরিল। এইরূপে সকলে সজ্জিত ও গমনার্থ প্রস্তুত হইলে গোপগণ তাহাদিগকে 'আপন শপতি' দিয়া আটকাইয়া রাখিল। তৃতীয় বংশীরবে গোপীদিগকে বাধা দিয়া রাখা আর সম্ভব হইল না। তাহারা 'চালিল সাপিনী'র মতো অগ্রসর হইল; কিন্তু কৃষ্ণদর্শনে বঞ্চিত গৃহাবরুদ্ধ কোনো গোপী কৃষ্ণচিন্তায় দেহত্যাগ করিলে কোনো গোপ আর কাহাকেও নিবারণ করিতে সাহস পাইল না। পরে, গোপীগণ রাধার সহিত মিলিত হইয়া কৃষ্ণসমীপে এমনভাবে গমন করিল,—

জেন বরিষার নদী করিঞাঁ উল্লাস।
গঙ্গাএ সম্ভাঞাঁ জাঅ সমুদ্রের পাশ ॥

১ শ্রী. কী (পৃ ২৬৭)-এ রাধাই যশোদাকে সকল কথা বলিয়া দেন।

২ ভা (১০।২৯।১), বি. পু (৫।১৩।২৩), হ. ব (২।২০।১৫)-এ শারদীয় রাস; ব্র. বৈ-এ (৪।২৮।৬) ও গীত গোবিন্দে বসন্তকালীন রাস।

৩ ব্র. বৈ (৪।২৮।১৮), ভা (১০।২৯।৩) ও বি. পু (৫।১৩।১৬)-এ মধুর গীতি।

৪ শ্রীকৃষ্ণবিজয়ে অনুরূপ বর্ণনা আছে। বলা বাহুল্য, ইহা ভাগবতে নাই।

নিজকুলধর্ম ত্যাগ করিয়া অন্ধকার নিশীথে গোপীগণ বনে আসায় কৃষ্ণ তাহাদিগকে ভর্ৎসনা করিয়া গৃহে ফিরিতে বলিলে তাহারা কাষ্ঠপুত্তলিকাবৎ কৃষ্ণের সমীপে অবস্থান করিতে লাগিল।[১] পরে, রাধা-আদি গোপীগণ 'গৃহপতি গ্রহপতি তোম্বে প্রাণপতি' বলিয়া সকাতরে ক্রন্দন করিতে থাকিলে কৃষ্ণ তাহাদের উপর সদয় ও প্রসন্ন হইলেন। তখন গোপীগণ গন্ধ, মাল্য ইত্যাদি উপহার দিয়া কৃষ্ণকে সন্তুষ্ট করিলে কৃষ্ণ তাহাদের নিমিত্ত সৃষ্ট অতিমনোরম বৃন্দাবনের উল্লেখ করিয়া তাহাদের সহিত বনদর্শনে 'বিজয়' করিলেন। কৃষ্ণ গোপীগণে পরিবৃত হইয়া বামে রাধাকে লইয়া সকলকে তরুলতা-ফলপুষ্প-মৃগপক্ষিসমাকীর্ণ অপূর্ব সৌন্দর্যময় বৃন্দাবন দেখাইলেন। দীর্ঘ বনপর্যটনে পরিশ্রান্ত গোপীগণ নিদ্রাকুল হইয়া কুঞ্জে শয়ন করিল। কিছুক্ষণ পরে পুনরায় কৃষ্ণের বেণুরবে জাগরিত হইয়া তাহারা কৃষ্ণের সহিত রাসমণ্ডলের দিকে যাইতে যাইতে দেখিতে পাইল মেঘস্পর্শী সুবর্ণের পুরী, 'গরুড়ের চূড়া'-শোভিত দ্বার, ষোলশত 'বাসঘর', কেলি-বন ও কেলি-সরোবর। বাসগৃহের আট দিকে 'আঠথান আওাস' ও মাঝে অপূর্ব রাসসভা। ইহার মধ্যে বিশেষ লক্ষণীয় চূড়ায় 'মাণিক-ছাউনি'র কলস ও গরুড়ধ্বজে শোভিত মণিময় মণ্ডপ এবং মধ্যস্থলে 'দোলঙ্গ' সিংহাসন। রাসমণ্ডপে রাধাকৃষ্ণের উপবেশনের পর, তাম্বূলহস্তে চন্দ্রাবলী, চামরহস্তে মাধবী ও মালতী, সুবর্ণভৃঙ্গার-হস্তে রত্নাবতী, কনকদর্পণ-ধারিণী ইন্দুবতী, বেশরচনায় তৎপরা মদালসা, নবা, মনোরমা—এই অষ্ট সখী[২] রাধাকৃষ্ণকে পরিবৃত করিয়া শোভা পাইতে লাগিল। ইহা ছাড়া কৃষ্ণের প্রতি নিবদ্ধদৃষ্টি চন্দ্রমুখী-আদি অপর ষোলশত গোপীও কৃষ্ণের সম্মুখে আসিয়া দাঁড়াইল।

এই সময় রাসরসাভিলাষী কৃষ্ণের 'হাথ-সানে' গোপীগণ সজ্জা লইয়া প্রস্তুত হইলে কৃষ্ণ তাহার সাহায্যে মনোহর বেশ ধারণ করিলেন। পরে, গোপীগণও মনোরম সজ্জায় সজ্জিত হইল। তাহাদের রূপলাবণ্যে 'নিশিপতি থির রহে পথ নাহি চলে'। গোপীগণ ষোল শত, কিন্তু কৃষ্ণ একা; এই হেতু যত গোপী তত সংখ্যক রূপ পরিগ্রহ করিয়া কৃষ্ণ প্রত্যেক গোপীদ্বয়ের মধ্যে বিরাজ করিলে গোপীগণের নৃত্য আরম্ভ হইল; পরিশ্রমে তাহাদের 'স্বেদজল' দেহ 'উবরিঞা' ঝরিতে লাগিল। নৃত্যসমাপনে কৃষ্ণ বহু রূপ সংহৃত করিলে গোপীগণও রাসমণ্ডপ হইতে নিজ নিজ নিকুঞ্জে প্রস্থান করিল। বিশ্রামান্তে কৃষ্ণ রাসমণ্ডপে পুনর্বার বংশীধ্বনি করিলে সমাগত গোপীগণের মধ্যে রাধাকে না দেখিয়া কৃষ্ণ

১ শ্রীকৃষ্ণবিজয়ের বর্ণনায় পাওয়া যায়, রাসে গোপীরা আগমন করিলে কৃষ্ণ অনুরূপভাবে ভর্ৎসনা করিয়াছিলেন গোপীদিগকে।

২ এই অষ্ট সখীর নাম কোনো পুরাণে নাই। স্কন্দ পুরাণের দ্বারকা ও প্রভাসক্ষেত্র মাহাত্ম্যে যে সকল সখীর নাম আছে তাহার সহিত গোপালবিজয়ের কোনো মিল নাই।

বিষণ্নমনে তাঁহার অন্বেষণে বহির্গত হইলেন ; কিন্তু কোথাও রাধার উদ্দেশ না পাওয়ায় তিনি হতাশ হইয়া মাধবীতলে বসিয়া খেদ করিতে লাগিলেন। এই সময় কূজনশ্রবণে কৃষ্ণ কোকিলের সহিত মিত্রতা করিয়া রাধার উদ্দেশে তাহার সাহায্য প্রার্থনা করিলে পিকবব রাধার অন্বেষণার্থ প্রতিকুঞ্জে ঘন ঘন ডাকিতে লাগিল। এইভাবে কোকিল ঘুরিতে ঘুরিতে এক কুঞ্জে বিরহবিধুরা রাধাকে দেখিয়া কৃষ্ণকে সংবাদ দিলে তিনি সেই কুঞ্জে গিয়া উপস্থিত হইলেন। তখন রাধা সখীকে লক্ষ্য করিয়া কৃষ্ণকে অত্যন্ত ভৎর্সনা করিতে থাকিলে কৃষ্ণ যেন তাহা সহ্য করিতে না পারিয়া ছলনাপূর্বক ভূতলে পতিত হইলেন। পরে, কৃষ্ণ পুনরায় রাধাকে সানুনয়ে বলিলেন, অকারণে তুমি আমাকে দোষী করিতেছ ; রাধা কটাক্ষপাতপূর্বক বলিলেন, তিনি কৃষ্ণের সঙ্গে আর সম্বন্ধ রাখিবেন না ; কারণ তাঁহার বাহিরে 'রাতুল রাগ' কিন্তু অন্তর অত্যন্ত মলিন। এই কথা শুনিয়া কৃষ্ণ নানাপ্রকারে নিজেকে নির্দোষ প্রতিপন্ন করিলে রাধা তখন স্মিতহাস্যে তাঁহার দিকে চাহিয়া আঁচলে মুখ ঢাকিলেন। তখন কৃষ্ণের ইঙ্গিতে সখী রাধাকে প্রসন্ন হওয়ার উপদেশ দিয়া বলিল,—

কুলীন সাপের বিষ কুলবধূ-মান।
জত তত বাড়ুক এক মন্ত্রে সমাধান ॥

সখীর কথায় রাধা অভিমানে ক্রন্দন করিলে সখী এই বিষয়ে কৃষ্ণকেই দায়ী করিল। পরে, তাহার চতুরতা ও কৌশলে রাধা অভিমান ত্যাগ করিলে রাধাকৃষ্ণের মিলন হইল এবং উভয়ে পরম পরিতৃপ্ত হইয়া রাসমণ্ডপের দিকে চলিলেন। কিছু দূর গমন করার পর রাধা পরিশ্রান্ত হইয়া পড়িলে কৃষ্ণ তাঁহাকে স্কন্ধে লইতে চাহিলেন। রাধা 'আতিরসে' আপনাকে বিস্মৃত হইয়া তাহাতে নীরব স্বীকৃতি জানাইলে তাঁহার 'মানমদ' খণ্ডাইতে কৃষ্ণ সহসা অন্তর্হিত হইলেন[১]। তখন কৃষ্ণ-অদর্শনে রাধা অচেতন হইয়া 'কাটিল কদলী জেন ভূমি পড়ে গিরি'।

এদিকে রাধার অন্বেষণে বহির্গত কৃষ্ণের প্রত্যাবর্তনে বিলম্ব দেখিয়া বিষণ্ন গোপীগণ কৃষ্ণপদচিহ্ন-দর্শনে 'লোটাঞা লোটাঞা কান্দে হাকান্দ কান্দনে'। পরে, তাহারা কৃষ্ণের পদাঙ্কানুসরণ-ক্রমে রাধার নিকুঞ্জে উপস্থিত হইল এবং সেখানে সখীক্রোড়ে শয়ান ও ক্রন্দনরত রাধিকাকে দেখিয়া গোপীরা তাঁহার চরণযুগল কৃষ্ণনামোচ্চারণে ধারণ করিলে রাধা নামশ্রবণে চমকিত হইয়া সম্মুখে সখীগণকে দেখিতে পাইলেন। শেষে কৃষ্ণবিরহে অসহমানা রাধা প্রাণত্যাগের সংকল্প করিলে সখীগণ কৃষ্ণের নানা নিন্দা করিতে লাগিল। ইহা শুনিয়া অনুক্ষণ ক্রন্দনরতা রাধা দুঃখে বলিলেন,—

---

১ তু. ব্র. বৈ, পৃ ৪৫৩

কানুকে জে বলি সে আপনাকে বলি।
পর বৈলে পর নহে দেব বনমালী ॥
দোষ বাখানিতে তার গুণে মুখ পুরে।
বচনে গঞ্জিতে চাহি মুখে নাহি ফুরে ॥

এইরূপ শোক করিতে করিতে রাধা অচৈতন্য হইয়া ভূতলে পতিত হইলে কৃষ্ণ অদূরে মুরলীধ্বনি করিলেন[১]; তখন সকলের দেহে যেন প্রাণসঞ্চার হইল। গোপীগণ সেই ধ্বনি-অনুসারে দ্রুতপদে তাঁহার সমীপে উপস্থিত হইয়া শোকে, ভয়ে, লজ্জায় তাঁহাকে ঘিরিয়া দাঁড়াইলে তিনি নানা প্রকারে তাহাদের সান্ত্বনা দিয়া মনোরঞ্জন করিলেন। পরে, তিনি গোপীদের সহিত যমুনায় মহাসুখে জলক্রীড়া সম্পন্ন করিয়া[২] সকলকে লইয়া কদম্বমূলে উপবেশন করিলেন। (এইখানে রাসখণ্ড সম্পূর্ণ)

এই সময় ভ্রমরগুঞ্জনে নিশাবসান জানিয়া দুঃখিত গোপীগণ 'তনু লঞা ঘর গেলা কানু লইল মনে'। তাহাদের গৃহপরিজন কৃষ্ণের প্রভাবে গোপীগণের রাত্রিতে অনুপস্থিতি জানিতে পারিল না। এইরূপ গোপনে তাহাদের মিলনের সময় একদিন অরিষ্টাসুর কৃষ্ণবধার্থ বৃন্দাবনে উপস্থিত হইলে কৃষ্ণ তাহাকে নিহত করিয়া গোপীদের ভয় দূর করেন।

এদিকে কলহপ্রিয় নারদ একদিন মথুরায় আসিয়া দেবতাদের ষড়যন্ত্রের কথা কংসকে জানাইলেন এবং ধনুর্যজ্ঞচ্ছলে কৃষ্ণকে মথুরায় আনিয়া 'আপন আগ্রতে' কাজ করিতে উপদেশ দিয়া প্রস্থান করিলে ক্রুদ্ধ কংস বসুদেব ও দৈবকীকে কারারুদ্ধ করিয়া কৃষ্ণবধার্থ কেশীকে বৃন্দাবনে পাঠাইলেন; কিন্তু অসুরের বীরদাপ নিষ্ফলতায় পর্যবসিত হইল। তারপর কংস নারদের উপদেশ স্মরণ করিয়া মথুরায় ধনুর্যজ্ঞে যোগদানের নিমিত্ত নন্দাদি গোপগণকে নিমন্ত্রণ করিলেন এবং রামকৃষ্ণকে সঙ্গে করিয়া আনিবার জন্য অক্রূরকে[৩] বৃন্দাবনে যাইতে আদেশ করিলেন। কংসের এই নিষ্ঠুর আদেশে পরমবৈষ্ণব অক্রূর স্বীয় 'পরাধীন জীবিতে'র নিন্দাপূর্বক ক্রন্দন করিয়া ভাবিলেন,—

রাজ-আজ্ঞা না পালিলে ঠাএ প্রাণ লএ।
কার প্রাণে আনি দিব মারিতে দুই ভাএ ॥
জানিঞাঁ কে আনলে ফেলিব ফুলমালে।
শারী শুক আনি দিব ভুখিল বিড়ালে ॥

কিন্তু পরক্ষণেই অক্রূর মনে করিলেন, আমি অবিদ্যাবশতঃ দেব চক্রপাণিকে সামান্য মানুষ বলিয়া জ্ঞান করিতেছি। যাঁহার নামে জন্মমৃত্যু হইতে জীবের মুক্তিলাভ হয়,

---

১ ভা (১০।৩২।২) ও বি. পু (৫।১৩।৪২)-এ মুরলীধ্বনির স্থলে কৃষ্ণের আবির্ভাব

২ তু. ব্র. বৈ, পৃ ৪৫৪ ৩ তু. ব্র. বৈ, পৃ ৪৫৫

সেই হরিই গোপরূপে ভূতলে অবতীর্ণ। বৃন্দাবনগমনে তাঁহার শ্রীচরণদর্শন হইবে ভাবিয়া তিনি যারপরনাই আনন্দিত হইলেন; অক্রূর আরও ভাবিলেন, এতদিনে তাঁহার জন্ম সার্থক। এদিকে কংসপ্রেরিত কেশী ও ব্যোমাসুর কৃষ্ণকর্তৃক নিহত হওয়ার সংবাদে কংস আপনার মৃত্যুভয়ে আহারনিদ্রা ত্যাগ করিলেন।

কংসের আদেশে অক্রূর রথ লইয়া নির্দিষ্ট সময়ের পূর্বেই বৃন্দাবনে যাত্রা করিলেন; কৃষ্ণের শ্রীচরণদর্শনার্তিতে তাঁহার মনে হইল, তিনি যদি পাখী হইয়া উড়িয়া যাইতে পারিতেন[১] তবে তাঁহার জন্ম সফল হইত। এই সময় অদূরে বৃন্দাবনদর্শনে আনন্দে অক্রূর 'আগু নাহি ধরে'। কৃষ্ণের সহিত ভাবী সম্ভাষণ মনে হওয়ায় পরম পুলকিত অক্রূরের নয়ন হইতে আনন্দাশ্রু নির্গত হইল। যমুনা-উত্তরণের সময় হঠাৎ পথে ধ্বজবজ্রাঙ্কুশাদি-যুক্ত কৃষ্ণের চরণচিহ্ন দেখিয়া অক্রূর শ্রীচরণধূলি স্বীয় কপালে ধারণ করিলেন। এইরূপে কৃষ্ণের কথা চিন্তা করিতে করিতে তিনি সন্ধ্যাকালে নন্দালয়ে উপস্থিত হইলে নন্দ অভিগমনপূর্বক তাঁহার অভ্যর্থনা করিলেন; পরে, অন্নপানে পরিতৃপ্ত অক্রূর কংসের ধনুর্যজ্ঞে তাঁহাদের আমন্ত্রণ জানাইয়া বলিলেন,

রাম কৃষ্ণ দুই ভাই সেহো জাব সঙ্গে।
তা সবা দেখিতে রাজার বড় রঙ্গে ॥

ঠিক এই সময় দুই ভাই সেখানে উপস্থিত হইলে অক্রূরের প্রেমাশ্রুতে নেত্রদ্বয় অবরুদ্ধ হওয়ায় তিনি তাঁহাদিগকে ভাল করিয়া দেখিতে পাইলেন না; উপরন্তু জিহ্বার অবশতাহেতু তিনি কিছুই বলিতে না পারিয়া মনে মনে আপনাকে 'অধিক্ষেপ' ও ক্রন্দন করিয়া পড়িতেই কৃষ্ণ তাঁহাকে ধরিয়া গাঢ়-আলিঙ্গনদানপূর্বক আসনে বসাইলেন। পরে, কৃষ্ণের কুশল-জিজ্ঞাসায় অক্রূর তাঁহাকে সমস্ত নিবেদনপূর্বক কৃতাঞ্জলিপুটে 'সঙ্কোচে' ও গদগদস্বরে কংসের আদেশ জানাইলে রাম-কৃষ্ণ 'ভাল ভাল' বলিয়া আনন্দ প্রকাশ করিতে লাগিলেন। তদনুসারে পরদিন প্রভাতে সকলের মথুরাযাত্রার বিষয় তূর্যধ্বনিতে নগরে ঘোষণা করিয়া দেওয়া হইল।

এদিকে রাধা-আদি গোপীগণ সঙ্কেতনিকুঞ্জে গমনকালে সর্বত্র তূর্যধ্বনি-শ্রবণে অত্যন্ত ভীত হইলেন। পরে, এক সখী ইহার স্বরূপবার্তা জানিতে কৃষ্ণের নিকট গমনে উদ্যত হইলে তখনই রোরুদ্যমানা কোনো সখী তথায় আসিয়া কৃষ্ণের মথুরাযাত্রার স্থির সংকল্প জানাইল। ইহা শুনিয়া সকলে ক্রন্দন ও বিষাদ করিতে করিতে সঙ্কেতনিকুঞ্জে কৃষ্ণসমীপে উপস্থিত হইলে কৃষ্ণ নানাপ্রকারে তাহাদের সান্ত্বনা দিয়া মনোরঞ্জন করিলেন।

---

১ তু. শ্রী. কী. পৃ ১৯৪

প্রভাতে মথুরাযাত্রার জন্য সকলে নন্দের দ্বারে আসিয়া মিলিত হইল। ভবানীর পূজান্তে যশোদা অষ্ট দূর্বা ও তণ্ডুল রাম-কৃষ্ণের মস্তকে দিয়া এবং উভয়কে ভোজন করাইয়া প্রবাসবিষয়ে নানা উপদেশ দিলেন। পরে, যথাযোগ্য স্থানে প্রণামসম্ভাষণাদি করিয়া দুই ভাই অক্রূরের সহিত রথে আরোহণ করিলেন।

এই সময় কৃষ্ণবিরহে শোকাকুল রাধা-আদি গোপীগণ অক্রূরকে নানাপ্রকারে ভর্ৎসনা করিয়া রথের গতি রোধ করিতে সংকল্প করিলে তাহাদিগকে সান্ত্বনা দিয়া 'তখনে রসিকগুরু ছিন্দি বনমালা। একে একে ফুল দিঞাঁ তুষি ব্রজবালা' ॥ পরে, রথ চলিতে থাকিলে সকলে কাষ্ঠপুত্তলিকাবৎ দাঁড়াইয়া রহিল। ক্রমে ক্রমে রথধ্বজ অদৃশ্য হইলে তখন 'মূর্ছিতা হইঞাঁ গোপী পড়ে সেই ঠাই'। অনন্তর সংজ্ঞালাভান্তে সকলে বিলাপ করিতে করিতে স্বস্থানে প্রস্থান করিল।

মথুরার পথে বলরাম ও কৃষ্ণ অক্রূরের সহিত নন্দ-আদি গোপগণের পশ্চাতে যাইতে লাগিলেন। এই সময় মধ্যাহ্ন আসন্ন দেখিয়া অক্রূর তাঁহাদের নিকটে সন্ধ্যা-উপাসনার অনুমতি লইয়া যমুনায় আহ্নিককৃত্য সম্পন্ন করিলেন। পরে, তাঁহারা পুনরায় রথে আরোহণ করিয়া মথুরার সন্নিকটে সকলের সহিত মিলিত হইলে কৃষ্ণ পিতা ও অন্য সকলকে অক্রূরের সহিত নগরে পাঠাইয়া স্নানের ছলে সেই স্থানে থাকিলেন। অক্রূর মথুরায় পৌঁছিয়া যজ্ঞশালার নিকটে সকলের থাকার ব্যবস্থা করিয়া কংসকে সংবাদ দিলেন; পরে, তিনি রামকৃষ্ণের সহিত মিলিত হইলেন।

তারপর তিন জন যাইতে যাইতে পথে কৃষ্ণ রাজধোপাকে দেখিয়া তাহার নিকটে 'কৌতুকে' বস্ত্র চাহিলে রজক তাঁহাকে রাখাল, মূর্খ, ইতর ইত্যাদি বলিয়া গালি দিলে ক্রুদ্ধ বলরাম তাহাকে নিহত করেন[১]। তখন দুই ভাই মনোমত বস্ত্র পরিধান করিয়া যাইতে যাইতে এক মালাকারকে দেখিয়া তাহার পরিচয় জিজ্ঞাসা করিলেন। সে পরিচয়দানান্তে কৃষ্ণের সম্মুখে ফুলের ডালি ধরিলে কৃষ্ণ আগে বলরামকে সাজাইয়া পরে নিজে মালা পরিলেন। অনন্তর 'তিন ঠাঞি বাকা' এক 'কুবজী'কে সেখানে আসিতে দেখিয়া কৃষ্ণ তাহার পরিচয় জিজ্ঞাসা করিলেন। সে নিজের পরিচয় দিয়া কৃষ্ণের সম্মতি-গ্রহণপূর্বক তাঁহার দেহ কর্পূর-চন্দনে অনুলিপ্ত করিলে কুব্জার প্রেমভক্তিতে মুগ্ধ হইয়া তাহার দেহ ঋজু করিবার অভিপ্রায়ে,—

এক হাথে কুবুজ ধরিল শ্রীহরি।
আর হাথে চিবুক ধরিল উভ করি ॥

---

১ ভা ( ১০।৪১।৩৭ ) এবং ব্র. বৈ (৪।৫৫।৯)-এ কৃষ্ণই রজককে নিহত করেন

দক্ষিণ আঁঠুর ঠেকনা দিল বুকে।
এক সঙ্গে উজু করিল তিন বঙ্কে ॥

কৃষ্ণের স্পর্শে কুব্জা বিদ্যাধরীরূপধারণ-পূর্বক কৃষ্ণের চরণে পতিত হইয়া তাঁহার প্রতি সকাম দৃষ্টি নিক্ষেপ করিলে কৃষ্ণ 'আখি ঠারে কুএজীরে ভাই দেখাইঞাঁ'। প্রত্যাবর্তনকালে কুব্জার অভিলাষ পূর্ণ করিবেন বলিয়া কৃষ্ণ সরস বাক্যে তাহাকে আশ্বাস দিয়া গৃহে পাঠাইলেন। এইরূপে দুই ভাই ক্রমে ক্রমে কংসের যজ্ঞশালায় উপস্থিত হইয়া ধনুর্গৃহে বিশাল ধনুর পরিচয় জিজ্ঞাসা করিলে কংসদূত তাঁহাকে উপহাসপূর্বক ধনুর পরিচয় দিল। তখন কৃষ্ণ বামহস্তে অনায়াসে সেই ধনু তুলিয়া গুণ আরোপণ করিলেই তাহা দ্বিখণ্ডিত হইল। তখন দূত কংসকে এই সংবাদ জানাইলে রাজা সবিশেষ চিন্তিত ও ভীত হইলেন। অক্রূর যজ্ঞশালার নিকটে কংসের উপবনগৃহে উভয়ের থাকার ব্যবস্থা করিলে দুই ভাই সেখানে অবস্থান করিয়া সুখে রাত্রিযাপন করিলেন; কিন্তু কংসের রাত্রি অতিবাহিত হইল নানা দুশ্চিন্তা ও উৎকণ্ঠায়। পরিশেষে মহিষীর আশ্বাসবাক্যে কংস,—

গাএ বল দিঞাঁ বইসে তেজে ব্রহ্মাণ্ড পরশে
জেন ডাকে ভামাইল সাপে।

পরে, রাজা পাত্রমিত্র ও 'বলীআর' বীরগণের যথাযোগ্য কার্যে নিয়োগপূর্বক চাণূরাদি বীরকে নিজের কাছে রাখিয়া কুবলয়াপীড় হস্তীকে দ্বারে অধিষ্ঠিত করিলেন এবং বসুদেব, দৈবকী, উগ্রসেন ও রাজমণ্ডলীকে সভায় বসাইয়া স্বয়ং রঙ্গস্থলে উচ্চ মঞ্চে উপবেশন করিলেন।

এদিকে বলরাম ও কৃষ্ণ পরদিন প্রভাতে উঠিয়া প্রাতঃকৃত্যসমাপনান্তে যথাবিধি স্নান ও দেবার্চনা করিলেন। পরে, জননীদত্ত 'ভোগ উপহার' গ্রহণ করিয়া দুই ভাই মল্লবেশ ধারণ করিলেন। এইরূপে রামকৃষ্ণ রাজদর্শনে রঙ্গস্থলে যাত্রা করিলে সর্বত্র 'শুভ শকুন' দেখিয়া নন্দ পরম আনন্দিত ও আশ্বস্ত হইলেন। কৃষ্ণ ও বলরাম রাজদ্বারে উপস্থিত হইলে কংসের ইঙ্গিতে বিকটদশন হস্তী তাঁহাদিগকে মারিতে আসিল। তখন মহাবল কৃষ্ণ 'লীলাএ' হস্তীর দন্তদ্বয় ভাঙ্গিয়া ফেলিলেন। তথাপি রক্তাক্তমুখে হস্তী তাহাদের আক্রমণ করিলে কৃষ্ণ বিশ্বম্ভররূপে সেই দন্তদ্বয়ের আঘাতেই তাহাকে নিহত করিলেন। কুবলয়বধের সংবাদে কংসের আতঙ্কের সীমা রহিল না।

অনন্তর হস্তিরুধিরে সিক্তদেহ কৃষ্ণ অগ্রজ বলরামের সহিত রঙ্গস্থলে উপস্থিত হইলে কংসের আদেশে মন্ত্রিগণ তাঁহাদের সহিত মল্লযুদ্ধার্থ চাণূর ও মুষ্টিককে নিয়োজিত করিলেন। তখন চাণূর কৃষ্ণকে নানা কথায় হীন ও দুর্বল বলিয়া অবহেলা এবং আপনাকে অত্যন্ত বলশালী প্রকাশ করিয়া আস্ফালন করিলে কৃষ্ণও তৎকর্তৃক কেশিকুবলয়-বধ ইত্যাদি বিষয় তাহাকে জ্ঞাপন করিয়া বলিলেন,—

বড়কে বড়াই কইলে বল নাহি জানি।
হাথের বলআ কভু দর্পণে না চিনি ॥[১]
নগরে কুকুর পুষি নানা পরকারে।
তমু বনের সিংহের সমুখ জাইতে নারে ॥

কৃষ্ণের এই উক্তিতে ক্রুদ্ধ চাণূর ও মুষ্টিক বীরদর্পে অগ্রসর হইলে সভাজন এই অন্যায় যুদ্ধের[২] নিন্দা করিলেন; কিন্তু কংসের বিরুদ্ধে কোনো কথা বলিতে কাহারও সাহস হইল না; সুতরাং মল্লযুদ্ধ আরম্ভ হইল। এইভাবে কৃষ্ণের সহিত চাণূর এবং বলরামের সহিত মুষ্টিকের ঘোরতর মল্লযুদ্ধে বলরামের বজ্রমুষ্টির আঘাতে মুষ্টিক[৩] নিহত হইল এবং কৃষ্ণের চাপনে রক্ত বমন করিয়া চাণূর 'কুড় কুড় বেঙ জেন রহিল পড়িঞাঁ'। মল্লদ্বয়ের বিনাশে কংস ক্রুদ্ধ হইয়া বলরাম, কৃষ্ণ ও পিতা উগ্রসেনকে বিতাড়িত এবং বসুদেব-দৈবকীকে নিহত করিতে আদেশ দিলে[৪] কৃষ্ণ এক লম্ফে কংসের মঞ্চে আরোহণ করিয়া 'কুমারিআ পোকা'র ন্যায় অসুরের কেশ ধরিলেন; তথাপি কংস বলপ্রকাশ করিলে,—

সেই মতে ধরাধরি পড়ে ভূমিতলে।
হেঠে কংস-উপরে পড়িলা বিশ্বম্ভরে ॥
ভূমির পরশে কংস তেজিল পরাণে।
পাকিল ফুটের জেন ফুটিল তখনে ॥

কংসবধে স্বর্গে দুন্দুভি বাজিয়া উঠিল; দেবগণ কৃষ্ণের উপর পুষ্পবর্ষণ করিলেন; সর্বত্র জয়ধ্বনি, দশ দিক নির্মল, প্রকৃতি আনন্দময় এবং সকল জীব উল্লসিত হইল।

কংসবিনাশান্তে কৃষ্ণ উগ্রসেনকে মথুরার সিংহাসনে স্থাপন করিলেন।[৫] এমন সময় কংসের নারীগণ কৃষ্ণের নিকটে আসিয়া পতিশোকে ক্রন্দন করিলে দয়ার্দ্রচিত্ত কৃষ্ণ নানা সান্ত্বনাবাক্যে তাঁহাদিগকে প্রবোধ দিলেন।[৬] পরে, তাঁহার আদেশে প্রেতকৃত্য সম্পাদিত হইলে কৃষ্ণ-বলরাম পিতামাতার দর্শনার্থ অক্রূর এবং উদ্ধবকে সঙ্গে লইয়া জনকজননীর নিকট উপস্থিত হইলেন। বহুদিন পরে পুত্রদর্শনে তাঁহাদের দুঃখের কিঞ্চিৎ অবসান হইল। পুত্রদ্বয়কে ক্রোড়ে লইলে তাঁহাদের দেহ অশ্রুসিক্ত হইল এবং রাম-কৃষ্ণের আনন্দাশ্রুতে পিতামাতার চরণ বিধৌত হইতে লাগিল। দৈবকী অতীত দুঃখের কথা সরোদনে কৃষ্ণকে বলিলে কৃষ্ণ নানা কথায় পিতামাতার বিষাদ দূর করিলেন। পরে, দৈবকী উভয়কে স্নান ও দেবার্চনা করাইয়া তাহাদের পঞ্চামৃতে ভোজন করাইলেন। নানারস-প্রসঙ্গে কিছুক্ষণ অতিবাহিত

১ তু. 'হাথে রে কাঙ্কাণ মা লোউ দাপণ' চ. প, পৃ ৮৮ ২ তু. শ্রী. বি, পৃ ২০৬
৩ ব্র. বৈ (৪।৫৫।৯)-এ কৃষ্ণই মুষ্টিককে হত্যা করেন, শ্রী. বি-এ বলরাম
৪ তু. শ্রী. বি, পৃ ২০৮ ৫ তু. ব্র. বৈ, পৃ ৪৫৬, শ্রী. বি, পৃ ২১২ ৬ তু. শ্রী. বি, পৃ ২১১

হইলে রাম-কৃষ্ণ পিতামাতার ক্রোড়ে নিদ্রিত হইলেন। পরদিন প্রভাতে প্রাতঃকৃত্য সমাপনান্তে দুই ভাই অধিকাংশ গোকুলবাসীকে পিতার সঙ্গে বৃন্দাবনে পাঠাইয়া রাজসভায় বসিলেন এবং সকলের সহিত পরামর্শপূর্বক রাজ্যের নিরাপত্তার জন্য কৃষ্ণ যথাস্থানে 'গোকুলসেবক' নিযুক্ত করিলেন। কৃষ্ণের প্রতাপে সামন্ত নৃপতিবৃন্দ বশীভূত হইলে মথুরার প্রজাগণ পরমসুখে বাস করিতে লাগিল।

একদিন বলরাম ও কৃষ্ণ অক্রূরের গৃহে গমনপূর্বক তাঁহার মনোবাঞ্ছা পূর্ণ করিলেন[১] এবং অপর একদিন কৃষ্ণ হঠাৎ কুব্জার গৃহে উপস্থিত হইয়া তাঁহার পুর্বপ্রতিজ্ঞা রক্ষা করিলেন [২]

এদিকে নন্দ সকলকে লইয়া বৃন্দাবনে প্রত্যাবর্তন করিলে পুত্রদ্বয়কে না দেখিয়া যশোদা ও পুরজন ক্রন্দন করিতে থাকায় নন্দ তাহাদের সান্ত্বনা দিয়া বলিলেন, কৃষ্ণ কংসকে নিহত করিয়া উগ্রসেনকে রাজ্যে পুনরায় প্রতিষ্ঠিত করিয়াছে ; নয় দশ দিনের মধ্যেই সে আসিবে ; কিন্তু নন্দের এই কথায় প্রত্যয় না হওয়ায় সকলে নানা দুশ্চিন্তা করিতে লাগিল। কৃষ্ণশোকে যশোদার মূর্ছায় শেষে নন্দও অচেতন হইয়া ভূতলে পতিত হইলেন। ইহা দেখিয়া কৃষ্ণের বয়স্যগণেরও মনে নানা সন্দেহ উপস্থিত হওয়ায় তাহারা সকরুণ বিলাপ করিতে লাগিল। এইরূপে বালবৃদ্ধযুবার ক্রন্দনধ্বনিতে বৃন্দাবনে গভীর শোকের ছায়া পতিত হইল।

রাধিকাপ্রভৃতি গোপীগণের শোকও বর্ণনাতীত। কৃষ্ণবিরহ সহ্য করিতে না পারিয়া অবশেষে তাহারা কামকলা নামে এক সখীকে পসরাবিক্রয়ের ছলে কৃষ্ণের সহিত সাক্ষাৎকারের উপায়স্বরূপ নানা উপদেশ দিয়া মথুরায় প্রেরণ করিল। মথুরায় যাইয়া কৃষ্ণের সহিত দেখা করিয়া দূতী গোপীগণের দুঃখের কথা জানাইলে কৃষ্ণ তাহাকে আশ্বস্ত করিয়া বলিলেন যে তিনি শীঘ্রই গোকুলে ফিরিবেন। দূতীমুখে কৃষ্ণের শীঘ্র আগমনের সংবাদ শুনিয়া তাঁহার দর্শন-আশায় গোপীগণ নগরের উপান্তে অপেক্ষা করিতে লাগিল। কৃষ্ণও গোপীগণের আশ্বাসদানার্থ উদ্ধবকে[৩] বৃন্দাবনে প্রেরণ করিলে উদ্ধব সন্ধ্যাকালে[৪] নন্দালয়ে উপস্থিত হইয়া সকলের প্রবোধদানান্তে বলিলেন, শীঘ্রই কৃষ্ণ বৃন্দাবনে আসিবেন এবং এই প্রত্যয় নিমিত্ত তিনি আমাকে অগ্রে পাঠাইয়াছেন। এইরূপে সকলের সন্তোষবিধানপূর্বক উদ্ধব কৃষ্ণ-কথায় রাত্রিযাপন করিয়া পরদিন প্রভাতে[৫] কদম্বমূলে রথস্থাপনপূর্বক যমুনাতীরে উপস্থিত হইলেন। গরুড়ধ্বজরথ-দর্শনে কৃষ্ণের প্রত্যাগমন মনে করিয়া গোপীগণ সত্বর তথায় উপস্থিত হইয়া কৃষ্ণভ্রমে উদ্ধবের চরণে পতিত হইলে উদ্ধব হাহাকারপূর্বক সকলকে বিরত করিলেন এবং কৃষ্ণের সংবাদজ্ঞাপনার্থ গোপীগণের সহিত রাধাসমীপে উপস্থিত হইলেন। উদ্ধবের সংবর্ধনার্থ অভ্যুত্থানে অসমর্থা

১ তু. শ্রী. বি, পৃ ২২৭ ২ ব্র. বৈ (৪।৫৫।১০)-এ কৃষ্ণ কুব্জাকে গোলোকে স্থান দেন

৩ তু. শ্রী. বি, পৃ ২১৯ ৪ ঐ, পৃ ২২০ ৫ ঐ, পৃ ২২১

বিরহক্ষীণা রাধা 'হাথসানে' তাঁহাকে আসনে বসাইলে উদ্ধব রাধাকে বলিলেন, শীঘ্রই প্রভুর শ্রীচরণদর্শন-লাভ হইবে[১] ; কারণ,—

সহজে তোহ্মার প্রভু ভকতবৎসলে।
ধেনুর বাছুর-সম পাছু পাছু বুলে॥

এইরূপে নানাপ্রকারে রাধা-আদি গোপীগণকে প্রবোধ দিয়া বৃন্দাবনে তিন দিন[২] অবস্থানের পর উদ্ধব কৃষ্ণসমীপে উপস্থিত হইলেন এবং একে একে সকলের দুঃখ নিবেদন করিলেন।

বৃন্দাবনের সংবাদশ্রবণে ব্যাকুল কৃষ্ণ উগ্রসেনের উপর রাজ্যের সমস্ত ভার দিয়া এবং মন্ত্রণার্থ অগ্রজ বলরামকে মথুরায় রাখিয়া পিতামাতার দর্শনছলে বৃন্দাবনে যাত্রা করিলেন। এদিকে 'বিরহে ঝামরী' গোপীগণ কৃষ্ণ-সন্দর্শনের নিমিত্ত বিবিধ বেশ ধারণ করিল ; পুত্রের আগমনবার্তা-শ্রবণে যশোদা 'কি করিতে কিবা করে হেনঞি না জানি' ; বালবৃদ্ধ সকলে কৃষ্ণসন্দর্শনে সজ্জিত হইল, প্রতিগৃহে মঙ্গলবাদ্য বাজিয়া উঠিল ; 'প্রতি-নাছে' আরম্ভ হইল নৃত্য, গীত-বাদ্য ; মাল্য-পতাকাদিতে নগর সুশোভিত হইল। কৃষ্ণের অভ্যর্থনায় পুরজন বৃন্দাবনের পথে অগ্রসর হইল। অনন্তর দিবাবসানে কৃষ্ণ বৃন্দাবনে উপস্থিত হইলে,[৩]—

১ তু. শ্রী. বি, পৃ ২২৫ ২ ভা (১০।৪৭।৫৪)-এ কতিপয় মাসের কথা আছে

৩ কৃষ্ণ যে পুনরায় বৃন্দাবনে আসিয়াছিলেন তাহার ইঙ্গিত পাওয়া যায় পূজারী গোস্বামীর টীকায়। ভাগবতের শ্লোকটি এই বিষয়ে লক্ষণীয়,—

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্ মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটি-প্রতিমঃ ক্ষণো ভবে
দ্রবিং বিনাক্ষ্ণোরিব নস্তবাচ্যুত॥ ভা. ১।১১।৯

যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞান্তে কৃষ্ণ দন্তবক্রবধের জন্য ব্রজমণ্ডলে গমন করেন। তখন দ্বারকাবাসী কৃষ্ণের বিরহ স্মরণ করিয়া এই উক্তি করিয়াছিলেন। সুতরাং কৃষ্ণ যে ব্রজমণ্ডলে পুনরায় আসিয়াছিলেন উক্ত শ্লোকে তাহারই ইঙ্গিত রহিয়াছে।

পদ্মপুরাণের পাতালখণ্ডস্থিত পঞ্চচত্বারিংশৎ অধ্যায়ের বর্ণনায় পাওয়া যায় যে কৃষ্ণ দন্তবক্রকে বধ করার জন্য মথুরায় আসেন। পরে, যমুনা পার হইয়া কৃষ্ণ ব্রজধামে গমন করতঃ পিতামাতা ও অন্যান্য সকলের সঙ্গে মিলিত হন। যমুনাপুলিনে গোপীদের সঙ্গে কৃষ্ণ তিন দিন ধরিয়া বিহার করেন। পরে, কৃষ্ণের অনুগ্রহে নন্দাদি গোপজন বৃন্দাবনের পশুপক্ষীর সহিত দিব্য বিমানে বৈকুণ্ঠে গমন করেন।

পদাবলীর মধ্যেও দ্বারকা হইতে কৃষ্ণের বৃন্দাবনে পুনরাগমনের উল্লেখ পাওয়া যায় উদ্ধবদাসের ভনিতায়,—

দ্বারকাবৈভব-লীলা প্রকটন করি।
দন্তবক্রবধ-শেষে আইলা মধুপুরী॥

সবপুরজন-আখি-ভুখিল-চকোরে।
কৃষ্ণরূপসুধা পিএ মুখ নাহি মোড়ে ॥
জবে নন্দসুত আইলা নন্দের দুআরে।
মৌহুমাছি-সম লোক বেঢ়িল আপারে ॥
মোর বাঞ্ছাপুরনিঞাঁ জশোদা কৈল কোলে।
পুতের বাৎসল্য ভাসে লোহের হিল্লোলে ॥

পরে, গোপীগণ একে একে কৃষ্ণকে প্রণাম করিয়া চলিয়া গেলে রাধা নিভৃতে কৃষ্ণের চরণ-বন্দনান্তে বলিলেন,

আর না ছাড়িহ প্রভু অনাথী গোপিনী।
ইবেসি জানিল জত দুখ তোহ্মা বিনি ॥

অনন্তর গোপীগণকে অভিসারের ইঙ্গিত দিয়া ও ভোজনাদি নানা ব্যবহারে রাত্রির প্রথম প্রহর অতিবাহিত করিয়া কৃষ্ণ নিকুঞ্জে গমনপূর্বক বংশীধ্বনি করিলে গোপীগণ সেখানে আসিয়া কৃষ্ণের সহিত মিলিত হইল। এইরূপে বৃন্দাবনে 'রসের বাদলে' সকলে সঞ্জীবিত হইয়া উঠিল।

এইখানেই কাহিনীর পরিসমাপ্তি।

মথুরাদক্ষিণ দ্বারে দন্তবক্র নাশি।
ব্রজপুরে উদয় করিলা ব্রজশশী ॥
জয় জয় রব ব্রজে আনন্দ হিল্লোল।
শৃঙ্গ বেণু তুরী ভেরী দুন্দুভির রোল॥
বেদজ্ঞ ব্রাহ্মণে করে উচ্চ বেদধ্বনি।
সুখে হুলাহুলি দেয় ব্রজের রমণী ॥
সখাগণ সঙ্গে নাচে শ্রীমধুমঙ্গল।
নাচয়ে ময়ূর আর কোকিল সকল ॥
এ উদ্ধব দাসে ভণে শ্রীরাধারমণ।
রাসরসে মত্ত হইলা লৈয়া গোপীগণ ॥

ব্রহ্মবৈবর্তপুরাণে (৪।১২৭।২১) কৃষ্ণের বৃন্দাবনে পুনরাগমনের বিবরণ আছে, বিষ্ণুপুরাণ (৫।২৪।৮) ও হরিবংশে (২।৪৬।১) বলরামের বৃন্দাবনে প্রত্যাগমনের উল্লেখ পাওয়া যায়।

## ॥ শ্রীকৃষ্ণবিজয়, শ্রীকৃষ্ণকীর্তন ও গোপালবিজয় ॥

### ( তুলনাত্মক অধ্যয়ন )

'গোপালবিজয়' পঞ্চদশ শতকের শেষে অথবা ষোড়শ শতকের প্রথমার্ধে রচিত বলিয়া অনুমান করা হইয়াছে। এই হেতু চৈতন্য-পূর্ববর্তী যুগের অপর দুইখানি বৈষ্ণব কাব্য[১] 'শ্রীকৃষ্ণ বিজয়' ও 'শ্রীকৃষ্ণকীর্তনের[২] সহিত গোপালবিজয়ের ভাব ও ভাষাগত সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিশেষ লক্ষণীয়। তিনখানি গ্রন্থেই দেখা যায়, শ্রীকৃষ্ণ পরম ঐশ্বর্যময়[৩] এবং ভূভারহরণার্থ পৃথিবীতে অবতীর্ণ। শ্রীকৃষ্ণবিজয়কার মালাধর বসু একজন ভক্ত, শ্রীকৃষ্ণকীর্তনের বড়ু চণ্ডীদাস মূলতঃ কবি,[৪] আর গোপালবিজয়ের গ্রন্থকার কবিশেখর দৈবকীনন্দন সিংহ যুগপৎ ভক্ত ও মহাকবি।

তিনটি কাব্যের মধ্যে রচনাগত কালের ব্যবধান যথেষ্ট; এতৎসত্ত্বেও গ্রন্থত্রয়ে বাক্য, বাক্যাংশ, শব্দ ও ভাষাগত মিল বিশেষ লক্ষণীয়। এই সমস্ত সাদৃশ্য প্রদর্শনের পূর্বে অন্যান্য বিষয়ের অবতারণা করা যাইতেছে,—

গ্রন্থত্রয়ের অভিধায় জানা যায়, শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয় পৌরাণিক পাঁচালি কাব্য; পক্ষান্তরে, শ্রীকৃষ্ণকীর্তনে প্রাচীন কালের যাত্রা-নাট ও পাঁচালির মাঝামাঝি রূপ পাওয়া যায়।[৫]

গোপালবিজয়ের বন্দনাংশে কবিশেখরের বিশেষ বৈশিষ্ট্য লক্ষণীয়। ইহাতে একদিকে কবির বৈষ্ণবতা এবং অপর দিকে ভক্তির আতিশয্য পরিলক্ষিত। তিনি নারায়ণ ভিন্ন অন্য কোনো দেবদেবীর উল্লেখ করেন নাই; মালাধর বসুও প্রথমে নারায়ণ এবং পরে নানা দেবদেবীর বন্দনা করিয়াছেন। বড়ু চণ্ডীদাসকৃত কোনো বন্দনা পাওয়া যায় না, কারণ শ্রীকৃষ্ণকীর্ত্তনের প্রথম দুইখানি পাতা নাই। তবে গ্রন্থে সর্বত্র বাসুলীদেবীর উল্লেখ থাকায় মনে হয়, বড়ু চণ্ডীদাস বাসুলীদেবীর বন্দনা করিয়া গ্রন্থারম্ভ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণকীর্তনে অপৌরাণিক অংশই মুখ্য; সুতরাং অপৌরাণিক দেবতা বাসুলীর বন্দনা গ্রন্থে থাকা একান্তই স্বাভাবিক; পক্ষান্তরে গোপালবিজয়ে দান ও নৌকা লীলা থাকিলেও পৌরাণিক অংশই ইহার অন্যতম প্রধান বিষয়। সেইজন্য নারায়ণের বন্দনা করিয়া কবিশেখর গ্রন্থারম্ভ করিয়াছেন। মধ্যযুগীয় বাঙ্গালা কাব্যের বন্দনায় অনেক দেব-দেবী, ধর্মস্থান ইত্যাদি বিষয়ের উল্লেখ পাওয়া যায়; কিন্তু কবিশেখরের গোপালবিজয় এবিষয়ে দ্বিতীয়-রহিত।

১ বি. সা, পৃ ৫৩ ২ পুঁথির লিপিকাল-সম্বন্ধে সাম্প্রতিক অভিমত দ্রষ্টব্য বি. সা, পৃ ১০৭-৯
৩ বি. সা, পৃ ৫৩ ৪ ঐ. ঐ ৫ বা. সা. ই, পৃ ১৬৯

শ্রীকৃষ্ণবিজয় ভাগবতের[১] গল্পাংশ-অনুসরণে রচিত; বিষ্ণুপুরাণ ও হরিবংশের অনুসরণও ইহাতে কোথাও কোথাও দেখা যায়[২]। দান ও নৌকা লীলা ইহাতে নাই; শ্রীকৃষ্ণকীর্তন ও গোপালবিজয়ে ভাগবদতিরিক্ত উক্ত অংশদ্বয় বর্তমান। গ্রন্থে পুরাণ-বহির্ভূত লৌকিক অংশ সংযোজনায় কবিশেখরের উক্তি[৩] বিশেষ প্রণিধানযোগ্য।

শ্রীকৃষ্ণবিজয়ে[৪] রাধার উল্লেখ আছে; কিন্তু বড়াইর নাম পাওয়া যায় না। শ্রীকৃষ্ণ-কীর্তন ও গোপালবিজয় এই উভয় গ্রন্থেই তিনটি পাত্র—কৃষ্ণ, রাধা ও বড়াই। তিনটি চরিত্রই নানা ঘটনার মধ্য দিয়া বিশিষ্টতা অর্জন করিয়াছে; কিন্তু বড়ু চণ্ডীদাস অপেক্ষা কবিশেখরের রাধাচরিত্রচিত্রণ অনেকাংশে বিশেষ উজ্জ্বলতর। বড়ু চণ্ডীদাসের বড়াই হীনচরিত্রা কুট্টিনী, কিন্তু কবিশেখর-বর্ণিত বড়াই আদর্শভ্রষ্টা নহে। বড়-আই এর মতো বড়াই কৃষ্ণের প্রতি ভৎর্সনায় ও ঘৃণাপ্রকাশে কৃষ্ণকে কুৎসিৎ লাম্পট্যের পথ হইতে বিচ্যুত করিবার বিশেষ চেষ্টা করিয়াছিল; কিন্তু কৃষ্ণের পুনঃপুনঃ কাতরতা ও সনির্বন্ধ অনুনয়-বিনয়ে বড়াইর স্ত্রীসুলভকোমল প্রকৃতি অধিক দিন কঠোরতা রক্ষা করিতে পারে নাই[৫]।

তিনটি গ্রন্থেই চন্দ্রাবলীর নাম পাওয়া যায়। শ্রীকৃষ্ণকীর্তনে রাধা ও চন্দ্রাবলী অভিন্ন[৬]; কিন্তু শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ে এ-বিষয়ে বিশেষ সাদৃশ্য আছে। উভয় গ্রন্থেই রাধা ও চন্দ্রাবলী ভিন্ন[৭]। গোপালবিজয়ে চন্দ্রাবলী রাধার অষ্ট গোপিকার অন্যতমা, আবার কোথাও[৮] রাধার বিশেষণরূপে ব্যবহৃত। শ্রীকৃষ্ণবিজয়েও[৯] ইনি ষোড়শ নায়িকার অন্যতমা।

তিনটি গ্রন্থেই পয়ারের আধিক্য; স্থানে স্থানে দীর্ঘ-ত্রিপদী আছে। লঘু-ত্রিপদী ও একাবলী শ্রীকৃষ্ণকীর্তন এবং গোপালবিজয়ে পাওয়া যায়, শ্রীকৃষ্ণবিজয়ে নাই। ইহাও বিশেষ লক্ষণীয়, গোপালবিজয়ে[১০] ত্রিপদী ও একাবলীর নাম যথাক্রমে দীর্ঘছন্দ ও মধ্যছন্দ। পাঁচালি-কাব্য হেতু গ্রন্থত্রয়ে সর্বত্র রাগরাগিণী উল্লিখিত হইয়াছে।

১ বাঙ্গালা দেশে ইহার প্রচলন সম্বন্ধে দ্রষ্টব্য ম. বা. বা, পৃ ১৭

২ বা. সা. ই, পৃ ১০৮; শ্রী বি, পৃ ।৵০ ৩ গো. বি, পৃ ৭-৮

৪ পৃ ৪৯-৫২ ৫ গো. বি, পৃ ১৩৩-৩৭

৬ শ্রী. কী, পৃ ১১, ১৮ ইত্যাদি; বা. সা. ই. পৃ ১৭৩। রাধার আর এক নাম চন্দ্রাবলী—দ্রষ্টব্য প. সা, পৃ ৯৯

৭ শ্রী. বি, পৃ ৫০-১; গো. বি, পৃ ২১৩, ২১৬; বি. সা, পৃ ৫২

৮ পৃ ১৬২, ১৬৬, ১৮১ ৯ পৃ ৪৯-৫১

১০ [দীর্ঘছন্দ=৮+৮+১০; ত্রিপদীছন্দ=৬+৬+৮(৯)] দ্র. পৃ ১০, ২১, ৮২, ১৩৫, ২৯৬, ৩২৪, ৪৬, ৬১, ২৩১, ২৩৭

শ্রীকৃষ্ণকীর্তন 'বীথী' নামক নাট্যরচনার অনুরূপ[১] ; গোপালবিজয়ের কয়েকটি স্থানেও[২] ইহার নিদর্শন আছে।

শ্রীকৃষ্ণবিজয়[৩] ও গোপালবিজয়ে[৪] শ্রীকৃষ্ণের জন্মলগ্ন[৫] বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ। এ-বিষয়ে উভয় গ্রন্থে তো সাদৃশ্য আছেই ; উপরন্তু চন্দ্র, রোহিণী, মকর, বুধ, শনি ইত্যাদি গ্রহগণের রাশিচক্রে অবস্থান-বিষয়েও গ্রন্থদ্বয়ে হুবহু মিলিয়া যাইতেছে। শ্রীকৃষ্ণকীর্তনের জন্মলগ্ন যদিও অনুরূপ নহে, তথাপি পূর্বোক্ত গ্রন্থদ্বয়ের মতোই শুভযোগের ইঙ্গিত করে ; এই গ্রন্থে 'বিজয়'[৬] কথাটির বিশেষ অর্থ আছে ; ইহা বিজয়া অষ্টমী[৭]। শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ে এই 'বিজয়' শব্দের উল্লেখ নাই।

লক্ষ্মী ও সরস্বতীকে কৃষ্ণের দুই স্ত্রী বলা হইয়াছে শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ে[৮] ; কিন্তু শ্রীকৃষ্ণকীর্তনে এই বিষয়ে কোনো উল্লেখ নাই।

শ্রীকৃষ্ণাবতারে স্বর্গবিদ্যাধরীদের ভূলোকে জন্মগ্রহণের কথায় পূর্বোক্ত গ্রন্থদ্বয়ে সাদৃশ্য পাওয়া যায় ; কিন্তু দেবগণের জন্মগ্রহণ-বিষয়ে মতানৈক্য রহিয়াছে। গোপালবিজয়ে দেবগণের গোপরূপে জন্মগ্রহণের নির্দেশ আছে ; কিন্তু শ্রীকৃষ্ণবিজয়ে দেবগণকে শুধু মর্ত্যধামে যাইতে বলা হইয়াছে ; জন্মগ্রহণের কোনো উল্লেখ নাই। শ্রীকৃষ্ণকীর্তন-কার এই বিষয়ে নীরব।

বসুদেবকর্তৃক রোহিণীপরিণয়ের কারণ-নির্ণয়ে এবং নবজাত শিশু কৃষ্ণকে লইয়া বসুদেবের যমুনা-উত্তরণকালে পথপ্রদর্শকরূপে শৃগালীর প্রসঙ্গে সাদৃশ্য দেখা যায় শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ে।[৯]

ভাগবতে আছে যে, দৈবকীর পুত্র জন্মগ্রহণ করিলেই কংস তাহাকে হত্যা করিতেন ; কিন্তু উক্ত গ্রন্থদ্বয়ে একবারেই ছয় পুত্র-বিনাশের বিবরণ পাওয়া যায়[১০]।

ইহা বিশেষ লক্ষণীয়, গোপালবিজয় ও শ্রীকৃষ্ণকীর্তনে রাধার পরিচয় সম্পূর্ণ বিভিন্ন। গোপালবিজয়ে[১১] রাধার পিতা সুরানন্দ,[১২] স্বামী আইআন ; মাতার কোনো উল্লেখ নাই। শ্রীকৃষ্ণকীর্তনে[১৩] 'সাগরের ঘরে' 'পদুমা উদরে' রাধার জন্ম এবং স্বামী নপুংসক আইহন[১৪] ;

১ বা. সা. ই, পৃ ১৭০ ২ পৃ ১০১, ১৬৫-৬ ৩ পৃ ৮-৯ ৪ পৃ ৩১-২

৫ বি. পু, ৫।১।৭৬ ; পৌ উ, পৃ ৫৩

৬ হরিবংশে (২।৪।১৭) 'বিজয়' মুহূর্তের উল্লেখ আছে ৭ শ্রী. কী, পৃ ৪, ৪১৬ ৮ ভা-এ এই বিবরণ নাই

৯ শ্রী. বি, পৃ ২৭, ৪০ ; গো. বি, পৃ ২০, ৩৫

১০ দ্র. ভা ১০।১।৬৬, শ্রী. বি, পৃ ৩৯, গো. বি, পৃ ২৪ ১১ পৃ ১৩১

১২ এই নাম পুরাণে পাই নাই। ইহা কি কবির স্বকপোলকল্পিত ?

১৩ পৃ ৬-৭ ১৪ শ্রী কৃ, পৃ ৭৭

কিন্তু গোপালবিজয়ে আয়ানের নপুংসকত্বের কোনো উল্লেখ নাই। শ্রীকৃষ্ণবিজয়ে[১] রাধার নামোল্লেখ থাকিলেও তাঁহার আর কোনো পরিচয় মিলে না। গোপালবিজয়ের রাধা কৃষ্ণের মরম গেঁআতি, মাতুলানী নহেন।

শ্রীচৈতন্য-পূর্ববর্তী যুগে ভগবানের লীলাস্বাদনের দুইটি ধারা দেখা যায়। একটি ধারায় শ্রীকৃষ্ণের ঐশ্বর্য ও ভগবত্তা প্রকটিত এবং অপরটিতে শৃঙ্গার-রস তথা বৃন্দাবনলীলার অভিব্যক্তি। গোপালবিজয়ে শ্রীকৃষ্ণের ঐশ্বর্য ও মাধুর্য উভয়েরই পরিচয় আছে। শ্রীকৃষ্ণবিজয়েও তাহাই দেখিতে পাই[২]; কিন্তু বড়ু চণ্ডীদাস অপর ধারা অনুসরণ করিয়াছেন। শ্রীকৃষ্ণকীর্তনে শৃঙ্গাররসই প্রধান; সেইজন্য ইহাতে শ্রীকৃষ্ণের ঐশ্বর্যের প্রকাশ থাকিলেও তাহা শৃঙ্গার-রসাশ্রিত। সুতরাং মালাধর ও কবিশেখর প্রথম ধারার এবং বড়ু চণ্ডীদাস দ্বিতীয় ধারার কবি। মালাধর ভাগবতের দশম ও একাদশ স্কন্ধের গল্পাংশ প্রথম হইতে শেষ পর্যন্ত বর্ণনা করিয়াছেন এবং একাদশের তাত্ত্বিক অংশেরও সারাংশ দিয়াছেন। সেইজন্য শ্রীকৃষ্ণবিজয়ে নানা ঘটনার সমাবেশে কবিত্বপ্রকাশের অবকাশ তেমন নাই[৩]; পক্ষান্তরে, গোপালবিজয় দশম স্কন্ধের প্রায় পূর্বার্ধ-অনুসরণে রচিত। সুতরাং গ্রন্থকার নানা স্থানে কবিত্ব-প্রকাশের বিশেষ সুযোগ পাইয়াছেন। কবিশেখরের ঐ সকল অংশ কবিত্বসম্পদে বিশেষ সমৃদ্ধ।

নানা অলঙ্কারের প্রয়োগে গোপালবিজয়ের বক্তব্য যেমন সুপরিস্ফুট, তেমনই রসাল। অপর গ্রন্থদ্বয়ে ইহার নিদর্শন তেমন সুলভ নহে।

শ্রীকৃষ্ণবিজয়ে অধ্যায় বা পরিচ্ছেদ বিভাগ নাই, গ্রন্থখানি রাগরাগিণীতে বিভক্ত। গোপালবিজয়েও তদ্রূপ; ইহা প্রাচীন মঙ্গলকাব্যেরই অনুগ। শ্রীকৃষ্ণকীর্তন জন্ম, তাম্বূল, দান ইত্যাদি ত্রয়োদশখণ্ডে বিভক্ত। গোপালবিজয়েও চারিটি খণ্ডের উল্লেখ আছে; সুতরাং এ-বিষয়ে শেষোক্ত গ্রন্থদ্বয়ের মধ্যে কিঞ্চিৎ সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। ইহাও লক্ষণীয়, গোপালবিজয়ে সাধারণতঃ একটি রাগ বা রাগিণীর শেষে ভনিতা দেওয়া আছে; সেইখানেই কাব্যের আংশিক বিরাম।

শ্রীকৃষ্ণকীর্তনে রাসলীলার কিছু পরিচয় পাওয়া যায় 'বৃন্দাবনখণ্ডে'; বৃন্দাবনের ফুল ও ফল নষ্ট করায় শ্রীকৃষ্ণকৃত রাধার প্রতি অভিযোগের বিবরণ শ্রীকৃষ্ণকীর্তনে যেরূপ লিপিবদ্ধ হইয়াছে, শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ে সেরূপ বর্ণনা কোথাও নাই। গোপালবিজয়ে রাসখণ্ডের বিশেষ বৈশিষ্ট্য আছে; কৃষ্ণের চতুর্দিকে দণ্ডায়মানা গোপীগণের যে বর্ণনা গোপালবিজয়ে পাওয়া যায়, বৈষ্ণব সাহিত্যের প্রচলিত বিবরণের সহিত তাহার মিল নাই;

১ পৃ ৪৯-৫২ ২ প্রা. ব. সা, পৃ ১৯২-৩ ৩ বি. সা, পৃ ৫০

কবি সম্ভবতঃ তাঁহার সময়ে প্রচলিত চৈতন্যদেবের পূর্ববর্তী বৈষ্ণব সাধনার বা বৈষ্ণবীয় তন্ত্রশাস্ত্রের অনুসরণ করিয়াছেন[১]। রাসলীলা-প্রসঙ্গে শ্রীকৃষ্ণবিজয়ের সহিত আলোচ্য গ্রন্থের অনেক সাদৃশ্য বর্তমান।[২] কৃষ্ণের বংশীধ্বনি-শ্রবণে স্থাবরজঙ্গমাত্মক জগতে যে বিরাট পরিবর্তন ও প্রাণচাঞ্চল্যের সৃষ্টি হইয়াছিল তাহার মনোরম বর্ণনা উভয় গ্রন্থে প্রায় একই; বলা বাহুল্য, ইহা ভাগবতে নাই।

শ্রীকৃষ্ণকীর্তনের দানখণ্ড বড়াইর প্রতি রাধার রোষহেতু যে দুর্ব্যবহার তাহারই প্রতিশোধমূলক[৩]; কিন্তু গোপালবিজয়ে রাধাকৃষ্ণের সহজ মিলনার্থ দানখণ্ডের সৃষ্টি। শ্রীকৃষ্ণকীর্তনের দানখণ্ডে রাধাকৃষ্ণের যে মিলন হইয়াছে, তাহাতে বড়াই কর্তৃক রোষের প্রতিহিংসাসাধন ও কৃষ্ণকৃত প্রতিশোধগ্রহণ পরিস্ফুট, অর্থাৎ যে-রাধা কৃষ্ণপ্রেরিত তাম্বূল ও ফুল ঘৃণার সহিত পদদলিত করিয়া দূতী বড়াইকে চড় মারিয়াছিলেন, সেই রাধাকে স্বমতে আনিতে কৃষ্ণ বড়াইর উপদেশে দানখণ্ডে মহাদানী সাজিয়াছেন; কিন্তু গোপালবিজয়ে উভয়ের মিলন সম্পূর্ণ সহজ, কোন প্রতিহিংসামূলক নহে।

বড়ু চণ্ডীদাসের বংশীখণ্ড ও কবিশেখরের মুরলীখণ্ড বিষয়গত ভিন্ন হইলেও মূলতঃ এক। ভগবানের আহ্বানে ভক্তের আকুলতাই উভয় গ্রন্থে পরিস্ফুট। শ্রীকৃষ্ণবিজয়ে এ-বিষয়ে পৃথক কোনো বর্ণনা না থাকিলেও কৃষ্ণের বংশীরবের মাহাত্ম্য উল্লিখিত আছে[৪]। কিন্তু শ্রীকৃষ্ণকীর্তনের বর্ণনা অন্য প্রকার; তাহাতে জানা যায়, কৃষ্ণের বেণুরবে বিরহাতুরা রাধা অতীব উতলা ও ধৈর্যহারা হইয়া পড়েন; ফলে, বড়াইর সহায়তায় রাধা কৃষ্ণের বাঁশী অপহরণ করেন; পরে, কৃষ্ণের কাতর অনুনয়ে রাধা কৃষ্ণকে বাঁশী প্রত্যর্পণ করিলে উভয়ের মিলন ঘটে—ইহাই শ্রীকৃষ্ণকীর্তনের বংশীখণ্ডের বিষয়; গোপালবিজয়ের মুরলীখণ্ডে জানা যায়, কৃষ্ণ সাধারণ মানুষ নহেন;

---

১ বি. সা, পৃ ৫২; গোপালবিজয়ের নিম্নোক্ত ছত্রগুলি প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য,—

ত্রিবলিতরঙ্গী দেখি কে না মোহ জাএ।
নাভি আবরত মন নিরুদ্ধে সে পাএ॥
এ তোর সমূল সন্ধি জেন কালীদহে।
দেখিতে দেখিতে প্রাণ ধড়ে নাহি রহে॥ পৃ ১৮১
নহে তোর রোমাবলী এ কালসাপিনী।
নাভিকূপে হাথ ভরি তুলিউ আপুনি॥ পৃ ২৫০

বল্লভাচারী ও নিম্বার্কের সম্প্রদায় রাধাকে কৃষ্ণের শক্তি মনে করেন। দ্র. হি. বৈ. এফ, পৃ ৬

২ শ্রী. বি, পৃ ৪৩-৫২; গো. বি, পৃ ১৯৫-২০৩, ২৪৮-২৬৪

৩ শ্রী. কী, পৃ ২৪-৮ ৪ শ্রী. বি, পৃ ৪৭

তাঁহার বংশীধ্বনি চরাচরাত্মক ভূতগণের সম্বন্ধে ভগবানের প্রতি সম্মুখীকরণেরই ডাক। এই ডাক এত করুণ যে গোপীগণ সমস্ত বাধা বিঘ্ন অতিক্রম করিয়া ব্যাকুলভাবে কৃষ্ণের সহিত মিলিত হইতে প্রস্তুত হইল। এই উদ্যোগ ব্যাহত হওয়ায় কোনো গোপী গৃহে থাকিয়া তখনই দেহান্তে কৃষ্ণের সহিত মিলিত হইল[১]। এই শেষোক্ত ঘটনার উল্লেখ শ্রীকৃষ্ণকীর্তনে নাই; কিন্তু শ্রীকৃষ্ণবিজয়[২] ও গোপালবিজয়ে[৩] এ-বিষয়ে সম্পূর্ণ সাদৃশ্য আছে।

শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ের বিষয়গত সাদৃশ্য যতটা বর্তমান, শ্রীকৃষ্ণকীর্তনের সহিত ততটা নহে। পূর্বোক্ত গ্রন্থদ্বয়ে ভূভারপীড়িত দেবী বসুমতীর ক্রন্দন, দৈবকীর বিবাহ, কৃষ্ণের জন্ম ও তৎকৃত নানা অসুরবধ, গোবর্ধনধারণ, রাসলীলা, অক্রূরসংবাদ, কংসবধ, উগ্রসেনের উপর রাজ্যভার-অর্পণ ইত্যাদি বিষয়ে যথেষ্ট সাদৃশ্য আছে। শেষোক্ত গ্রন্থের সহিত দান ও নৌকালীলা প্রসঙ্গে গোপালবিজয়ের কোথাও কোথাও সাদৃশ্য পরিলক্ষিত হয়; অন্যান্য খণ্ডের সহিত গোপালবিজয়ের সামান্য মিল থাকিলেও বিশেষ উল্লেখযোগ্য নহে। সর্বোপরি গোপালবিজয়ের একটি বিশেষ মৌলিকতা আছে, যাহা অপর গ্রন্থদ্বয়ে পাওয়া যায় না। সাধারণতঃ জানা যায়, কংসবধার্থ কৃষ্ণ মথুরায় গিয়াছিলেন এবং সেই স্থান হইতে আর কখনও বৃন্দাবনে প্রত্যাবর্তন করেন নাই। শ্রীকৃষ্ণবিজয়ে এই বিবরণই আছে এবং শ্রীকৃষ্ণকীর্তনেও সম্ভবতঃ ইহাই ছিল; কিন্তু গোপালবিজয়ে পাওয়া যায়, কৃষ্ণ কংসবধ ও উগ্রসেনকে মথুরার রাজ্যভার-প্রদান করিয়া বিরহকাতরা গোপীগণের সান্ত্বনাপ্রদানার্থ পুনরায় বৃন্দাবনে ফিরিয়া আসিয়াছেন। বৃন্দাবনবাসীর আকুলতায় কৃষ্ণ স্থির থাকিতে পারেন নাই; তাঁহার আগমনহেতু বৃন্দাবনে পুনরায় জীবনসঞ্চার হইল। ইহার মন্তব্যে বলা যায়, কবিশেখর পরম বৈষ্ণব; ভক্তির চরমোৎকর্ষ-সংস্থাপনই তাঁহার কাব্য-রচনার অন্যতম উদ্দেশ্য; সুতরাং তিনি বৃন্দাবনবাসীর সহিত কৃষ্ণের পুনর্মিলন সংঘটন করিয়া ভক্তিধর্মের সর্বশ্রেষ্ঠ নিদর্শন দিয়াছেন। কবিশেখর এই বিবরণ সংগ্রহ করিয়াছেন সম্ভবতঃ পদ্মপুরাণ হইতে। ( দ্র. কাব্যকাহিনী-পরিচয়, পৃ ৭১-২ )

ইহা উল্লেখযোগ্য যে গ্রন্থত্রয়ে কিছু কিছু আধুনিক রুচিবিরুদ্ধ[৪] অংশ আছে। তবে মনে রাখা প্রয়োজন, এখনকার দৃষ্টিভঙ্গির সহিত সেকালের দৃষ্টিভঙ্গির যথেষ্ট পার্থক্য ছিল। উপরন্তু, প্রাচীন কালে বাৎস্যায়নের কামশাস্ত্র ছিল ধর্মসম্পৃক্ত; সেই হেতু সাহিত্যের মধ্যে গ্রাম্য রচনা বা মন্দিরে নিরাবরণ চিত্রাঙ্কন দূষণীয় মনে হয় নাই; নতুবা মালাধর অথবা কবিশেখরের ন্যায় ভক্ত কবির গ্রন্থে এইরূপ অংশের সংযোজনা হইত না; উপরন্তু,

১ গো. বি, পৃ ১৯৭-৯ ২ পৃ ৪৩ ৩ পৃ ১৯৯

৪ প্রাচীন বাঙ্গালা সাহিত্যের গ্রাম্যতা-সম্বন্ধে কোনো প্রশ্ন উঠিতে পারে না; দ্র. প্রা. বা. বা, পৃ ২৭

লৌকিক সাহিত্য ধর্ম-সাহিত্যেরই অঙ্গ ছিল[১]। এতদ্ভিন্ন অলঙ্কারশাস্ত্রেও শৃঙ্গাররসের বিশেষ প্রাধান্য; কারণ রসবর্ণনায় শৃঙ্গাররসের আলোচনাই সর্বাগ্রে[২]। ইহাও উল্লেখ-যোগ্য, সম্ভোগবর্ণনার প্রীতিকর সকল অবস্থাই অবশ্য বর্ণনীয় বলিয়া অনুমোদন করিয়াছেন সংস্কৃত আলংকারিকগণ; পক্ষান্তরে, রাধাকৃষ্ণের সম্ভোগলীলা নিতান্ত অপ্রাকৃত ও রূপকাত্মক মনে করিয়াই কবিগণ অসংকোচে তাহা প্রকাশ করিতে প্রয়াস পাইয়াছেন। সুতরাং কাব্যে যদি অংশতঃ আদিরস-সম্পৃক্ত রচনা থাকে, তবে কাব্যের অগৌরব মনে করিবার হেতু নাই। তবে কোনো কাব্য যদি আদিরসেই সম্পূর্ণ হয়, তবে স্বতন্ত্র কথা; কিন্তু গোপালবিজয়ে অলঙ্কারশাস্ত্রোক্ত প্রায় সব রসের নিদর্শন রহিয়াছে। বৈষ্ণবভক্তি-শাস্ত্রে মধুররসই সর্বশ্রেষ্ঠ; গোপালবিজয়ও বৈষ্ণব গ্রন্থ। সুতরাং এ-বিষয়ে গোপালবিজয়ের গৌরব আদৌ ক্ষুণ্ণ হয় নাই।

গ্রন্থত্রয়ে রচনাগতকালের ব্যবধানসত্ত্বেও ইহা বিশেষ লক্ষণীয় যে ইহাদের মধ্যে বাক্য, বাক্যাংশ, শব্দ ও ভাষায় পরস্পরের মিল আছে। নিম্নে সাদৃশ্যের উদাহরণ প্রদত্ত হইল,—

## বাক্যগত মিল

আউট হাথ দেহেরে কত কর মাআ। গো. বি ৯৭
আউট হাত প্রমাণ আমার কলেবর শ্রী. বি ২৩
আহুঠ হাথ কলেবর তোর শ্রী. কী ৫৫

এ তোহ্মার ভ্রূহি-যুগ কামের কামানে গো. বি ১৫৮
কামের কামান জিনি ভুরু-যুগবঙ্ক শ্রী. বি ৮২
কামাণ সদৃশ শোভে ভ্রূহি যুগল শ্রী. কী ৬

বাহু ভেড়ি দেহ মোরে দৃঢ় আলিঙ্গন গো. বি ১৭৮
সম্মুখে আনিয়া তারে ভেটি দেয় কোল শ্রী. বি ৫০
ভিড়ি দেহ আলিঙ্গন দানে শ্রী. কী ১৪৯

১ ই. বা. সা, পৃ ৫; বা. সা, পৃ ১১৮
২ সা. দ, পৃ ১৩০

আপন গৌরব রাখ ওলাহ পসারে।
একে একে মোর আগে দেহ ত বিচারে। গো. বি ১৫২
ওলাহা রাধা মাথার চুপড়ী দেখো মো তোহ্মার পসরা।
কোণ বথু লআঁ জাহা মথুরা তাহার দেহ বিচারা ॥ শ্রী. কী ১৪ (দান)

কি লাগি করহ তুই কুলের খাঁখার গো. বি ১১০
কেন হেন কৈলি পাপ কুলের খাঁখার শ্রী. বি ১৪০
কৈলে বড়ই খাঁখার শ্রী. কী ১৬১

কটিতে পিঅন ধটী বাজএ কিঙ্কিনি গো. বি ১৭৬
কটি-তটে ধটী শোভে, সব পাট শ্বেত শ্রী. বি ৪৯
নেত ধড়ী পরিধানে…কিঙ্কিনী বান্ধিল কাছে শ্রী. কী ২৬৯

হেন মন করে পাখি হইঞাঁ উড়ি পড়ি গো. বি ২৬৯
পাখি নহোঁ তার ঠাই উড়ী পড়ি জাওঁ শ্রী. কী ২৯৪

বিষাইল কাণ্ডে যেন ঝুমিল হরিণে গো. বি ১২৪
বিষাইল কাণ্ডের ঘাএ যেহেন হরিণী শ্রী. কী ১৫৫

শিব শিব কিবা বিধি লেখিল কপালে গো. বি ২৩৭
হরি হরি কিনা বিধি লিখিল কপালে শ্রী. বি ৪৭
কেনা বিধি আগ বড়াই লেখিল কপালে শ্রী. কী ৫১
হরি হরি স্থন বড়ায়ি মথুরা গমন নাহিঁ শ্রী. কী ৪০

শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ের মধ্যে বাক্যগত সাদৃশ্য বিশেষ লক্ষণীয়। নিম্নোক্ত ছত্রগুলি ইহার নিদর্শন,—

নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ শ্রী. বি ১
নন্দের নন্দন জেন হইএ নিজ পতি গো. বি ১৩৯
পতি করি দেহ মোরে নন্দের নন্দন গো. বি ১০৫

শৃগালীর রূপে মহামায়া আগে যায়।
ফণা-ছত্র ধরিয়া বাসুকী পাছে ধায় ॥ শ্রী. বি ১০

শিবারূপ ধরি আগে জাএন মহামাএ।
ফণা-ছত্র ধরিঞা বাসুকি পিছে ধাএ॥ গো. বি ৩৫

ছাওয়াল লইয়া যাহ আপনার ঘর।
ইহা হইতে ভয় কিছু নাহিক আমার॥ শ্রী. বি ৭
লঞা জাহ ঘর তুমি আপন কুমার।
ইহা হইতে ভঅ কিছু না'হিক আহ্মার॥ গো. বি ২১

শুন শুন চাণূর-মুষ্টিক মহাশয়।
কেশী, ধেনুক, শুন বক মহাশয়॥ শ্রী. বি ১১
শুন শুন চাণূর মুষ্টিক দুই ভাই।
শুন কেশী ধেনুক পুতনা মহাগাএ॥ গো বি ৩৭

দেবমানে দ্বাদশ সহস্র বৎসর।
নিরাহারে তপ তুমি করিলে বিস্তর॥ শ্রী. বি ৯
নিরাহারে তপ বড় কইলে নিরন্তর।
দেবমানে দ্বাদশ সহস্র বৎসর॥ গো. বি ৩৪

আমা লৈয়া যাহ তুমি নন্দঘোষ ঘরে।
উপজিল মহামায়া জসোদা উদরে॥ শ্রী. বি ৩৯
আহ্মা লঞা ঝাট জাহ নন্দঘোষ-ঘরে।
জন্মিঞাছে মহামাআ জশোদা-উদরে॥ গো. বি ৩৫

স্রীগালি রূপে দেবী আগে মোহামাএ।
ফনাছত্র ধরিয়া বাসুকী পাছু জাএ॥ শ্রী. বি ৩৯ (ক. বি)
শিবারূপ ধরি আগে জাএন মহামাএ।
ফণা-ছত্র ধরিঞা বাসুকী পিছে ধাএ॥ গো. বি ৩৫

না করিহ ভয় কীছু হৈল দৈববাণি।
স্গালি ত আগু জাএ আঠু এক পানি॥ শ্রী. বি ৪০

না করিহ ত্রাস হেন হইল দৈববাণী।
আগে সে শৃকালি জাএ আঁঠু হেন পাণি॥ গো. বি ৩৫

দধি-দুগ্ধ-ঘৃত লইল শকটে পূরিয়া।
নড়িলা ত নন্দঘোষ রাজকর লইয়া॥ শ্রী. বি ১২
ঘৃত দধি ঘোল দুধ শকটে পূরিঞা।
লড়িলা প্রভাতে সর্ভে রাজকর লঞা॥ গো. বি ৪০

তবে আসি কংসরাজা বসুদেব আনি।
বন্দি ছোড়াইয়া তারে বলে প্রিয় বানি॥ শ্রী. বি ৪৫
তবে কংস বসুদেব দৈবকীরে আনি।
বন্দি ছোড়াইঞা কিছু বৈল প্রিঅ বাণী॥ গো. বি ৩৮

আস্তব্যস্তে নন্দ ঘোষ পুত্র কৈল কোলে।
কি হৈল কি হৈল বলে সকল গোকুলে॥ শ্রী. বি ৫০
অস্তব্যস্তে নন্দ আসি পুত্র কৈল কোলে।
রাক্ষসী দেখিঞা বোলে কি হইল কি হইল॥ গো. বি ৪২

আচম্বিতে দেখি কানাঞি কদম্বের গাছে। শ্রী বি ৩২
অচম্বিতে কৃষ্ণ দেখে কদম্বের ডালে। গো. বি ১০৬

তথাইত শ্রীহরি গলা চাপি ধরি। শ্রী. বি ৫
তথাঞি শ্রীহরি গলা চাপি ধরি। গো. বি ৪৭

আড় হৈয়া উদুখল লাগিল তথাই। শ্রী বি ৭০
আড় হইঞা উদুখল লাগিলা দুই গাছে। গো. বি ৭১

কেনে হেন সাহস করিলে, দ্বিজনারি। শ্রী. বি ৩৫
কেনে হেন সাহস কইলে অকারণে। গো. বি ১০৯

বাম পার্শ্বে রাধিকা, দক্ষিণে চন্দ্রাবলী। শ্রী. বি ৪৯
কৃষ্ণের ডাহিনে বামে রাধা চন্দ্রাবলী। গো. বি ২১৬

## বাক্যাংশগত মিল

আলাইল কেশপাশ ঘনে বহে নিঃশ্বাস। গো. বি ৬৮
অত্যন্ত রাতুল মুখ আলাইল চুলি।. শ্রী. বি ৫১
আউলাইল কুন্তল মোর সত্বর গমনে। শ্রী. কী ২৪৪

গোহারি করিতে জেবা জাএ রাজার ঠাই। গো. বি ৫৮
রুষ্ট হৈয়া তুমি যদি করিবে গোহারি। শ্রী. বি ৩৩
রাজা-আগেঁ করিবোঁ গোহারী। শ্রী. কী ৬৫

জতেক বিনতি করি নাহি কাঢ়ে রাএ। গো. বি ১৭৩
বিপরীত রাও কাড়ে রাক্ষসী দারুণী শ্রী. বি ১২
শেষ পহর রাতী কুয়িলী কাঢ়ে রাএ শ্রী. কী ১৪৪

ঘামে তোলবোল সব গাএ গো. বি ৬৮
তে কারণে দেহ মোর ঘামে তোলবলে শ্রী. কী ১৯৬

নন্দ ঘোষ চাহি সভেঁ বুলে ঠাঞি ঠাঞি গো. বি ১১৭
কৃষ্ণকে চাহিয়া বুলে সব গোপীগণে শ্রী. বি ৪৫
বাপ নান্দ ঘোষ চাহিআঁ বুলে শ্রী. কী ১০৮

গাছে উঠি বাএ কৃষ্ণ মনোহর বাঁশী গো. বি ৮১
বৃন্দাবনে বংশী বায়ে নন্দের তনয়ে শ্রী. বি ৩২
কে না বাঁশী বাএ বড়ায়ি চিত্তের হরিষে শ্রী. কী ২৯৪

ইহা বুলি আনন্দে মেলানি দিল নন্দে গো. বি ৪১
এত শুনি মেলানি দিল নন্দ মহাশয় শ্রী. বি ১২
তখনে রাধাক দিল মেলানী শ্রী. কী ২৯২

তাহে কৃষ্ণের কপটে বান্ধিতে দড়ি না আটে গো. বি ৬৮
যত দড়ি আনে দুই অঙ্গুলি না আঁটে শ্রী. বি ১৬

তথাঞি শ্রীহরি গলা চাপি ধরি গো. বি ৪৭
তথাইত শ্রীহরি গলা চাপি ধরি শ্রী. বি ৫৭ ( ক. বি )

কিবা ইন্দ্রজাল কিবা দেখিল স্বপনে গো. বি ৫৬
কীবা ইন্দ্রজাল কীবা কৃষ্ণের কারণ শ্রী. বি ৬৫

গোকুলে পড়িঞাছে ছঅ ক্রোশ জুড়ি গো. বি ৪২
পড়িল পুতনা পথ ছয় কোস জুড়ি শ্রী. বি ৫০

## শব্দগত মিল

টুটয়ে, টুটে = হ্রাস হয়

উথি কলা টুটে ইথি নিতি বাঢ়ে কলা শ্রী. বি ২:৪
প্রধান নারীর প্রেম না টুটয়ে মহাজন শ্রী. বি ১৬৮
ভাণ্ড মাথে ষোল পন কড়াহো নাহিঁ টুটে শ্রী. কী ৭৭

ঢামালী = হাস-পরিহাস

পথে পরনারী-সঙ্গে পাঢ়এ ঢামালী গো. বি ৫৭
যতেক গোকুল-নারী কৌতুকে ঢামালি করি শ্রী. বি ১৩
মোরে কেহ্নে বোলএ ধামালী শ্রী. কী ৩৫

√পাত্ = √কর্

পাতিআ অশেষ মাআ বুলে ঘরে ঘরে গো. বি ৪১
ঘরে ঘরে বুলে সেই পাতি নানা ছলা শ্রী. বি ১২
কত না পাতসি মায়া শ্রী. কী ১০১

পিরীতি = প্রীতি, সন্তোষ

এতেকে জানিল কৃষ্ণ পিরিতে সে পাই গো. বি ২৯০
দেখ তাহে পিরিতে রসের পরিণামে " ৩১৪
কেবল পিরিতে বশ দেব নারাঅণে " ৫৫
পিরিতে থাকিলে মনে দুরে নহে দুর " ১১০

অতিথির সুখে আমার বড়ই পিরীতি শ্রী. বি ২০০
বারেক কাহ্নের মোর করাহ পিরিতী শ্রী. কী ২৭৯

ইহা স্মরণীয়, গোপালবিজয়ে 'পিরিতি' শব্দ অপেক্ষাকৃত অর্বাচীন যুগের বৈষ্ণব সাহিত্যে ব্যবহৃত প্রচলিত নরনারীর প্রেম অর্থে পাওয়া যায় না। এই বিষয়ে শ্রীকৃষ্ণ-বিজয়, শ্রীকৃষ্ণকীর্তন, কৃত্তিবাসের অযোধ্যা ও উত্তর কাণ্ড ইত্যাদি প্রাচীন গ্রন্থের সহিত গোপালবিজয়ের সাদৃশ্য আছে[১]।

√বাস্‌—অনুভব করা

তে কারণে আপনা না বাসি তোহ্মা স্মরি গো. বি ১৬৯
দৈবকীর সাত মাস গর্ভের পাইঞাঁ বাস " ২৫
শতযুগাধিক বাসি সকল সুন্দরী শ্রী. বি ৪৭
এ বোল বুলিতেঁ কাহ্নাঞিঁ মুখে লাজ বাস শ্রী. কী ৯৫

ডাকর=বড়

কাঁচা পাকা ডাকর পাইএ সর্বকালে গো. বি ২০৬
দুই যোজন হয় বকের শরীর ডাগর শ্রী. বি ২০
ডাকর ডালিম দুই কুচে শ্রী. কী ৩৪

√পুর্‌—শব্দ করা

তখনে পুরিল কৃষ্ণ তেঅজ মুরলী গো. বি ১৯৯
কতি হোঁ কোকিল-পাখী সুস্বর নাদ পূরে শ্রী. বি ২৪
হরিষে পুরিআঁ কাহ্নাঞি তাহাত ওঁকার শ্রী. কী ২৯৩

শ্রীকৃষ্ণবিজয় বা শ্রীকৃষ্ণকীর্তনে নাই, এরূপ বহু প্রাচীন শব্দ গোপালবিজয়ে আছে। নিম্নে কতকগুলি দৃষ্টান্তস্বরূপ প্রদত্ত হইল,—

আউসি[২] ৩২০ (=বিলাসযুক্ত), আলিঞা ১৫৭ (=ত্যাগ করিয়া), উকটিতে ৭২ (=খুঁজিতে), উটাএ ১২১ (=ব্যাকুল হয়), উবরি ৯০ (=হাত ছাড়াইয়া), উলামালি ৩৯ (=ব্যস্তভাবে), কুলি কুলি ২৮৯ (=সঙ্কীর্ণ গলি), উলিপালি ৯৩ (=পর্যায়ক্রমে) ইত্যাদি।

১ রাবণের ধাই প্রহস্ত পাঠাইল পিরীতি (কৃত্তিবাস, উত্তর কাণ্ড, ৩১); দ্র. বি. সা, পৃ ৫৬

২ আরবী শব্দ ?

## ভাষাগত মিল

নির্দেশাত্মক 'খানি' ও 'গুটি' শব্দের প্রয়োগ,—

কংস ঘোরতর কন্যাখানি সে উজলী গো. বি ৩৬
আর একখানি দোষ না লবে আহ্মার " ৭
তোহ্মা হেন গুটে হএ ঘর করে বাপ মাএ " ৮৩
জুয়াচুরি করিয়া কান্দিল কন্যাখানি শ্রী. বি ১০
ছাওয়াল গোটা মারিব—একি বড় কাজ? শ্রী. বি ৫৪
সাত গুটি বিদ্ধ তাত করি আমুপাম শ্রী. কী ২৯৩

বহুবচনে '—রা' বিভক্তি,—

তাহাতে তোহ্মারা ভারি জোবনের ভরে গো. বি ১৮০
তোমরা করহ মনে দেবতা বরিতে শ্রী. বি ১৬০
পুছিল তোহ্মারা কেহ্নে তরাসিল মণে শ্রী. কী ৩২

এই '-রা' বিভক্তি কেবল সর্বনামের মধ্যেই সীমাবদ্ধ, বিশেষ্যের সহিত কখনও প্রযুক্ত হয় নাই।

'-কের' বিভক্ত্যন্ত সম্বন্ধ পদের প্রয়োগ,—

লাখকের হঞাঁ নহি নিখকের মুলে গো. বি ২৭৬
এখন না জাএ ছাড়া কড়াকের মাটী " ১৫৬
দেখি রাম-দামোদর বৎসকের [ বৎসগণ ][1] সঙ্গে শ্রী. বি ৫৭
লক্ষকের বৃন্দাবন মোর ফুল বাড়ী শ্রী. কী ২১৯
তিরীর যৌবন রাতির সপন যেহ্ন নদীকের বাণে " ১০৯

উপরি-উক্ত 'লক্ষকের', 'লাখকের' ও 'নিখকের' পদগুলি '—কের' বিভক্ত্যন্ত নাও হইতে পারে; ইহাদিগকে যথাক্রমে লক্ষক, লাখক ও নিখক শব্দের '—এর' প্রত্যয়নিষ্পন্ন পদও বলা যায়।[2]

ষষ্ঠীর '— কার' বিভক্তি,—

ঘরে হইতে সভাকার আনাই বসনে গো. বি ১০৭
সবিনয়ে সভাকারে বৈল প্রিয় বাণী শ্রী. বি ৮৯
তবেঁ কালসাপ খাইএ আজিকার রাতী শ্রী. কী ৩২২

---

১ দ্র. শ্রী. বি, পৃ ৫৭; বি. সা, পৃ ৫৯

২ বি. সা, পৃ ৫৯

এখানে দ্রষ্টব্য, শ্রীকৃষ্ণবিজয় ও গোপালবিজয়ে '—কার' বিভক্ত্যন্ত সম্বন্ধ পদ পাওয়া যায় সর্বনাম পদে ; শ্রীকৃষ্ণকীর্তনে এই বিভক্তি কালবাচক শব্দের সহিত প্রযুক্ত হইয়াছে[১]।

'—রে' বিভক্ত্যন্ত সম্বন্ধ পদ[২],—

কৃষ্ণ বোলে বুড়ি আই কী দোষ আহ্মারে গো. বি ১৮৭
হেন রূপে নারাঅণ দেখোহোঁ তোহ্মারে „ ৩৩
ত্রিভুবনে দিতে নাই উপমা তাহারে শ্রী. বি ১৪৪
আশে পাশে রক্ষক তাহারে „ ১৪৭
ডালিম সদৃশ তন তোহ্মারে শ্রী. কী ২৪৩
পরাণ অধিক বড়ায়ি বোলোঁ মো তোহ্মারে „ ১৩

নিম্নলিখিত পদগুলি গোপালবিজয়ের ভাষার প্রাচীনত্ব-জ্ঞাপক,—

আহ্মা, তোহ্মারে, আলিসাএ, আত্তারি, ইথি, ইহাসি, আউট, ইবেসি, এতি, কহির, করেন্তু, কমন, কহনে না জাএ, কতি, কীকে, কহন্তি, কিস তরে, খণ্ডনে না জাএ, মোহোর, অবতরিহে[৩] ইত্যাদি।

উক্ত পদগুলির কিছু কিছু শ্রীকৃষ্ণবিজয় ও শ্রীকৃষ্ণকীর্তনে পাওয়া যায়।

কথার মাত্রা হিসাবে পাদপূরক 'ত' ( স্বার্থিক বিভক্তির মতো ),—

দূরেত পোড়াহ গাও পরশে শীতলে গো. বি ১৬৯
বিরহসাগরে-মাঝে মজেত শ্রীহরি „ ১৭১
বড়াই চরণ ধরো কহত স্বরূপে „ ১৭৩
গুপ্তভাবে কৈল বিভা নামেত রোহিণী শ্রী. বি ৭
দেখিয়াত মুনিবরে উঠি কংসরাজা „ „
তথিত উপর শোভে হার মঞ্জরী শ্রী. কী ৫৭
তোহ্মেত ভাগিনা কাহ্ন আহ্মেত মাউলানী „ ৭১
নেত আঞ্চল সে দিআঁত ওহাড়ী „ ১০০

উক্ত পাদপূরক অব্যয় গোপালবিজয়ের ভাষার অন্যতম প্রধান বিশেষত্ব। ইহা ক্রিয়াপদ ও অন্য পদেও নানা ভাবে ব্যবহৃত হইয়াছে।

১ বি. সা ৬০

২ ঐ, পৃ ৬০-১

৩ ভবিষ্যদর্থে প্রথম পুরুষে -হে বিভক্তি বাঙ্গালা সাহিত্যের আদি-মধ্যযুগ অর্থাৎ পঞ্চদশ শতক পর্যন্ত পাওয়া যায় ; পরবর্তী কালে ইহা লুপ্ত হইয়াছে ; দ্র. ও. ডি. বি. এল, পৃ ৯৬৪-৫

প্রাচীনতর ধাতুর প্রয়োগ[১],—

রাজা সচেতন কইল বিবিধবিধানে গো. বি ৩৭
জত কিছু বইল তাহা না লইহ মনে " ৩৮
তিরিজাতি পুতনা মইল বিষজালে " ৪৬
সে মোরে গোপিনী মাইল কটাক্ষের বাণে " ১৩৩
ভাই দেখি কৃষ্ণ কিছু না বইল লাজে শ্রী. বি ১৪৩
হাড়-গোড় চূর্ণ হইল, মইল অসুরে " ২৫
তোহ্মে নানারূপে কইলেঁ আসুরের খএ শ্রী. কী ১
একেঁ একেঁ মাইল ছয় গর্ত্ত দৈবকীর " ৩

উত্তম পুরুষের ক্রিয়ায় পড়হুঁ, কহিঙু, করিঙু ইত্যাদি প্রাচীনত্বসূচক পদের প্রয়োগ,[২]

হের চাহ সুন্দরী মো পড়হুঁ তোর পাএ গো. বি ১৩০
ভাল বন লক্ষ্যে সভে করিঙু বসতি " ৭৫
আর হেন গুপতে কহিঙু একু বোলে " ৯০
না লইহ মোর দোষ পড়হুঁ চরণে শ্রী. বি ১১
চরণে পড়োঁ। দূতী আণী দেহ প্রাণপতী শ্রী. কী ৩৮৫

উত্তম পুরুষের ন্যায় প্রথম পুরুষের ভবিষ্যতের রূপ। ইহা প্রাচীনত্বসূচক,[৩]—

শাস্ত্রের মরম কত জানিব মুরুখে গো. বি ৬
পণ্ডিত জনের হব বিরল প্রচার " "
শুনিয়া নিষ্পাপ হব সকল সংসার শ্রী. বি ২
পাপ দুঠ কংসে তাক সবই মারিব শ্রী. কী ৩

ই-কারান্ত ধাতুর অতীত কালের ব্যবহার,[৪]—

বনে জবে একটি মধুর ফল পাই।
জত শিশু লখে ততখানি করি খাই॥ গো. বি ৩১৫
দুরে হইতে জবে চাহিল কানাঞি।
দুখ পাসরিঞা জশো আনন্দ মনে পাই॥ " ৬০

---

১ বি. সা, পৃ ৬১
২ ঐ ৬২
৩ ঐ, ঐ
৪ ঐ. ঐ

আসিয়া ধেনুক বলাইর গলা চাপি ধরি।
ক্রোধে বলদেব তারে এক লাথি মারি॥ শ্রী. বি ২৫
তবে কতকালে গোকুলে দেব শ্রীহরি।
ধরিয়া মানুষ-রূপ বাল্য-ক্রীড়া করি॥ „ ১৬

'ল' বা 'ইল' প্রত্যয়ান্ত বিশেষণ,—

ভুখিল ভ্রমর জেন মধু নাহি ছাড়ে গো. বি ২২৮
আউলাইল কেশপাশ রহিঞাঁ না বান্ধে „ ২৯৩
চালিল সাপিনী জেন মন্ত্র নাহি শুনে „ ২২৫
ভাঙ্গিল শকটখান গড়াগড়ি জাএ „ ৪৫
উপজিল পুত্র নিল কংস-বরাবরে শ্রী. বি ৭
তাহাত মজিল চিত না জাএ ধরণ শ্রী. কী ৩০৪

এইরূপ বিশেষণ পদ চর্যাগীতিতে অনেক পাওয়া যায়।

তুমর্থভাববচন,—

কটাক্ষে মুনির মন হরিবাকে[১] পারে গো. বি ৪১
অবলা পরাণে কত সহিবাক পারি „ ২৪৫
দেব-ভিন্ন কেহ কারে না পারে দিবাকে শ্রী. বি ১৬১
আষোড় ষোড়ন আহ্মে করিবাক পারী শ্রী. কী ১৪
পরাণ দিবাক পারোঁ তোহ্মার বচনে „ „

'—হে' বিভক্ত্যন্ত ক্রিয়াপদ[২]—

রাম কৃষ্ণ দুহে না বুলিহে এক ঠাই গো. বি ১৪৯
নালিহে [না লইবে][৩] স্বামী মোর সেই ভাল হইল শ্রী. বি ৩৫
যবেঁ তোরে মারিহে পরাণ শ্রী. কী ৬৫
পাছে কাহ্নাঞিঁ মোকে না দিহে দোষে „ ১০০

বিশেষ উল্লেখযোগ্য, এই ক্রিয়াপদগুলি ভবিষ্যৎকালের অর্থ প্রকাশ করে নাই[৪]। ভাববচন পদের সহিত '√যা' ধাতুর পদ দিয়া যৌগিক কর্মভাববাচ্য-গঠন,[৫] —

---

১ তু. 'কেড়ুআল নাহি কেঁ কি বাহবকে পারঅ' দ্রষ্টব্য চ. প, পৃ ৫৬; বি. সা, পৃ ৬৪
২ বি. সা, পৃ ৬৫
৩ শ্রী. বি, পৃ ৩৫, বি. সা, পৃ ৬৫
৪ দ্র. ও. ডি. বি. এল. পৃ ৯৬৪-৫
৫ ভা. ই, পৃ ১৩০-১

অগ্নির জতেক দুখ কহনে না জাএ গো. বি ৯
বিধির লিখন কভোঁ খণ্ডনে না জাএ „ ১৪
তা দেখি মাএর সুখ ধরণে না জাএ „ ৫৫
অ প্রাণ ধরণ না জাএ সুন্দরি রাধে শ্রী. কী ৩২৩

এইরূপ প্রয়োগ গোপালবিজয়ে অনেক, কিন্তু শ্রীকৃষ্ণবিজয়ে নাই

## সাহিত্যিক মূল্যাঙ্কন

### ॥ গ্রন্থরচনার প্রয়োজনীয়তা ॥

বাঙ্গালা দেশে ধর্মঠাকুর, চণ্ডী, মনসা প্রভৃতি দেবদেবী ও বিকৃত বৌদ্ধধর্মের প্রভাবে ভক্তিধর্ম মন্দীভূত হওয়ায় ধর্মানুষ্ঠান প্রায়ই কামনামূলক হইয়া পড়িয়াছিল। এই সময় বাঙালীর নৈতিক হীনতারও সবিশেষ পরিচয় পাওয়া যায়। বৈদিক যুগের পরবর্তী পৌরাণিক যুগে যুগধর্মের এবং তন্ত্রশাস্ত্রবিহিত তান্ত্রিক ধর্মের বিকৃতিতে সমাজ প্রচলিত ধর্মানুষ্ঠান হইতে পরিভ্রষ্ট হয়। দেবমন্দিরাদিও এই দুর্নীতির পরিণামে অপবিত্র হইয়া পড়ে। শারদীয়া পূজায় শাবরোৎসব, বসন্তে হোলক, চৈত্রমাসে কামমহোৎসব ইত্যাদি ইহার প্রমাণ। গ্রন্থেও ইহা বিশেষ স্থান লাভ করিয়াছিল; আর্য্যাসপ্তশতী, পবনদূত ইত্যাদি তাহার পরিচায়ক[১]। সমাজের এইরূপ অধঃপতনের অবস্থায় ভগবান শ্রীকৃষ্ণকে উপাস্য দেবতারূপে প্রতিষ্ঠিত করিয়া বাঙ্গালা দেশে উন্নত ভক্তিধর্মের প্রচার অত্যাবশ্যক মনে হয় এবং এই কারণে গোপালবিজয়কার সেকালের ধর্মের ও সমাজের অধোগতি হেতু শ্রীকৃষ্ণের সর্বেশ্বরত্বের প্রতিষ্ঠার জন্য সচেষ্ট হইয়াছিলেন। গোপালবিজয়ের বিষয়বিশেষে ইহার পরিচয় আছে।

আলোচ্য কাব্যের তিনটি বিষয়— প্রেমধর্ম, বীরধর্ম ও ভক্তিধর্ম। শ্রীকৃষ্ণের বৃন্দাবনলীলায় মাধুর্যে প্রেমধর্ম, কংসাদি অসুরনিধনে বীরধর্ম এবং শ্রীকৃষ্ণচরণে অক্রূরাদি ভক্তের আত্মনিবেদনে ভক্তিধর্ম পরিস্ফুট। কাব্যকার স্বীয় গ্রন্থে উক্ত বিষয়গুলি বিবৃত করিলেও বীরধর্মের কথাই গ্রন্থে বিশেষভাবে স্থান লাভ করিয়াছে। হীনবীর্য বাঙালীকে বীরধর্মে উৎসাহদান-বিষয়েও কবির ইঙ্গিত থাকা অসম্ভব নয়।

ভাগবতের আলোচনীয় ঘটনাবলী জনসাধারণের শ্রুতিরোচক করিয়া কবি স্বীয় গ্রন্থ

---

১ বা. ই. পৃ ৫২৬, ৭৫২

গোপালবিজয়ে বিবৃত করিয়াছেন। জনসাধারণের প্রতিই কবির লক্ষ্য; যে জনমণ্ডলী সেরূপ শিক্ষাপ্রাপ্ত নহে বা সংস্কৃতশাস্ত্রে যাহাদের তেমন অধিকার নাই, তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়াই কবি গ্রন্থ রচনা করিয়াছেন; সুতরাং ভাগবতের তাত্ত্বিক অংশ এই গ্রন্থে বর্জিত হইয়াছে। সরলচিত্ত জনসাধারণের শ্রীকৃষ্ণ-সম্বন্ধে যে বিরাটত্বের ধারণা, তাহারই প্রকাশ ঘটিয়াছে গ্রন্থের সর্বত্র; সাধারণ জনমণ্ডলীর অনধিগম্য কোনো বিষয় এই গ্রন্থে নাই। সেকালে ধনীর গৃহে ভাগবতাদি গ্রন্থ-পাঠের ব্যবস্থা হইলেও সাধারণ জনের পক্ষে তাহা অনধিগম্যই ছিল। সমাজের এই অবস্থার প্রতি লক্ষ্য রাখিয়াই কবি সহজ বাঙ্গালা ভাষায় গোপালবিজয় রচনা করিয়া সাধারণ জনসমাজের ইহা সহজাধিগম্য করিয়াছেন[১]। জনসাধারণ ভক্তিনম্রচিত্তে ইহা গ্রহণ করিত এবং সমস্তই শ্রীকৃষ্ণের লীলা মনে করিয়া কোনো বিচারবিশ্লেষণের প্রয়োজন মনে করিত না। ইহা লোকসাহিত্যেরই অন্তর্গত।

## ॥ পৌরাণিক ও লৌকিক ধারার সংমিশ্রণ ॥

গোপালবিজয় পাঁচালি[২]-কাব্য। বাঙ্গালা সাহিত্যের তিনটি পুরাতন ধারা পাওয়া যায়—পদাবলী, পাঁচালি ও সন্দর্ভ। পদাবলী গেয় গীতিকবিতা; পাঁচালি, পঞ্চালী বা পঞ্চালিকা গাথাকাব্য; ইহাও গান করা হইত; সন্দর্ভ পাঠ্য কাব্য। প্রথম স্তরের প্রথম গীতিকবিতা চর্যাগীতি-পদাবলী; দ্বিতীয় স্তরের কাব্য শ্রীরাম-পাঁচালি, শ্রীকৃষ্ণবিজয়, শ্রীকৃষ্ণকীর্তন, মনসাবিজয় ইত্যাদি পাঁচালিকাব্য এবং শেষোক্ত স্তরের প্রথম পাঠ্য কাব্য চৈতন্যচরিতামৃত[৩]। গোপালবিজয় উক্ত দ্বিতীয় স্তরের পাঁচালি গাথাকাব্য। ইহা নানা রাগ-রাগিণীতে[৪] গান করা হইত। কি রাগে গাহিতে হইবে তাহারও নির্দেশ আছে। গৌরী, ধানশী, কানড়া, বরাড়ী, আহের, শ্রী, সুহই, কেদার, ললিত, বাঙ্গাল-বরাড়ী পুরবী, বসন্ত, গুঞ্জরী, কর্ণাট, পাহিড়া, তুড়ী, গান্ধার, মন্দার, মল্লার, মালব, মালশী, সারঙ্গ, পটমঞ্জরী—এই কয়টি রাগরাগিণীর উল্লেখ গোপালবিজয়ে পাওয়া যায়।

পাঁচালিকাব্যের বিষয় দেবকথামূলক ও ভক্তিরসাশ্রিত; কিন্তু আলাওলের পদ্মাবতী-পাঁচালি, ভারতচন্দ্র-রামপ্রসাদের বিদ্যাসুন্দর-পাঁচালি ইত্যাদি আদিরসাত্মক পাঁচালি কাব্যেরও নমুনা আছে। লৌকিক অর্থাৎ দেশীয় কাহিনীর অনুসরণে রচিত পাঁচালি

১ এই বিষয়ে কবির উক্তি দ্রষ্টব্য গো. বি, পৃ ৬-৭

২ ইহার অর্থ-সম্বন্ধে দ্রষ্টব্য ম. বা. বা, পৃ ৪৮

৩ বা. সা. ই, পৃ ৮৪

৪ পুঁথিতে রাগিণীগুলিও 'রাগ' নামে অভিহিত হইয়াছে

কাব্যের মধ্যে পড়ে মনসার পাঁচালি, ধর্মঠাকুরের পাঁচালি ইত্যাদি। সংস্কৃত পুরাণের অনুবাদে যে কাব্য রচিত, তাহাই দেববিষয়ক ও ভক্তিরসাশ্রিত পাঁচালি কাব্য[১]। শ্রীকৃষ্ণবিজয়, শ্রীকৃষ্ণমঙ্গল ইত্যাদি কাব্যগ্রন্থ ইহার নিদর্শন। আমাদের আলোচ্য কাব্যখানি উক্ত ধারারই একটি শাখা; কিন্তু শ্রীকৃষ্ণবিজয়াদি পাঁচালি কাব্যের সহিত গোপালবিজয়ের বিশেষ পার্থক্য এই যে ইহাতে পৌরাণিক ও লৌকিক উভয় ধারার সংমিশ্রণ ঘটিয়াছে। ইহার পৌরাণিক অংশে দেখা যায় হরিবংশ, বিষ্ণুপুরাণ, ভাগবত ইত্যাদি গ্রন্থের অনুসরণ এবং লৌকিক অংশে আছে বাঙ্গালাদেশে পূর্বাপরপ্রচলিত রাধাকৃষ্ণলীলা-কাহিনীর বর্ণনা। যে-প্রণালীতে শ্রীকৃষ্ণবিজয় ও শ্রীকৃষ্ণকীর্তন রচিত, কবিশেখরের গোপালবিজয় ঠিক সেই প্রকারে লিখিত হয় নাই। পৌরাণিক অংশেও কবি হুবহু পুরাণের অনুসরণ করেন নাই। পুরাণবহির্ভূত নানা বিবরণ ও বর্ণনা গোপালবিজয়ের অন্যতম প্রধান বৈশিষ্ট্য। এ-বিষয়ের আলোচনা যথাস্থানে দ্রষ্টব্য।

শ্রীকৃষ্ণবিজয় ভাগবতের দশম ও একাদশ স্কন্ধের ভাবাবলম্বনে রচিত; মুদ্রিত গ্রন্থে দানলীলা ও নৌকালীলা না থাকিলেও শ্রীকৃষ্ণবিজয়ের কোনো কোনো পুঁথিতে ঐ দুই খণ্ড পাওয়া যায়। সাধারণতঃ ধারণা, উক্ত কাহিনীদ্বয় শ্রীকৃষ্ণবিজয়ে প্রক্ষিপ্ত[২]; কিন্তু বক্তব্য এই, ভিন্ন ভিন্ন স্থানের ভিন্ন ভিন্ন পুঁথিতে উক্ত অপৌরাণিক অংশ গ্রন্থে অন্তর্ভুক্ত থাকিলে উহা গায়ক বা লিপিকরের প্রক্ষিপ্ত বলা যায় না[৩]; কারণ উহা বাঙ্গালাদেশে স্মরণাতীত কাল হইতে লোকমুখে চলিয়া আসিতেছে। এখনও গ্রামের ভক্তবৃন্দ ভবনদী-পারকর্তা শ্রীকৃষ্ণের স্মরণপূর্বক গভীরতম ভক্তিতে তন্ময় হইয়া যায়। বীরভূম জেলায় 'ঘুড়িষা' নামক গ্রামে (ইলামবাজার থানার সন্নিকট) একটি প্রাচীন মন্দির আছে; ইহার অধিদেবতা শ্রীকৃষ্ণ। মূর্তির বৈশিষ্ট্য এই, শ্রীকৃষ্ণ নাবিকবেশী এবং নৌকায় অধিষ্ঠিত। সুতরাং শ্রীকৃষ্ণের এইরূপ মূর্তি এবং নানা লৌকিক কাহিনী, ছড়া ইত্যাদি[৪] বিদ্যমান থাকিলে তাহার গুরুত্ব অবশ্য স্বীকার্য; কারণ সংস্কৃত পৌরাণিক কাহিনী অপেক্ষা প্রাচীনতর কাহিনী প্রাদেশিক

১ বা সা. ই, পৃ ৮৪

২ ঐ, পৃ ১০৭

৩ প্রসঙ্গতঃ কবিকঙ্কণ মুকুন্দরাম-রচিত দামুন্যাপ্রশস্তিমূলক দ্বিতীয় আত্মকাহিনী স্মরণীয়। ইহা সকল পুঁথিতে না মিলিলেও একাধিক পুঁথিতে আবিষ্কৃত হইয়াছে। এই আবিষ্কার হইতেই সপ্রমাণ হয় যে এই অংশ স্বয়ং কবিরই রচনা, পরবর্তী কালের প্রক্ষেপ বলা চলে না।

৪ দ্র. বেউর বাঁশের বাঁকখানি নীল পাটের শিকে।
কিষ্টোর কাঁধেতে দিয়ে চলিছে রাধিকে।
—বিশ্বভারতী-সংগৃহীত অপ্রকাশিত ছড়াসংগ্রহ হইতে গৃহীত।

ভাষার অন্তরালে আত্মগোপন করিয়া আছে[১]। সুতরাং মনে হয়, গোপালবিজয়ের মতো শ্রীকৃষ্ণবিজয়েও দান ও নৌকা লীলা ছিল। ইহা সুবিদিত, স্বয়ং চৈতন্যদেব চণ্ডীদাসাদি-বিরচিত পদ শুনিয়া অতিশয় প্রেমাকুল হইতেন[২] এবং তিনি দানলীলার অভিনয়ও করিয়াছিলেন[৩]। প্রাকৃতরস ইহার মুখ্য বিষয় হইলে চৈতন্যদেবের অনুরক্তির কোনো কারণ থাকিত না; সুতরাং ইহা নিশ্চিত, তিনি উক্ত লীলায় ভক্তিরসেরই আস্বাদন পাইয়াছিলেন। গোপালবিজয়ের কাব্যাংশে উক্ত লৌকিক কাহিনীর সংযোজনে গ্রন্থখানির বিশিষ্টতা বৃদ্ধি পাইয়াছে। লৌকিক মানসক্ষেত্রে যে ভক্তিরসধারা প্রবাহিত, তাহার মূল্য সামান্য নহে; প্রাকৃত জন সংস্কৃত ভাগবতাদি গ্রন্থের মধ্যে অনুপ্রবিষ্ট হইতে না পারিয়া ভক্তিরস-আস্বাদনে অসমর্থ; তাই লৌকিক কাহিনীই তাহাদের আশ্রয় করিতে হইয়াছে সেই ভক্তিধারাকে প্রবহমান রাখিতে[৪]। গোপালবিজয়কার রাধাকৃষ্ণের মধুরলীলা[৫] কাব্যগ্রন্থে সংযোজিত করিয়া দেশের বৃহত্তর জনসমাজের আকাঙ্ক্ষা চরিতার্থ করিয়াছেন। এই হিসাবে বাঙ্গালা সাহিত্যে গোপালবিজয়ের একটি বিশেষ স্থান আছে। অপৌরাণিক লৌকিক কাহিনী কাব্যে সন্নিবেশিত করার হেতুও গ্রন্থকর্তা প্রদর্শন করিয়াছেন,—

কি কহিব আর জত অংশ-অবতারে।
দুষ্ট মারি সৃষ্টি রাখিল বারে বারে॥
সে সব প্রভুর জদি অবতার হএ।
তা সব বন্নিতে তনু মন নাহি লএ॥
একু গোপরূপে জত করিল বিলাস।
তাহাই কহিতে মনে অধিক উল্লাস[৬]॥…
আর একখানি দোষ না লবে আম্মার।
পুরাণের অতিরেক লেখিব আপার॥ পৃ ৬-৭

১ সা. প. প, ৫৬ বর্ষ (১ম ও ২য় সংখ্যা), পৃ ৪৮
২ চৈ. চ, ২।২।৬৬; ২।১০।১১৩; সা. প. প (১৩৬০), পৃ ৪৩
৩ প্রা. ব. সা, পৃ ২১৬
৪ সেকালে লৌকিক আখ্যান ধর্মসাহিত্যেরই অঙ্গ ছিল; দ্র. ই. বা. সা, পৃ ৫; সা. প, পৃ ৯৬
৫ এ-বিষয়ে মনোমোহন ঘোষ মহাশয়ের মন্তব্য,—কবিশেখর বড়ু চণ্ডীদাসের ন্যায় আদিরসকেই মুখ্য স্থান দিয়াছেন; কিন্তু রসের অবতারণায় কোথাও তিনি শ্রীকৃষ্ণকীর্তনের মতো বাড়াবাড়ি করেন নাই। দ্র. বা. সা, পৃ ১১৮
৬ তু. গীতগোবিন্দ—যদি হরিস্মরণে সরসং মনো যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং শৃণু তদা জয়দেবসরস্বতীম্॥

কবিশেখর সংস্কৃতেও কাব্যরচনা করিয়াছিলেন ; গোপালচরিত মহাকাব্য ও গোপীনাথ-বিজয় নাটক—এই গ্রন্থদ্বয় ইহার পরিচায়ক[১]। গোপালবিজয়ে জানা যায়, সংস্কৃতগ্রন্থ-রচনায় তাঁহার কবিমানস পরিতৃপ্ত হয় নাই[২] ; ইহার কারণ, প্রাকৃত জন সংস্কৃতে রচিত গ্রন্থের রসাস্বাদনে অসমর্থ ; সুতরাং গ্রন্থরচনার অন্যতম মুখ্য উদ্দেশ্য একেবারেই ব্যর্থ ; দ্বিতীয়তঃ, উক্ত গ্রন্থদ্বয়ে পুরাণ-অন্তর্গত বিষয় ভিন্ন লৌকিক আখ্যান অর্থাৎ শ্রীকৃষ্ণের বৃন্দাবনলীলা স্থান পায় নাই, মনে হয় ; পক্ষান্তরে, উক্ত লীলারস-আস্বাদনেই সাধারণ জনমণ্ডলী সমুৎসুক ; এই হেতু কবি তাঁহার অন্যতম গ্রন্থ গোপালবিজয়ে পৌরাণিক বিষয়ের সহিত উক্ত লৌকিক আখ্যানের সংযোগসাধন করিয়াছেন। এইরূপে পৌরাণিক ও লৌকিক বিষয়ের সংমিশ্রণে আলোচ্য গ্রন্থ রচিত।

বাৎসল্যাদিরস-বিষয়ক কৃষ্ণলীলা এবং মাধুর্যমূলক ব্রজলীলা কৃষ্ণেরই বিষয়াবলম্বনে রচিত। সংস্কৃতে রচিত কৃষ্ণলীলা আস্বাদন করিত সাধারণতঃ সমাজের উচ্চতর অর্থাৎ সংস্কৃতাভিজ্ঞ জনগণ, আর নিম্নশ্রেণীর সমাজ কৃষ্ণের ব্রজলীলার মাধ্যমে ভক্তিবিমিশ্র সাহিত্যরস উপভোগ করিত। কানু, রাই, আয়ান ইত্যাদি নামগুলি অপভ্রংশের মধ্য দিয়াই আসিয়াছে। সুতরাং ইহা নিশ্চিত অনুমেয়, দানখণ্ড-নৌকাখণ্ড ইত্যাদি ব্রজলীলা-বিষয়ক কাহিনী প্রাকৃত অপভ্রংশের মধ্যে আত্মগোপন করিয়াছিল[৩]। কেহ কেহ মনে করিতে পারেন, কৃষ্ণের ব্রজলীলা-বিষয়ক কাহিনী অতিশয় গ্রাম্য। ইহার উত্তরে বক্তব্য, ভাগবত হইতে গীতগোবিন্দ পর্যন্ত অনেক বৈষ্ণব গ্রন্থে আদিরসের অল্পবিস্তর বর্ণনা আছে[৪]। অধুনা ইহা রুচিসম্মত না হইলেও পূর্বে দূষণীয় বলিয়া গণ্য হইত না। শিল্পেও যে ইহার নিদর্শন ছিল তাহার পরিচয় পাওয়া যায় প্রাচীন নানা মন্দিরের গাত্রে। গোপালবিজয়েও সেই প্রাচীন ধারাই বহমান।

পূর্বেই বলিয়াছি, শ্রীকৃষ্ণলীলা-বিষয়ক প্রাচীনতম প্রথম বাঙ্গালা গ্রন্থ শ্রীকৃষ্ণবিজয় ভাগবতের ভাবাবলম্বনে রচিত ; কিন্তু দ্বিতীয় গ্রন্থ শ্রীকৃষ্ণকীর্তনের রচনা অন্যপ্রকার। ইহাতে পূর্বাপর একমাত্র আদিরসের বর্ণনাহেতু শ্রীকৃষ্ণের অন্যান্য মাহাত্ম্য তাদৃশ পরিস্ফুট নহে ; পক্ষান্তরে, গোপালবিজয়ে নানা ঐশ্বর্যের মধ্যে শ্রীকৃষ্ণের পূর্ণ মাহাত্ম্য পরিলক্ষিত। যিনি নানা অসুর-বধে স্বীয় অসীম শক্তিমত্তার পরিচয় দিয়াছিলেন, গোবর্ধনধারণে যাঁহার অলৌকিক শক্তিতে দেবরাজ ইন্দ্র পরাজিত ও বিমূঢ়, যিনি মহাসুর কংসকে অবলীলাক্রমে সংহার করিয়া পৃথিবীর ক্লেশভার অপনীত করিয়াছিলেন, গোকুলবাসীর সর্বদা কল্যাণসাধন-

১ বা. সা. ই, পৃ ২১৪ ২ গো. বি, পৃ ৭

৩ বা. সা. ই, পৃ ৬৫ ৪ প্রা. ব. সা, পৃ ১৯৩

হেতু যাঁহার যশ সর্বত্র পরিব্যাপ্ত, যাঁহার অঙ্গ-প্রত্যঙ্গ অপরূপ শ্রীমণ্ডিত, জ্ঞানে ও বৈরাগ্যে যিনি অদ্বিতীয়, সেই ষড়ৈশ্বর্যবান্ শ্রীকৃষ্ণের পরিচয়প্রাপ্তি শ্রীকৃষ্ণকীর্তন-পাঠে দুর্লভ; পক্ষান্তরে, গোপালবিজয়ে কৃষ্ণের সমস্ত ঐশ্বর্যই বিস্তৃততর-রূপে বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণ-কীর্তনে শ্রীকৃষ্ণের কার্যকলাপে সাধারণ মানুষের পক্ষে ভক্তি জাগরিত করা ক্লেশসাধ্য; কিন্তু গোপালবিজয়ে শ্রীকৃষ্ণের চরিতশ্রবণে যুগপৎ স্নেহ, প্রীতি ও ভক্তির উদ্রেক হয়। ইহার অন্যতম দুইটি অংশ দানখণ্ড-নৌকাখণ্ডে আদিরসের প্রাধান্যেও শ্রীকৃষ্ণকীর্তনের মতো কৃষ্ণের উচ্ছৃঙ্খল কার্যের পরিচয় পাওয়া যায় না; অধিকন্তু সেখানেও কৃষ্ণ বিচারবুদ্ধিপরায়ণ ও সংযত। সংক্ষেপে, শ্রীকৃষ্ণকীর্তন মূলতঃ আদিরসাত্মক; গোপালবিজয় অংশতঃ শৃঙ্গাররসাশ্রিত হইলেও দাস্যসৌখ্যবাৎসল্যবীরাদি রসের সমন্বয়ে কাব্যের সম্যক্ পরিপুষ্টি ঘটিয়াছে। নন্দযশোদার বাৎসল্য, রাখালবালকগণের সৌখ্য, অক্রূরাদিসেবকের দাস্য, এবং গোপীগণের প্রেমভক্তি রসের সন্ধান গ্রন্থে থাকিলেও করুণরৌদ্রবীরাদি রসের পরিচয়ও যথেষ্ট। গোপালবিজয় সাহিত্য হিসাবে এক সময়ে বাঙ্গালা দেশে যথেষ্ট খ্যাতি অর্জন করিয়াছিল, তাহার প্রমাণ গ্রন্থখানির অসংখ্য পুঁথি-প্রাপ্তিতে; কিন্তু শ্রীকৃষ্ণকীর্তনের একখানি ভিন্ন দ্বিতীয় পুঁথি পাওয়া যায় নাই।

পূর্বেই বলিয়াছি, শ্রীকৃষ্ণের মধুরলীলা বাঙ্গালা দেশে আবহমানকাল চলিয়া আসিতেছে; কিন্তু শুধু এই কথায় বিষয়ের জটিলতা থাকিয়া যায়; সুতরাং বিস্তৃততররূপে ইহার কিছু আলোচনার প্রয়োজনীয়তা আছে; নিম্নে তাহার পরিচয় পাওয়া যাইবে,—

শ্রীকৃষ্ণের মধুরলীলার সংবাদ ঋগ্‌বেদে সেভাবে না পাওয়া গেলেও গোপী ও রাধা শব্দের ইঙ্গিত পাওয়া যায় নিম্নোক্ত সূক্তে,—

'ইহ ত্বা গোপরীণসা মহে মন্দন্তু রাধসে সরো গৌরো যথা পিব।' ঋগ্‌বেদসংহিতা, ৮।৪৫।২৪ ( পৃ ৭৫৬ )

অথর্ববেদে (১৯।৭।৩) রাধা বিশাখানক্ষত্রেরই অপর নাম,—

'রাধে বিশাখে সুহবানুরাধা জ্যেষ্ঠা সুনক্ষত্রমরিষ্ট মূলম্।'

বিশাখাদ্বয় অর্থাৎ রাধা ও অনুরাধাকে নক্ষত্রসমূহের অধিপত্নী এবং জগতের মধ্যে শ্রেষ্ঠ গোপী বলা হইয়াছে তৈত্তিরীয় ব্রাহ্মণে ( ৩।১।১।১১ ),—

'নক্ষত্রাণামধিপত্নী বিশাখে। শ্রেষ্ঠাবিন্দ্রাগ্নী ভুবনস্য গোপৌ।'

মনে হয়, ঋক্ ও অথর্ববেদের রাধা নামটি তৈত্তিরীয় ব্রাহ্মণের গোপী শব্দের সঙ্গে একার্থক হইয়া পরবর্তী কালে পুরাণগুলিতে স্থান পাইয়াছে।[১]

১ দ্র. গী. গো, পৃ ১০৭

মহাভারতে পুতনাবধ, গোবর্ধনধারণ,[১] কংসবধ ইত্যাদি বিষয়ের উল্লেখ আছে; কিন্তু রাস বা রাধার প্রসঙ্গ না থাকিলেও কৃষ্ণকে একবার 'গোপীজনপ্রিয়', 'ব্রজনাথার্তিনাশন' বলা হইয়াছে। সভাপর্বে কুরুসভায় লাঞ্ছিতা দ্রৌপদী বিপদ্‌ভঞ্জন শ্রীকৃষ্ণের স্তুতিতে বলিয়াছেন,—

'আকৃষ্যমানে বসনে দ্রৌপদ্যা চিন্তিতো হরিঃ।
গোবিন্দ দ্বারকাবাসিন্ কৃষ্ণ গোপীজনপ্রিয় ॥
কৌরবৈঃ পরিভূতাং মাং কিং ন জানাসি কেশব।
হে নাথ হে রমানাথ ব্রজনাথার্তিনাশন।
কৌরবার্ণবমগ্নাং মামুদ্ধরস্ব জনার্দন[২] ॥

এ-স্থানে 'গোপীজনপ্রিয়' কথায় কৃষ্ণের বৃন্দাবনলীলার কোনো ইঙ্গিত করে কিনা তাহা সুধীগণের বিবেচ্য[৩]।

প্রাচীন পুরাণে শ্রীকৃষ্ণ ও গোপীর প্রসঙ্গ পাওয়া যায়। হরিবংশে[৪] বর্ণিত 'হল্লীসক-ক্রীড়নম্'-এর অর্থ চক্রাকারে নৃত্য[৫]। নীলকণ্ঠ ইহার অর্থ করিয়াছেন, 'চক্রবালৈঃ মণ্ডলৈঃ হল্লীসকক্রীডনম্ একস্য পুংসো বহুভিঃ স্ত্রীভিঃ ক্রীড়নম্ সৈব রাসক্রীড়া[৬]। 'মণ্ডলেন চ যন্নৃত্যং স্ত্রীণাং হল্লীসকং তু তৎ'[৭]-এই অর্থ করিয়াছেন হেমচন্দ্র। এই হল্লীসকক্রীড়ার কারণসম্বন্ধেও হরিবংশে[৮] উল্লেখ আছে,—

শারদীং চ নিশাং রম্যাং মনশ্চক্রে রতিং প্রতি।
স করীষাঙ্গরাগাসু ব্রজরথ্যাসু বীর্যবান্ ॥

পরে, রতিকামী কৃষ্ণ গোপকন্যাগণকে বশে আনিলে, তাহারা পতি, মাতা ও ভ্রাতার নিষেধসত্ত্বেও রাত্রিতে কৃষ্ণের সহিত ক্রীড়া করিল[৯]। এখানে রাধার[১০] নামোল্লেখ না থাকিলেও পরবর্তী কালে ইহা রাধাকৃষ্ণলীলায় পরিণত হইয়াছে, মনে হয়। সুতরাং রাধাকৃষ্ণের মধুরলীলার বীজ হরিবংশে নিহিত আছে মনে করিলে অসঙ্গত হইবে না।

১ রামায়ণে ( লঙ্কা। ৬৯।৩২ ) বিষ্ণুর গিরিধারণের উল্লেখ আছে

২ মহা, ২।৬৮।৪১-২

৩ ভাণ্ডারকর রিসার্চ ইনষ্টিট্যুট হইতে প্রকাশিত মহাভারতে শ্লোকটি নাই, অন্যরূপে আছে। দ্র. ভা. মহা, পৃ ৩০৪-৫

৪ ২।২০ ৫ দ্র. টীকা; হ. ব, পৃ ১৯৯ ৬ ঐ

৭ বৈ. সা. প্র, পৃ ১২৩ ৮ ২।২০।১৫ ৯ হ. ব, ২।২০।১৮-৩৫

১০ বঙ্গবাসী সং-এর হরিবংশের অনুবাদে ( ৭৬ তম অধ্যায়, ১২১ পৃ ) রাধার নাম পাইতেছি

গোপীগণের সহিত কৃষ্ণের রাসলীলার বর্ণনা ব্রহ্মপুরাণ ও বিষ্ণুপুরাণে আছে এবং রাসমণ্ডপ হইতে কৃষ্ণের অন্তর্ধান-বিষয়ক একটি নূতন সংযোজনা ঐ পুরাণদ্বয়ে পাওয়া যায়[১]। ইহা ভিন্ন বিষ্ণুপুরাণে এ-বিষয়ে আর একটি নূতন কথায় জানা যায় যে রাসমণ্ডপ হইতে কৃষ্ণ অন্তর্হিত হইলে তাঁহার অন্বেষণরত গোপীগণ কিছু দূর অগ্রসর হইয়া কৃষ্ণের চরণচিহ্নের সহিত মিলিত কোনো গোপীর পদচিহ্ন দেখিতে পায়[২]। এই পুরাণের 'কাপি তেন সমং যাতা কৃতপুণ্যা মদালসা[৩]'—শ্লোকাংশে লিখিত 'কাপি কৃতপুণ্যা' পরবর্তী কালে রাধা নামে পরিচিত হইয়াছে, মনে হয়।

বিষ্ণুপুরাণোক্ত ঐ বিবরণের সহিত ভাগবতের যেমন সাদৃশ্য আছে তেমনই আর একটি নূতন বিষয়ও ভাগবতে জানা যায়। কৃষ্ণের অন্বেষণরতা গোপীগণ কোনো রমণীর পদচিহ্ন লক্ষ্য করিয়া বলিল, 'অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ'[৪]। ভাগবতের এই শ্লোকাংশে 'অনয়ারাধিত' পদে রাধা নামের ইঙ্গিত থাকা অসম্ভব নয়। উক্ত অনুগৃহীতা গোপীর গর্ববশতঃ কৃষ্ণ তাঁহাকে পরিত্যাগপূর্বক অন্তর্হিত হইয়াছিলেন[৫]—ইহা ভাগবতের নূতন সংযোজনা। রাস পঞ্চাধ্যায়ে[৬] গোপীগণের সহিত কৃষ্ণের রাসলীলার বিস্তৃত বর্ণনা আছে।

পদ্মপুরাণোক্ত[৭] রাধাকৃষ্ণলীলা শৃঙ্গাররস-বর্জিত। ব্রহ্মবৈবর্তপুরাণ ও জয়দেবের গীতগোবিন্দেই[৮] সুস্পষ্টভাবে রাধাকৃষ্ণের প্রেমলীলা বর্ণিত হইয়াছে। জয়দেববর্ণিত রাধাকৃষ্ণলীলা সম্ভবতঃ বাঙ্গালা দেশেই প্রথম প্রচলিত হয় এবং পরে সমগ্র ভারতে প্রসিদ্ধি লাভ করে[৯]।

অথর্ববেদের অন্যতম উপনিষৎ 'গোপালতাপনী' তে গোপগোপীপরিবৃত কৃষ্ণের উল্লেখ আছে ; গান্ধর্বী নামে একজন প্রধানা গোপীরও নাম পাওয়া যায়[১০]। বৈষ্ণবগণের মতানুসারে ইনিই রাধা।

ভাসের 'বালচরিতম্' নাটকের, তৃতীয় অঙ্কে[১১] গোপকন্যাগণের সহিত কৃষ্ণের

১ বি. পু, ৫।১৩।২৪, ব্র. পু, ১৮৯।২২

২ বি. পু, ৫।১৩।৩২ ৩ বি. পু, ৫।১৩।৩২ ৪ ভা, ১০।৩০।২৮

৫ ভা, ১০।৩০।৩৯ ৬ ভা, ১০।২৯-৩৩ ৭ পাতালখণ্ড, ৩৮-৯

৮ অধ্যাপক সুকুমার সেন ও সুশীলকুমার দে মহাশয়ের মতে, গীতগোবিন্দের রচনাকাল ১২শ শতকের দিকে। ব্রহ্মবৈবর্তপুরাণ ইহার পরে রচিত ; দ্র. বি. সা, পৃ ১৪ ; হি. ব্র. লি, পৃ ৪৭৫ ; হি. বৈ. এফ, পৃ ৭

৯ বা. দে. ই, পৃ ১৪৪

১০ কৃ. চ, পৃ ২৯০ ১১ পৃ ৩৪

'হল্লীসকক্রীড়া'র উল্লেখ আছে। পুরাণোক্ত বিবরণ হইতে এই নাটকের বর্ণনায় নিম্নলিখিত বৈশিষ্ট্য দেখা যায়,—

অনেক 'দামক' কথাপ্রসঙ্গে বৃদ্ধ মাতুলকে বলিলেন, আজ এই বৃন্দাবনে আমাদের ভর্তা দামোদর গোপাকন্যাগণের সহিত হল্লীসকক্রীড়া করিবেন। উত্তরে বৃদ্ধ বলিলেন, ইহা তো উত্তম কথা, আমরাও গোপগণের সহিত দামোদরের হল্লীসক নৃত্য দেখিব'। এই নাটকের বিবরণ হইতে অনুমান হয়, পূর্বে গোপীগণের সহিত কৃষ্ণের ক্রীড়া শৃঙ্গাররস-বর্জিত ছিল; পরে, ইহা আদিরসের বিষয়ীভূত হইয়াছে। এই নাটকে[২] হল্লীসক বা রাসের উল্লেখ থাকিলেও রাধার নাম নাই।

রাধাকৃষ্ণলীলার প্রাচীনতম নিদর্শন পাওয়া যায় লৌকিক সাহিত্য হালের সংকলিত 'গাথা-সপ্তশতী' তে। দৃষ্টান্তস্বরূপ এখানে দুইটি শ্লোক উদ্ধৃত হইল,—

লীলাহিতুলিঅসেলো রকৃখউ বো রাহিআথণপ্‌ফংসে।
হরিণোপঢ়ম-সমাগম-সজ্‌ঝস-বেবল্লিও হত্থো ॥[৩]

অর্থাৎ কৃষ্ণের যে হস্ত শৈল উত্তোলন করিয়াছিল, সেই হস্ত প্রথম সমাগম হেতু ভয়ে রাধার স্তনস্পর্শে কম্পিত হইল; সেই হস্ত তোমাদের রক্ষা করুন।

মুহ মারুএণ তং কণ্‌হ গোরঅং রাহিআএ অবণেন্তো।
এদাণং বল্লবীণং অন্নাণং বি গোরঅং হরসি ॥[৪]

অর্থাৎ হে কৃষ্ণ, তুমি মুখমারুতের সাহায্যে রাধিকার (মুখলগ্ন) গোরজ দূর করিয়া অন্য গোপীগণের গৌরব হরণ করিতেছ।

হালের সময় লইয়া পণ্ডিতসমাজে নানা মতভেদ আছে[৫]; সাধারণতঃ অনুমান[৬], অন্ধভৃত্যবংশীয় নরপতি হাল খৃষ্টীয় প্রথম শতকে বর্তমান ছিলেন।

মেঘদূতের (পূর্বমেঘ, শ্লোকসংখ্যা ১৫) একটি শ্লোকে উপমাচ্ছলে গোপবেশ বিষ্ণুর উল্লেখ আছে,—

'বর্হেণেব স্ফুরিতরুচিনা গোপবেশস্য বিষ্ণোঃ।'

১ বা. চ, পৃ ৩৮
২ ইহার রচনাকাল খৃষ্টীয় ৩য়-৭ম শতক; দ্র. বৈ সা. প্র, পৃ ১২৬; হি. ব্র. লি, পৃ ৪৮৪
৩ বৈ. সা. প্র, পৃ ১২৭; উ. নী, পৃ ৯৪৩
৪ বৈ. সা. প্র, পৃ ১২৭; গৌ. বৈ. সা, পৃ ২৮, গা. স, ১৮৯, পৃ ৩৬
৫ হি. ব্র. লি, পৃ ৪৮৪; হি. সং. লি, পৃ ৩৪৪; বৈ. সা. প্র, পৃ ১২৭
৬ বি. ভা. প, পৃ ২৭০; গা. স, পৃ ।৶০

রঘুবংশে ইন্দুমতীর স্বয়ংবর-প্রসঙ্গে নিম্নলিখিত একটি মনোরম বর্ণনা পাওয়া যায় বৃন্দাবনের উদ্দেশ্যে। মথুরাধিপতিকে দেখাইয়া ইন্দুমতীকে সুনন্দা বলিতেছেন,—

সংভাব্য ভর্তারমমুং যুবানং মৃদুপ্রবালোত্তরপুষ্পশয্যে।
বৃন্দাবনে চৈত্ররথাদনূনে নির্বিশ্যতাং সুন্দরি যৌবনশ্রীঃ॥
অধ্যাস্য চাম্ভঃপৃষতোক্ষিতানি শৈলেয়গন্ধীনি শিলাতলানি।
কলাপিনাং প্রাবৃষি পশ্য নৃত্যং কান্তাসু গোবর্ধনকন্দরাসু॥ (ষষ্ঠ সর্গ, ৫০-১ শ্লোক)

বৃন্দাবনের এইরূপ মনোরম বর্ণনায় মনে হয়, সুমধুর বৃন্দাবনের পুণ্যস্মৃতি কবি কালিদাসের চিত্তকে চঞ্চল করিয়া তুলিয়াছিল।

প্রায় দেড়হাজার বৎসর পূর্বে রচিত পঞ্চতন্ত্রে বর্ণিত কোনো রাজকন্যার উদ্দেশে কৃষ্ণবেশধারী এক তন্তুবায়পুত্রের নিম্নোক্ত উক্তিতে রাধা ও গোপকুলের কথা জানা যায়,—

'সুভগে সত্যমভিহিতং ভবত্যা পরং কিন্তু রাধা নাম মে ভার্যা গোপকুলপ্রসূতা প্রথমমাসীৎ।'

আনুমানিক অষ্টম শতকে আনন্দবর্ধনের 'ধ্বন্যালোক'-এ,[১] জয়দেবের পূর্ববর্তী কবি ক্ষেমেন্দ্রের 'দশাবতারচরিত'-এ[২], একাদশ শতকের পূর্বে রচিত 'কবীন্দ্রবচনসমুচ্চয়'-এ[৩], ত্রয়োদশ শতকের প্রথমে শ্রীধরদাসের 'সদুক্তিকর্ণামৃত'-এ[৪] রাধাকৃষ্ণলীলাত্মক শ্লোক পাওয়া যায়।

প্রায় হাজার বৎসর পূর্বে দাক্ষিণাত্যে আবির্ভূত আচার্য নিম্বার্ক রাধাকৃষ্ণ-উপাসনার প্রবর্তন করেন। কোনো প্রামাণিক সুপ্রাচীন সূত্র হইতে যে তিনি উপাসনাপদ্ধতি গ্রহণ করিয়াছিলেন সে-বিষয়ে কোনো সন্দেহ থাকিতে পারে না। তখন ঐ অঞ্চলে লক্ষ্মী-নারায়ণ-উপাসক রামানুজের প্রবল প্রভাব। সুতরাং আচার্য নিম্বার্ক কোনো অশাস্ত্রীয় উপাসনার প্রবর্তন করিলে পাণ্ডিতগণ কিছুতেই তাহা মানিয়া লইতেন না।

আচার্য নিম্বার্কের প্রায় সমসাময়িক দক্ষিণভারতীয় সাধক বিল্বমঙ্গলের 'কৃষ্ণকর্ণামৃত' রাধাকৃষ্ণলীলা-কথায় পূর্ণ।

গাথা-সপ্তশতী, ধ্বন্যালোক ইত্যাদি গ্রন্থে রাধার নাম পাওয়া গেলেও খৃষ্টীয় দশম শতাব্দী অর্থাৎ ভাগবতের রচনাকাল[৫] পর্যন্ত পুরাণে কৃষ্ণলীলায় গোপীগণের এবং

১ বা. সা. ই, পৃ ১৬০-১ ; প. প, পৃ ১৭-৮ ; লোক, পৃ ৭৬
২ বা. সা. ই, পৃ ৪৩, প. প, পৃ ১৮
৩ বা. সা. ই, পৃ ২৩-৪ ; প. প, পৃ ১৮-৯,২৫
৪ হি. ব্র. লি, পৃ ৪৮৬ ; বা. সা. ই, পৃ ২৫
৫ হি. ইন. লি, পৃ ৫৫৬ ; শ্রী. ভ, পৃ ৭০ ; বা. বৈ. ধ, পৃ ৩০-১

পরবর্তী কালে গোপীগণের সহিত প্রধানভাবে রাধার উল্লেখ দেখা যায়। দানখণ্ড-নৌকাখণ্ডের সৃষ্টি যে এই সময় হইতেই[১] তাহার প্রাচীনতম নিদর্শন পাওয়া যায় চতুর্দশ শতকে রচিত 'প্রাকৃতপৈঙ্গলে'।[২] নিম্নে দৃষ্টান্ত প্রদর্শিত হইল ;—

অরে রে বাহিহি কাহ্ন ণাব, ছোড়ি ডগমগ কুগই ণ দেহি।
তুহঁ এথণই সন্তার দেই জো চাহসি সো লেহি।[৩]

উক্ত শ্লোকপাঠে মনে হয়, এই দানখণ্ড-নৌকাখণ্ডে আদিরস আদৌ ছিল না। গোপীগণ যখন দধি, দুগ্ধ ইত্যাদি লইয়া মথুরায় যাইত, তখন কৃষ্ণ ও তাঁহার সঙ্গিগণ ঐগুলি প্রার্থনা করিত; পরে, এই সাধারণ বিষয়টি শৃঙ্গাররসানুসিক্ত হইয়া আদিরসে পরিণত হইয়াছে।[৪]

নানাবিধ শিল্পেও যে কৃষ্ণলীলার পরিচয় পাওয়া যায়, তাহার প্রমাণ দুর্লভ নয়; কয়েকটি দৃষ্টান্ত প্রদত্ত হইল ;—

উত্তরবঙ্গে পাহাড়পুরে আবিষ্কৃত মূর্তির মধ্যে কৃষ্ণের গোবর্ধনধারণ, চাণূর ও মুষ্টিকের সহিত কৃষ্ণ ও বলরামের যুদ্ধ ইত্যাদি বিষয়ের সঙ্গে কৃষ্ণের সহিত অন্যান্য গোপগোপীগণের লীলার নিদর্শনও পাওয়া যায়[৫]। ইহাতে জানা যায়, বাঙ্গালা দেশে কৃষ্ণলীলা ষষ্ঠ শতাব্দী বা তৎপূর্বে প্রচলিত ছিল; তবে ঐ মূর্তিগুলির সহিত প্রাপ্ত যুগলমূর্তি-সম্বন্ধে কেহ কেহ বলেন যে স্ত্রীমূর্তিটি রাধার; আবার কাহারও অনুমান, রুক্মিণী বা সত্যভামার।[৬] সুতরাং পূর্বোক্ত শতকে কৃষ্ণলীলা বাঙ্গালা দেশে বিশেষ জনপ্রিয় হইলেও রাধাকৃষ্ণের কাহিনী প্রচলিত ছিল কিনা নিঃসন্দেহে বলা যায় না।[৭] বাদামী গুহা, দাক্ষিণাত্যের মহাবলীপুর, খাজুরাহো ইত্যাদি স্থানের মন্দিরগাত্রে খোদিত রাধাকৃষ্ণের চিত্র প্রমাণ করিয়া দেয় যে বহু প্রাচীনকাল হইতেই রাধাকৃষ্ণের উপাসনা ভারতবর্ষে চলিয়া আসিতেছে[৮]।

ভারতীয়গণ সুদূর প্রাচ্যে যে সমস্ত উপনিবেশ স্থাপন করেন, তাহাদের মধ্যে চম্পারাজ্য অন্যতম। এখানে শৈবধর্মের প্রাধান্য থাকিলেও নারায়ণ, বিষ্ণু, হরি, গোবিন্দ প্রভৃতি দেবতার নাম অজ্ঞাত নহে। এই রাজ্যের শিলালেখে বিষ্ণুর অবতাররূপে রাম ও কৃষ্ণের

---

১ হি. ব্র. লি, পৃ ৪৭৫
২ বা. সা. ই, পৃ ৪০ ; হি. ব্র. লি, পৃ ৪৭৬
৩ বা. সা. ই, পৃ ৪০
৪ হি. ব্র. লি, পৃ ৪৭৭
৫ বা. দে. ই, পৃ ১৪৩ ; বা. ই, পৃ ৬০১
৬ হি ব্র. লি, পৃ ৪৮০, বা. দে. ই, পৃ ১৪৩-৪
৭ বা. দে. ই, পৃ ১৪৩-৪  ৮ গী. গো, পৃ ১০৬

উল্লেখ পাওয়া যায়; কৃষ্ণের গোবর্ধনধারণের চিত্র এবং তৎকৃত কংস, কেশী, চাণূর এবং প্রলম্বের বধের প্রতিমূর্তিও পাওয়া গিয়াছে; কিন্তু কৃষ্ণের মধুরলীলা-বিষয়ক কোনো চিত্র বা মূর্তি পাওয়া যায় নাই[১]। শ্রীমার ছিলেন চম্পারাজ্যের প্রথম ঐতিহাসিক রাজা এবং খৃষ্টীয় দ্বিতীয় শতকে তিনি সেখানে রাজত্ব করিয়াছিলেন[২]। চম্পারাজ্যের এই বিবরণে অনুমিত হয়, খৃষ্টীয় শতকের প্রথমের দিকে কৃষ্ণের মধুরলীলা ঔপনিবেশিক ভারতীয়গণের অজ্ঞাত ছিল।

নবম শতকের মধ্যভাগে ব্রজলীলার আভাস পাওয়া গিয়াছে কামরূপরাজ বনমালবর্মদেবের অনুশাসনে[৩]। গৌড়ের রামকেলির নিকটে কানাইনাটশালা গ্রামে চৈতন্যদেবের শ্রীকৃষ্ণলীলাবিষয়ক চিত্রদর্শনের উল্লেখ পাওয়া যায় চৈতন্যচরিতামৃতে[৪]।

আনুমানিক ১১শ শতকে ভোজবর্মার বেলাব ও লক্ষ্মণসেনের তর্পণদীঘি শাসনে বিষ্ণুর বিভিন্ন অবতারের সহিত 'গোপীশতকেলিকার' কৃষ্ণের মধুরলীলার প্রসঙ্গও আছে।[৫] ভোজবর্মার বেলাব-লিপিতে কৃষ্ণের মিথুনলীলার উল্লেখ থাকিলেও সেই লীলার সঙ্গে রাধার কোনো সম্বন্ধ আছে কিনা, সে বিষয়ে নিঃসন্দেহ হওয়া যায় নাই; তবে জয়দেবের পূর্বেই যে রাধাতত্ত্ব ও রাধার রূপকল্পনার সৃষ্টি হইয়াছিল, সে বিষয়ে বোধ হয় সংশয় নাই।[৬]

এই সমস্ত আলোচনায় জানা গেল, গোপালবিজয়ে বর্ণিত অপৌরাণিক লীলা দানখণ্ড-নৌকাখণ্ড কখনই কবিকল্পিত নহে। প্রাচীন কাল হইতে নানা সাহিত্যে ও শিল্পে কৃষ্ণের ব্রজলীলা যেরূপ দৃষ্ট হয়, তাহাই অবলম্বন করিয়া গোপালবিজয়কার স্বীয় গ্রন্থের লৌকিক অংশে রাধাকৃষ্ণের মধুরলীলা সন্নিবেশিত করিয়াছেন। বলা বাহুল্য, এই প্রসঙ্গ রাধাকৃষ্ণলীলার অন্যতম প্রধান অবিচ্ছেদ্য অঙ্গস্বরূপ। এই অংশ বাদ দিয়া রাধাকৃষ্ণ-কথা কখনও সম্পূর্ণ হইতে পারে না।

## ॥ কৃষ্ণের চরিতাবলী ॥

গোপালবিজয়ে কৃষ্ণ নারায়ণের অবতাররূপে গৃহীত হইলেও তাঁহার কার্যাবলীতে আদর্শ মানবতার সুস্পষ্ট ছাপ বর্তমান। মানবিক ভাবসমৃদ্ধ তাঁহার কার্যসমূহের সংক্ষিপ্ত পরিচয় নিম্নে প্রদত্ত হইল,—

মাতা যশোমতীর অলক্ষ্যে কৃষ্ণের নবনীভক্ষণ, জননীর অজ্ঞাতসারে ভাণ্ডারে

১ এ. হি. চ, পৃ ১৯৪-৫ ২ ঐ, পৃ ২২, ১৯৪-৫ ৩ বা. সা. ই, পৃ ১৬ ৪ ২।১।২১৩

৫ হি. বৈ. এন্ড, পৃ ৭; বা. সা. ই, পৃ ১৬, বা. ই, পৃ ৬৫৯

৬ বা. ই, পৃ ৬০১; 'গোপবেশস্য বিষ্ণোঃ'—এই উক্তির মধ্যে রাধার অস্তিত্ব পাওয়া কঠিন,' বলেন নীহাররঞ্জন রায় মহাশয়; দ্র. বা. ই, পৃ ৬০১

প্রবেশপূর্বক শিকায় রক্ষিত দুগ্ধভাণ্ড-ভঙ্গ ও দুগ্ধপান, পথগামীর প্রতি তাঁহার উপদ্রব এবং বলপূর্বক তাহাদের নিকট হইতে ভক্ষ্যদ্রব্য-গ্রহণ, পুরবাসীদের অজ্ঞাতসারে সুকৌশলে তাহাদের গৃহ হইতে দধিদুগ্ধাদি-সংগ্রহ ইত্যাদি বিষয়ে কৃষ্ণের সাধারণশিশু-সুলভ চপলতা পরিদৃষ্ট হয়।

সখাগণের সহিত কৃষ্ণের গোষ্ঠে গমন ও গোচারণ, কালিদহে বিষজলপানে মৃতসখাগণের জীবনদানে তাঁহার সাফল্য, বকাদি অসুরের কবল হইতে তাহাদের সংরক্ষণ, বৃক্ষ হইতে ফল আহরণপূর্বক সকলের মধ্যে বণ্টন, তাহাদের ক্ষুধায় অন্ন ও তৃষ্ণায় জল সংগ্রহের ব্যবস্থা ইত্যাদি বিষয় তাঁহার সখ্যের বিশেষ পরিচায়ক। সখাগণও তাঁহাকে প্রাণাধিক ভালবাসিত। গোচারণকালে কৃষ্ণ শ্রান্ত হইয়া পড়িলে সকলে ব্যস্ত হইয়া উঠিত এবং তাঁহার শ্রান্তি অপনোদনের জন্য বহুবিধ চেষ্টা করিত। দলের মাঝে তাঁহাকে রাখিয়া তাহারা কৃষ্ণকে রক্ষা করিয়া চলিত। তাঁহার প্রতি সখাগণের সুগভীর প্রীতির নিদর্শন পাওয়া যায় কংসবধান্তে বৃন্দাবনে তাঁহার অপ্রত্যাবর্তন-হেতু তাহাদের সাতিশয় খেদোক্তিতে।

ধেনুবৎসের যত্নপূর্বক সংরক্ষণ, প্রজ্বলিত দাবানল হইতে সখাগণের উদ্ধার ইত্যাদি বিষয়ে তাঁহার জীবে দয়া সুপ্রকট।

ফলবিক্রয়কারিণী শবরীর সামান্য মূল্যের ফলের বিনিময়ে 'চুপুরি ভরিঞাঁ' তাহাকে ধান্যপ্রদানে তাঁহার নীচ জনেও বিশেষ প্রীতির পরিচয় পাওয়া যায়।

ইন্দ্রপূজা-নিবারণে এবং নানা যুক্তিতে গোপগণকে উৎসাহদানপূর্বক গিরিযজ্ঞের অনুষ্ঠানে তাঁহার ভূয়োদর্শিতা ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির পরিচয় আছে।

বৃন্দাবনে কংসপ্রেরিত নানা অসুরবধ, কংসের শ্রেষ্ঠ মল্ল চাণূরাদি সহ কংসনিধন ইত্যাদি বিষয় কৃষ্ণের অসামান্য শক্তিমত্তার নিদর্শন।

স্বামীর অজ্ঞাতসারে দ্বিজপত্নীগণের অন্নব্যঞ্জন সহ গোপবালকগণের সমীপে বনবিপিনে আগমনহেতু প্রচলিত সংসারধর্মের বিরুদ্ধাচরণে ও পাতিব্রত্যরক্ষার শৈথিল্যে দ্বিজরমণীগণের প্রতি কৃষ্ণের গার্হস্থ্যোচিত হিতোপদেশ তাঁহার সংসারধর্মে ঐকান্তিকী নিষ্ঠার পরিচায়ক।

দাননৌকারাস-লীলা তাঁহার চিত্তরঞ্জিনী বৃত্তির নিদর্শন। ভাগবতের[১] রাস-পঞ্চাধ্যায়ে ইহার গূঢ়ার্থ জ্ঞাতব্য।

কংসের ধনুর্যজ্ঞে তাঁহাকে মথুরায় আনয়নের জন্য বৃন্দাবনে প্রেরিত অক্রূরের প্রতি তাঁহার শিষ্টাচরণ, সুমিষ্ট আলাপে সেবকের শ্রমাপনোদন, অক্রূরের গভীর ভক্তি-সন্দর্শনে

১ ১০।২৯-৩৩

তাঁহাকে গাঢ়-আলিঙ্গন-দান, মথুরার পথে যমুনায় আহ্নিককার্য-রত অক্রূরের সহিত নানা মধুরালাপ, কংসবধান্তে তাঁহার গৃহে গমনপূর্বক ভক্তের অভিলাষপূরণ ইত্যাদি বিষয়ে তাঁহার ভক্তবাৎসল্যের বিশদ পরিচয় আছে।

অত্যাচারী কংসের বধান্তে মথুরার সিংহাসনাধিষ্ঠানে তাঁহার নিস্পৃহতা, উগ্রসেনের উপর রাজ্যের কর্তৃত্বভার-অর্পণ, রাজ্যশাসন-বিষয়ে ঐকান্তিক সহায়তা ইত্যাদি বিষয় তাঁহার ধর্মরাজ্যসংস্থাপনের ও সম্পদে অনাসক্তির পরিচয়জ্ঞাপক।

কংসবিনাশের পর আত্মসমর্পণকারী কংসনারীগণকে সান্ত্বনাদান, শত্রুপক্ষের ক্লেশ-লাঘবে আন্তরিক প্রয়াস, কংসের অন্ত্যেষ্টিক্রিয়া-সম্পাদনে নারীগণের প্রতি কৃষ্ণের উপদেশ ইত্যাদি বিষয় তাঁহার সহৃদয়তা ও করুণতার নিদর্শন এবং ধর্ম ও কর্তব্য নিষ্ঠার পরিচায়ক।

কংসবধান্তে শোকার্ত স্বীয় পিতামাতা বসুদেব-দৈবকীর নিকট অনতিবিলম্বে গমন ও তাঁহাদের শোকাপনোদনে জনকজননীর প্রতি তাঁহার কর্তব্যপরায়ণতা ও ভক্তিনিষ্ঠা সুপ্রকট। এই বিষয়ে মাতার প্রতি কৃষ্ণের উক্তি অত্যন্ত করুণরসানুসিক্ত।

শত্রুরাজ্যবিজয়ের পরে মথুরায় সুশাসনের ব্যবস্থা, শান্তিস্থাপনে সবিশেষ প্রয়াস, বিদ্রোহনিবারণকল্পে তথায় মথুরাবাসীর পরিবর্তে 'গোকুলসেবক'-নিয়োগ, রাজনীতিতে কংসের রাজভাণ্ডার 'খোদ'-করণ, প্রতাপে নৃপতিগণের বশে আনয়ন ইত্যাদি বিষয় তাঁহার বিমৃশ্যকারিতা ও রাজনীতিজ্ঞতার পরিচায়ক।

মথুরা হইতে বৃন্দাবনে পুনরাগমনকালে জ্যেষ্ঠ ভ্রাতা বলরামের উপর রাজ্যের মন্ত্রণা-ভারার্পণ এবং উগ্রসেনের হস্তে সৈন্যদলের কর্তৃত্বস্থাপনে রাজ্যে তাঁহার সুষ্ঠু নিরাপত্তা-বিধানের পরিচয় পাওয়া যায়।

গোপালবিজয়ে কৃষ্ণের উল্লিখিত কার্যাবলীর আলোচনায় তাঁহার যে অনন্যসাধারণ পরিচয় পাওয়া যায়, তাহা অন্যান্য কৃষ্ণমঙ্গল-কাব্যে সুদুর্লভ। ভক্ত কবি কবিশেখর ষড়ৈশ্বর্যবান্ কৃষ্ণের যে-মূর্তি অবলোকন করিয়াছিলেন ধ্যাননেত্রে তাহারই বিশিষ্টরূপ-দান করিয়াছেন লেখনীর সহায়তায় স্বীয়গ্রন্থ গোপালবিজয়ে।

## ॥ কাব্যে বর্ণিত মৌলিক বিষয়ের অবতারণা ॥

পুরাণে নারায়ণের অবতারবর্ণনায় বাসুকির কোনো প্রসঙ্গ নাই; কিন্তু গোপালবিজয়-পাঠে[১] জানা যায়, কংসের অত্যাচার সহ্য করিতে না পারিয়া প্রপীড়িত পৃথিবী প্রথমে

পাতালে বাসুকির[১] নিকট গমন করেন। বসুমতীর খেদোক্তিতে তদানীন্তন দুর্গত বাংলা-দেশের যেন একটি করুণ চিত্র অঙ্কিত হইয়াছে।

দেবাঙ্গনাদের গোপীরূপে মর্তে জন্মগ্রহণের উল্লেখ পাওয়া যায় ভাগবতে[২]; কিন্তু আলোচ্য গ্র.স্থে[৩] উর্বশী-আদি 'বিদ্যাধরী'-গণের গোপীরূপে জন্মগ্রহণ বর্ণিত হইয়াছে।

মথুরার বর্ণনা ও তাহার ঐশ্বর্যকীর্তন; কংসকৃত উগ্রসেনের কারাবরোধ ও সিংহাসন-অধিকার; পরনারীর প্রতি কংসের অত্যাচার; দৈবকীর পরিণয়োৎসবে দেবগণের ছদ্মবেশে মথুরায় আগমন; বিবাহে রাজন্যবর্গের নানাবিধ যৌতুক-দান; ইন্দ্রাণী, বরুণানী প্রভৃতি দেবীগণের দৈবকীর বিবাহে রন্ধনকার্য-সম্পাদন এবং নরদেহে দেবগণের ভোজন; ইন্দ্রাদি দেবতার স্ত্রীরূপধারণ ও মথুরাপুরনারী-সঙ্গে 'বাসহরসুখ'-ভোগ ইত্যাদি গোপালবিজয়-লিপিবদ্ধ বিষয়[৪] পুরাণে নাই, সমস্তই কবির মৌলিক রচনা। বসুদেব-দৈবকীর পরিণয়-প্রসঙ্গে বাঙালী পরিবারের বিবাহোৎসবের একটি পূর্ণ নিখুঁত চিত্রই রূপপরিগ্রহ করিয়াছে।

দৈববাণীশ্রবণে কংস দৈবকীকে বধ করিতে উদ্যত হইলে দৈবকীর কাতরতাপ্রকাশের বর্ণনা পুরাণে[৫] নাই; কিন্তু গোপালবিজয়ে[৬] প্রাণভয়ার্ত কংসভগিনীর ক্রন্দন অতিশয় মর্মস্পর্শী। দৈবকীর উক্তিতে ভারতীয় নারীর চিরন্তন আদর্শই সুপ্রকট।

গোপালবিজয়ে[৭] বর্ণিত দৈবকীর গর্ভলক্ষণাদির কথা পুরাণে পাওয়া যায় না। এই প্রসঙ্গে দেবগণকৃত দৈবকীর গর্ভস্থ শিশুর স্তব গোপালবিজয়ে[৮] গভীর ভক্তির পরিচায়ক; কিন্তু পুরাণে[৯] ইহা দার্শনিক তত্ত্বে পর্যবসিত।

সদ্যোজাত শিশুর সহিত বসুদেবের নন্দালয়ে গমনকালে পুরাণোক্ত[১০] ফণাছত্রধারী অনন্তের পরিবর্তে গোপালবিজয়ে[১১] বাসুকির উল্লেখ আছে; পথপ্রদর্শক-কারিণী শিবারূপে মহামায়ার উল্লেখ এই কাব্যে[১২] থাকিলেও প্রচলিত পুরাণে নাই। ভবিষ্যৎ পুরাণে শৃগালীর প্রসঙ্গ থাকিলেও মহামায়ার কোনো উল্লেখ নাই। পুতনা, বৎস, ধেনুক, অঘাসুরের বধ, উদূখলবন্ধন, কালিয়দমন ইত্যাদি বিষয়ের বর্ণনায় গোপালবিজয়ে[১৩] অভিনবত্ব দৃষ্ট হয়।

১ অনন্তনাগকৃত পৃথ্বীধারণের কাহিনী এই প্রসঙ্গে স্মরণীয়; কিন্তু গোপালবিজয়ে অনন্তনাগের পরিবর্তে বাসুকির উল্লেখে বৈশিষ্ট্য আছে; প্রায় দুই হাজার বৎসর পূর্বে চম্পারাজ্যের প্রাপ্ত শিলালেখে নারায়ণের সমুদ্রশয়নে বাসুকিরই উল্লেখ আছে, অনন্তের নাই; দ্র. এ. হি. চ, পৃ ১৯৪-৫।

২ ১০।১।২৩ ৩ পৃ ১৪ ৪ পৃ ৮-১০, ১৪-১৭ ৫ ভা, ১০।১।৩৭-৫৫; ব্র. বৈ, ৪।৭।১৯-৩৫

৬ পৃ ১৯ ৭ পৃ ২৭-৮ ৮ পৃ ৩০-৩১ ৯ ভা, ১০।২।২৬-৪১; বি. পু, ৫।২।৬-২০

১০ ভা, ১০।৩।৪৯, ৫০; বি. পু, ৫।৩।১৭, ১৮ ১১ পৃ ৩৫; এ. হি. চ, পৃ ১৯৪-৫ ১২ পৃ ৩৫

১৩ পৃ ৪১, ৮৭-৮৮, ৯৩, ৯৪-১০২

এই কাব্যে ৫৩ হইতে ৬১ পৃষ্ঠায় বর্ণিত কৃষ্ণের নানা শিশুলীলা, গোপবালকগণের সহিত ক্রীড়াকৌতুক ইত্যাদি বিষয়ে রচনা একবারেই মৌলিক। গোকুলত্যাগপূর্বক গোকুলবাসীর বৃন্দাবনযাত্রা ও তথায় গৃহাদিনির্মাণ, গোপবালকগণের গোষ্ঠবিহার, বরুণদেবতা কর্তৃক নন্দাপহরণ ইত্যাদি বিষয়সমূহের বর্ণনা[১] যথেষ্ট মৌলিকতা-সমৃদ্ধ। বৃন্দাবনে উপনিবেশস্থাপনের বর্ণনা বড়ই কৌতুকপ্রদ ও চিত্তগ্রাহী।

পুরাণোক্ত বস্ত্রহরণ-লীলায় কৃষ্ণ বয়স্যগণের সহিত গোপীগণের বস্ত্র হরণ করিয়াছিলেন এবং গোপীগণের সহিত কৃষ্ণের কথোপকথন-কালে গোপবালকগণও সেখানে উপস্থিত ছিল[২]; কিন্তু গোপালবিজয়ে[৩] কেবলমাত্র কৃষ্ণেরই উল্লেখ আছে। গিরিযজ্ঞের প্রসঙ্গে পুরাণবর্ণিত[৪] তত্ত্বকথা ও গোব্রাহ্মণ-পূজা এই কাব্যে[৫] গৃহীত হয় নাই।

আলোচ্য গ্রন্থের বংশীগণ্ডে[৬] কৃষ্ণের বেণুরবে বৃক্ষলতার মুকুলোদ্গম, সর্পজাতির ব্যাকুলতা, মৃগ ও ধেনুবৎসগণের বিশেষ চাঞ্চল্য ইত্যাদি বিষয়ের উল্লেখসহ গোপীগণের রাসস্থানে সমাগমের কথা আছে; কিন্তু পুরাণে[৭] বংশীরবে কেবল গোপীগণেরই প্রসঙ্গ রহিয়াছে। এই সমস্ত বর্ণনায় কবিশেখরের ভক্তহৃদয়ের প্রগাঢ় আকুতি সুপ্রকট।

গোপালবিজয়ে রাসলীলাপ্রসঙ্গে বর্ণিত নবসৃষ্ট বৃন্দাবনের পশুপক্ষী, তরুলতা, ষোলশত বাসগৃহ, রাসসভা, রাসমণ্ডপের নির্মাণকৌশল, রাধাকৃষ্ণের চতুর্দিকে শ্রেণীবদ্ধভাবে দণ্ডায়মানা ষোলশত গোপীগণের অবস্থান, চন্দ্রাবলী-আদি অষ্ট সখীর রাধাকৃষ্ণ-সেবা ইত্যাদি বিষয়[৮] পুরাণে নাই।

রাসলীলাপ্রসঙ্গে কৃষ্ণের অন্তর্ধানের কারণ ভাগবত[৯] এবং এই কাব্যে[১০] বিভিন্ন। বিষ্ণুপুরাণে[১১] কৃষ্ণের অন্তর্ধানের কারণ উল্লিখিত হয় নাই। ভাগবতের বর্ণনায় জানা যায়, কৃষ্ণানুগৃহীতা কোনো গোপীর চরিত্রে গর্বভাবের উদয় হইলে কৃষ্ণ রাসস্থল হইতে অন্তর্হিত হন।[১২] কিন্তু আলোচ্য গ্রন্থের[১৩] বর্ণনায় দেখা যায় যে রাধা নিরপরাধা, সরলা বালিকামাত্র। পুরাণান্তর্গত গোপীর সহিত গোপালবিজয়ের রাধিকার কোনো মিল নাই এই প্রসঙ্গে। রাসলীলান্তে গোপীগণের সহিত কৃষ্ণের জলবিহার-বর্ণনা গোপালবিজয়ে[১৪] সুবিস্তৃত; ভাগবতে[১৫] শুধু প্রসঙ্গের উল্লেখমাত্র আছে। বাসন্তনিশির

১ পৃ ৭৩-১১৯ ২ ভা, ১০।২২।৮-১১ ; ব্র. বৈ, ৪।২৭।৫৬-৬২ ৩ পৃ ১০৬-৮

৪ ভা, ১০।২৪।১৩-৩৩, বি. পু, ৫।১০।২১-৩৫ ; ব্র. বৈ, ৪।২১।৪৮-১২৭ ৫ পৃ ১১১-৫

৬ পৃ ১৯৪-৮ ৭ ভা, ১০।২৯।৩-৪ ; বি. পু, ৫।১৩।১৬-২৩ ; ব্র. বৈ, ৪।২৮।১৬-৪৪

৮ গো. বি, পৃ ২০৩-২১০, ২১৪-২৪৯ ৯ ভা, ১০।৩০।৩৫-৮ ১০ পৃ ২৪৮-৯

১১ ৫।১৩।২৪ ১২ ভা, ১০।৩০।৩৫-৮ ১৩ পৃ ২৪৮-৯ ১৪ পৃ ২৫৯-৬২

১৫ ১০।৩৩।২৩-৫

অবসানে কৃষ্ণের সহিত আসন্নবিচ্ছেদ-ভাবনায় গোপীগণের ব্যাকুলতা বড়ই মর্মস্পর্শী হইয়া উঠিয়াছে এই কাব্যের[১] বর্ণনায় ; ভাগবতে[২] ইহার উল্লেখমাত্র আছে, কোনো বর্ণনা নাই।

এই কাব্যে ২৭২ হইতে ২৮৭ পৃষ্ঠায় বর্ণিত কৃষ্ণের মথুরাযাত্রার আয়োজন, আসন্ন কৃষ্ণবিচ্ছেদে রাধা-আদি গোপীগণের হাহাকার ও বিলাপ, গোপীগণকে কৃষ্ণের সান্ত্বনাদান, যমুনা ও যামিনীর প্রতি রাধিকার প্রার্থনা, রাম ও কৃষ্ণের কল্যাণার্থ যশোদার ভবানীপূজা, পুত্রদ্বয়ের যাত্রা-মুহূর্তে যশোদার বিহ্বলতা, গোপীদের নিকট কৃষ্ণের বিদায়-গ্রহণ, অক্রূরের সকাশে যশোদার করুণ আবেদন ও তাঁহার হস্তে পুত্রদ্বয়কে সমর্পণ, রাম-কৃষ্ণের মাতৃপাদবন্দন ও যথাযোগ্যস্থানে প্রণাম-সম্ভাষণ, অক্রূরের প্রতি গোপীগণের ভৎসনা, কৃষ্ণের রথারোহণে রাধা-আদি গোপীগণের ক্রন্দন ও বিলাপ ইত্যাদি বিবরণের সহিত পুরাণের মিল নাই।

কংসবধের পরে জনকজননী বসুদেব-দৈবকীর সহিত রাম-কৃষ্ণের মিলনে যে আনন্দপ্রবাহ বহিয়াছিল, সেই প্রসঙ্গে কবি বাৎসল্যরসের যে বর্ণনা দিয়াছেন গোপাল-বিজয়ে[৩] তাহা বিশেষ প্রণিধানযোগ্য। এ-বিষয়ে পুরাণের[৪] বর্ণনার সহিত এই কাব্যের কোনো সাদৃশ্য নাই।

মথুরা হইতে প্রত্যাগত নন্দ প্রভৃতি গোপগণের সহিত কৃষ্ণকে না দেখায় যশোদাদি গোপীগণ ও বালবৃদ্ধযুবার রোদনধ্বনিতে বৃন্দাবনে যে গভীর শোক উত্থিত হইয়াছিল কাব্যকারের বর্ণনায় তাহা অত্যন্ত করুণ হইয়া উঠিয়াছে[৫] ; পুরাণে ইহার কোনো বিবরণই নাই। এতদ্ব্যতীত গোপীগণকৃত মথুরায় দূতীপ্রেরণ ও উদ্ধবরাধা-সংবাদও[৬] পুরাণে নাই।

কৃষ্ণের বৃন্দাবনে প্রত্যাগমনের কথা পুরাণে[৭] একাধিক বার পাওয়া যায় ; এবং কার্যতঃ যে তিনি আসিয়াছিলেন তাহারও প্রমাণ মিলিতেছে পূজারী গোস্বামীর টীকায়। এই প্রসঙ্গে ভাগবতের নিম্নোক্ত শ্লোকটি বিশেষ লক্ষণীয়,—

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্ মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।

১ পৃ ২৬৩-৪ ২ ১০।৩৯।৩৯ ৩ পৃ ৩০৯-১১

৪ ভা, ১০।৪৪।৫০-১ ; ১০।৪৫।১-১১, বি. পু, ৫।২০।৭৯-৯১, ৫।২১।১-৬ ; ব্র. পু, পৃ ৭৬৪-৫ ; ব্র-বৈ, ৪।৭২। ১০৭-১৫ ৫ গো. বি, পৃ ৩১৪-২০

৬ ঐ, পৃ ৩২০-৩২ ; ব্রহ্মবৈবর্তপুরাণে (৪।৯৩।৭) উল্লিখিত উদ্ধবরাধা-সংবাদ অন্য প্রকার

৭ ভা, ১০।৪৫।২৩, ১০।৪৬।৩৪ ; ব্র. বৈ, ৪।৯৬।৩৮-৪০, ৪।৯৩।৮০-২

তত্রাব্দকোটি-প্রতিমঃ ক্ষণো ভবে-
দ্রবিং বিনাক্ষ্ণোরিব নস্তবাচ্যুত ॥ ভা, ১। ১১৯

যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞান্তে কৃষ্ণ দন্তবক্রবধের জন্য ব্রজমণ্ডলে গমন করেন ; তখন দ্বারকাবাসী কৃষ্ণের বিরহ স্মরণ করিয়া এই উক্তি করিয়াছিলেন। গোপগোপীদের সহিত কৃষ্ণের পুনর্মিলন হইয়াছিল কুরুক্ষেত্রেও। সূর্যগ্রহণোপলক্ষে কৃষ্ণের সহিত স্বজনগণের সম্মেলনের সময় নন্দযশোদাদি গোপগোপীগণও আসিয়াছিলেন সেখানে।[১] বলরামের বৃন্দাবনে প্রত্যাগমনের উল্লেখ পুরাণে আছে[২] ; কিন্তু গোপালবিজয়ে[৩] জানা যায়, বলরামকে মথুরায় উগ্রসেনের মন্ত্রণাকার্যে নিযুক্ত রাখিয়া কৃষ্ণ পিতামাতার দর্শনচ্ছলে বৃন্দাবনে পুনরাগমন করিয়াছিলেন।[৪]

## ॥ সমাজচিত্র ॥

বিশিষ্ট কাব্যে তদানীন্তন কালের দেশের তথা সমাজের কিছু কিছু পরিচয় পাওয়া যায়। কবি যে-সমাজে বাস করেন সেই সমাজের প্রভাব স্বতই আসিয়া পড়ে কবির রচনায়। বাংলা সাহিত্যের আদি গ্রন্থ চর্যাগীতি-পদাবলী ইহার অন্যতম নিদর্শন। ইতিহাসের উপাদানও সংগ্রহ করিতে হইলে প্রাচীন গ্রন্থগুলির অধ্যয়ন ও অনুশীলন অপরিহার্য। আলোচ্য কাব্যে তদানীন্তন সামাজিক আচারের যে-পরিচয় পাওয়া যায়, প্রাচীন বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে তাহার একটি বিশেষ স্থান আছে। এক্ষণে এ-বিষয়ে আলোকপাত করা যাইতেছে,—

সেকালেও গর্ভিণী নানা ভক্ষ্য বস্তু পাইয়া মৃত্তিকাভক্ষণে উৎসাহিত হইতেন এবং কোমল-শয্যাপরিত্যাগপূর্বক মাটিতে শয়ন করিতেন। ভূমিষ্ঠ সন্তানের জন্মক্ষণে তিথি নক্ষত্রাদির গণনায় জাতকের শুভাশুভ পরিণাম নির্ণীত হইত। নানা ক্রিয়াকাণ্ডে পুত্রের জন্মোৎসব ও জন্মতিথির অনুষ্ঠান সম্পন্ন হইত। জন্মোৎসবে ব্রাহ্মণকে ধেনুবৎসদান এবং রাজাকে দধিদুগ্ধাদি-প্রদানে তাঁহাদের সন্তোষবিধান অবশ্য করণীয় ছিল। জাত সন্তানকে অপরিচিতের নিকট আনা হইত না অমঙ্গল-আশঙ্কায়। তখনকার দিনে পুত্রের জন্মতিথিও সাড়ম্বরে পালন করা হইত। পুত্রের জন্মতিথিদিবসে জননী তৈল হরিদ্রায় শিশুর গাত্রমার্জনান্তে 'পিঠালি'

১ ভা, ১০।৮২।১৩-৪৬

২ ভা, ১০।৬৫।১ ; বি. পু, ৫।২৪।৮ , হ. ব, ২।৪৬।১ ; ব্র. পু, পৃ ৭৭৩ ৩ পৃ ৩৩৩-৫

৪ ব্রহ্মবৈবর্তপুরাণে ( ৪।১২৬।১-৭ ) রাধার সহিত কৃষ্ণের পুনর্মিলন বর্ণিত আছে, কিন্তু বৃন্দাবনে কৃষ্ণ প্রত্যাবর্তন করেন নাই। 'সিদ্ধাশ্রমে' অবস্থানকালে কৃষ্ণ নন্দ ও যশোদাকে ব্রজে পাঠাইয়া স্বয়ং 'রাধিকাস্থানে' গমন করেন। ( স্বপ্নে গোকুলে কৃষ্ণের আগমনের কথা আছে ; দ্র. ব্র. বৈ, ৪।৯৮।৪১-৪ )

দিয়া তাহাকে নির্মল করিতেন; অনন্তর পিতা যথাবিধি দেবার্চনাপূর্বক নানা 'দান-ধ্যান' করিতেন। নিমন্ত্রিত জনগণ উৎসবগৃহে আগমনপূর্বক এই অনুষ্ঠানে যোগ দিতেন। নানা মাঙ্গলিক অনুষ্ঠান নৃত্যগীতাদির সহিত সম্পাদিত হইত। নামকরণও ছিল অনুরূপ একটি বিশেষ অনুষ্ঠান। নৃত্যগীতবাদ্যে গৃহ অনুক্ষণ মুখরিত হইয়া উঠিত এবং সকলে শিশুর দীর্ঘজীবন কামনা করিয়া আশীর্বাদ করিতেন।

সাধারণত অল্প বয়সে কুমারীর বিবাহসংস্কার সম্পাদিত হইত; অবিবাহিতা বয়স্কা কন্যা গৃহে থাকিলে কুটিল লোকে 'আনবুদ্ধি' করিত। বরনির্বাচনে কন্যাপক্ষ পাত্রের কৌলিন্য, রূপ, গুণ, শাস্ত্রজ্ঞান, ধন, দাক্ষিণ্য, আচার, শিক্ষা-দীক্ষা বিশেষভাবে বিচার করিতেন। বিবাহে 'পানিসাহ'-অনুষ্ঠান (জলসাধা) ছিল মেয়েদের মধ্যে বিশেষ আনন্দের বিষয়। ইহার পরে 'ত্রিযামা বিধি' অতিসত্বর সম্পাদিত হইত। জাতিবর্ণনির্বিশেষে সকলেই বিবাহে যোগদান করিত। রন্ধন, ভোজন, দেবার্চনা, নৃত্যগীতবাদ্যে বিবাহোৎসব মুখরিত হইয়া উঠিত। পুরোহিত বরকন্যার হাত কুশে বাঁধিয়া দিতেন অগ্নি সাক্ষী করিয়া। তাঁহার দক্ষিণাও ছিল প্রচুর। বিবাহে নানা যৌতুকদানের রীতি ছিল। নারীগণ বরকন্যার সহিত হাস্যপরিহাসাদিতে বাসররাত্রি অতিবাহিত করিত; সেখানে কোনো পুরুষের প্রবেশাধিকার ছিল না। কন্যাসম্প্রদানের পর জননী স্বহস্তে রন্ধন করিয়া বরকন্যার ভোজনের ব্যবস্থা করিতেন। এ-বিষয়ে কৃত্তিবাসও তাঁহার রামায়ণে লিখিয়াছেন,—

বহু দাস দাসী রাজা দিল কন্যাবরে।
জলধারা দিয়া নৈল কন্যাবর ঘরে॥
রাজরাণী গিয়া ঘরে করিল রন্ধন।
কন্যাবর দুইজনে করিল ভোজন॥[১]

পরদিনেই কন্যা বরের সহিত শ্বশুরালয়ে যাত্রা করিত। শ্বশুরালয়ে নানা আচরণীয় বিষয়ে কন্যাকে অবহিত করাইবার পর এ-বিষয়ে তাহাকে বিশেষ উপদেশ দেওয়া হইত। শ্বশুর-শাশুড়ী যথাবিধি আচার-অনুষ্ঠানে পুত্র ও পুত্রবধূকে আশীর্বাদপূর্বক গৃহে বরণ করিয়া লইতেন। গন্ধর্ববিধানেও[২] বিবাহ প্রচলিত ছিল[৩]। বহু বিবাহের প্রথা[৪] তখন অজ্ঞাত ছিল না। যে বিবাহ করিতে পারিত না বা যাহাকে বিবাহ দেওয়া হইত না, সে দেশ-বিদেশে বৈরাগী হইয়া ঘুরিয়া বেড়াইত[৫]।

১ কৃ. রা, পৃ ৮৮ ২ পু, ৩য় খণ্ড, পৃ ৮৪৭-৮ ৩ গো. বি, পৃ ১৬
৪ গো. বি, পৃ ২০ ৫ গো. বি, পৃ ১৭১

কুমারী কন্যারা কাত্যায়নী ব্রতের অনুষ্ঠান করিয়া দেবীর নিকট অভিমত বর প্রার্থনা করিত। এই ব্রতোপলক্ষ্যে তাহারা সরোবরে বা নদীতে স্নানান্তে মৃন্ময়ী চণ্ডিকার পূজা করিত। স্নানের সময় তাহারা পরিধেয় বস্ত্র নদীর তীরে রাখিয়া বিবসনা হইয়া জলে নামিত। মেয়েদের এই কাত্যায়নী পূজায় ব্রাহ্মণ বালিকা পৌরোহিত্য করিতেন। অনন্তব্রতের অনুষ্ঠানও প্রচলিত ছিল। ব্রাহ্মণেতর স্ত্রীলোকের অনুষ্ঠেয় পূজা কখনও কখনও দ্বিজনারী দ্বারা সম্পাদিত হইত।[১] বিদেশগামী পুত্রের কল্যাণার্থ মাতা নানা উপচারে ভবানীপূজা করিতেন এবং পূজান্তে পুত্রের মাথায় অষ্টদূর্বাতণ্ডুল দিয়া আশীর্বাদ করিতেন।

বাদ্যযন্ত্রের মধ্যে উল্লেখযোগ্য হইতেছে বেণু, বীণা, স্বরমণ্ডল, সপ্তস্বরা, ডুমা, দামা, দড়মসা, দগড়, কাহাল, পিনাক, সারঙ্গী, তম্বুরা, মৃদঙ্গ, শঙ্খ, ঘণ্টা, পটহ, কাঁসি, তাল, করতাল, বিপঞ্চি, ভেরী, ঝরঝরী, খমক, মহুরী, সিন্ধুআন, রুদ্র, কবিলাস[২]। বিবাহাদি উৎসবে এই বাদ্যযন্ত্রগুলি প্রায়ই বাজানো হইত।

শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণ বেদ ভাগবতাদির পাঠে ও শ্রবণে সানন্দে কালাতিপাত করিতেন; কিন্তু কোনো কোনো ব্যক্তি কৌশলে ধন-উপার্জনার্থ কিছু কিছু পুঁথি অভ্যাস করিয়া নিজেদের পণ্ডিত বলিয়া প্রচার করিতেন এবং নানা প্রকার 'প্রবন্ধে' লোকের মনোরঞ্জন-পূর্বক ধনার্জন করিয়া পরিবার প্রতিপালন করিতেন। অহংকারী পণ্ডিতের সংখ্যাও তখন কম ছিল না; লোকের মনোরঞ্জনের জন্য তাঁহারা কপটতাও অবলম্বন করিতেন। এখনকার দিনের মতো তখনও অর্থকরীবিদ্যা-সম্বন্ধে সকলে বিশেষ অবহিত ছিলেন।[৩]

নগরবাসীর অবস্থা সাধারণতঃ উন্নত থাকায় গৃহাদি সুনির্মিত, সুসজ্জিত ও অত্যুচ্চ-প্রাচীরবেষ্টনে সুরক্ষিত ছিল। রাজারা ছিলেন অত্যন্ত বিলাসী এবং সুরাপানে মত্ত হইয়া সর্বদা অন্তঃপুরে অবস্থান করিতেন। রাজকার্যে তাঁহাদের বিন্দুমাত্র মন ছিল না; পরনারী-সংগ্রহ ছিল তাঁহাদের প্রধানতম কর্তব্য; প্রাসাদে স্ত্রীলোকদিগকে আনিয়া পরে দূতের সহায়তায় তাহাদিগকে গৃহে পাঠানো হইত। কৌলিন্যপ্রথা তখন অজ্ঞাত ছিল না।[৪]

গৃহাদিনির্মাণে চারুশিল্পের পরিচয় পাওয়া যায়। ঘরের চুনকামে 'মুকুতার চুন' ব্যবহৃত হইত[৫]। সাধারণতঃ 'চৌআরি' ঘর ছিল গৃহস্থের বাসগৃহ; ইহার সঙ্গে থাকিত পড়াশুনার ঘর ও ভিতরে 'জলহরি'; সরোবরের সোপানশ্রেণী পাথরে বাঁধা। প্রত্যেক বাড়ীতেই গোশালা থাকিত। বাড়ীর চত্বর প্রস্তরনির্মিত ও তাহার চতুর্দিকে থাকিত সুগন্ধি পুষ্পের উদ্যান। সরোবরের চতুষ্পার্শ্ব স্ফটিকে নির্মিত এবং বাড়ীর বাহিরে থাকিত অতিশয় গভীর 'খাই'। সামগ্রীসম্ভারে গৃহ পূর্ণ থাকিত; নৃত্যগীতবাদ্যে ও নগর-

---

১ গো. বি, পৃ ১০৫, ১৩৮-৯, ১৬১, ২৭৯  ২ ঐ পৃ ১৬  ৩ ঐ পৃ ৬  ৪ ঐ পৃ ১৪-৫
৫ ঐ পৃ ৭৮

আধিদৈবিক বিপত্তি হইতে রক্ষার নিমিত্ত মন্ত্রপাঠপূর্বক রক্ষাবন্ধনের নিয়ম ছিল ; ভিন্ন ভিন্ন দেবতার নামস্মরণে অঙ্গ প্রত্যঙ্গের রক্ষাবন্ধন হইত। হাঁচি, জিঠির বাধা সকলেই মানিয়া চলিত [১]।

মুদ্রাকে সাধারণতঃ কড়ি বলা হইত ; দধি, দুগ্ধ, ঘৃত, ঘোল ইত্যাদি দ্রব্যে রাজকর-প্রদানেরও উল্লেখ আছে[২] ; ইহাতে অনুমান হয়, তখন বিনিময়-প্রথারও প্রচলন ছিল। দ্রব্যাদি-ওজনের সূক্ষ্মতম মান ছিল 'ধান'[৩]। (৪ ধান = এক রতি)

সাধারণতঃ কাঁসার বাসনপত্র ব্যবহৃত হইত। অন্য ধাতুজ পাত্র হইলেও 'কাঁসা' নামেই উহা অভিহিত হইত, মনে হয়[৪]। এখনও বীরভূম জেলার পল্লী-অঞ্চলের মেয়েরা যে-কোনো বাসনপত্রকে কাঁসা বলিয়া থাকে।

কাঠ, খড় ইত্যাদি দ্রব্যের সাহায্যে রন্ধনকার্য সম্পন্ন হইত ; মাটির উপর কাপড় পাতিয়া এবং তাহার উপর অন্নব্যঞ্জন রাখিয়া বনপ্রদেশে ভোজনকার্য সমাধা হইত।[৫]

কোনো কর্মে কাহাকেও নিযুক্ত করিতে হইলে তাহার হস্তে তাম্বূল দিয়া কার্যে নিয়োগের কথা পাওয়া যায়। লজ্জাজনক কার্যে অপরাধীর হস্তে শাস্তিস্বরূপ 'গুআ পান' দেওয়ার কথাও আছে[৬]।

কোনো নারী একাকী পথে চলিতেন না, দলবদ্ধ হইয়া যাইতেন ; আর তাঁহাদের সঙ্গে থাকিত দাসী এবং ইহারা বহন করিত প্রয়োজনীয় দ্রব্যসম্ভার[৭] ; রাত্রিতে স্ত্রীলোক পথে বাহির হইত না ; কারণ জাতিনাশের ভয় ছিল।[৮]

কোনো নারী গৃহস্থের বাড়ীতে আসিলে গৃহিণী তাঁহাকে 'মিষ্ট আম্র পান' দিয়া পরিতুষ্ট করিতেন ; সীমন্তে সিন্দূর ও চক্ষে কজ্জল পরাইয়া দিতেন এবং গন্ধমাল্য ও কর্পূরতাম্বূলে তাঁহাকে সম্মানিত করিতেন।[৯]

মেয়েদের কেশপ্রসাধনে বিশেষ নৈপুণ্য দেখা যাইত ; 'কানড়ছান্দে' কবরীবন্ধনের উল্লেখ পাওয়া যায়। তাঁহারা ললাটে তিলকরেখা ধারণ করিতেন এবং নয়নে কাজল পরিতেন। আভরণস্বরূপ তাঁহারা কানে পরিতেন মণিখচিত কুণ্ডল বা 'হীড়াধর কড়ি', বক্ষে মুক্তার 'ঝারা', বাহুযুগলে নবগ্রহমণিময় 'চাবুকি তাড়' এবং হীরকাঙ্কিত স্বর্ণ-'বাহুটী', বাহুর দুই পাশে থাকিত সুরঙ্গ পাটের 'থোপা', বাম করে কঙ্কণ ও 'মুদড়ী', নীবিবন্ধে সুরঙ্গ কিঙ্কিণী এবং চরণযুগলে রত্নখচিত 'সুনাদ' নূপুর ও পাসলী[১০]।

১ গো. বি পৃ ৪৩-৪, ৭৯, ২৩১ ২ ঐ পৃ ৪০ ৩ ঐ পৃ ৬৭, ২৭৫, ২৭৮, ৩১০, ৩২৯, ৩৩২

৪ ঐ পৃ ১২২ ৫ ঐ পৃ ৯৫, ১৯৭

৬ ঐ পৃ ৮৭, ১০৬ ; তাম্বূলদানে কর্মে নিয়োগের কথা পাওয়া যায় হিতোপদেশে ; দ্র. হি, পৃ ২৯৫

৭ গো. বি পৃ ১২৬ ৮ ঐ পৃ ১৯০ ৯ ঐ পৃ ১৯৪ ১০ ঐ পৃ ১২৫-৬

মেয়েরা ঠোঁটে লাক্ষারস ব্যবহার করিতেন। তাঁহাদের মধ্যে পাতলা কাচুলি ব্যবহারের রীতি ছিল। চন্দনের অনুলেপন ও কর্পূরমিশ্রিত পানের ব্যবহার ছিল[১]।

সেকালে পাটজাত বস্ত্রের বিশেষ মর্যাদা ছিল; মণিমালাখচিত পাটের চাঁদোয়া বিশেষ বিশেষ অনুষ্ঠানে ব্যবহৃত হইত।[২]

সন্ধ্যা-আহ্নিক কৃত্যের পূর্বে স্নান অবশ্য করণীয় ছিল এবং আকাশে সূর্যের অবস্থান লক্ষ্য করিয়া সন্ধ্যা-আহ্নিকের সময় নির্ধারণ করা হইত[৩]।

## ভাষার বৈশিষ্ট্য

গ্রন্থখানির ভাষাগত বৈশিষ্ট্য বিশেষভাবে উল্লেখযোগ্য; ভাষার প্রাচীনত্ব গ্রন্থে প্রায়ই রক্ষিত হইয়াছে; গ্রন্থের বহুল প্রচলনেও ভাষার তেমন বিকৃতি ঘটে নাই। লিপিকরের অনবধানতায় মূলভাষার পরিবর্তনের সম্ভাবনা থাকে; আবার গানের সুবিধার জন্য গায়েনও কখনও কখনও নিজের ইচ্ছামতো ভাষার পরিবর্তন করে। গোপালবিজয়ে এই সমস্ত বিষয়ে আশঙ্কা থাকিলেও ভাষার তেমন পরিবর্তন লক্ষিত হয় না। সুতরাং ভাষার সুপ্রাচীন নিদর্শন গ্রন্থে আশা করা যায়। এই পরিচ্ছেদে ভাষাগত বৈশিষ্ট্য দেখানো হইয়াছে। তৎসম শব্দের শুদ্ধি করিয়া দিলেও স্থানে স্থানে তাহার বৈশিষ্ট্যরক্ষায় প্রযত্ন লক্ষ্য করা যাইবে; বলা বাহুল্য, তদ্ভব শব্দ প্রায় সর্বত্র অবিকৃতই আছে।

### ॥ ধ্বনি বিচার ॥

১. গোপালবিজয়ের ভাষায় অ-কারান্ত পদের উচ্চারণ সাধারণতঃ অ-কারই ছিল, হসন্ত উচ্চারণ হইত না; ইহা বুঝা যায় পয়ারের ছন্দ হইতে। কোথাও কোথাও ইহার ব্যতিক্রমও হইত। এই কাব্যে পয়ার, ত্রিপদী ও একাবলী এই তিন প্রকার ছন্দ দেখা যায়, তবে পয়ারই বেশী। পয়ার ছন্দে চরণের শেষ পদটি প্রায়ই এ-কারান্ত; ইহা প্রাচীনত্বজ্ঞাপক,—

এক সুবন্নে জেন নানা অলঙ্কারে।
তেন নারাঅণ সব-দেব-অবতারে ॥ ৫
সেই নারাঅণ চিদানন্দ নন্দসুতে।
শুনিতে শুনিতে মনে বাসি অদভুতে ॥ ৬

১ গো. বি পৃ ১৮৬, ১৮৭, ১৯৪, ১৯৮, ৩৩৩  ২ ঐ পৃ ১২৬, ১৯৪, ২১০  ৩ ঐ পৃ ২৮৭

এতেকে অধিক নাহি ভাষার বিচারে।
বুঝিঞা মরম অর্থ করিহ বেভারে ॥ ৬

পয়ারে চতুর্দ্দশ অক্ষরের আধিক্য ও ন্যূনতা মধ্যে মধ্যে পরিলক্ষিত হয়। নিম্নে কয়েক স্থলে চতুর্দশ অক্ষরের আধিক্য দেখাইয়া বিচার করা যাইতেছে,—

কোটি চান্দের জ্যোতি দেখি চরণনখ-মূলে। ৩৯

এখানে 'চান্দের জ্যোতি' স্থলে 'চান্দ-জ্যোতি' এবং 'চরণনখ' স্থলে 'পদনখ' হইলে ছন্দঃপতন হয় না।

বৃদ্ধকালে বিধি তোহ্মারে চাহিল মুখ তুলি। ৪১

এই স্থানে 'তোহ্মারে' স্থলে 'তোহ্মা' এবং 'চাহিল' স্থানে 'চাহে' পড়িলে ছন্দ ঠিক থাকে।

আজি মো করিমু দোহার শাপবিমোচনে। ৭১

এখানে 'দোহার স্থানে 'দোহা' পড়িলে ছন্দ ঠিক থাকে।

তবে গ্রাম-নিকটে সভে হঞা এক ঠাঞি। ৮২

এখানে 'ঠাঞি' 'ঠাই'-রূপে উচ্চারিত হইলে ছন্দঃপতন হয় না।

এক্ষণে কতিপয় চতুর্দশ অক্ষরের ন্যূনতার নমুনাও দেখানো যাইতেছে,—

পেলিল সরিষা তল নাঞী জাএ। ১৫

এ-স্থলে 'সরিষা'-র পরে 'জবে' পড়িলে ছন্দ ঠিক থাকে।

মুরুখের ঠাঞি সব শ্লোক বিকল

এখানে 'সব শ্লোক' স্থলে 'শ্লোক সকল' পড়িলে ছন্দঃপতন হয় না।

উপরি-উক্ত ছত্রগুলিতে চতুর্দশ অক্ষরের আধিক্য বা ন্যূনতা থাকিলেও সুর করিয়া পড়িলে বা গান করিলে ছন্দঃপতন হয় না। কবিতাগুলি গান করা হইত; সুতরাং গীতকালে ছন্দ রক্ষা করা সম্ভব।

এই গ্রন্থে দীর্ঘ ত্রিপদী ও লঘু ত্রিপদী ছন্দেও অক্ষরের আধিক্য ও ন্যূনতা মাঝে মাঝে দেখা যায়। দীর্ঘ ত্রিপদীতে প্রথম দুই পাদের প্রত্যেকটিতে আট এবং তৃতীয় পাদে দশ, আর লঘু ত্রিপদীতে যথাক্রমে ছয় ও আট অক্ষর আছে। এক্ষণে ত্রিপদীর অক্ষর বিচার করা যাইতেছে,—

কাহার কাতর বোলে ব্রহ্মা মাথা নাহি তোলে
দেবলোকের হৃদএ বিদরে। ১১

এখানে তৃতীয় পাদে 'দেবলোকের' স্থলে 'দেবতার' হইলে ছন্দঃপতন হয় না।

আবুধ দেবগণে কিবা ভাব মনে মনে
এ বোল আহ্মাতে নাহি জাএ। ১২

এ-স্থলে প্রথম পাদে সাত অক্ষর হইয়াছে। "দেবগণে'-র স্থানে 'দেবতাগণে' হইলে ছন্দ ঠিক থাকে।

তথাঞি শ্রীহরি গলা চাপি ধ'রি
করিল বিশ্বম্ভরলীলা। ৪৭

এখানে তৃতীয় পাদে 'করিল' স্থলে 'কৈল' পড়িলে ছন্দ ঠিক থাকে।

গর্ভকর্ষণে. নাম সঙ্কর্ষণে
বলে রাম থুইল বলরামে। ৫১

এখানে প্রথম পাদে অক্ষরের ন্যূনতা ও তৃতীয় পাদে আধিক্য আছে। প্রথম পাদে 'কর্ষণে' স্থলে 'করষণে' পড়িলে এবং তৃতীয় পাদে 'থুইল' উঠাইয়া দিলে ছন্দ ঠিক থাকে।

ত্রিপদীতে অক্ষরের ন্যূনাধিক্য থাকিলেও গ্রন্থ গীত হইত বলিয়া পয়ারের মতো প্রয়োজনানুসারে স্বরের দীর্ঘতা ও হ্রস্বতা হেতু যতিভঙ্গ হইত না।

২. শব্দের আদিস্থিত অ-কার প্রায়ই আ-কার,—
আর্জ্জিবার, আপার ৬ আবুধ ১২ আতি ২৩ আনেক ৩৪ আগেআন ৩৭ আনীতের ৭০

৩. অনুনাসিক যুক্ত ব্যঞ্জনের পূর্বে অ-কার স্থানে আ-কার,[১]—
খাণ্ডাইবে ৯ চাণ্ডাল ৩৬ চান্দ ৭৮ সান্তাইলা ৯৩

৪. তদ্ভব শব্দের শেষের অ-কার কখনও কখনও আ-কারে পরিণত,—
মাতা ( <মত্ত ) ১২১-২ রাতা ( <রক্ত ) ২৫৮, ২৬১, ৩২৪ উম্মাতা (<উন্মত্ত) ২১৭

৫. ই-কার ও ঈ-কার এবং উ-কার ও ঊ-কারের মধ্যে উচ্চারণগত পার্থক্য ছিল না,—
গোপিনাথ ( গোপীনাথ ) ২৮০ পুরে ( পূরে ) ৭ তোমেঞী ( তোমেঞি ) ১১ চুড়ার ( চূড়ার ) ৮ অক্রুর ( অক্রূর ) ২৮১ কপুর্র, তাম্বুল ( কর্পূর, তাম্বূল ) ১৯৪

৬. বিশেষণরূপে এ-কারের পরিবর্তে ই-কারের প্রয়োগ,—( কণ্ঠতালব্য 'এ' স্থানে হ্রস্ব উচ্চারণে তালব্য 'ই' )
ই সব ১১৮ ই বোল ১০৭, ১১২ ই লোক সি লোক ২৩৭ ই কথা ১৪৭ ই বেদ ১৮২ ই পার ১৮৫ ই ছাদে ১৮৬ ই ঘোর ২০১

৬ক. 'ও' স্থানে 'ঔ'-কার,—
পৌসে ( =পোষে ) ৬

১ তু. শ্রী. কী, আনেক ১৫ আনুকুল ১৪ আতিশয় ১৩

২ ঐ, ঐ, জাম্বু ৬৫ নান্দসুত ৩৪ ; দ্র. সা. প. প. ৩য় সংখ্যা, ১৩৪২, পৃ ১২৫

৭. আ, ই, উ, এ এবং ও-কারের নিম্নলিখিতরূপে সংহিতা ( Juxtaposition ) পাওয়া যায়,[১]—

আই ১৬৫ আউদর ২৮ আওবাএ ৭৭ আওঁাসি ২৬২ আইআন ১৫০ আউসি ৩২০ উএ ৩১ উইল ৩৩ আওআসের ৮ আওআরি ১২২

৮. শ্রুতিসাম্যে 'য়' স্থানে অ-কার, আ-কার,—

জাঅ ( যায় ), ঘাঅ ( ঘায় ) ৬৩ নআন ( নয়ন ) ১৯ পআন ( প্রয়াণ ) ১২৫ দিআ ( দিয়া ) ৬৪

৯. অঘোষবর্ণ-স্থানে ঘোষ, ঘোষবৎবর্ণ-স্থানে অঘোষ এবং মহাপ্রাণবর্ণ-স্থানে অল্পপ্রাণ,[১]—

উপগার (<উপকার) ১০৭ ডাকর ( <ডাগর ) ২০৬ পেলিল ( <ফেলিল ) ১৫ পুচে ( <পুছে ) ২৭৫। তু. শ্রী. কী, মুড় ( <মূঢ় ) ২৩৬ সাদ ( <সাধ ) ২৪১

১০. অল্পপ্রাণ বর্ণের স্থানে মহাপ্রাণ,—

পাঢ়এ ( পাড়এ ) ৫৭ বিভাহের ( বিবাহের ) ১৬ নাহিখ ( নাহিক ) ১০৬ ছাথার ( ছাতার ) ১১৪ অফরাধে ( অপরাধে ) ২৩৬

১১. হ্ন ( =নহ )—এই অনুনাসিক মহাপ্রাণ বর্ণটিরও কোথাও কোথাও যে মহাপ্রাণহীন উচ্চারণ ছিল, চরণের মিল ও অন্ত্যানুপ্রাস হইতে তাহা অনুমিত হয়,[২]—

শুনিঞা নন্দের বোল কহে শিশুভাই।
সভেঞি দেখিল গাছ ভাঙ্গিল কাহ্নাঞি ॥ ৭২
হের তোর প্রাণের অধিক সঙ্গ-ভাই।
ইহারে উত্তর কেহ্নে না দেহ কাহ্নাঞি ॥ ১০০

তু. শ্রী. কী,—

কপটেঁ কহিল বড়ায়ি রাধিকার থানে।
তোহ্মার বচনে আহ্মে নিবারিল কাহ্নে ॥ ২৯

১২. হ্ম (=ম্হ)—এই মহাপ্রাণ ধ্বনিরও উচ্চারণ প্রায়ই মহাপ্রাণ-হীন ছিল, ইহা চরণের মিল হইতে অনুমান করা যায়,[২]—

লঞা জাহ ঘর তুহ্মি আপন কুমার।
ইহা হইতে ভঅ কিছু নাহিক আহ্মার ॥ ২১
ইথি মোর দূষণ ভূষণ কৈলে তুহ্মি।
কালিশিরে নৃর্ত্য করে ত্রিভুবনস্বামী ॥ ১০১

তু. শ্রী. কী,—কিবা পুরুব জরমে। খণ্ডব্রত কইল আহ্মে॥ ৩৩

১ দ্র. সা. প. প. তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১২৫ ২ ঐ ঐ পৃ ১২৬

১৩. উচ্চারণমূলে অল্পপ্রাণ-স্থানে মহাপ্রাণ[1] ( পরবর্তী হ-কারের সহিত সন্ধিতে )—

ইথে (=ইত্তেহে ) ১১ উথি (=উতিহি) ২১৪ এভু (=এবহু) ৮৩ কভোঁ। (=কবহোঁ।) ১৪ তভোঁ। (=তবহোঁ।) ১৫ পঢ়ে (=পড়েহে ) ৭ বাঢ়া (=বাড়াহা ) ২৯। এই প্রসঙ্গে বলা যায়, শেষোক্ত দুইটি দৃষ্টান্তে মূল সংস্কৃত হইতে জাত প্রাকৃতের প্রভাব আছে ; যেমন, সং√ পঠ> প্রা√ পঢ> বা√ পড়, পঢ় ; সং√ বৃধ্> প্রা√ বড্ঢ> বা√ বাড়, বাঢ়

১৪. ন-কার ও ণ-কারের উচ্চারণসাম্যে ন-কার,—

পারনা ( পারণা ) ১৭০ ঘুনে ( ঘুণে ) ২৩২ রোহিনী (রোহিণী) ২৫

১৫. উচ্চারণমূলে চন্দ্রবিন্দুর আগম,—

দোঁহো ২৫ মনকেহোঁ ২৭ সভেঁ ৩০ চাঁন্দের ৩২ আঁখি ১৮৯ বাপেহোঁ ২০৫

১৬ অনুনাসিকের অভাব,—

ই ছাদে ১৮৬ সিথাএ সিন্দুর ১৯৪ সিচে ১৮৬ কাপে ১৮০ কাতি ২৭

১৭. এক বর্ণে উচ্চারণমূলক অনুনাসিকদ্বয়,—

বলিঞাঁ, সাজিঞাঁ, দেখিঞাঁ, এড়িঞাঁ ৩১৪-৫ মানিঞাঁ ১৯৮। তু. শ্রী. কী, কাহাঞিঁ ১০০ মোঞেঁ ১৩০ তেঞিঁ ১২৮ এথাঞিঁ ১২৭

১৮. য-কার ও জ-কারের উচ্চারণসাম্যে মাগধী প্রাকৃতের প্রভাব,[2]—

জার ( যার ), জোর ( যোড়), জে ( যে ) ৩৩-৪ জাএণ (যায়েন) ৩৫ জেন (যেন) ৩৬

১৯. ভবিষ্যৎকালের ক্রিয়ায় '-ইবে'-র 'ব' স্থানে 'হ'-এর আগম,[3]—

জনমিহে (=জনমিবে ) ১৩ করিহে (=করিবে) ২৬৮ বলিহে (=বলিবে) ২৩১ আসিহে (=আসিবে) ২২০ অবতরিহে (=অবতীর্ণ হইবেন ) ৭০

২০. তালব্য 'ই' ও কণ্ঠতালব্য 'এ' উভয়ের তালব্যসাম্যে 'ই' স্থানে কণ্ঠতালব্য 'এ',[3]—( বিশেষ করিয়া পদটিতে যদি একাধিক ই-কার থাকে )

নেবারে (=নিবারে ) ৬৩ বেবর্তিঞা (=বিবর্তিয়া বা বণ্টন করিয়া ) ৭৩ ভেড়িঞা (=ভিড়িয়া ) ২১৭ লেখি (=লিখি ) ১০। ইহার ব্যতিক্রম, বিচিবারে ১৪৭। তু. শ্রী. কী, নেবারী ১৮৮ লেখোঁ। ৫৫

২১. ই-কার উ-কারে পরিণত এবং 'ঐ' স্থানে 'অই'—

দু-অজে (=দ্বিতীয় ) ২০০ দু-আখরি (=দ্বি-অক্ষর ) ৫৪ দুগুণ (=দ্বিগুণ ) ১৮৯ দুতিঅ=( দ্বিতীয় ) ৩৫ বইরাগী (=বৈরাগী ) ১৭১ দইবে (=দৈবে )

---

১ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১২৬  ২ ঐ ঐ ঐ পৃ ১২৬-৭

৩ ঐ ঐ ঐ পৃ ১২৭

২২. নিম্নলিখিত উদাহরণগুলিতে অর্ধতৎসম শব্দের পরিণতি লক্ষণীয়;[১]—

বিপ্রকর্ষ—আমরিষ (∠অমর্ষ) ১৪৯ পরণাম (∠প্রণাম) ৫ পুরূবে (∠পূর্বে) ৬ বিউপতি (∠ব্যুৎপত্তি) ৭ অনুরথ (∠অনর্থ) ২৩ পরতেখ (∠প্রত্যক্ষ) ৫ পরমাণে (∠প্রমাণে) ৭ সরবস (∠সর্বস্ব) ৭

সমীকরণ—মম্ম (∠মর্ম) ২৮৯ ছুল্লাল (∠ছুর্লাল) ৩১০ সুবন্নে (∠সুবর্ণে) ৫ বন্নিতে (∠বর্ণিতে) ৬ বন্নিআছে (∠বর্ণিয়াছে) ৬

২৩. বর্ণবিপর্যয়,—

দহে (∠হ্রদে) ৯৮ কাহোর (∠কাহারও) ১৫

২৪ রেফের অভাব,—

সব্বনাশ ১৩১ সুবন্নে ৫ দুবল ১৪৩

২৫. উচ্চারণমূলক আগম রেফ,—

মৃর্তু্য ২০৫ আর্চ্ছাদিঞা ৭ উর্ত্তম ১৫৫ পির্ত্তল ১৬৭ সর্জ্জ ২৭২ শর্য্যা ১৮৪

২৬. সন্ধিতে পরবর্তী 'এক' শব্দের এ-কারের দীর্ঘত্ব হেতু পূর্ববর্তী লঘুস্বর অ-কারের লোপ,—

বারেক (=বার+এক) ২০ বচনেক (=বচন+এক) ১৫৫ লক্ষেক (=লক্ষ+এক) ৯১ তু. শ্রী. কী,—বচনেক দেহ রাধা কাহ্নাইক আশ ২৪

২৭. এক অনুনাসিকের পরিবর্তে অপর অনুনাসিক,—

তেঞি (∠তেন হি) ৯। তু. শ্রী. কী, নান্দে (=নাঁদে) ১৩০

২৮. সন্ধিতে বিশেষত্ব,—

নাছিল (না+আছিল) ২৬৪ আড়াখিএ (আড়+আখিএ) ৯০ অগ্নে (অগ্নি+এ) ১৪৬ বরিষাইল (বরিষা+আইল) ৩২০ দিগান্তর (দিগ+অন্তর) ১৩ জানাই-লাসিঞা (জানাইল+আসিঞা ২২ মণিমআঙ্গিনে (মণিময়+ আঙ্গিনে) ৫৫ হইলানন্দ (হইল+আনন্দ) ৬২ নেহাসিঞা (নেহ+আসিঞা) ১০৭ উত্তরিলাসিঞা (উত্তরিলা+আসিঞা) ২৯০ সময়াপেখি (সময়+আপেখি) ২৯৭ জোগনিদ্রাবলম্বি (জোগনিদ্রা+অবলম্বি) ৯৯ প্রাতিদুরে (প্র+অতিদুরে) ৭৯

২৯. ই-কার এবং 'র'-কারের লোপ,—

পৃথবী (=পৃথিবী) ১০ পূণমিক (=পূর্ণিমা) ২৩০ দ্রুবে (∠দ্রবে)

৩০. 'নির্' উপসর্গের র-কারের লোপ,—

নিউদ্দেশ (∠নিরুদ্দেশে) ২৪৮

১ সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২ পৃ ১২৭-৮

৩১. 'হ'-কারের আগম,—

কাহাঁঠালে ১৯১

৩২. 'ন'-কার স্থানে 'ল'-কার,—

লাএ (নাএ) ১৮০ লোকা (নৌকা) ১৭৮ লাও (নাও) ১৭৯ লৌকাএ (নৌকাএ) ১৭৮ লাড়ে (নাড়ে) ২৪৬ তু. শ্রী. কী, কাজন, নাঙ্গন (কাজল, লাঙ্গন)

## কৃৎ, তদ্ধিত ও স্ত্রী প্রত্যয়

৩৩. তদ্ধিতান্ত বিশেষ্যের বিশেষণে -উআ প্রত্যয়,—(স্বার্থে 'ক' প্রত্যয়লোপে)

গরুআনাগর বেশ ২৯২ গরুআনাগর ছান্দে ২০৪

৩৪. চেতনপদার্থে -ময়ট্ প্রত্যয়,—

নগর গোআলামঅ চাষ নাহি জানে ১৫৫

৩৫. নিম্নলিখিত স্থলে বিশেষণপদে '-আ' প্রত্যয়ের অভাব,[১]—

কাচ লোম এক পাড়ি (কাচ=কাঁচা) ১২৬। তু. শ্রী. কী, কাঁচ কনয়া ৬৯

৩৬. নির্দেশক প্রত্যয়রূপে 'গুটা', 'গোটা' শব্দের প্রয়োগ,[১]—

জমের দোসর হএ দুই গোটা মল্লে ৩০৬ দুগুটা শিংহের ঘাএ, দুগোটা কান পসারি ৮৮। তু. শ্রী. কী, দুগুটি বেগুয়া ১৬৯

৩৭. বিশেষণে -ইল, -ল প্রত্যয়,—

পেলিল সরিষা তল নাএী জাএ ১৫ কাটিল কদলী জেন ভূমি পরে গিরি ২৪৯ আসহিল বোল কত সহিব সভারে ১৯৩ নানা রঙ্গে পাকিল নারেঙ্গ-বন জাএ ২০৭ ফুটল কমল জেন বৈসে মধুকরে ১২১ বিভাইল নারী বলে জন্ম হইল মিছে ২৯৪ পালা নিধি কেনে রাধে পাএ বিঘটাই ১৬৭ শুনিল লক্ষণ দেখি চিনিব তাহারে ২৬৯

৩৮. স্ত্রীলিঙ্গ বিশেষ্যের বিশেষণে স্ত্রীপ্রত্যয়ের অভাব,—

চালিল সাপিনী জেন মন্ত্র নাহি শুনে ১৯৯ ভুখিল চকোরী জেন পাইল শশধরে ৬০ বালক হরিণী জেন কেশরী বেঢ়িলী ১৬২

৩৯. স্ত্রীলিঙ্গ কর্তৃপদের -ইল,-ল প্রত্যয়ান্ত ক্রিয়ায় স্ত্রীপ্রত্যয় 'ঈ',—

দেবী উঠিলী আকাশে ৩৬ তার পাশে পদ্মাবতী মাধবী চলিলী ২১৬ গোপী আসিঞাঁ রহিলী ২৬১ মাতী গেলী রাধিকা গোআলী ২৪৯। তু. চ. প, 'পাণা তরুবর মৌলিল রে গঅণত লাগেলী ডালী' ৮৪; শ্রী. কী, বড়ায়ি চলিলী ৯ রাধিকা ভৈলী ১৪। গোপালবিজয়ে এই নিয়মের ব্যতিক্রমও আছে, যেমন—চলিলা বড়াই ১৭৫ বড়াই আইল

১ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১২৮

কানু ঠাঞি ১৫২। পুংলিঙ্গ কর্তার ক্রিয়ায় এই নিয়মের ব্যভিচার, যেমন—কেশরী যেঢ়িলী ১৬২ (রসিকগুরু) মুখে চুম্ব দেইলী বিস্তর ৫৪

৪০. পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের বিশেষণে স্ত্রীপ্রত্যয়ের ব্যভিচার,—

সুন্দর গোআলী ১৮০ বচন না প্রমাণী ৪৬ সর্বতীর্থময় রাধে ১৭২ অষ্টভুজারূপ দেবী ৩৬

৪১. স্ত্রীপ্রত্যয় 'আ' স্থানে 'ঈ',—

নবিনী গোপিনী সব মজিল হৃদএ ২২০ কংস ঘোরতর কন্যাখানি সে উজলী ৩৬

৪২. স্ত্রীলিঙ্গ সম্বোধনপদে স্ত্রীপ্রত্যয়ের অভাব,—

আর কত দুর প্রিআ আইস আগুসরি ২৮৫

৪৩. শতৃপ্রত্যয়জাত বিশেষণ,—

এখন পড়িল সে জীঅন্তের হাথে ৪৬ মোর ছয় পুত্র রাজা জীয়ন্ত মারিল ৪০ জীয়ন্ত আনিঞা দিব নন্দের কুমারে ১০২

৪৪. ভাববাচক '-পনা' প্রত্যয়,—

সতীপনা ১৪৫ নিঠুরপনা ২৫৭ বিদগধপনা ২২২ নাগরপনা ৫৪। তু. শ্রী. কী, 'তেজ কাহ্নাঞি নাগরপনা ২৪৪

৪৫. স্বার্থে '-ক' প্রত্যয়,—

কিবা মনেক দুখ দেহ অকারণ ১৭৭ পানি না সিচিঁলে পুন হবেক অকাজ ১৮৫ চরণ পাখালিঞাঁ। কেবা মুছিবেক কেশে ২৫৭ আন্ধা দরশনে কভো নহিবেক দুখে ৭১

## ॥ পদবিচার ॥

### (১) শব্দরূপ

৪৬. বিশেষ্যের বিভক্তি :

প্রথমা। -, -এ

নন্দের কুমার ৬ রাম দামোদর ৮৯ ব্রহ্মাএ ১১ বণিকে ২২৬ মধুকরে ২২৭

দ্বিতীয়া। -, -কে, -এ, -র, -রে

বৎস ৮১ বৎসক ৮৯ রাজা ৩৭ সমুদ্রকে ৫ নিঅতিকে ২১ উগ্রসেনে ১৪ কানে ৮৩ গোপীগণে ১২৫ মাএ ৮৪ দেবীর ১১ কৃষ্ণেরে ৮৯ বড়াইরে ১৫৩

চতুর্থী। -এ, -কে,-রে

বলরামে ২৮৯ পরিজনে ২৮৯ রসকে ২২৫ নামকে ৩৬ দিবসকে ২৮৪ শঅনেরে ৬১, ৮২ লাভকে ১৩১

তৃতীয়া। -এ

অতনে ৭ পঞ্চামৃতে ৭২ ওঁঠে ৭৮ মণিএ ৮ নিকটমরণ-ভএ ৩৭

পঞ্চমী। -কে

প্রাণকে অধিক বাসি মদনক মালা ২২১ অহল্যাকে অধিক নহিবে তুমি সতী ১৪৫ জামুনাএ জলকে তুলিল গোপীজনে ২৬২

ষষ্ঠী। -এর, -ক, -কার, -কে, -কের, -র

নন্দের ৭৯ ধনিনের ২২৬ লাখকের, নিখকের ২৭৬ মদনক ২২১ পুণমিক ২৩০ আজিকার ৮৯ লোভকে ২৭১ ভাগ্যকে ২৬ পিপীড়াকে ২৭৯ মড়াকে ১২৬ আপনাকে ৩২২ কড়াকের ১৫৬ রাজার ৯২

সপ্তমী। -এ, -এরে, -ত, -তে

গোঠে ৭৯ মনকেহোঁ ( স্বার্থে 'ক'+এ ) ২৭ চরণকে ( স্বার্থে 'ক'+এ ) ৩৩০ গোঠেরে ৭৯ মনেত ২৩ ঘরতে ২১১

৪৭. সর্বনামের বিভক্তি :

প্রথমা। একবচনে -, -এ, -এঁ ; বহুবচনে -রা, সব্ধা

আন ৮৩ তুহ্মি ১৩০ আহ্মি ১৩০ মুঞি ৪৬ মো, মু ৬৭ তোম্বে ৯০ তোমে ৭৮ সব্ধেঞিঁ ৯ সব্ধে ১১ তোমেঞী ১১ সভেঁ ৭৯ আহ্মারা ১৫০ আহ্মা সব্ধা ৯২ তোহ্মারা ১৮০

দ্বিতীয়া। -, -এ, -ক, -কে, -রে, ; বহুবচনে সভা

তুহ্মি ১৯ আহ্মা ১৮ তোহ্মা ৩৪ তোহ্মাএ ১৩১ সভে ১৭৮ সবক ২১৪ তোহ্মাকে ৪৪ মোকে ১১০ তাহারে ৮৭ তোহ্মা সভা ২৩

চতুর্থী। -রে

তোহ্মারে ১১ আহ্মারে ১৯

পঞ্চমী। -তে, হইতে

কাহাতে ১৯৪ তোহ্মা হইতে ৬০ ইহা হইতে ২০

ষষ্ঠী। -এ, -এর, -কার, -কে, -র

তোহে ১৮ মোরের ২৭১ সভাকার ১০৭ তোহর ৬৬ তোহোর ২৮৪ মোহোর ১৩ আপনাকে ৩২২ তোর ৬৭ মোর ৬৭ আপনার ৮২ আহ্মার ১৯ তোহ্মার ১৯ কাহোর ১৫

সপ্তমী। -এ, -তে

ইথে ১৯ তাহে ৩১ ইহাতে ১৯ তোহ্মাতে ১৩০ আহ্মাতে ১২

৪৮. উপহাসার্থক ক্রিয়ার কর্মে -রে বিভক্তি,[১]—
লক্ষ্মীরেহোঁ হাসিথাঙ সোহাগ শুনিঞাঁ ২৭৪। তু. শ্রী. কী, উপহাস করির তোহ্মারে ১৮৮

৪৯. বিশেষ বিশেষ অর্থে -কে বিভক্তি,—
আহ্মি কত দিনকে ( দিনের জন্য ) জাইএ কংসসভা ২৮৪ জত জত আরতিকে ( আর্তি হেতু ) ডাকে গোপীনাথে ২২৩ নামকে ( নামের জন্য ) বংশ মোর না থুলে সংসারে ৩৬ সব সখীগণ বিকে ( বিক্রয় করিতে ) চলিলা সোআথে ১৫০ আনন্দে নন্দের রানী ঘরকে ( গৃহের দিকে ) চলিল ৫৬

৫০. তুমর্থ অসমাপিকার বিভক্তি,[২]—
(১)-ইব+আ+কে ( চতুর্থী ) : এ দান দিবাকে তোমে মনেহো না কর ১৫৯
(২)-ইব+আ+রে ( ঐ ) : ইথে দান দিবারে কি মন নাহি ফুরে ১৫৯
এইরূপ—ফুটিবাকে ৫৯, উড়াবাক ৮৭, জীআবাকে ১২৬, কহিবাক ১৪১, লুকাবাকে ১৫৮ নিবাক ২২০

৫১. গমনার্থক ধাতুর যোগে -কে বিভক্তি,[৩]—
জেন সব নদনদী সমুদ্রকে জাএ ৫ আনন্দে নন্দের রানী ঘরকে চলিল ৫৬। তু. শ্রী. কী, ঘরক আইলী বড়ায়ি ২৯

৫২. 'অধিক' শব্দযোগে -কে বিভক্তি,—
দিনকে অধিক সে রাতিএ চলি জাএ ১৯৫ ফুলকে অধিক পত্র সুগন্ধি সুন্দরে ২০৯ দেবতাকে অধিক সেবিহ গুরুজনে ১৮

৫৩. অবচ্ছেদে অর্থাৎ দেহের অংশবিশেষের উত্তর সপ্তমী,—
বসুদেব-করে ধরি রাজা কংসাসুরে ১৮ আন বলি ধরিলেক দৈবকীর কেশে ১৮

৫৪. ষষ্ঠীর -কের বিভক্তি,[৪]—
লাখকের হঞাঁ নহি নিথকের মূলে ২৭৬ এখন না জাএ ছাড়া কড়াকের মাটী ১৫৬। তু. শ্রী. কী, যেহ্ন নদীকের বাণে ১০৯

৫৫. একই শব্দে দুই বার ষষ্ঠীর -র বিভক্তি,—
ততো পাপ মোরের লোভকে ঠাঞি নাহি ২৭১

৫৬. বিভিন্ন কারকে বহুবচনের প্রয়োগ,—
জত বীরভাগ আছে ৮৯ তোহ্মা সভা পার করে ১৮০ নারীএ পুরুষে সব আইল ১৮৪

---

১ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৩৫ ২ ঐ ঐ ঐ পৃ ১৪৩
৩ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৩৪ ৪ ঐ ঐ ঐ পৃ ১৩৬

সখীজন লঞা ১৮৪ শুধাএ মাএ সকল উত্তরে ৭২ কহে শিশুভাই ৭২ শিশুগণ ধাএ ৮৫ তোহ্মা সহ্মা হেন বীর ৯২ তো সভার মন্ত্রণায় ৮৬ তোহে সভ দেব মেলা ২৪ কৃষ্ণগণ জত সব আনন্দে পাথার ৩০৭

৫৭. খেদসূচক বাক্যপ্রয়োগ,—

শিব শিব ই না দুখ কহিব কাহারে ২৫৬ হরি হরি সে হেন কোমল কলেবরে ২৫৭

৫৮. কারক-বিভক্তিযুক্ত অব্যয় পদ,[১]—

কিকে, কীকে ১৮, ৩৬, ১০৭, ১৫৮ কহির ২৯৫ আরখানিকে ১২৮। তু. শ্রী. কী, কিকে ৩৩ কহির ১৯ হের, হোর ১০৮, ১৫১, ১৫৩-৪, ১৬৪ ইত্যাদি।

৫৯. সম্বোধনে প্রযুক্ত বিশিষ্ট পদ,—

অবাহে জাবক বেলে কি পাত ঢামালি ১৫২ অবাহে নন্দের পোএ কি ছার বেভার ১৮০ হোর তথি বীজ দেখ মানিক-সমানে ২০৭ হোর দেখ শ্রীফলের অভাগ্যের ফলে ২০৭।

উত্তর বঙ্গে রাজবংশীদের মধ্যে 'বাহে' শব্দটি সম্বোধনে বিশেষ প্রচলিত; সুতরাং এই কাব্যে ব্যবহৃত 'অবাহে' পদের সহিত 'বাহে' শব্দটির বিশেষ সাদৃশ্য আছে।

৬০. বিশিষ্ট তৎসম শব্দ,—

অবগ্রহে (অনাবৃষ্টিতে) ১৩ জাবকরস (আলতা) ৩৩ রঙ্কের (কৃপণের) ১৭০ মনুলোকে ২৯৫ অবতংসে (ভূষণে) ১৫৯ পিশুন (খল) ২৭৫ বিক্রমের (হীরকের) ২১০ সন্তানকুসুম (দেবতরুবিশেষের ফুল) ৩২ সন্নাহ (বর্ম) ২০২ শরভের (মহাসিংহের) ২৭৭

৬১. গ্রন্থে আরবী, ফারসী ইত্যাদি কিছু শব্দ আছে; এইগুলি টীকাটিপ্পনী-অংশে দ্রষ্টব্য।

## (২) ধাতুরূপ

৬২. বর্তমান কালের বিভক্তি,—

উত্তম পুরুষ। -ই,-ইএ,-উ,-ও,-ওঁ

দেখি ১৬৯ বলি ১৬৮ করিএ, কাঁপিএ ১৬৮-৯ দিমু ৩৩ পাউ, পেলাউ ৩৬ দেখো, করো, আইলুঁ ১৬৯ জাও ১১ বাসোঁ ১৬৫ দেখিমো ৩৪ পেলাও ৩৮ পেলুঁ ২১৪

মধ্যম পুরুষ। -অ,-সি,-ইসি

হাস ২৫১ কাঢ়সি ১৫৪ ভর্ছসি ১৭০ সোধাসি ২৭৩ দেখাসি ১৬৫ করসি ২৪ চাসি ৯০ শুনিসী ২৫১ জানিসি ১৩৪

[১] দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৩৭

প্রথম পুরুষ। -ই,-এ,-অন্তি,-এন্ত

দেই ১১৫ আইসে ১৫ কহে ১৫ হএ ৬ করে ৬ বহন্তি ১৪৯ পুতন্তি ১৫৫ করন্তি ১২৪ বোলন্তি ১৫৭ করেন্ত ৭২ বহেন্ত ৯৩ হাসেন্ত ১০৬

৬৩. গৌরববোধক ক্রিয়াপদ,—

কৌতুকে বসি আছেন গোপালে ১২৭ জোগনিদ্রাবলম্বি ভাসেন (কৃষ্ণ) মাঝ-জলে ৯৯ কৃষ্ণ বোলেন জে বোল বল সে বড়াই ১৩৪ সভেঞি আপন বলি বোলেন বড়াই ১৩৯

৬৪. -অন্তি,-এন্ত বিভক্তিগুলি প্রায়ই গৌরবে ব্যবহৃত হইয়াছে,—

কৃষ্ণ চাহেন্ত আড়াক্ষে ১৮৮ বড়াই কহন্তি কথা ১৪৯ (গোপী) বোলন্তি বিষাদে ১৫৭ বলাই বোলেন্ত ৯৩ হাসেন্ত শ্রীহরি ১০৬ পিঅন্ত শ্রবণে ১৭৭

৬৫. সাধারণ কর্তৃকারকে গৌরবার্থক ক্রিয়ার প্রয়োগ,—

হাফিনা বহেন ধোঞে ১৩৮

৬৬. কর্তা বহুবচন হইলে তাহার ক্রিয়ায় -অন্তি, -এন্ত বিভক্তি,—

সব লোক নিদ্রা যান্তি ২৯৬ বৃক্ষমুল দেখি সবে করেন্ত উসারি ৭২

৬৭. -ই,-ইএ,-এ বিভক্তি সাধারণতঃ কর্মবাচ্যে প্রযুক্ত হইয়াছে,—

তার লাগি করিএ পাঁচালী পরবন্ধে ৭ নন্দের নন্দন বলি আস্কা নাহি জানি ১৬৮ রঙ্কের পুত্রের মুখে তাম্বুল না খাই ২৮৯ বিবাদ দেখিএ সব শাস্ত্রের বিচারে ৮ না দেখিএ গাও বিনু গন্ধচন্দনে ৮ দিন কথো গোকুলের কর নাহি পাএ ১৪৯ আচারে বিচারে বেদবেদান্তে না পাই ৫ হেনমতে সকল দেখিএ বিপরীত ১৬ হাতে নিঙাড়িলে ফুলের মধু নাহি পাই ২২২

৬৮. মধ্যম পুরুষে -ইসি,-সি বিভক্তি তুচ্ছার্থে ব্যবহৃত হইয়াছে,[১]—

মাধবী শুনিসী সহী ২৫১ কি মোরে দেখাসি রাধে ১৬৫ কতেক ভর্ছসি রাধে পণ্ডিত-ভর্ছনে ১৭০ না জানিঞাঁ আবুধ নিন্দসি চক্রপাণি ৩০৫। তু. শ্রী. কী, নিতি নিতি যাসি রাধা ১১২

৬৯. (১) অনুজ্ঞায় প্রথম পুরুষে -উ,-উক বিভক্তি,—

শ্রবণ সফল কর জুড়াকু পরাণ ১২৫ কে আপনাকে দেখাকু ১৫ জে জাবে সে আসু ১৫১ রাধা রহু মোর কাছে ১৬১ জে নিবে পসরা নেকু ১৬২ কে চালাবে চালাউ রথ ২৮৪ কামরাজে যুগ্ম গুণ নিউ টানি ২৪৩ সিদ্ধ হউ মনের জুগতি ২৭২ ইথে কে করু প্রতিকারে ১১ ভাল মন্দ হউ কিছু না লব বিচার ৬। তু. শ্রী. কী, কাহ্ন আসু বিদ্যমানে ২৭৫

(২) মধ্যম পুরুষে -অ,-অহ,-আহ,-আহা

না ধর মোএ ১৮৩ স্ত্রীবধে খড়্গা তোলহ না বাসহ লাজে ১৯ না মুকাহ নীবিবন্ধ ১৮৩ খণ্ডাহ বিধাতা ১৬৯ আগু তার ঠাঞী জাহা ১০। তু. শ্রী. কী, তোলহ রাধাকে বড়ায়ি ২৮৩

১ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৩৯

৭০. -ইল,-ল প্রত্যয়ান্ত অতীত কাল,—

পুছিলোঁ মো তথা ১৮৫ সম্বরে করিতে আইলুঁ তোহ্মারে সম্ভাষা ১৮৫ পুতনা মইল বিষজালে ৪৬ বালক্রীড়া কইল নন্দসুতে ৪৬ মোরে গোপিনী মাইল ১৩৩ দিন অবসান ভেল ১৬৪ সেহো ভেল আনন্দের ছন্দে ২৩৫ তখন পূণিমার শশী উইল আকাশে ২০৪ আখি ভরি সুখে দেখ রইল কাহ্নাই ২০৬

৭১. -ই প্রত্যয়ান্ত অতীত কাল,—

একে একে ফুল দিঞাঁ তুষি ব্রজবালা ২৮৪ একে একে সকল কহি প্রভু-ঠাএ ১০৯ বড়াই দেখিঞা গোপী বড় ভঅ পাই ১৩২ বেশ সাজ করি কৃষ্ণ দেই হাথসানে ২১৪ আনন্দে উৎসব করি মনোরথ পুরি ২১ অক্রুর আগু জাই ২৮৮ কেহো কৃষ্ণ কোলে করি হুইঞাঁ উমাতা ২১৭। তু. শ্রী. কী, ষোড় হাথ করী বনমালী ৩৪৩

৭২. কর্তৃপদ স্ত্রীলিঙ্গ এবং ক্রিয়াপদ অকর্মক হইলে প্রথম পুরুষের ক্রিয়ায় 'ঈ' প্রত্যয়,[১]—

তার পাশে পদ্মাবতী মাধবী চলিলী ২১৬ দেবী উঠিলী আকাশে ৩৬ কামকলা গেলী কৃষ্ণ-ঠাঞে ২২২ হাসিঞাঁ চলিলী গোপী মনোরমা-পাশে ২২৮। তু. শ্রী. কী, বড়ায়ি চলিলী ৯

৭৩. -ইল প্রত্যয়ান্ত অতীত কালের সহিত স্বার্থে -ক বা -এক[২],—

গরলে জিনিল জেন চালিলেক গাএ ১০২ কালকূটে জারিলেক গাও ১০০। তু. শ্রী. কী, তভোঁ আমুমতী মোক নাঁ দিলেক রাহী ৩৯৭

৭৪. ক্রিয়াবাচক বিশেষ্য এবং -ইল প্রত্যয়ান্ত ক্রিয়াপদের সংমিশ্রণ,—

এহো সে দাবানল পিল অমৃতসমানে ৩০৩ ( পান করিল )

৭৫. কর্মবাচ্যের ক্রিয়ায় 'ক্ত' প্রত্যয়সহ -ল বিভক্তি,—

মিছাই পঢ়িল বেদ পুরাণ ভারথে ১১১ সে প্রভু দেখিল আহ্মি জমুনাকাননে ১১০

৭৬. অতীত অসমাপিকার বিভক্তি -ইলে,—

উইলে ২৭৮ শুনিলে ৭

৭৭. নিত্যপ্রবৃত্ত বর্তমানে -ই বিভক্তি,—

দধি দুগ্ধ খীরিসা নবনী জত পাই। সেই ভক্ষ্য উপহারে দিবস নেআই॥ দিন অবসান হইলে সভা দেই ছাড়ি। ঘর রঞ্জিবারে তবে সঙ্গে দেই কড়ি॥ ১৯২। এই ক্রিয়াপদগুলি নিত্যবৃত্ত অতীতের সহিত অভিন্নও বলা যাইতে পারে।

১ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৩৯ ২ দ্র. ঐ পৃ ১৪০

৭৮. নিত্যবৃত্ত অতীতে -ইথ ( = -ইত ) প্রত্যয়,—

লক্ষ্মীরেহোঁ হাসিথাঙ সোহাগ শুনিঞাঁ ২৭৪ জাহে কামসিদ্ধি সাধিথাঙ নিরন্তরে ৩১৯ জে সমএ বনে বনে চরাইথা গাই ৩২৯

৭৯, সম্ভাব্য অতীতে -ইথ ( = -ইত ) প্রত্যয়,—

বোল দুই কহিথাঙ মধুর বচনে ৩১৭ আর কেহো শুনিলে করিথ ভাল কাজে ২৮৯ আহ্মি না ধরিলে রাধে ছাড়িথা পরাণে ১৯১

৮০. কর্মবাচ্য হইতে উদ্ভুত অনুজ্ঞায় উত্তম পুরুষের ক্রিয়ায় -ইউ বিভক্তি[১],—

কাহার প্রাণে নিব কৃষ্ণ দেখিউ তাহারে ২৮৪। তু. শ্রী. কী, 'সখিসবে বুইল রাধা লড়িউ সিনানে ২৯৩

৮১. -ইব, -ইবে, -ইহে প্রত্যয়যুক্ত ভবিষ্যৎ কাল,—

উত্তম পুরুষ—ধরিব মানুষাকার করিব লৌকিকাচার ১৩ পৃথবীর খণ্ডাইব ভারে ১৩

মধ্যম পুরুষ—লুকাইতে বলি চালে চড়িবে সদাএ ৬১ একে একে কহিহে সভার পরিহার ৩৩১

প্রথম পুরুষ—কখন আসিহে মোর নাগর-শেখরে ২২০ কি করিহে কি বলিহে চিত্তে ২৩১ রাম কৃষ্ণ দুহে না বুলিহে এক ঠাই ১৪৯ মোরে কিবা হৃদএ করিহে দেবরাজে ১৪৭

৮২. -ইমু, -ইমো প্রত্যয় উত্তম পুরুষে ভবিষ্যতের অর্থেও ব্যবহৃত হইতে পারে,—

দিমু ৩৩ জানিমু, দেখিমো ৩৪ পেলিমো, দিমো ১৫৬

৮৩. ভাব ও কর্ম বাচ্যের প্রয়োগ,—

বিধির লিখন কভোঁ খণ্ডনে না জাএ ১৪ তা দেখি মাএর স্থপ ধরণে না জাএ ৫৫ কৃষ্ণের কি কইল হঅ কাহার শকতি ৩০৪ বচনে লুকাইল নহে ২৭

৮৪. ভবিষ্যৎকালের ক্রিয়াপদে স্বার্থে অথবা অবধারণে -ক ( -এক ? )[২]—

পাছু কি হবেক ১৫৩ হবেক বিরহ-দুখ ২৭৮ সিংহ হঞাঁ কে জাবেক শরভের কাছে ২৭৭ গোপী চালিবেক ৩২০। তু. শ্রী. কী, 'আথান্তর করিবেক রাধা ৩২৩

৮৫. বর্তমান অনুজ্ঞায় মধ্যম পুরুষে -আহ বিভক্তি,—

হরিরস খাহ দাহ বিলাহ ছড়াও ২২৩। তু. শ্রী. কী, 'বিলাহ যৌবন রাধা ৬৪

৮৬. ভবিষ্যৎ অনুজ্ঞায় মধ্যম পুরুষে -ইহ বিভক্তি। ইহা বর্তমান কালে মধ্যম পুরুষের মতো[৩]—

ওথা গিঞাঁ ঝাট আসিহ দুই ভাই ২৭৯ পারাইঞা রাধিকার করিহ উদ্দেশ ১৮৫

৮৭. ভবিষ্যদর্থে প্রথম পুরুষের ক্রিয়ায় -হে বিভক্ত্যন্ত পদ[৪]

কি করিহে কি বলিহে চিত্তে ২৩১ দ্বাপরের শেষে অবতরিহে গোপালে ৭০

১ দ্র. ও. ডি. বি. এল, পৃ ৯১৯-২০ ২ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৪০-১

৩ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৪২ ৪ দ্র. ও. ডি, বি, এল, পৃ ৯৬৪-৫

৮৮. সঙ্গে মেলি কহিগা তাহারে ১৬০ তুহ্মি ধরগা কাণ্ডার ১৭৫—এই বাক্যাংশ-দ্বয়ের 'কহিগা' এবং 'ধরগা' যথাক্রমে 'কহি গিয়া' এবং 'ধর গিয়া'-র রূপান্তর, মনে হয়[১]।

৮৯. তুমর্থক অসমাপিকার বিভক্তি[২],—

(১) -ইব+আ+ক (চতুর্থী বিভক্তি)—নিবাক পারে ২২০ কহিবাক জানি ২২২

(২) -ইব+আ+রে (চতুর্থী)—দান দিবারে ১৫৯ বালাজন বুধিবারে ২২০

(৩) -ইব+আ+এ (চতুর্থী)—রস রাখিবাএ ২১৯

(৪) -আব+আ+ক, কে (চতুর্থী)—উড়াবাক চাহে ৮৭ জীআবাকে পারে ১২৬

৯০. বর্তমান বা শত্রর্থ অসমাপিকার -ইতে বিভক্তি,—

শুধাইতে ২৭৮ উলটিতে ২৮০

৯১. ভাববচন পদের সহিত 'যা' ধাতুর পদ দিয়া যৌগিক কর্মভাববাচ্য-গঠন[৩],—

কহনে না জাএ ৯ খণ্ডনে না জাএ ১৪ সহনে না জাএ ২৪১। তু. চ. প, ত্বলি ত্বহি পিটা ধরণ ন জাই ৪৮; শ্রী. কী, অ প্রাণ ধরণ না জাএ সুন্দরি রাধে ৩২৩

৯২. যুক্ত ক্রিয়াপদের প্রয়োগ,—

জানিঞাছে ২৮৯ পালাঞা জাই ২৯৮

৯৩. ণিজন্ত ধাতুর প্রয়োগ,—

কর্পূর তাম্বুল দিঞাঁ বৈসাইল পাশে ২৭৯ কি শপতি করাইবে করিঙ বিদ্যমান ২৪০ নিজ গুণ হাসাইবে সতীনের গুণে ২৪২ পড়াইল বসন বান্ধিল কেশপাশে ২২৮ হাথে চান্দ দেখাইল চড়াবার বেলে ১৮৬ দুই হাথে মাথা প্রবেশাল্য তার কান্ধে ১০৩

৯৪. বিভিন্নার্থে ধাতুর প্রয়োগ,—

(১) √চাহ্—রাধার সখীর মুখ চাহ ২৩৬ ( দেখা )
এত বলি রাধিকা উঠিতে জবে চাহে ২৩৭ (ইচ্ছা করা )
সববেদ-বলে জারে চাহিঞাঁ না পাই ২৩১ (অন্বেষণ করা )

(২) √বাস্—প্রাণকে কঠিন করি বাসি ২৩৮ ( মনে করা )
বৈকুণ্ঠে লক্ষ্মীহো নাহি বাসে ২৩৮ ( ভালবাসা )
আপনা না বাসি তোহ্মা স্মরি ২৩৮ ( অনুভব বা বোধ করা )
জথা তথা জে দেখি কাহ্নাই হেন বাসে ৩২৬ ( চাওয়া বা মনে করা )
ইহা মারিবারে তোরে কেমনে মনে বাসে ৩৬ ( হওয়া )

১ দ্র. ও. ডি. বি. এল, পৃ ৯০৯ ২ দ্র. সা. প. প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৪৩
৩ দ্র. ভা. ই, পৃ ১৩০

৯৫. নামধাতুর প্রয়োগ,—

শব্দাইল ৩৯ প্রবেশাল্য ১০৩ কটালিল ৮৮ আদরিঞা ৮৯ পরীখিলা ৫ খিলাঞা ১৯৯ আলিঙ্গিল ২০৬ বরিষাইল ৩২০

## ক্রিয়াবিশেষণ ও অব্যয়ের প্রয়োগ

৯৬. -ইল প্রত্যয়ান্ত বিশেষণ ক্রিয়াবিশেষণরূপে ব্যবহৃত[১],—

গোআলিনী-শকতি কার কি করিল হএ ১৬৯ জেমতে রাখিল হএ সৃষ্টি ১০ তবেসি রঞ্জিল হঅ রসিক সে জনা ২২২ কতেক সহিল হএ মদনমুরতি ২২৫ কার প্রাণ কি করিল হএ ২৯৭

৯৭. 'খানি' অব্যয়ের বিশিষ্ট প্রয়োগ,—

এত শুনি রাধা কহে অভিমানখানি ২৮৫ তেন লাজে আরখানিকে আহ্মি মরিথাঙ ১২৮ বোল খানি খানি কানু কহিল মধুরে ১৮৬ আধ আধ আগরের বোল খাঁনি খাঁনি ৩১০

৯৮. 'নহে' অব্যয়ের প্রয়োগ,—

গোকুলে থাকিঞাঁ নহে কৈল সুরনাথে ৩০৩ কারে নহে করি কেহো মর্ম্মে পশি ধরু ৩০৬

৯৯. (১) 'জানি' নিষেধার্থক অব্যয়রূপে ব্যবহৃত,—

ছিণ্ডে জানি গলার গজমুতি হারে ১৮৩ নখরেখ জানি লাগে কুচের উপর ১৮৩ গুরুজন পরিজন কেহো জানি লখে ২২৩ তবে জানি গোপীর সংবাদ কহ কভু ৩২১ তু. শ্রী. কী, পাছে জনি লোক উপহাসে ৩২৭

(২) 'পাছে' সংশয়ার্থক অব্যয়রূপে ব্যবহৃত[১],—

নিমিষে বিঘ্ন পাছে হএ ২৯ না ধর কাচুলি পাছে লাগে নখ-রেখে ১৬৩

১০০. অবধারণ, অনিশ্চয় ইত্যাদি অর্থে এবং বাক্যালঙ্কাররূপে প্রযুক্ত অব্যয়[১],—

(১) সি—এবেসি জানিল মোরে বিধি অনুকূলে ২৬৯ মনের সুখেসি সুখ মিছা রাজ্যসুখে ২৬৯ লৌকিক মন্ত্রেসি সাপের বিষ নাশে ৭ তু. শ্রী. কী, তবেঁসি কহিহ সব কথা আদিমূল ১৪

(২) সিঞা—তোহ্মাকে কহিল সিঞা ১১ তার সেই সম রূপ পড়ে সিঞা মনে ৩১৯

(৩) ও—কাহোর বচন কেহো শুনিতে না পারে ১৫ (কাহার+ও, বর্ণবিপর্য্যয়)

(৪) সে—এতেকে জানিল কৃষ্ণ পিরিতে সে পাই ২২৯ ( গোপিনী ) অঞ্জলি ভরিঞা সে সিচে নাএর পানি ১৮৫ তু. শ্রী. কী, বাহুড়িআঁ চল সে নিষধ বনমালী ২০

(৫) ই—দুঃখ শোকে ভএ একুই পরাণ হারাব ৬১ একুই উদরে জন্ম দেখ কর্ম্মফলে ১৮

১ দ্র. সা. প প, তৃয় সংখ্যা, ১৩৪২, পৃ ১৪৬

ধীরে ধীরে কিবা সিচ একুই না জানি ১৮৬ তু. শ্রী. কী, এথোই না ধরে কাহ্ণাঞি উমত আকার ১২১

(৬) বা—হেন অদভুত কত কহিল বা হঅ ২২৭ মন্দ মন্দ বহে জল চলে বা নাচনে ২৬০ তু. শ্রী. কী, সুণিআঁ বা কি বুলিবে ঘরের গোআল ৩৩

(৭) হো, হোঁ—লাজকেহো অঞ্জলি ভরিঞা দেহ পানি ১৮৫ এতেকেহো রাধা জবে নাহি পাতিআন ২৪০ দোষেহোঁ স্বামীকে কভো না হইহ বাম ১৮ বৈকুণ্ঠে লক্ষ্মীহো নাহি বাসে ২৩৮ তু. শ্রী. কী, গালিহো সাম্বড়ী স্থানে না পাইল আহ্মী ২৫

(৮) ত—তুহ্মি ত বড়াই তেঞি সহিল এতি বেলে ১৪১ একে একে মোর আগে দেহ ত বিচারে ১৫২ প্রভাতে চলিব বলি দেহ ত হাঁকারে ২৭২ তু. শ্রী. কী, তোহ্মে ভাগিনা কাহ্ণাঞি আহ্মে ত মাউলানী ৭২

(৯) স—সেই স তনআ জারে সভাএ প্রশংসে ১৮ এ হেন দুল্লভ গন্ধ এই স গাএ সাজে ২০৯ তু. শ্রী. কী, হেন স যৌবন রাধা সব আসপাউ ৬৫

(১০) চ—তথাচ কপট কেলি রচিল কাহ্ণাই ৩১৯

১০১. 'কহির' শব্দের প্রয়োগ একবারমাত্র পাওয়া গিয়াছে,—

কহির রাখাল তুহ্মি ইতরের সীমা ২৯৫। শ্রীকৃষ্ণকীর্তনে দুই বার এই পদটির প্রয়োগ পাওয়া যায়,—কহির কপুর তাম্বুল বড়ায়ি কহির নেত পাটোল (পৃ ৮)

## ॥ প্রবাদ-প্রবচন ॥

বন্ধের পুত্রের মুখে তাম্বুল না খাই ২৮৯
হাথের বলআ কভু দর্পণে না চিনি ৩০৫
জোনাকির প্রাণ সুর্জতেজ নাহি সহি ৩০৫
কোথাহোঁ হাতের শঙ্খ দর্পণে না দেখি ১০
বিষাইল কাণ্ডে জেন ঝুমিল হরিণে ১২৪
বলে জারে নাহি আটে শরণে সে জীএ ৭৫
ভূমি বহি কথাহো চরণ স্থির নহে ৯৭
পিরিতে থাকিলে মনে দুরে নহে দুর ১১০
দুরে জত পাই তত নিকটে না পাই ১১০
সমএ সম্পদ হএ বিপদ-সমানে ১২৩
নখছেদে জাএ কিশলএ তার লাগি কুঠার কেলএ ২৩৮

তেজ তিমিরে কভো নহে একি ঠাই ১৪২
পির্ত্তল মার্জনে কভো নাহি হএ সোনা ১৬৭
কাক নাহি শোভা করে কোকিল-সমাঝে ১৬৭
চন্দন কাটিস নহে পদ্মপত্র-ধারে ২৪৬
মৃণালের গুণে হাথি বান্ধা নাহি রহে ২৪৬
সিংহের নিকটে কেবা রাখএ হরিণে ১৬২
মত্ত করিকরে কেবা থাপে ফুলমালে ১৬২
রাহুমুখে চান্দকলা না জাএ উবরি ২২২
ধনিন আপন ধন গুপথেসি রাখে ২২৩
লতাএ সহিতে নারে হাথির জাঁতন ২২৫
মধু পিঞা ভ্রমরা বান্ধুলি নাঞি খাএ ২২৫
রাঙ্গের সহিত কভো হীরা নাহি জুড়ি ১৬৭
বিকশিত কমলে পতঙ্গ নাহি সাজে ১৬৭
নালা কুড়ি ঘর-মাঝে কে আনিব পানি ১৭৯
কৌলপাকা কাঁহাঠালে কিবা গন্ধ সোআদে ১৯১
পানির পিআস নাহি ঘুচে দুগ্ধপানে ১৯১
রাহুমুখে চান্দকলা না জাএ উবরি ২২২
হাথে নিঙারিলে ফুলের মধু নাহি পাই ২২২
রঙ্কের পুত্রের মুখে তাম্বুল না খাই ২৮৯
মনের সুখেসি সুখ মিছা রাজ্যসুখে ২৯৬
বাদা বনে হাথী না লুকাএ ২৯৮
কাঞ্চন পাইলে কিবা পিত্তলে সম্বন্ধে ৩১৮
মেঘ বিনু গগনে তড়িত না উএ ৩১৮

তাবত পিত্তল পরি নানা পরকারে। জাবত সে না পাই সুবর্ণ-অলঙ্কারে ॥ ২৭৬
গুণ না থাকিলে রূপ কিবা প্রত্তজনে। ফুটিল শনের ফুল পড়ে কোন জনে ॥ ২২১
নিশা গেলে কি করিব চান্দে। জল গেলে কি হৈব বান্ধে ॥ ২৩২
জলের বিহনে মাছ জীএ কতক্ষণে। প্রাণের বিহনে দেহ কিবা প্রত্তজনে ॥ ২৫১
স্রবে হেলে তৃণে না নিভাই অগ্নিকণা। সমএ তাহার তেজ সহে কোন জনা ॥ ২৬৬
জে তরু অঙ্কুরমুখে নখে ছেদে জাএ। প্রসঙ্গে তাহা কাটিতে কুঠার না রহে ॥ ২৬৬
জাকে জার অভিরুচি সেসি তারে ভাএ। পল্লব ছাড়িঞা উট্ট কণ্টক চিবাএ ॥ ৭

কাচ কাঞ্চনে কভোঁ না হএ মিলন। লেআলি-দড়িতে নহে মুকুতাগাথন ॥ ১৩১
বড়কে লাঘব কৈলে বড় নাহি হএ। জোনাকি হইলে সূর্য শোভা নাহি পাএ ॥ ১৬৫
জারে এড়াইআঁ বুলি ঠেকি তার পাশে। আম্মের ডরে পালাইঞা তেতলিতলে বাসে ॥ ১৭৬
পিত্তরোগে জবে আর বাধএ রসনা। নিম্বকে অধিক লাগে নবাতের পানা ॥ ৩২১
জেন তেন জলে জার খণ্ডন পিআসে। শীতল সুগন্ধি জল সেহো নাহি বাসে ॥ ৩২১
সম্পদে কার কিছু কাজ না পরমাণি। ভাল মন্দ জত কিছু বিপদে সে জানি ॥ ৩২২
জার বিনে জীতে নারি তারে কিবা রোষে। আনল ছাড়িল নহে গৃহদাহ-দোষে ॥ ২৪২
তাবত সে ভ্রমরা কুটজ মধু ভাএ। জাবত সে মালতীর গন্ধ নাহি পাএ ॥ ২৭৫
জাবত চন্দনে গন্ধ তাবত সোহাগ। গন্ধ না থাকিলে কাষ্ঠ হএ অগ্নি-লাগ ॥ ২৭৬

## ॥ ছন্দ ॥

গোপালবিজয়ে তিন প্রকার ছন্দ—পয়ার, ত্রিপদী ও একাবলী। ইহাতে পয়ারই প্রধান এবং ইহার প্রাচীন রূপটি বজায় আছে। তখনও স্বরধ্বনির উচ্চারণ পুরাপুরি একমাত্রিক হয় নাই; সুতরাং ইহাতে চৌদ্দ অক্ষরের কমও দেখা যায়, ইহা পূর্বে আলোচিত হইয়াছে। যেখানে চতুর্দশ অক্ষরের আধিক্য আছে, সেখানেও সুর করিয়া পড়িলে ছন্দঃপতন হয় না।

গ্রন্থে[১] দীর্ঘ ত্রিপদীকে সাধারণতঃ 'দীর্ঘচ্ছন্দ' বলা হইয়াছে। ইহার প্রতিচরণে যথাক্রমে আট, আট ও দশ মাত্রা; লঘু ত্রিপদীর কোনো নাম দেওয়া হয় নাই; এই ত্রিপদীর মাত্রাসংখ্যা যথাক্রমে ছয়, ছয় এবং আট। অক্ষরের আধিক্য বা ন্যূনতা থাকিলেও গীতকালে ছন্দ ঠিক থাকিত, ইহা পূর্বে আলোচনা করা হইয়াছে। 'দীর্ঘচ্ছন্দ' নামটি প্রাচীনত্ব-জ্ঞাপক।

একাবলী[২] 'মধ্যচ্ছন্দ'[৩]-রূপে উল্লিখিত হইয়াছে। ইহাতে কোথাও দশ মাত্রা, কোথাও বা এগার।

১ পৃ ১০, ২১, ৬১, ৮২, ১৩৫ ইত্যাদি

২ একাবলী অন্যতম অলঙ্কার; দ্র. সা. দ, পৃ ৫১৪

৩ গো. বি, পৃ ২৩১-৬, ২৩৭-৯

## ॥ অলঙ্কার ॥

অলঙ্কারসম্পদে গোপালবিজয় বিশেষভাবে সমৃদ্ধ। প্রায় প্রতিপৃষ্ঠায় ইহার পরিচয় মেলে। গ্রন্থের শেষাংশ এই সম্পদে বিশেষ সমুজ্জ্বল। নিম্নে কতিপয় দৃষ্টান্ত প্রদত্ত হইল,—

(১) অনুপ্রাস—হেন সব রসে রসে রসবৃন্দাবনে।
বিলসে রসিকগুরু আপনার মনে ॥১১৯
নিজগণগণনে গণিবে মোর নামে।
প্রসঙ্গ করিবে মোরে নিজলোক-ঠামে ॥৩২২
জার বন্দিজন-নঅনাঞ্জনজলে।
আজিহো জমুনা বুলি বহে ক্ষিতিতলে ॥১০

(২) অর্থান্তরন্যাস— জাকে জার অভিরুচি সেসি তারে ভাএ।
পল্লব ছাড়িঞাঁ উষ্ট্র কণ্টক চিবাএ ॥৭
শ্লথ কর কেশপাশ না ধর বিষমে।
বজ্র পড়িএ নাঞি শিরীষকুসুমে ॥১৮

(৩) উৎপ্রেক্ষা— মুরুখের ঠাঞি সব শ্লোক বিকল।
বানরের হাথে জেন ঝুনা নারিকল ॥৬
রক্তে তোলবোল গাওঁ দেখিতে সুন্দরে।
প্রথম সন্ধ্যাএ জেন শোভিত অম্বরে ॥৩০২
রাম কৃষ্ণ না দেখিঞা চাহে চারি পানে।
দাবদাহ-দোষে জেন মৃগ জল ভালে ॥৩১৪
সিন্দুর সুন্দরতর অধর আতি-ধূসর
জেন দুধে ধুইল পোঙার ।২৭

(৪) উপমা— নাসা তিলফুল-তুল রাতুল অধরে।
দাড়িম্বকুসুম-সম আতি-মনোহরে ॥৩৯
কাল কাল জম ছুটিল তারাসম
জথা দৈবকী বন্দীঘরে ।২৮

কৈলাসশৈল-সমানে আসুরা পড়িল থানে
কৃষ্ণ গেলা ভাণ্ডীরের তলে ॥৮৮

(৫) লুপ্তোপমা- ইন্দীবর বলি কেহো মুখ নাহি জানে।
দুই ভুজ বেঢ়ি জাএ তরঙ্গের ভানে ॥৯৯
রাতা উতপল বলি কর নাহি ছোএ।
জমুনার জল বুলি সব অঙ্গ থোএ ॥৯৯

(৬) দৃষ্টান্ত— হেন কেহে মনে নাহি গুণ মহাশএ।
ছাগলের মুখে কভো কুমুড়া না জাএ ॥৯২
তবে হেন হেলা কর সব প্রওজনে।
শিআল হাথাঞা কর সিংহ অপমানে ॥৯২

জ্ঞান না থাকিলে শ্লোক বুঝএ পাষণ্ড।
বিনি দন্তে কি করিব সেই ইক্ষুদণ্ড ॥৬
পদ দুই শুনিলে মরম নাহি পাই।
কি রস চিনির কণা জিভ্বাএ ছোআই ॥৭
রসিক জনেসি জানে রসের চাতুরী।
জিভ্বা বিনি কোন অঙ্গ না লএ মাধুরী ॥৭

(৭) নিদর্শনা- কেমতে জানিব এত ঘরের সেবকসুত
করিবেক এতেক আকাজে।
পিপীড়াএ পাখ হইলে গরুড় জিনিলে হেলে
এত না জানিল কংসরাজে ॥২৯৭

(৮) ব্যতিরেক- সজলজলদ-নীল কোমল কলেবরে।
নিন্দি ইন্দীবর জার নঅন সুন্দরে ॥৩৯
ভুজজুগবলনি করভকর জিনি।৩৯

(৯) ভ্রান্তিমান— সকল গোধন জদি করি এক ঠাঞে।
ক্ষীরোদমথন-সম ভ্রম উপজাএ ॥৫৭

(১০) রূপক— চির-পিপাসিত গোপী-নআন-চকোরে।
পিএ কৃষ্ণরূপ আঁখি পাখ নাহি নাড়ে ॥৪৫
ভাবক-মউর ইথি নাচু পাক ফিরি।
কালসাপে খাউ আরে দুর্জন পাণ্ডরি ॥৩৩৬
অহঙ্কারবীজের শরীর ক্ষেত্রখানি।
কামা ইথি আদিত্য বিষঅ ইথি পানি ॥৩১৩
জার মাআহংসী কালনদী অবলম্বে।
জিনি হংসজোগে কত ব্রহ্মাণ্ড প্রসবে ॥১০০
হিমালঅ ধবল জার জশ গাএ।
জার জশঘর্ম্মবিন্দু ক্ষীরোদ বোলাএ ॥১০
চির পিপাসিত গোপীনআন-চকোরে।
পিএ কৃষ্ণরূপ আঁখি পাখ নাহি নাড়ে ॥৪৫

(১১) সন্দেহ— গরুর আওাস দেখি হেন মন করে।
গোলোক খসিঞা কি পড়িলা ভূমিতলে ॥৫৭
অনেক জতনে গোপী আইলা কৃষ্ণস্থানে।
হাথে করি পথে কি আনিল পাঁচবাণে ॥৩৩৫
সেবিঞা বান্ধুলি কি পতিত দ্বিজরাজে।
পশ্চিম সাগরে ঝাপ দিল সেহ লাজে ॥১৬

---

## ॥ উপসংহার ॥

আলোচ্য গ্রন্থ অনালোচিতপূর্ব একখানি মূল্যবান ও সুবৃহৎ বৈষ্ণব পাঁচালি। বিদগ্ধ জনমণ্ডলীর দৃষ্টি বহুদিন হইতেই এই গ্রন্থের প্রতি আকৃষ্ট হইয়াছিল এবং বাঙ্গালা সাহিত্যের আদি-মধ্যযুগে এই গ্রন্থখানির যে একটি বিশেষ স্থান আছে, সে বিষয়ে তাঁহারা নানা স্থানে মন্তব্য করিয়াছেন। গোপালবিজয়কার যে অন্যতম শ্রেষ্ঠ কবি, তাহা বাঙ্গালা সাহিত্যের প্রখ্যাত ইতিহাসবিদ্‌গণের উক্তিতেও[১] জানা যায়। সুতরাং এইরূপ একখানি মূল্যবান গ্রন্থ এতদিন পর্যন্ত অপ্রকাশিত ও অনালোচিত থাকায় বাঙ্গালা সাহিত্যের একটি অংশ প্রায় অসম্পূর্ণই ছিল। আদিকাল হইতে আধুনিক যুগ পর্যন্ত বাঙ্গালা সাহিত্যের যে একটি অবিচ্ছিন্ন ধারা বহমান, তাহা কখনও প্রবলবেগে, কখনও স্তিমিতগতিতে প্রবাহিত; কখনও তাহার স্বরূপ স্পষ্টতর, কখনও বা তাহা অস্পষ্টতার লঘিমায় ক্ষীণপ্রভ। গোপালবিজয়ে একটি বিশেষ যুগের সাহিত্যের নিদর্শন স্বরূপতঃ রক্ষিত হওয়ায় এই গ্রন্থ বাঙ্গালা সাহিত্যের আদি-মধ্যযুগের একটি আলোকস্তম্ভ-স্বরূপ।

গীতগোবিন্দ-রচনার সূচনায় কবি জয়দেব বলিয়াছেন,—

যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীম্।

যদি কেহ হরিস্মরণে মনকে সরস করিতে ইচ্ছা করেন এবং শ্রীহরির বিলাসকলা জানার কৌতূহল যদি কাহারও হয় তবে তিনিই গীতগোবিন্দ-আস্বাদনের অধিকারী।—এই কথা জয়দেব প্রারম্ভেই বলিয়া দিয়াছেন; বলা বাহুল্য গ্রন্থও রচিত হইয়াছে তদনুসারেই। গোপালবিজয়েও অনুরূপ উক্তি পাওয়া যায় গ্রন্থরচনার উদ্দেশ্যবর্ণনা-কালে। গোপাল-বিজয়কার বলিয়াছেন,—

কি কহিব আর জত অংশ অবতারে।
দুষ্ট মারি সৃষ্টি রাখিল বারে বারে ॥
সে সব প্রভুর জদি অবতার হএ।
তা সব বর্ন্নিতে তনু মন নাহি লএ ॥
একু গোপরূপে জত করিল বিলাস।
তাহাই কহিতে মনে অধিক উল্লাস ॥

১ বা. সা. ই, পৃ ২১৪ ; প. প, পৃ ২২ ; ব. সা. প, পৃ ৮৩

শুধু বিলাসলীলাই নহে, জয়দেবের মতো তিনি পুনরায় বলিয়াছেন,—

কিবা মোর হেন জারা আছে গুণগন্ধে।
তার লাগি করিএ পাঁচালী-পরবন্ধে॥
ভাবকের পরায়ণ জোগীর সরবস।
রসিক জনের জেন মূর্তিমান রস॥…
পদ দুই শুনিলে মরম নাহি পাই।
কি রস চিনির কণা জিভ্বাএ ছোআই॥
রসিক জনেসি জানে রসের চাতুরী।
জিভ্বা বিনি কোন অঙ্গ না লএ মাধুরী॥

ভগবান যে রসিক ভক্তের নিকট মূর্তিমান রসস্বরূপ এবং ভগবানের লীলাবিলাসরস-আস্বাদনে রসিক ভক্তই যে একমাত্র অধিকারী তাহা গোপালবিজয়কারের উক্তিতেও সুস্পষ্ট। সুতরাং গোপালবিজয়ের কবি যে জয়দেবেরই অনুসরণ করিয়াছেন তাহাতে সন্দেহ নাই। জয়দেবের ধারা অনুসরণক্রমে বাংলাভাষায় সাক্ষাৎ কাব্যসৃষ্টির প্রথম প্রয়াস বোধ করি এই গোপালবিজয়।

এক সময় বাংলাদেশে ধর্মভেদ প্রবল আকার ধারণ করে। ইহার পরিণামও হয় ভয়াবহ। পরিশেষে তুর্কির আক্রমণে পর্যুদস্ত বাঙালী ইহার চরম শাস্তি পায়। ধর্মসমন্বয়ের মধ্যেই জাতির ঐক্যপ্রতিষ্ঠার সম্ভাবনা সুনিশ্চিত। যুগে যুগে মহাপুরুষ, কবি, সাহিত্যিক তাঁহাদের বাণী ও রচনার মধ্য দিয়া জাতির শুভবুদ্ধি জাগ্রত করার চেষ্টা করিয়াছেন। তাই গোপালবিজয়ে দেখা যায়, ধর্মের ঐকতান বাজিয়া উঠিয়াছে। হরি-হরে ভেদবুদ্ধি হইয়াছে তিরোহিত।

গ্রন্থপাঠে জানা যায়, বিষ্ণুভক্তি-পরায়ণা মাতা যশোদা কৃষ্ণ ও বলরামকে আশীর্বাদ করিতেছেন অষ্টদূর্বাতণ্ডুল দিয়া দেবী ভবানীর পূজান্তে। কৃষ্ণ ও বলরামের মথুরাযাত্রার পূর্বে তিনি পুত্রদের কল্যাণে জগজ্জননী মহামায়ার পূজা করিয়াছেন নানা উপহারে; পূজাসনে উপবেশনপূর্বক তিনি পুত্রদ্বয়কে পাশে বসাইয়া মায়ের নিকট তাঁহাদের কল্যাণের জন্য কাতর প্রার্থনা জানাইয়াছেন।

কৃষ্ণকৃত পুতনাবধের পর মাতা যশোদা কৃষ্ণকে কোলে লইয়া তাঁহার রক্ষাবন্ধন করিয়াছেন; সেই সময় তিনি স্মরণ করিয়াছেন সদাশিব সহ সমস্ত দেবতাকেই।

অক্রূর আসিয়াছেন গোকুলে রাজা কংসের নির্দেশে রাম ও কৃষ্ণকে মথুরায় লইয়া যাইতে কংসের ধনুর্ময়যজ্ঞে। অক্রূরের হাতে পুত্রদ্বয়কে সমর্পণ করিবার সময় যশোদা মঙ্গলময়ী মহামায়া চণ্ডিকা দেবীর শ্রীপাদপদ্ম পুনঃ পুনঃ স্মরণ করিয়াছেন।

ব্রজকুমারীগণের উপাস্যা দেবী জগজ্জননী মহামায়া। কাত্যায়নীব্রত উদ্‌যাপন করিত তাহারা যমুনাপুলিনে। সেখানে স্বহস্তে তাহারা মহামায়ার মৃন্ময়ী মূর্তি রচনা করিয়া পঞ্চোপচারে মায়ের পূজান্তে বর প্রার্থনা করিত যেন নন্দের নন্দনকে তাহারা পাতরূপে লাভ করিতে পারে।

সর্বধর্মের সমন্বয়-সংস্থাপন গোপালবিজয়কাব্যের অন্যতম প্রধান লক্ষ্য স্থল। এই গ্রন্থে শৈব, শাক্ত, বৈষ্ণব প্রভৃতি প্রত্যেক সম্প্রদায়ই পরস্পরের সঙ্গে যুক্ত হইয়া সম্মিলিতভাবে ধর্মসাধনা করিয়াছেন। গোপালবিজয়কার সর্বধর্ম-সমন্বয়ের আদর্শ গ্রন্থে সংস্থাপন করিয়া খণ্ড ছিন্ন বিক্ষিপ্ত বাঙালী জাতিকে ঐক্যসূত্রে আবদ্ধ করিতে প্রয়াসী হইয়াছিলেন।

গোপালবিজয়ে সর্বত্র শ্রীকৃষ্ণের ঐশ্বর্য, ভগবত্তা ও বিভূতির প্রকাশ ; জন্ম, বাল্যলীলা, কংসাদি অসুরের বধ ইত্যাদি বিষয়ে[১] ইহা সুপ্রকট ; অপৌরাণিক অংশেও[২] ইহা দুর্লক্ষ্য নহে। শ্রীকৃষ্ণের এই ঐশ্বর্য, ভগবত্তা ও বিভূতির ব্যাখ্যানে শ্রীচৈতন্য-পূর্ববর্তী যুগে বাঙ্গালা দেশে বৈষ্ণব ধর্মের মূল স্বরূপ[৩] জানা যায়[৪]। মালাধর বসু তাঁহার গ্রন্থ শ্রীকৃষ্ণ-বিজয়ে এই স্বরূপতত্ত্বনির্ণয়ে সবিশেষ চেষ্টা করিয়াছেন[৫]। বৃন্দাবনলীলার অন্তর্গত শৃঙ্গার লীলার ধারাও তখন অপ্রতিহত[৬]। শ্রীচৈতন্যপূর্ববর্তী যুগের অন্যতম গ্রন্থ শ্রীকৃষ্ণকীর্তনেও[৭] দেখা যায়, শ্রীকৃষ্ণ তাঁহার বিভূতি ও ঐশ্বর্যে রাধাকে মুগ্ধ করিতে চেষ্টা করিয়াছেন। সুতরাং আমাদের আলোচ্য গ্রন্থ গোপালবিজয়ে শ্রীকৃষ্ণের সেই ঐশ্বর্য, ভগবত্তা ও বিভূতির প্রকাশ থাকায় শ্রীচৈতন্য-পূর্ববর্তী যুগে বাংলাদেশে বৈষ্ণব ধর্মের স্বরূপ-উপলব্ধি অধিকতর সুস্পষ্ট হইবে।

মধ্যযুগে দেখা যায়, বাঙালী দেবতাকে মর্তের মাটিতে নামাইয়া তাঁহাকে পরিবারবন্ধনের মধ্যে বাঁধিয়া রাখিতে প্রয়াসী হইয়াছে এবং সংসারকল্পনার মধ্যে জড়াইতে চাহিয়াছে। শুধু দূরে দূরে রাখিয়া পূজানিবেদনের পরিবর্তে অতিঘনিষ্ঠভাবে ও হৃদয়াবেগের মধ্যে তাঁহাকে পাইতে চাহিয়াছে। গোপালবিজয়ে শ্রীকৃষ্ণের প্রতি নন্দ-যশোদা-বসুদেব-দৈবকীর বাৎসল্য, গোপবালকগণের সখ্য ইত্যাদি বিষয়ে তাহা সপ্রমাণ হয়। ইহার

১ গো. বি, পৃ ৩০-৩৫, ৩৯-৫০, ৩০৫, ৩০৮, ৩১২-৩, ৩৩১ ইত্যাদি

২ ঐ , পৃ ১৩৫, ১৬১, ১৬৫ ১৬৮-৭০ ১৭২ ইত্যাদি

৩ প্রা. ব. সা, পৃ ১৯৩ ; বৈ. সা. প্র, পৃ ১৬

৪ এ বিষয়ে অধ্যাপক সুশীলকুমার দে মহাশয়ের মন্তব্য দ্রষ্টব্য হি. বৈ. এক্ষ, পৃ ৬-১০

৫ প্রা. ব. সা, পৃ ১৯৩ ; বৈ. সা প্র, পৃ ১৬

৬ বা. বৈ. ধ, পৃ ৪৮

৭ পৃ ১৩, ১৯, ৪৩, ৫২, ৫৮, ৭৮ ইত্যাদি

মধ্যে মানবতার প্রতি প্রাচীন বাঙালীর শ্রদ্ধা এবং অনুরাগও প্রকাশিত হইয়াছে। বাঙ্গালার সাধনায় দেবতারা ধরা দিয়াছেন মানুষের রূপে এবং মানুষের মাপেই দেবতার পরিমাপ[১]। গোপালবিজয়ে[২] শ্রীকৃষ্ণের চরিত্র যে ভাবে চিত্রিত হইয়াছে, তাহাতে তিনি যেন আর বৈকুণ্ঠপতি নারায়ণ নহেন ; মানবশিশুরূপে যশোদার নিকট যুগপৎ স্নেহ ও তাড়নার পাত্র, গোপবালকগণের অন্যতম অন্তরঙ্গ বয়স্য, গোপীগণের সহিত ব্যবহারে সাধারণমানুষ-রূপে চিত্রিত, নানা শৌর্যের পরিচয়ে একজন সর্বশক্তিমান বলিষ্ঠমানব-রূপে পরিকল্পিত।

যাজ্ঞিক দ্বিজগণের নিকট শ্রীকৃষ্ণের অন্নপ্রার্থনা-প্রসঙ্গ গোপালবিজয়ের[৩] একটি বিশেষ গুরুত্বপূর্ণ অংশ। জ্ঞানপ্রবণ তাত্ত্বিক দ্বিজগণের বহু দিনের সাধনা যে বিফলতায় পর্যবসিত হইল এবং ভাবপ্রবণশীল দ্বিজপত্নীগণ যে অনায়াসে ভগবৎকৃপা লাভ করিলেন, তাহার পূর্ণাঙ্গ পরিচয় ইহাতে আছে। এই প্রসঙ্গে বাঙ্গালার বৈষ্ণব ধর্মের একটি সংক্ষিপ্ত পূর্ণ পরিচয়ই পাওয়া যায়। জ্ঞান ও ভাবের সমপ্রাধান্যযুক্ত এবং পরস্পর অনুকূল সাধনায় যে তত্ত্ব নিরূপিত, তাহাই ভক্তিশাস্ত্রের চরম সিদ্ধান্ত।[৪] এই তত্ত্বানুশীলনেই দ্বিজপত্নীগণ ভগবানের কৃপালাভে ধন্য হইয়াছিলেন ; পক্ষান্তরে, কেবলমাত্র জ্ঞানপ্রবৃত্তির অনুশীলনে যাজ্ঞিক দ্বিজগণ তাঁহাকে লাভ করিতে পারেন নাই। ইহাতেই সপ্রমাণ হয়, শুধু জ্ঞানপ্রবণ ভক্তিতে ভগবানকে পাওয়া যায় না। মানুষ যদি জ্ঞান ও ভাবের সমন্বয়-সাধনে বিশুদ্ধ সহজ প্রেম অর্জন করিতে পারে এবং মিথ্যা অভিমান পরিত্যাগ করিয়া ও তৃণবৎ অবনত হইয়া ভগবানের গুণলীলা শ্রবণ করিতে করিতে তাঁহাতেই আত্মসমর্পণ করিতে পারে, তাহা হইলেই সে ভগবানের কৃপালাভে সমর্থ। যজ্ঞকার্যে নিরত তাত্ত্বিক ব্রাহ্মণগণ অহঙ্কারশূন্য হইতে পারেন নাই। তাঁহারা বলিয়াছিলেন, 'কোথাকার গোপাল সে কেবা জানে শুনে'[৫]। এই উক্তিতেই বোঝা যায়, ব্রাহ্মণগণ আচার-অনুষ্ঠানেই ভগবানের তত্ত্বনির্ণয়ে নিরত, ভক্তিতত্ত্ব তাঁহাদের অজ্ঞাত ছিল। সুতরাং এই কারণেই তাঁহারা ভগবৎকৃপা-লাভে বঞ্চিত হইয়াছিলেন। ভাগবতকারও বলিয়াছেন,

> জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
> জীবন্তি সম্মুখরিতাং ভবদীয়বার্তাম্।
> স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং তনুবাঙ্মনোভি
> র্যে প্রায়শোঽজিত! জিতোঽপ্যসি তৈস্ত্রিলোক্যাম্[৬]॥

অর্থাৎ যাঁহারা জ্ঞানলাভের প্রয়াস ও অভিমানরাশি পরিত্যাগ করিয়া সজ্জনগীত ও শ্রুতিসম্মত তোমার গুণ ও লীলা ইত্যাদি বিষয়ের বার্তাকে কায়মনোবাক্যে অবনত হইয়া

১ বা. ই. পৃ ৮৫৪-৫ ২ পৃ ৫৭-৯৮ ৩ পৃ ১০৮-১১
৪ বা. বৈ. ধ, পৃ ২২-৩ ৫ গো. বি, পৃ ১০৯ ৬ ভা, ১০।১৪।৩

গ্রহণ করিয়া থাকে, হে ভগবান, তুমি অজিত হইলেও তাহারাই তোমাকে জয় করে।

যজ্ঞসম্পাদনকারী দ্বিজগণ জ্ঞান ও অভিমান ত্যাগ করিতে পারেন নাই; ফলে, তাঁহাদেরই নিকট অনুগ্রহপ্রার্থী স্বয়ং ভগবানকে তাঁহারা চিনিলেন না। পরে, অবিদ্যার অপগমে নিজেদের ধর্মান্ধতা ও অবিমৃশ্যকারিতা বুঝিতে পারিয়া তাঁহাদের অনুশোচনার আর অন্ত ছিল না; তখন অত্যন্ত আক্ষেপে তাঁহারা বলিয়াছিলেন—

মিছাই পড়িল বেদ পুরাণ ভারতে।
আচার বিচার করি মিছা নানা মতে॥
কার তরে করি জপ তপ যজ্ঞ দানে।
আজিহ নহিল আন্ধার ছার তিরি-জ্ঞানে॥[১]

ব্রাহ্মণগণের এই উক্তির মধ্যে বাঙ্গালার বৈষ্ণব ধর্মের সারতত্ত্বই নিহিত। গোপাল-বিজয়কার বিশিষ্ট প্রেমধর্মের নিদর্শনস্বরূপ উক্ত অংশ গ্রন্থে সংযোজনা করায় কাব্যের মূল্য বহুগুণে বর্ধিত হইয়াছে।

দ্বিজপত্নীগণের কৃষ্ণের প্রেমভক্তি-লাভে আর একটি বিষয় জানা যায়। ব্রাহ্মণগণের ছিল জ্ঞানপ্রবণ প্রবৃত্তি অর্থাৎ পুরুষভাব, ভাবপ্রবণ প্রবৃত্তি বা নারীভাব তাঁহারা অর্জন করিতে পারেন নাই। এই ভাবকেই বলে প্রেমলক্ষণা ভক্তি এবং এই ভক্তিলাভ নারীভাবেই সম্ভবপর, পুরুষভাবে নহে[২]। বৈষ্ণবদর্শনে প্রেমকে বলা হইয়াছে পঞ্চম পুরুষার্থ অর্থাৎ চতুর্বর্গ ধর্ম-অর্থ-কাম-মোক্ষের ঊর্ধ্বে। এই প্রেমের আদর্শে জীবনকে নিয়মিত করাই প্রকৃষ্ট সাধনা। এই পঞ্চম পুরুষার্থ হইতেছে মঞ্জরী সখীর ভাব লইয়া ও সখীর অনুগতা হইয়া শ্রীরাধাকৃষ্ণের সেবা করা। পশ্চিমের মিষ্টিক সাধকেরাও অনুভব করিয়াছেন যে নারীভাবে ভগবানকে সেবা না করিলে পরিপূর্ণ আত্মসমর্পণ কখনই সম্ভব নহে। F. W. Newman স্পষ্টই বলিয়াছেন, 'If the soul is to go on to higher spiritual blessedness it must become woman—yes, however manly you may be among men.'[৩] সুতরাং এই নারীভাব বা প্রেমভক্তির অভাবে যাজ্ঞিক দ্বিজগণ ভক্তিলাভে বঞ্চিত হইয়াছিলেন। দৃষ্টান্তস্বরূপ ইহা স্মরণীয়, দ্বাদশ আলবারের[৪] অন্যতম ও আজীবন ব্রহ্মচারী প্রখ্যাত শঠারি মুনি 'ব্রজযুবতিগণ-খ্যাতনীত্যা'[৫] অর্থাৎ ব্রজগোপীগণের প্রসিদ্ধনীতি-অনুসারে বাসুদেব শ্রীকৃষ্ণকে লাভ করেন[৬]। শ্রীকৃষ্ণের

১ গো. বি, পৃ ১১১ ২ বা. বৈ. ধ, পৃ ৪০
৩ শ্রীবিমানবিহারী মজুমদার—পাঁচশত বৎসরের পদাবলী, পৃ ৩
৪ বা. বৈ. ধ, পৃ ৩২-৩; গৌ. বৈ. সা, পৃ ৬
৫ রত্নাবলী, ১৭শ শ্লোক; দ্র. বা. বৈ. ধ, পৃ ৪৩ ৬ বা. বৈ. ধ, পৃ ৪৩

প্রতি দ্বিজরমণীগণের বা শঠারি মুনির ভাবই অহৈতুকী বা পরা ভক্তি এবং ইহাই ব্রজগোপী-অনুশীলিত প্রেমভক্তি। এই পরা ভক্তির অধিকারী হইলে আনুষ্ঠানিক জপ, তপ, যজ্ঞ ইত্যাদি বিষয়ের কোনোই প্রয়োজন হয় না।

আলোচ্য গ্রন্থের বংশীখণ্ড বিশেষ তাৎপর্যপূর্ণ। রাসের পূর্বে শ্রীকৃষ্ণ বংশীধ্বনি করিলে গোপীগণ বৃন্দাবনে আসিয়া শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইল—ইহাই ভাগবতের[১] বিবরণ। গোপালবিজয়ে এই বিষয়ে বিশেষ মৌলিকতা আছে। গ্রন্থের বিবরণে পাওয়া যায়, শ্রীকৃষ্ণ 'রাসরসে' বংশীধ্বনি করিলে 'তৃণ-আদি সব জীব' মুক্তিলাভ করিল; কীটপতঙ্গ ও বিহঙ্গকুল হৃষ্ট হইল এবং বৃক্ষলতা মুকুলের ছলে পুলকিত হইল; গোধন খোয়ার ভাঙ্গিয়া বাঁশীর শব্দানুসারে ধাবিত হইল। মনুষ্যেতর প্রাণীর এইরূপ অবস্থা হইলে গোপীগণের যে কী দশা হইতে পারে, তাহা বলাই বাহুল্য। তাহারা 'চালিল সাপিনী'র ন্যায় বৃন্দাবনে প্রস্থান করিল। এই সময় কোনো গোপ তাহার গোপীকে বলপূর্বক গৃহে অবরুদ্ধ করায় সেই গোপী গৃহে থাকিয়াই শ্রীকৃষ্ণচিন্তায় দেহত্যাগ করিল[২]—পরমাত্মার সহিত জীবাত্মার মিলন হইল। এই প্রসঙ্গে ইহাই সপ্রমাণ, ভগবানের ডাক যাহার নিকট পৌঁছায়, তাহার কাছে যাবতীয় কৃত্রিম বন্ধন অবাস্তব। ইহাও অহৈতুকী ভক্তির অন্যতম দৃষ্টান্ত।

গোপালবিজয়ে নীরস বৈরাগ্য, অরূপের ধ্যান, বিশুষ্ক জ্ঞানময় অধ্যাত্ম সাধনা কোনো স্থান পায় নাই। সংসারজীবন দুঃখের আকর বলিয়া যে-বৈরাগ্য সংসারের প্রতি মানুষের চিত্তকে বিমুখ করিয়া দেয়, মানবজীবনের বিচিত্র লীলাকে মায়া বলিয়া তুচ্ছ করিতে শিক্ষা দেয়, তাহা আলোচ্য গ্রন্থে কোথাও নাই; বরং বিপরীত প্রমাণই আছে। ইতিপূর্বে আলোচিত যাজ্ঞিক দ্বিজগণের অনুশোচনায় ইহার আলোকপাত করা হইয়াছে। দ্বিজপত্নীগণ সংসারের যথারীতি কর্তব্য সম্পাদনান্তে পার্থিব রূপ-রসের মধ্য দিয়াই শ্রীকৃষ্ণের করুণা লাভ করিয়াছিলেন; পক্ষান্তরে, নিছক বিশুষ্ক জ্ঞানমার্গের সাধক ব্রাহ্মণগণকে কেবল অনুতাপই ভোগ করিতে হয়[৩]।

আলোচ্য গ্রন্থে বর্ণিত রাসখণ্ডের অন্যতম একটি উপাখ্যানে প্রকারান্তরে ভক্তিধর্মের মূল তত্ত্বই প্রতিষ্ঠিত। উপাখ্যানটি সংক্ষেপে এই,—বৃন্দাবনপরিক্রমার পর রাধাকে লইয়া শ্রীকৃষ্ণ রাসমণ্ডপে যাইতেছিলেন; কিয়দ্দূর গমনে রাধার ক্লান্তি দেখিয়া শ্রীকৃষ্ণ রাধাকে স্বীয় স্কন্ধে লইতে চাহিলে রাধা 'আতিরসে' নীরব সম্মতি প্রদান করেন। শ্রীকৃষ্ণ রাধার এই 'মানমদ' খণ্ডন করিতে সহসা অন্তর্হিত হইলেন[৪]। ঘটনাটির বিশ্লেষণে বুঝা যায়, রাধার ভাবপ্রবণ

১ ১০।২৯।১-১১ ২ গো বি, পৃ ১৯৯
৩ গো. বি, পৃ ১১১ ৪ ঐ, পৃ ২৪৮-৯

প্রবৃত্তি অর্থাৎ নারীভাব সাময়িক তিরোহিত হওয়ায় তাঁহার মধ্যে জ্ঞানপ্রবণ পুরুষভাব অর্থাৎ অহঙ্কারের উদয় হয়। মনে অহঙ্কার জন্মাইবার ফলেই রাধার এই দুর্গতির কারণ। সাধকের মনে যখনই এই অহঙ্কার জন্মে, তখনই ভগবানের কৃপালাভে তিনি বঞ্চিত হন। ভক্তিমার্গের সাধকের অহঙ্কার বা পুরুষভাব সর্বথা পরিত্যাজ্য। বাঙ্গালার বৈষ্ণব ধর্মের মূল কথাই গোপালবিজয়ের উক্ত উপাখ্যানে নিহিত।

উদ্ধবসংবাদ গোপালবিজয়ের অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায়। বিরহসন্তপ্ত গোপীগণকে সান্ত্বনাদানার্থ শ্রীকৃষ্ণ উদ্ধবকে বৃন্দাবনে প্রেরণ করেন; উদ্ধবও বৃন্দাবনে যাইয়া তত্ত্বজ্ঞানোপদেশে তাহাদিগকে শান্ত করিতে চেষ্টা করিয়াছিলেন; কিন্তু তাহাতে শ্রীকৃষ্ণপ্রেমে ব্যাকুল গোপীগণের হৃদয় শান্ত হইয়াছিল কিনা জানা যায় না[১]; কিন্তু অপরকে সান্ত্বনাদানের পরিবর্তে উদ্ধব নিজেই ব্যাকুল হইয়া জানিয়াছিলেন, ভগবান 'পিরিতিবশ'[২]। গোপীগণের মধ্যে কৃষ্ণপ্রেমের চরম বিকাশ দেখিয়া সেদিন পরম তাত্ত্বিক উদ্ধবের অদ্বয় তত্ত্বজ্ঞানের বিশাল সৌধ[৩] ধূলিসাৎ হইয়া যায়। ভাগবতে উদ্ধব স্পষ্টই বলিয়াছেন, ব্রজগোপীগণের পদরেণু যাহাদের উপর পতিত, বৃন্দাবনের এরূপ কোনো গুল্মলতা বা ওষধির মধ্যে যেন আমি জন্মগ্রহণ করি[৪]। ইহাই হইল অধ্যাত্মশাস্ত্রের নারীভাব। এই নারীভাবের সার গোপীভাব ভাগবদ্ভক্ত বৈষ্ণব ভাবের চরমোৎকর্ষ[৫]। আলোচ্য গ্রন্থের রাসখণ্ডে ইহার পূর্ণাঙ্গ পরিচয় পাওয়া যায়।

'সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ'—অর্জুনের প্রতি ভগবানের এই উপদেশ সার্থক হইয়া উঠিয়াছে আলোচ্য গ্রন্থের ব্রজলীলা, দানখণ্ড, নৌকাখণ্ড ও রাসখণ্ডের মধ্যে। পার্থসারথির এই সর্বশ্রেষ্ঠ বাণী অমৃতত্ব লাভ করিয়া ফল্গুধারার মতো জাতীয় জীবনকে অভিসিঞ্চিত করিতে সবকালে সাহায্য করিয়া আসিতেছে। সেই অমৃত স্রোতের কল্লোল যে বাঙালী শুনিতে পাইয়াছিল প্রায় পাঁচশত বৎসর পূর্বেও তাহার পরিচয় পাওয়া যায় আলোচ্য গ্রন্থে রাধা ও ব্রজগোপীদের শ্রীকৃষ্ণে আত্মসমর্পণ-প্রসঙ্গে। রাধাসহ ব্রজগোপীগণ সমস্ত বাধা-বিঘ্ন তুচ্ছ করিয়া এবং কুল-মান-লজ্জা বিসর্জন দিয়া ভগবান শ্রীকৃষ্ণকে আত্মদানপূর্বক অর্জুনের প্রতি ভগবানের উপদেশবাণী অক্ষরে অক্ষরে পালন করিয়াছে। সমস্ত ধর্ম পরিত্যাগপূর্বক একমাত্র ভগবানের শরণই যে প্রকৃত কাম্য তাহা ব্রজগোপীগণের চরিত্রে সুপরিস্ফুট। গীতার এই উপদেশবাণী গোপালবিজয়ের গোপীগণ সার্থক করিয়া তুলিয়াছে নিজেদের আচরণের মধ্য দিয়া। গোপীগণকে আত্মসাৎ করিতে

---

১ গো. বি, পৃ ৩২৬-৩২ ২ ঐ পৃ ৩২৭

৩ বা. বৈ. ধ, পৃ ৪৬ ; গো. বি, পৃ ৩৩০-৩২ ৪ ভা, ১০।৪৭।৬১

৫ বা. বৈ ধ, পৃ ৪৬-৭

ভগবানকেও যথেষ্ট প্রয়াস পাইতে হইয়াছে। বিভ্রান্ত অর্জুনকে তাঁহার কর্তব্যবিষয়ে উপদেশ দিতে ভগবানকে নানা যুক্তির অবতারণা করিতে হইয়াছে; পরিশেষে অর্জুন আত্মসমর্পণ করিয়াছেন শ্রীকৃষ্ণের কাছে। গোপালবিজয়েও দেখিতে পাই শ্রীকৃষ্ণ রাধিকাকে আত্মসাৎ করিতে রাধিকার চরণপ্রান্তে লুটাইয়া পড়িয়াছেন। এই বিষয়ে গোপালবিজয়ের নিম্নোক্ত ছত্রগুলি বিশেষভাবে উল্লেখযোগ্য,—

এত শুনি রসমঅ চতুর বনমালী।
সব মোর দোষ বুলি তুষিল গোআলী॥
তবে সে শরণ করি ত্রিদশের রাএ।
গোপবধূ রাধিকার চরণে লোটাএ॥ পৃ ২৪৩

এই প্রসঙ্গে গীতগোবিন্দের নিম্নোক্ত শ্লোকটি স্মরণীয়,—

স্মর-গরল-খণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারম্।
জ্বলতি ময়ি দারুণো মদনকদনানলো
হরতু তদুপাহিতবিকারম্॥১০।৯

গীতগোবিন্দে উল্লিখিত রাধিকার প্রতি শ্রীকৃষ্ণের এই উক্তির প্রতিধ্বনি পাই গোপালবিজয়ে। গোপালবিজয় শ্রীচৈতন্য-আবির্ভাবের পরে রচিত হইলে কবি কখনও ঐরূপ উক্তি করিতে পারিতেন না। যাহা হউক, গীতগোবিন্দকার যেভাবে প্রেমধর্মের মহিমা প্রতিষ্ঠা করিয়াছিলেন, গোপালবিজয়-কার কবিশেখরও সেই প্রেমধর্মের জয়ঘোষণা করিয়াছেন স্বীয় গ্রন্থে।

এই প্রসঙ্গে পণ্ডিত শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয়ের উক্তি স্মরণীয়। তিনি বলিয়াছেন 'গোপীগণ গীতার জঙ্গম প্রতিমা। চণ্ডীদাস ও বিদ্যাপতি এই গোপী-কথাকে একটি নূতন বর্ণে অনুরঞ্জিত করিয়াছেন। গীতার সর্বধর্ম পরিত্যাগের বাণীকে মূল ভিত্তি করিয়াই এই দুইজন গীতিকবি একটি নূতন কথা বলিতে প্রয়াসী হইয়াছেন। শ্রীভগবানের প্রার্থনাতেই গোপতনয়া রাধা আত্মসমর্পণে, দেহদানে বাধ্য হইয়াছিলেন। শ্রীরাধাকে সংসার সমাজ স্বজনের সর্ববন্ধন হইতে মুক্ত করিতে শ্রীকৃষ্ণের সুনিপুণ চাতুর্যের অন্ত ছিল না। বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তনে এই বর্ণনা সবিস্তার।'

আমাদের আলোচ্য গ্রন্থের বংশী ও রাসখণ্ডে এই বিষয়ে বিস্তৃত বর্ণনা আছে। শ্রীকৃষ্ণ নানা কৌশলে রাধার মন আকর্ষণ করিয়াছেন। রাধাও সমস্ত খণ্ড ও বিচ্ছিন্ন ধর্ম

পরিত্যাগপূর্বক অখণ্ড ধর্মের নিদান ও একমাত্র শরণ্য ভগবানের শ্রীচরণে আত্ম-সমর্পণে গীতার বাণী সার্থক করিয়া তুলিয়াছেন। গোপালবিজয়কার গীতার শাশ্বত বাণীর সার্থকতার রূপদান করিয়া ভারতীয় ধর্মের নিত্যকালের আলোকবর্তিকা-ধারণে যথার্থ অধিকার লাভ করিয়াছেন।

গোপালবিজয়ে নিহিত বৈষ্ণব ধর্মের যে আলোচনা করা হইল, তাহাই শ্রীচৈতন্যদেবের অব্যবহিত পূর্ববর্তী কালে বাঙ্গালার বৈষ্ণব ধর্মের স্বরূপ। এই সময়ে লিখিত অপর দুই-খানি গ্রন্থ শ্রীকৃষ্ণবিজয় ও শ্রীকৃষ্ণকীর্তনেও এই ধারাই পরিলক্ষিত, ইহা পূর্বে আলোচিত হইয়াছে। সুতরাং শ্রীচৈতন্য-পূর্ববর্তী বাঙ্গালা দেশে বৈষ্ণব ধর্মের কি স্বরূপ ছিল, তাহা গোপালবিজয়ে অধিকতর সুস্পষ্ট হওয়ায় বৈষ্ণব ধর্মানুশীলনে তথা বাঙ্গালা সাহিত্য পর্যালোচনার ক্ষেত্রে একটি বিশিষ্ট অধ্যায়ের সূচনা হইবে, মনে করি।

বিশ্বভারতী, বিদ্যাভবন
শান্তিনিকেতন

শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
অধ্যাপক, বিশ্বভারতী

# গোপালবিজয়

কবিশেখর দৈবকীনন্দন সিংহ

## ॥ সঙ্কেত ॥

| | | | |
|---|---|---|---|
| এ = এসিয়াটিক সোসাইটির ( গভর্ণমেণ্ট-সংগ্রহ ) | ৪৮৮০ | সংখ্যক | পুঁথি |
| ক.ক = কলিকাতা বিশ্ববিদ্যালয়ের | ৯৬০ | ” | ” |
| ক.খ = ” ” | ৯৬১ | ” | ” |
| ক.গ = ” ” | ৯৬৩ | ” | ” |
| পা = বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ( আদর্শ পুঁথির পাঠ ) | ২৬২৪ | ” | ” |
| বি. ভা = বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের | ৫৩৯৪ | ” | , |
| সা = বঙ্গীয় সাহিত্য-পরিষদের | ৩১২ | ” | |

## /৭ নমঃ শ্রীগোপালায়[১] ॥

দধাসি[২] বিবরং[৩] হরে[৪] কৃতত্বরূহকাব্যাল[য়ে[৫]] ।
ন কংসভয়মীক্ষ[তে[৬]] হরিত[৭]-বংশসাধুধ্বনিঃ[৮] ॥
নিরন্তরমিবান্ত[রস্ফুরিত[৯]]-যন্ত্রবৃন্দাবনঃ ।
স ভক্তজনজীবনো জয়তি দৈবকীনন্দনঃ ॥

গোপীজনব[ন্দিতভবতরণঃ[১০]]
সজ্জনচরণরজোঽলঙ্করণঃ[১১] ।
গঙ্গাজলবিমলান্তঃ[১২]-করণঃ
সৎ[কবি[১৩]]-পণ্ডিতচিত্তাহরণঃ ॥

[লিগতি[১৪]] শ্রীকবিশেখর এতাং
প্রতিপদসময়াং[১৫] পদসমুপেতাম্ ।
নিরবধিমধুর[১৬]-প্রকৃতরসি[১৭]-কালীং
শ্রীগোপালবিজয়-পঞ্চালীম্ ॥

### ॥ শ্রী[১৮]রাগ[১৯] ॥

একে একে দেবতার কত নিব[২০] নাম   নারাঅণচরণে আমার পরণাম ।
এক স্বর্বন্নে জেন নানা অলঙ্কারে   তেন নারাঅণ সব-দেব[২১]-অবতারে ।
প্রসঙ্গে কহিএ[২২] বেদপুরাণের সারে   পণ্ডিত মুরুখে সব বুঝিহ[২৩] বিচারে ।
ব্রহ্মা-আদি তৃণ-অন্ত জত কিছু দেখ   নারাঅণময় সব দেখ[২৪] পরতেখ ।
জেন সব নদ নদী সমুদ্রকে জাএ   তেন সব-দেব-পুজা নারাঅণে পাএ ।
আচারে বিচারে বেদ বেদান্তে না পাই   অনুভবে ভাবিতে আছএ সব ঠাঞি

১ ক. গ শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ   ২ ক. খ -ত্তী   ৩ ঐ স্ব-   ৪ ক. গ হারঃ   ৫ ক. খ, ক. গ -য়ো   ৬ ক. খ -ত, ক. গ -তো   ৭ ক. খ রোহ চ-   ৮ ঐ -ধ্বান   ৯ ক. খ, ক. গ -রস্ফুরদ   ১০ ক. খ -ন্দে ভবাধন   ১১ ঐ -লকিরণঃ   ১২ ক. গ -নির্ম্মলস্ত-   ১৩ ক. খ, ক. গ -কার-   ১৪ ঐ লিখিতং   ১৫ ক. খ -সমু-   ১৬ ক. গ -মধুরে   ১৭ ক. খ নিরবধিরাস-   ১৮ ক. খ গৌরী   ১৯ অতঃপর ক. গ পুঁথির অতিরিক্ত, জয় জয় গোপাল গোবিন্দ ॥ধ্রু॥   ২০ ক. খ কতেক লব   ২১ ঐ বেদ   ২২ ক. গ কহিব   ২৩ ক. খ বুঝহ   ২৪ ক. গ জেন

সেই নারাঅণ চিদানন্দ নন্দসুতে শুনিতে শুনিতে মনে বাসি অদভুতে।
কি কহিব আর জত অংশ-অবতারে দুষ্ট মারি সৃষ্টি রাখিল বারে বারে।
সে সব প্রভুর জদি অবতার হএ তা সব বর্ন্নিতে তনু মন নাহি লএ।
একু[১] গোপরূপে জত করিল বিলাস তাহাই কহিতে[২] মনে অধিক উল্লাস।
ভাল মন্দ হউ কিছু[৩] না লব বিচার জে কিছু কহিঞা[৪] দিব[৫] নন্দের কুমার।
পুরুবে আছএ বেদ পুরাণ ভাগবতে কবি বর্ন্নিআছে জত জার জেবা[৬] মতে।
পণ্ডিতজন[৭] সব শুনিঞা পাএ সুখে শাস্ত্রের মরম কত জানিব মুরুখে।
মুরুখের ঠাঞি সব শ্লোক বিকল বানরের হাথে জেন ঝুনা নারিকল।
জ্ঞান না থাকিলে শ্লোক[৮] বুঝএ[৯] পাষণ্ড বিনি দন্তে কি করিব সেই ইক্ষুদণ্ড।
সহজেই[১০] কলিকালে[১১] মুরুখ আপার পণ্ডিত জনের হব বিরল প্রচার[১২]।
কলিতে[১৩] বিদ্যাএ দুনু[১৪] বাঢ়এ[১৫] অহঙ্কার পুথিতে অভ্যাস[১৬] করে ধন আর্জিবার
অশেষ প্রবন্ধ করে লোক ভাণ্ডিবারে[১৭] নানা পরকারে[১৮] পৌসে[১৯] নিজ পরিবারে।
হেন মতে কলিকালে পণ্ডিতের[২০] বেহারে[২১] নরদেহ ধরি জেন বুলে[২২] অহঙ্কারে।
লোক রঞ্জিবারে করে কপট আচার[২৩] মনশুদ্ধি নাহিক আটোপ-মাত্র সার।
কলিকালে লোকের[২৪] বুঝিল নহে চিত[২৫] কেবা[২৬] সে মুরুখ আর কেবা[২৬] সে পণ্ডিত।
কেহো কেহো অভ্যাসে দড়ায়ে[২৭] বাট বহে কেহো কেহো অভ্যাসে অশেষ শাস্ত্র কহে :
অভ্যাস করিলে জদি[২৮] পণ্ডিত বোলাই কেবা নহে পণ্ডিত আনহ মোর ঠাঞি।
সেই সে পণ্ডিত যে বন্ধের[২৯] মোক্ষ জানে ইহা বহি[৩০] মুরুখ বুঝিহ[৩১] অনুমানে[৩২]।
কাম্য ধর্মে পণ্ডিতে মুরুখ করি জান অন্য কর্মে দুঃখ বহি ফল নাহি আন।
কৃষ্ণবৈষ্ণবে জার সমতা ব্যবহার তাহা বহি পণ্ডিত নাহিক কেহো আর।
একেতে অধিক[৩৩] নাহি ভাষার বিচারে বুঝিঞা মরম অর্থ করিহ বেভারে[৩৪]।

১ ক. গ এক ২ ক. খ বর্নিতে ৩ ঐ কেহো ৪ ক. গ বর্নিয়া ৫ ক. খ দিল ৬ ঐ কত নাটকের ৭ ক. গ পণ্ডিতে তা ৮ পা সব ৯ ক. খ বুঝহ ১০ এ সহজে ১১ ক. খ সহজেই কালে ১২ ঐ বিচার ১৩ এ কলিব ১৪ ঐ পুন ১৫ এ বাঢ়ে, ক. গ বাঢিব ১৬ এ পৃথিবিতে আস্থাস ১৭ ক. গ সব পর ভাণ্ডিয়া আপন নাম করে ১৮ ক. খ পরবন্ধে ১৯ এ পোসে ২০ ক. খ করে ২১ ক. গ ব্যবহারে ২২ ক. খ করে নানা ২৩ ক. গ আচার বিচার ২৪ ক. খ কেবে ২৫ ক. গ বুঝিতে নারি চির্ত্ত ২৬ ঐ কিবা ২৭ ক. গ দড়াতি ২৮ এ জবে ২৯ ক. গ রান্ধব ৩০ ঐ বই ৩১ ক. গ বুঝহ ৩২ পরবর্ত্তী দুই ছত্র কেবল এ-পুঁথির পাঠ ৩৩ ক গ এত্তেকে অধিকার ৩৪ ঐ করি ব্যবহার

লৌকিক বলিঞা না করিহ উপহাসে   লৌকিক মন্ত্রেসি সাপের[১] বিষ নাশে।
তেন কলিবিষ নাশে লৌকিক কীর্ত্তনে   নাম দেব করিব নিকট পরমাণে[২]।
পণ্ডিতে সে[৩] জত পঢ়ে ভাগবত[৪] পুরাণে   কেবা না বুঝএ লোক লৌকিক আখ্যানে[৫]।
সে অর্থ বুঝিলে[৬] ফল পাই বা না পাই   সে সব বিচার বুঝিহ[৭] তার ঠাঞি।
জে জন পণ্ডিত বুলি[৮] ধরে অহঙ্কারে   পুরাণ ভাগবত তার[৯] আছে ভারে ভারে।
জে জনার নাহিক অধিক বিউপতি[১০]   গোপালচরণে তার[১১] থাকুক ভকতি।
ভাষাদোষ না বাছে ভাবনা মাত্র জানে   রসের বচন ছুই কহিঞা[১২] বাখানে।
কিবা মোর হেন জারা আছে গুণগন্ধে[১৩]   তার লাগি করিএ[১৪] পাঁচালী-পরবন্ধে।
ভাবকের পরাঅণ[১৫] জোগীর সরবস   রসিক জনের জেন[১৬] মূর্তিমান রস।
ইহলোকে পরলোকে হিত উপদেশ   গোপালদেবের কেলি কৌতুক বিশেষ।
বিষয়ীর প্রাণ ধন বৈরাগীর ফল   বৈষ্ণব জনের ভাণ্ড সভার সকল।
পদ দুই শুনিলে মরম নাহি পাই   কি রস চিনির কণা জিভ্বাএ ছোয়াই[১৭]।
রসিক জনেসি[১৮] জানে রসের চাতুরী   জিভ্বা বিনি[১৯] কোন অঙ্গ না লএ মাধুরী।
জাকে জার[২০] অভিরুচি সেসি তারে ভাএ   পল্লভ ছাড়িঞা উষ্ট্র[২১] কণ্টক চিবাএ।
সব কালে সম্পদে কথাঙ[২২] নাহি জাএ   সকল মধুরে কেহো কিছু নাহি পাএ।
সব ভাল ফুলে মালা নাহিঁ গাথে মালী   সব খন[২৩] মধুর না কুহুলে কোইলী[২৪]।
সকল মধুরে এক ঠাঞি নাহি সিধি   অমৃত উগারি বিষ উগারে পওধি[২৫]।
হেন মতে[২৬] দোষ গুণ দেখিঞা সংসারে   দোষ আচ্ছাদিঞা গুণ করিহ[২৭] প্রচারে।
আর একখানি দোষ না লবে আহ্মার[২৮]   পুরাণের অতিরেক লেখিব আপার।
অবিচারে আপতি না দিহ দোষ[২৯]-ভারে   স্বপনে কহিঞা দিল নন্দের কুমারে।
তবে মহাকাব্য কৈল[৩০] গোপালচরিত   তবে কৈল গোপালের কীর্তন-অমৃত।
গোপীনাথবিজঅ নাটক কৈল আর[৩১]   তমু গোপ[৩২]-বেশে মন না পুরে আহ্মার[৩৩]।

---

১ এ মন্ত্রে সর্পের   ২ ক. গ পরনামে   ৩ এ সেব   ৪ ঐ ভারথ   ৫ এ বাখানে   ৬ ক. গ বুঝিতে   ৭ ঐ বুঝহ   ৮ ঐ বলি   ৯ ক. গ তবে, এ ভারথ তারা   ১০ ক. গ বিৎপত্তি   ১১ এ কিছু   ১২ ক. গ রহিয়া   ১৩ ক. গ -বন্ধে   ১৪ ক. গ করিনু   ১৫ এ পরান   ১৬ এ ইএ   ১৭ ঐ ঠেকাই   ১৮ ক. গ জনেই   ১৯ এ বহি   ২০ ঐ জারে জারে   ২১ এ থাকিতে উঠ   ২২ ক. গ কোথাও   ২৩ ঐ সর্ব্বক্ষণ   ২৪ এ বোল না বোলে কোকিলি   ২৫ ঐ পওনিধি   ২৬ এ কত   ২৭ ক. গ করিবে   ২৮ ঐ আমার   ২৯ এ দেষ-   ৩০ ক. খ বৈল   ৩১ এ সার   ৩২ ঐ গো-   ৩৩ ক. গ আমার

তবে সে[১] পাঁচালী করি গোপালবিজএ বৈষ্ণবচরণ[২]-রেণু করিঞা হৃদএ।
সিংহবংশে জন্ম নাম দৈবকীনন্দন শ্রীকবিশেখর বুলি[৩] বোলে সর্ব জন[৪]।
বাপ চতুর্ভুর্জ নাম মাও হীরাবতী[৫] কৃষ্ণ জার প্রাণ ধন[৬] কুল শীল জাতি ॥

## ॥ সুহই ॥

আছএ মথুরা নামে পুরী[৭] মনোহর জাহার তুলনা নাহি ত্রৈলোক্য[৮]-ভিতর।
মরকত-মণিএ[৯] বান্ধিল ঘাট বাট স্ববন্ন-রচিত[১০] ঘর রত্নের কপাট।
চুড়ার কলসে[১১] পরশিল শশধরে মেঘের বিশ্রাম-ধাম রজতপ্রাচীরে।
স্থগন্ধি কুসুম বুলি জার নাম আছে সে সব রুপিল আওআসের কাছে কাছে।
স্ফটিকে বান্ধিল কেলি-সর নাছে নাছে[১২] মণিএ[১৩] বান্ধিল[১৪] পারিজাত গাছে গাছে[১৫]
কেতকীকুসুম-ধূলি দেখিএ[১৬] নগরে রুধির করাঘাতে নারীর[১৭] পওধরে।
নিবিড় বন্ধন করে[১৮] নারীকে সভারে কলহ যুবতীগণ[১৯] মান পরিহরে।
বিবাদ দেখিএ সব শাস্ত্রের বিচারে আখিলোহ দেখিএ অতিথ-অনুসরে[২০]।
পুরী দেখি গুণিজন-হৃদঅহরণে অতিশঅ সংশঅ[২১] দেখিএ[২২] গুণিজনে[২৩]।
রম্ভাদি স্থন্দরী সব হস্তলেখ করি আগু কিছু পরিখিলা[২৪] শিল্পের চাতুরী।
তবে ব্রহ্মা কংসভএ জার পুরনারী নির্ম্মাণ করিল চারি মুখে অবধারি।
জার রূপ[২৫]-কথা শুনি স্বর্গ-বিদ্যাধরী আজিহো নিমিষ নাহি কুবলঅ[২৬]-ধারী[২৭]।
সে সব স্থন্দরী জবে[২৮] দেখি স্বামিস্থানে রতিকামে জনমএ[২৯] পিশাচ-গেআনে।
জে অঙ্গ দেখিএ সেই অঙ্গে অলঙ্কার না জানি বিধাতা জানে কত পরকার[৩০]।
না দেখিএ[৩১] গাও বিন্নু[৩২] গন্ধ চন্দনে কর্পূর তাম্বুল বিন্নু না দেখি বদনে।
স্থগন্ধি কুসুম বহি নাহি[৩৩] দেখি কেশে মদনে সহিতে কিছু না দেখি বিশেষে।

১ ক. গ -ই ২ পা -জনের ৩ ঐ নাম ৪ এ তৃভুবন ৫ ক. গ শ্রীচতুভূজ মা হরাবতি ৬ এ জাহার প্রাণ ৭ ক. গ -পুরি নাম ৮ এ, ক. খ শংসারে ৯ ক. গ মনেতে ১০ এ স্থবর্ণের জত ১১ ক. গ বল সে ১২ ঐ সরোবর কাছে ১৩ ক. গ মালিকে, এ মলিএ ১৪ ঐ রাখিল ১৫ ক. গ নাছে নাছে ১৬ এ, ক. খ আছএ ১৭ ঐ রুধিরে করদাঘাত দেখি ১৮ ঐ সব ১৯ ক. গ কহিল সুরতি জন ২০ এ ব্যবহারে ২১ ক. গ সঞ্চয় ২২ ঐ দেখিয়া ২৩ ক. গ -গনে ২৪ এ বিচারিল ২৫ ঐ গুন- ২৬ এ -কবে, ক. গ -কবি ২৭ এ, ক. গ -লয়ধরি ২৮ ক. গ সবে ২৯ ঐ জনমর্ত্ত ৩০ এই স্থানে বিশ্বভারতীর ২৬২৪ সংখ্যক পুঁথির আরম্ভ। ৩১ পা দেখিল ৩২ ক. খ বিনি, পা বিনে ৩৩ পা বিনে না

সম্ভেক্রি[১] সুন্দর আরে[২] মনোহর ভাতি বিনি[৩] না পুছিলে কারো না জানিএ জাতি।
রজনীতে ভঅ কিছু নাহি পুরজনে হাথে ধনু নগর জাগাএ[৪] পাঁচবাণে।
পথের দোপাশে সারি সারি[৫] রামকলা লাখ[৬] হেমকলস[৭] উপরে জঅমালা।
কৌতুকে নাগরী সব দেখে[৮] চন্দ্রশালে মদনে পাতিল জেন চান্দের পসারে।
জবে বা রাবণ হেন হএ দশমুখ তবে কিছু অনুভই মথুরার সুখ।
হাট-কলরব শুনি হেন লএ[৯] মনে পুনরপি কেবা করে পওধি-মথনে।
ব্রহ্মাএ জতেক মনে করিতে না পারে তত বস্তু পাইএ প্রতি পসারে[১০] পসারে[১১]।
জেখানে পসরা লোক তার কাছি কাছি[১২] মধুএ বেঢ়িল[১৩] জেন আছে[১৪] মধুমাছি।
কল[১৫]-রবে কোহো[১৬] কিছু না শুনিএ[১৭] ঠামে আখর লেখিঞা দেই জার জেই[১৮] নামে[১৯]
মথুরার মহিমা সে কহিতে না জানি[২০] কংস মহারাজার জেখানে[২১] রাজধানী[২২]।
ব্রহ্মাএ জাহার লাগি খাওাইবে[২৩] ভারে মহেশ জাহার তরে[২৪] ভিক্ষুক আচরে।
ইন্দ্র জাহার ডরে[২৫] সুমেরুশিখরে দশ দিক ভালিতে সহস্র আখি ধরে।
জমের মহিষ বৃষ মহেশের লঞা কুবের ধন আনে[২৬] শকটে পুরিঞা।
দানপরিবাদ-ভএ বলি রসাতলে মাথার মণির ভএ বাসুকি পাতালে।
জাহার প্রতাপতাপে[২৭] সমুদ্র শুষিল[২৮] নিজগজ-মদজলে পুন তা পুরিল।
তেঞি সে আজিহো নাহি হএ জলশুধি[২৯] সভেঞি মলিন জল দেখিএ পওধি[৩০]।
কংসরাজ-ভএ বহ্নি জথাবিধি জলে বিনি ধুমে অগ্নি জলএ ঘরে[৩১]-ঘরে।
অগ্নির জতেক দুখ[৩২] কহনে না জাএ[৩৩] জেই জেনমত বোলে তেনমত হএ।
কুসুমপতন-ভএ রাজার উপবনে চামরের বাও জিনি[৩৪] বহএ পবনে।
সর্বকাল সম্পূর্ণ উঠএ[৩৫] শশধরে দেবেহো না খাএ অংশ কংসরাজ-ডরে[৩৬]।
জথাবিধি নিজ তেজ ধরে[৩৭] দিবাকরে জথাবিধি জাতাআত উদঅ-আদি করে[৩৮]।

১ পা সভেঞি ২ ঐ আর ৩ এ বিপ্র ৪ পা জাএ, এ ধনু নগরে জোগাএ ৫ ক. খ শোভে শোভে ৬ এ লাম্ব ৭ ক. খ -মরকত ৮ এ দেখি ৯ ঐ করে ১০ ক. খ একুই ১১ এ ঘরে ঘরে ১২ এ কাছে কাছে ১৩ পা বেঢ়িঞা ১৪ ঐ থাকে ১৫ এ জন- ১৬ ক. খ জন কলরবে ১৭ এ নাহি শুনে ১৮ ক. খ জেবা ১৯ পা কামে ২০ ক. ক. কে জানে ২১ ক. খ -স্থানে ২২ এ রাজের সেস্থানে রাজস্থানি ২৩ ক. ক, ক. খ খাওআইবে, ক. খ খামজই ২৪ ক. ক, এ লাগি, ক. খ ঘরে ২৫ এ লাগি, ক. খ জার ভয়ে রহে, পা তরে ২৬ এ কুবেরের ধন লএ, ক. ক লএ। ২৭ এ -ভএ ২৮ ঐ উথলিল ২৯ পা -শুদ্ধি ৩০ ক. খ তেঞি জলনিধি ৩১ পা প্রতি ৩২ পা জাতনা ৩৩ ক. খ, এ কহিতে না জুয়ায় ৩৪ ক. খ বিনে না ৩৫ ক. গ উদয় ৩৬ ঐ -ভএ ৩৭ এ করে ৩৮ পা করে দিবাকরে

জার বন্দিজন-নঅনাঞ্জন জলে[১] আজিহোঁ জমুনা বুলি বহে ক্ষিতিতলে।
চারি জলধি[২] জার মথনের ভএ হইঞা শরণাগত[৩] পরিখা বোলাএ।
জার প্রতাপতাপে[৪] পৃথবী টলবলে তাহার তুলনা দেউ কমন বাউলে।
হিমালঅ ধবল জার জশ গাএ জার জশঘর্ম-বিন্দু ক্ষীরোদ[৫] বোলাএ।
কোথাহোঁ হাতের শঙ্খ দর্পণে না দেখি কংসকথা শুনিতে[৬] আনের[৭] কথা লেখি
আর কি কহিব[৮] জার বধের কারণে অজ হঞা গর্ভবাস লভিল[৯] নারাঅণে।
গোপালবিজঅ নর শুন মনোহরে বিনি নাএ পার হবে সংসারসাগরে[১০]।
কহে কবিশেখর সংশঅ[১১] পরিহরি মথুরানগর লোক দেখ আখি ভরি॥

## ॥ দীর্ঘচ্ছন্দ। ধানশী[১২] ॥

কংসপরিবার-ভরে পৃথবী সহিতে নারে
জাএ দেবী পাতালভুবনে
বাসুকি বিনঅ করি হিত উপদেশ বলি
রহাইল অনেক জতনে।
শুন হের বসুমতী কোরোধে না দিহ মতি[১৩]
রিপুকে না দিহ কভোঁ পৃষ্টি[১৪]
ব্রহ্মাদি ত্রিজগতনাহা আগু তার ঠাঞী জাহা[১৫]
জেমতে[১৬] রাখিল হএ সৃষ্টি[১৭]।
বাসুকিবচন শুনি বসুমতী মনে[১৮] গুণি
চলিলা[১৯] ব্রহ্মার সন্নিধানে
গোরূপ ধরিঞা দেবী ব্রহ্মার চরণ সেবি[২০]
কান্দে কান্দে[২১] অঝর নআনে।
অভিমানে উত্তরোল মুখে না নিস্বরে[২২] বোল
উসসি উসসি[২৩] দেবী কান্দে

---

১ এ বন্দির জলের নয়ন নঞ্জন ২ ক. ক জলনিধি; ক. গ উচারিল জলনিধি, ক. খ চারি জলে বিধি ৩ পা লবনাগত ৪ ঐ বল প্রতাপে ৫ পা পরিক্ষ্যা ৬ এ কহিতে ৭ পা ভীমাদি ৮ এ কিছু কহি ৯ ঐ কহিলা ১০ ঐ নৌকায় হবে পার এ ভব সংসারে ১১ পা সংসার ১২ ক. খ পতমঞ্জরী ১৩ এ চিন্তি ১৪ ঐ পৃষ্ট ১৫ ঐ ব্রহ্মাদ্য জগতেশ্বর তারে কর গোচর ১৬ পা জেমতি ১৭ এ শ্রীষ্ট ১৮ এ বলে ১৯ পা জাএ দেবী ২০ এ ধরি ২১ ঐ দেবী ২২ পা নাহি স্বরে ২৩ এ হিফিঞা ২

জত দেবগণ আছে সঙ্গে[১] একে একে পুছে[২]
কার বোলে সম্মতি না দে[৩]।
জত দেবগণ কহে[৪] উত্তর না দেই মোহে
নঅনে গলএ জলধারে
কাহার[৫] কাতর বোলে ব্রহ্মা মাথা নাহি তোলে
দেবলোকের হৃদএ বিদরে।
তোহ্মারে জে নিবেদিব সে আপনে সহি সব[৬]
তোমেঞী সকল[৭] তত্ত্ব জান
আতি মনে দুখ পাঞা[৮] তোহ্মাকে কহিল সিঞা[৯]
স্বরূপ বচন মোর শুন[১০]।
শুন হের প্রজাপতি অনেক প্রাণ-শকতি
এত দিন রাখিল সংসারে
এবে কংসবংশ-ভার সহিতে না পারি আর
প্রাণ লঞা জাঙ[১১] স্থানান্তরে।
জত জত দেব বইসে সভেঞী কংস-তরাসে[১২]
নিজ নিজ দেবীর হারাএ[১৩]
তবে মহাদেবী-সনে করিঞা গুপত প্রেমে
নানা ধন সাজাঞা পাঠাএ।
একে সে অসুরজাতি আরে দেব অনুমতি[১৪]
ইথে কে করু প্রতিকারে
এই বড় পরকারে[১৫] আপনা রাখিতে নারে[১৬]
জশ অপজশ[১৭] কোন ছারে।
শুনি বসুমতীকথা ব্রহ্মাএ না তোলে মাথা
দেবলোক করে ঠারাঠারি

১ পা সভে ২ ক. ক আছে ৩ পা দেহ ৪ ঐ আছে ৫ পা জাহার ৬ এ সফল সে সব হইব ৭ ঐ তুমি সে সকলি ৮ ক. ক, পা পাই ৯ পা তেঞী কিছু কহিতে চাই ১০ পা পাপিষ্ঠ পেসন হেন মান ১১ এ জাব ১২ ক. ক কংসের ত্রাসে, এ জত দেব আছে বসি সভেহি কংসের ত্রাসি ১৩ ক. ক, এ নিজরূপ তেজি জার ভয়ে ১৪ এ অনুমতি ১৫ ক. খ উপকারে ১৬ পা পারে ১৭ এ পরাক্রম

অসহিষ্ণু[১], নারদ কলহের বিশারদ
ততক্ষণে দিল প্রত্যুত্তরি।
আবুধ[২] দেবগণে কিবা ভাব মনে মনে
এ বোল আহ্মাতে[৩] নাহি জাএ
বসুমতী সঙ্গে কর ক্ষীরোদের তীর চল
জথা আছে দেব দেবরাএ[৪]।
এই বোল হএ বুলি উঠিলা দেব[৫]-মণ্ডলী
গেলা জথা দেব নারাঅণে
ব্রহ্মা এই অনুমানে কি করিব প্রভু-থানে
জোগনিদ্রা ঘুচিব কেমনে।
আশ্বাসিঞা বসুমতী স্তুতি করে প্রজাপতি
সুললিতগহনবচনে
নারদ বিপঞ্চি[৬]-রাএ লক্ষ্মী-প্রসাদএ পাএ
চিআইলা কমললোচনে।
বচনের অবিষঅ[৭] তোহ্মার[৮] গুণনিচঅ[৯]
রূপ নিরূপিল নহে মনে
বচন মনের পার তোহ্মার[৮] সহজাচার[১০]
স্তুতি করে কোন আগেআনে।
তোহ্মার[৮] স্তুতিসমঅ[১১] মৌন উচিত হঅ
ভক্তিভাবে করিএ[১২] গোচর[১৩]
জাহার জতেক মতি বুদ্ধি অনুমানে[১৪] স্তুতি
সে দোষে সেবকে নাহি ডর।
ত্রিগুণ-অতীত রূপ দেব না জানে স্বরূপ
কৌতুকে প্রকৃতে দিলে[১৫] মন
সৃজিঞা এ ত্রিভুবন মোরে কইলে কারণ[১৬]
তোহ্মার[১৭] মাআ বুঝে[১৮] কোন জন।

১ এ আছিলা তথা ২ এ অবোধ ৩ পা য়েমতে ৪ পা নারায়ণ ৫ পা দেবের ৬ পা, ক. ক বিনার ৭ পা চরণের অভিষঅ ৮ ঐ তোমার ৯ এ, পা -নিশ্চয় ১০ পা -পার ১১ এ, ক. ক মহাশয ১২ পা করাএ ১৩ পা করাএ মুখরে ১৪ পা তাহার অনুমান ১৫ এ, ক. ক দেহ ১৬ এ অকারণ ১৭ পা তোর ১৮ ঐ বুঝিবে

স্বর্গ মর্ত পাতাল এ তোহ্মার[১] ইন্দ্রজাল
স্থজন পালন সংহার[২] লীলাএ
মোহোর কতেক বুধি[৩] কি তোহ্মার[৪] জানে[৫] শুধি
ভ্রমি বুলি[৬] তোহ্মার[৪] মাআএ।
এবে সে বিতথা দেখি ইথে[৭] বসুমতী সাখি
. কহ দেবী কংসের বেভার
জত দেবগণ ছিল ' নিজ রূপ ছাড়িল
ভ্রমি বুলে দিগ দিগান্তর।
বসুমতী জত কহে শুনিঞা সে দআমএ
স্মিত[৮] স্থললিত কিছু কহে
জেন দশ দিগ ভরি বিজুলী উজলী[৯] করি
মেঘ বরিখএ[১০] অবগ্রহে।
ভাল বইলে দেবগণ আহ্মার[১১] আছিল মন[১২]
পৃথবীর খণ্ডাইব ভারে
জেবা কংস মহাবল তারে[১৩] কথাঁ। মহীতল
ত্রিভুবন বেআপিতে পারে[১৪]।
বসুদেবসুত হঞা দেবকীর গর্ভ পাঞা
জনমিব অষ্টম গর্ভরূপে
ধরিব মানুষাকার করিব লৌকিকাচার
কংস জেন না জানে স্বরূপে[১৫]।
আহ্মার[১১] শরীরান্তরে[১৬] রাম হঞা নন্দঘরে
জনমিব রোহিণী-উদরে
জশোদার উদর পাঞা জনমিহে মহামাআ[১৭]
লক্ষ্মী সরস্বতী স্থানান্তরে।

১ পা তোর  ২ এ শৃজ লার সংগার  ৩ ক. ক বুদ্ধি  ৪ পা তোমার  ৫ এ জান  ৬ পা বুলে  ৭ ঐ হের, ক. ক ইবে  ৮ পা স্মৃত, ক. ক স্তুতি, এ স্মৃতি  ৯ ক. গ, এ উজ্জল  ১০ পা সএ  ১১ পা আমাব  ১২ এ, ক. ক মুনি কহে নারায়ন  ১৩ ক. গ ঢাকে  ১৪ এ নারে  ১৫ ক ক লখিতে না পারে  ১৬ ক. ক আমাব অন্তরে  ১৭ এ, ক. ক মহামায়া জন্ম জাঞা

রম্ভোর্বশী-আদি[১] করি জত স্বর্গ[২]-বিদ্যাধরী
জন্ম জাঞা[৩] গোকুলনগরে
মোর অনুচরগণ জত আছে দেবগণ
জন্ম গিঞা গোপ ঘরে ঘরে।
এত নানা পরকারে কহি পুর্ণ অবতারে
পাঠাইল সভা আশ্বাসিঞা
ভ্রূকুটি হাথের সানে সভে গেলা জথাস্থানে
পরম আনন্দ মনে পাঞা।
কহে কবিশেখর শুন হে আবুধ নর
হরি বিনু সকল আসারে[৪]
জপিতে না কর লাজ হরি হেন মন্ত্ররাজ
সংসারবিষম[৫]-বিষ জারে[৬] ॥

## ॥ কানড়া[৭] ॥

এথা কংস মহাবল[৮] করিঞা মন্ত্রণা বাপ উগ্রসেনে দিল বহুত[৯] জাতনা।
বাপ কারাগারে থুঞা নিগড় বন্ধনে আপনে করএ রাজ্য বিবিধ বিধানে।
অন্তঃপুরে[১০] নিরন্তর করে মধুপানে ভালমন্দ রাজ-কাজ কিছুই না জানে।
ত্রিভুবনে জত আছে পরমসুন্দরী তা সভা কৌতুকে আনে[১১] নিজ অন্তঃপুরী।
করএ বিবিধ কেলি[১২] নানা কুতুহলে দূত দিঞা পাঠাএ জাহার জেই ঘরে।
কংসভএ সে সব সুন্দরী মহীপালে জানিঞা না জানে হেন করে ব্যবহারে।
হেনমতে নানা সুখ ভুঞ্জে অন্তঃপুরে[১৩] রম্ভাদি লঞা জেন ইন্দ্র কেলি করে।
একদিন দৈবকী দেখিল মহারাজে[১৪] কার নারী বলিঞা পাইল বড় লাজে[১৫]।
বিরসবদনে রাজা হইলা বাহিরে[১৬] আপনা অপনি তিরস্করিঞা অন্তরে[১৭]।
বিধির লিখন কভো খণ্ডনে না জাএ জাহার যে ভাবি থাকে সে অবশ্য পাএ[১৮]

১ এ আদ্য  ২ ক.ক সুন্দর  ৩ পা গিঞা  ৪ ক.ক অসার  ৫ পা -বিষঅ  ৬ এ, ক ক জালে  ৭ এ শ্রী  ৮ এ -রাজ  ৯ এ বিবিধ  ১০ পা অভ্যন্তরে  ১১ এ আনিল হরি  ১২ ঐ একত্রে নিবিধ কৈল  ১৩ পা অভ্যন্তরে  ১৪ এ দৈবকীর দেখি বেবোহারে  ১৫ ঐ হবে বুলি চিন্তিত অন্তরে  ১৬ ঐ গুণি মনে বড় লাজ  ১৭ এ মহারাজ  ১৮ ঐ অবশ্য তাহা হয়ে

ত্বরাএ বিচার নাহি চাহে[১] কংসাম্বরে মনেঞি বরিল রাজা[২] বসুদেব বরে।
আর অদভুত দেখ বিধির ঘটনে রতনে কাঞ্চনে জেন করিল জোটনে[৩]।
সহজে কুলীন পুত্র রূপের অবধি সর্বশাস্ত্রে বিশারদ সব-গুণ-নিধি[৪]।
কুবের-অধিক ধন দানে কল্পতরু আচারে বিচারে শিক্ষা দীক্ষা দেবগুরু।
পরম জতনে জবে[৫] ত্রিভুবন চাই তভোঁ হেন বরগুণ[৬] একত্র না পাই।
একে কংস মহারাজ আরে তাহে জন্ত্র বচন বলিতে নাহি আইসে নানা[৭] রত্ন।
জলে তৈলবিন্দু[৮] জেন সরিল[৯] বচনে[১০] কানাকানি করিতে জানিল সবজনে।
না বলিতে সে সব দিগ্‌গজ[১১] নৃপবরে[১২] ভাগ্য হেন মানি আইলা জতুকেব ছলে[১৩]।
বচনের বাট কেহো না সহিল ঘরে নিজ নিজ পরিৎসদে[১৪] আইলা সত্বরে[১৫]।
কাহোর বচন কেহো শুনিতে না পারে ত্রিভুবন একত্র হইল কংসপুরে।
কংসভএ সরস্বতী বসিলা[১৬] সভাএ সঙ্কেতে সকল কথা কহে মথুরাএ।
একে সে মথুরাপুরী আরে কংসরাজে আরে ত্রিভুবনরাজ[১৭]-মণ্ডল-সমাঝে।
আরে সে দৈবকীপরিণঅ-মহোৎসবে বর্ণিঞা কে আপনাকে দেখাকু[১৮] সেঁ সবে।
জাতাআত লোকের সে[১৯] পথ নাহি পাএ[২০] পেলিল[২১] সরিষা তল নাঞী জাএ।
ত্রিভুবনে বাদ্য[২২] বলি জার নাম আছে বাজএ সে সব[২৩] বাদ্য প্রতি নাছে নাছে।
নিশি-অবশেষে জত স্বর্গবিদ্যাধরী ধরিঞা বিবিধ[২৪]বেশ হাথে স্বর্ণ[২৫]-ঝারি।
কিন্নরী মঙ্গল গীত গাএ জন্ত্র বাএ গন্ধর্ব নাচুনী[২৬] নাচি নাচি ধীরে জাএ।
হেনমতে পানিসাহে মথুরানগরে পুরনারী[২৭] হুলাহুলী দেই ঘরে ঘরে।
বিভাহ-জাত্রিকজন জত জত দেখি শপত করিঞা কেহো না নিমিটে[২৮] আখি।
বসুদৈবকীর বিভাহ-উৎকণ্ঠাএ রজনীত্রিজামা-বিধি করিল ত্বরাএ।
হেন বেলে[২৯] পূর্ব দিগে বনিতাবদনে চুম্বিলেক শশধর সহস্র নআনে[৩০]।[৩১]
কর-আগে দূর করি তিমিরপটলে পরশিল উদএ-শিখরি-পওধরে।

১ এ সহে  ২ পা বর  ৩ এ হইল জোড়নে  ৪ পা গুণের অবধি  ৫ এ জার
৬ ঐ গুণরব  ৭ এ কত  ৮ ঐ -বিম্ব  ৯ ক. গ গুরিল  ১০ ক.ক ভ্রবএ রতনে
১১ পা দিগন্ত  ১২ পা -বলে  ১৩ পা সকলে  ১৪ এ পরিচ্ছদে  ১৫ পা সকলে
১৬ পা কহিল  ১৭ ঐ -লোক  ১৮ এ বসিঞা কি দেখাএ আপনা  ১৯ পা কথা এস
জাতাআতে  ২০ এ বহে  ২১ ঐ পেলিএ  ২২ ক. খ বিদ্যা  ২৩ এ বাজাএ বিবিধ
২৪ ঐ করিঞা মোহন  ২৫ এ সুবর্ণের  ২৬ ঐ তরুণি  ২৭ এ -জন  ২৮ ঐ নিমিষে
২৯ ক. গ মতে  ৩০ পা লাজে মুকুলিতে হইল কুমুদ নঅনে  ৩১ অতঃপর দুই ছত্র পা-এ নাই

সে দিগে বনিতা হাসি কমলবদনে   লাজে মুকুলিত কইল কুমুদনআনে।
সেবিঞা বান্ধুলি কি পতিত দ্বিজরাজে   পশ্চিম সাগরে ঝাপ দিল সেহ লাজে
তার অনুশোকে[১] প্রিঅতমা কুমুদিনী   জোগবলে অনুসরে[২] হেন অনুমানি।
দিঅড়ি জলএ জত আওারি আওআরি   চিত্রলেখিত জেন দেখি সারি সারি।
দিগে দিগে শুনিএ কপোতকুল রাএ   কুরলে বাঅসগণ বসিঞা বাসাএ।
প্রাতঃক্রিয়া করিঞা সকল লোকজনে   নানা দেশের কথাএ বসিলা[৩] থানে থানে[৪]
কথোক্ষণ গোঙাইল[৫] স্নান দেবার্চাএ[৬]   কথোক্ষণ রন্ধনভোজন-চরচাএ[৭]।
কথোক্ষণ নৃত্যগীতবাদ্য-আদ্য[৮] রসে   হেনমতে নানাসুখে নেআএ[৯] দিবসে।
বিভাহের সে সব জাত্রিক পরিংসদে[১০]   দেবদানবনাগ[১১]-লোক নাহি ভেদে।
তুমা দামা দড়মসা দগর[১২] কাহালে   মৃদঙ্গ পটহা কাঁসি[১৩] তাল করতালে।
বিপঞ্চি[১৪] ঝরঝরী ভেরী[১৫] শঙ্খ সিন্ধুআন[১৬]   খমক মহুরী ঘণ্টা বাজে জথাস্থান।
স্বরমণ্ডল সপ্তস্বরা আতি-মনোহরে[১৭] রুদ্র কবিলাস আদ্য প্রতি ঘরে ঘরে[১৮]।
কিন্নরী সঙ্গীত গাএ বাএ দেবগণে   নাচএ গন্ধর্বগণ[১৯] বিবিধবিধানে।
গীতসম বাদ্যসম সম-নৃত্য[২০]-রঙ্গ[২১]   নৃত্যসম লঅসম সম-অঙ্গভঙ্গ।
পাএ পাএ মহাতাপ[২২] দেখি মনোহরে   রাতিএ দিবস বুদ্ধি জানিল[২৩] সংসারে।
কুমুদ মুদিত হইল কমলবিকাশে[২৪]   গুপ্ত অভিসারিকা নেঅটী ঘর[২৫] আইসে।
হেনমতে সকল দেখিএ বিপরীত   জন-কোলাহলে ত্রিভুবন চমকিত।
হাথসানে কংস লোক[২৬] নিশবদ করে   তথা শুভক্ষণে উগ্রসেন বর[২৭] বরে।
গন্ধর্ববিধানে বিভা করে কন্যা বরে   অন্যোন্য কুসুম[২৮]-গেণ্ডু পেলি পেলি মারে।
দশ দিগ কংস নিজোজিল জনজালে[২৯]   তা হইতে ইন্দ্র হইলা দশদিক-পালে।
পুরোহিত কুশ বান্ধে কন্যা-বরের করে   হরেক বন্ধন কিবাপূর্ব রঙ্গ করে[৩০]।
ঐরাবত হেন গজ দিল শতে শতে   উচ্চৈঃশ্রবা-সম[৩১] অশ্ব[৩২] দিল যূথে যূথে[৩৩]।

১ এ -তাপে   ২ ঐ -মানে   ৩ পা কথা বসি   ৪ এ স্থানেং   ৫ পা আইল   ৬ এ, ক. ক -চ্চনে   ৭ ঐ গোঙাইল রন্ধন ভোজনে   ৮ ঐ অর্থ   ৯ পা নেআইল   ১০ এ পরিস্ছদে   ১১ ঐ -গন্ধর্ব   ১২ এ দামামা দগড় কাঁসি দাদড়   ১৩ ঐ ভেরি   ১৪ পা ঝিল্লি   ১৫ ঐ বাঁসি   ১৬ এ বিধানে   ১৭ পা ররাবে   ১৮ পা বাদ্য নানা রবে   ১৯ এ -নারি   ২০ এ নিত্য   ২১ পা -ভঙ্গে   ২২ পা -তপে   ২৩ এ রাত্রিতে দিবস বলি হইল   ২৪ এ -প্রকাশে   ২৫ ঐ দিঅটি গন   ২৬ ক. ক, ক. গ জন   ২৭ এ কন্যা   ২৮ ঐ পুষ্পের   ২৯ এ -ভালে   ৩০ এ তার পূর্ব রঙ্গকালে   ৩১ এ, পা হেন   ৩২ ক. ক ঘোড়া   ৩৩ পা সহস্রস্রাতে

মহেশবৃষ-সম বৃষ[১] লক্ষে লক্ষে   জমের মহিষ-সম মহিষ অসংখ্যে।
কামধেনু-সম ধেনু দিল পালে পালে   চিন্তামণি হেন মণি[২] মুকুতার মালে।
বরুণে আনিঞা দিল স্বর্ণজল-ধারে   শতপল রচিত দিল কনকের থালে।
চারিকোণ পৃথবীর এক কোণ দিল বরে   ত্রিকোণ পৃথবী রাজা[৩] ভুঞ্জে কংসাসুরে।
স্থান-অবসর না দেখিঞা উগ্রসেনে   কত কত মহাধন উচ্ছর্গিল মনে।
কিছুই না দিল বুলি লৌকিক আচারে   পঞ্চ হরীতকী দিয়া করে পরিহারে।
অগ্নিদেব আছিলা[৪] আপন দিগ রাখি   ডাকিঞা আনিল কংস অগ্নি কৈল সাখি।
দক্ষিণা কনকগিরি দিতে কংসাসুরে[৫]   অনেকজতনে তা রাখিল পুরন্দরে[৬]।
কংসনারী-আদি করি জত[৭] নারীজনে   কন্যা-বর লঞা জাএ[৮] পরমজতনে।
বাসহরে নাহিখ ব্রহ্মার[৯] অধিকারে   নিজপুর-নারীগণ[১০] আপন সুখে করে।
বাসহরে অগ্নিপ্রিয়া[১১] করএ রন্ধনে   বাউ-দেবী ফুক দিঞা জ্বালে ঘনে ঘনে।
বরুণতরুণী তাহে তুলি দেই পানি   হাথ নাড়ি দেখাএ শিখাএ মহেন্দ্রাণী।
দেবনারীগণ সব বস্তু দেই[১২] আনি   বাসহরে সুখে বসি রান্ধে কংসরাণী[১৩]।
ইন্দ্রাদিদুর্লভ অন্ন ব্যঞ্জন সকলে   নরদেহে অনুভএ দেখ কর্মফলে[১৪]।
জত জত পুছে দেবদানব-সুন্দরী   উত্তর না দেই রহে[১৫] হেঠ মাথা করি[১৬]।
মাথা তুলি নাহি চাহে অনেকজতনে   লজ্জাএ বিফল করে সকল নঅনে।
সহস্রনআন অনুরূপ রূপ সাজে   ত্রিনঅন মুখ নাহি তোলে সেই লাজে।
বাসহরে জত কথা কহিতে না পারি   রতি জাতে কামকার মদন প্রহরী।
ইন্দ্রাদি দেবতা তিরি-রূপ ধরি রঙ্গে   ভুঞ্জএ বাসহর-সুখ পুরনারী-সঙ্গে।
তথাত্রি আছএ হেন চতুর নাগরী   তোষএ নাগর পাঞা লখিতে না পারি।
সুরনর[১৭]-নাগরী কিবা একোই না চিনি   নিমিষ না কইলো কেহ বসন্ত[১৮] রজনী।
চারি ভিতে[১৯] বরকে বেঢ়িল নারীগণে   বালচাঁন্দ বেঢ়ি জেন শোভে[২০] তারাগণে।
মনে মনোভব সহি সকল জুবতী   হাস্য[২১] রস পরিহাসে পোহাইল রাতি।
সেই সব পরিৎসদে কংস নৃপবরে   কন্যা-বর অনুবর্জি[২২] গেলা কথো দূরে॥

১ পা দিল   ২ এ সম মনি গজ   ৩ ঐ রাখি   ৪ এ দেবতা ছিলা   ৫ ঐ কংসবাএ
৬ এ দেবরাএ   ৭ পা সব   ৮ এ গেলা   ৯ ক. ক, এ কাহার   ১০ পা অতিরিক্ত, -জে
১১ এ, ক. ক জাঞা   ১২ এ দিল   ১৩ এ রান্ধয়ে ইন্দ্রানি   ১৪ এ দেখহ সকলে   ১৫ ঐ শুনে   ১৬ অতঃপর, তিন ছত্র পা-এ নাই   ১৭ এ -পুর   ১৮ এ পোহাইল   ১৯ পা দিগে
২০ ঐ রহে   ২১ এ বাহ্য   ২২ পা

## ॥ বরাড়ী ॥

হাথসাঁনে নিশবদ[১] করি[২] সব জনে  দৈবকী প্রবোধে কংস মধুরবচনে।
না কান্দ ভগিনী না জন্মাহ মতিমোহে  আমি কংস থাকিতে কী ভঅ দুখ তোহে।
একুই উদরে জন্ম দেখ কর্মফলে  পরভাগ্যে উপজীবী হএ কন্যা হইলে।
ততদিন থাকে বাপ মাএর অধিকারে  জতদিন হএ নাঞি বিভাহ-বেভারে।
সেই স তনআ জারে সভাএ[৩] প্রশংসে  সেই স তনআ জে শ্বশুর-ঘরে বইসে।
জবে স্নেহবশে কন্যা থাকে বাপ-ঘরে  অবশ্য কুটিল লোক আন বুদ্ধি করে।
দেবতাকে অধিক সেবিহ[৪] গুরুজনে  উত্তরে[৫] উত্তর না দিহ স্বামিস্থানে[৬]।
দোষেহোঁ স্বামীকে কভো না হইহ[৭] বাম  পরিজন[৮] জিজ্ঞাসা করিহ অবিরাম।
নাঅরগরবে না করিহ কোন কাজে  স্বপনেহো স্বভাবে করিহ সাললাজে।
সংক্ষেপে কহিল গৃহনি-ব্যবহারে  দেখিঞা উভঅ কুলে করিবে বেভারে[৯]।
বসুদেবকরে ধরি রাজা কংসাসুরে  ভগিনীরে সমর্পণ করে লোকাচারে।
দৈবকী সভার প্রাণ শিশুকাল হইতে  না পারে পরের[১০] বড়[১১] বচন সহিতে।
বোলকে মাছির বাএ[১২] সহে নাহি গাএ  দিবসে আপনা ছাআ[১৩] দেখিঞা ডরাএ।
ভোখ শোষ কারে বুলি হেনঞী[১৪] না জানে  বচন বলিতে নাহি করে অভিমানে।
আহ্মা[১৫] দেখি সহিবে সকলদোষ-ভার  গুণ বহি দোষ কিছু না লবে ইহার[১৬]।
এত বলি বিষাদে বিকল[১৭] নরপতি  অচম্বিতে শুনিল আকাশসরস্বতী[১৮]।
অহে মহারাজ কিকে[১৯] করহ হাতাশ  দৈবকী-অষ্টমগর্ভে তোহ্মার[২০] বিনাশ।
দৈবকী-অষ্টমগর্ভে জন্মিব জেই জন  অবশ্য তাহার হাথে তোহ্মার[২০] মরণ।
শুনিঞা আকাশবাণী কংস মহাসুরে  কোরোধে অরুণ আখি কাপএ অধরে।
আন বলি[২১] ধরিলেক দৈবকীর কেশে[২২]  সম্ভ্রমে কাটিতে খড়্গ তুলিল আকাশে।
হেন বেলে বসুদেব কাতর-উত্তরে  কি কর কি কর বুলি ধরিলেক করে।
ভগিনীকে স্নেহ জত করিলে এখনে[২৩]  তাহার প্রতীত কি দেখাহ সর্বজনে।
শ্লথ কর কেশপাশ না ধর বিষমে[২৪]  বজ্র পড়িএ নাঞি শিরীষকুসুমে।

১ পা নিসধ ২ ঐ কারে ৩ এ জাকে সভাতে ৭ ঐ নাহি ৫ এ তথাপি ৬ ঐ -মনে ৭ পা হইল ৮ এ গুরু- ৯ এ আচার ১০ ঐ কাহার ১১ পা যত ১২ ঐ বাও ১৩ পা আপছায়া ১৪ এ এনুই ১৫ পা আমা ১৬ এ দোষের না করিবে বিচার ১৭ এ, ক. ক বিষাদ করিল ১৮ ঐ কহিল আকাশে বসুমতি ১৯ এ কেহে ২০ পা তোমার ২১ এ এত শুনি ২২ ঐ কেশপানে ২৩ পা আপনে ২৪ এ, ক. খ কর যতনে

জাহার প্রতাপতাপে[1] ত্রিভুবন রাজে   স্ত্রীবধে খড়্গ তোলহ না বাসহ[2] লাজে।
মরণ[3] শরীরধর্ম শুণাহ সভাএ[4]   আকাশে কহএ কথা এহো মনে লএ[5]।
জদি বা শুনিলে তুমি আপনার কানে   তবে কোন কৈতব বুঝিএ অনুমানে।
তোমার ভগিনী বিভা করিতে না পাঞা   কেবা কি বৈল বাদে আকাশে থাকিঞা।
হবে সেই সত্য বুলি[6] জানিলে বিশেষে   সে হইলে ভগিনী আছএ কোন দেশে।
কোরোধে না দেহ মতি শুন কংসরাজ   ভগিনী বধিলে পাছে পাবে বড় লাজ।
ছাড় কেশপাশ হের পড়হুঁ চরণে[7]   পুনরপি আহ্মারে[8] ভগিনী কর দানে।
নহে যে উচিত হএ করহ আহ্মার[9]   দৈবকীর ঘুচক অপত্য-ব্যবহার।
শুনিঞা প্রভুর আতি-কাতর বচনে   দৈবকী কান্দিঞা[10] কহে কংসের চরণে।
প্রভু জে কহিল কথা সেই সত্য[11] হএ   অবশেষে কহিল বিরুদ্ধ মতিমোহে[12]।
কথাও পরের দোষে পর দোষী নএ[13]   আহ্মার[9] কেবল দোষ প্রভুর কি দাএ।
তবে সে কাতর আখি গদ্‌গদস্বরে   আপন মনের দুখ কহে প্রাণেশ্বরে।
না কান্দ না কান্দ প্রভু নহ ত কাতরে   কাহার শকতি আছে দৈব-উপরে।
এখন জাউক জীউ[14] তোহ্মার[15] সমুখে   ইথে এ তিরির নাহি তিল মন[16]-দুখে।
সবে মোর হৃদএ রহিল বড়[17] শালে   তোহ্মা[18] হেন স্বামী না সেবিলোঁ কথো[19] কালে।
হেন রূপে[20] গুণে বিধি সৃজিঞা আহ্মারে[21] জাবত জনম-শোক রহিল[22] তোহ্মারে[23]।
বাসহর-তাম্বূলরাগ আছএ অধরে   অরুণিত নআন বাসর উজাগরে।
ইহাতে করিল বিধি হেন বিঘটনে   আহ্মা[24] ছার তিরি সোঁঅরিবে কোন গুণে।
কতি[25] গেলা পাত্র মিত্র সকল সভাএ   দেখিল শুনিল কিবা বোলে কংসরাএ।
আহ্মার[9] অপত্যে হবে জানিলে বিনাশে   আহ্মা[24] তিরি বধিঞা সাধিবে কোন জশে।
আহ্মার[9] অপত্যে জদি করে কংস অপকার   কিবা সিধি[26] সাধিব রাখিঞা সেই ছার।
অপত্য হইলে নিঞা দিব কংস[27]-বরাবরে   জেবা মনে লএ তাই করিহ তাহারে।
জবে বা প্রতীত নাহি করহ আহ্মারে[21]   নিজ অনুচর কিছু দেহ মোর ঘরে।

১ ঐ প্রতাপে কাঁপে  ২ এ কোন  ৩ পা বচন  ৪ এ সভারে  ৫ ঐ আকাস কি কহে কথা অদ্ভুত সংসারে  ৬ এ বোল হবে  ৭ অতঃপর, পরবর্ত্তী দুই ছত্র পা-এ নাই  ৮ পা আমারে  ৯ ঐ আমার  ১০ এ বন্দিয়া  ১১ পা সব  ১২ এ পুত্র হইলে তত্ব হইহ মহাশয়  ১৩ এ কোথাহোঁ স্ত্রির দোষে স্বামীর দোষ নহে  ১৪ পা প্রাণ  ১৫ পা তোমার  ১৬ এ এক তিল মোর নাহি মোর  ১৭ পা এক  ১৮ পা তোমা  ১৯ এ চির  ২০ ঐ বশ  ২১ পা আমারে  ২২ ক. ক মন দুখ রাখিল, এ দুঃখ রাখিল  ২৩ পা তোমারে  ২৪ পা আমা  ২৫ পা কোথা  ২৬ পা সিদ্ধি  ২৭ ঐ আনি দিব

দৈবকীবচনে কংস[১] ক্রোধ সম্বরে    মন্ত্রে জেন কুলীন সাপের বিষ হরে।
পাত্রমিত্র-বচন করিঞা[২] পুরস্কারে    নিজলোক দিঞা পাঠাইল কন্যা-বরে।
পথে জাইতে কন্যা-বরে দেখে জেই জন    সাধু সাধু করিঞা বাখানে ঘনে ঘন।
জথাবিধি আচার করিঞা কন্যা-বরে    মাও বাপ কৌতুকে আনিল নিজ ঘরে।
শ্বশুর শাশুড়ী পুত্রবধূ কোলে করি    কত আশীর্বাদ করে মনোরথ পুরি।
শম্ভুর বনিতা-সম হইহ বল্লভা    ইন্দ্রের ইন্দ্রানী-সম হইহ দুল্লভা[৩]।
কৌশল্যাসমান[৪] তুমি হইহ পুত্রবতী    সাবিত্রীসদৃশ তুমি হইহ সতী।
হেনমতে কৌতুকে মঙ্গল নানা রসে    ভুঞ্জএ[৫] বিবিধ স্থখে দিবসে দিবসে।
দেখিঞা রাজার আতি-পাপিষ্ঠ হৃদএ    কথো দিনে করিলা রোহিনী পরিণএ।
হেনমতে স্থখে জবে গেল কথো দিনে    দৈবকীর দেখিএ কিছু গর্ভের লক্ষণে।
বস্থদেব তা শুনিঞা হরিষ বিষাদে    চরমুখে নিতি রাজা শুনএ সংবাদে।
দৈবকী সমঅ পাঞা জদি প্রসবিল    কংসদুতে উলটিঞা দেখিতে না দিল।
প্রথম-অপত্য-অপমৃত মতিমোহে    অপত্য দেখিতে নাঞি পাএ আখিলোহে।
মাএ কি দেখিতে পারে পোএর[৬] মরণ    দৈবকী ধরিল কংসদুতের চরণ।
সভাকার[৭] আছএ অপত্য-ব্যবহারে    সভেঞি জানিএ দুখ স্থখের[৮] বিচারে।
দশ মাস উদরে ধরিল কার তরে    প্রসববেদনা অনুভই কিস[৯] তরে।
রোগলক্ষ্যে মইলে এতেক দুখ[১০] নহে    জীঅন্ত[১১] মারিব[১২] পুত্র কার প্রাণে সহে।
আন নহে আপনার সহোদর ভাই    তবে[১৩] হেন বিচার বুঝিব কার ঠাই।
খেমা কর দুতজন[১৪] পরহু চরণে    বারেক দৈবকী দেখি দেহ পুত্র-দানে।
জাহ সভে জাহার তাহার পুত্র লঞা    দেহ নিঞা কংস-ঠাঞি আহ্মার[১৫] বলিঞা।
এথা মহা-মহাধন দিমু তো সভারে[১৬]    পুরুষে পুরুষে বসি খাইহ স্থানান্তরে।
না শুনিল হেন করি দৈবকী-বচন    হাতে ধরি[১৭] কাঢ়ি লৈল[১৮] কংসদুত-জন।
মোহ পাঞা দৈবকী পড়িলা ভূমিতলে    দুতে শিশু দিল নিঞা কংস-বরাবরে।
দেখিঞা স্থন্দর শিশু দআ উপজিল    কি করিব হেন মনে ভাবিতে[১৯] লাগিল।
২২ হইতে মৃত্যু জবে না বইল আহ্মারে[২০]    কেহ্নে[২১] হেন অকারণে মারিব কুমারে।

১ এ এথা ত দেবকির বোলে    ২ পা করিএ    ৩ এ স্থলভা, পা দুর্ল্লভা    ৪ পা -সদৃশ    ৫ পা ভুঞ্জিএ    ৬ এ পুত্রের    ৭ পা সভাই, ক. ক সব বাই, এ সভারাই    ৮ পা সোকের    ৯ এ কিসের    ১০ ঐ সোক    ১১ পা জিতন্ত    ১২ পা মারিবে।    ১৩ এ তার    ১৪ ঐ হের    ১৫ পা আমার    ১৬ পা দিমু তোমার    ১৭ এ হইতে    ১৮ পা পুত্র নিল    ১৯ এ মন করিতে    ২০ ঐ ইহার হাথেতে মৃত্যু নহিব আমার    ২১ পা কেনে

ইহা বুলি রাজা তবে কহে দুতজনে    দৈবকী-অষ্টমগর্ভ আনিহ জতনে[১]।
ইহা বুলি বসুদেব ডাক দিঞা[২] আনি    বিনঅপূর্বকে কিছু বইল প্রিঅবাণী।
লঞা জাহ ঘর তুমি আপন কুমার    ইহা হইতে ভঅ কিছু নাহিক আহ্মার[৩]।
তবে বসুদেব আতিহরষিত হঞা    সেই পুত্র দৈবকীর কোলে দিল লঞা[৪]।
তা দেখি দৈবকী দেবী[৫] আপনা পাসরি    আনন্দে[৬] উৎসব করি মনোরথ পুরি[৭]।
এই মত দুই তিন চারি পাচ ছঅ[৮]    না মারিল পুত্র তার কংস মহাশঅ[৯]।
দৈবকীর পরিণঅ দেখহ[১০] সংসারে    বিনি নাএ পার হবে সংসারসাগরে[১১]।
গোপালবিজঅ নর শুন একমনে    কহে কবিশেখর অমৃত-বরিষণে ॥

## ॥ আহের। দীর্ঘচ্ছন্দ[১২] ॥

একদিন কংসরাজ    করিঞা[১৩] নিজ সমাঝ
বসিলা সকল বন্ধুজনে
হৃদএ আতি-কাতরে    কহে গদ্গদস্বরে
বজর বিন্ধিল জেন ঘুনে।
শুন পাত্রমিত্রগণ[১৪]    হেলাএ না দিহ মন
মরণে অধিক ভঅ[১৫] নাঞি
আমি হেন মনে জানি    মিথ্যা নহে দৈববাণী
নিঅতিকে না সহে বড়াঞি।
স্বর্গ মর্ত পাতাল    সভ মোর[১৬] অধিকার
দেবলোক খাটে মোর ঘরে
আমার কটক-বলে    বসুমতী টলবলে
এভোঁ নাহি ঘুচে মৃত্যুডরে।
আপন রক্ষা-নিমিত    সমএ করহ[১৭] রাত[১৮]
আপন-অধিক কেহো নহে

১ এ আমার তজ্জনে  ২ ঐ ডাকিআ  ৩ পা না রহিল আমার  ৪ পা নিঞা  ৫ এ নারি  ৬ পা অনেক  ৭ এ মথুরা নগরি  ৮ ক. ক, এ পাচ ছয় মাসে  ৯ ঐ ছাড়িল হরিসে  ১০ এ শুনহ  ১১ ঐ ভবসিন্ধু জদি হবে পারে  ১২ পা-এ নাই  ১৩ পা করি  ১৪ এ সভে পাত্র-জন  ১৫ পা দুখ  ১৬ এ আমার সভ  ১৭ পা করিএ  ১৮ এ হিত

চতুর্বর্গের[১] সাধন আত্মা[২] পরম ধন
আত্মা রহিলে সব রহে ।
বসু[৩]-দৈবকী আনি নেহ তার পরানি[৪]
ছঅ পুত্র মার[৫] আছাড়িঞা
সেবক আহ্মার[৬] কাছে জত দেবগণ[৭] আছে
জাহ সভে মথুরা ছাড়িঞা ।
শুনিঞা কংসের[৮] কথা সভার হৃদএ বেথা
শোকে কেহো মাথা নাহি তোলে
অক্রুর সে মহামতি মন্ত্রণাএ বৃহস্পতি
ত্রিযোগ-নির্মাণ[৯] কিছু বলে ।
শুন শুন মহারাজ কহিলে মনের কাজ
তোমা বহি কে জানে মন্ত্রণা[১০]
জার ভ্রূকুটী-লীলাএ অসাধি সাধিল হএ
তার কেহে হৃদএ জন্ত্রণা ।
বসুদেব দৈবকী ইহা ছার কথা[১১] লেখি
কি আহ্মা বল[১২] করহ[১৩] মোরে
ভুজদণ্ডে গজদণ্ডে দেখি[১৪] করোঁ খণ্ডে খণ্ডে
আপনা পাসর কেনে ভোলে ।
একখানি বোল তহি তেঞি এত দিন সহি
কহিতে সংকোচ করি মনে
জবে নারদাদি[১৫] কহে তবে কিছু মনে লএ
নরহাথে তোহ্মার[১৬] মরণে ।
হেন বেলে ডুরে ছিঞা[১৭] দ্বারী[১৮] জানাইলাসিঞা[১৯]
দ্বারে সে নারদ মুনিবরে

১ ঐ -র্বেদ ২ পা আগো ৩ এ -দেব ৪ ঐ লহ তাঁহারে ডাকি ৫ এ মারিল ৬ পা আমার ৭ ঐ -তাদী ৮ এ রাজার ৯ ঐ নির্ব্বাসন ১০ অতঃপর, দুই ছত্র পা-এ নাই ১১ পা কোপা ১২ ঐ আমা করিবে ১৩ ক.গ করি ১৪ পা দেখ ১৫ এ নারদ ১৬ পা তোমাব ১৭ এ, ক.গ বেলা সিগ্র জাঞা ১৮ এ ঝাট ১৯ এ, ক.গ - গীঞা

শুনি কংস-পরিবার পাল্য[১] বড় চমৎকার
গেলা সভে মুনি[২]-অনুসারে।
মুনি দেখি কথো দূরে আগুসরি কংসাসুরে
দিল পাদ্য অর্ঘ্য আচমনে
করিঞা অতিথ-পূজা পালঙ্কে বসিলা রাজা
প্রশ্ন কহে[৩] মধুরবচনে।
দেখিঞা আতি-সম্ভ্রম নারদে লাগিল ভ্রম
বড় শঙ্কা ভাবিল[৪] অন্তরে
দুষ্টের আতি-আদর সব অনুরথ[৫] ফল
মনে গুণি[৬] পড়িল ফাফরে।
কংস করে পুটাঞ্জলি মুনিরে করি[৭] সিঅলি
বিষাদ মনেত ভাবিঞা[৮]
নারদ সকল শুনে মাথা নাড়ে ঘনে ঘনে
মুখ চাহে হাসিঞা হাসিঞা।
জার চরণাশীর্বাদে ত্রিভুবন নিরাপদে
তার কিবা শুধাব কুশলে
জার শুভ আগমন ত্রিকাল[৯] শুভসূচন[১০]
কি শুধাইব আগমন-ফলে।
তভো চপল হৃদএ মুখর করাএ মোএ[১১]
শুভ-আগমন-শুদ্ধি চাহে
শুনিঞা[১২] কংসের কথা সভার হৃদএ[১৩] বেথা
নিভৃতে নিভৃতে কিছু কহে[১৪]।
সকল দেবতাগণে করিল গূঢ় মন্ত্রণে[১৫]
তোহ্মা সভা[১৬] বধিবার তরে[১৭]

১ পা পাইল ২ পা মূনিব ৩ ক. গ পুন করে ৪ এ লাগিল ৫ এ, ক গ সকল অনর্থ ৬ পা মুনি ৭ পা মুনি করে ৮ এ, ক. গ বিনত অবনত সির হঞা ৯ ক. গ ত্রিলোক ১০ এ -ক্ষন ১১ ঐ শুধাবারে চাহি মোহে ১২ পা জানিঞা ১৩ এ, ক. গ হৃদয়ে পাইয়ে ১৪ পা বোলে ১৫ পা করিঞা সদৃঢ় মেনে, এ করি দৃঢ় মন্ত্রনে ১৬ পা তোমা সব ১৭ ক. গ. এ মারিব সরূপে

কহিল সার[১] সন্দর্ভ দৈবকী-অষ্টমগর্ভ
কেবল[২] তোহ্মার[৩] মৃত্যুডরে[৪]।
কি আর করসি হেলা তোহে সভ[৫] দেব মেলা
ভাল হেন না দেখিএ কাজে
দেখিঞা[৬] সভার মতি ছাড়িলোঁ মো স্বর্গ-বসতি
কিছু না রইল মুখলাজে।
হেন পরকার কর জে আপনে জীতে[৭] পার
আপনার বহি[৮] কেহো নাই
ধন জন রাজ্যভার সব হএ কত বার
আপনা রাখিলে সভ পাই।
ইহা কহিঞা[৯] নারদ কলহের বিশারদ
কৌতুকে চলিলা নিজ স্থানে
শুনিঞা মুনির বোল মনে আতি-উত্ত[১০]-রোল
ভএ কংস[১১] হরিল গেআনে।
জত বন্ধু বান্ধবে ডাকিঞা[১২] আনিল সভে[১৩]
কহে রাজা কাতরবচনে
দৈববাণী জত বৈল নারদে কহিঞা দিল[১৪]
ইবে মোর নিশ্চঅ মরণে[১৫]।
জখন জে হএ সহি বিপদে কাতর নহি
উজ্জোগ[১৬] করিতে জত হএ
দৈব-উপরে ভার কুপুরুষ-ব্যবহার[১৭]
এ পুনঃ[১৮] রাজার নীত নহে[১৯]।
আনিঞা[২০] ছঅ কুমার মারিল তা বারে বার[২১]
বসুদেব দৈবকীরে আনি

১ পা সকল ২ পা কহিব ৩ ঐ তোমার ৪ ক. খ, ক, গ তোমার মৃত্যুরূপে, এ বধরূপে ৫ এ তোর সব ৬ এ দেখি তা ৭ এ বাইতে ৮ ঐ আপনা বৈ ৯ এ এত কহি ১০ ঐ ভএ কংশ আতি- ১১ এ মনে মনে ১২ পা ডাক দিঞা ১৩ এ -বন্ধবেরে ডাকিল ত সত্বরে ১৪ ক. গ তা কহিল, পা-এ নাই ১৫ পা-এ নাই ১৬ এ, ক.ক উপাঅ ১৭ পা পরকার ১৮ ক. গ এখনি ১৯ এ হএ ২০ পা আনি তার ২১ পা আনিল তার বিদ্যমান

বান্ধিঞা নিগড় তারে[১] থুইল নিঞা কারাগারে[২]
মরণকারণ দোঁহো জানি ।
পাত্রমিত্র জত[৩] ছিল সভাকারে আদেশিল
মোর বোলে জাহ ঠাঞি ঠাঞি
পৃথবীতে জত জত দেবলোকে অনুগত
তারণ করহ তথাঞি[৪] ।
জপ[৫] জজ্ঞ দেবার্চন জতেক[৬] বৈষ্ণব জন
হরি[৭]-কথা জেবা জথা করে
চাইঞা তার লহ[৮] প্রাণ ইথে নাহিক আন
দেবের উল্লেখ জেন নএ ।
গো ব্রাহ্মণ তীর্থ জত নঠ[৯] কর অবিরত
জেন নহে দেবের প্রচার
জত ভারথ-পুরাণ সব কর খান খান
আর জেন নহে সদাচার ।
ইহা বুলি কংসাসুরে গেলা নিজ অন্তঃপুরে
পাত্রমিত্র গেলা জথাস্থানে
বসুদেব-কারাগারে . পাইক থুইল[১০] থরে থরে
রাতিদিন আন নাহি জানে ।
দৈবকীর[১১] সাত[১২] মাস গর্ভের পাইঞা[১৩] বাস
সব লোক কহে[১৪] কানাকানি
জোগনিদ্রার বলে গর্ভ কাটি নৈল ছলে
রোহিনী-উদরে থুইল আনি[১৫] ।[১৬]
তবে গর্ভপাত বলি ঘোষএ মথুরাপুরী
হাতাশ হইল কংসাসুরে[১৭]

১ এ নিগুড় তাহে ২ ঐ কারাগারে লৈযা থোয়ে ৩ এ জথা ৪ ক. গ সেই ঠাঞি, পা কর সেই ঠাই ৫ এ সব ৬ এ, পা জথা বা ৭ পা দেব- ৮ পা চাই লেহ তার ৯ এ মানা ১০ ক. গ রহে, পা দিল ১১ পা এথান্তরে ১২ পা পাঁচ ১৩ পা পাইল, এ হইল ১৪ এ করে ১৫ পা আনি থ্ুল ১৬ অতঃপর, চারি ছত্র পা-এ নাই ১৭ এ -পুরে

আতিশুক্ল[১]রূপ ধরি অংশরূপে শ্রীহরি
উপজিল রোহিণী-উদরে।
বসুদেব গুপ্ত করি আনি রোহিণী[২] সুন্দরী
পাঠাইল নন্দঘোষ-ঘরে
আনিঞা মরম জনে শিখাইল[৩] নানামনে
আনে জেন[৪] লখিতে না পারে।
আহ্মার[৫] হেন সমএ[৬] হইলএ এক তনএ
কংসরাএ আতি-নিরদএ
পাঠাই তোহ্মার[৭] ঠাঞি[৮] তোহ্মা[৯] বহি কেহো নাঞি[১০]
গুপ্ত করি রাখিবে নিলএ[১১]।
নৃপতি আতি-কঠোর জে করু সে করু মোর
এই এক মোর পরিহারে
করিবে এক করম দেখিঞা কংস-ধরম[১২]
পুত্র বলি পালিবে কুমারে।
এতেক বিনতি করি পুত্র-সহিতে সুন্দরী
রহিলাগা গোকুলনগরে[১৩]
দিনে দিনে বাঢ়ে সুত রূপে গুণে[১৪] অদভুত
জিনি শুক্ল[১৫]-পক্ষ শশধরে।
হেনমতে কথো দিনে গোঞাইল দুই জনে
ঘরের মানুষ নাহি জানে
এথা কংস নৃপমণি অষ্টম[১৬] গর্ভ শুনি
রাত দিন আন নাহি মনে।
দৈববশে[১৭] ঋতুকালে গর্ভ হইল[১৮] বন্দীশালে
ভাগ্যকে অশক্য[১৯] কিছু নাঞি

১ এ -শুভ্র ২ পা, এ নিজ ৩ এ সিখাইব ৪ পা জন ৫ পা আমার ৬ এ, পা জোইস বএসে ৭ পা তোমার ৮ এ ঘরে ৯ পা তোমা ১০ এ জেন কেহো লাখিতে নারে ১১ ঐ আলএ ১২ এ সে জষধর্ম ১৩ এ, ক.ক, ক.গ পাঠাইল নন্দঘোষ ঘরে ১৪ পা দেখিএ ১৫ পা কৃষ্ণ ১৬ ক.গ দৈবকীর ১৭ এ দৈবে সে ১৮ পা বহে ১৯ পা অভাগ্য

আপনে সে[১] ভগবানে　　করিল[২] গর্ভাধানে
　　কা কহিব[৩] তপের বড়াই।
বসুদেব দৈবকী　　গর্ভের লক্ষণ দেখি
　　মনকেহোঁ লুকাবারে[৪] চাহে
কানে[৫] কানে সানে সানে　　জানিল সকল জনে
　　হাথসানে চাঁন্দ না লুকাএ।
সহজে মধুরা কাতি[৬]　　দিনে দিনে আন ভাতি
　　আনহি দেখিএ তনুলীলা
প্রতিদিনে বাঢ়ে অঙ্গ　　দেখিতে পরম রঙ্গ
　　জেন শুক্লপক্ষ-শশিকলা।
বচনে[৭] লুকাইল নহে　　শরীরে সকল কহে
　　দেখি তার[৮] গর্ভের লক্ষণে
বদন আতি-ধুসর　　জেন দিনে শশধর
　　কপোলজুগল বিলক্ষণে।
সদাএ আলস[৯] মন　　হাঁমি[১০] উঠে ঘনে ঘন
　　অবিরত মোড়ে তনুলতা
আলস মন্থরা ভার[১১]　　নঅন মধুরাকার
　　লীলাএ জিনিল ভাঙু[১২]-পাতা।
সিন্দুর সুন্দরতর　　অধর আতি-ধুসর
　　জেন দুধে ধুইল[১৩] পোঙার
আলস আলস বলে　　মধুর[১৪] মন্থর চলে
　　আপন শরীর বাসে ভার।
একে গোর পওধর　　কালিমা তথি উপর
　　কমল অকুল মধুকরে
কিবা[১৫] হেম-কটোর বলি　　দিল মরকত ডালি
　　কামদেব-গুপ্তভাণ্ডারে।

১ এ শ্রী- ২ পা করিনর ৩ ক.ক করিব ৪ এ, ক.খ লুকাইতে ৫ এ করে ৬ ঐ হেমমুর-, পা কান্তি ৭ পা চরণে ৮ পা ব্যক্ত দেখী ৯ পা আলসলালস ১০ ক.গ হাই ১১ ঐ মধুর তার ১২ ক.গ ভাণ্ডু ১৩ ঐ হইল ১৪ ক.গ মদন ১৫ পা কি

অন্তরে জে চতুর্ভুজে  তাহার শঙ্খের তেজে
সর্বাঙ্গ পাণ্ডুমা হেন দেখি
কিবা নর-গর্ভবাসে  মনে বিশ্বম্ভর হাসে[১]
তাহার পাণ্ডিমা হেন লখি[২]।
অবিরত মতি-মোএ  শজ্যা ছাড়ি ভূম্যে শোএ
ধুলাএ ধুসর কলেবরে
বসুমতী স্নেহ করি  কিবা ধেনুরূপ[৩] ধরি
দৈবকীরে আলিঙ্গন করে।
নানা ভক্ষ্যবস্তু পাএ  তথাপি মৃত্তিকা খাএ
তেঞি মোর হেন মনে বাসে
পৃথবী মৃত্তিকাময়ি  আতি মনে দুখ পাই
গর্ভে কৃষ্ণ করে আরদাসে।
বসিঞা উঠিতে শ্রম  অবিরত[৪] মতিভ্রম
নীবিবন্ধন[৫] আলিসাএ
সঙ্কোচ[৬] দেখিএ লাজে  সব পরাঅত[৭] কাজে
আর সব কহনে না জাএ।
দেখিঞা দৈবকীভাতি  বসুদেব মনে আতি
হরিষ বিষাদে বেআকুলে
দুতে তা নিশ্চএ ভাগে  কহিল রাজার আগে
শুনি রাজা হইলা বাউলে[৮]।
কি বোল কি বোল বুলি  উঠে[৯] আউদর-চুলী[১০]
খসিল বসন নাহি পরে
কাল কাল জম[১১]  ছুটিল[১২] তারাসম
জথা দৈবকী[১৩] বন্দীঘরে।
দেখিঞা গর্ভলক্ষণে  রাজা[১৪] শুখাইলা মনে
কি করিব হেনঞি না জানে

১ পা বাসে ২ এ দেখি ৩ ক.গ ধেনু- ৪ ঐ আতি বড় ৫ এ নিবিবন্ধ বান্ধীতে ৬ পা সাক্ষী ৭ ক.গ পরাজত ৮ পা বাহিরে ৯ এ, ক.গ উঠিল ১০ ঐ ছলি. ১১ এ, ক.গ জম জম ১২ ঐ বুলিঞা সে ১৩ ঐ ছুটিল দৈবকীর ১৪ এ বাজার

খেনেকে[১] চেতন্ পাঞা দুত পাঠাইল ধাঞঁা
ডাক দিঞঁা পাত্রমিত্র আনে।
সভার যুক্তিবিচারে কিছু না করিল তারে
আদেশিল সব দুতজনে
জবে সভে আহ্মা[২] চাহ প্রাণপণ করি জাহ
দৈবকীরে রাখহ্ জতনে।
লক্ষেক রক্ষক বোড়া[৩] দিলা[৪] বহুগুণ[৫] বাঢ়া
ক্ষেণে ক্ষেণে মোরে জেন কহে
জোগি কথো জন আন নিমিষ না করে জেন
নিমিষে বিঘ্ন[৬] পাছে হএ।
পাত্রমিত্র জত আছে সভে রহু[৭] কাছে কাছে
না করিবে রাতিদিন বুদ্ধি
মাআবি দেবতাগণ বুঝিতে নারিএ[৮] মন
ক্ষেণে দশবার লবে[৯] শুদ্ধি।
জতেক শকতি পার তত পরকার কর
এই গর্ব্বে নিশ্চএ মরণে
এত[১০] বুলি[১১] কংসরাএ উর্দ্ধ করি দুই বাহে
চাটু করি বলে ঘনে ঘনে।
শুনিঞা[১২] রাজবচন সভে কৈল[১৩] প্রাণপণ
অহংকার[১৪] করে বীরদাপে
জবে একা[১৫] মন করি ব্রহ্মাণ্ড খণ্ডিতে[১৬] পারি
কি করিব দেবতার বাপে।
সভার বচন ধরি[১৭] হৃদএ আশ্বাস[১৮] করি
অন্তঃপুর গেলা কংসরাএ

১ পা, এ অনেকে ২ পা আমা ৩ এ লক্ষে কক্ষি বেড়া ৪ পা দিলার ৫ এ বিলাষ দ্বিগুণ ৬ ক. গ বিগটন ৭ পা, এ রহ ৮ এ না পাবি ৯ ঐ নিবে ১০ পা ইহা ১১ এ বলি ১২ পা, এ শুনি ১৩ পা করি ১৪ পা অঙ্গীকার ১৫ ঐ লভে এক ১৬ এ খণ্ডাইতে ১৭ পা করি ১৮ পা ভরোসা, এ বিশ্বাস

রাতি[১] দিবস[২] তথাঞি সুপ্তি[৩] ভুক্তি[৪] জ্ঞান নাঞি
জুগ জেন এক দণ্ড জাএ।
দৈবকীর গর্ভ-বেলী সকল দেবতা মেলী
মর্ত[৫]-লোক করিল সঞ্চারে
চিদানন্দময় রূপ দেখিঞা গর্ভ[৬]-স্বরূপ
করে সর্ভে জয়জয়-কারে।
ব্রহ্মাদি দেবতাগণে হঞা এক চিত্ত মনে[৭]
দণ্ডবৎ পরণাম করে
প্রেমে গদ্‌গদস্বরে পুলকিত[৮] কলেবরে
আনন্দাশ্রু সব দেহ ভরে[৯]।
মহেশ জাহার লাগি সভ লোক দেখে জোগী
জটাভস্ম[১০] দিগম্বর বেশে
ছাড়িঞা সকল[১১] সুখ উন্মত্ত[১২] অধিকরূপ
ভিক্ষা-ছলে বুলে[১৩] দেশে দেশে।
নারদাদি মুনিজনে[১৪] নিশ্চএ না জানে[১৫] মনে
নামমাত্র গাইঞা বেড়াএ
আগমনিগম-বলে আহ্মা[১৬] হেন কত জনে
ভ্রমি বুলে তোহ্মার[১৭] মাআএ।
তোহ্মার[১৭] নামস্মরণে আচাণ্ডাল জত জনে
গর্ভবাস-জাতনা এড়াএ
সে তোমে দৈবকীগর্ভে কে[১৮] জানিব সন্ধর্ভে[১৯]
তোহ্মার[২০] লীলা কহনে না জাএ।
তোহ্মে[২১] ভকতবৎসলে দৈবকীর তপোফলে[২২]
ভৌম সুখ ভুঞ্জিবে কপটে

১ এ রাত্রি ২ পা দিন ৩ এ সুদ্ধি, পা শুক্তি ৪ এ বুদ্ধি ৫ পা মৃতু্য- ৬ এ জানিঞা নিশ্চয় ৭ পা এক চিত্ত এক মনে ৮ ঐ আনন্দাশ্রু ৯ এ আনন্দে সকল অঙ্গ ভরি ১০ ঐ ছটা- ১১ এ সে জন ছাড়িয়া ১২ ঐ উত্তম ১৩ এ ভ্রমে ১৪ এ -গনে ১৫ ক. গ জানিতে ১৬ পা আমা ১৭ পা তোমার ১৮ এ কি ১৯ ক. গ জানে ইহাব সন্ধর্ভ ২০ পা তোর, ক. গ তোমা ২১ ক. গ তুমি সে, পা তোমে ২২ এ কর্ম-

অন্যথা কোন করম তোহ্মার[১] নব[২] জনম
আন নহে এই রূপ[৩] বটে।
কোটি ব্রহ্মাণ্ড জাহার লোমকুপে অবতার
সে জন দৈবকীগর্ভকুপে
আপনে সে[৪] নারাঅণ ভক্তজন-পরায়ণ[৫]
প্রেমে বশ জানিল স্বরূপে।
ইহা বুলি প্রদক্ষিণ করিঞা[৬] দেবতাগণ
সুখে সভে গেলা জথাস্থানে
এথা পুর্ণ[৭] দশ মাস গর্ভ পাইল বাস[৮]
সভে আতি হইলা সাবধানে।
শুভ ভাদ্র মাস তথি[৯] কৃষ্ণা আষ্টমী[১০] তিথি
শুভক্ষণ শুভযোগ বেলাএ[১১]
রোহিণীর নিশাপতি লগনে সে[১২] বৃহস্পতি
আর তাহে ভৃগুর তনএ।
বৃষে উচ্চ চাঁদ লখি মকরে মঙ্গল দেখি
তুলা শনি কন্যাএ[১৩] বুধ বসে
নিজ ঘরে শুক্র রহু মিথুনে বসএ রাহু
চান্দে হো দ্রেকানে[১৪] পরশে।
হেন শুভ বেলাএ[১৫] সর্বজন নিদ্রা জাএ
নিবারিল গগনমণ্ডলে
বিরল নক্ষত্র[১৬]-গণ উএ রোহিণীর মন
নির্মল দেখিএ জলস্থলে।
স্থাবর জঙ্গম জত দেখি সব উলসিত
উলসিত পাতালভুবনে

১ পা তোমার ২ ঐ জে ৩ পা বোল ৪ ক. গ, এ কি কহিব ৫ পা ভক্ত বৎসল পন ৬ প করি ৭ ঐ পুর ৮ ক. গ কংশ বড় পাএ ত্রাস, এ পাইল তরাষ ৯ ক.গ জাথ, ক. ক তীথে ১০ পা কৃষ্ণাষ্টমি ১১ ক. ক লএ, এ শুভ জোগ শুলক্ষণ হয়। অতঃপর, দুই ছত্র পা-এ নাই ১২ ক. গ গগনে, ক. খ লাগুসে ১৩ এ কন্যা, পা কন্যাতে ১৪ ক.গ চান্দহো রাত্রিক, ক. খ রাত্রিকে কাল, এ চন্দ্রহ রাতে, ক. ক চন্দ্রহো রাত্রি ১৫ এ সমএ ১৬ এ বিসম লক্ষয়ে

ইন্দ্রাদি দেব-সমাঝে স্বর্গে[১] দুন্দুভি বাজে
হরষিত পুষ্পবরিষণে[২]।
হেন মাহেন্দ্রসমএ সর্বলোক নিদ্রা জাএ[৩]
দৈবকী পুত্র প্রসবিল
চাঁন্দের উদএ-বেলে সমুদ্র জেন উথলে[৪]
সর্বলোক হরষিত হইল।
কবিশেখরে কএ শুন গোপালবিজএ
আনন্দরসের পরিপাকে
শুনিতে পরম সুখ খণ্ডএ[৫] সকল[৬] দুখ
গোবিন্দচরণে ভক্তি থাকে ॥

॥ শ্রী[৭] ॥

ইন্দ্রনিল মণি জিনি সুন্দর শরীরে নানামণি-খচিত[৮] মুকুট শোভে শিরে।
নীল কুটিল মৃদু[৯] দীঘল কলেবরে[১০] সন্তানকুসুম[১১]-দাম[১২] আতি-মনোহরে।
আষ্টমীর চাঁন্দ জিনি ললাট-ফলকে গগনের চাঁন্দ-সম চন্দন[১৩]-তিলকে।
তুলিএ[১৪] তুলিল জেন[১৫] ভ্রূহি নিরমাণে ফুটিল[১৬] কমলদল[১৭] ললিত নঅনে।
মকরকুণ্ডল-রুচি রুচির[১৮]কপোলে সুরতরু-স্তবক সুন্দর[১৯] শ্রুতিমুলে[২০]।
উন্নত মধুর[২১] নাসা তিলফুল-তুলে[২২] ত্রিভুবনে দিতে নাঞি নাসাপুট-মুলে[২৩]।
সিন্দুররঞ্জিত মণি সুন্দর বদনে দাড়িম্বকুসুম-সম[২৪] দশনশোভনে[২৫]।
মুচুকী হাসির ঠাঞি[২৬] অমৃত কী ছারে জার মুখশোভা শতকোটি[২৭] চান্দ হারে
সিংহ-অধিক গ্রীবা কম্বুকণ্ঠ ধরে নানা মণিমালা উরে ঝলমল করে।
তারাগণ-হেন জলে[২৮] মকুতার ঝারা[২৯] আজানুলম্বিত মনোহর বনমালা।

১ এ স্বর্গতে ২ পা পাতাল ভুবনে ৩ এ, ক. গ ত্রিভুবন জয় জয় ৪ ক. গ উছলে ৫ এ ঘুচায় ৬ এ, ক. গ সংসার ৭ এ মেল্লার রার্গ ৮ ঐ গঠিত ৯ এ মৃদ্ধল ১০ পা কবরে ১১ ক. গ -কুমুদ ১২ এ সম ১৩ ঐ জিনি ললাট ১৪ ক. গ তুলিতে ১৫ ঐ কামের ধনুঙ্গ ১৬ ক. গ দলিত, পা সত ১৭ এ কমল জেন ১৮ ঐ শোভিত ১৯ পা তরকা লুলিত ২০ পরবর্তী ছত্রটি পা-এ নাই ২১ এ পরম উদ্ধ ২২ মধুর তিলফুলে ২৩ ক. গ -তুলে ২৪ এ জিনি ২৫ পা রসনে ২৬ ক. গ হাসিয়া চাই ২৭ পা -কোটি ২৮ এ মালে শোভে ২৯ পা হারে

হৃদএ কৌস্তুভমণি করে পরকাশে   সূর্য্যমণ্ডল জেন উইল আকাশে।
বন্ধুর-উদর-মাঝে শোভে লোমমালা[১]   গম্ভীর আবর্তনাভি[২] সরোরুহলীলা[৩]।
ভুজজুগ ভুজগকরভ-সমতুলে   করতল জেন রাতা উতপলফুলে।
নখমণি দেখি জেন[৪] সুন্দর[৫] সুকুমারে   নখাঙ্কুর-বদন[৬] অঙ্কুশ-পরকারে।
অঙ্গুরীর কিরণে আঙ্গুলি ঝলমলে   অনুপাম রতনকঙ্কণ দুই করে।
কনকসমান পীত বসন নিতম্বে   মণিময় কনককিঙ্কিণী তাহে লাম্বে।
কনকমঞ্জীর আলিঙ্গিত[৭] পদমূলে   চরণে জাবকরস[৮] মৃদুল রাতুলে।
ইন্দ্রাদি মুকুট নিলমণি মধুকরে   চারিদিগে আগুলিল চরণকমলে।
দুই পাশে লক্ষ্মী সরস্বতী দুই নারী   চারি করে শঙ্খচক্রগদাপদ্ম-ধারী।
আপনে গরুড় ত্রিভুবন মনোহরে   ব্রহ্মাদি দেবতা চারিভিতে[৯] স্তুতি করে।
দেখিঞা শিশুর রূপ অদভুত সংসারে   দৈবকী বসুদেব দুহে পড়িলা ফাঁফরে।
কি দেখি কি দেখি হেন[১০] করএ পরাণি   কি করিব কোথা জাব একোই[১১] না জানি।
না জানি মাআবি কংস কত মাআ জানে   কোন পরকারে দোঁহার বধিব পরাণে।
সব্বেই স্তুতির বশ হেন অনুমানি[১২]   বসুদেব স্তুতি করে সকরুণবাণী।
সূক্ষ্মরূপে পরব্রহ্ম তুহ্মি[১৩] নির্বিকারী   ব্রহ্মাদি দেবতা নহে ধ্যানে অধিকারী।
ত্রিগুণ-অতীত[১৪] নিরঞ্জন নিরাকার   বচন[১৫] মনের কাজ অগোচর সমাচার।
স্থূলরূপে নারাঅণ ঘোষএ সংসারে   ব্রহ্মাদি দেবতা সব সেবিছে আপারে[১৬]।
মহেশ জাহার পাদশৌচ জল পাঞা   ভ্রমএ তপস্বিবেশে কৃতকৃত্য[১৭] হঞা।
শুকদেব-আদি[১৮] জার উদ্দেশ না পাএ   নারদ জাহার নাম গাইঞা বেড়াএ।
ইন্দ্রাদি দেবতা জার সাক্ষাৎ না পাঞা   রচিঞা প্রতিমা পুজে হরষিত হঞা।
হেনরূপে নারাঅণ দেখোহোঁ তোহ্মারে[১৯]   দেখিঞা মানুষগর্ভে করিএ[২০] বিচারে।
কথা নরজন্ম[২১] কথা অজ ভগবানে   কেমতে জন্মিব ইথে[২২] স্বরূপ গেআনে।
লক্ষ্মী জার নারী তারে দিমু কোন ধনে   সরস্বতীপতি-স্তুতি করিব কেমনে।
জার পাদশৌচ জল শিরে শিব[২৩] ধরে   কেমতে সেবিব তারে মনুষ্যশরীরে।

১ ক. গ -সাজে নানা ২ এ ভগির উৰ্দ্ধ ৩ এ, ক. গ মেলা ৪ পা -দেখীএ ৫ এ মধুর ৬ পা দেখিএ ৭ পা মঞ্জরী আলিঙ্গন, ঐ নখাঙ্গুলি মদন ৮ এ চরণ মধুর আতি ৯ ঐ দিগে ১০ পা কেন ১১ ঐ কি বলিব হেনঞী ১২ পা হেনঞী না জানি ১৩ পা তুমি ১৪ পা বিহিত ১৫ ঐ চরন ১৬ ক. গ ইন্দ্রাদি দেবতা জারে উদ্দেশে সোঙরে ১৭ এ রচিঞা প্রতিমা বেবে হরষিত ১৮ ক. গ সুক সনাতন ১৯ পা তোমারে ২০ ঐ করিল ২১ পা -গর্ভ ২২ ক. গ তারে ২৩ এ মহেশ

কৃপা কর কৃপামঅ[১] ভকতবৎসলে   ব্রহ্মাদি দেবতা না বুঝএ তোহ্মার[২] ছলে[৩]।
আহ্মি[৪] ছার কেমতে জানিব তোহ্মার[২] রূপে   আপনে কহিঞা দেহ[৫] আপন স্বরূপে।
বসুদেবস্তুতি শুনি[৬] দেব বিশ্বম্ভরে   হাসিঞা রহিলা কিছু না দিল[৭] উত্তরে।
তবে সে দৈবকী দেবী জোড়হাথ করি   কংসের তরাসে স্তুতি করে ধীরি ধীরি।
সেই স হৃদঅ জে তোহ্মার[২] রূপ বহে[৮]   সেই স মুখ জে তোহ্মার[২] গুণ কহে[৯]।
সেই স শ্রবণ[১০] জে তোহ্মার[২] গুণ শুনে   জে তোহ্মার[২] রূপ দেখি সেই স নআনে।
সেই পুন কর[১১] জে[১২] তোহ্মার[১৩] কর্ম করে   সেই স মস্তক জে তোহ্মাএ[১৪] নমস্কারে[১৫]।
সেই স চরণ জে তোহ্মার[১৩] স্থান চলে   সেই স আঙ্গ জে লোটাএ পদমূলে[১৬]।
ইহা বুলি পুলকাশ্রু গদ্‌গদ বলে[১৭]   দণ্ডবৎ করিঞা পড়িলা ভূমিতলে[১৮]।
দআমঅ নারাঅণ দআ উপজিল   উঠ উঠ বলি মাএ প্রবোধ করিল[১৯]।
সম্ভ্রমে উঠিঞা দেবী করি পুটাঞ্জলি[২০]   পুনরপি নারাঅণে করএ[২১] সিঅলি[২২]।
মো কেমতে জানিমু তুহ্মি[২৩] মানুষের পেটে   অজ হঞা গর্ভবাস লভিবে[২৪] কপটে।
আহ্মা[২৫] হেন ভাগ্যবতী ত্রিভুবনে নাঞি   তুহ্মি[২৬] দেব গর্ভবাস[২৭] লভিলে জথাঞি।
ভাগ্যাধিক লাখ গুণে[২৮] অভাগ্য আহ্মার[২৯] ক্ষেণেকে তোহ্মার[৩০] মুখ না দেখিমো[৩১] আর।
এখনি তোহ্মার[৩২] জন্ম শুনি[৩৩] কংসাসুরে   তোহ্মা[৩৪] মারিব[৩৫] আর মোর কিবা[৩৬] করে।
শুনিঞা মাএর কথা হাসে নারাঅণে   কৌতুকে কহিল সব পুরুব[৩৭] কাহিনে[৩৮]।
পুরুবে তৃতীয়[৩৯] জন্মে তুমি ভগবতী[৪০]   আহ্মা[৪১] লাগি তপ কইলে আনেক শকতি।
নিরাহারে তপ বড় কইলে নিরন্তর   দেবমানে দ্বাদশ সহস্র[৪২] বৎসর।
তোহ্মার[৪৩] তপের ফলে এই রূপ ধরি   আসিঞা ত দিল বর তোরে[৪৪] কৃপা করি।
মুক্তিবর না মাগিলে আহ্মার[৪৫] মাআএ   আহ্মা[৪১] পুত্র লাগি বর মাগিলে লীলাএ[৪৬]

১ ঐ কৃপাময়ি ২ পা তোমার ৩ পা জারে উদ্দেশে সোঙরে ৪ পা আমি ৫ প দিবে ৬ পা দেখি ৭ ঐ দিব ৮ এ গুন কহে ৯ ক. গ গাএ ১০ পা ভুবন ১১ এ করপল্লব ১২ ক. গ সে করপুট বলি, ক. খ স করণ ১৩ পা তোমার ১৪ পা তোমায় ১৫ পা-এ নাই ১৬ পা-এ নাই ১৭ পা -স্বরে ১৮ পা প্রণাম করিল করপুটে ১৯ ঐ সম্বোধন দিল ২০ পা করপুট করি ২১ এ, পা করিল ২২ ক. গ সিহলি ২৩ এ দেব, ২৪ পা তুমি লভিল ২৫ পা আমা ২৬ পা তুমি ২৭ এ, পা হরি ২৮ এ হেন লখি পুন ২৯ পা আমার ৩০ পা তোমার ৩১ ঐ দেখিব ৩২ পা তোমার ৩৩ ক. গ শুনিলে ৩৪ পা তোমা, ক. গ তোমাকে ৩৫ পা মারিবে ৩৬ পা আমার কি ৩৭ পা পুরাণের ৩৮ এ কথন ৩৯ এ তুতিয় ৪০ ঐ ভাগ্যবতী ৪১ পা আমা ৪২ ক.গ, এ কৈলে তপ দ্বাদস ৪৩ পা তোমার ৪৪ ক. গ তোমাকে ৪৫ পা আমার ৪৬ ক. খ, এ বর তুমি মাগিলে লিলাএ, ক. গ এক দায়

ভক্ত্যে[১] তুষ্ট হঞা তোরে এই[২] বর দিল   পুত্ররূপে গর্ভে হঞা জনম লভিল।
দুতিঅ[৩] জনমে তুহ্মি[৪] হইলা অদিতি   বসুদেব তখন কশ্যপ প্রজাপতি।
সে বামনরূপ মোর বিদিত[৫] সংসারে   দানছলে বলি ছলি[৬] নিল রসাতলে।
এথত এই[৭] জন্ম শুন মহাসতী[৮]   দুষ্ট মারি তুষ্ট[৯] মো করিব বসুমতী।
তোমাসম বসুদেব[১০] তপ বড় কইল   আহ্মা[১১] পুত্র বহি আর বর না মাগিল[১২]।
পুত্রভাবে কৈবল্য পাইবে বড় সুখ   কি করিতে পারে সে কংসের[১৩] ভঅ দুখ।
গুপ্তবেশে মারিব কংসাদি দুষ্ট বীরে[১৪]   না করিহ ত্রাস দোঁহে মন কর স্থিরে।
আহ্মা[১৫] লঞা ঝাট জাহ নন্দঘোষ-ঘরে   জন্মিঞাছে মহামাআ জশোদা-উদরে[১৬]।
আহ্মা[১৫] এড়ি তাহা লঞা[১৭] দেহ কংসাসুরে   একে একে সভার করিমো[১৮] দর্পচুরে।
এত বলি ভকতবৎসল নারাঅণে   অদভুত শিশুরূপ ধরিল তখনে।
চট করি বসুদেবের নিগড় খসিল   মধুপুরে সমেতে অচেট[১৯] নিদ্রা গেল।
হরি কোলে করি বসুদেব হরষিতে   চলিলা গোকুলপুরী ভঅ চমকিতে[২০]।
শিবারূপ ধরি আগে জাএন[২১] মহামাএ   ফণাছত্র ধরিঞা বাসুকি পিছে ধাএ।
জার নামে জন্ম[২২]-মৃত্যু-ভঅ নাহি মানে   তারে কংসভএ বাপে গোকুলেরে আনে।
জমুনার হিল্লোল দেখি পড়িলা ফাফরে   কিসের তরাসে[২৩] গাও থরহর করে।
না করিহ ত্রাস হেন হইল দৈব[২৪]-বাণী   আগে সে শৃকালি[২৫] জাএ আঁঠু হেন[২৬] পানি।
জার নাম করি হৃদে[২৭] ভবসিন্ধু তরি   বসুদেব-কোলেতে সাক্ষাৎ সে[২৮] হরি।
ইথে বসুদেব হইলা জমুনাএ[২৯] পার   তাই অদভুত হেন ঘোষএ সংসার।
সেই মতে[৩০] উত্তরিলা জশোদার ঠাএ   কন্যা প্রসবিঞা সে জশোদা নিদ্রা জাএ।
পুত্র এড়ি কন্যা নিঞা দৈবকীরে দিল   পূর্বরূপ নিগড়াদি সকল লাগিল।
হেন বেলে ওঁহা চুহা শুনিঞা ক্রন্দনে   অস্তবেস্তে কংসেরে জানাইল দুতজনে।
কথা নাঞি শুনিতেই কংস মহাবীরে   ছুটিল সত্তর জেন কামানের তীরে।

১ ক.গ ভক্তিতে  ২ এ সেই  ৩ তৃতীয়  ৪ পা তুমি  ৫ ক.ক দ্বিতীয়  ৬ এ, ক.ক রাজা  ৭ ক.গ এখন তৃতীয়, এ এখনে চতুর্থ জন্ম  ৮ পা পুন ভগবতি  ৯ এ মারিঞা সৃষ্টি  ১০ এ তুমি বসুদেব তবে  ১১ পা আমি  ১২ ঐ পুত্রবর বহি তুমি আন বর না মাঙ্গিলে  ১৩ এ কংস আদি  ১৪ ঐ জনে  ১৫ পা আমা  ১৬ ক.গ জশোদার ঘরে  ১৭ এ, ক.গ আনি  ১৮ পা করিব  ১৯ ক.গ আচট, এ মধুপুরী সহিত অচেতনে  ২০ এ পথে পবন তুরিতে  ২১ ক.গ জাএ, এ শ্রীগালের রূপ ধরি আগু  ২২ ক.খ -ভয়  ২৩ এ, ক.গ তরাশা সকল  ২৪ এ ভয় কিছু হইল ভয়  ২৫ এ দেখি শ্রীগালির  ২৬ পা এক  ২৭ পা ভঅ  ২৮ ক.গ, এ ধন্য বসুদেব কোলেতে শ্রী-  ২৯ ক.গ সেই পথে বসুদেব যমুনা হৈলা  ৩০ এ পথে

কাট কাট বলিআ ডাকেন উচ্চস্বরে   নিমিষে বেড়িল গিঞা দৈবকীর ঘরে।
দৈবকীর কোলে গিঞা দেখে[১] কন্যাখানি   কোলে হইতে ছিছোল্যে[২] আনিলেক টানি[৩]।
কান্দিঞা দৈবকী দেবী ধরিল চরণে   ভাই বুলি অনেক[৪] করিল ক্রন্দনে।
ভাই হঞা হইলা মোখে[৫] চাণ্ডাল-অধিকে   আর অকারণে মোরে দুখ দেহ কীকে[৬]।
ছঅ পুত্র মারিলে মোর অশ্বিনীকুমারে   নামকে[৭] বংশ মোর না থুলে সংসারে।
জেবা কন্যাখানি হইল মোর এ সব বএসে   ইহা মারিবারে তোরে কেমনে মনে বাসে[৮]।
কতি গেল এখন সে পাপিষ্ঠ মুনিবর   জার বোলে মাইলে মোর ছঅ কোঁঅর।
এখন সে পাপিষ্ঠ মুনির লাগ পাউ   হাথে পাএ[৯] বান্ধিঞা অন্ধকুআএ পেলাউ।
পুছু[১০] দেবসভার আর[১১] কি বলিব কাকে[১২] জথা ভণ্ড তপস্বী নারদ মুনি থাকে।
কথা বা অষ্টম গর্ভ কথা বা কুমার   মিথ্যা পাকে[১৩] পরবোলে হইলা গোঁআর।
খেমা কর মহারাজ পড়ছ চরণে   ছাড় কন্যা জতন না কর[১৪] অকারণে।
হেনমতে দৈবকী কান্দিঞা কান্দিঞা[১৫]   কতেক[১৬] কাকুতি কইল চরণে ধরিঞা[১৭]।
তভু সে পাপিষ্ঠ কংসের দআও[১৮] না হইল   না শুনিল হেন করি কাড়ি লঞা গেল[১৯]।
কোপে কংস করে ধরি কন্যা লঞা[২০] জাএ   জেন পাকা আম্রে কাকে[২১] লঞা পালাএ।
কংস ঘোরতর কন্যাখানি সে উজলী   নব[২২] জলধর জেন পড়িছে বিজলি।
শিলাপটে আছাড়িঞা মারিবার তরে   দুই পাএ হাথে ধরি কন্যা তুলিল উপরে।
কংসভুজদণ্ড-আগে কাপে[২৩] কন্যাখানি   মত্তকরিকরে[২৪] জেন দেখিএ নলিনী।
হাথ নিকসিঞা[২৫] দেবী উঠিলী আকাশে   অষ্টভুজারূপ ধরি[২৬] মনে মনে হাসে।
হাসিঞা বইল দেবী মধুরবচনে   আহ্মা[২৭] মারিবারে রাজা না কর জতনে।
তোহ্মা[২৮] সভা মারিঞা খণ্ডাইব[২৯] ভূমিভারে   গোকুলে জন্মিলা আজি হেনখ[৩০] কুমারে।
কি আর প্রকার[৩১] কর শুন মহারাজে   কাজ-ফল[৩২] না পাবে পাইবে বড় লাজে।

১ ঐ জাঞা দেখিল  ২ এ সিঘ্রগতি, ক. গ ছিছড়্যা ২  ৩ ক. গ টাঙ্গা আনি  ৪ এ ভাই ২ বুলি মিথ্যা  ৫ ক. গ মোরে  ৬ এ অকারণে কেহ্নে আর মোরে দেহ দুখে  ৭ পা, এ নাম মাত্র  ৮ ঐ আইসে  ৯ এ পদে  ১০ ক. গ পড়ু  ১১ এ আপনাকে জ্ঞানি বলে  ১২ পা তাকে  ১৩ পা, এ কাজে  ১৪ এ বধ  ১৫ এ গদ্‌গদ্ স্বরে  ১৬ পা অনেক  ১৭ এ কংস বরাবরে  ১৮ পা, এ দয়া  ১৯ ক. গ, এ কন্যা কাড়িয়া লইল, ক. খ কন্যা হাথে কাড়ি লৈল  ২০ ক. গ কন্যা লঞা সে কংসরাজ  ২১ এ সুব্যা  ২২ ক. গ, এ নীল  ২৩ এ আগে গিঞা কান্দে  ২৪ ঐ -বরে  ২৫ ক. গ ছাড়িঞা, এ হইতে খসিঞা  ২৬ পা দেবী  ২৭ পা আমা  ২৮ পা তোমা  ২৯ ক. গ মাড়ি খড়াইব  ৩০ ক. গ হেনক, এ এহেন  ৩১ ক. গ প্রচার  ৩২ পা -সফল

তোহ্মারে[১] মারিব হেন দেবের জুগতি   ইহাতে রাখিব হেন কাহার শকতি।
ইহা বুলি ভগবতী হইলা অন্তর্ধানে   পড়িলা ভূমিতে কংস হঞা আগেআনে[২]।
সম্ভ্রমে ধাইল পাত্রমিত্রবন্ধু-জনে   রাজা সচেতন কইল বিবিধবিধানে।
নিকটমরণ-ভএ[৩] কাতর নৃপতি   ডাক দিঞা[৪] আনিল সকল সেনাপতি।
পাত্রমিত্র কুল[৫]-পুরোহিত জত জনে[৬]   একত্র হইলা সব বিমরিষ[৭] মনে[৮]।
কান্দিঞা কান্দিঞা রাজা পড়ে[৯] ভূমিতলে   রাজার কান্দনে কান্দে মথুরানগরে[১০]।
শুনিঞা রাজার আতি-কাতর উত্তরে   আছুক মনুষ্যের[১১] কাজ পৃথবী বিদরে।
কৃষ্ণের রহস্য জন্ম[১২] শুনহ সংসারে   হাবরি পড়িঞা[১৩] লেহ[১৪] ব্রহ্মের[১৫] বিচারে[১৬]।[১৭]
গোপালবিজঅ নর শুন একমনে   কহে কবিশেখর অমৃত-বরিষণে ॥

## ॥ আহের[১৮] ॥

শুন শুন চানুর মুষ্টিক দুই ভাই[১৯]   শুন কেশী ধেনুক পুতনা মহামাই[২০]।
শুন ভাই অঘাসুর বক তৃণাবর্ত   অরিষ্ট প্রলম্ব[২১] শুন আমার বিবর্ত।
একে একে শুন সকল পাত্রমিত্রগণ   কহিল ভবানী মোর নিকট মরণ।
আহ্মার[২২] বধের হেতু এক মহাকাএ[২৩]   জন্মিল গোকুলে আজি কহিল[২৪] মহামাএ।
শিশুকালে না মারিলে নারিব মারিতে   তাহার[২৫] বিক্রম কেবা পারিব[২৬] সহিতে।
তোহ্মা-সহ্মা[২৭] হেন বীর থাকিতে নিকটে   কি করিতে পারে দেব মানুষ কপটে[২৮]।
শুনিঞা রাজার কথা সব মন্ত্রিজনে   দিল প্রত্যুত্তর হৈঞা[২৯] হরষিতমনে।
কোন ছার বোলে ভঅ বাস[৩০] মহারাজে   কহিতে এ সব কথা না বাসহ[৩১] লাজে।
কি ছার মানুষজাতি আনের কি কাজে   মাথাএ মুকুট বান্ধি আসু দেবরাজে।
লীলাএ মারিমো এথা দেখ মোর[৩২] বলে   হেন কত লাখ লাখ আছএ অনুচরে।

১ পা তোমাএ   ২ এ হরিঞা গেয়ান, পা হরিঞা চেতনে   ৩ ক. গ দেখে   ৪ এ ডাকিয়া   ৫ ক. গ জ্ঞাতি   ৬ এ আদি পুরোহিত জত জত   ৭ ক. গ বিসাদিত   ৮ এ রাজার অগ্রত   ৯ পা কান্দেয়া মহারাজা পড়িঞা   ১০ সকলে   ১১ ক. ক মানুষ, ক. গ মানুষের, এ অন্তেরা   ১২ ক. গ, এ জন্ম রহস্য   ১৩ ক. খ চাহিঞা   ১৪ ক. ক, ক. খ, এ লহ, ক গ রজ   ১৫ এ ব্রাহ্মণ   ১৬ এ বিচারি   ১৭ অতঃপর, এ-পুঁথিতে 'ইতি কৃষ্ণ জন্ম'   ১৮ এ শুহই   ১৯ ক. গ, এ মহাশয়   ২০ ক. গ মহামাএ   ২১ ঐ অরিষ্ট তৃণাবর্ত প্রলয়   ২২ পা আমার   ২৩ এ -সএ   ২৪ ঐ বলিল   ২৫ পা পরের   ২৬ এ বিক্রম আর কে পারে   ২৭ পা তোমা সভা   ২৮ এ মানুষের পেটে   ২৯ পা হৈয়া   ৩০ পা মান, এ ভাব   ৩১ এ এক কথা মোনে বাসি   ৩২ ঐ একা দেখি তার

আজ্ঞা কর করতলে জেন পাকা কুলে[১] দুই হাতে কচটিঞা[২] পেলাঙ গোকুলে[৩]।
আজ্ঞা কর নখটানে গোকুল তুলিঞা কোদালের চেলা[৪] জেন পেলাউ উলটাঞা।
হেনমতে এক জনের ব্যর্থ[৫] অহঙ্কারে কামাইল সাপের জেন ফোঁফানি[৬]-মাত্র সারে।
বুঝিঞা অক্রুর পাত্র করিল মন্ত্রণা আপাত[৭] গোকুলে কেনে করিবে জন্ত্রণা।
গোকুল কাহার রাজ্য বইসে কোন দেশে[৮] মারিব তা দুরাচার উপাএ[৯] বিশেষে।
শুনিঞা অক্রুরমন্ত্র[১০] কংস নৃপমণি জুক্তি করি ডাকিল তা পুতনা ভগিনী।
আহ্মা[১১] দেখি ঝাট জাহ গোকুলনগরী ধরিঞা গোপীর[১২] বেশ বিষ স্তনে ভরি।
মার গিঞা শিশু[১৩] তারে বিষস্তন-পানে ত্রিভুবনে তোহ্মা[১৪] বহি কেবা মাআ[১৫] জানে।
কংসের আদেশ মনে সাত পাঁচ করি চলিলা পুতনা দিব্য[১৬]-নারীরূপ ধরি।
তবে কংস বসুদেব দৈবকীরে আনি বন্দী ছোড়াইঞা[১৭] কিছু বৈল প্রিঅবাণী।
টুটএ[১৮] সংসারবন্ধ জার নাম তেজে তার বাপের নিগড় ঘুচিব[১৯] কোন কাজে।
প্রাণভএ মুঞি ছার পাছু না গুণিলু পরবোলে মিথ্যা কাজে বড় দুখ দিলু।
মোর বধ-হেতু এক বীর এই রাতি[২০] জন্মিল গোকুলে জাঞা[২১] বইল ভগবতী।
চল জাহ দুই জনে পড়হুঁ চরণে জত কিছু বইল[২২] তাহা না লইহ মনে।
জন্মমরণ-আদি হএ[২৩] কর্মফলে কাহার শকতি আছে দৈব-উপরে[২৪]।
না জানিঞা মূঢ় লোক দুখ শোক মানে স্বতন্ত্র কর্মের ফল কেহো নাহি জানে।
মরণ শরীর ধর্ম বুঝহ বিচারে[২৫] জশ অপজশ মিছা ঘোষএ সংসারে।
শরীরে জনমে জীব কীটাদিসমানে অপত্য বলিঞা স্নেহ করে[২৬] আগেআনে[২৭]।[২৮]
মিছাই[২৯] সমন্ধ স্নেহ করএ আবুধে শোক তাপে পোড়এ না জানে আত্মশুধে।
চল জাহ ভগিনী করিহ আশীর্বাদে মিছা শোক বিমনে না গুণিহ[৩০] বিষাদে।
এত বুলি কংসাসুর গেলা অন্তঃপুরে বসুদেব দৈবকী গেলা আপনার[৩১] ঘরে।
গোপালবিজঅ নব শুন কৃষ্ণ-অবতার[৩২] কহে কবিশেখর শুনিতে চমৎকার[৩৩]॥

১ পা পাকুলে ২ ক. গ মসকিয়া, পা মসকটী ৩ ক. গ মারো সকল ৪ এ চেচা ৫ ঐ বৃথা ৬ এ ফোফাঙ ৭ ঐ আপাতত ৮ ক. খ, এ কাহার দেশে বসে ৯ এ তাহাকে সভে প্রকার ১০ ক. ক, এ -কথা ১১ পা আমা ১২ ক. গ নারি, এ করিঞা মোহন ১৩ এ তুমি ১৪ পা তোমা ১৫ ঐ আমা ১৬ ক. গ দেবি ১৭ ক. খ ছাড়াইঞা ১৮ ক. গ ঘুচএ ১৯ ঐ বন্ধন ঘুচেএ ২০ পা আজীকার রাতি ২১ এ গোকুলে হইল জন্ম ২২ ক. গ, এ কইল ২৩ পা দেখ ২৪ ক. ক, এ কার কি করিতে পারে, ক. গ ইহা কি করিতে পারে ২৫ পা সংসারে ২৬ এ করিঞা স্নেহ কিবা ২৭ পা কেনে না করে পালনে ২৮ অতঃপর, এ-পুঁথির অতিরিক্ত, উদরে জনমে জত মনকীটগণে। স্নেহ করি কেহ্নে তার না করে পালনে। ২৯ পা মিথাই ৩০ ক. গ মনে গুনি না কর, পা করিহ ৩১ ঐ নিজ ৩২ ক. গ কৃষ্ণের বিহার ৩৩ অতঃপর, এ-পুথির অতিরিক্ত, ইতি কংসবিলাপ

## ধানসী[১]

এথা সে গোকুলপুরে জশোদা সুন্দরী   চিআইঞা পুত্র দেখে দেব শ্রীহরি[২]।
জঅ জঅ শব্দাইল[৩] গোকুলনগরে   গোপনারী হুলাহুলী দেই ঘরে ঘরে।
ঠাঞি ঠাঞি সব লোক কহে আতি-সুখে   বৃদ্ধকালে নন্দঘোষ দেখু পুত্রমুখে।
হাথ পাও ঘন নাড়ে চান[৪] চাহি হাসে[৫]   শুনিঞা সকল লোক আনন্দ বাধসে।
পুর্ণিমার চন্দ্র জেন উইল আকাশে   একে একে আইলা সভে তিরিএ[৬] পুরুষে[৭]।
কেহো ভএ কেহো স্নেহে কেহো লজ্জামুখে[৮]   কেহো উলামালি জাএ শুনি কানুরূপে।
ঘাটে[৯] বাটে ঘরে পরে জত জন দেখি   শিশুকথা বহি আর কথা নাহি লেখি[১০]।
মোক্ষ দক্ষ[১১] সাত পাঁচ মেলি গোপীজনে   অঙ্গে অঙ্গে শিশু দেখে[১২] হরষিতমনে।
সজলজলদ-নীল কোমল[১৩] কলেবরে[১৪]   নিন্দি ইন্দীবর জার নঅন সুন্দরে[১৫]।
নাসা তিলফুল-তুল[১৬] রাতুল অধরে   দাড়িম্বকুসুম-সম আতি-মনোহরে।
ভুজজুগবলনি[১৭] করভকর জিনি[১৮]   কর কোকনদ-সম নব নখ[১৯]-মণি।
শঙ্খচক্রগদাপদ্ম-চিহ্ন করতলে   বিশাল হৃদঅতট সে নাভিকমলে[২০]।
মণ্ডুকসমান পাছা না ছাড়ে মাধুরী   জঙ্ঘার বলনী জেন এ রামকদলী।
চরণে গোকুললক্ষ্মী শ্রুতি কিশলএ   ধ্বজবজ্রাঙ্কুশ[২১]-আদি চিহ্নের উদএ।
কোটি চান্দের জ্যোতি দেখি চরণনখ-মূলে   নখরুচি[২২]-কুসুমে ত ভূষিত[২৩] গোকুলে।
নঅনে থুইলে বেথা নাহি করে আখি   হেনরূপে শিশু শুনি কভু[২৪] নাহি দেখি।
কথাএ অধম কুল গোপকর্ম-ফল[২৫]   কথাএ ত্রৈলোক্যনাথ-লক্ষণ সকল[২৬]।
পাএ লাগি জশোমতী কহ না স্বরূপে   দেবতার[২৭] দুল্লভ শিশু পাইলে[২৮] কোন তপে।
আজি হইতে জপিব তোহ্মার[২৯] নামখানি   নিতি তোহ্মার[৩০] পাও পাখালিঞা খাব পানি
এই মতে জেই দেখে জশোদা-কোঙরে[৩১]   রাতি দিনে মনে পড়ে আন নাহি[৩২] তারে।

১ পা-এ নাই ২ অতঃপর, পরবর্তী দুই ছত্র পা-এ নাই ৩ এ শব্দ হইল ৪ ক. গ নাড়ি চান পানে ৫ ক. ক চাহি ২ হাসে ৬ ক. গ নারি জে ৭ ক. ক গোকুল নগরে লোক কত জন বসে ৮ পা -রূপে ৯ ঐ হাটে ১০ ক. গ সিসুর রূপের কথা বৈ আর নাহি দেখি ১১ ঐ লক্ষ ২ ১২ ক. গ দেখ ১৩ পা কমল ১৪ ক. গ শরিরে ১৫ এ যুগলে ১৬ পা তুল্য ১৭ এ বালক, পা বলঅ ১৮ ক. গ বিভবরজনি ১৯ এ সযোধর অধিক দেখিএ নখ- ২০ পা গভিরে ২১ পা ব্রজা- এ পদ্ম য়াদি ২২ পা -চিহ্নে ২৩ ক. গ, এ পূজিত ২৪ ক.গ কোথায় ২৫ এ, ক. গ কোথা সে অধম গোপ গোকুল পুণ্যফলে ২৬ এ লক্ষ্মির বল্লব ২৭ পা দেবতাদি ২৮ পা করিলে ২৯ পা তোমার ৩০ ঐ তোর ৩১ এ জেই ২ দেখএ যশোদাকুমারে ৩২ পা তার মনে না পড়এ আন

হাপুতের পুত তাহে[১] অনাথের নাথে বৃদ্ধকালে নন্দ বড় পাইল সোআথে।
পরম-আনন্দে নন্দ পুত্রোৎসব করে বিংশতি সহস্র ধেনু[২] দিল দ্বিজবরে[৩]।
কিবা রাতি কিবা দিন হেনঞি না জানি[৪] আনন্দের সীমা নাহি দিবসরজনী[৫]।
বাল বৃদ্ধ জুবক চিহ্নিতে নাহি পারি আনন্দে উমত সভা আপনা পাসরি[৬]।
নৃত্যগীতবাদ্য-আদি[৭] নানা কুতুহলে পুরন্দরপুর-সুখ ভুঞ্জএ গোকুলে।
মধু-পরবেশে জেন বনভূমি সাজে কৃষ্ণ-পরশিতে[৮] তেন গোকুলসমাঝে।
বিশেষে[৯] চতুর নন্দ রাজার তোষণে কর লঞা জবে[১০] দিল নগর[১১] ঘোষণে।
ঘৃত দধি ঘোল দুধ শকট পুরিঞা লড়িলা[১২] প্রভাতে সভেঁ রাজকর লঞা।
কর দিঞা মেলানি মাগিল নন্দঘোষে রাজার প্রসাদ পাঞা আইলা[১৩] সন্তোষে[১৪]।
তবে নন্দঘোষ গেলা বসুদেব-ঘরে দ্বারেতে সকল[১৫] থুঞা গেলা অন্তঃপুরে[১৬]।
তা শুনি সম্ভ্রমে মিত্র বসুদেব ধাএ পথমাঝে দেখাদেখি হইল দোহাএ[১৭]।
সম্ভ্রমে করিল দোঁহে দৃঢ় আলিঙ্গন[১৮] আনন্দে সম্ভাষা দোঁহে করিল বিস্তর।
নঅন-আনন্দজলে ভিজিল বসনে হাথাহাথী দোঁহে আসি[১৯] বসিলা আসনে[২০]।
অতিথবেভারে কইল বিবিধবিধানে প্রেমসুখ আনন্দ কহিতে কেবা জানে।
একে একে সকল কুশল প্রশ্ন[২১] করি পুত্র-কথাএ[২২] বসুদেব আপনা পাসরি।
ভাল হইল বৃর্দ্ধকালে দেখিলে পুত্রমুখে[২৩] ইবে বিধি মুখ তুলি চাহিল তোহ্মাকে[২৪]।
ধন জন জীবন সকল অকারণ অপুত্রজনের মৃর্ত্যু জীঅন্ত মরণ[২৫]।
জার দৈববশে[২৬] নহে[২৭] পুত্র আপতী[২৮] ইহলোকে পরলোকে নাহি তার গতি।
পুত্রসম কেহো নাহি এ তিন ভুবনে পুত্র বিনু সভ অকারণ ধন জনে।
আহ্মি[২৯] ছার পাপিষ্ঠ কতেক পাপ কইল মোর ছঅ পুত্র রাজা জীঅন্ত মারিল।
সবে এক পুত্র মোর বংশের[৩০] কারণে মাএর সহিতে আছে তোহ্মার[৩১] চরণে।
পালন করিহ তা দেখি জশ ধর্ম ত্রিভুবনে তোহ্মা[৩২] বহি নাহি মোর[৩৩] মর্ম।

১ এ সে, পা মোর ২ পা গরু ৩ ঐ ব্রাহ্মণেরে ৪ ক. গ, এ গোকুল নগরে ৫ ঐ রাতি ঘরে২ ৬ পা জানিতে না পারি ৭ এ সব ৮ ঐ পরবেসে ৯ ক. গ বিসম, এ বিষই ১০ পা জাইতে ১১ ক. গ রাজার ১২ পা লড়িঞা ১৩ এ আইসেন ১৪ পা পরিতোষে ১৫ এ দ্বারে সব জন ১৬ পা-এ নাই ১৭ পা এ নাই ১৮ পা-এ নাই ১৯ পা আসনে ২০ ঐ দুই জনে ২১ ঐ প্রশ্নর ২২ এ -কহি ২৩ এ কুমার ২৪ পা তোমাকে ২৫ ক.গ পুত্র নাহি জার তার বিফল জিবন ২৬ ঐ -দোসে ২৭ ক.গ জাবদ না হয় লোকের ২৮ এ উতপতি ২৯ পা আমি ৩০ ঐ বংশরক্ষার ৩১ পা তোমার ৩২ পা তোমা ৩৩ এ কেহো

লোকমুখে শুনি তোহ্মার[১] অদ্ভুত কুমার[২] সমঅ বিষম বড় রাজা আতি-ছার[৩]।
চল ঝাট[৪] সাবধানে থাকিহ নিলএ প্রতিপদে বিঘ্ন হব তোহ্মার[৫] তনএ[৬]।
লোকদ্বারে দৈবকী সম্ভাষে[৭] নন্দঘোষে কহিল[৮] আপনদুখ্‌খ অশেষবিশেষে।
আহ্মার[৯] জে কর্ম্মে ছিল সেই ফল[১০] হইল সতিনের পো-খানি নন্দ তোমাঞে সোপিল[১১]।
বৃদ্ধকালে বিধি তোহ্মারে[১২] চাহিল মুখ তুলি ভাল মন্দ না জানে জশোদা বাউলী।
দুষ্টজন-জাতাআত নিরোধিহ[১৩] ঘরে জারে তারে না দেখাইহ[১৪] রূপস কুমারে।
না জানি সংসারে কার কিবা আছে মনে দিন কথো রাখিহ পুত্র[১৫] পরমজতনে।
ইহা বুলি আনন্দে মেলানি দিল নন্দে সম্ভ্রমে[১৬] চলিলা মনে পরম-আনন্দে॥

॥ কানড়া॥

এথা ত[১৭] পুতনা দেবী মাআ-তিরিবেশে আলখিতে গোকুল করিল পরবেশে।
ধরিঞা মোহনবেশ লক্ষ্মী-অবতারে সর্ব্বাঙ্গ ভূষিত নানা দিব্য অলঙ্কারে।
রূপগুণে তার সম নাহিক[১৮] সংসারে কটাক্ষে মুনির মন হরিবাকে পারে।
পাতিআ অশেষ মাআ বুলে ঘরে ঘরে কথাও না দেখে দশ দিনের[১৯] কুমারে।
আচম্বিতে উত্তরিলা নন্দের আওারি[২০] নিরন্তর জাতাআত করে পুর[২১]-নারী।
অনুমানে বুঝিঞা[২২] পুতনা আগু[২৩]-সরে নারীমাঝে উত্তরিলা নন্দের দুআরে।
এথা[২৪] মনে মনে হাসে দেব নারাঅণে আইসে রাক্ষসী মোর বধের কারণে।
মারিমু রাক্ষসী আজি স্তনপান-ছলে চমৎকার লাগে জেন কংস মহাবলে।
করিঞা গোপীর ছান্দ[২৫] পুতনা রাক্ষসী কহে নানা মাআ[২৬]-কথা শিশুপাশে বসি।[২৭]
ভাগ্যবতী জশোদা প্রশংসি[২৮] তোহ্মারে[২৯] জার গর্ভে ছিল হেন রূপস কুমারে[৩০]।
হেন অদভুত শিশু কথাহ না শুনি[৩১] ইহা বুলি শিশু কোলে কৈল আপুনি[৩২]।
মাআ পাতি গোবিন্দাই জুড়িল ক্রন্দনে পরবোধ-ছলে সুখে দিল বিষস্তনে।
দুই হাথে স্তন ধরি জুড়িল চুমুকে তার প্রাণ-পআনে কি দেই[৩৩] শঙ্খফুকে।

১ পা তোমার ২ এ পুত্র ৩ ঐ দুরাচার ৪ পা জাহ ৫ ঐ তোমার ৬ পা ভবনে ৭ এ সম্ভাসিল ৮ পা কহেন ৯ ঐ আমার ১০ পা সব ১১ এ তোমারে সমর্পিল ১২ পা তোরে ১৩ ক.গ নিবারিহ ১৪ ঐ কারে জানি দেখহে সে ১৫ এ, পা তা ১৬ ক.গ সত্বরে ১৭ পা সে ১৮ এ না দেখি ১৯ পা সাত দিবস, এ দিবস ২০ পা দুআরি ২১ এ পুরুস ২২ পা জানিঞা ২৩ পা অনু ২৪ এ দেখি ২৫ পা, এ বেশ ২৬ পা উপ- ২৭ পরবর্তী ছত্রটি পা-এ নাই ২৮ এ পরসি ২৯ ক.গ তোমারে ৩০ এ তনএ ৩১ এ নাহি দেখি ৩২ ঐ রাক্ষসী ৩৩ ক.গ কে দিল, এ করিল

পুতনার স্তনবিষ পান করে মাআবলে   চুমুকেঞি চারি বস্ত পিঅএ একুবেলে।
প্রলঅ জলধি[১] জেন করে অম্বুনাদে[২]   কি হৈল কি হৈল বুলি গুণিল প্রমাদে[৩]।
কি করে কি কয়ে জশোদা তনঅ তোহ্মারে[৪]   ঝাট নেহ ঝাট নেহ আপন কুমারে।
প্রাণ জাএ বলি ডাক ছাড়ে[৫] উচ্চস্বরে   ডাক ছাড়ি[৬] রাক্ষসী পড়িলা ভূমিতলে।
শব্দ শুনি পাতালে বাসুকি সঙ্কোচিল[৭]   আলখিতে সভেঞি উফরিঞা আইল[৮]।
হেনবেলে নন্দঘোষ আইসে কর দিঞা[৯]   তরাস পাইল শব্দ নিঘাত শুনিঞা[১০]।
অস্তব্যস্তে নন্দ[১১] আসি পুত্র কোলে কৈল[১২]   রাক্ষসী দেখিঞা বোলে কি হইল কি হইল।
শুনিয়া সভাএ মুখে ভাবিত হইলা[১৩]   বসু দৈবকীর বোলে পরতীত পাইলা[১৪]।
বাল বৃদ্ধ জুবা সব[১৫] গোকুলনগরে   দেখিল রাক্ষসী পড়িঞাছে ভূমিতলে।
পুতনা দেখিতে সব লোকের হুড়াহুড়ি   গোকুলে পড়িঞাছে ছঅ ক্রোশ জুড়ি।
এক ক্রোশ জুড়ি তার মাথার পাতনে[১৬]   লাঙ্গলের ঈষসম[১৭] বিকট দশনে।
গিরিবর-কন্দর জিনি[১৮] নাসাদণ্ড   করিবর-সমান[১৯] দেখিএ[২০] মুখখণ্ড।
অন্ধকূপ-সম আখি[২১] দেখি ভঅঙ্করে   পোখরির রহি[২২] জেন নাভি[২৩] গভীরে[২৪]।
ইক্ষুবন-সম জার ই ভ্রূহি[২৫]-যুগলে   মরুস্থল[২৬]-সম[২৭] উরু আতি[২৮]-ঘোরতরে।
স্তন দুই গোটা জেন সুমেরু-শিখরে   ঘোরতর উদর[২৯] সুখান সরোবরে।[৩০]
গিরিনদী-সমান দীঘল দুই হাথে   খালিজুলি-সমান অঙ্গুলি শোভে[৩১] তাথে।
জাজ্বাল সমানে জিভ্া[৩২] দেখিএ দীঘলে   দেখিঞা সকল[৩৩] লোকে ভএ বেআকুলে[৩৪]।
খান খান করিঞা পুড়িল[৩৫] সেই ঠাএ   অগোরকস্তরি-বাস[৩৬] গাএ বাহিরাএ।
আর এক অদভুত দেখহ সংসারে   আপুতাএ মরি[৩৭] রাক্ষসী পাইল নিস্তারে।[৩৮]
মাতৃগতি পাইলেক বিষস্তন-পানে   না জানিঞে জশোদা পাইলা কোন স্থানে।

১ এ জলদ ২ ক.গ, এ করএ আম্ব- ৩ পা-এ নাই ৪ পা বালক তোমার ৫ ঐ জায়ে জায়ে করি ডাকয়ে ৬ এ ইহা বুলি ৭ এ কুর্ম্মগন হইলা সত্বরে ৮ এ তবে সভে উফড়ি পড়িল ৯ পা হেন বেলা কর দিঞা নন্দঘোষ আইসে ১০ পা পুতনার কথা শুনি হইলা হাতাশে ১১ পা বাপ ১২ এ করি ১৩ পা ভাবিতে লাগিলা ১৪ ঐ বোল প্রতিত হইলা ১৫ এ জত জত বৃদ্ধ বৈষে ১৬ পা পত্তনে ১৭ এ, ক গ জেন ১৮ ক. ক, এ গিরিকন্দর জিনি সুন্দর, ক. গ জেন সুন্দর, পা দেখি ১৯ ক. ক, ক. গ, এ পর্ব্বতের গুহা ২০ এ, ক. গ জেন দেখি, ক.ক জিনি দেখি ২১ পা নাভি ২২ ক.গ পখুরের রই, ক.থ, পা জাঠে রহি ২৩ পা সম ষেই দেখিতে, ক. থ সমান দেখিতে ২৪ পা সুন্দরে ২৫ এ ভূরু ২৬ এ মেরু- ২৭ পা মউছল জেন ২৮ ক. গ তার স্তন ২৯ ক. গ নদীতে জেন ৩০ পরবর্তী ছত্রটি পা-এ নাই ৩১ এ থাকে ৩২ পা জাজ্বা ৩৩ ঐ সর্ব্বাঙ্গ ৩৪ ঐ তরাস লাগীলে ৩৫ ক, গ পড়িল ৩৬ এ চন্দন গন্ধ ৩৭ পা আজতনে ৩৮ পরবর্তী ছত্র পা-এ নাই

পরশমণির গুণ দেখহ সংসারে[১] লৌহতড়িতে[২] লোহা সুবর্ণ-গুণ[৩] ধরে।
তেনমত কৃষ্ণতনু পরশে রাক্ষসী ধরিল নির্মল রূপ[৪] বিচিত্র না বাসি।
দেখ দেখ অদভুত[৫] গোকুলনগরে পরব্রহ্ম-অবতার মানুষশরীরে[৬]।
ব্রহ্মাদি দেবতা ভাবিঞা না পাএ জারে সে বস্তু গোপবেশে বসে নন্দের ঘরে।
এই নন্দ জশোদার কি কহিব[৭] তপে আজিহো সকল লোক জার নাম জপে।
আর জন্মে দুই জনে তপ বড় কইল দৃঢ়ভক্তি-ভাবে একা গোবিন্দ সেবিল।
নন্দঘোষ দ্রোণ নাম জশোদা ধরণী তপ করি বশ কইল দেব চক্রপাণি।
ভক্তিবশ[৮] নারাঅণ নিজ রূপ ধরি বর দিল তার ফলে গোপরূপ হরি।[৯]
বর পাঞা দুহে গেলা আপনার পুরী বরফলে দুহে জন্মিলা গোপরূপ ধরি।
সেই দুই জনা সে জশোদানন্দরূপে কহিল বেদান্ত সব হারবি-স্বরূপে[১০]।
গোপালবিজঅ নর শুন অদভুতে রাক্ষসী মাইল[১১] দশ দিনের[১২] নন্দসুতে।
কহে কবিশেখর অমৃত-অবতারে কর্ণপুটে পিঞা সুখে তর কলিকালে ॥[১৩]

## ॥ কানড়া ॥

এথা পুত্র পুত্র বলি জশোদা বাউলী থু থু করি শিশুশিরে দেই[১৪] কোলে করি।
স্তনপানে পুতনার[১৫] দেখিঞা[১৬] বিনাশ শিশুমুখে স্তন দিতে বাসএ[১৭] তরাস।
মাআ পাতি গোবিন্দাই জুড়িল ক্রন্দনে[১৮] কোলে করি জশোদা রক্ষা বান্ধএ সম্ভ্রমে।
সংসার-ভআদি তরি জার নাম করি[১৯] শিশু বলি তারে রক্ষা বান্ধে গোপনারী।
জার নাভিকমলে[২০] ব্রহ্মার উতপতি সে হরি রাখু তোহ্মা[২১] ত্রিভুবনপতি।
জে হরি মহাপ্রলএ একার্ণবজলে বেদরূপে ধর্ম উদ্ধারিল মীনছলে।
তৃণ হেন[২২] পৃথবি ধরিল দন্ত-আগে পৃষ্ঠে তা ধরিল কূর্ম শিরে বহি নাগে[২৩]।
নখে হিরণ্য-বক্ষঃস্থল বিদারিল জার তিন পাএ ত্রিভুবন বেআপিল[২৪]।

১ পা-এ নাই ২ ক. গ লোহাএ এড়িলে ৩ এ জাহাতে ছোআইলে সেই সুবর্ন রূপ ৪ পা বেশ ৫ পা অপরূপ ৬ ক. খ নন্দঘোষ ঘরে, ক. গ পুত্র বলি যশোদা পালন করে তারে ৭ এ কইঠর ৮ পা -তুষ্ট ৯ পরবর্তী ছত্রটি পা-এ নাই ১০ ক.গ সার বুঝহ স্বরূপে ১১ পা মারিল ১২ এ দিবসের ১৩ অতঃপর, এ-পুথির অতিরিক্ত, ইতি পুতনাবধ ১৪ পা কহে ১৫ পা জানিঞা ১৬ ঐ পুতনা ১৭ পা, এ মাএর ১৮ এ, ক. গ মনে ২ কান্দে ১৯ এ সংসারের জত্ত ভয় জার নামে তরি ২০ ঐ -পদ্মে ২১ পা তোমা ২২ ঐ সম ২৩ এ পৃথিবী ধরিঞা জে সৃজিল চারি যুগে, ক. গ নাগলোকে ২৪ পা বধি দেবজনে পবিত্র করিল

চরণের জলে জার ত্রিভুবন নিস্তারিল[১] নিঃক্ষত্রিঅ পৃথবি কত[২] বার কইল।
সেতুবন্ধ বান্ধিঞা বধিল[৩] লঙ্কাপতি হেন নানা মতে করে জগতের স্থিতি।
সে দেব তোহ্মাকে[৪] বাপু রাখু সব মতে জাহা বহি আর কেহ নাহি ত্রিজগতে।
শির রাখু গোবিন্দ কেশব রাখু কেশ ললাট ভ্রূহি[৫] আখি রাখু হৃষীকেশ।
শ্রবণ নাসিকা দন্ত অধর রসনা চিবুক চিকুর[৬] রাখু পীতবসনা[৭]।
কণ্ঠ বৈকুণ্ঠনাথ গ্রীবা হঅগ্রীব বাহু আঙ্গুলি[৮] নখ রাখু সদাশিব।
বক্ষ[৯] শ্রীবৎস রাখু উদর বিশ্বম্ভর নাভি পদ্মনাভ[১০] কৈটভারি[১১] কটিতল।
উরু জানু জংঘা চরণ জনার্দনে[১২] সন্ধি গুহ্য সর্বাঙ্গ রাখু[১৩] ভগবানে।
মন সর্বেন্দ্রিয় রাখু[১৪] দেব নারাঅণে চলিতে বলিতে বিষ্ণু রাখু শঅনে[১৫]।
আকাশে গরুড়াসন ভুমি জগন্নাথে সব ঠাঞি সব দেব[১৬] রাখু শোআথে।
হেনমতে রক্ষা বান্ধি নন্দের ঘরণী প্রবোধিঞা শকটে শোআইল চক্রপাণি।
তবে সে জশোদা পুত্র-জনম-দিবসে অনেক মঙ্গল সজ্জ[১৭] কইল[১৮] হরিষে।
গোকুলনগরে জত জত[১৯] জন বইসে সভারে ঘোষণা দিল জনম-দিবসে।
সহজে সুন্দর শিশু[২০] সাজিল জতনে শিশু দেখে গোপজন[২১] হরিল চেতনে।
জশোদা গোআলী শিশু শোআইঞা পাএ তৈলহলদ্রী রঙ্গে দেই সব গাএ।
ক্ষীরোদ-অনন্ত-শিজে জাহার শআনে সেহো প্রীতবশে শোএ গোআলী[২২]-চরণে।
ত্রিগুণ-অতীত নিরঞ্জন নিরাকার শিশু বলি উদ্বর্তন করএ তাহার[২৩]।
জার আঙ্গ ছুইলে[২৪] নির্মল হএ গাএ তাহারে পিঠালি দিঞা নির্মল করএ।
একে সে সুন্দর আর[২৫] সাজিল জতনে[২৬] রতনদর্পণ জেন করিল বআনে।
জথাবিধি জনম-পুজাদি[২৭] কর্ম করি নানা দান-ধ্যান কইল নন্দ-অধিকারী।
নৃত্যগীতবাদ্য-আদ্য[২৮] মহোৎসব করি[২৯] নন্দের নগরী হইল আনন্দলহরী[৩০]।
গন্ধমাল্য বসন ভূষণ অলঙ্কারে[৩১] দেখিতে শুনিতে সব আতি-মনোহরে[৩২]।

১ পা জিনি ক্ষত্রিরুধির দেবজনে পবিত্র করিল ২ এ কতেক ৩ ঐ নাসিল ৪ পা তোমাকে ৫ এ রাঘব ৬ ক.গ আগু চিবুক ৭ এ তৃলোকতারণা ৮ পা করাঙ্গুলি ৯ পা, এ বৎস ১০ ক.গ কংসারি রাখুক ১১ পা, এ রাখু ১২ পা কনাঙ্গুলে ১৩ এ সিদ্ধ গুহ্যক রাখুক দেব ১৪ পা রাখুক ১৫ ক.গ বিষ্ণু রাখুক সঘন ১৬ ক.খ মতে ১৭ ক.খ সাজ, এ শব্দ ১৮ পা করিল ১৯ এ, ক.গ গোপী ২০ ক.গ তাহে, এ আর, পা সুন্দরী সব ২১ পা -নারী ২২ ঐ হরি পিরিতে সোএ গোয়ালিনীর ২৩ এ পাএ উদ্বর্তন করে তার ২৪ পা জাহার নাম সুনিতে ২৫ পা সুন্দর বালক ২৬ ক. গ, এ বিধানে ২৭ এ দিবসের ২৮ ঐ -বাদ্যাদি ২৯ এ মহোৎসবে ৩০ ঐ স্বর্গসুখ নন্দপুরে অনুভয়ে সবে ৩১ এ চন্দনে করিঞা পরিছেদ ৩২ ঐ দেবতা মানুসে করিতে নারি ভেদ

স্বর্গবিদ্যাধরী-বেশ করি গোপনারী   আনন্দে দেখিতে আইলা দেব শ্রীহরি[১]।
কৃষ্ণ-দরশন-আশে[২] গরাসিল লাজে   গুরুজন-ভআদি হৃদএ নাহি রাজে।
ঠেলাঠেলি পেলাপেলি জাএ আতিরসে   কৃষ্ণ-দরশন বহি আন নাহি বাসে।
কৃষ্ণ-পরশন-সুখে লুবধ গোপীজনে   গন্ধ চন্দন দেই উলসিতমনে।
একালা কাহ্নাই লাখ লাখ গোপীজনে   কোলে করি কারু আশ[৩] নাহি পুরে মনে।
সভে আরোপএ হেম[৪] কুচের উপরে   কমলমুকুলে জেন ভ্রমএ ভ্রমরে।
দেখিতে দেখিতে রূপ অধিক মধুরে   আখি ভরি থুই[৫] কৃষ্ণ হেন মন করে।
চির-পিপাসিত গোপী-নআন[৬]-চকোরে   পিএ কৃষ্ণরূপ আঁখি পাখ[৭] নাহি নাড়ে।
হেনমতে সভে হৃষ্ট[৮] জনম-দিবসে   নিমিষে অধিক গোঙাইল নানা[৯] রসে।
সভারে বিদাঅ দিতে গেলা জশোমতী   শিশু চারি পাঁচ[১০] থুয়া তাহার সংহতি।
শিশু নিদ্রাতুর দেখি নন্দের ঘরণী   বিচিত্র[১১] শকটতলে শোআইল আনি।
শিশুর কোলাহলে[১২] চিআইলা হরি[১৩]   দেখিল শকটখান মাথার উপরি।
শিশুলীলা করি হরি[১৪] চরণের ঘাএ   ভাঙ্গিল শকটখান গড়াগড়ি জাএ।
হপহপ করি দধি দুধের পএড়ে[১৫]   কৌতুকে পৃথবি[১৬] কিবা হাসে খলখলে।
ব্রহ্মাণ্ড ভেদিল পাএ বামনের রূপে   সে পাএ[১৭] শকট ভাঙ্গে একি অপরূপে[১৮]।
শকটের শবদে ত্রিভুবন বেআপিল[১৯]   ডাকিঞা কি বসুমতী কৃষ্ণ[২০] আশ্বাসিল।
শব্দ শুনি তরাসে ধাইলা জশোমতী   হা পুত হা পুত বুলি চাহে[২১] চারিভিতি।
দধি দুধে[২২] ধবল কাহ্নাঞি নাহি চিহ্নে   আগু বলভদ্র বুলি উপজিল মনে।
হরি হরি করি বুকে[২৩] হানে নন্দরানী   দুধে মতমতি[২৪] শিশু কোলে নিল[২৫] আনি।
দুই আখি ছলছল গদগদস্বরে   মুখ মুছি চুম্ব দিল গালের[২৬] উপরে।
দেখিঞা শকটভঙ্গ লাগিল তরাসে[২৭]   কি বোল কি বোল বুলি সভারে সম্ভাষে[২৮]।
আঙ্গুলি দেখিঞা সভে বোলে[২৯] বারে বারে   ভাঙ্গিল শকটখান তোহ্মার[৩০] কুমারে।

১ এই ছত্রটি পা-এ নাই   ২ এ -রসে   ৩ ঐ কিছু   ৪ পা উচ্চ   ৫ ক.খ দেখি   ৬ পা মন   ৭ পা পক্ষ   ৮ ঐ কৃষ্ণ   ৯ পা আতি বড়   ১০ ঐ পাঁচ সাত   ১১ পা নৃত্যত   ১২ এ শিশু সুইল, ক. গ -মনে   ১৩ পা শ্রী-   ১৪ এ মাইল   ১৫ এ দুধের পড় চলে   ১৬ পা পুরি   ১৭ পা রাজে এ, জন   ১৮ এ কোন কার্য্যে লাগে   ১৯ ঐ পৃথিবী কাপিল   ২০ ক.গ কৃষ্ণ পাএ পৃথিবী, এ প্রথিবি কৃষ্ণপায়ে   ২১ এ পুত্র পুত্র বলিঞা নেহালে   ২২ ক.গ দুগ্ধে   ২৩ এ বুলি বুকে ঘাও   ২৪ ক.গ ধরমড়   ২৫ এ দুগ্ধেতে ধবল সিশু কোলে করি   ২৬ ঐ বদন   ২৭ এ পাইল চমৎকারে   ২৮ ঐ সুধায়ে   ২৯ পা দেখাহ   ৩০ পা তোমার

জশোদা বোলএ শিশুর বচন না প্রমাণী[১] কথাএ শকটখান[২] দুধের পো-খানি।
ননীর পোতলী তনু[৩] ছুইতে মিলাএ কেমতে শকট ভাঙ্গিব তার পাএ[৪]।
কমলের ঘাএ গিরিবর নাহি খসে বজ্রসম[৫] দৃঢ় নহে আর কার জশে[৬]।
না দোষহ ছাওাল সভে মোর কুমারে না দেখিল না শুনিল না কহিঅ আরে[৭]।
ভাঙ্গিল শকটখান তোহ্মার[৮] কুমার সাক্ষাৎ এ করম কেহে অনুমান আর[৯]।
এত শুনি জশোদা প্রতীত নাহি মনে মিথ্যা অপবাদ বুলিল[১০] শিশুগণে।
এই মত শকটভঞ্জন-কথা[১১] শুনি দেবদানবাদি-ব্রজাঘাত[১২] হেন গুণি[১৩]।
ভগিনীপুতনা-বধ শকটভঞ্জন শুনিঞা তরাসে কংস হরিল চেতন[১৪]।
আজি ভালমতে দুধ পিতে নাহি জানে মাইল[১৫] পুতনাদেবী বিষস্তন-পানে।
বিকট শকট ভাঙ্গে চরণের ঠেলে[১৬] না জানি নন্দের সুত কত বল ধরে।
ইহা বুলি সভারে কহিল তিন বার কে মোরে আনিঞা[১৭] দিব নন্দের কুমার।
তবে বীর তৃণাবর্ত্ত উঠে হাফালিঞা[১৮] নিমিষে মুঞি ত[১৯] ধরিঞা দিব নিঞা।
তিরিজাতি পুতনা মইল[২০] বিষজ্বালে ঘুণে জীর্ণ শকট ভাঙ্গিল গর্বভরে[২১]।
মিথ্যা কাজে মহারাজ কর আশোআথে এখন পড়িল সে জীঅন্তের[২২] হাথে।
ইহা বুলি কোরোধে[২৩] চলিলা মহাবীর নিদাঘ-সমএ জেন প্রলঅসমীর।
গোপালবিজঅ নর শুন একচিত্তে[২৪] জত জত বালক্রীড়া কইল নন্দসুতে।
কহে কবিশেখর লৌকিক পরকারে[২৫] হাবরি গাইঞা লেহ[২৬] ব্রহ্মের বিচারে॥[২৭]

॥ আহের ॥[২৮]

তবে তৃণাবর্ত্ত করিঞা বিবর্ত্ত[২৯]
আতিঝঝাঁড়ি[৩০] বাউ-রূপে
সকল গোকুলে করিল ব্যাকুলে
কেহো না জানে স্বরূপে।

১ এ মানি ২ ঐ কথা ৩ ক. গ চরণ কোনে, এ চরনখানি কার ৪ পা ঘাএ ৫ ঐ ব্রজ- ৬ পা আন তারো বশে ৭ ঐ না দেখি না শুনি কেনে কহ অরে ভারে ৮ পা তোমার ৯ পা কর ১০ ঐ হবেক বলিঞা তুসিল ১১ ঐ জেবা ১২ ক. গ, এ অব- ১৩ ক. খ দেবদানবাদি ভয় কিছু নাহি মানে, এ, ক. গ দেবদানবের- ১৪ ক. গ শুনিল মরণ, এ গুণে মণে মণে ১৫ পা মারিল ১৬ পা তলে ১৭ ক. গ মারিঞা ১৮ ক. গ লাফ দিয়া ১৯ পা জিওন্তা, এ জিয়ন্তে ২০ ক. গ মারিল ২১ এ, ক. গ গর্ব্বের- ২২ পা জীঅন্ত লোক, এ মানুসের ২৩ এ ক্রোধচিত্তে ২৪ পা অদভুতে ২৫ এ বেবোহারে ২৬ ক. গ লহ ২৭ অতঃপর, এ-পুঁথির অতিরিক্ত, শ্রীঃ। ইতি শকট ভঞ্জন ২৮ এ-পুঁথির অতিরিক্ত, ত্রিপদীছন্দ ২৯ ক. গ আবর্ত ৩০ এ বড় ঝাঁঝা, ক. গ ঝঞ্ঝাপন

ধুলাএ পুরিল     গগনমণ্ডল<br>
সুরুজী কইল গরাসে<br>
গোকুলনগর[১]     জত ছিল ঘর[২]<br>
তুলিঞা লইল আকাশে[৩]।<br>
অসুরা[৪] বিক্রমে     উপাড়ে তরুগণে[৫]<br>
মনে মনে হরি হাসে<br>
জশোদা সুন্দরী     পুত্র কোলে করি<br>
ত্রাসে[৬] সান্তাএ[৭] আওাসে।<br>
গোকুলে প্রলঅ     দেখি কৃপামঅ[৮]<br>
মাআএ বঞ্চিল মাএ<br>
তরাসে শিশু পেলি[৯]     জশোদা ঘর গেলী<br>
অসুরা শিশু লঞা জাএ।<br>
তথাঞি শ্রীহরি     গলা চাপি ধরি<br>
করিল[১০] বিশ্বম্ভরলীলা<br>
আপন আকৃতে[১১]     পড়িলা[১২] ভূমিতে<br>
অসুরা তথাই মইলা[১৩]।<br>
কথা[১৪] গেল ঝড়     কথা[১৪] গেল ভর[১৫]<br>
কথা[১৪] গেল ঘোর নাদে<br>
জে জথা গিঞাছিলা     সঙ্কেই[১৬] ঘর আল্যা[১৭]<br>
গোকুলনাথ[১৮]-প্রসাদে।<br>
না দেখিঞা ব্রজ[১৯]-চান্দ সভেঞি[২০] হইলা আন্ধ[২১]<br>
সঙ্কে কহি ঠাঞি[২২] ঠাঞি[২৩]<br>
গাছ জল স্থলে     চাহিল গোকুলে<br>
না পাইল সুন্দর[২৪] কাহ্নাই।

১ পা জতেক জন, এ সুন্দরী জন ২ পা করিল পঙ্কিল ৩ পা কীছু না দেখী পরকাসে ৪ পা অসুরারি ৫ পা গোকুল আক্রমে ৬ পা, এ সভ্রমে ৭ পা ঢুকিল ৮ এ চিন্তিল জে দয়াময় ৯ পা এাড় ১০ পা ধরিল ১১ ঐ আঙ্গতে, ক. খ আকৃতে প্রকৃতে ১২ এ অশুর পড়ে ১৩ ক. খ পাইঞা পীড়া, এ ত্রিভুবন আনন্দিত হৈলা ১৪ পা কোথা ১৫ ক.গ ঝড় ১৬ পা সভেঞি ১৭ ঐ আইলা ১৮ এ -চান্দের ১৯ পা গোপ- ২০ এ সভেতে ২১ পা অন্ধ ২২ পা সব লোক কহে ২৩ এ ত ঠাই ২ চাই ২৪ ক. গ চাহিয়া বুলি, এ কোথাহ না পাই

তবে জশোদা রাণী না পাঞা পো-খানি
ভ্রমএ[১] সকল গোকুলে
ভ্রমিতে ভ্রমিতে দেখি[২] অচম্বিতে
অঞ্জনগিরি-সমতুলে[৩]।
ভঅ পরিহরি জশোদা সুন্দরী
নিকটে সকল নেহালে
মত্তকরি-ভ্রম কপোলে অলিসম
অসুরা-কণ্ঠে গোপালে।
জাহার নামলেশে কণ্ঠে পরবেশে
শমনের[৪] ভঅ দুর জাএ
আপনে দেব[৫] হরি কণ্ঠ[৬]-তটে ধরি
অসুরা বধিল লীলাএ[৭]।
জশোদা নিজ[৮] সুত আতি সে[৯] অদভুত
হৃদএ মুঠুকী[১০] হানি
পুত্র পুত্র বলি সম্ভ্রমে কোলে করি
কহিল[১১] কাতর বাণী।
এখনি অনাথ করিঞাছিলা[১২] পুত
সংসার ঘোর[১৩] অন্ধকারে
জশোদা অভাগী একুই[১৪] তোহ্মা[১৫] লাগি
কইল[১৬] জীবন আসারে[১৭]।
জদি বা পরসন্ন হইলা নারাঅণ
বৃদ্ধকালে তোহ্মা[১৮] দিল
কত না প্রতিপদে কইল[১৯] বিপদে
হেন[২০] জানিতে নারিল।
সবে[২১] একখানি ভাগ্য করি[২২] মানি
দৈব বুঝি অনুকূলে

১ পা সম্ভ্রমে, এ ভ্রমি বুলে ২ এ দেখিল জে ৩ ক. গ -গিরির তুলে ৪ পা জনের ৫ পা সে ৬ পা কচে ৭ এ হেলায় ৮ ঐ আপন ৯ এ দেখিঞা ত ১০ ঐ ঘাও ১১ এ কহিতে সে ১২ ক. গ করিছিলে ১৩ ক. গ ঘর, এ তোহ্মা বিনু সব ১৪ এ একা পুত্র ১৫ পা তোমা ১৬ ঐ কহিল জে ১৭ পা আমারে ১৮ ক.গ, এ পুত্র ১৯ পা করিল ২০ এ বোল ২১ ঐ -মাত্র ২২ এ করিঞা

পুনর্জন্ম বুলি মহোৎসব করি
গোকুলে আতি-উতরোলে[১]।
করিঞা মন্ত্রশুদ্ধি জশোদা নিরবুধি
বালক[২] লইয়া বেড়াএ
এ তিন ভুবনে জত জত জনে[৩]
সকল দেখিল তথাএ।
তবে কৃপামএ সে সব লীলাএ
মাআ দেখাল্য মাএ[৪]
থাকিঞা মাএর কোলে হাসিঞা ত[৫] হাসি তোলে
সম্ভ্রমে জশোদা চাএ।
দেখিঞা তনঅ জন্মিল বিস্মঅ
সাত পাচ করে মনে
কিমতি বিকার কিবা[৬] ইন্দ্রজাল[৭]
কিবা দেখিল স্বপনে।
পরচার-ভএ সদঅ হৃদএ[৮]
করিল মাআ অন্তরে
জশোদা সুন্দরী সকল পাসরি
চলিলা আপন ঘরে।
হেন নানা রসে[৯] দিবসে দিবসে[১০]
বাঢ়এ নন্দের বালা
জেন বলীআর[১১] বনের তমাল[১২]
জেন সে চান্দের কলা[১৩]।
নাম-সমঅ জানি গর্গ মুনি[১৪] আনি
কহিল সব বসুদেব
তোহ্মার[১৫] অগোচরে কি[১৬] আছে চরাচরে
তোহ্মারে[১৭] বা কিবা নিবেদিব।

১ এ হইল কুতুহলে, পা উত্ত- ২ এ ঘরে ঘরে ৩ পা দেবতাদিগনে ৪ এ যসোদায় ৫ পা হাসি ৬ পা দেখীল ৭ ঐ -জাএ ৮ এ দেখি মনভ্রম মাএ, সদয় হৃদয় হএ ৯ ঐ -বসি ১০ এ জেন শুক্লপক্ষ সখি ১১ ক. খ বলি তারে, এ আধ আধ বোল বলে ১২ এ শুনিতে মধুর সারে ১৩ ঐ যশোদা আনন্দে বিভুলা ১৪ এ -ডাকি ১৫ পা তোমার ১৬ এ কেবা ১৭ পা তোমারে

গোকুলে নন্দের ঘরে[১] আহ্মার কুমারে[২]
আছে মাএর সহিতে[৩]
তাহার নাম-কাজ করিবে মুনিরাজ
তোহ্মারে[৪] কি জানিএ[৫] কহিতে।
এ মোর জদুকুলে জতেক নৃপবলে[৬]
সভার তুহ্মি[৭] অধিদেবা
জন্মাদি সংস্কার কে জানে তোহ্মার[৮] পার
তোহ্মার[৮] মহিমা[৯] জানে কেবা।
বসুদেবকথা শুনি মুনিএ[১০] মনে গুণি
ধেআনে জানিল কারণে
পৃথবি-গুরুভারে[১১] করিবারে উদ্ধারে[১২]
বিহরে দেব[১৩] নারাঅণে।
তবে সে গর্গ মুনি ভাগ্য হেন[১৪] মানি[১৫]
চলিলা নন্দের[১৬] ঘরে
নন্দ সে আনন্দে করিল নানা ছান্দে
পুজিল[১৭] অতিথ-বেভারে।
তুষ্ট[১৮] হঞা মুনে[১৯] বসিলা আসনে[২০]
নন্দ সমুখে দাণ্ডাই
মধুরভাষণে করিল সম্ভাষণে
গমনকারণ শুধাই।
তবে ত মুনি[২১] কহে শুন মহাশএ[২২]
বসুদেব পাঠাইলা মোরে
গুপত পরকারে[২৩] তাহার কুমারে[২৪]
আছএ তোহ্মার[২৫] ঘরে।

১ এ নগরে ২ পা তনঅ আছে, এ মোর এক- ৩ এ আছএ গুপত বেসে ৪ পা তোমারে ৫ এ জে কিবা ৬ ঐ জত জত নৃপবরে ৭ পা তুমি ৮ পা তোমার ৯ ঐ তোমা রতনে ১০ এ মুনিরাজ ১১ ঐ পৃথিবীর দেখি ভার ১২ পা হরিতে সংসার ১৩ এ বিহার করেন ১৪ ক. গ -মনে ১৫ ঐ জানি ১৬ ঐ নন্দঘোষের ১৭ পা মুনির ১৮ পা তৃপ্ত ১৯ এ মুনি-বরে ২০ এ -উপরে ২১ এ -রাজ ২২ এ নন্দ- ২৩ ঐ গুপ্ত প্রকারে, এ সব- ২৪ এ এক- ২৫ পা তোমার

আজিকার[1] দিনে করিঞা শুভক্ষণে
করিব নামকরণে
আন হেন উপহার জে কিছু ঝাট[2] পার
বিলম্ব না কর আপনে[3]।
মুনির বচন শুনি সাত পাচ মনে গুণি
কহিল নন্দ গোআলে
মুনি[4] দআ ধর ঘৃণা[5] নাহি কর
কহিতে চাহিএ এক বোলে।
সভার আশিসে এ বৃদ্ধ[6] বএসে
হয়্যাছে এক[7] কুমার
জবে আজ্ঞা হএ এ শুভ সমএ[8]
থুইএ নাম তাহার।
শুনিঞা নন্দ-বোল মুনি বলে[9] ভাল ভাল
প্রেম-পুলকিত[10] অঙ্গে
করিঞা শুভক্ষণে আনিঞা দুই জনে
নাম থুইল অতিরঙ্গে[11]।
রোহিণী-কোঙর দেখিঞা মুনিবর
রৌহিণেঅ থুইল নামে
গর্ভকর্ষণে[12] নাম সঙ্কর্ষণে
বলে রাম থুইল বলরামে।
দেখিঞা[13] নন্দসুত অতি বড় অদভুত
পরম-আনন্দ-রূপে[14]
শ্রীকৃষ্ণ[15] হেন নাম থুইল অতি-অনুপাম[16]
রূপগুণ-অনুরূপে।
আর নাম কত[17] ইহার অনুরূপ
হইব কার্য-অনুসারে

---

১ পা তাহার আজি ২ এ করিতে ৩ এ অকারণে ৪ পা জবে ৫ ঐ -মনে ৬ পা সব ৭ পা -টি ৮ পা এই ত ৯ পা বইল ১০ ঐ -হঞা ১১ এ নাম ইহার থুইল তরঙ্গে ১২ ঐ তেজপুঞ্জ তর্জনে ১৩ এ -ত ১৪ এ তার-, পা স্বরূপে ১৫ পা কৃষ্ণ ১৬ ঐ রূপগুণ ১৭ পা কত ২ নাম

জে চরণ-স্মরণে সকল বন্ধনে[১]
তরিএ দুতর[২] সংসারে।
এই শিশুর গুণ কিছু[৩] কহিএ শুন
হৃদএ না করি আনে[৪]
ইহা হইতে সভে বিপদ তরিবে
বড়ই লভিবে সম্মানে।
দুষ্টজন সংহরি সৃষ্টি পালন করি
ভুঞ্জিব গঞ্জি দুষ্টরাজে[৫]
হরি[৬] বসুমতীভার সধর্ম[৭] রাখিবার
করিব[৮] দেবের কাজে[৯]।
মুনির বচন শুনি পুরজন[১০]
হরিষে করে[১১] অঙ্গীকারে
দুই শিশুর শিরে অনেক আহীর বীরে[১২]
কইল[১৩] আশিস আপারে[১৪]।
নৃত্যগীত-রাজি[১৫] নানা বিধি সাজি
আতি[১৬]-মহোসব করি
গোকুলনগরী[১৭] উঠিল কলকলী[১৮]
প্রেম-আনন্দ-লহরী[২০]।
তবে[২১] মুনিবরে নানা[২২] কুতুহলে
সে রামরাতি পোহাই[২৩]
প্রভাতসমঅ করিঞা বিদাঅ
চলিলা বসুদেব-ঠাঞি।
কত শত আনন্দ পাইল গোপ নন্দ[২৪]
চলিলা সভে জথাস্থানে

১ পা তৃভুবনে, এ তরি ভব- ২ এ গোর বিসম ৩ পা জে- ৪ পা হএা সভে সাবধানে ৫ পা দুষ্ট গঞ্জি সৃষ্ট বঞ্জিব ভুঞ্জিব ত্রিভুবন রাজে ৬ পা সকল ৭ এ হরিব- ৮ ঐ নিস্তারিব ৯ ক. গ সমাঝে ১০ ঐ অনুমানি ১১ ঐ কৈল ১২ এ সকল গোআল- ১৩ পা আনন্দে ১৪ পা করে ১৫ এ বাদ্যরঙ্গ ১৬ ঐ কোতুকে ত গোপে ঢঙ্গ ১৭ এ গোকুলে ১৮ ক. গ, এ নগরে ১৯ ঐ নানারব কুতুহলে ২০ এ দেখি জেন ইন্দ্রের শুরপুরি ২১ ক. গ -তথা ২২ ঐ করি- ২৩ এ সর্ব্বরি নেআই ২৪ ঐ এতেক উত্তর করি সব গোচর

হেন[১] নানা রসে দিবসে দিবসে
গোকুলে বাঢ়এ কাহ্নে[২]।
গোপালবিজঅ কবিশেখর কঅ
শুনিতে পরম রসালে
সকল দেবের[৩] সার ব্রহ্ম-অবতার[৪]
তর দুতর কলিকালে ॥[৫]

॥ শ্রী ॥

হেনমতে দিনে দিনে বাঢ়এ গোপালে জেন আতি-বলীআর বনের তমালে।
ক্ষেণে জশোদার কোলে ক্ষেণে নন্দকোলে ক্ষেণে ক্ষেণে পুরজন[৬]-হিআএ হিল্লোলে।
ক্ষেণে গোপীজন-উচ্চকুচের উপরে আজনম শজ্যাএ পরশ নাহি করে।
করে কুবলঅ কৃষ্ণ হৃদএ[৭] কস্তুরি আখির অঞ্জন কৃষ্ণ মাথার কবরী।
গলাএ কী মদন-পরশ বনমালা[৮] হৃদএর সরবস মোর[৯] নন্দবালা।
হেন নানা উল্লাল[১০] করিঞা নন্দনারী অহর্নিশি বসি রহে কৃষ্ণ কোলে করি।
ঘর বুলি নিমিষেক কেহো না বাসাএ কৃষ্ণদরশন বহি আশ নাহি ভাএ।
বৃদ্ধনারীজন কানু[১১]-রূপ শুনি আইসে নআনে না দেখে[১২] তত সর্বাঙ্গ হুতাশে।
অর্ধ-[১৩]বৃদ্ধ নারী সব দেখে শিশুচান্দে[১৪] দীর্ঘল নিশাস ছাড়ি ভাবিঞা বিষাদে।
দেখিঞা জুবতী[১৫] সব কানুর বিলাশে আপনা নিরাশে ক্ষণে দেই আশোআসে।
জত জত নব নব গোআলাকুমারী[১৬] হৃদএ ভরসা বান্ধে[১৭] বএস সোঙরি।
মিছা[১৮]-কাজ-ছলে[১৯] কেহো আইসে ঘনে ঘনে তিরিপিত নহে[২০] দেখি কানুর বদনে
কেহো মিথ্যা কন্দলি[২১] করিঞা নিজ ঘরে রহএ নন্দের ঘরে কৃষ্ণ দেখিবারে।
হেনমতে অহর্নিশি সব গোপনারী ক্ষেণেক আঁখের আড় না করে শ্রীহরি।
একদিন শৃঙ্গারপরশ[২২] পড়ে মনে[২৩] জুড়িল ক্রন্দন কৃষ্ণ পাতিআ[২৪] না মানে।

১ এ -সর, পা -মতে ২ ঐ গোকুল নগরে বারএ কান ৩ পা বেদ ৪ পা বুঝহ সংসার ৫ অতঃপর, এ- পুঁথির অতিরিক্ত, ইতি তৃনাবর্তবধ ও নামকরণ ৬ পা গোপি- ৭ ঐ হাথের ৮ এ মুনি- ৯ ঐ তোর ১০ এ উল্লাষ ১১ ক. গ কৃষ্ণের, পা হরি ১২ ক. খ দেখিয়া ১৩ এ আর ১৪ পা -ছান্দে ১৫ এ কুমারি ১৬ পা গোআলার নারি ১৭ এ, ক. ক করে ১৮ পা মিথ্যা ১৯ এ বলি ২০ ঐ তৃপ্ত না হএ ২১ ক. গ কন্দুল ২২ ক. গ -ক্রীড়ারস, এ পরসমণি ২৩ পা দুই কালে ২৪ পা প্রবোধ

গোপীজন-উচ্চকুচ-হিল্লোলের[১] আশে জশোদার কোলে কৃষ্ণ কান্দএ বিশেষে[২]।
তা দেখি জশোদা রানী হইলা বাউলী বুকে ঘাও হানি[৩] কান্দে আউদরচুলী।
চেতনী গোপিনী সব আনিল ডাকিঞা শুধাশুধি সব[৪] জন আইলা ধাইঞা।
কাকুতি করিঞা জশো সভারে ভাবাএ[৫] সভে মেলি মোর প্রাণ[৬] রাখহে বাপাএ।
একাখরি দু-আখরি জেবা কিছু জানে চরণে পড়িঞা[৭] বোলে রাখ মোর প্রাণে।
মুখ মেলি স্তন দেউ মুখ মুড়ি কান্দে[৮] জত নাম ধরি ডাকোঁ সমতি[৯] না দে।
নঅন না মেলে খেনে উঠে চমকাএ[১০] কেন জানি করে বাছা[১১] কহনে না জাএ।
শিজ নাহি পরশে আনল হেন বাসে মোর কোলে থির নহে কান্দএ তরাসে।
কহ না কহ না[১২] বাপু[১৩] কেন জানি করে হেন বোল বুলি জশো[১৪] কান্দে উচ্চস্বরে।
হেন বেলে আসি এক চেতনী গোপিনী[১৫] মোর কোলে দেহ বলি নিল জদুমনি।
কোল নাহি পরশিতে জুড়িল ক্রন্দনে পাত্যাইতে[১৬] দুহু[১৭] কান্দে নন্দের নন্দনে[১৮]।
জে বলে আহ্মারে[১৯]দেহ আমি পাতিআই তার কোলে ততোধিক[২০] কান্দে গোবিন্দাই।
একে একে জবে[২১] সব গোপিনী চাহিল তবে সব গোপবধূ কোল পাতি নিল।
দুই হাথে হিল্লোলিঞা[২২] উচ্চ কুচ ঠেলে খেনেকে সম্বিত পাঞা কান্দে শেষ বেলে।
হেনমতে সবগোপবধূ-কোলে কোলে তভো পাতিআইল[২৩] নহে[২৪] আবাল গোপালে।
মরম জানিঞা শেষে রাধিকা সুন্দরী প্রবোধিঞা নিঞা বুলে কোলে চাপি ধরি[২৫]।
চলিতে চলিতে গেলা নিভৃত বিশেষে জনজাল[২৬]-ভএ আর কেহো নাহি আইসে।
অবসর[২৭] জানিঞা সে রসিক জদুরাএ আপন নাগর-পনা কিছু দরিশাএ[২৮]।
জবে[২৯] রাই দুই হাতে দিঞা দুই কান্ধে কোলে করি মুখচুম্ব দেই[৩০] নানা ছান্দে।
তখন রসিকগুরু পাঞা অবসর কোলে কোলে মুখে চুম্ব[৩১] দেইলী বিস্তর[৩২]।
হেন রস[৩৩] অনুভএ আপনা পাসরি লাজ ভএ ব্যাকুলী[৩৪] হইলী রাধানারী।

জে প্রভু[১৭] তিলেক বিনি ঠেসে নাহি চলে[১৮]  সে[১৯] কাহ্নুএ[২০] একেশ্বরি[২১] নাহি দেখি ভালে[২২]।
চলিতে কে[২৩] তাম্বুল জোগাব আশ পাশে. কাহে অবলম্বি জাব হাস[২৪] পরিহাসে।
ভোখে ভক্ষ্য শোষে[২৫] পাণি কে দিব জানিঞাঁ  পথশ্রমে কে বা জাব চামর ঢুলাঞাঁ।
রৌদ্রে সে হেন অঙ্গে[২৬] কে ধরিব ছাতি[২৭]  বসিতে কে বিছানা জোগাব আতিভিতি।
কার উচ্চ কুচে ঠেসি বসিব[২৮] আলিসে  চরণ পাখালিঞাঁ[২৯] কেবা[৩০] মুছিবেক[৩১] কেশে।
কিবা মনে পড়িল সে[৩২] কানুর চরণ[৩৩]  হেন মন করি[৩৪] ঝাট হউক[৩৫] মরণ[৩৬]।
আলতা রসের সম[৩৭] মৃদু[৩৮] পদতলে  পুলককণ্টক[৩৯]-ভএ না দিএ[৪০] পঁওধরে।
সে হেন চরণ ভ্রমে[৪১] একেশ্বর বনে[৪২]  দুখের উপরে দুখ সহিব কেমনে[৪৩]।
না জীব না জীব[৪৪] সখী কানুর বিরহে[৪৫]  না[৪৬] জানিলে পরাণ আর তিলেক না রহে।
এত বলিঞা[৪৭] গোপী[৪৮] ভূমি পড়ি ঢুলে[৪৯]  আপনা আহুতি[৫০] দিল বিরহ-আনলে।
তখন করুণামঅ[৫১] দেব গোপীরাএ  কথো দুরে ত্রিভঙ্গ মধুর[৫২] বেণু বাএ।
প্রেমের অধীন কৃষ্ণ পরিখিল প্রেম  কষটি পাথরে জেন কষি দেখি হেম।

১ পা তা গুণের ২ ঐ দুখ ৩ এ, ক. ক রঞ্জিতে ৪ পা মনে ৫ ঐ পুরে ৬ পা-এ নাই ৭ পা জতে ৮ ক. ক °পণ, পা নিঠুর মনে ৯ পা আনে ১০ পা-এ নাই ১১ পা শ্মরিতে ১২ পা পারি, ক. খ পানে ১৩ পা-এ নাই ১৪ পা ফাটে ১৫ ঐ কমল ১৬ এ ভ্রমে ১৭ পা সে ভূপ্র ১৮ এ রহে ১৯ এ জে ২০ পা কানু সে, ক. ক সো কানুয়ে ২১ পা একাসরি ২২ এ, ক. ক কিবা মনে পড়ে ২৩ পা-এ নাই ২৪ পা অবলম্বীঞাঁ রহিব ২৫ পা সাষে ২৬ এ দেহে ২৭ পা ছাতা ২৮ এ রহিব ২৯ পা পাখালিবেক ৩০ পা কে ৩১ ক. ক মোছাইব ৩২ পা জে ৩৩ পা বচন ৩৪ ঐ দুখ লাগে ৩৫ পা হউ ৩৬ এ জাউক জিবন ৩৭ পা -সে ৩৮ এ রস জেন মৃদুল ৩৯ পা °কটক ৪০ ঐ দিঞাঁ ৪১ পা ভ্রম ৪২ পা-এ একেশ্বরী ভ্রমে বনে বনে ৪৩ পা কেমনে সহিব ৪৪ এ, ক. ক জিনিব ২ ৪৫ পা বিহনে ৪৬ পা-এ নাই ৪৭ পা বলি ৪৮ ক. ক -জন, পা গোপিন ৪৯ ক. ক ধরি, এ কৃষ্ণ কৃষ্ণ বলিঞা দির্ঘশ্বাস ছাড়ে, পা ঢুলি পড়ি ৫০ পা আপ আহোতী ৫১ ঐ করুণামঅ ৫২ পা মধুর ত্রিভঙ্গ

গোপাল[১]-বিজঅ-মাঝে এই বোল বড়[২] বিনি দরবিলে[৩] ধাতু নাহি লাগে[৪] জোড়[৫]।
আরতি-ইন্ধন[৬] জালে[৭] বিরহ-আনলে মন-সোনা[৮] খাওআইঞাঁ[৯] শুদ্ধ কর জালে।
দৃঢ়[১০] প্রেম-সোআঁগাএ[১১] ঝালিহ ভাল মতে তবে সি জুড়িহ কৃষ্ণ মনের[১২] সহিতে।
মন্দ[১৩] সুবর্ণের[১৪] জোড় কভো[১৫] নাহি রহে শিশু কবিশেখর[১৬] দেখিলে কথা[১৭] কহে॥

## ॥ কামোদ[১৮]

কৃষ্ণের সে[১৯] মোহন মুরালীধ্বনি শুনি গমন-উদ্যম-আশে[২০] রহিল পরাণি।
আশাবন্ধে সব গোপী[২১] চাহে চারি পানে হ্রদ-শোষে পুঠে[২২] জেন দেখিল[২৩] বাদলে।
সেই গোপী সেই হেন না দেখি বেবথা বসন্তসমঅ জেন মাজরিল[২৪] লতা[২৫]।
তবে বেণু-অনুসারে চলিলা গোপিনী মিঠানি পানিএ[২৬] জেন পুঠির[২৭] উঠানি।
গোপীর কিঙ্কিণি নূপুররব শুনি লাজ ভএ বিকল[২৮] আকুল চক্রপাণি[২৯]।
জবে সব সখা মেলি দেখিল গোপালে রসে আলাইলা[৩০] গোপী পাও নাহি চলে[৩১]।
হাসিঞাঁ হাসিঞাঁ[৩২] কৃষ্ণ আসে আগুসরি তা দেখি সকল সখী আপনা পাসরি।
কাহার আনন্দ-লোহ ধরণে না জাএ[৩৩] সমুখে দুল্লভ কৃষ্ণ দেখিতে না পাএ[৩৪]।
কেহো কেহো প্রভুর পরশিতে সাধ করে আনন্দে অবশ অঙ্গ[৩৫] চলিতে না পারে।
কেহো[৩৬] কানু-কুশল পুছিতে করে সাধে[৩৭] আতি রসনা অধর দুই বাধে।
কেহো কৃষ্ণচরণ বেঢ়িঞাঁ[৩৮] ধরি কান্দে চাঁন্দ জেন অমৃতে সিচিল অরবিন্দে।
কেহো পদতল দেই কুচজুগ-মাঝে কুবলঅ পুজিল[৩৯] কনকশম্ভুরাজে।
আঞ্জলি ভরিঞাঁ কেহো ধরে কৃষ্ণকরে[৪০] রাতা উতপল জেন ভরিল[৪১] ভ্রমরে।

১ পা গোপলা ২ ঐ বড় বোল ৩ পা না দ্রবিলে ৪ ক. খ হএ ৫ পা জাড় ৬ পা এ কুল ৭ ক. ক, ক. খ আরতিই কুল জল ; এ আপন আহুতি দিল ৮ ক. ক মন সনে, এ ছান ৯ পা সোনা খড়ি আঞাঁ, ক. খ খাওইঞা ১০ পা পৃঅ ১১ ক. ক সোহাগে ১২ পা মনির ১৩ ঐ নহে ১৪ এ, ক. খ সুবর্ণে ১৫ পা কভু ১৬ ক. খ রায়শেখর তাহে ১৭ পা -কথা ১৮ পা-এ নাই ১৯ ক. খ রসে, পা কৃষ্ণরসে ২০ ক. খ রসে ২১ পা -সব গোপী ২২ এ সফরি ২৩ ঐ পাইল ২৪ এ মজরিল ২৫ এ পাতা ২৬ ঐ পানিতে ২৭ এ সফরি ২৮ ক. খ আননে, পা-এ নাই ২৯ পা চক্রপাণি ৩০ এ আউলাইল ৩১ ঐ চলিতে না পারে ৩২ এ হাসি হাসি জবে ৩৩ পা জাঅ ৩৪ ঐ পাঅ ৩৫ এ দেহ ৩৬ পা কেহে ৩৭ পা সারে ৩৮ ঐ বেঢ়িঞাঁ ৩৯ পা পূজিল ৪০ এ ভেন গোপি বেঢ়ে কৃষ্ণের চরণযুগলে ৪১ ঐ পুজিল

চন্দনচর্চিত বাহি[১] কেহো কোলে করে   কনকমহেশে[২] জেন বাসুকি বিহরে[৩]।
হেন নানা মতে গোপী বেঢ়িল[৪] গোবিন্দে   ভুখিল চকোর জেন লুড়ি নিল চাঁন্দে।
রাধিকা[৫] রোষে[৬] কৃষ্ণ[৭]-সমুখে না চাহে   কৃষ্ণ তার মুখ মেলি[৮] চর্বিত খাওাএ।
কাহো আলিঙ্গন দিঞাঁ[৯] চুম্ব দেই মুখে   কারো কারো থান বুঝি দেই রেখে[১০]-ঘাতে।
তেরছ চাহিঞাঁ কৃষ্ণ[১১] কাহো[১১] কইল সুখী   হাসিঞাঁ তুষিল[১৩] কোন কোন চন্দ্রমুখী।
জেবা নব নব গোপী রহে হেঠমাথে   তার পাশে আপনে[১৪] পুছএ শুভ বাতে।
হেনমতে সভারে[১৫] রঞ্জিঞাঁ গোপীরাএ   মণ্ডলী করিঞাঁ বসে কদম্বতলাএ।
আপন নিচোলে[১৬] বিছাইল সব নারী   কৃষ্ণেরে[১৭] বেঢ়ি[১৮] সভে[১৯] বসিলা সারি সারি।
মাঝে[২০] কৃষ্ণ ভাল শোভে গোপীর সমাঝে   শ্যামল[২১] কমল[২২] জেন শোভে[২৩] চান্দমাঝে।
জত কৃষ্ণ হাসপরিহাস-কথা কহে   সে রসে বিরহদুখ খণ্ডনে না জাএ[২৪]।[২৫]
জাহার জে প্রতিকার সেই স তা[২৬] মানে   পানির পিআস নাহি[২৭] ঘুচে দুগ্ধপানে।
সমস্ত বুঝিঞাঁ বিদগদ-শিরোমণি   মদনবিকারে তোষে সকল তরুণী[২৮]।
পুনরপি কৃষ্ণ জবে[২৯] সুরত আলাপে   সব গোপী পাসরিল বিরহসন্তাপে।
তবে রস[৩০]-পরিহাস দেখিঞাঁ সভার   জলবিহারে[৩১] মন করিল গোপাল॥

## ॥ অথ জলবিহার[৩২] ॥

নানা রঙ্গে ঢঙ্গে গেলা জমুনার তীরে   জল দেখি অমৃত সিচিল কলেবরে[৩৩]।
শীতল সুগন্ধি মন্দ[৩৪] বসন্তের[৩৫] বাএ   পরশিতে[৩৬] কি হেন কি হেন করে গাএ।
দুখ শোক পরিহাস একুই[৩৭] না জানি[৩৮]   কৃষ্ণ জেন মুখ[৩৯] দেই জমুনার পানি।
তবে সব সখী গেলা জলের[৪০] সমীপে   মদনে জ্বালিল জেন বিজঅ[৪১]-প্রদীপে।
গোপী-প্রতিবিম্ব[৪২] দেখি জমুনার নীরে[৪৩]   মুর্তিমনোরথ[৪৪] কিবা আগু পাটোআরে।

১ এ বাহু ২ পা °মহেস ৩ পা ধাবুকি হরে ৪ ঐ বেড়িল ৫ পা -মুন্দ ৬ পা-এ নাই ৭ পা লাজে ৮ ক. ক মিলি ৯ এ কাহাকো আলিঙ্গিঞা ১০ পা নখা ১১ পা কাহো ১২ এ কাহা ১৩ পা তুলিল ১৪ এ কাছে আনেরে ১৫ এ তা সভাএ ১৬ পা চনীচোলে ১৭ পা কৃষ্ণ ১৮ এ বেঢ়িঞা ১৯ পা-এ নাই ২০ এ কালা ২১ পা সামল ২২ এ কলঙ্ক ২৩ এ রহে ২৪ পা জাঅ ২৫ অতঃপর এ-পুঁথির অতিরিক্ত, কেলি করি হৃষিকেশ মুখে নিরিখিল। অন্তরে দুহার মনে বড় সুখ হইল ২৬ এ সে তাহা ২৭ পা না ২৮ পয়ারের অংশটি পা-এ নাই ২৯ পা সেই ৩০ এ রাস ৩১ পা বেহারে ৩২ ঐ °বেহার ৩৩ পা কলেরে ৩৪ ঐ -মন্দ ৩৫ পা বসন্ত ৩৬ ঐ পরসী- ৩৭ এ কিছুই ৩৮ পা জানে ৩৯ পা সুখ ৪০ পা জমুনার ৪১ ঐ বিঅ ৪২ পা ক্রিড়ারঙ্গ ৪৩ এ জলে ৪৪ পা মুর্ত্তিমান রথ

ঈশ্বরের ইচ্ছাএ[১] খেনেকে হ্‌এ আনে[২]   সে বেলার আনন্দ কহিতে কেবা জানে[৩]।
মন্দ মন্দ বহে জল চলে বা নাচনে   আচম্বিতে নানা ছান্দ দেখি এক মনে।
বিষজল জন্তু নাহি ভঅ নাহি মানে   শ্রবণমধুর-ধ্বনি করে পক্ষগণে।
জমুনার শোভা দেখি সব সখীজনে   বিষম কাম[৪]-বাণে কইল আচেতনে[৫]।
এক গোপী কৃষ্ণ পরশিতে[৬] বড় সাধে   সখীজন-লাজ[৭] ভএ ক্ষণে ক্ষণে বাধে।
তখনে[৮] চতুর সখী কৃষ্ণপ্রতিবিম্বে   কৃষ্ণ বলি ঝাঁপে[৯] আলিঙ্গন দিঞাঁ[১০] চুম্বে।
তখনে[১১] চতুর হরি[১২] বুঝিঞাঁ অন্তরে   কে মজে কে মজে বুলি[১৩] ধরিলেক করে[১৪]।
কোলে[১৫] করি হৃষীকেশ[১৬] মুখ নিরিখিল[১৭]   অন্তরে[১৮] দুহার মনে[১৯] বড় সুখ পাইল।
তবে[২০] কৃষ্ণ জলে হইতে আঞ্জলির জলে   জত গোপিনীর[২১] গাএ হাসি হাসি পেলে।
তা দেখি[২২] সকল সখী হঞাঁ[২৩] এক মেলি   কৃষ্ণসঙ্গে[২৪] হঠে হঠে[২৫] করে জলকেলি[২৬]।
চারি দিগে সব সখী আঞ্জলি ভরিঞাঁ[২৭]   কৃষ্ণগাএ পেলি মারে মুখানি মোড়াইঞাঁ[২৮]।
সে বেলে সে[২৯] চতুর্ভুজ[৩০] হেন মনে করি   চারি দিগে[৩১] অর্জুন-অধিক[৩২] বাহু ধরি।
জলে বসি রহে[৩৩] কেহো কাহো[৩৪] নাহি দেখি[৩৫]   জলভএ বক্রমুখে সবে বুজে আখি।
তখনে[৩৬] চতুর হরি পাঞাঁ অবসরে   কোলে পাশে[৩৭] চাপি ধরে[৩৮] গোপী-পওধরে।
কাহাকেহো না বোলে কেহো মনে মনে[৩৯] হাসে   সভে মনে করি কানু মোরে ভালবাসে
হেন রস অনুভএ রসিক কাহ্নাই   গোপী-মাঝে ডুবিলা কোও লাগ নাহি।[৪০]
সে বেলাএ ডুবিঞাঁ ডুবিঞাঁ দামোদরে   একে একে গোপীসঙ্গে নানা রঙ্গ করে।
আপন সোহাগ করি[৪১] সভেঁ অনুমানে   শপত দিলেহোঁ কেহো কিছুই না মানে[৪২]।
খেনে খেনে কৃষ্ণ তাহে রহে মুখ তুলি   পাশেই লখিল নহে গোপী[৪৩] জাএ ভুলি।

১ পা ইছাএ ২ এ ধ্বনি করে পক্ষগনে, পা আন হএ ৩ পা অথন জমুনাজল গণ স বিহরে ৪ এ কুসুম ৫ এ কেহো নাহি মানে ৬ পা আনিতে ৭ ঐ লা[জ] ৮ পা তথন ৯ ঐ ঝাঁফ ১০ এ ঝাপে আলিঙ্গন দিঞা মুখ ১১ পা তথন ১২ পা হ[রি] ১৩ এ কে মরে ২ করি ১৪ পা করিলেক কোলে ১৫ এ কেলি ১৬ পা ঋসিকেষ ১৭ ঐ নিরখিল ১৮ এ অন্তেরে ১৯ পা দোহার মন ২০ পা জ- ২১ পা তিরে গোপী জল ২২ পা দে[খি] ২৩ ঐ করে ২৪ পা °অঙ্গে ২৫ এ হাসিঞা ২ ২৬ পা জ[ল]কেলি ২৭ এ করিঞা ২৮ এ ই মুখ মুড়িঞা ২৯ পা-এ নাই ৩০ পা চতুরভূজ, এ মহাশয় ৩১ এ চতুর্দ্দিকে, পা চারি[দি]গে ৩২ এ অর্জুত ২ ৩৩ পা করে ৩৪ পা-এ নাই ৩৫ পা নাহী দে ৩৬ পা তথন ৩৭ পা পাষ ৩৮ পা ধরে সব ৩৯ পা মনে মনে ২ ৪০ অতঃপর পা-এর অতিরিক্ত, তখন সে কুবল কৃষ্ণ পুরে। কৃষ্ণমুখ বলি সীচে কুবলঅ ফুলে। ৪১ পা ক[রি] ৪২ এ বাথানে ৪৩ পা কৃষ্ণ

কুবলঅ বলি কেহো মুখ নাহি ছোঁএ   কর[১] নাহি ছোঁএ রাতা-উতপল-মোহে[২] ।
তরঙ্গ বলিঞাঁ নাহি ছোঁএ দুই করে[৩]   কাল[৪] অঙ্গ মিলাইল[৫] জমুনার নীরে[৬] ।
হেনমতে দেখিঞাঁ হোঁ না চিনে কাহ্নাঞি[৭]   কোলে কৃষ্ণ থাকিতে[৮] চাহি[৯] ঠাই ঠাই ।
জেবা কুবলঅ বলি ঘ্রাণ লএ মুখে   তার মুখ আলখিতে[১০] চুম্ব দেই[১১] সুখে ।
জেবা কোকনদ বলি বুকে[১২] দেই করে[১৩]   আলখিতে[১৪] ধরে কৃষ্ণ তার পওধরে[১৫] ।[১৬]
জল বলি জেই অঙ্গ না করে পরশন   তাহাকে ত দেই কৃষ্ণ দৃঢ় আলিঙ্গন ।
হেন মতে দেখাদেখি কেলি করে কানে[১৭]   জার সঙ্গে কেলি করে সেসি জানে মনে ।
তবে কৃষ্ণ আচম্বিতে উঠিলা হাসিঞাঁ   সব গোপী চারিভিতে বেঢ়িল আসিঞাঁ ।[১৮] ।
কৃষ্ণমুখ দেখিতে সভার[১৯] উঠে হাসি   চোরাইল নিধি জেন[২০] কেহো না[২১] প্রকাশি ।
তবে সে[২২] রসিক[২৩] কানু কমলের ফুলে   মুখ দিঞাঁ দিঞাঁ তার গন্ধ লঞা[২৪] বুলে ।
গোপ-পদ্মিনী[২৫]-মুখে চুম্বে[২৬] তার মাঝে[২৭]   লখিতে না পারে কেহো হাসে দেবরাজে[২৮] ।
হেনমতে গোপীমুখ চুম্বি চুম্বি বুলে   মধু পিঞাঁ মধুকর পদ্মবনে[২৯] বুলে ।
পদ্মবন ছাড়িঞাঁ ভৃঙ্গ গোপীমুখে ধাএ   গোপী তারে নিবারিতে[৩০] কমল ফিরাএ ।
তা দেখি হাসিঞাঁ কৃষ্ণ কাহোর সমুখে   ভাল করকমল নিছিঞাঁ পেলে মুখে ।
কেহো কৃষ্ণমুখে সাধে[৩১] তুলি কুবলএ   ঘ্রাণছলে চুম্বন করিতে মুখ[৩২] লএ ।
তাহাতে রসিক কানু বাঢ়াইল[৩৩] রসে   সখী দুই তিন আনি করে পরিহাসে ।
কৌতুকে কমলমুখী তুলিঞাঁ কমলে   মুখলাজে ভএ[৩৪] কাল হইল সেই কালে ।
তভো[৩৫] নিদারুণীর না ঘুচে অভিমানে   নিজ মুখ দিঞাঁ তার করে অপমানে ।
নিঃশ্বাসপবন-ছলে কাপেহ সেই ডরে   তভো মুখ চাপি রহে তাহার উপরে ।
এত নানা পরকারে করিঞাঁ জলকেলি   সব গোপী আসিঞাঁ রহিলী এক মেলি ।
গোপীমুখ শোভে ভাল[৩৬] জমুনার জলে   কোটি চান্দ উএ[৩৭] জেন গগনমণ্ডলে ।
তার মাঝে শোভে ভাল[৩৮] কৃষ্ণের বদনে   নীল ইন্দীবর জেন কমলের বনে ।

---

১ এ কত ২ পা মোহো ৩ পা জাএ বাহুপানে ৪ ঐ সব ৫ এ মিসাইল ৬ পা জলে ৭ ঐ কানাঞি ৮ পা -কৃষ্ণ ৯ এ রহে ১০ পা -চুম্ব ১১ ঐ চুম্বে নানা ১২ এ জলতরঙ্গ বলি বুকে না ১৩ পা কর দেই বুকে ১৪ ঐ অলখিতে ১৫ পা চুম্ব দেই তাহার চিবুকে ১৬ পরবর্তী ছত্রটি পা-এ নাই ১৭ এ কৃষ্ণকোলে করে সভা সনে ১৮ পা উঠিলা হাসিঞা ১৯ ঐ সবে ২০ পা-এ নাই ২১ পা নাহি ২২ পা-এ নাই ২৩ পা সীব২ ২৪ ঐ দুখ শুখ দিঞাঁ তবে গন্ধ লই ২৫ ঐ পদ্মিনির ২৬ পা ম্বচু ২৭ এ মুখে ২৮ ঐ আনন্দে সে গোপি বিলসে নানা সুখে ২৯ পা পদ্মবেনে ৩০ পা কি বারিতে ৩১ পা সারে ৩২ এ ঘ্রাণ চুম্বন করিতে তবে মুখে ৩৩ পা বড়াইল ৩৪ ঐ সভে ৩৫ পা তভু ৩৬ পা শোভা করে ৩৭ পা উদঅ ৩৮ পা সে

উথা[১] কি মোর পাএ ঠেকিল[২] ভঅঙ্কর   এত বলি সভারে[৩] কৃষ্ণ[৪] সৃঙ্গাইল[৫] ডর।
সভাকারে অঙ্গ কৃষ্ণ[৬] দেখিবার মনে   জামুনাএ জলকে তুলিল গোপীজনে।
অরুণকিরণ-সম রাতুল অম্বরে[৭]   আতি-রসে মাতিল[৮] সে হেন কলেবরে।
কুচচক্রবাক-জুগ বান্ধি বাহুপাশে   চারি পানে[৯] চাহে উড়ি পালাবে[১০] তরাসে।
নিতম্বলম্বিত কেশে গলে[১১] জলবিন্দু   কান্দিঞা আন্ধর[১২] কি শরণ পৈশে[১৩] ইন্দু।
নখ দশনের ঘাত দেখিএ বেকত   দেখিঞা ঢাকিতে চাহে[১৪] ঢাকা[১৫] জাব[১৬] কত।
হেনমত চুরি করি রভস[১৭]-চিহ্ন দেখি   হাসিঞা সভার অঙ্গ সভেঞি নিরেখি।
হেনমতে জলে হইতে উঠে সব সখী   সমুদ্র হইতে জেন[১৮] উঠে কোটি[১৯] লক্ষ্মী।
রাজহংসী হেন[২০] সব গোপী[২১] ধীরে ধীরে   সারি বান্ধি উত্তরিল[২২] জমুনার তীরে।
শ্রম মানি[২৩] সব সখী বসিলা সুসারে[২৪]   লুটিঞা আনিল জেন কামের ভাণ্ডারে।
তবে সব গোপী মেলি সাজে গোপীনাথে   সভাকারে[২৫] নহে করি সভেঁ দেই হাথে।
অহমিকা[২৬] পালাএ বেশের নাহি ভাসে[২৭]   তা দেখি নাগর-গুরু মনে মনে হাসে।
হেনমতে[২৮] বেশ করি জাএ গোপীরাএ   সেই মতে উত্তরিলা কদম্ব[২৯]-তলাএ।
কহে কবিশেখর কৃষ্ণের জল[৩০]-কেলি   জতেক[৩১] ঢামালি[৩২] কইল সব গোপী মেলি।
গোপালবিজঅ কহি দিল রাসখণ্ড   গাইঞা অমৃতরসে পুর মুখভাণ্ড॥

## ইতি রাসখণ্ড[৩৩]॥

## ॥ সুহই ॥

হাস পরিহাসে কৃষ্ণ বসে তরুতলে   আলিসে আওঁসি[৩৪] দিঞা রাধার[৩৫] পওধরে।
সখীজন সুরত[৩৬]-আলিসে[৩৭] বেআকুলে[৩৮]   ঘুমে[৩৯] লোটাঞা পড়ে কদম্বের তলে।

১ এ ওথানে, পা ওঁথানিলে ২ পা ঠেকি গেল ৩ ঐ সভাকারে ৪ পা-এ নাই ৫ এ জনমাইল ৬ ঐ সব অঙ্গ ৭ পা পয়োধরে ৮ এ মজি গেল ৯ পা দিকে ১০ এ উঠে পালাব ১১ ক. খ লাম্বে ১২ পা অধর, ক. খ আষারে ১৩ এ পোশে, ক. খ পেশে ১৪ ক. খ পায় ১৫ পা ঢাক ১৬ এ জাএ ১৭ পা কার সব ১৮ এ সমুদ্রের জলে ১৯ ঐ -কোটি ২০ পা জেন ২১ এ সখি ২২ এ দাণ্ডাইল ২৩ ঐ পুনরপি ২৪ এ করিল সিঙ্গার ২৫ পা সভারে ২৬ এ অহমহমিকাএ ২৭ পা ভাসী ২৮ এ °মনে ২৯ পা কদম্বের ৩০ ঐ বিজঅ ৩১ পা জতে ৩২ এ কৌতুকে ৩৩ এ -সম্পূর্ণ, পা-এ নাই ৩৪ এ, ক. খ আউসি ৩৫ পা রাধরে ৩৬ এ সুরতি ৩৭ পা আলস ৩৮ এ আকুলে ৩৯ পা ভুম্যে

হেন বেলে শুনিল ভ্রমর-কোলাহল   রাতি-অবসান[১] বুঝি সভেঁ উত্তরোল[২]।
কেহোঁ কেহোঁ বসন্তনিশিরে[৩] দেই[৪] গালি   আখি নিমিষাই[৫] জেন পোহাইঞাঁ গেলি।
জত জত[৬] নব[৭] নব[৮] কুল[৯]-বহুআরী   সে সব কানুরে কিছু কহে ধীরি ধীরি।
চরণে পড়িঞাঁ বলি শুন প্রাণেশ্বর   অনাথী গোপীরে কভো[১০] না বাসিহ পর।
হেন মন করি[১১] প্রভু তোহ্মার[১২] চরণে   ছাআসম[১৩] থাকিএ না ছাড়ি[১৪] রাতি দিনে।
ইহাতে দারুণ বিধি পাতিল[১৫] পাষণ্ডে   কুলবধূ বলিঞাঁ[১৬] কিবা করিল[১৭] এক খণ্ডে[১৮]।
গৃহপতি সদাএ ছিত্তুস চাহি ফিরে[১৯]   নিঃশ্বাস শুনিঞাঁ[২০] বুলে শাশুড়ী শ্বশুরে[২১]।
জেবা ঘরে আছে মোর দেঅর ননন্দে[২২]   না কিছু বলিতে[২৩] বাণী কাটে[২৪] নানা[২৫] ছান্দে।
গুরুজন দুরজন পুরজন[২৬] পাপ   পাএ পাএ কতেক[২৭] সহিব পরিতাপ।
আর তাহে সতিনী[২৮] হেন আছএ পরিবাদে[২৯]   ঘরে হইতে বাহিরে দেখিলে পরমাদে[৩০]।
এত লাগি[৩১] সব মতে[৩২] সভারে[৩৩] ডরাই   বিনি ছলে আসিতে না পাই তোহ্মা[৩৪] ঠাই।
এই পরিহার করি তোহ্মার[৩৫] চরণে   আন হেন সতত নহিব দরশনে।
তার লাগি মনে কিছু না করিহ আন   পিশুন জনের বোলে না পাতিহ কাঁন।
আর সবে[৩৬] এক দান মাগিএ তোহ্মাএ[৩৭]   আপন বলিঞাঁ দআ ধরিবে হৃদএ[৩৮]।
দআ করি কভো[৩৯] মোরে দুতী না পাঠাবে   দআএ সতত মোর ঘর নাহি জাবে।
দুরে[৪০] থাকি অনুরাগ[৪১] বাঢ়াইবে চিতে   চাঁন্দ-কুমুদিনী-সম রাখিবে পিরিতে।
সমএ মোহোর[৪২] কথা না কহিবে আনে   এ মোর গুপত প্রেম কেহো নাহি জানে।
আহ্মি[৪৩] জত শোকে নেআইল[৪৪] রাতি দিনে[৪৫]   কহিতে তা কি কহিব তোহ্মার[৪৬] চরণে।
জবে কোন কথাএ তোহ্মার[৪৬] শুনি নাম   জেখানে বা সেখানে বা রহিল গৃহকাম।
আনন্দ-অশ্রু পুলকে পুরিল সব গাএ   লোক[৪৭]-ভএ নেতা[৪৮]-ঞ্চলে লুকাইএ তাএ[৪৯]।

---

১ ক. খ অবশেষে ২ পা উত্তরোলি ৩ ঐ রাতিরে ৪ পা দেঅ ৫ এ, ক. খ আখির নিমিসে, পা নিমিসাইতে ৬ পা জজত ৭ পা-এ নাই ৮ পা গোআলা, ক. খ গোকুলের ৯ পা কুলের ১০ ঐ কভু ১১ পা করিএ ১২ পা তোমারি ১৩ ঐ ছাড়া সব ১৪ পা ছাড়িএ ১৫ এ করিল ১৬ পা কুল বলীএ ১৭ এ পাতিল ১৮ পা পাষণ্ড ১৯ এ কুমতি সদায় ছিদ্র চাহে ২০ পা শুনিঞা ২১ এ কত মত চাহি বুলে কিছু নাহি পাএ ২২ পা নন্দ ২৩ ঐ বচনে ২৪ পা কাজে ২৫ এ কত ২৬ ঐ পরিজন ২৭ পা কত ২৮ ঐ সতি ২৯ পা আছে দুরবার ৩০ ঐ পরমাদ ৩১ পা নালী ৩২ এ স মতে ৩৩ পা সভাকে ৩৪ ঐ তোমা ৩৫ পা তোমার ৩৬ পা অবসর ৩৭ এ তোমারে, পা তোমাএ ৩৮ এ প্রভু রাখিবে আমারে ৩৯ পা কভু ৪০ এ ঘরে ৪১ পা অনুগ্রহ ৪২ ঐ মোর ৪৩ পা আমি ৪৪ এ নেআই ৪৫ পা কতক্ষনে, ক. খ সব খনে ৪৬ পা তোমার ৪৭ পা তার ৪৮ এ চেলা ৪৯ পা লুকাএ সব গাঅ

হেনমতে গুপত পিরিতে[১] প্রাণ জাএ তাহা[২] কে আপন আছে[৩] কহিব জে তাএ[৪] ।
আসিতে না পাএ[৫] প্রাণে পুড়িএ[৬] অন্তরে ধরিল শারিকা জেন ভ্রমএ পঞ্জরে ।
তোহ্মার[৭] প্রসঙ্গে জবে উঠে ঘর-মাঝে লোককুবচনে মুখ না তুলিএ লাজে ।
জে সে কাজে একু মোর[৮] তোহ্মার[৭] আতোপে[৯] পাএ পাএ গোঙাইএ[১০]
নানা দুখ শোকে
খেনে[১১] হেন মনে করি অমরণে মরি একু তোহ্মার[১২] প্রভুর রভসে[১৩] প্রাণ ধরি ।
হেন নানা নিবেদন করি গোপনারী বিষাদে বিকল চিত ধরিতে[১৪] না পারি[১৫] ।
সখী-পাশে দাণ্ডাইঞাঁ কান্দে অধো[১৬]-মুখে তা দেখিঞাঁ কাহ্নাএর মনে বড় দুখে ।
নিশ্বাস ছাড়িঞাঁ কাহ্নাই কাঠহাসি হাসি[১৭] সব সখী পাঠাইল আনেক[১৮] বেঙসি[১৯] ।
রাধা-আদি আর জত সখীগণ[২০]-সঙ্গে কুঞ্জে কুঞ্জে বেড়াইঞা বুলে নানা[২১] রঙ্গে ।
রাই[২২]-কান্ধে হাথ[২৩] দিঞাঁ ঈষত লীলাএ হাসিঞাঁ ডাহিন হাথে কমল ফিরাএ ।
খেনে খেনে[২৪] চিবুকে[২৫] ধরি দেই বিম্বাধরে ইন্দাবর[২৬]-মাঝে জেন প্রবেশে ভ্রমরে[২৭] ।
হেনমতে সভে গেলা নগর-নিকটে[২৮] সভাকে[২৯] ছাড়িতে সভার প্রাণ ফুটে[৩০] ।[৩১]
গোপীজন বিদাঅ করিল গোপীনাথে চলিতে না চলে পা কান্দে আশোআথে ।
তবে লোকলাজ-ভএ সব সখীজনে তনু লঞাঁ ঘর গেলা কানু লইল মনে ।
সে সব গোপীর জত গৃহপরিজন কেহো নাহি জানে গোপী নাছিল কখন ।
কৃষ্ণের প্রভাবে গোপী মোহিল সকল[৩২] রাসরস-অনুভবে[৩৩] সদাই[৩৪] বিকল ।
হেনমতে চিদানন্দ নন্দের কুমারে[৩৫] বিলাসে বিষঅ[৩৬]-রস নানা পরকারে ।
গোপালবিজঅ শুন গোপীর[৩৭] মেলানি জে কথাএ[৩৮] মোহিলেক দেব চক্রপাণি ।
কহে কবিশেখর দেখিঞাঁ বৃন্দাবনে[৩৯] আলপে কহিঞাঁ দিল বুঝ মতিমানে ॥[৪০]

১ এ বিরহে ২ ঐ তাহাতে ৩ পা আপন ৪ ঐ তাহাএ ৫ এ পাই ৬ পা প্রাণ পুরি ৭ ঐ তোমার ৮ এ করিতে ৯ ক. ক সেভাগে, এ আভোগে ১০ ক. খ নেআই ১১ পা খনে ১২ ঐ তোমার ১৩ পা ভরসে, এ একলা তোমাকে ভরসাএ ১৪ এ বিদায় করিল হেন বলিতে ১৫ পা ধরিবারে নারী ১৬ এ উভ ১৭ ঐ হাসে ১৮ পা অনেক ১৯ এ মনের প্রয়াসে ২০ পা সখি সব ২১ ঐ রাধা কান্দে হাথ দিঞাঁ আসে বড় ২২ এ রাধার ২৩ পা কান্দে হাচথ ২৪ পা খনে খনে ২৫ এ বিড়া ২৬ পা ইন্দ্রবর ২৭ ঐ প্রবেশী ভ্রমর ২৮ এ গবাক্ষ দুআরে, পা নিকট ২৯ এ সভার ৩০ এ প্রাণ ফাটে ছাড়িতে সভারে ৩১ অতঃপর পরবর্তী দুই ছত্র পা-এ নাই ৩২ এ মুহিলেক ঘর ৩৩ পা রাসরসে অনুভই ৩৪ ঐ সভাই ৩৫ পা কুমার ৩৬ পা বিসম ৩৭ ক. খ গোপিকা ৩৮ পা কথা, এ কথাতে ৩৯ ক. খ বৃন্দাবন ৪০ অতঃপর এ-পুঁথির অতিরিক্ত; ইতি সখিজন নিজবাসং গচ্ছ, পা ইতি রাসখণ্ড সমাপ্ত

## ॥ গান্ধার[১] ॥

হেনমতে নিরন্তর থাকে বৃন্দাবনে   রাস[২]-পরিহাস বহি[৩] আন[৪] নাহি জানে।
হেন কালে অপরূপ বৃষরূপ ধরি   পাপিষ্ঠ অরিষ্ট আসে[৫] জথাতে[৬] শ্রীহরি।
জঙ্গমপর্বত-সম[৭] দেখিএ আকারে   তেরছ চাহিঞাঁ বীর[৮] দুই শৃঙ্গ নাড়ে[৯]।
গিরিশৃঙ্গ-সম শৃঙ্গ ঘন ঘন নাড়ে   জার আগে বসিতে[১০] মাছিহো[১১] প্রাণ ছাড়ে।
দুই কাঁন সারি ঘন আখি উলটাএ   নাকসাটে বসুমতী[১২] উলটাইতে চাএ[১৩]।
চারি খুর নাচাইঞাঁ[১৪] আইসে ধীরি ধীরি   খুর-আগে ধরণী পেলাএ[১৫] ধুলা[১৬] করি।
প্রলঅ মেঘের জেন করে[১৭] ঘোর নাদে   শুনি ত্রিভুবন[১৮]-লোক[১৯]গুনিল প্রমাদে।
চন্দ্র সূর্য থির না হএ[২০] জাহার ভএ[২১]   জার লাগি[২২] ইন্দ্র মেরুশৃঙ্গে থির[২৩] নহে।
জাহার[২৪] ভরে কুর্মের[২৫] মুখে ভাঙ্গে[২৬] ফেনা[২৭]   জগতে তাহার[২৮] তেজ সহে কোন জনা।
জখন হোঁকারিঞা[২৯] মুখ মেলি আসে   হেন বুঝি ভএ কিবা পৃথ্বীরে মুখে পৈশে[৩০]।
ঘোরতর মুখ মেলি জিভ্বা[৩১] ঘন নাড়ে   পাতাল-ভিতরে[৩২] কি বাসুকি নৃর্ত্য করে।
বিকট[৩৩] দন্তের ছটা দেখি লাগে ত্রাসে[৩৪]   বৃন্দাবন[৩৫] বুঝি জাবে[৩৬] ঘাসের[৩৭] গরাসে।
হেনমতে অসুরা দেখিঞাঁ[৩৮] গোপনারী   কি হইল কি হইল বলি[৩৯] ধরিল মুরারি।
তা দেখি হেলাএ হাসি নাগরশেখরে   গোপীজন আশ্বাসিঞাঁ মল্ল[৪০]-বেশ ধরে।
হেন বেলে দৈত্য ধাএ[৪১] কৃষ্ণ মারিবারে   বজরমুটুকী[৪২]-ঘাএ পড়ে[৪৩] ভূমিতলে।
সম্বরিঞাঁ ক্ষেণেকে উঠিল মহাবীরে   দুই খুর দিল নিঞাঁ কাহ্নাইর শিরে।
তখন সে গদাধর ধরি[৪৪] দুই পাএ   লীলা[৪৫]-কুবলঅ হেন[৪৬] অসুরা ফিরাএ।
প্রাণ ছাড়ি অসুরা পড়িল কথো দুরে   তাহার শবদ গেল দুর দিগান্তরে।

১ পা ধানসি রাগ  ২ ক. খ রস  ৩ ঐ বই  ৪ এ কিছু  ৫ ক. খ জাএ  ৬ পা জথা  ৭ এ হেন  ৮ এ আইসে  ৯ পা সিংহ সারে  ১০ এ বসিলে  ১১ পা মাছি  ১২ এ নাকের নিঃশ্বাসে মহি  ১৩ পা উলটাইতে চাহে  ১৪ পা ছাড়িঞা  ১৫ এ ধরনিকে পেলে  ১৬ পা ধলা  ১৭ পা-এ নাই  ১৮ এ শুনিতে ভুবন  ১৯ পা কি  ২০ ঐ নহে  ২১ এ জার বাএ  ২২ পা জাহার লাগিঞাঁ  ২৩ এ সুমেরুতে স্থির  ২৪ এ জার  ২৫ পা কুর্ম  ২৬ এ বহে, ক. খ ভরে  ২৭ পা ফেনা ভাঙ্গে  ২৮ পা জাহার  ২৯ এ জেন বা হুকারিঞা  ৩০ পয়ারের অংশটি পা-এ নাই  ৩১ এ -থান  ৩২ পা ভুবনে  ৩৩ ঐ বিক[ট]  ৩৪ পা দেখিঞাঁ তরাষে  ৩৫ পা বৃন্দাব[ন]  ৩৬ ঐ জবে  ৩৭ এ হেন বুঝি পৃথিবীকে করিব  ৩৮ ঐ অসুরারে দেখি  ৩৯ এ করি  ৪০ ঐ °গণ প্রবোধিঞা যুদ্ধ  ৪১ পা জাএ  ৪২ এ বজ্র মুঠুকির  ৪৩ পা পাড়ে  ৪৪ এ ধরে  ৪৫ পা সিরে  ৪৬ ঐ জেন

ঝড়ে জেন উড়ি পড়ে শিমুলের তুলা[১] দন্ত নিকটিঞাঁ তবে অসুর মইলা[২]।
তা দেখিঞাঁ[৩] আনন্দে নাচে[৪] দেবগণে কৃষ্ণের উপরে করে পুষ্প বরিষণে[৫]।
তবে সে কলহপ্রিঅ নারদ তপোধন কংসস্থানে জাঞাঁ কহে[৬] প্রবন্ধবচন।
দেখিল জতেক বল[৭] কইল আরিষ্টে[৮] অবশেষেহোঁ[৯] হইল জে ছিল অদৃষ্টে।
আসিঞাঁ দআএ[১০] জত[১১] কহি[১২] তোর স্থানে তপস্বী বলিঞা কর আলপ গেআনে[১৩]।
রাজমদে গাএ বল[১৪] দিঞাঁ কাজ কর[১৫] কহিলেহোঁ হিত উপদেশ নাহি ধর।
সেই কালে আসিঞাঁ কহিল মহাশঅ দৈবকী-অষ্টমগর্ব্ভে তোহ্মার[১৬] প্রলঅ।
দৈবকীগর্ব্ভে হইল সে পাপ[১৭] কাহ্নাই[১৮] জশোদার কন্যা আনি ভাণ্ডিল তোহ্মা[১৯] ঠাই[২০]।
বসুদেব-ভণ্ডনাএ নহিলা[২১] সত্বরে হেলাএ আপন কাজে হাসাইলে পরে[২২]।
আতিলঘু বৈরিকে না করিবে হেলা সমএ সে সভার[২৩] সহিল নহে[২৪] কলা।
জবে হেলে তৃণে না নিভাই[২৫] অগ্নিকণা সমএ তাহার তেজ সহে কোন জনা।
জে তরু অঙ্কুরমুখে নখে ছেদে[২৬] জাএ প্রসঙ্গে তাহা কাটিতে কুঠার না রহে[২৭]।
হেনমতে[২৮] জানিঞাঁ না জান ব্যবহার না পুছিতে কতেক কহিব[২৯] বারে বার।
ভগিনী ভগিনী[৩০]-পতি রাখ বন্দীশালে ধনুর্মঅজ্ঞ-ছলে আনাহ গোপালে।
এথা আনি আপন আগ্রতে[৩১] কর কাজে নিষ্কণ্টকে[৩২] রাজ্য কর পাখালহ লাজে[৩৩]।
এতেক মন্ত্রণা দিঞাঁ[৩৪] গেলা[৩৫] মুনিবরে খেড়ে আগু[৩৬] জড় করি জাএ জেন[৩৭] পরে[৩৮]।
তবে কংস মহারাজে রোষে আগেআনে[৩৯] কি করিব কি বলিব হেনঞি না জানে।
বসুদেব দৈবকী আনিল ততক্ষণে তর্জিঞাঁ[৪০] সমুখে দিল নিগড়বন্ধনে।
কেশী আনি পাঠাইল কৃষ্ণ মারিবারে[৪১] তার মিথ্যা বীরদাপে পৃথবি বিদরে[৪২]।
তবে ডাকি আনিল অক্রূর মহামতি মনে অভরসা করি কহে নরপতি।
দৈববাণী[৪৩] দেবী[৪৪]-বাণী নারদের[৪৫] বাণী[৪৬] সে সব স্বরূপ[৪৭] করি এত দিনে জানি[৪৮]।

১ এ শাল্মলির ফুলে ২ ঐ গড়াগড়ি দিআ বির পড়ে ভুমিতলে ৩ এ দেখি ৪ পা না[চে] ৫ ঐ বর্ষন ৬ পা করে ৭ এ রন ৮ পা আরিষ্ট ৯ এ অবসেহো ১০ পা দআতে ১১ ঐ জে ১২ এ কহিএ ১৩ পয়ারের অংশটি পা-এ নাই ১৪ পা গা তোর ১৫ ঐ করে ১৬ পা তোমার ১৭ এ দুষ্ট ১৮ পা কানাহ্নাই ১৯ ঐ তোমাএ ২০ পা-এ নাই ২১ পা না হইলা ২২ ঐ পর ২৩ পা সব ভার ২৪ ঐ নহিল সে ২৫ পা নিভাএ ২৬ ঐ ছেদ ২৭ পয়ারের অংশটি পা-এ নাই ২৮ এ মন ২৯ এ পুছিব ৩০ পা ভগ্নি ৩১ ক. খ আয়ত্তে, পা আঅ ৩২ পা নিকটকে ৩৩ ঐ লাজ ৩৪ এ এত সুমন্ত্রনা করি ৩৫ পা চলিলা ৩৬ ঐ অগ্নি ৩৭ ক. খ জেন জাএ ৩৮ এ পর ৩৯ পা দিঞাঁ মনে ৪০ পা ডাড়াইঞাঁ ৪১ এ আনিবারে ৪২ পা দরে ৪৩ ক. খ দেববানে ৪৪ এ দেব, ক. খ দৈব ৪৫ পা নারদ ৪৬ ক. খ বানে ৪৭ পা সরূপ ৪৮ ক. খ জানে

তার[১] বল না জানিঞাঁ কইল[২] মন্দ কাজে   পুতনাদি পাঠাইঞাঁ বাঢ়াইল[৩] লাজে।
জানিল আহ্মার[৪] হাথে তাহার মরণ   পুরিল মরণ[৫]-কাল জানিল[৬] এখন।
মোর বোলে চলি জাহ নন্দঘোষ-ঠাই   ধনুর্মখজজ্ঞ-কথা কহিহ[৭] বুঝাই।
পুরজন সাজিঞাঁ আসিব ভাল মতে   রাম কৃষ্ণ দুই ভাই[৮] আনিহ[৯] সংহিতে[১০]।
তোহ্মার[১১] শিশুর রূপগুণ-কথা শুনি   দেখিতে কৌতুক[১২] বড় বাসে নৃপমণি।
এত বুলি[১৩] দোঁহারে আনিবে মোর ঠাঞি   সমুখে মারিমো[১৪] রঙ্গে বলাই কাহ্নাই।
ইহা বুলি অক্রুরে[১৫] কইল পুরস্কারে[১৬]   সবেরে[১৭] পাঠাইল রাম কৃষ্ণ আনিবারে।
রাজার আদেশ পাঞাঁ পাত্র মহাশএ[১৮]   তখনি কি হেন[১৯] জানি[২০] করিল হৃদএ।
পরাধীন-জীবিত নিন্দিঞাঁ ঘনে ঘনে   নিশ্বাস ছাড়িঞাঁ কান্দে হাকান্দ-কান্দনে।
রাজ-আজ্ঞা না পালিলে ঠাঞে[২১] প্রাণ লএ[২২]   কার প্রাণে আনি দিব মারিতে দুই ভাএ।
জানিঞাঁ কে আনলে ফেলিব[২৩] ফুলমালে   শারী শুক আনি দিব ভুখিল বিড়ালে।
হেন অলৌকিক কাজ কার মনে[২৪] ফুরে   রাম কৃষ্ণ আনি দিব দুষ্ট কংসাসুরে।
এবা কোন আগেআনে কিবা অনুমানি   মানুষশরীর[২৫] বলি দেব চক্রপাণি।[২৬]
তাহাকে মারিব হেন কাহার পরাণি   হেন আহ্মি নিরবুদ্ধি[২৭] কিবা অনুমানি।
জার নামে জন্ম মৃর্তু্য বিপদ[২৮] এড়াএ   সৃষ্টি স্থিতি প্রলঅ জাহার মাআএ।
সে হরি[২৯] লীলাএ অবতরে গোপবেশে   তাহে[৩০] কি করিল হঅ কংসের আদেশে।
ভাল হইল আরতি নৃপতি দিল মোরে   আখি ভরি দেখিব[৩১] নন্দের কুমারে।
এত বলি হরিষে বিষাদে[৩২] পাত্রবরে[৩৩]   শুভ বেলি[৩৪] শুভ জাত্রা করিল অক্রুরে।
ওঁথা হঅবেশে কেশী গেলা[৩৫] বৃন্দাবনে   আকার দেখিঞাঁ ভঅ পাইল সব জনে।
পর্বত-আকার দৈত্য আতি-দুরাশঅ[৩৬]   হেঁহা-রব শুনি[৩৭] ত্রিভুবনে লাগে ভঅ।
আকাশ বাহিঞাঁ চাহে[৩৮] সুরুজ ধরিতে[৩৯]   আপনে আপন ছাআ না পারে[৪০] সহিতে[৪১]।

১ পা তা  ২ পা-এ নাই  ৩ পা কইল বড়  ৪ ঐ আমার  ৫ পা অতি  ৬ এ না জানি  ৭ ঐ কহিবে  ৮ পা জন  ৯ এ শিশুর  ১০ পা সংহতি রে  ১১ ঐ তোমার  ১২ পা কৌতু[ক]  ১৩ ঐ বলি  ১৪ পা মারিব  ১৫ ঐ অক্রুরের  ১৬ পা করিল পুস্কার  ১৭ এ সত্বরে  ১৮ পা °মতি  ১৯ পা-এ নাই  ২০ এ জেন  ২১ এ ঠাই  ২২ ঐ লই  ২৩ পা আনি দীব আনলে  ২৪ ঐ প্রাণে  ২৫ পা °বির  ২৬ পরবর্তী ছত্রটি পা-এ নাই  ২৭ এ আমি নিবুর্দ্ধি  ২৮ পা-এ নাই  ২৯ ঐ হোরি  ৩০ পা তার  ৩১ ঐ দেখিব আনন্দমঅ  ৩২ পা বিদা  ৩৩ এ, ক. খ বেআকুলে  ৩৪ পা মেলি  ৩৫ ঐ গেল  ৩৬ পা দুরাষএ  ৩৭ এ ইহার রব শুনিতে  ৩৮ পা চাহ  ৩৯ এ সূর্য্য ধরিবারে  ৪০ পা পরে ধরি  ৪১ এ দেখিতে না পারে

ধাইতে আপনা নিন্দে[১] ছাআ[২] সঙ্গে দেখি   চলিতে পৃথবি দেখি লাজে অধোমুখী ।
না জানে আপন অঙ্গ কোন ঠাঞে[৩] থোএ   চারি খুরে বসুমতী ছোএ বা না ছোএ ।
রোষে[৪] মুখ মেলি ধাএ বিকটদশনে[৫]   একুই গরাসে[৬] কি করিহে[৭] বৃন্দাবনে ।
হেনরূপে মুখ মেলি কৃষ্ণমুখে ধাএ   কৃষ্ণ মল্লবেশে রহে পসারিঞাঁ বাহে ।
কালদণ্ড-সম বাহু গিলিল অসুরে   বাসুকিপ্রবেশ জেন পাতল-ভিতরে ।
রোষে জবে দুষ্ট দৈত্য জুড়িল কাঁমড়ে   ভুজে ঠেকি দন্তগোটা[৮] ভূমিতলে পড়ে ।
তার মুখে রুধির[৯]-অরুণ কৃষ্ণ-বাহে   ভুজবল-প্রতাপ কি উছলিঞাঁ[১০] জাএ ।
কেশিমুখ[১১]-গুহাতে করিঞাঁ পরবেশে   কৃষ্ণভুজ[১২]-কালসাপ বাঢ়ে[১৩] আতি-রসে ।
তবে সে[১৪] দুষ্টের[১৫] প্রাণ নিলেক[১৬] লীলাএ   পাকীল কাঁকড়ি জেন দৈফাটি[১৭] জাএ ।
অসুরার বধ দেখি[১৮] নাচে দেবগণে   হরিষে বরিষে ফুল কমললোচনে ।
বৃন্দাবনে[১৯] লোক সব পাইল চমতকার   জানিল মানুষ নহে নন্দের কুমার ।
হেনমতে কেলি করে আবাল গোপালে[২০]   রাজ-পরিছেদ ধরে সকল ছাওাঁলে ।
কেহো পাত্র কেহো মিত্র কেহো কোঁটোআলে[২১] হেনমতে রাজসভা রচিল[২২] ছাওআলে[২৩] ।
তা দেখিঞাঁ[২৪] ব্যোমাসুর শিশুরূপ ধরে[২৫]   একে একে থোঅ নিঞাঁ[২৬] গুহার ভিতরে ।
তবে কৃষ্ণ আলপ[২৭] দেখিঞাঁ শিশুজনে[২৮]   মনে জানি গুহা হইতে[২৯] আনিল তখনে ।
পথে ব্যোম-সহিতে[৩০] আনেক বল[৩১] করি   মল্লজুদ্ধে মারিল[৩২] তায়ে[৩৩] গলা চাপি ধরি ।
তবে সব-শিশু-সঙ্গে করি জলকেলি   হাসপরিহাসে ঘর গেলেন[৩৪] বনমালী[৩৫] ।
হেথা কংসরাজা কেশিব্যোম-বধ শুনি[৩৬]   সুপ্তিভুক্তি[৩৭]-জ্ঞান নাহি মৃত্যুভয়[৩৮] গুণি ।
গোপালবিজয় নর শুন একমনে   হেলাএ মারিল কৃষ্ণ সব বীরগণে ।
কহে কবিশেখর শুনহ সব[৩৯] লোকে   কৃষ্ণপাএ ভজিলে নাহিক[৪০] ভয়[৪১] শোকে ॥[৪২]

১ এ নিন্দি ২ পা ছা ৩ ঐ থাঁনে ৪ পা রোরোসে ৫ ঐ °দষন ৬ পা গরা[সে] ৭ এ করিব ৮ পা দন্ত ৯ ঐ মুখের রোধির ১০ পা উথলিঞাঁ ১১ ঐ °মুখে ১২ এ °কর ১৩ ঐ বেঢ়ি ১৪ পা-এ নাই ১৫ পা কেসি ১৬ ঐ নিল ১৭ পা দৈত্যভুটী ১৮ ঐ অসুরবধ দেখিঞা ১৯ পা বৃন্দাবন ২০ ঐ গোপাল ২১ এ কোটাল ২২ পা করিল ২৩ ঐ সজালে, এ সয়াল ২৪ পা হেন বেলে ২৫ ঐ শিশুগন হরি ২৬ এ শিশু ২৭ পা আল ২৮ ঐ °গনে ২৯ ঐ হই ৩০ পা সনে ৩১ এ যুদ্ধ, পা অনেক রণ ৩২ পা মারি ৩৩ এ তাহা ৩৪ পা গেলা ৩৫ এ শ্রীহরি ৩৬ এ এথা কেশিব্যোমবধ সুনিঞা নৃপমণি ৩৭ ক. খ শুক্তিভক্তি, পা শুক্তিমুক্তি ৩৮ এ ভয়মাত্র ৩৯ ক. খ মূঢ় ৪০ পা নাহী ৪১ এ দুঃখ
৪২ অতঃপর এ -পুথির অতিরিক্ত, ইত্যরিষ্ট কেশিব্যোমবধঃ

## ॥ সারঙ্গ[১] ॥

এথা সে অক্রুর পাঞাঁ রাজার আদেশে[২] আনন্দে সকল[৩] পাসরিল রাতি-দিসে।
জাবারে কইল[৪] সাজ নানা পরকারে[৫] কৃষ্ণ ভেটিবারে নিল নানা উপহারে[৬]।
ম্বরাএ রজনী পোহাইতে নাহি জানে[৭] এক দণ্ড জাএ কত[৮] জুগের সমানে।
কৃষ্ণপরিচঅ-রসে বাঢ়িল আরতি কত অনুমান করে ভরছিঞাঁ[৯] রাতি।
অনাবধি পাপ রাতি পোহাইতে নাহি কত পুণ্য-ভাগ্যে আজি ভেটিব কাহ্নাই[১০]।
কথাএ অভাগি পাপ মানুষ-জনম[১১] কথাএ সে[১২] কপটরূপে প্রভু[১৩] নারাঅণ[১৪]।
ইহাতে দেখিতে পাব না বুঝি লক্ষণে শুভ কাজে বিঘ্ন পড়এ ঘনে ঘনে।
হেনমতে উঠি বসি পোহাইল রাতি প্রভাতে চলিলা রথে পাত্র মহামতি।
নানা পরিছেদে জাএ গোকুলনগরী হেন মন করে পাখি হইঞাঁ উড়ি পড়ি।
জবে বৃন্দাবন হইল নঅনগোচরে আনন্দে অক্রুর তবে আগু নাহি ধরে[১৫]।
আপনাকে আপুনি কৃতার্থ[১৬] হেন বাসে[১৭] কৃষ্ণের সম্ভাষা[১৮] অনুমানি প্রেমে ভাসে।
পুলকে পুরিল গা আঁখে জল[১৯] ঝরে নিমিষেকে দশবার পরণাম[২০] করে।
এবেসি জানিল মোরে বিধি অনুকূলে কৃষ্ণ আনিবারে রাজা পাঠাইল অক্রুরে।
জনম সফল মোর করিল[২১] গোসাঁঞি আজতনে আখি ভরি দেখিব কানাঞি।
মহেশ জাহাকে নাহি পাএ ধ্যান-লএ[২২] চর্মচক্ষে দেখিব তাহার[২৩] দুই পাএ।
জার পদজল শিরে[২৪] ধরে[২৫] গঙ্গাধরে তার পদ তুলিঞাঁ ধরিব নিজ শিরে[২৬]।
বেদবলে ব্রহ্মা জারে চাহিঞাঁ না পাএ তাহারে ভেটিব[২৭] নন্দগোপ-আঙ্গিনাএ[২৮]।[২৯]
কমলা সেবিঞা জে চরণ নাহি পাএ ভূমিষ্ঠ হঞা সে চরণ ধরিব মাথাএ।
জাহার চরণ দেব[৩০]-মুনি-গণ[৩১] জপে[৩২] সমুখে তাহার সনে[৩৩] করিব আলাপে।
জে বেলে তাহার[৩৪] সনে[৩৫] হবেক দরশনে না জানি সি বেলে কি হইব ত্রিভুবনে।
শুনিল[৩৬] লক্ষণ দেখি চিনিব[৩৭] তাহারে রথে হইতে সম্ভ্রমে[৩৮] পড়িব ভূমিতলে।

১ পা শ্রীরাগ ২ এ প্রসাদে ৩ পা-এ নাই ৪ পা করিল ৫ এ উপহারে ৬ ঐ দ্রব্য লইল আপারে ৭ পা জানি ৮ ঐ এক ৯ পা ভর্ছি ১০ ঐ ভেঠৈব কানাহ্নাই ১১ পা জনমে ১২ পা-এ নাই ১৩ পা-এ নাই ১৪ পা মর মর মর ১৫ পা আপনা পাসরে ১৬ ঐ বের্থ ১৭ পা মানি- ১৮ ঐ সম্ভা ১৯ এ অঙ্গ আখি ঝর ২০ পা প্রণাম ২১ ঐ করি ২২ পা ংনএ ২৩ ঐ তোমার ২৪ পা পদ সীরে জল ২৫ এ বহে ২৬ ঐ দুই করে ২৭ পা ভেঠিব ২৮ ঐ আগিনাএ ২৯ পরবর্তী ছত্রটি পা-এ নাই ৩০ এ বেদ, পা নারদাদি ৩১ পা-এ নাই ৩২ পা জবে ৩৩ ঐ সব ৩৪ পা তাঁর ৩৫ এ সঙ্গে ৩৬ পা সকল ৩৭ ঐ চীব ৩৮ পা সভ্রমে

পরিজনসম্ভ্রমে তুলিব হাথে ধরি   প্রেমসাগর-মাঝে বুলিব সাঁতরি।
প্রথমসম্ভাষা-রসে বান্ধিব হৃদএ   দুরে হইতে তা দেখি হাসিব দআমএ[১]।
আনেক[২] শকতি জাব তাহার নিকটে   দণ্ডবত[৩] পরণাম[৪] করিব করপুটে।
কদম্বকলিকা-সম হব সব অঙ্গে   আশপাশ ভাসি[৫] জাব লোহের তরঙ্গে।
প্রেম-আতিরেকে[৬] হব গদগদ স্বরে   জে কিছু করিব[৭] স্তুতি আফুট[৮]-আখরে।
তাহা দেখি দআমঅ[৯] আতি-অনুরাগে   উঠ উঠ বলিঞাঁ তুলিব কর-আগে।
তুলিতে সে কর দিব এ মোর কপালে   বিধির লিখন মোছা জাব সেই কালে।
অক্রুর বলিঞাঁ মোরে দিব[১০] সম্বোধনে   পুছিব ঈষত হাসি মধুরবচনে।
সে বেলে[১১] কি করিব[১২] আনন্দ-পরিণামে[১৩]   না জানিএ কি হব রহিব কোন ঠামে[১৪]।
এত নানা অনুমানি চতুর অক্রুরে   রথে হইতে নাম্বি গেলা জমুনার তীরে[১৫]।
পার হইঞাঁ উত্তরিলা জমুনার তটে   কৃষ্ণপদচিহ্ন ভালে নিকটে নিকটে।[১৬]
ভালিতে ভালিতে জবে কথো দুর জাএ   অচম্বিতে কৃষ্ণের[১৭] চরণচিহ্ন পাএ।
ধ্বজবজ্রা[১৮]-কুশ-আদি[১৯] নানা চিহ্ন দেখি   আষাঢ় শাওঁন[২০] হেন ঝরে দুই[২১] আখি।[২২]
প্রেমগদগদস্বরে জে কিছু কহিঞাঁ   কৃপণের ধন জেন রহিল রাখিঞাঁ।
তবে নানা স্তুতি করি করে প্রদক্ষিণে   অষ্টাঙ্গে প্রণাম কত[২৩] করে ক্ষেণে ক্ষেণে[২৪]।
তবে সে চরণধুলি তুলি[২৫] সাবধানে   কথা[২৬] থোব কি করিব হেনঞি না জানে।
তবে সেই ধুলা লএ আপন কপালে   বিধির লিখন তবে[২৭] মোছে সেই কালে[২৮]।
হেনমতে পাত্র গেলা নন্দের দুআরে   সে বেলাএ অস্তাচল[২৯] গেলা দিবাকরে।
কংসপাত্র নামে কিছু ডরাইলা নন্দে   শুনিঞাঁ অক্রুর নাম পাইল[৩০] আনন্দে।
সম্ভ্রমে উঠিঞাঁ[৩১] নন্দ গেলা আগুসরি   দোঁহারে ভেটিল[৩২] দোঁহে আপনা পাসরি।
চলিতে দোহাঁর[৩৩] কেহো আগু[৩৪] নাহি জাই[৩৫]   দোঁহে দোঁহো[৩৬]-অনুরোধে রহিলা দাণ্ডাই[৩৭]।
হাসিঞাঁ আনেক দোঁহে কইল[৩৮] বিচারে   হাথাহাথি সোঁসরে চলিলা অভ্যন্তরে।

১ এ মহাসএ  ২ পা অনেক  ৩ এ অষ্টাঙ্গে  ৪ পা প্রণাম  ৫ ঐ ভিজি  ৬ পা অতিরেকে  ৭ এ কহিব  ৮ ঐ অস্ফুট  ৯ পা দআঅ  ১০ পা-এ নাই  ১১ এ বেলাএ হব  ১২ পা হব  ১৩ ঐ পরিমাণে  ১৪ এ স্থানে  ১৫ এ কুলে  ১৬ অতঃপর পা-এর অতিরিক্ত, আচম্বীতে কৃষ্ণের চরণচিহ্ন পাএ। ধ্বজ ব্রজাঙ্কুশ-আদী নানা চিহ্ন তাহে।  ১৭ এ প্রভুর  ১৮ পা ব্রজা  ১৯ এ পদ্ম  ২০ ঐ শ্রাবণের মেঘ  ২১ পা দুটী  ২২ পরবর্তী ছত্রটি পা-এ নাই  ২৩ পা-এ নাই  ২৪ এ ঘনে২  ২৫ পা তোলে  ২৬ ঐ কোথা  ২৭ পা-এ নাই  ২৮ পা ছলে  ২৯ ঐ অস্ত  ৩০ এ হইলা  ৩১ পা উঠিলা  ৩২ ঐ ভেঁটিল  ৩৩ এ কাহারো  ৩৪ পা আগে  ৩৫ এ চলে  ৩৬ ঐ দুহে দুহার  ৩৭ এ সেই স্থলে  ৩৮ পা করিল

আদরে অতিথপুজা কইল জথাবিধি   জনম-দরিদ্র জেন পাইল নব[১]-নিধি।
আখের নিমিখে[২] নন্দ করাইল রন্ধনে[৩]   নানাবিধি অন্নপানে করাল[৪] ভোঁজনে।
সুগন্ধি চন্দন মাল্য কর্পুর তাম্বুলে   ভূষিঞাঁ তুষিঞাঁ[৫] কিছু বলএ অক্রুরে।
শুন শুন মহাপাত্র মোর বড় ভাগ্য[৬]   মোর ঘর পাইল তোহ্মার[৭] পদ-লাগ্য[৮]।
বড়ই সে রাজা তার কি কহব গুণে   তোহ্মা[৯] হেন মহাপাত্র পাইল[১০] কত পুণ্যে[১১]।
জেন এক চন্দনে[১২] ভূষিত মলঅ   তেন তোহ্মা[১৩] পাত্রে[১৪] ধন্ত[১৫] কংস মহাশঅ।
জেন এক তুলসীতে পুজা-ফুল-শোভা   তেন. তোহ্মা[১৩] পাত্রতে পবিত্র[১৬] কংসসভা।
সে তুহ্মি[১৭] আপনে মোর ঘরের[১৮] অতিথে[১৯]   না চাহিতে বিধি নব নিধি দিল হাথে।
তভো[২০] পাপ মোরের[২১] লোভকে ঠাঞি নাহি[২২]   শুভ-আগমন-কথা[২৩] শুধাবারে চাহি।
এতেক নন্দের কথা শুনিঞাঁ পাত্রবরে   হাসিঞাঁ হাসিঞাঁ কিছু কহিল উত্তরে।
অদভুত[২৪] দৈবজোগ কহিতে না জানি   আহ্মি[২৫] কহিবার বেলে পুছিলে[২৬] আপুনি।
রাজা এক বীর ধনুর্মঅ মহোৎসবে[২৭]   এক জোগে সাজিঞাঁ জাইবে তোহ্মা[২৮] সভে[২৯]।
রাম কৃষ্ণ দুই ভাই সেহো জাব সঙ্গে   তা সবা দেখিতে রাজার বড় রঙ্গে।
হেন বেলে উত্তরিলা রাম দামোদরে   স্বর্গে[৩০] হইতে আইল জেন অশ্বিনীকুমারে[৩১]।
হাথাহাথি দুই ভাএ নানা রঙ্গে আইসে[৩২]   বসন্ত-সহিত জেন কাম পরকাশে।
তা দেখিঞাঁ পাত্রবর হরিল গেআনে   কি করিব কি বলিব একোই[৩৩] না জানে।
আনন্দে লোহের[৩৪] বান্ধে[৩৫] দেখিতে না পাএ   জতেক মুছি[৩৬] ততেক উছলিঞাঁ[৩৭] জাএ।
আতিরসে অনাঅতে[৩৮] সব[৩৯] কলেবরে   আনন্দে বান্ধিল জিহি না ফুটে আখরে[৪০]।
প্রেম-আতিরেকে[৪১] বিড়ম্বিল পাত্রবরে   আপনার দেহ নহে আপন গোচরে।
মনে মনে আপনারে অধিক্ষেপ[৪২] করি   কান্দিঞাঁ[৪৩] পড়িতে তাহে ধরিল শ্রীহরি।

১ এ মহা   ২ এ নিমিষে   ৩ পা রন্ধন   ৪ ঐ করাইল   ৫ ক. খ হাসিঞা হাসিঞা   ৬ এ ভাগি, ক. খ ভাগে   ৭ পা তোমার   ৮ এ লাগি, ক. খ লাগে   ৯ পা তোমা   ১০ এ পাঠাইল   ১১ পা পুন্নে   ১২ এ চন্দনের   ১৩ পা তোমা   ১৪ ঐ মো মানো   ১৫ পা ধন্ন্য   ১৬ এ উজ্জল   ১৭ পা তুমি   ১৮ এ ঘরে জে   ১৯ পা অথিথে   ২০ ঐ তভু   ২১ পা মনের   ২২ ঐ লোভেতে নাই ঠাই   ২৩ এ কি কারনে আগমন   ২৪ পা অদ্ভুত   ২৫ ঐ আমি   ২৬ পা কহিলে   ২৭ ঐ মহোৎসবে   ২৮ পা চলিবে তুমী   ২৯ পা-এ নাই   ৩০ পা শুলুঙ্গ   ৩১ ঐ অশ্নিনকুমার   ৩২ পা আসে   ৩৩ ঐ হেনঞি   ৩৪ পা লোহতে   ৩৫ এ বাদে   ৩৬ পা পুছি   ৩৭ ঐ উথলিঞাঁ   ৩৮ ঐ অতিরসে অনাঅনাঅতে   ৩৯ এ অবস হইলা   ৪০ ঐ বারিল জিভা না ফুরে উত্তর, পা আথ   ৪১ পা অতিরেকে   ৪২ ঐ ক্ষেম   ৪৩ এ কম্পিঞা

তবে কৃষ্ণ প্রেমে দিল গাঢ় আলিঙ্গনে   আনেক জতনে তাহে[১] থাপিল আসনে।<br>
তবে রাম কৃষ্ণ বইসে নন্দঘোষ-পাশে   তা দেখি সকল লোক প্রেমরসে ভাসে।<br>
জবে কৃষ্ণ পুছিল[২] সে মধুর[৩]-বচনে   কুশলপূর্বক কিছু পুছিল বিধানে।<br>
পাত্রবর সঙ্কোচে করিঞা পুটাঞ্জলি   প্রেমগদগদ-স্বরে কহিল সকলি।<br>
কংসের আদেশকথা শুনাইল নন্দে   ভাল ভাল করি হাসি উঠিলা[৪] সানন্দে।<br>
তা শুনিঞাঁ বলভদ্র বড়ই উল্লাসে   নন্দ জশোদাএ মা বাপের বিষাদে[৫]।<br>
মা[৬] বাপের[৬] বিষাদ[৬] দেখিঞাঁ দুই ভাই   হেলাএ হাসিঞাঁ[৭] কিছু দোঁহারে বুঝাই[৮]।<br>
হরিষের কাজে কেনে মানহ বিষাদে   কত ভাগ্যে পুণ্যে পাই রাজার পরসাদে।<br>
কংসাসুর মহারাজা জার নাম করে   তার সম ভাগ্যবন্ত[৯] নাহি সুরাসুরে[১০]।<br>
হেন[১১] কংস আপনে[১২] পাঠাএ পাত্রবরে   ইথে[১৩] কি আপনারে না বাসহ[১৪] সফলে।<br>
নগরে ঘোষণা দেহ বাজু[১৫] রণতুর   এক ঠাঞি জড়[১৬] হউ[১৭] গোকুলনগর[১৮]।<br>
প্রভাতে চলিব[১৯] বলি দেহত হাঁকারে[২০]   নানাবিধি সর্জ[২১] কর রাজ-উপহারে[২২]।<br>
আহ্মা[২৩] দেখিতে জবে[২৪] চাহে[২৫] নরপতি   আজতনে সিদ্ধ হঁউ[২৬] মনের জুগতি[২৭]।<br>
আলপ বএসে হব রাজ-দরশন[২৮]   জশ[২৯] ধন ধর্ম হব[৩০] রহিব ঘোষণ[৩১]।<br>
কত দিন[৩২] আছে সাধ দেখি[৩৩] মধুপুরে   আহ্মার[৩৪] কেবল ভাগ্য[৩৫] আইলা অক্রুরে।<br>
এত নানা বচনে তুষিঞাঁ পাত্রবরে   সভেঁ[৩৬] জথাজোগ্য স্থান[৩৭] চলিলা সত্বরে[৩৮]।<br>
গোপালবিজঅ[৩৯] শুন অক্রুর-আগমন   দাস্যরসে রসিকের আতি[৪০]-মনোরম।<br>
কহে কবিশেখর পিরিতি বড় বোল   মোর বুইলে মোর নহে নন্দের[৪১] কিশোর॥

॥ শ্রী[৪২] ॥

হেথা রাধা-আদি জত গোকুল[৪৩]-নাগরী   সঙ্কেত[৪৪]-নিকুঞ্জ জাএ লাসবেশ করি।<br>
হেন বেলে চারি দিগে বাজে[৪৫] রণতুর[৪৬]   তা শুনি গোপীর মন করে দুরদুর।

১ এ তাকে ২ পা পুচীল ৩ ঐ মধু ৪ পা উঠেলা ৫ ঐ বিসাদ ৬ পা-এ নাই ৭ এ আসিঞা ৮ এ সোধাই ৯ পা °বান ১০ এ কোন স্থানে ১১ পা সে ১২ এ আপনার ১৩ পা ইহাতে ১৪ ক. ক বাস ১৫ পা বাযুক ১৬ ঐ জত ১৭ পা হঅ ১৮ এ সকল গোকুল ১৯ পা চলিঞা জাব ২০ ঐ দে হকার ২১ পা সজ্জ ২২ ঐ উপহার ২৩ এ আমাকে, ক. খ আমারে; পা আমা ২৪ পা জেবা, এ চাহে ২৫ এ কংশ ২৬ ক. খ হইল ২৭ এ আরতি ২৮ পা দর্ষন ২৯ ঐ জত ৩০ ক. খ হইব ৩১ পা ঘোষনে ৩২ এ বড় মোর ৩৩ এ জাব, পা দেখিতে ৩৪ পা আমার ৩৫ এ ভাগ্যের বলে ৩৬ এ সঙ্গে ৩৭ পা জথাস্থানজোগ্য ৩৮ ঐ সত্বর ৩৯ এ শ্রী- ৪০ পা রসীক অতি ৪১ ঐ শ্রীনন্দ- ৪২ পা-এ নাই ৪৩ এ গোপ ৪৪ পা-এ নাই ৪৫ ক. গ করে ৪৬ এ, ক. খ, ক. গ °তুর

কেহো বোলে সভার[১] ঘরের[২] স্বামী মেলি নিজ নারী[৩] রাখিঞাঁ ধরিব[৪] বনমালী।
তবে সভেঁ দিব নিঞাঁ রাজার দুআরে প্রাণ জাইতে[৫] কেবা কোন আকাঙ্ক্ষা না করে।
কেহো বোলে[৬] বিকালে শুনিল এক কথা রাজার কোন[৭] মহাপাত্র আসিঞাঁছে হেথা।
তার লাগি কোন কাজে পড়এ[৮] ঘোষণা না জানিএ কিবা[৯] আর করিছে[১০] মন্ত্রণা।
কেহো বলে আহ্মি[১১] দেখিঞাঁছি রাজপথে কে এক পুরুষ আইল পাছু[১২] তার রথে।
কেহো বলে সে রথ দেখিল নন্দদ্বারে না জানিএ সে লোক রহিল কার ঘরে।
নন্দদ্বারে রথ শুনি রাধিকা[১৩] সুন্দরী জরিঞা[১৪] বসিলী মনে কাঁপি থরহরি[১৫]।
হরি হরি করিঞাঁ কপালে দিল হাথে পাছে কেহো[১৬] কোন চক্র কইল[১৭] প্রাণনাথে।
এত নানা অনুমানি চতুর গোপিনী সঙ্গে আর সখী দেখি পুছিল কাহিনী।
কি শুনি[১৮] কি শুনি[১৮] সখী তোহ্মার ওঁদিশে[১৯] আচম্বিতে বাদ্য বাজে কি কাজ-বিশেষে।
সখা বোলে রাধা[২০] আহ্মি[২১] শুনিল বাজনা জারে পুছি সমতি না দেই কোন[২২] জনা।
জেই জাএ সম্ভ্রমে[২৩] বসন নাহি পড়ে[২৪] আসিতে তাহার পাওঁ আগু নাহি পড়ে।
পুছিতে নিশ্বাস ছাড়ি রহে হাস্য করি কি আর সোধাসি[২৫] বলি জাএ মাঝা ধরি।
প্রতি-ঠাঞি প্রতিপথে লোক পাঁচ সাতে কি জানি মন্ত্রণা করে নারিল জানিতে।
জথা জাই তথা মোরে না করে বিশ্বাসে মিছা পাঁচ কথা কহি পেলাএ উদাসে।
এতেকে জানিল বিধি লাগিল বিবাদে গোপনারী লঞাঁ কিবা পড়িল প্রমাদে।
এতেক সখীর বোল শুনি রাধা[২৬]-রাণী কি করি কি বলি হেনঞি না জানি[২৭]।
তবে রাই নিশ্বাস ছাড়িঞাঁ কিছু কহে শুনিতে শুনিতে আখের লোহ নাহি রহে[২৮]।
সব সখী অনুমানি কি বুঝিলে কাজ প্রভু নিতে কাহারে পাঠাইল কংসরাজ।
দৈবজোগে জদি[২৯]বা[৩০] আইল দুতজনে তবে কি[৩১] কাজ করিবে[৩২] কর[৩৩] অনুমানে[৩৪]
এ সব অনাথী[৩৫] গোপ[৩৬]-জুবতীরে[৩৭] মারি[৩৮] মথুরার পথে পাওঁ বাঢ়ব[৩৯] শ্রীহরি।

১ এ কাহার ২ পা ঘরে ৩ এ নারিকে ৪ ঐ ধর ৫ এ লইতে ৬ পা বলে ৭ ঐ কে ৮ পা পড়িছে ৯ ঐ জানি কি ১০ পা সে- ১১ ঐ আমি ১২ পা গেল পাছে ১৩ ঐ রাধি ১৪ এ জানিঞা ১৫ ঐ সাত পাঁচ করি ১৬ পা-এ নাই ১৭ পা করে ১৮ ঐ শুন ১৯ পা তোমার ওঁদিগে, এ ওদিসে ২০ এ সখি ২১ পা আমি ২২ এ এক ২৩ পা সভ্রমে ২৪ ঐ পরে ২৫ পা সোধাহ ২৬ ক.খ নন্দ ২৭ পা জানে ২৮ ক.ক বলে ২৯ পা জবে ৩০ পা-এ নাই ৩১ পা না- ৩২ ক.ক করি ৩৩ পা -না উপা ৩৪ ক.খ এতেক নিদারুন হব কানে ৩৫ ক.ক অনাথিনি ৩৬ ক.খ গোপি ৩৭ পা জুবতি ৩৮ ক.খ মানি ৩৯ পা পড়ব

কেহো বোলে[১] আনেকেসি[২] এ[৩] বোল নহিএ[৪] এখন[৫] বিধির না জানিল হৃদএ[৬]।
আতিবড় লাভলোভ বিধাতা না সহে আবশী[৭] পাষণ্ডে[৮] হুঅ[৯] জানি সব ঠাঞে[১০]।
কথা[১১] গোপ বনচারী কথা[১১] লক্ষ্মীনাথে ইথে[১২] কথো দিনে বিধি রাখিব সোআথে।
কেহো বোলে কোন ছার বোল মুখে আনে[১৩] মোর প্রাণপ্রভু নিবে[১৪] কাহার পরাণে[১৫]।
ইহাই দেখিঙ[১৬] এত কাহার প্রভাবে ষোল শত গোপী জীতে কৃষ্ণ লঞাঁ জাবে।
কৃষ্ণ লঞাঁ পলাইব বৃন্দাবন-মাঝে নিকুঞ্জ-ভিতরে[১৭] সে রাখিব দেবরাজে।
এক কুঞ্জ ভিতরে নিবিড় অন্ধকারে[১৮] তাহে কৃষ্ণ চিনিবেক[১৯] কমন[২০] প্রকারে।
পাটে বসি মিছাই করু[২১] বীরদাপে চাহিঞাঁ[২২] না পাবে[২৩] লাগ[২৪] কংসের বড় বাপে।
জবে দৈবজোগে প্রভুর লাগ পাএ সব গোপী মেলিঞাঁ রাখিব[২৫] গাএ গাএ।
জবে প্রাণনাথ লঞাঁ[২৬] পড়িব সংশএ[২৭] সে বেলাএ কাহারে করিব লাজ ভএ।
বাছিঞাঁ নশান কাঁতি সভে নিব হাথে মাঝে কৃষ্ণ রাখিঞাঁ রহিব চারিভিতে।
জবে কেহো প্রাণনাথ পরশিতে[২৮] আসে তিরিবধ দিব তারে আখের নিমিষে[২৯]।
আতিবড়[৩০] বোধে[৩১] কংস আপনে আসিব আগু লাখ গোপী মারি পাছে কৃষ্ণ নিব।
এক গোপী বুলে[৩২] ভাল কইলে অনুমানে আগে মূল-শোধ[৩৩] নেহ[৩৪] পাছে রোষ[৩৫] আনে।
স্বরূপ বারতা[৩৬] লই জাউ[৩৭] প্রভু-ঠাই কাজ বুঝি প্রতিকার চিন্তিব[৩৮] তথাই।
এত অনুমানি গোপী জাঅ আলখিতে এক সখী কান্দিঞাঁ সমুখে উপনীতে।
জার ঠাঞি জাই তার[৩৯] পাইল লাগে সন্ধর্ভে সকল কথা কহে রাধা-আগে।
কৃষ্ণের গমনকথা শুনিঞাঁ নিশ্চএ সভার গলা ধরি সর্ভেঞি কান্দএ।
কত কত জনমে[৪০] কতেক তপ[৪১] কইল তার ফলে কৃষ্ণ হেন প্রাণনাথ পাইল।
কোন দুখ[৪২] না সাধিল গোপনারী হঞাঁ লক্ষ্মীরেহোঁ[৪৩] হাসিথাঙ সোহাগ শুনিঞাঁ।
না জানিএ কোঁন তাহে খণ্ডব্রত কইল সুর[৪৪] গুরু গো[৪৫] ব্রাহ্মণ কত কদর্থিল।

---

১ ক. খ বিনে ২ পা অনেকেসি, ক. খ অনিকেশ ৩ ক. খ এহো ৪ পা, ক. খ নহে ৫ পা কখন ৬ ঐ হৃদঅ ৭ পা আবশ্য ৮ ঐ পাসণ্ড ৯ ক. ক পড়ে ১০ পা ঠাঞি ১১ ঐ কোথা ১২ পা এই থে, ক. ক ইথি ১৩ পা আন ১৪ ঐ -সে ১৫ পা পরাণ ১৬ ঐ দেখি ১৭ পা ভীতেরে ১৮ ঐ অন্ধকার ১৯ ক. ক চিনিব ২০ পা কম ২১ ঐ করুক ২২ ক. ক চাহিতে ২৩ পা তা না পার ২৪ পা-এ নাই ২৫ ক. ক থাকিব ২৬ ক. খ প্রাণেশ্বর বলিঞা ২৭ পা সংসঅ ২৮ ক. খ ছুইতে ২৯ পা নিমিখে ৩০ ঐ অতি বড় ৩১ পা সে ৩২ ঐ বলে ৩৩ পা সিদ্ধ, ক. ক সোধ ৩৪ ক. ক কর ৩৫ ঐ দোষ ৩৬ পা বর্ত্তা ৩৭ ক. ক লঞা জাহ ৩৮ পা করিব ৩৯ ক. ক জাহার চাইতেছি তবে ৪০ পা -সে ৪১ ঐ কত ততপ ৪২ পা মুখ ৪৩ পা লক্ষ্মীকেহোঁ ৪৪ ঐ শুক্র ৪৫ পা-এ নাই

বড় দুল্লভের[১] মোর কানুর পিরিতি   তাহে হেন ছার বোল শুনি আচম্বিতি।
আকাল জমের দণ্ড কে মারিল মাথে   গোপিকা দগধি[২] নহে কাহার সোআথে।
কার[৩] মুখে নিকলিল[৪] হেন কাল বাণী[৫]   গোপী ছাড়ি জাইবেক[৬] রসিকশিরোমণি।
এ ছার কঠিন[৭] প্রাণ কেনে নাহি জাএ   আদেখ দেখাঅ কত আগুন[৮] শুন[৯] পাএ[১০]।
আন নহে[১১] বিধাতা লাগিল সব মতে[১২]   কত ঠাঞি কি করিব মানুষ-শকিতে[১৩]।
দারুণ বিধির দআ এক ধান[১৪] নাঞি   দুখের উপর দুষ্‌খ[১৫] একু বেলে দেই[১৬]।
একে সে রূপসী আর পহিল জৌবন   আরে রস বুঝাইল কমললোচন।
তাহে আতি[১৭]-পিশুনের বিষম[১৮] মদন   আরে সে বসন্তকাল[১৯] আরে বৃন্দাবন।
ইথি প্রাণনাথ জার দুর পরবাসে   অনাথী[২০] গোপিনী জীব কার আশোআসে।
হেন নানা বিষাদে করিঞা গোপনারী   সঙ্কেতনিকুঞ্জে জাঞা ভেটিলা[২১] মুরারি[২২]।
দেখিঞা গোপীর আতি[২৩]-বিরস বদনে[২৪]   হাসিঞা[২৫] চতুর কানু পুছে ঘনে ঘনে।
আজি কেনে সভাকার বিরস বদন   হেঠমাথে নিশ্বাস ছাড় কি কারণ।
ভালমতে মুখ[২৬] তুলি কেনে নাহি চাহ   কি লাগি হাসিঞা বোল দুই নাহি কহ।
হেঠমাথে উশসি উশসি কেনে কান্দ   কভোঁ[২৭] নাহি তোহ্মা[২৮] সব দেখি হেন ছান্দ।
এত জবে সভারে পুছিল জদুরাএ   সম্মতি[২৯] না দেই কেহো[৩০] কান্দে উভরাএ।
তা দেখি দআতে কৃষ্ণ রাধা কৈল[৩১] কোলে[৩২]   মুখ তুলি লোহ পুছে[৩৩] নেতের আচলে।
হাসিঞা মধুর বোলে পুছে ঘনে ঘনে   মিছা[৩৪] কেনে প্রিআ সব কান্দ অকারণে।
এত শুনি রাধা কহে গদগদ-স্বরে   হাসাহ কান্দাহ তুহ্মি[৩৫] কি বোধিব[৩৬] পরে।
আর প্রিআ বলি গোপী ডাক কোন লাজে   এখন কি ই আর গোপী-সনে[৩৭] কাজে।
জেখানে সে মথুরার রমণী-রূপগুণে[৩৮]   সেখানে কি[৩৯] গোপিকার[৪০] করিব বাখানে[৪১]
তাবত সে ভ্রমরা কুটজ[৪২] মধু ভাএ   জাবত সে মালতীর গন্ধ নাহি পাএ।

১ পা দুর্লভ ২ ক. ক না জিলে ৩ পা কাহার ৪ ঐ উঠে ৫ পা কু- ৬ ক. ক জাবেন ৭ পা কঠেন ৮ ঐ অগুন ৯ পা-এ নাই ১০ পা শুনাঅ ১১ ক. ক আনহে ১২ পা ষরমেতে ১৩ ক. ক সকতে ১৪ পা তিল, ক. ক এক ধান দআ ১৫ ক. ক দুখ দিতে কত দুখ ১৬ পা দেহ সব ঠাই ১৭ ঐ অতি ১৮ পা-এ নাই ১৯ ক. ক ঋতু ২০ পা অনাথিনি ২১ ঐ ভেঠেলা ২২ ক. ক গেলা সভে লাষ করি ২৩ পা অতি ২৪ ঐ বদন ২৫ পা হাসী ২৬ ঐ মু ২৭ পা কভূ ২৮ পা তোমা ২৯ ঐ সন্মতি ৩০ পা গোপি ৩১ পা-এ নাই ৩২ পা -করি ৩৩ ক. ক মুছে ৩৪ পা মীথা ৩৫ ঐ তুমি ৩৬ পা মিথা দোস ৩৭ ক. ক গোপির সঙ্গে ৩৮ ঐ নাগরির বিদ্গাদপনে ৩৯ পা সে ৪০ ক. ক গোপি বল ৪১ পা কথা কেবা মুনে ৪২ ঐ ভ্রমরা সে কুটস

তাবত পিত্তল পরি নানা পরকারে   জাবত সে না পাই সুবর্ণ-অলঙ্কারে।
মথুরার নারীর শুনি বিদগ্ধপনা   কমন[১] রসিকে নাহি পাসরে আপনা।
তাহে তুহ্মি[২] সহজে রসিকশিরোমণি   তুহ্মি[২] জে[৩] তা[৪] দেখ শুন[৫] এই সে প্রমাণী।
ইথি সবে[৬] ছার মনে[৭] দুখ করি[৮] মানি[৯]   কংসদূত বলি মিথ্যা তোষহ আপুনি[১০]।
কেবা কাজ-বশে[১১] প্রভু কথা[১২] না[১৩] জাইএ   কেবা দুখ সুখ সব নারীকে[১৪] না কএ[১৫]।
আহে আন হেন নহে গোকুল-নাগরী   শিশুকাল হইতে কত করিল বাগুড়ি[১৬]।
কুলবধু হঞা স্বামীর[১৭] পাশ নাহি জাই   ঘর বলি[১৮] তিলেক সোআথ নাহি পাই।
ভোখে ভাত শোষে পানি কভো[১৯] নাহি খাই   ঘরে পরে মুখ তুলি কভো[১৯] নাহি চাহি।
ছাআসম তোহ্মারে[২০] না ছাড়ি রাতি দিনে   তোহ্মা[২১] বহি গোপীজন আন নাহি জানে।
কে জানে গোপীর[২২] কেনে আন নাহি[২৩] ভাএ   জাতিপ্রাণ[২৪] করিঞা
ধরিল তোহ্মা[২৫] পাএ।
তুহ্মি[২৬] জদি পরিহর কি বলিতে পারি   ঘুচাইলে নাহি ঘুচে দআর ভিখারি।
সভার জীবার আছে নানা পরকারে   কত বা সুখের হেতু আছএ[২৭] সংসারে।
বিধি-সঙ্গে গোপীর কতেক বাদ ছিল   কেবল তোহ্মারে[২৮] সব হেতু[২৯] করি দিল।
মেঘের বিহনে জেন তড়িত না জীএ   জলের বিহনে জেন মাছ নাহি জীএ।
চান্দের বিহনে জেন না রহে[৩০] চন্দ্রিকা[৩১]   তেন তোহ্মা[৩২] বিনু কিছু না হএ গোপিকা।
জাবত চন্দনে গন্ধ তাবত সোহাগ   গন্ধ না থাকিলে কাষ্ঠ হএ অগ্নি-লাগ।
তুহ্মি[৩৩] না থাকিলে তেন সকল গোকুলে   লাখকের হঞা নহি নিখকের[৩৪] মুলে[৩৫]।
শিব শিব গোপীনাথ কি ফুরিল মনে   বৃন্দাবন ছাড়ি[৩৬] পাএ বাঢ়াবে[৩৭] কেমনে[৩৮]।
এত জবে কান্দিঞা[৩৯] কহিল রাধারানী   নিশ্বাস ছাড়িঞা[৪০] কিছু কহে চক্রপাণি[৪১]।

১ ক. ক কেমন ২ পা তুমি ৩ পা-এ নাই ৪ পা তাহা ৫ ক. ক দেখল ৬ পা কোন ৭ ঐ হেন মনে ত ৮ পা হেন ৯ ঐ মনে ১০ পা বঞ্চহ রজনি, ক. ক ভৃঙ্গ বহি মালতী কে বিলসিব আনে ১১ পা বিষে ১২ ঐ কোথা ১৩ পা কে- ১৪ ক. ক নারিবে ১৫ ঐ লুকাএ ১৬ ক. ক বাগড়ি ১৭ পা স্বামী ১৮ ঐ ঘরে পরে ১৯ পা কভু ২০ ঐ তোমারে ২১ পা তোমা ২২ ঐ গোপী ২৩ ক. ক কিছুই না ২৪ ঐ প্রানধন ২৫ পা তোমা ২৬ ঐ তুমি ২৭ পা আছে ২৮ ঐ তোমারে ২৯ ক. ক সবঞ্চি ৩০ ক. ক জিএ ৩১ পা চন্দ্রকা ৩২ ঐ তোমা ৩৩ পা তুমি ৩৪ ক. ক নিথকে ৩৫ ক. ক, ক. খ মূস ৩৬ ক. ক ছাড়ে, পা ছাঞা ৩৭ পা বোড়াবে ৩৮ ঐ কাহ্নাই ৩৯ পা নানা বিধানে ৪০ ঐ ছাঞা ৪১ ক. ক কহিল আপুনি

গোপালবিজঅ শুন বিরহ-অবতার জা শুনিলে[১] নিকটে হএ নান্দের কুমার।
কহে কবিশেখর দেখহ[২] অনুভবে গোপীসম অনুরাগ[৩] না হইল না হবে॥

॥ ধানশী[৪] ॥

কৃষ্ণ বলে রাধিকা বিষাদ[৫] দুর কর[৬] রসের কারণে বিরস[৭] সাদ কেনে কর।
কেমতে জানিলে আহ্মি[৮] জাব মধুপুরে[৯] কেমতে বা গেলাঙ তোহ্মার[১০] অগোচরে[১১]।
জে কংস আজন্ম হইতে মারিতে আইসে মাআরূপে অসুর পাঠাএ রাতিদিসে[১২]।
জার ভএ বনেহোঁ সোআথ না পাই নানামতি[১৩] রাতিদিন জাগিঞাঁ নেআই[১৪]।
অচম্বিতে সতিসাধে জাব তার ঠাই এ হেন বোলে[১৫] কি তোহ্মার[১৬] মনে পাতিআই।
বিধাতা না দেই কারে সুখ ভুঞ্জিবারে কাহারে বা আপন জীবিত লাগি ভারে।
সিংহ হঞাঁ কে জাবেক শরভের[১৭] কাছে হাথে হাথে প্রাণ দিব হেন কেবা আছে।
এথাএ সোআথে থাকি এই বড় ভাগ্যে সতিসাধে কোন ছার জাব তার আগে।
আন নহে কাজ বোলে সোধাই তোহ্মাএ[১৮] মধুপুরী আহ্মি[১৯] জাব এহো[২০] মনে লএ।
তবে আহ্মি[১৯] আসিতে শুনিল এ কথা রাজার কে[২১] মহাপাএ আসিঞাঁছে[২২] এথা।
ধনুর্মখ মহোৎসব[২৩] করিব মহারাজে প্রভাতে সকল লোক জাব নানা সাজে।
তার মাঝে কংসলোক এ বোল তোলাএ রাম কৃষ্ণ আবশি আনিবে মোর ঠাএ[২৪]।
এহো বোল তোহ্মার[২৫] কি[২৬] মনে আসোআথে গোকুল ছাড়িঞাঁ জাএ গোকুলের নাথে।
তোহ্মা[২৭] সভা হেন জে চতুর গোপীজনে[২৮] সে সবে[২৯] ভুলিলা আনেরে কিবা মনে[৩০]।
ঘুণাক্ষর ন্যাঅ জবে[৩১] সেই বোল হইল দুষ্ট রাজার আজ্ঞা জদি[৩২] লঙ্ঘিতে নারিল[৩৩]।
তোহ্মা[৩৪] সব প্রিএ আগে রথে করি তলি[৩৫] তবেসি বাড়াবে পাওঁ প্রিঅ বনমালী[৩৬]।
হেথা নানা বচনে তুষিঞাঁ গোপীগণে করিল বিবিধ কেলি আতি[৩৭]-বিলক্ষণে।

১ পা শু[নিলে] ২ ঐ দেখ ৩ পা ভব ৪ পা-এ নাই ৫ পা বিসাপ ৬ ঐ বিহর ৭ পা দেবী ৮ ঐ আমি ৯ পা মধুপুর ১০ ক. ক তোমার ১১ পয়ারের অংশটি পা-এ নাই ১২ পা 'দিনে ১৩ ঐ 'রূপে ১৪ ক. ক বেড়াই ১৫ পা বো- ১৬ ঐ তোমার ১৭ পা সরভেরমা, ক. ক সবতের ১৮ পা তোমাকে ১৯ ঐ আমি ২০ ক. ক তোমার ২১ পা ষে- ২২ ক. ক নন্দ ঘোষ নিবারে অক্রূর আইলা ২৩ ক. ক মহাযজ্ঞ ২৪ পা ঠাঞি ২৫ ঐ তোমার ২৬ ক. ক অবুধ লোক ২৭ পা তোমা ২৮ ঐ গোপনারি ২৯ পা সব ৩০ ঐ কি বলি ৩১ পা জদী ৩২ ঐ জদি আজ্ঞা ৩৩ পা না পারি ৩৪ ঐ তোমা ৩৫ ক. ক করি ৩৬ ঐ সে বিচার পায় মথুরা নগরি ৩৭ পা অতি

হবেক বিরহ-দুষ্খ[১] হৃদএ ভাবিঞাঁ। দৃঢ় আলিঙ্গন দিল নিশ্বাস ছাড়িঞাঁ।[২]।
কোন ভাগ্যবতীর বিরহ-আসোআথে থান বুঝি নখাঘাত দেই আলখিতে।
কাহাকে বিরহমোহে কোলে করি কান্দে শুধাইতে আন কথা প্রবন্ধ আন ছান্দে।
হেনমতে পরিহাস বঞ্চিল গোপিনী নিমিষ-অধিক গেল বসন্তরজনী।
নিশি-অবসান বুঝি রাধিকা স্থন্দরী জামিনী জমুনা লক্ষ্যে ভরছে শ্রীহরি।
হের বলি জামিনী তুহ্মি[৩] সে প্রাণসখী[৪] কান্থর গুপত প্রেমে তুহ্মিত্ত মোর সাখী।
এক তোর সহাএ[৫] পাইল গুণ[৬]-নিধি আর[৭] তোর পরসাদে[৮] সাধিল সব সিধি।[৯]
তোহ্মার আহ্মার[১০] তপ কৈল এক ঠাই তার ফলে পাইল জে[১১] রসিক কানাঞি।
এখন সে গোপী[১২]-নাথ তেজে[১৩] গোপী[১৪]-জনে প্রভাতে মথুরা[১৫] জাব শুনি নিজ কানে
ইথি দআ দেখি বোল কহ[১৬] এক[১৭] ধান[১৮] আসহাএ গোপীজনে দেহ জীউ-দান[১৯]।
বৃন্দাবন ভরি হের[২০] রহ কথো কাল প্রভাতে মথুরা জাইতে[২১] না পাঁউ গোপাল।
এক সখী বোলে শুন রাধা অচেতনী জমুনা থাকিতে[২২] কেনে সাধহ জামিনী।
জার বাপ স্থরুজ উইলে[২৩] দিন হএ উদঅ নহিলে[২৪] রাতি জাবত সমএ।
এত শুনি রাধিকা জমুনা নদী সাধে তা দেখিঞাঁ।[২৫] কান্থরে সে পরম দআ বাধে।
তোহ্মাতে আহ্মাতে[২৬] তপ কইল এক ঠাই তার ফলে স্বামী পাইল নাগর[২৭] কানাঞি।
আহার বিহার নানা কৌতুক লীলাএ রাতি দিনে সে লাগ[২৮] না ছাড়ে তোর ঠাএ[২৯]।০
তোর বোল লাগি জারে[৩০] ঘর নাহি ভাএ তোর রম্য ফল বিন্থ অমৃত না খাএ[৩১]।
জে জন তোহ্মার লাগি[৩২] দাবানল পিএ ঝাঁফ দিঞাঁ প্রাণপণে কালি নিকালএ[৩৩]।
সে হরি নিশ্চএ জাব কালি মধুপুরী ধিক জাঁউ[৩৪] দোঁহার জীবন এতি[৩৫] বেলি।
অনাথী গোপীরে ইথি কর এক গুণ হেলে সব সিদ্ধি সাধ[৩৬] নেহ জশপুণ[৩৭]।
বাপ দিনকর-ঠাঞি করগা[৩৮] বিনঅ মোরে জদি[৩৯] চাহ তবে না করিহ[৪০] উদঅ।

১ পা মুখ ২ ঐ ছাঞা ৩ পা তুমি ৪ এ প্রানাধিকী ৫ ক. ক এক ত স্যাহায় ৬ ঐ শুন ৭ এ একা ৮ পা সহাএ ৯ পরবর্তী ছত্রটি পা-এ নাই ১০ এ তোমার আমার ১১ ঐ পতি ১২ এ প্রাণ ১৩ ঐ তেজিব ১৪ এ সখি ১৫ পা মরথুরা ১৬ এ শুন ১৭ পা-এ নাই ১৮ এ বার ১৯ এ গোপিনীর করহ নিস্তার ২০ ঐ নিশি ২১ পা মরথুরা জাতে ২২ ক. ক, এ ছাড়িঞা ২৩ পা হইলে ২৪ ঐ না কলে ২৫ পা শুনি ২৬ ঐ তোমাতে আমাতে, এ তোমার আমার ২৭ পা করিল ভিল ২৮ এ জেন ২৯ পা পাএ ৩০ ঐ জাহে ৩১ পা চাহে ৩২ এ দআয় তোর, পা তোমার- ৩৩ পা নিকালিল ৩৪ ঐ জাঁউক ৩৫ পা এত ৩৬ এ আপনা সফল কর ৩৭ পা পুন্ন্য ৩৮ পা করিবে ৩৯ এ জবে ৪০ পা করি

তবে বৃন্দাবনে কৃষ্ণ[১] রহে কথো[২] কাল   মথুরাগমন বলি[৩] ঘুচাকু[৪] কচাল[৫]।
এত নানা[৬] অনুমানি পোহাইল রাতি   তা শুনি দআতে[৭] বিকল ছিরিপতি[৮]।
বচনবিশেষে[৯] কৃষ্ণ তুষি গোপীজনে   আলখিতে সখী[১০] সভে[১১] গেলা[১২] জথাস্থানে[১৩]।
গোপাল।বজঅ শুন গোপিকারঞ্জন   কহে কবিশেখর বুঝহ মনে মন[১৪] ॥[১৫]

॥ কর্ণাট ॥[১৬]

প্রভাতে গোকুল ভরি পড়িল ঘোষণা   নন্দদ্বারে সাজিঞাঁ রহিলা সব জনা।
প্রাতঃক্রিআ[১৭] করিঞাঁ অক্রুর আইলা ঝাটে   আঁওাস[১৮] ভরিল সব[১৯] গোপিকার[২০] ঠাঠে।
নানা গন্ধে রাম কৃষ্ণ কইল[২১] উদ্বর্তনে   স্নান করি বসিলা[২২] বিচিত্র সিংহাসনে।
দিব্য গন্ধ চন্দনে লেপিল[২৩] সব অঙ্গে   নানা অলঙ্কার পঢ়ে[২৪] নানা রসরঙ্গে।
বিচিত্র কুসুম পঢ়ে[২৪] বিচিত্র বসনে   চূড়ার উপরি চূড়া নাগরীদলনে।
কহিলে কহিল নহে সে রূপ[২৫] লাবণ্য[২৬]   আতিনটবর[২৭]-ছান্দে মোহে ত্রিভুবন।
তবে জশোমতী দুঁহে[২৮] ডাক দিঞাঁ আনি   নানা উপহার দিঞাঁ পুজএ[২৯] ভবানী।
অষ্ট দুর্বা তণ্ডুল তুলিঞাঁ দিল মাথে   তা দেখি মুচুকি হাসে দেব জগন্নাথে[৩০]।
তবে নন্দরানী বইসে দোঁহার সমুখে   নানা ভোগ উপহার ভুঞ্জাঅ নানা সুখে।
কর্পুর তাম্বুল দিঞাঁ বৈসাইল[৩১] পাশে   জে কিছু শিখাএ মাএ কৃষ্ণ মনে হাসে।
তোমে[৩২] বাপু সকল গোকুলের প্রাণ ধনে[৩৩]   দুখ ভঅ নাহি জানি[৩৪] তোহ্মা[৩৫] দরশনে।
তিলেক না দেখি তোহ্মা[৩৫] না জীএ পরাণি[৩৬]   তোমে[৩৭] গেলে কি হবেক[৩৮] একোই[৩৯] না[৪০] জানি[৪১]।
ওথা[৪২] গিঞাঁ ঝাট আসিহ[৪৩] দুই ভাই   জেন আসি দেখসিঞাঁ গাওঁ[৪৪] খোলাডাহী।

১ পা-এ নাই  ২ পা সব  ৩ ঐ করি  ৪ এ, ক. খ ঘুচুক  ৫ এ জঞ্জাল  ৬ ঐ করি  ৭ ক. খ দয়ায়  ৮ পা শ্রীপতি, এ শ্রীয়পতি  ৯ পা বিসএ  ১০ পা-এ নাই, ক. খ জন  ১১ পা-এ নাই  ১২ পা জথাস্থান-  ১৩ পা নারাঅনে  ১৪ ঐ দেখহ নিরঞ্জন  ১৫ এ ইতি গোপিরঞ্জন  ১৬ পা-এ নাই  ১৭ পা প্রাতকৃআ  ১৮ ক. খ, ক. গ আবাস  ১৯ এ, ক. খ আসি  ২০ এ, ক. খ গোপিনির  ২১ পা করিল  ২২ ঐ বসিল  ২৩ পা লেপীত  ২৪ ঐ পরে  ২৫ পা লাষ  ২৬ এ জৌবন  ২৭ পা অতিনটব, এ নটবরগুরু,  ২৮ পা সে জসো দোঁহে  ২৯ পা পুজাএ  ৩০ ঐ জ[গ]ন্নাথে  ৩১ এ বসাইল  ৩২ পা তুমি  ৩৩ ঐ ধন  ৩৪ পা সোক না পাই  ৩৫ পা তোমা  ৩৬ ঐ পরানে  ৩৭ পা তুমি  ৩৮ ঐ কী হইবে  ৩৯ ক. খ হেনক্রি, পা কহিতে  ৪০ পা কে  ৪১ ঐ জানে  ৪২ পা তথা  ৪৩ পা আসিবে  ৪৪ ক. খ মায়

জে কংস আজন্ম আহ্মা[১] মারিতে বেড়াএ[২]   সে কংস এখন[৩] দুত দিঞাঁ লঞাঁ জাএ[৪] ।
ঘরে পরে মোর[৫] কেহো নাহিক সহাএ[৬]   জে করে মঙ্গলচণ্ডী দেবী মহামাএ ।
সব ঠাঞি মন দিঞাঁ করিবে বেভারে   মো কি[৭] বলিমু[৮] সব গোসাঞির ভারে[৯] ।

হেন বেলে গোপনারী প্রবেশিল ঘরে   রস বুঝি নন্দরানী হইলা বাহিরে ।
তবে বলভদ্র গেলা রোহিণী-ঠাঞি   হেথা রাধা-আদি গোপী প্রবোধে কাহ্নাই ।
সব গোপী মেলি রাধা[১০] দেহ আনুমতি[১১]   অচিরে ভেটিঞাঁ[১২] আসি কংস নরপতি ।
এই আইলাঙ বলি জানিবে হৃদএ   হাসিঞাঁ বিদাঅ দেহ নহত বিস্মএ[১৩] ।
এত বলি গোপিনাথ কাতরবদনে[১৪]   সব সখী মুখ চাহে সজলনঅনে[১৫] ।
হেনমতে কৃষ্ণ জবে মাগিল মেলানী   কার মুখে হইতে[১৬] নাহি[১৭] ফুরে বাণী ।
না জাইহ[১৮] বলিতে[১৯] পহিল[২০] অমঙ্গলে   চল হেন বচন এ মুখে নাহি ফুরে ।
জে[২১] ইচ্ছা বলিতে বাসিএ[২২] উদাসীন   মৌন করিলে হএ[২৩] সমতির[২৪] চিহ্ন ।
এত নানা অনুমানি চতুর নাগরী   মাধব মাধব বলি তুষিল[২৫] মুরারি ।
আর সখী বিধানে নিষেধ[২৬]-কথা[২৭] কহে   তা শুনি রসিক কানু হাসি হাসি রহে ।
কেহো বোলে[২৮] জবে তুহ্মি[২৯] করিবে পআন   একখানি ঔষধ গোপীরে দেহ দান ।
তুহ্মি[২৯] হেন উলটিতে পাসরিবে প্রেমে   কিবা জেন[৩০] দেখিতে[৩১] না[৩২] পাএ দুষ্ট কামে[৩৩] ।
কেহো বোলে তাবত চলহ প্রাণেশ্বরে   জাবত 'অকুশল[৩৪] না[৩৫] শুনহ[৩৬] নগরে ।
কেহো বোলে শুভ হউ প্রাণের গোপালে[৩৭]   সব সুখশকুন[৩৮] দেখিএ চারি পালে[৩৯] ।
গোপীকুচ-কনককলস[৪০] করি[৪১] বামে   মধুপুরী-গণিকাজনের নেহ নামে[৪২] ।
হের দেখ সরসকুঙ্কুমরাগ-ছলে   সবগোপী-হৃদে[৪৩] জলে বিরহ-আনলে ।
তাহে দ্বিজ ভ্রমর প্রবল[৪৪] ধ্বনি করে   লোহ[৪৫]-ঘৃত-আহুতি-দানে[৪৬] অধিক উথলে ।

এত নানা অনুমান করে ঠাঞি ঠাঞি এথা[১২] হেনমতি[১৩] সাজ করে দুই ভাই।
কৃষ্ণ[১৪] চাণুরে জুদ্ধ মুষ্টিকে বলরামে[১৫] মল্লজুদ্ধ হাতাহাথি করে অবিশ্রামে[১৬]।
গড়ুর[১৭] সমান মাথা[১৮] করে ঠেসাঠেসি বলে হাথাহাথি করি[১৯] ফিরে পাশাপাশি[২০]।
হাথের বিনানি[২১]-কথা কহনে না জাএ হাথ-কসাকসি[২২] কেহো দেখিতে না পাএ[২৩]।
সোনাটী[২৪] পোকার জেন অবিরত ফিরে আতি-রাগে কসাকসি হইল দুই বীরে[২৫]।
মল্ল সব বলে দোঁহা এহো[২৬] শিক্ষাগুরু কারে নহে করি কেহো মর্ম্মে পশি ধরু[২৭]।
ধরিতে ছাড়াঅ হাথ গাএর বিনানে[২৮] কেহো কাহো[২৯] নোআঁইতে নারে দুই জনে।
আচম্বিতে বলরাম পাড়িঞাঁ মুষ্টিকে বজ্জরমুঠুকি-ঘাত দিল তার বুকে।
পচা কুমুড়া জেন বুকে হাথ ভরে মুষ্টিকের প্রাণ নিল বল মহাবীরে।
নানা মতে[৩০] কৃষ্ণ জুঝে চাণুরের সঙ্গে একে একে মল্লবিদ্যা[৩১] দেখাইল রঙ্গে।
তবে বলে ধরিঞা পাড়িল দুষ্ট বীরে কৃষ্ণের চাপনে নাকে মুখে রক্ত ঝরে।
আরে তারে কৃষ্ণ দেখাইল এক[৩২] রঙ্গে তার হাথে পাওঁ ভরাইল[৩৩] তার অঙ্গে।
কুড় কুড় বেঙ জেন রহিল পড়িঞাঁ তা দেখিঞা সব মল্ল জাএ পালাইঞাঁ।

১ ক.থ যুঝিবারে ২ ক.ক কৃষ্ণ ৩ পা লোক ৪ ঐ হএই ৫ ক.ক দুইটা অসুরে, পা মল্ল ৬ ক.ক রাজস্থানে ৭ পা পড়ুক ৮ ঐ অসার ৯ পা ত্রিভুবনে ১০ ঐ করিতে ১১ ক.ক, ক.থ যুদ্ধ দেখিবারে ১২ পা হেথায়ে ১৩ ঐ [হে]ন মত ১৪ ক.ক কৃষ্ণেরে ১৫ পা বলরাম ১৬ ক ক অনুমানে ১৭ পা গড়ুর ১৮ ক.ক মাঝা ১৯ পা-এ নাই ২০ পা আঁকা ২১ ঐ নিনান ২২ পা পসারিঞা ২৩ ঐ পাঅ ২৪ ক.ক সোনলী ২৫ পয়ারের অংশটি পা-এ নাই ২৬ পা এ হে ২৭ ঐ পরি ধরি ২৮ পা পশিঞা বিধানে, ক.ক বিনানি ২৯ পা কেহো ৩০ ক.ক তেন মত ৩১ পা যুদ্ধ ৩২ ঐ আর ৩৩ ক.ক, ক.থ প্রবেসাইল

দেখাদেখি ভাঙ্গিল জতেক[১] বীরভাগে তা দেখি[২] ডাকিঞা[৩] কংস[৪] বলে আতি[৫]-রাগে।
রাম কৃষ্ণ দুর দোঁহা কর মোর কাছে সভা নিকালহ[৬] জত বৈরিপক্ষ আছে।
বসুদেব দৈবকীরে[৭] মার এই খানে[৮] সভা[৯] হইতে নিকালহ বাপ উগ্রসেনে।
মাবাপ-বধ শুনি রুষিলা গোপালে[১০] অরুণ নঅনে চাহে উচ্চ মঞ্চ পানে।
লাফ দিঞাঁ উঠিলা[১১] কংসের পালঙ্কে বাম হাথে কেশমুষ্টি ধরিল নিঃশঙ্কে।
কেশ ছাড়াইতে কংস করে নানা ভাতি ভুখিল মৃগেন্দ্র জেন না ছাড়ে মত্ত হাথি।
কেশরী না ছাড়ে কেশ কাঁপে[১২] নৃপবরে ' কুমারিআ পোকা জেন অন্য কীটে ধরে[১৩]।
জবে কিছু বল দেখাইল কংসরাএ মাআর ঠাকুর কৃষ্ণ সৃজিল উপাএ[১৪]।
সেই মতে ধরাধরি পড়ে ভুমিতলে হেঠে কংস-উপরে পড়িলা বিশম্ভরে।
ভুমির পরশে কংস তেজিল পরাণে[১৫] পাকিল[১৬] ফুটের জেন ফুটিল তখনে[১৭]।
কংসের বিশাল[১৮] বুকে শোভে নটবরে মরকতপাটে[১৯] জেন কাম অবতরে।
ওঁথা কংসাসুরবধ শুনি দেবগণে[২০] কৃষ্ণের উপরে করে পুষ্প বরিষণে[২১]।
আনন্দে দুন্দুভি বাজে নাচে উভবাহে বিদ্যাধরী নাচে কিন্নরী[২২] মঙ্গল গীত গাএ।
জঅ জঅ শব্দ হইল সকল সংসারে পৃথবি ভরিল[২৩] আতি-আনন্দ-পাথারে[২৪]।
গগন নির্ম্মল দশ দিগ পরকাশে আনন্দে প্রকৃতি হইল[২৫] বহে সুবাতাসে।
নির্ম্মল সলিল[২৬] সব জীব উলসিতে ত্রিভুবন মধুর হইল অচম্বিতে।
কৃষ্ণগণ জত সব আনন্দে পাথার আনন্দে-সমুদ্রে[২৭] ভাসে না জানে সাঁতার[২৮]।
ঠাঞি ঠাঞি চারি পানে করে কোলাকুলি ত্রিভুবন ভরিঞাঁ[২৯] আনন্দ-কলকলি।
গোপালবিজঅ নর শুন কংসবধে জা শুনিলে দুখ[৩০] শোক ভঅ[৩১] নাহি বাধে।
কহে কবিশেখর সহিলে সব হএ[৩২] গোপালবিমুখে[৩৩] কোন কার্জ সিদ্ধ নহে ॥

১ পা সক[ল] ২ ঐ দেখিঞা ৩ পা-এ নাই ৪ পা -রাজা ৫ ঐ অতি ৬ পা নিকালীঞা ৭ ঐ দৈবকি ৮ ক.ক এতি বেলে ৯ পা সভাই ১০ ঐ গোপাল ১১ পা উঠেলা ১২ ঐ -থরহরি ১৩ পা যে ধরে অন্য কিটে ১৪ ঐ মাআএ ১৫ ক.ক জীবনে ১৬ পা পাকা ১৭ ক.ক ফাটি পাকিল আপনে ১৮ পা বিসাল্য ১৯ ঐ সুবর্ণ পালঙ্কে ২০ ক.ক সুর কংসবধ দেখি সর্ব্বজনে ২১ পা বর্ষসনে ২২ ক.ক গন্ধর্ব কিন্নর ২৩ ঐ ভিতরে ২৪ পা সব আনন্দের ভরে ২৫ ঐ আনল প্রকৃত জনে ২৬ পা হইল হইল ২৭ ঐ আনন্দ সলিতে ২৮ পা সাঁতারে ২৯ ক.খ জুড়িঞা ৩০ পা দু[খ] ৩১ পা-এ নাই ৩২ পা জএ ৩৩ ঐ °বিজয়মুখে

## ॥ বসন্ত[১] ॥

কংস মারি কংসারি বসিলা সভা করি   অন্ধকার নাশি[২] জেন চান্দ অবতরি।
উগ্রসেন সম্ভ্রমে[৩] আনিল ডাক দিঞা[৪]   প্রেমে কোলাকুলি করে প্রণাম করিঞা।
জথাবিধি বেভার[৫] করিঞা একে একে   আপনে[৬] ত্রৈলোক্যনাথ কইল অভিষেকে।
গঙ্গা জার পদজল বেদ জার বাণী[৭]   জার পদ ব্রহ্মা স্তুতি করেন্ত[৮] আপুনি।
সেই কোটি ব্রহ্মাণ্ডের ঈশ্বর জদুরাএ   উগ্রসেন-অভিষেক কইল মথুরাএ।
হের দেখ সুপথে থাকিলে হেন হএ[৯]   উগ্রসেন রাজা করি মারি কংসরাএ।
জবে[১০] কৃষ্ণ উগ্রসেনে সিচি তীর্থজলে   মূর্ছিত পৃথবি প্রবোধিল[১১] সেই কালে।
জঅ জঅ শব্দ হইল সকল নগরে   বিজঅমঙ্গল বাজে ঘরে ঘরে[১২]।
ওথা মহাশোকে আছে কংসের মহারাণী   তাহার কান্দনা[১৩] জত কহিতে না জানি।
জার অঙ্গ চন্দ্র সূর্জ দেখিতে না পাএ   সে সব দুল্লভ অঙ্গ ধূলাএ লোটাএ।
জে দেহের বসন বাউ নাহি নাড়ে ডরে   সেবকের[১৪] নারী তারে[১৫] ধরাধরি করে।
দাস দাসী ধরাধরি গেলা কৃষ্ণ-ঠাঞে[১৬]   কান্ধে[১৭] অবলম্বিঞা[১৮] পড়িল[১৯] দুই পাএ।
চরণে বেঢ়িঞা শোভে মুখের বলএ   পদ্মমালা-মাঝে জেন শোভে[২০] কুবলএ।
কান্দিঞা কান্দিঞা জত বলে কংসরাণী   তা সব ব্যথিত[২১] হইঞা শুনে[২২] চক্রপাণি।
নারীগণ বোলে শুন কপট গোপাল   তোহ্মারে[২৩] না দিএ দোষ আপন কপাল।
পাএ পাএ নিষধিল প্রভুব চরণে   মরণকারণ বাদ কইল তোহ্মা[২৪] সনে।
জবে প্রভু তোহ্মাকে[২৫] ভজিঞা করে কাজ   তবে কেনে এ মুণ্ডে[২৬] পড়িবেক বাজ[২৭]।
তোহ্মার[২৮] চরণে ভজি কেবা কিনা পাএ   তোহ্মা[২৯] বিমুখে সুখে কে[৩০] আছে কোথাএ[৩১]
ভাল হইল দোষ-অনুমানে দিলে ফল   অনাথী অবলা জনে[৩২] পাএ দেহ থল।
তুহ্মি[৩৩] স্বামী পুত্র মিত্র বন্ধু পরিজন[৩৪]   তোহ্মা[৩৫] বই আর কেহো নাহিথ শরণ।
অনাথের নাথ তুহ্মি[৩৩] শরণপঞ্জর   পতিত[৩৬]-পাবন তুহ্মি[৩৩] ভকতবৎসল।

১ পা -রাগ ২ ক.ক নিসি ৩ পা সংভ্রমে ৪ ক.ক বেড়াইঞা ৫ পা ভার ৬ ঐ আপ ৭ পা বল জানি ৮ ক.ক নামে সরস্বতি বইসে ৯ পা হঅ ১০ ঐ তবে ১১ পা প্রবোধে ১২ পয়ারের অংশটি পা-এ নাই ১৩ পা করুনা, ক.ক কান্দন ১৪ পা সেবকে সে ১৫ পা-এ নাই ১৬ পা ঠাঞি ১৭ ক.ক কান্দে ১৮ পা অবালম্বিঞা ১৯ ক.ক রাতুল ২০ ক.ক দুই ২১ ঐ দুখিত ২২ পা যুনি ২৩ ঐ তোমারে ২৪ পা তোমা ২৫ ঐ তোমাকে ২৬ পা লোক মুখে ২৭ ক.ক পড়িব এ লোক মুণ্ড বাজে ২৮ পা তোমার ২৯ ঐ তোমা ৩০ পা কেবা ৩১ ঐ কোথা ৩২ ক.ক জেন ৩৩ পা তুমি ৩৪ ঐ পুরিজন ৩৫ পা তোমা ৩৬ ঐ পথিত

ইহলোকে পরলোকে[১] সব তোহ্মার[২] দাঅ   কোথা থোবে কি করিবে কহ ত উপাঅ।
কংসনারীগণের শুনিঞাঁ এত বোল[৩]   হৃদএ ভাসিঞাঁ[৪] দিল দআর হিল্লোল[৫]।
কাতর[৬] বদনে কিছু কহেন প্রিঅ বাণী   না কান্দ না কান্দ শুন কংস-মহারাণী।
গত কাজ অনুশুচি ফল[৭] নাহি আর   হাথ পাতি মাগিএ[৮] সকল দোষভার।
সবে কংস আনিঞাঁ দিবারে[৯] না পারিব[১০]   সবে বাঁউ-আদিত্য-উপরে দিঞাঁ জাব।
সেই সব সুখ ভুঞ্জ ইথে[১১] নাহি আনে   কংসের ক্রিআ জে[১২] তাহা ক[১৩] জথাস্থানে।
এত বলি সভারে পাঠাইল জদুরাএ   সব নারীভাগ[১৪] মেলি গেলা প্রভু-ঠাএ[১৫]।
অঙ্গে অঙ্গ[১৬] ধরাধরি কান্দে দেবীগণে   জাহার কান্দন শুনি কান্দএ পাষাণে[১৭]।
তবে জ্ঞাতিলোকে[১৮] নারীগণ পরবোধি[১৯]   কংসের দৈহিক[২০] কর্ম কইল জথাবিধি।
হেন দুখশোকে আকুল[২১] কংসপরিবারে   ওথা রঙ্গে নেআএ মথুরাপুরন্দরে।
জাবত আছিলা কৃষ্ণ রাজব্যবহারে   তাবত করাইল মা বাপের পরিষ্কারে[২২]।
তবে দুত আসিঞাঁ কহিল জাইবারে   তখনি চলিলা মায়ো বাপ দেখিবারে[২৩]।
আগে বলরাম পাছে দেব জদুরাএ   জীব[২৪] পরমাত্মা জেন ভ্রমএ[২৫] লীলাএ।
আশে পাশে অক্রুর উদ্ধব দুই জনে   রাজপরিচ্ছেদে[২৬] জাএ উলসিত মনে।
হাথের সানে বাহিরে রাখিল সব জনে   আওঁআস প্রবেশ কইল রাম নারাঅণে[২৭]।
অক্রুর উদ্ধব সঙ্গে কইল দুই জনে   আনন্দে করিল[২৮] মাঅবাপ-দরশনে[২৯]।
বসুদেব দৈবকী দেখিল পুত্রমুখ   নিমিষেকে পাসরিল[৩০] আজনম দুখ[৩১]।
পুত্র দেখি[৩২] দৈবকী[৩৩] বাৎসল্য[৩৪]-রসে ভাসে   আখি পওধর[৩৫] অবিরত পঅঃ স্রবে[৩৬]।
জবে দোঁহে প্রণাম করিল[৩৭] বাপ মাএ   তা দোঁহার লোহে তিতি[৩৮] গেল গাএ।
রাম কৃষ্ণ নঅন-আনন্দ[৩৯]-জলধারে[৪০]   বসুদেব দৈবকী দোঁহার চরণ পাখালে।
দৈবকী করিল[৪১] কোলে দৈবকীনন্দন   বসুদেব কৈল কোলে দেব সঙ্কর্ষণ।

১ পা পর[লো]কে  ২ ঐ তোমার  ৩ পা বোলে  ৪ ক. ক ভাসাঞা  ৫ পা হিল্লোলে  ৬ ঐ করূন  ৭ পা কাজ কিছু  ৮ ঐ মাগিল  ৯ পা দিতে  ১০ ক ক নাহি পাব  ১১ পা কিছু  ১২ ক ক -হয়ে  ১৩ পা করগা  ১৪ ঐ ॱগণ  ১৫ পা ঠাঞি  ১৬ ঐ অঙ্গ প্রঙ্গ  ১৭ ক. খ পরানে  ১৮ ক. ক জ্ঞানিগণ  ১৯ পা প্রবোধে  ২০ ঐ দৈব  ২১ পা থাকুক  ২২ ক. ক পুরস্কারে  ২৩ পা দরসনে  ২৪ ক. ক, ক. খ জার  ২৫ ক. ক থাকিবা  ২৬ পা °পরিছেদে  ২৭ ঐ নারাঅণ  ২৮ পা -দোহে  ২৯ ঐ ॱদর্ষন  ৩০ পা বিস্মিরিল  ৩১ ঐ দুখে  ৩২ পা বইসে  ৩৩ ক. ক পুত্র  ৩৪ পা বাৎস্য  ৩৫ ঐ পও  ৩৬ পা পৃঅস্রবে  ৩৭ ঐ রামকৃষ্ণ কোলে চুম্ব দিল  ৩৮ ক. ক, ক. খ ভিজি  ৩৯ ক. ক দোহার আনন্দে  ৪০ পা জতধানে  ৪১ ঐ নিল

দোঁহে কোলে করি দোঁহে কান্দিলা আপারে[১]   কহিতে উথলে শোক সম্বরিতে না পারে[২]
তবে সে দৈবকী দেবী কৃষ্ণমুখ চাহি   কান্দিঞাঁ[৩] জেমত দুখে[৪] জে কিছু শুনাই[৫]।
ভাল হইল কাহ্নাই দেখিল তোর মুখ   এখন জে হবে তাথে[৬] নাহি দুখ।
আর মোরা জীতে সাধ নাহি এক ধান   তোহ্মার[৭] নিছনি লঞাঁ মোর জাউক পরাণ।
তোহ্মা[৮] পুত পাইঞাঁ না পালাইল কোন[৯] সাধে   মাওঁ হেন বচন হইল বিবাদে[১০]।
জবে বা এখন সুখ[১১] ভুঞ্জাহ আপার   তভু মোর হৃদএ রহিল এক শাল[১২]।
তোহ্মা[১৩] হেন ত্রিভুবনে দুল্লভ কুমার   প্রসবিঞাঁ মুখ না দেখিল আরবার।
দুখ শোক ভএর ভাজন কৈল[১৪] মোরে   গোকুলে বোলাহ জাঞাঁ জশোদাকুমারে।
তোহ্মা[১৫] হেন ছাওআল না কইল কোলে   না[১৬] নিল না পালিল না শুনিল বোলে।
উল্লাল দুল্লাল[১৭] করি না ডাকিল পোএ   সাধের ভূষণে[১৮] না সাজিল গাএ গাএ।
আধ আধ আখরের বোল খাঁনি খাঁনি   হাস্যমুখে না শুনিল দৈবকী পাপিনী।
দশ কর্মে আনন্দের না পাইল সাধে   মা হেন বোল মোরে হইল পরিবাদে।
তাবত[১৯] মাএর পুত[২০] জত দিন[২১] কোলে   বসিতে জানিলে[২২] হএ অনেক অন্তরে।
জত বসে[২৩] ততেক বাচএ অহঙ্কারে[২৪]   বলিতে জানিলে[২৫] হএ[২৬] বাপ-অধিকারে।
অধিক কি বাখানিব কহিল আলপে   ভাগ্যবতী জশোদা বাখানি তার তপে।
বিধি অনুকূল হইলে কিবা নাহি করে   থাপ্য ধনে দরিদ্র[২৬] বোলাএ লক্ষেশ্বরে[২৭]।
এতেক মাএর শুনি অনুজোগবাণী   বিষাদ ভাবিঞাঁ কিছু কহে চক্রপাণি।
কিবা সোঙরাইলে[২৮] মাও[২৯] অপরূপ বৃর্ত্তান্ত[৩০]   পাএ পাএ সন্তাপের[৩১]
নাহি[৩২] মোর[৩৩]
গর্ত্ত হইতে পড়িতে আপন মৃতু্য-ভএ   মাঅ বাপে থুল[৩৪] লঞাঁ পরের আলএ।
সেই নন্দরানী মাঅ[৩৫] জত দিল দুখে   কহিলে কহিল নহে লাখ লাখ মুখে।

১ পা বিস্তর ২ ঐ বেথা শম্বরিল নহে ৩ পা -জেমত দু ৪ ক.ক কান্দি মনের দুঃখ ৫ ঐ সুধাই ৬ ক.ক তারে ৭ পা তোমার ৮ ঐ তোমা ৯ ক.ক পুতে আমার না পালাইল, পা পাইল- ১০ ক.ক মোর দুঃখে জনমিলা কত অপরাধে ১১ পা দু শুখ ১২ ক.ক তাপ ১৩ পা তোমা ১৪ ঐ দুখিত দেখিত দেখিঞাঁ জদি ভাণ্ডি গেলা ১৫ পা তোমা ১৬ ঐ -না ১৭ ক.ক উলাল দুলাল ১৮ ঐ ভূষণ ১৯ পা জাবত ২০ ঐ পুত্র ২১ পা ততক্ষণ ২২ ঐ না- ২৩ ক.ক বাসে ২৪ পয়ারের অংশটি পা-এ নাই ২৫ পা জানিলেহ ২৬ পা-এ নাই ২৭ ক.ক লঙ্কেশ্বরে ২৮ পা মুরগণ ২৯ ক.ক মায়, পা মা ৩০ পা বৃর্ত্তন্ত ৩১ ক.ক দুঃখ শোকের, পা সন্তপরহি ৩২ পা-এ নাই ৩৩ ক.খ কোনো ৩৪ ক.ক খোএ ৩৫ পা মা

পরের ছাওঁআল বলি জত কইল কাজে   সেহো আর কত কহি[1] জানে সব রাজে[2]।
একুই[3] তোহ্মার[4] তপে এড়াই সব ঠাঞি   হেন মন করে তার মুখ নাহি চাহি।
জার তার কোলে আপেলিঞাঁ[5] নিরপেখি   আন নহে পুতনা রাক্ষসী তাহে সাখি।
শূন্য ঘরে থুঞাঁ আহ্মা[6] জথা তথা জাএ   ভাঙ্গিঞাঁ শকটখান পড়ে মোর গাএ।
ভোখে ঘর বলি[7] খাই এ দধি দুধে   কার ঠাঞি পাএ জবে কথার শুদ্ধে।
বান্ধিঞাঁ প্রহার করে বৈরীকে[8]-অধিকে   ইথি উদুখল সাখি আর দুই বৃক্ষে।
হেন কত কহিব তাহার[9] গুণোদএ   সেই ভাল কোরোধে পরাণ[10] নাহি লএ।
আজনম আহ্মা[11] হেন দুখভাগী নাহি   পিক সম[12] পরপোষা বোলাএ কানাঞি।
ভোখে শোষে না খাইলাঙ উদর পুরিঞাঁ   আচলে[13] না থাকিথাঙ[14] এ কোলে[15] শুতিঞাঁ[15]।
ভাল বস্ত্র দেখিঞাঁ না আখটী কৈল[16] মাএ   জেখানে জে শোভা করে না পরিল[17] গাএ।
হেনমতে বিফলে গোঙাইল শিশুকালে   আজনম দুখী করি জানিহ[18] গোপালে।
হেন কথাপ্রবন্ধ বঞ্চিল বাপ মাএ   শুনিঞাঁ টাটকি লাগে[19] সকল সভাএ।
এত[20] শুনি মাওঁ কান্দে হাঁহাঁকার[21] করি   লক্ষ লক্ষ চুম্ব দিল গালের উপরি।
নানা গন্ধ চন্দনে কইল[22] উদ্বর্তনে   গন্ধর্ববিধানে কৈল[23] স্নান[24] দেবার্চনে[25]।
দেবাধিক[26] ভোজন করাইল[27] পঞ্চামৃতে   গন্ধ মাল্য তাম্বুল জোগাইল্য[28] নানা মতে।
নানারস-পরসঙ্গে বঞ্চিল কথো রাতি   দোঁহে সাধে রহিলা মা বাপের কোলে শুতি।
গোপালবিজঅ-কথা শুন সাবধানে[29]   রাম কৃষ্ণ কইল মাও[30] বাপ-দরশনে[31]।
কহে কবিশেখর লৌকিকভাষা-ছলে[32]   পণ্ডিতে মুরুখে বুঝি[33] তর কলিকালে॥

প্রভাতে উঠিলা[34] রামকৃষ্ণ দুই ভাএ[35]   প্রাতঃক্রিআ সমাধিঞাঁ[36] বসিলা সভাএ।
নানা দ্রব্য দিল নিঞাঁ[37] রাজ-উপহারে   নন্দ ঘোষ তুষিঞাঁ পাঠাইল নিজ ঘরে।

১ ক.ক অগোচর হেন ২ পা রায্যে ৩ ঐ এই স ৪ পা তোমার ৫ ক.ক আমা পেলি ৬ পা আমা ৭ ঐ জদি লঞাঁ ৮ পা বৈরি ৯ ঐ তার ১০ পা ক্রোধে প্রাণ ১১ ঐ আমা ১২ পা হেন ১৩ ক.ক আছলে ১৪ পা ফুলইলাঙ ১৫ পা-এ নাই ১৬ পা করিলাঙ ১৭ ঐ চিনিল ১৮ ক.ক কহিএ ১৯ পা বিনঅ করিল আগে ২০ পা-এ নাই ২১ পা হোঁহাঁকার ২২ ক.খ করাএ ২৩ পা করাইল ২৪ ক.খ করি শুনি ২৫ পা দানে ২৬ পা দৈবকী, ক.খ দিবাধিক ২৭ ক.খ করাএ ২৮ ক.ক জে পাইল ২৯ পা সব জনে ৩০ ঐ মা ৩১ পা দর্ষনে ৩২ ঐ ছন্দে ৩৩ পা বুনি ৩৪ ঐ উঠেলা ৩৫ পা ভাই ৩৬ ক.ক করিঞাঁ, ক.খ সমাপি ৩৭ ক.ক, ক.খ জন ধন দিঞা

আহ্মি[১] এই জাই বলি হাসিঞাঁ[২] আশ্বাসি  রঙ্গিঞাঁ[৩] পাঠাইল সব বৃন্দাবনবাসী।
তবে কইল সব[৪] রাজমণ্ডল-বিচার  রাজনীতে খোদ[৫] কইল কংসের ভাণ্ডার।
গোকুলসেবক নিজোজিল থানে থানে[৬]  সব সঙ্গী বাড়াইল বড়ই সম্মানে[৭]।
কংসরাজ্য[৮] বিচারি[৯] করি[১০] করতল  প্রতাপে করিল বশ[১১] নৃপতি সকল।
বাপকে[১২] অধিক সব জনে পাইল রাজা[১৩]  নিজ বর্ণে সধর্ম্মে[১৪] সুখে বইসে[১৫] প্রজা।
সবে বাউ-আদিত্য[১৬] উপর দিঞাঁ জাঅ  দুখ সুখ ভএর নাহি কোন দাঅ।
রাজচিন্তা-ভার দিঞাঁ উগ্রসেন-মাথে  নিশ্চিন্ত হইলা তবে[১৭] ত্রৈলোক্যের নাথে[১৮]।
দিবসে[১৯] প্রদীপসম উগ্রসেন পাটে  কৃষ্ণের প্রভাবে সব রাজা পাত্র খাটে[২০]।
হেনমত রাজ্য-সুখ বাড়ে রাতি দিনে  লীলাএ বেহার করে রাম নারাঅণে[২১]।
লুবধ জে রসে[২২] তাহে[২৩] ছাড়িতে না পারে  বিনি মধুএ না জীএ[২৪] রসিক মধুকরে।
বৃন্দাবন জেন নটবরবেশ ধরি  মধুরানগরী দেখে আওঁারি আওঁারি[২৫]।
রাম দামোদরে বুলে রাজ-রাজেশ্বরে  ভ্রমিতে কৌতুকে গেলা অক্রুরের ঘরে।
তা দেখিঞাঁ সব লোক অক্রুরে[২৬] বাখানি  আনন্দে সে কি কহিব হেনঞি না জানি।
ভাগ্য[২৭]-বশে[২৮] বৈষ্ণব কাহোর ঘর জাএ  সেই লোক আনন্দের ওঁর[২৯] নাহি পাএ।
তাহে কৃষ্ণ আপনে অতিথ জার ঘরে  আনন্দে তাহার ভাগ্যে কহিতে কে পারে।
জাতি প্রাণ ধন জন করি এক পণে  ভক্তি প্রেমে করে[৩০] পাত্র কৃষ্ণের পুজনে।
জবে[৩১] মহ নবনিধি জনে অনুরাগে  মনোরথ পুরি সেবা করে আতিরাগে[৩২]।
জে পদনখের জলে পবিত্র সংসারে  সে পদ পাখালে কৃষ্ণ অক্রুরের ঘরে।
শিব জারে ধেআনে দেখিতে সাধ করে  তারে পাদ্য অর্ঘ্য আঁচমন দিএ ঘরে।
জে জন তিলেক না রহে জোগি[৩৩]-মনে  সে জন অক্রুর-ঘরে বসিলা[৩৪] আসনে।
জার মূর্তি পুজে ইন্দ্র নানা উপহারে  তাহারে অক্রুর পাইল আপন দুআরে।
জত উপহার দিল কহিতে না জানে  তাহে চমতকার লাগে লক্ষ্মীনারাঅণে।
হেনমতে সর্ব[৩৫]সমর্পিল কৃষ্ণ-পাএ  করপুটে কাতর হইঞাঁ কিছু কহে।

১ পা আমি  ২ ক.ক আসিঞা  ৩ পা বলিঞা  ৪ পা-এ নাই  ৫ পা রাজনিক্ষ্যোদ ৬ পা-এ নাই  ৭ পা সম্মানে  ৮ ঐ °বাড়ী  ৯ পা বিচার  ১০ ক.ক করিল  ১১ পা সব ১২ ঐ বাপের  ১৩ পা পালী পরজা  ১৪ ঐ বস্তু সধর্ম  ১৫ ক.ক ধর্মে সুখে থাকে  ১৬ পা আদী  ১৭ ক.ক নিলসে বিলাষ সুখ  ১৮ পা ত্রিলোক্যের নাথ  ১৯ পা দিবস, ক.ক নিবসে ২০ ক.ক খাটেপাটে  ২১ ক.ক বিহরে ব্রহ্মা কেহোই না জানে  ২২ পা জে জন জে রস  ২৩ ক.ক তা  ২৪ ঐ মধু জানিএ  ২৫ পা চৌআরি  ২৬ পা অক্রুর  ২৭ পা রাজ, ক.খ জার  ২৮ পা ভাগ্যে  ২৯ ক.ক থল  ৩০ ঐ গেল  ৩১ ক.ক ঘরে  ৩২ পা মহাভাগে  ৩৩ ঐ মুনি ৩৪ পা বসিঞা  ৩৫ ক.ক -ঘর

লক্ষ্মী জার চরণ সেবএ অনুক্ষণে[১] সে তোহ্মারে[২] মুঞি ছার তুষিমু[৩] কোন ধনে।
আহ্মি[৪] সে গোপাল-ঠাঞি কি করিব স্তুতি গঙ্গাধর-অধিক কেবা জানএ[৫] ভকতি।
ভালে তুহ্মি[৬] মাআঅ[৭] নাচাহ ত্রিভুবনে তোহ্মার[৮] বস্তু দিঞাঁ করে তোহ্মার[৮] পুজনে।
তোহে[৯] বস্তু দিঞাঁ আপনা[১০] কৃতকৃত্য[১১] মানে কার বস্তু কারে দেই হেনই না জানে।
অহঙ্কারবীজের[১২] শরীর ক্ষেত্রখানি কামা[১৩] ইথি আদিত্য বিষঅ[১৪] ইথি পানি।
দুখ সুখ ফল ইথি ফলে পাএ পাএ[১৫] জানিঞাঁ শুনিঞাঁ চাঅ[১৬] তোহ্মার[১৭] মাআঅ।
পাএ পাএ ঠাকুর তোহ্মার[১৭] ঠাকুরালি পশুর শকতি কত বুঝিবারে[১৮] পারি।
সবে এই তোহ্মার[১৭] চরণে মাগি দানে মোরে মাআ না করিহ সেবক-গেআনে[১৯]।
অক্রুরের এতেক[২০] ভকত[২১]-কথা শুনি উঠিল[২২] মুচুকি হাসি দেব চক্রপাণি।
হেনমতে দেখি বুলে[২৩] মথুরানগরে[২৪] অচম্বিতে উত্তরিলা কুব্জীর ঘরে।
চিরকাল আছে কুব্জী পুরুব[২৫] আশ্বাসে আচম্বিতে দেখে প্রভু আপন আওাসে।
কি কহিব কি বলিব হেনঞি না জানি[২৬] জনম-দরিদ্র জেন পাইল চিন্তামণি।
আতি[২৭]-প্রেমে করিল অতিথ-পুরস্কারে[২৮] চরণ পাখালি কেশে পোঁছে[২৯] বারে বারে।
মাল্য গন্ধ চন্দন বসন অলঙ্কারে আপনে সাজিল রামা নাগরশেখরে।
কপূর তাম্বুল খাএ হাস পরিহাসে সোনার পালঙ্কে গাওঁ[৩০] ঢালিল[৩১] আলিসে।
তথাঞি[৩২] কপট নিন্দ গেলা[৩৩] জদুরাএ বাহ্য[৩৪] লোক সমঅ বুঝিঞা ঘর জাএ।
নির্জন[৩৫] বুঝিঞাঁ উঠে নাগরশেখরে লক্ষ্মীসম[৩৬] রামা দেখে[৩৭] পালঙ্কের[৩৮] তলে।
প্রেমের অধীন কৃষ্ণ রসের সাগরে হাথে ধরি রামা তোলাইল খাটপরে[৩৯]।
দুই জনে পসারিল রসের পসারে কামরাজ বেশাইল নানা পরকারে।
সে সব রসের কথা কহনে না জাএ বৈকুণ্ঠ-অধিক সুখ পাইল জদুরাএ।
নানা রসপরিহাসে কিছুই না জানি[৪০] নিমিষ-অধিক গেল বসন্তরজনী।

১ পা নক্ষন ২ ঐ তোমারে ৩ পা দিমু ৪ ঐ আমি ৫ পা জানে ৬ ঐ তুমি ৭ পা আমাএ ৮ ঐ তোমার ৯ পা তোমা, ক. ক তোহেয়ি ১০ ক. ক আপনারে ১১ পা কৃত২ ১২ ঐ অহঙ্কারক বিজে ১৩ ক. ক কাম ১৪ ক. ক বিষ ১৫ ঐ সর্ব কালে ১৬ ক. ক কেহো খাএ কেহো দাএ ১৭ পা তোমার ১৮ পা জুঝিবারে ১৯ ঐ অনাথ গেআগেআনে ২০ পা এত ২১ ক. ক গভীর ২২ পা উঠেল ২৩ ক. খ ভ্রমে ২৪ পা °নগরি ২৫ ক. ক পুরব ২৬ পা জানে ২৭ ঐ অতি ২৮ পা °পুজনে ২৯ ক. ক পোঁছে ৩০ ক. ক গায় ৩১ পা গড়াল ৩২ ক. ক, ক. খ এথাঞি ৩৩ ক. ক জাএ- ৩৪ ক. ক রাহ্য ৩৫ ঐ বিরল ৩৬ পা °সমান ৩৭ পা-এ নাই ৩৮ পা পালঙ্ক ৩৯ ক. ক, ক. খ তোলে পালঙ্ক উপরে ৪০ পা জানে

হের দেখ ভকতবতসল গুণনিধি ভকত-জনের মন পুরে জথাবিধি[১]।
কথা সে কুব্জী নারী কথা আত্মারামে[২] দেখ তাহে[৩] পিরিতে রসের পরিণামে।
গোপালবিজঅ নর[৪] শুন সঙ্গ ভাই দৈবকীনন্দন কৃষ্ণ পিরিতে সে পাই।
কহে কবিশেখর না কর মনে ধন্দ[৫] জারে গোপীনাথ বলি সেই চিদানন্দ ॥

## ॥ সুহই[৬] ॥

হেন রসে বসে কৃষ্ণ মথুরানগরে দিনে রাজরাজেশ্বর নিশি[৭] নাগরশেখরে[৮]।
ওথা নন্দ ঘোষ জবে গেলা নিজ ঘরে সম্ভ্রমে জশোদা আসি[৯] বেড়িল সত্বরে।[১০]
রাম কৃষ্ণ না দেখিঞা চাহে চারি পানে দাবদাহ-দোষে জেন মৃগ জল ভালে।
ঘনে ঘনে জশোদা শুধাএ উচ্চস্বরে নন্দ হেঠমুখে কান্দে না দেই উত্তরে।
নন্দের কান্দনা দেখি জশোদা বাউলী বুকে ঘাও হানি[১১] কান্দে আউদড়চুলী।
হা পুত হা পুত করি কান্দে উভরাএ গাএর বসন ভূম্যে লোটাইঞা জাএ।
কি হইল কি হইল বুলি[১২] ধাএ পুরজনে আচম্বিতে বজর[১৩] পড়িল বৃন্দাবনে।
নন্দ ঘোষ জশোদার দেখিঞা কাঁন্দনে সভেঁ কান্দে কাজ না শুধাএ কোন জনে।
কৃষ্ণ না দেখিঞা সভেঁ আনহি আশঙ্কে[১৪] কহিতে না ফুরে মুখ নেআইল বঙ্কে[১৫]।
জেই আইসে সেই কান্দে সভার আধিকে আশ পাশ ভাসি গেল লোহের ঝলকে[১৬]।
বৃন্দাবনে জত জত জীব জন্তু বসে ঠাঞি ঠাঞি[১৭] কান্দনে লোহ-নদী[১৮] ভাসে।
তাহে এক গোআলা সভাকে গালি দিঞা কানুর বারতা পুছে আরতি লঞা[১৯]।
নন্দ বলে কানাঞি বধিঞা[২০] কংসরাএ উগ্রসেনে অভিষেক কইল মথুরাএ।
কংসের সকল রাজ্য করি হস্তবশে বৃন্দাবন আসিব দিবস নঅ দশে।
নন্দের বচন কারো পরতীত নাহি কেহো কোন অনুমানে করে ঠাঞি ঠাঞি[২১]।
তা শুনি জশোদা রানী ধৈর্য[২২] অবলম্বি কানুরে বারতা পুছি নন্দেরে বিলম্বি[২৩]।
গোকুলের প্রাণ মোর হাপুতির পুত তাহা দোহা[২৪] এড়িঞা আইলা কোন মত[২৫]।
ঘর আসি[২৬] পহিল দেখিল কার[২৭] মুখে কৃষ্ণ না থাকিলে ঘরে আর কিবা সুখে।

---

১ পা জথবিধি ২ ঐ আইলা রাম ৩ ক.খ তার, পা তা দেখি ৪ পা শুন ৫ ঐ মনে না কর দ্বন্দ্ব ৬ পা -রাগ ৭ ক.ক রাতি ৮ পা °সেখর ৯ ক.খ আদি ১০ পরবর্তী দুই ছত্র পা-এ নাই ১১ পা ঘাওা মারি ১২ ক.ক করি ১৩ পা বাজ ১৪ ঐ বড়ই আসঙ্গে ১৫ ক.ক না নিশ্বরে বাকে ১৬ পা হিল্লোলে ১৭ ক.ক সভাকার ১৮ পা-এ নাই ১৯ ক.ক বিহইঞা ২০ পা মারিঞা, ক.ক বধিল ২১ ক.ক সেই ঠাই ২২ ঐ ধৈর্য্যতা ২৩ ক.ক বিভঙ্গি ২৪ পা -দোহাএ ২৫ ঐ মত্তে ২৬ পা -আগে ২৭ ঐ কা[র]

জা দেখিঞাঁ আইল ঘর থাক তাহা লঞাঁ মো জামো সকল ছাড়ি জোগিনী হইঞাঁ।
জথা জাই তথাই তাহার নিরিশনে[১] দেখিঞাঁ শুনিঞাঁ কত সম্বরিব মনে।
এ পোষের[২] মৃগ পক্ষ কে দিব আহারে শারিশুক-মুখ দেখি ডাকিব কাহারে।
এ খেলার সজ্জ লঞাঁ কে খেলাব খেলা মাওঁ বলি কে আসি[৩] ডাকিব ভোখ-বেলা।
কার বোলে[৪] ধেনু বৎস আসিব ধাইঞাঁ শিশুগণ জাব কার[৫] জোগান ধরিঞাঁ।
এ গোপশিশুর কেবা[৬] জানিব বেদনে কার সঙ্গে সাজিঞাঁ বুলিব[৭] রাতি দিনে।
মাওঁ মাওঁ বলিঞাঁ কে সান্তাইব[৮] কোলে গাএ গাএ অমৃতে সিচিব কার বোলে।
কহিতে কহিতে মাএ হইলা আগেআনে[৯] ধর ধর বলি সখী ধরে থানে থানে।
চেতন করাইতে করে[১০] নানা পরকারে কার উপচার[১১] কিছু করিতে[১২] না পারে।
তা[১৩] দেখিঞাঁ নন্দ ঘোষ উথলিঞাঁ[১৪] শোকে অচেতনে পড়িল ধরিতে নারে[১৫] লোকে[১৬]।
দেখাদেখি দুখ শোক বাড়িল আপারে লোহের হিল্লোলে[১৭] ভরিল[১৮] কান্দর[১৯] পাথারে[২০]।
হেনমতে কান্দিঞাঁ বিকল[২১] গুরুজনে বঅস্যজনের শোকে না জাএ ধরণে[২২]।
সকল বঅস্য[২৩] মেলি এক ঠাই হইঞাঁ[২৪] শুনি গোঠমাঝে কান্দে লোটাঞাঁ লোটাঞাঁ[২৫]।
ছার বিধি কেনে বা শুনাএ এত[২৬] দুরে বৃন্দাবন ছাড়ি[২৭] কৃষ্ণ রহিলা মধুপুরে।
জার লাগি মাওঁ বাপ কেহো নাহি চিনে শঅন ভোজন গোঙাইল রাতি দিনে।
ঘরে কত গালি খাআ আহ্মা[৩১] সভা লাগি কত দধি দুগ্ধ জড়[২৮] করিথা[২৯] মাগি মাগি[৩০]।
আহ্মা[৩১] সবা লাগি গোরস চুরি করি উদুখলবন্ধন তাহে সহিল শ্রীহরি।
আহ্মা[৩১] সভা সঙ্গে কৌতুকে দুই ভাই নন্দের কুমার হইঞাঁ চরাইথা[৩২] গাই।
বনে জবে একটি মধুর ফল পাই জত শিশু লখে ততখানি[৩৩] করি খাই।
জবে মাএ সাধে[৩৪] ঘরে[৩৫] ভাল কিছু খাএ গালে লুকাইঞাঁ আনি সভারে চাখাএ[৩৬]।

১ পা তথা তার নিরিশন ২ ক.ক পোষে ৩ ঐ আর ৪ ক.ক ডাকে ৫ পা কার জাব ৬ ঐ কে ৭ ক.ক, ক.খ জাইব ৮ ক.ক সাধাইব, পা সন্তাইব ৯ পা অচেতনে ১০ ক.ক, ক.খ করিল ১১ পা -কেহো ১২ ঐ কহি ১৩ পা ত্বা ১৪ ক.ক উথলিলা ১৫ পা ধেরিতে না পারে ১৬ ক.ক সোকে ১৭ পা লোহ সিঙ্গানিতে নদি ১৮ ক.ক, ক.খ নদী ১৯ পা-এ নাই ২০ পা আপারে, ক.ক পাথার ২১ ক.ক হেন মন করিঞা কান্দীঞা ২২ ঐ কথনে ২৩ পা বৈস্য ২৪ ঐ হইলা এ ঠাই ২৫ ক.ক লোটাই লোটাই, পা-এ নাই ২৬ পা-এ নাই ২৭ পা ছা[ড়ি] ২৮ পা জত, ক.ক দুধ জত ২৯ ক.ক করে ৩০ পা জে লাগি ৩১ পা আমা ৩২ ক.ক, ক.খ চরাইল ৩৩ পা একখানি ৩৪ ঐ সাধে মাএ ৩৫ ক.ক -জে, পা-এ নাই ৩৬ ক.ক খাওআএ

এই ত গহন পাপ জমুনার বনে আহ্মা[১] সভা লাগি কত কইল প্রাণপণে।
আহ্মা[১] সভা কৌতুকে ব্রহ্মা হরি লইল কোপে ব্রহ্মাকে প্রভু আপনা চিনাইল[২]।
পানি পিতে তৃষাএ[৩] গেলাঙ কালিদহে সব শিশু মইল তার বিষদাহে।
তবে কৃষ্ণ প্রাণপণে নিকালিল কালি মো সভার[৪] তাল সাধে ধেনুকাকে মারি।
হেন কত কহিব তাহার গুণোদএ[৫] সোঙরিতে[৬] এক বেলে পোড়এ হৃদএ।[৭]
শিব শিব আচম্বিতে কি হইল আকাজে গোআলাছাওাঁল-শিরে[৮] পড়ি গেল বাজে।
হেনমতে সঙ্গিগণে কান্দে উচ্চস্বরে তাহার কান্দনে কান্দে গোকুলনগরে।
স্ত্রীপুরুষে কান্দএ[৯] সকল[১০] বৃন্দাবনে বাল বৃর্দ্ধ জুবা জত পক্ষ পশুগণে।
ঘরে দ্বারে চাতরে পাঁতরে হাটে[১১] বাটে ঠাই ঠাই কান্দে তা শুনিতে প্রাণ ফাটে।
সভে বলে কে আর পালিব বৃন্দাবনে[১২] কে আর করিব নানা বিপদতারণে[১৩]।
দেবদানবের বাদে রাখিঞাঁ গোকুল এতদিনে আপনে কইল[১৪] নির্মুল।
ভুজবলে কংসের উতপাত কইল দুরে ইন্দ্রবাদে গিরি ধরি রাখিল গোকুলে।
কে জানে কি লাগি হইল এতেক নিঠুরে আহ্মা[১৫] সভা নাশিঞাঁ[১৬] রহিলা মধুপুরে।
শিব শিব আর না শুনিব বেণুনাদে এ পাপ নঅনে না দেখিব তেন ছান্দে।
আর বৃন্দাবনপথ নহিব সফল[১৭] ইবে সেঅ[১৮] নাশে[১৯] গেল গোকুলনগর।
হেন নানা কান্দনে বিকল পুরজনে কৃষ্ণের ভাবনা বহি আন নাহি মনে ॥

ইতি পুরজনাদি[২০]-বিষাদ ॥

সে গোপনাগরীর আর না কহিএ[২১] কথা শুনিলে পরম বইরি সেহো মানে[২২] বেথা।
জবে গোপী লোকমুখে শুনিল নিশ্চএ বৃন্দাবন না আসিব নন্দের তনএ।
তবে গোপী হরি করি কান্দএ উচ্চস্বরে শোকভরে গাও ঢালি পড়ে ভুমিতলে।
গোপী শোকে আগেআন কারে কে সম্বরে[২৩] লোহের হিল্লোলে[২৪] ভাসে নদীএ কান্দরে[২৫]।
কান্দে কান্দে সোহাগে আগলী রাধারানী জাহার কান্দনা[২৬] শুনি বিদরে পরাণি।

---

১ পা আমা ২ ঐ চীনাএ ৩ পা ইশ্রায়ে ৪ ঐ সমভার ৫ পয়ারের অংশটি পা-এ নাই ৬ পা শ্মরিতে ৭ অতঃপর পা-এর অতিরিক্ত, না জানিএ কি পরমাদ হইল হেথা ৮ ক. খ মাথে ৯ পা কান্দে জত ১০ পা-এ নাই, ক. ক সকল কান্দএ ১১ পা হাট ১২ ঐ বৃন্দাবন ১৩ পা তারন' ১৪ ক. ক, ক. খ করাইল ১৫ পা আমা ১৬ ঐ লাগিঞাঁ ১৭ পা সফলে ১৮ ক. খ, পা একেসি ১৯ পা আনামে ২০ ঐ পুরজননাদি ২১ ক. খ কহি ২২ ক. ক পাইল ২৩ পা করে কে সতরে ২৪ পা হি[ল্লো]লে ২৫ ঐ নদিত কাদরে ২৬ ক. খ কান্দন, পা কান্দানা

আবাল হইতে কানু-সনে নেহা   এক প্রাণ এক জীউ সবে ভিন্ন দেহা।
শ্বশুর শাশুড়ী স্বামী আজিহো না চিনি   কানু-সঙ্গে নানা রঙ্গে বঞ্চি রাতি দিনি[১]।
নঅনের আড় হইলে কেহো নাহি জীএ   কেহো এড়ি শোষে কেহো[২] পানি নাহি পিএ
বুকের উপর বহি[৩] শিঙ্গ নাহি ছুই[৪]   মুখের চর্বিত[৫] বহি তাম্বুল নাহি খাই।
মুখে মুখে ঠেকাঠেকি থাকি রাতি দিনে[৬]   আখি ঢুলাঢুলি কত করি দুই জনে।
কানু মোর রূপ[৭] দেখি আখি না পাছাড়ে   মোর কণ্ঠে দুই বাহি[৮] তিলেক না ছাড়ে।
আলিঙ্গনে বুকের ছিণ্ডিঞাঁ পেলে হারে   গাএর চন্দন মোছে বিরহেব ডবে[৯]।
প্রাণপণে একত্র[১০] থাকি দুই বুকে   পর্বত-অধিক তাহে মানিএ পুলকে।
সে প্রভু কি দেখি হইল এতেক নিঠুরে   অভাগী গোপিকা ছাড়ি রহিলা মধুপুরে।
দেবের[১১] অধিক জার বোল পবমাণি   ত্রিভুবন-মাঝে[১২] জাবে ভাল করি মানি।
সে লক্ষ্মীদুল্লভ কৃষ্ণ মোর হাথে ধরি   মুখে মুখ চাহি কত করিল বিকলি।
কানুর পরশ-রসে[১৩] মধুর বচনে   আপনাকে আপনি হইলাঙ অচেতনে।
পাশে জেবা আছিল আবুধ সখীজনে   সেহো ইহা না বুঝিল কপট বচনে[১৪]।
সে হেন পুরুষ কত[১৫] কইল[১৬] পরিহার   তাহে আনুমতি[১৭] না দিব[১৮] কোন ছার।
জার এক বোলকে প্রাণপণ করি   কে জানে মরমে এত বঞ্চিবেক হরি।
না বলিতে যখন[১৯] শপত শত কইল[২০]   আহ্মার[২১] পাপিষ্ঠ মন তখনি জানিল[২২]।
আন দিগ[২৩] চাহিঞাঁ সকল কথা কহে   সে দিশে[২৪] নিশ্বাস ছাড়ি হেঠমাথে রহে।
আসমএ বুধি বাড়ে[২৫] জানি সর্ব কাল   হাথে হাথে হারাইল প্রাণের গোপাল।
জবে জানি গোপিকা ছাড়িব গোপীরাএ   তার অনুমানে কাজ[২৬] করি সেই ঠাএ।
কিবা জনমের তরে দিএ আলিঙ্গনে[২৭]   বোল দুই কহিথাঙ মধুর[২৮] বচনে।
জেবা কিছু দিথাঙ[২৯] প্রাণের নিরিক্ষনে   জখন তখন জেন সোঙরিথাঙ[৩০] মনে।
একে প্রভু সকল[৩১]-রসিক-শিরোমণি   আর তাহে লাগ পাইল[৩২] মথুরারমণী।
দোহার আতুঁল গুণে[৩৩] মোহিল দোহারে   কমলের বনে জেন ভুখিল[৩৪] ভ্রমরে।

১ পা দিনে ২ পা-এ নাই ৩ পা হরি ৪ ক.ক, ক.খ ছোএ ৫ পা চীবা ৬ ক.ক সব থনে ৭ ক.ক মুখ ৮ ঐ আখি ৯ ক.ক ভরে ১০ ঐ একধি ১১ পা দেবরে ১২ ক.ক মারি ১৩ ঐ কানুরসে পরস সে ১৪ পা গেআনে ১৫ ক.ক পুর তত ১৬ পা -কত ১৭ ঐ অনুমতি ১৮ পা দিল, ক.খ দিবে ১৯ পা-এ নাই ২০ পা কই ২১ ঐ আমার ২২ পা ডাকিল ২৩ ঐ দিন ২৪ পা দিন ২৫ ঐ বুদ্ধি বাধে ২৬ পা কার্য্য ২৭ ঐ আলিঙ্গন ২৮ পা মধু ২৯ ক.ক দেখিথাঙ ৩০ পা মরিথা ৩১ পা-এ নাই ৩২ পা পাইল গিঞা ৩৩ ঐ গুন ৩৪ পা হেন

তাহে গোপী অভাগীর কথা[১] নাম গন্ধে[২]   কাঞ্চন পাইলে কিবা পিত্তলে সম্বন্ধে[৩]।
জথা জাই তথা দুল্লভ বনমালী   না চাহিতে কত কত মেলিব নাগরী[৪]।
সে রসে কাহ্নাই পাসরিল[৫] গোপীজনে   গোপী পাসরিব হেন না দেখি কারণে।
জেন[৬] চান্দবিহনে চকোরী অনাথিনী   জেন মেঘবিহনে চাতকী[৭] পিআসিনী।
জেন সূর্যবিহনে কমল কিছু নহে   তেন কৃষ্ণবিহনে গোপী-জীব[৮]-মাত্র জীএ।
বিষম বিষম সখী কানুর বিরহে   বাহিরে লখিল নহে দহে সর্ব দেহে।
অবিরত এত দহে ভস্ম নাহি হএ   আগুন দুগুন তেজ সহজেই রহে।
কানু-সঙ্গে বিধি-সঙ্গে কত ছিল বাদে[৯]   পরাণ না নেই[১০] দুখ দেই কত ছান্দে[১১]।
না জানিএ কিবা এই জাতনা শরীরে   এত দুখ শোকে প্রাণ না হএ বাহিরে।
এ বড় বিষম[১২] কথা জানিতে চাহিএ   গোপীনাথ-বিরহে[১৩] গোপী[১৪] প্রাণে জীএ।
নিশ্চএ মরিব সখী কানুর বিহনে   এ বড় রহিল লাজ খাঁখার ঘোষণে।
চন্দ্র গেল তাহার চন্দ্রিকা ভিন্ন নহে[১৫]   মেঘ বিনু[১৬] গগনে তড়িত না উএ।
গোপীনাথ[১৭] বিহনে[১৮] গোপীজন[১৯] জীউ ধরে[২০]   কৃষ্ণ জীউ-অন্তক জানিল এত কালে।
এক সখী বোলে শুন রাধা প্রাণসখী   শোক বিচারিতে ত্রিভুবনে ঠাঞি নাহি।
কৃষ্ণের বিরহ আর আগুনের[২১] খুনে   উলটিতে নাঞি চাই নিতই[২২] নৌতনে।
জবে এত জানিথাঙ বিরহের জ্বালে[২৩]   এক পাওঁ ছাড়িঞাঁ না দিথাঙ গোপালে।
অনুজোগ দিতে চাহি নাহিখ কাহোকে[২৪]   আপনাকে আপুনি পোড়াই[২৫] নানা শোকে।
বিরহে কাতর হঞাঁ তেজিব পরাণে   আপন[২৬] হাথের নিধি বিনশিল[২৭] আনে।
অনেকনাগরী-সঙ্গে জার অনুরাগে   দুই চারি নারীর বধ তাহে নাহি লাগে।
সহজে পুরুষজাতি ভ্রমরসমানে   জথা জাএ তথাএ করে[২৮] মধুপানে।
পাপ কুলবহু-জাতি জীতে না জুআএ   এক প্রভু বিনে আর মনে নাহি ভাএ[২৯]।
জাহার বিরহদাহ সহিতে না পারি   চন্দনকে অধিক আনল গাঅ[৩০] ঢালি।
স্বামীর কি কহিব নিষ্ঠুর বেভারে[৩১]   কোলের জুবতী ছাড়ি জাএ দেশান্তরে[৩২]।

১ পা-এ নাই ২ ঐ -নাহী ৩ পা সম্বন্ধ ৪ ক.ক, ক.খ রমণী ৫ পা পাসরিব ৬ ক.খ জথা ৭ পা চাতুরি ৮ ক.ক জিবা ৯ ক.ক বৈরি ছিল ১০ পা ইলে ১১ ক.ক পুন এত দুঃখ দিল ১২ ঐ এত উবিসাস ১৩ ক.ক, ক.খ বিহনে, পা বিহরে ১৪ ক.ক গোপিনি ১৫ পা চন্দ্রীকা তাহার নাহি রহে ১৬ ঐ বিহনে ১৭ পা কৃষ্ণ ১৮ ক.খ, পা বিনু ১৯ পা গোপ- ২০ ক.ক গোপিনি প্রাণে জিএ ২১ ঐ আঙ্গারের ২২ পা নাঞি নিত্য ২৩ ঐ জানে ২৪ পা বাহি কহোকে ২৫ ঐ গোঙাঞি ২৬ ক.খ আপনার ২৭ ক.ক বিসিব ২৮ ঐ পাএ ২৯ পা কিচ্ছিকে না জুআএ ৩০ ঐ দেহ ৩১ পা, ক.খ ব্যবহারে ৩২ পা দেশান্তরি

সবে একখানি আছে[১] জীবার উপাএ দুখীজনে দআ না ছাড়ে জদুরাএ।
আইসহ সব সখী জাই বৃন্দাবনে কিবা সুখ পাই কিবা তেজিব জীবনে।
এত বলি গোপীজন জাএ ধীরে ধীরে দেখিতে দেখিতে গেলা জমুনার তীরে।
প্রভু-সঙ্গে[২] জেখানে জে[৩] কইল গোপীজনে তার[৪] সেই সম রূপ পড়েসিঞাঁ মনে।
কেহো বোলে পানি নিতে আইলাঙ[৫] জমুনা এক সখী পহিলে দেখিল সেই[৬] জনা।
গাএ চীর থির নহে দক্ষিণ[৭] বাতাসে জে দিগ ধরিতে চাহি ওদিগ উদাসে[৮]।
আলখিতে সব দেহ দেখিল কাহ্নাই[৯] হেন মন করে লাজে ভূমিতে লুকাই।
তখন সে প্রভু ভএ দশ দিগ চাহে হাসিঞাঁ কহিল তাহা[১০] কহনে না জাএ।
সমুখে কাকুতি কত কইল দেবরাজে আহ্মি[১১] সখী মুখ-লাজে হারাইল কাজে।
জবে প্রভু ইঙ্গিত-রসে কইল কোর না জানি কি হইলাঙ পরশের ভোর।
এত বলি কান্দিঞাঁ পড়িলী[১২] সেই থানে সখীজন তোলাইঞাঁ করাইল চেতনে।
কেহো বোলে এ জলের[১৩] খেলে প্রাণেশ্বরে এত দগধিএ কালা[১৪] কলসে জল ভরে।
ডুব দিঞাঁ হাথের কলসী আনে টানি আনের কি দাঅ সখী আমিহোঁ না জানি।
গৃহভএ জলে নাম্বি চাহি ঠাই ঠাই তথাচ কপট কেলি রচিল কাহ্নাই।
আলখিতে ডুব দিঞাঁ হাসি ধরে কুচে জত হাথে নেবারিএ[১৫] তিলেক না ঘুচে।
প্রচার করিতে চাহি[১৬] ধরে দুই পাএ আর জত বিড়ম্বিল কহনে না জাএ।[১৭]
নিকটে ঘট থুঞাঁ উঠে শিশু-মাঝে লখিতে না পারি কেহো আহ্মি[১৮] মরি লাজে।
এত বলি শোকে গোপী ঝাঁপ দিতে জাএ[১৯] সব সখী ধরাধরি বোধাঞাঁ রোহাএ।
কেহো বোলে পহিলে আইলাঙ দুতীসঙ্গে এখানে আছিলা প্রভু নানা রসরঙ্গে।
কেহো বোলে এইখানে আনেক[২০] জতনে বোলে আনুমতি[২১] দিল কমললোচনে।
কেহো বোলে জেখাঁনে দুতীর জাতাআতে[২২] সব রাতি পোহাইল নহিল পিরিতে।
কেহো বোলে সেই আর মাধবীকুঞ্জ-ঘরে জাহে কামসিদ্ধি সাধিথাঙ নিরন্তরে।
কেহো বোলে সেই কদম্বতরু-তলে জাহে অবলম্বি ত্রিভঙ্গ বেণু পুরে।
সে[২৩] বাঁশীর সানে ঘরে না ধরে[২৪] পরাণে জার কাজে লাজে দিল তিলাঞ্জলি-দানে।
জার ডাক শুনি পথাপথ নাহি গণি সে ঘোর আন্ধার নিশি বনে[২৫] কইল পানি।

১ পা-এ নাই ২ পা প্রসঙ্গ ৩ ঐ °এ ৪ পা আর ৫ ঐ পিতে আইঅলাঙ ৬ পা এক ৭ ঐ বসন ৮ পা অ্দাসে ৯ ক.খ কানাই ১০ পা -কহিতে ১১ ঐ আমি ১২ পা পড়িলাঙ ১৩ ক.ক এই জল ১৪ পা কলি, ক.ক, ক.খ কলা ১৫ পা নেবারিঞাঁ ১৬ ক.ক নাহি ১৭ অতঃপর পা-এ অতিরিক্ত, কেহো বোলে নিপহিলে ১৮ পা আমি ১৯ ঐ চাহে ২০ পা অনেক ২১ ঐ অনুমতি ২২ পরবর্তী পয়ারের অংশটি পা-এ নাই ২৩ ক.ক জে ২৪ ক.ক ধরি ২৫ ঐ বন

কিবা সে পড়িল মনে কানুর পিরিতি   শিব শিব সেহো নেআইএ[1] তেন[2] রাতি[3]।
এত বলি গাওঁ[4] ঢালি পড়ে সখীগণে   দেখিল শুনিল নহে জাহার কান্দনে।
রাধা বলে কে আর ভ্রমিব[5] বৃন্দাবনে   কার সঙ্গে গোপীজন সাজিব জোগানে।
ডাল ফল ফুল আর কে চিনিব[6] বৃন্দাবনে   রভস[7] মরম[8]-কথা জানিব[9] কোন জনে।
এ কেলিকদম্বে দেই[10] ত্রিভঙ্গ-আউসি   হাসিঞাঁ কটাক্ষ চাহি কে পুরিব বাঁশী।
এ নব[11] বৃন্দাবনে সে[12] নাগরের সঙ্গে   হরি হরি কে আর করিব রসরঙ্গে।
গোপীজনে কে আর করিব অভিরোষে   নানা মতে কে আর করিব পরিতোষে।
এ[13] গোপী কাহারে বা[14] করিব অভিমানে   কেবা তেন জানিব করিতে[15] সমাধানে।
কে ইথি[16] করিতে জানে গোপিকার মানে[17]   হেনমতে গোপী সব কান্দে নানা মনে।
হেনমতে গোপী সব বিরহে[18] বিকলে   ফুকরি ফুকরি সব কান্দে উচ্চস্বরে।
জমুনা ভাসিঞাঁ গেল লোহের হিল্লোলে   লোহের হিল্লোলে কি কহিব গোকুলে[19]।
অকালে বরিষাইল[20] সব বৃন্দাবনে   বন[21] ভাসিল বিনি মেঘের বরিষণে।
গোপালবিজঅ-কথা[22] শুন সঙ্গভাই   নন্দের নন্দন বিনি কান্দনে[23] না পাই।
কহে কবিশেখর দেখহ[24] অনুভবে   সোনাএ সোহাগা[25] জোড় লাগে জবে দ্রবে[26]॥

## ॥ সুহই[27]

কৃষ্ণশোকে গোপী রাতি দিন নাহি জানে   গুণ স্মরিঞাঁ কান্দে না মেলে নআনে।
সহিতে না পারে কেহো বিরহবেদনে[28]   কেবল মরণ[29]-মাত্র করিঞাঁ শরণে[30]।
কেহো বোলে সখী শিজ সাজ কিশলএ   তাহে এ দগধি গোপী ঢালিবেক গাএ।
তভু সে বজর[31] প্রাণ জদি[32] নাহি জাএ   তবে চারি দিগে দিহ চামরের বাএ।
তভু জদি পাপিষ্ঠ[33] কঠিন প্রাণ[34] থাকে   তবেসি[35] লেপিহ[36] গন্ধ চন্দনের পাঁকে

১ ক.ক নেহহ ২ ক.খ সেই ৩ ক.ক রিতে ৪ পা গও ৫ ক.ক পালিব ৬ ঐ চিনাব ৭ পা-এ নাই ৮ ঐ সরম ৯ ক.ক না বুঝিব ১০ পা দিঞা ১১ ঐ ন[ব] ১২ পা-এ নাই ১৩ পা এক ১৪ পা-এ নাই ১৫ পা করিব ১৬ ঐ আর ১৭ পা গোপির সন্ধানে ১৮ ক.ক করিঞা ১৯ পা গোকুলে কি কহিব গোপের লোহের হিল্লোলে ২০ পা বিসাইল, ক.ক বরিস্রা হইল, ক.খ বরিষা হৈল ২১ ক.ক, ক.খ নগর ২২ পা-এ নাই ২৩ পা বিমু বান্ধিলে ২৪ ঐ শুনহ ২৫ পা লোহাএ ষোনাএ ২৬ ক.খ, পা তবে ২৭ পা -রাগ ২৮ ঐ বেদনা ২৯ পা কমলচরণ ৩০ ঐ স্মরনে, ক.ক করিল সরণ ৩১ পা কঠিন ৩২ পা-এ নাই ৩৩ পা বজর ৩৪ পা-এ নাই ৩৫ পা তবে সে ৩৬ ক.খ, পা পেলিহ

মরিলেহো না শুনাবে কোকিলের নাদে   পাএ ধরি সভারে মাগিএ[১] পরসাদে।
শুনিঞাঁ গোপীর এ বিতথ[২] বিকলি   বুক ফুটে প্রাণ জেন বাঢ়াএ নিকলি[৩]।
এক গোপী বলে সভে[৪] মন কর থির   জত বল ততেক[৫] নহিব জদুবীর।
শিশুকাল হইতে নেহা[৬] বাড়িল আখণ্ডে   সে সব কেমনে পাসরিব এক দণ্ডে।
সভেঁ মেলি তথা জাই এহো বড় লাজ   কি আর হৃদএ করিব দেবরাজ।
সভার অধিক তাহে[৭] আর বড় দুখে   মথুরাজুবতী জে চাহিব হাস্যমুখে।
এতেকে প্রভুর ঠাই জাউ[৮] এক দুতী   অনুজোগে পাঠাইএ এই[৯] স[১০] জুগতি।
এত শুনি সভেঁঞি সভার মুখ চাহি   রাধিকা কাতর হঞাঁ কহে সভা-ঠাঞি।[১১]
কোন ভাগ্যবতী আছে লউ জশ মান   নেঅটাঅ গোকুল আনিঞা দেউ কান।
দেখিল শুনিল কথা কহে প্রভু-ঠাঞি   আর বা জে কিছু কহে মরমে বুঝাই।
মথুরার নাম শুনি সভে[১২] উভরাই[১৩]   চতুর বুঝিঞাঁ গেলী এক সখী[১৪]-ঠাই।
হের দেখ দুখিনী সকল সখীগণ   হেলে সব সিদ্ধি সাধ নেহ[১৫] জশ পুণ।
নানা লাস-বেশ করি সাজিঞাঁ পসরা   বিকি-ছলে একে একে দেখিবে মথুরা।
রাজপথে উত্তরিবে দৈবকীর নাছে   আগু তথা পুছিবে গোসাঞি কথা[১৬] আছে।
জবে তথা পুছিলে না পাবে উদ্দেশ[১৭]   তবে পথে[১৮] শিশুগণে পুছিবে বিশেষ।
তেহ না পাহ জবে প্রভুর উদ্দেশ[১৯]   সে সবনাগরী-ঠাঞি পুছিহ[২০] বিশেষ।
জবে তাহা[২১] সভার বুঝ সরস ইঙ্গিতে[২২]   করিবে কপট চাটু বচন ইঙ্গিতে।
জাবত দেখাএ[২৩] নাহি কমললোচনে[২৪]   ততক্ষণ না ছাড়িবে তাহার চরণে[২৫]।
জবে থান বুঝি দেখাএ প্রাণেশ্বরে   রস বুঝি দেখা দিহ কাজ-অনুসারে।
কোপ শোক বিনি তার হইহ[২৬] সমুখে   আতি জে মধুর থাকে সেহো হএ রোখে।
পিত্তরোগে[২৭] জবে আর বাধএ[২৮] রসনা   নিম্বকে অধিক লাগে নবাতের পানা।
জবে কেলিসন্তোষে বসিঞাঁ[২৯] থাকে প্রভু   তবে জানি গোপীর সংবাদ কহ কভু।
জেন তেন জলে জার[৩০] খণ্ডন[৩১] পিআসে   শীতল সুগন্ধি জল সেহো নাহি বাসে।
তোহ্মারে[৩২] বা[৩৩] সমঅ[৩৩] বুঝাই কোন লাজে   ত্রিভুবনে অবিদিত তোরে কোন কাজে।

১ পা -এই ২ ঐ বিপথ ৩ ঐ বাহিরায়ে সিকসি ৪ পা সুন ৫ ঐ তত ৬ পা না ৭ ক. ক এক ৮ পা জাউক ৯ ঐ এত ১০ পা-এ নাই ১১ পরবর্তী ছত্রটি পা-এ নাই ১২ পা শখি ১৩ পা ভরাই, ক. ক উভরাএ ১৪ ক. খ গোপি ১৫ পা নহ ১৬ ঐ কো ১৭ ক. ক অন্বাষণে ১৮ পা [প]থে ১৯ ঐ উ[দ্দে]স ২০ পা পুছি ২১ ঐ তা ২২ পরবর্তী পয়ারের অংশটি পা-এ নাই ২৩ পা দেখা ২৪ ক. খ °লোচন ২৫ পা চরণ ২৬ পা সহিহ ২৭ ক. ক °যোগে ২৮ পা মরে জেবা দোবয়ে ২৯ ঐ বসি ৩০ পা জেন ৩১ ক. ক, ক. খ খণ্ডিল ৩২ পা তোমারে ৩৩ পা-এ নাই

সোঙরিঞাঁ[১] গোপী সকলের নামে[২] নামে একে একে প্রভুরে কহিবে পরণামে[৩]।
আর উপাধিক কিবা কহিব তোহ্মারে[৪] দেখিলে শুনিলে বোল[৫] কহিবে তাঁহারে।
আর এক কৌতুক কহিঅ প্রাণেশ্বরে সেই বৃন্দাবন হৈবে আগুন ধরে।
বৃন্দাবনে চান্দ[৬] নাহি সূর্জ রাতি দিনে জ্বালিলে আনল তুহ্মি[৭] বাঢ়াবার[৮] গুণে।
বৃন্দাবন গড়াইতে[৯] চাপিল মদনে বন প্রবেশিতে প্রাণ লএ ফুলবাণে[১০]।
তোহ্মার[১১] মৎসরে কাম[১২] গোপবধূ-গণে পাএ পাএ বাদ শুধি[১৩] লইবে পরাণে।
সুগন্ধি শীতল জত[১৪] ছিল সেই ঠাই আছু অনুভব-কাজ দেখিঞাঁ ডরাই।
জে পিক-মধুরধ্বনি শুনি প্রাণ হরে সে ধ্বনি শুনিতে এবে[১৫] না রহে[১৬] শরীরে।
তখন পিরিতি-মদে[১৭] কিছু না শুনিল তোহ্মার[১৮] বিমুখ দুখ এবেসি জানিল।
সম্পদে[১৯] কার কিছু কাজ[২০] না পরমাণি ভাল মন্দ জত কিছু বিপদে সে জানি।
তোহ্মার[১৮] বিমুখে তাহে জগত বিমুখ সুখের পরাণ জত সেহো হএ দুখ।
আপনার দুখকথা কি কহিব আর আপনাকে জীবন জৌবন হইল ভার।
এ[২১] সমএ বনেহোঁ তরুলতা[২২] মাজরে[২৩] কুসুমে রঞ্জিত মকরন্দবিন্দু ঝরে।
এক ঠাই ভ্রমরা ভ্রমরী মধু পিএ হরি হরি অভাগিনী গোপিনী কেনে[২৪] জীএ।
বসন্তে সভার বিধি পুরাইল আশে মালতী[২৫] গোপিনী দোহাঁ কইল[২৬] নৈরাশে[২৭]।
ভাল হইল জে দেখিঞাঁ রহিলা[২৮] বিদেশে গোপিনী তেজিব প্রাণ তোহ্মার[২৯] উদ্দেশে।
আছিল অনেক সাধ এ ভর জৌবনে মধুকালে কৌতুকে বঞ্চিব মধুবনে।
সাধিব সে সব সাধ তার নাহি দাএ এখন চাহিএ দআ ধরিএ হৃদএ।
নিজগণ-গণনে গণিবে মোর নামে প্রসঙ্গ করিবে মোরে নিজলোক-ঠামে।
মোর নামে কভু জবে মেলে আর[৩০] নারী তারে[৩১] হেন নিঠুর না[৩২] হইহ[৩৩] মুরারি।
লাখ দোষে কভু তারে না হইবে বাম সমএহো সোঙরিবে[৩৪] হের[৩৫] পরিণাম।
আর কিবা নিবেদিব তাহার[৩৬] চরণে এ মোর হিআর হার দিহ নিরিশনে।

১ পা স্মরিঞাঁ ২ ঐ নাম ৩ পা প্রণাম কহিবে প্রভুরে ৪ ঐ তোমারে ৫ ক. খ কিবা ৬ পা পত্র ৭ ঐ তুমি ৮ ক. ক আনিলে আনলে বাটা বাটে কৈল ৯ পা গড়াইবে ১০ ঐ °বান ১১ পা তোমার ১২ ঐ মৎসরের কাজ ১৩ ক. ক সুধি ১৪ ক. ক জল ১৫ ক. ক হরে ১৬ পা ন হরে ১৭ ঐ মনে ১৮ পা তোমার ১৯ ঐ কি- ২০ পা-এ নাই ২১ ক. ক, ক. খ জে ২২ পা °হোঁ ২৩ ক. ক মজরে ২৪ পা প্রানে ২৫ ঐ °দে ২৬ পা করিল ২৭ ক. খ নিরাসে ২৮ পা রহিল ২৯ ঐ তোমার ৩০ পা আধ ৩১ ঐ মোর ৩২ পা-এ নাই, ক. ক তারে না ৩৩ পা নহিব ৩৪ ঐ সমঅ স্মরিবে ৩৫ পা-এ নাই ৩৬ ক. ক, ক. খ তোমার

জেখানে সতত প্রভু বসে নানা রসে[১] মোহোঁর নাম লেখিহ তাহার চারি পাশে।
হেন নানা নিবেদিঞাঁ সব সখীগণে কামকলা সখী পাঠাইল ততক্ষণে।
জবে সখী সমএ ভেটিল[২] জদুরাএ লাজে অধোমুখে কৃষ্ণ সমুখে না চাহে।[৩]
তা দেখি রুষিঞাঁ কিছু কহে কামকলা কহিতে কহিতে ধরে আনহি শৃঙ্খলা।
পুরুবের প্রণঅ দেখিঞা কহিতে[৪] চাহি[৫] তোহ্মার[৬] বেভার দেখি কহিতে লাজাই[৭]।
জখন আছিলে তুহ্মি[৮] গোকুলনগরী সে রাধিকা সুন্দরী আছিল প্রাণেশ্বরী।
জখন কৌতুকে[৯] প্রভু বুল বনে বনে তখন জে কিছু দআ ছিল গোপীজনে।
এখন বোলাহ তুহ্মি[৮] মথুরার রাজে উঠিতে[১০] গোপীর নাম উপজিল লাজে।
সেখানে নাম পাখালিলে[১১] রাজরঙ্গে[১২] নাগরশেখর বোলাইলে নাগরী-সঙ্গে[১৩]।
আহ্মি[১৪] না বুলিব আশে পাশে পুছে আনে গোপীনাথ নামে সে তোহ্মার[১৫] লোকে জানে।
সে বা গোপিকার কি কহিব অনুরাগে কোন বা আকাজ না কইল তোহ্মা[১৬] লাগে[১৭]।
কুলবধু হঞাঁ কুলে[১৮] দিল তিলা[১৯]-ঞ্জলি লোকভএ ধর্ম[২০]-ভএ পুড়িল সকলি।
থাকিতেহোঁ সকল ছাড়িল তোহ্মা[২১] আশে[২২] ত্রিভুবনে তোহ্মা[২১] বহি কিছু নাহি বাসে।
তোহ্মা[২১] বহি তা সভার আন[২৩] কেহো নাহি ব্যবহারে কথাঙ[২৪] দাণ্ডাইতে[২৫]
নাহি[২৬] ঠাঞি।
তুহ্মি[২৭] জদি জানিঞাঁ না জান জগদীশ তোহ্মাকে[২৮] কি দোষ দিব গোপীর[২৯] কুদিব।
সে গোপনারীর দুঃখ কি কহিব কাএ[৩০] তিরি[৩১] হঞাঁ তেন দুখ কেহো নাহি পাএ।
তোহ্মার[৩২] বিরহ প্রভু বিষম আনলে[৩৩] ভস্ম না করে কাঅ[৩৪] রাতিদিনে জলে।
জত জত নঅনসলিল-ধারা পাএ ততেক হৃদঅকুণ্ড উথলিঞাঁ জাএ[৩৫]।
আর তোহ্মা[৩৬] বহি তার নাহি প্রতিকার জার দাবানলপান বিদিত সংসার[৩৭]।
কেহো কেহো[৩৮] তোহ্মার[৩৯] সে[৪০] বিরহবিচ্ছেদে মনে কিবা[৪১] করে নাহি বলে[৪২]
মতি মোহে।[৪৩]

১ পা রঙ্গে ২ ঐ ভেটেল ৩ পরবর্তী ছত্রটি পা-এ নাই ৪ ক. ক কিছু- ৫ পয়ারের অংশটি পা-এ নাই ৬ পা তোমার ৭ ঐ ডরাই ৮ পা তুমি ৯ ঐ কৌতু[কে] ১০ পা উঠেতে ১১ পা পাখানিলে, ক. ক পাসরিলা ১২ পা জার সঙ্গে ১৩ ক. ক রসরঙ্গে ১৪ পা আমি ১৫ ঐ তোমার ১৬ পা তোমা ১৭ ঐ লাগি ১৮ ক. ক, ক. খ জলে ১৯ পা জলা ২০ ঐ ধর্মর ২১ পা তোমা ২২ ঐ [আ]সে ২৩ ক. ক আর ২৪ পা, ক. খ কোথাঙ ২৫ পা রহিতে ২৬ ক. ক থল- ২৭ পা তুমি ২৮ ঐ তোমাকে ২৯ ক. ক আমারে ৩০ ঐ কাহে ৩১ পা তিরিএ ৩২ পা তোমার ৩৩ ঐ আননলে ৩৪ ক. ক করাএ দেহ ৩৫ পা পড়ে ৩৬ ঐ তোমা ৩৭ ক. ক দেখিঞা জিয়াহ গোপী নহ জসভার, পা সংসার ৩৮ পা-এ নাই ৩৯ পা তোমার ৪০ পা-এ নাই ৪১ পা -কিবা ৪২ পা করে, ক. ক না করিবে না বলে ৪৩ পরবর্তী দুইছত্র পা-এ নাই

চান্দের কিরণ দেখি চমকিঞাঁ পড়ে   মলঅপবন-নাম শুনি প্রাণ ছাড়ে।
চন্দন কুঙ্কুম দেখি[১] কাঁপে থরহরি   ভ্রমর কোকিল রাএ পরাণ না ধরি।
তোহ্মার[২] মুখের[৩] সম শ্যামল নলিনে[৪]   দেখিঞাঁ নিশ্বাস ছাড়ে চুম্বে ঘনে ঘনে।
এক রসমান দেখি রাতা উতপলে[৫]   চমকি চমকি দেই[৬] দুই[৭] পওধরে।
তোহ্মার[২] অধরসম বান্ধুলির ফুলে[৮]   চুম্বনে দশনাঘাত দেই রতি-বেলে[৯]।
তোহ্মা[১০] বলি বনে নীল[১১] তমাল আলিঙ্গে[১২]   এ ভুজ বলিঞাঁ[১৩] ধরে[১৪] জমুনাতরঙ্গে
বন-মাঝে যখন[১৫] কোকিল করে ধ্বনি[১৬]   বেণু বলি ধাএ পথাপথ নাহি গণি[১৭]।
হেন তার দুখ[১৮] দেখি কে প্রাণ ধরু   মকরন্দবিন্দু-ছলে[১৯] কান্দে লতা তরু ॥[২০]

## ॥ বাঙ্গাল বরাড়ী[২১] ॥

কেহো ঝলক দাপুনি   দেখিঞাঁ মুখ[২২] আপনি[২৩]
চাঁন্দ বলি লোটাঞাঁ পড়ে
দেখিঞাঁ আপন করে   পদ্ম বলি কাঁপে ডরে
গাএ পরশিতে প্রাণ ছাড়ে।
কেহো জবে দআ করি   চন্দন লেপন করি
চমকি উঠিঞাঁ রহে[২৪] গাএ
আপন নিশ্বাস-বাএ   ঘনে ঘনে মোহ জাএ
সে নারী বাচিব কোন উপাএ।
কিশলঅ-শেজা করি   শোআইল ধরাধরি
আনল বলিঞাঁ গাওঁ ঢালে
কনকপুতলি-সমে   রহে বাহি[২৫] নিবিঝমে[২৬]
সখীগণ কান্দে চারি পাশে[২৭]।

১ ক. ক. দেখিঞা ২ পা তোমার ৩ পা-এ নাই ৪ পা নিলে ৫ ঐ উতপল ৬ পা দেঅ ৭ ক. ক, ক. খ নিজ ৮ পা ফলে ৯ ক. ক, ক. খ বলে ১০ পা তোমা ১১ ঐ পিত ১২ পা আলিঙ্গনে ১৩ ঐ লনিঞাঁ ১৪ পা -কেহো ১৫ ক. ক যেখানে, ক. খ জে রঙ্গে ১৬ ক. খ ধ্বনি শুনি ১৭ ক. ক গুনে, পা গনে ১৮ পা মুখ ১৯ ঐ বিন্দু ঝরে ২০ অতঃপর পা-এ অতিরিক্ত, চাঁন্দোত্তর: এবং ক. ক পুথির অতিরিক্ত, ছন্দান্তর ২১ পা °রাগ ২২ পা-এ নাই ২৩ পা আপনে ২৪ পা বান্ধিঞা উঠে, ক. খ বিমুক বান্ধিঞা ২৫ পা বাহু ২৬ ক. ক নিমরমে ২৭ ঐ পালে

তুলিএ তুলিঞা দেখি　　নাসিকাতে শ্বাস নাহি
　　জীএ বা না জীএ নাহি জানি
লোহের হিল্লোলে[১] দেখি　　জীএ হেন কিছু লখি
　　কার আশে ধরএ[২] পরাণি।
কত[৩] মিছা[৪] আশোআসি　　রাখিব তা অহোনিশি[৫]
　　তুহ্মি অতি[৬] নিদারুণ সীমা
হা হা[৭] দুরদৈব-গতি　　কি[৮] হউ[৯] সে[৮] কলাবতী
　　কেবা পাব আতুঁল[১০] মহিমা।
কেহো শ্যামনাম-ভরে[১১]　　শ্রবণ মুদিঞা রহে
　　আখি বুজে দেখিবার ভএ
তথাহোঁ আন্ধার দেখি　　তরাসে কমলমুখী
　　অনুসারে কান্দে উভরাএ[১২]।
প্রথম প্রহর নিশি　　সখীসঙ্গে বঞ্চে বসি
　　উরে[১৩] সব সখী নিন্দ জাঅ
দুতিএ শুতিঞা রহে　　সখী-অনুরোধ-ভএ
　　মনে মনে তোহ্মারে[১৪] ধেআঅ।
জবে সবে নিন্দ গেল　　তৃতীঅ প্রহর হৈল
　　উঠিঞা আপন শোকে[১৫] কান্দে
প্রভাত অরুণ দেখি　　এ চরণতল[১৬] লখি
　　শোকে রাই বুক নাহি বান্ধে।
এ হেন জাহার চিহ্ন　　সে না জীব কত দিন
　　শিব শিব কি হব[১৭] তাহারে
সভার জতেক দুখে　　কি কহিব[১৮] এক মুখে
　　নগর জুড়িঞা হাহাকারে[১৯]।

১ পা হির- ২ ঐ ধরে বা ৩ পা কতেক ৪ পা-এ নাইঁ ৫ পা তাহা নিসি ৬ ঐ তুমি সে ৭ ক. ক তাহে ৮ পা-এ নাই ৯ পা কহে তাহে ১০ ক. ক অতুল ১১ পা কেহে স্তামল তবে ১২ ঐ উচ্চরাএ ১৩ ক. ক, ক. খ তবে ১৪ পা তোমারে ১৫ ঐ সুখে ১৬ পা চরণত ১৭ ক. ক হউ ১৮ পা হইব ১৯ ঐ হাহাকার

সহজে কঠিন লোকে[১] না লাগে কাহার[২] শোকে
অরণ্যরোদন-সম কহি
জবে চারি জুগ ধরি[৩] বরিষে[৪] পাষাণ[৫]-উপরি
পাষাণ[৬] কোমল[৭] কভু[৮] নাহি[৯]।
দুতীর এ বোল শুনি রসিক সে শিরোমণি
হাসি তারে দিল আশোআসে
ভুখিল চকোরী জেন পাইল মেঘ-বরিষণ[১০]
দুতী মনে জীল হেন বাসে।
গোপালবিজঅ সাধে[১১] শুনহ[১২] দুতীর[১৩] সংবাদে[১৪]
জা শুনিলে জমভঅ তরি
কবিশেখরের[১৫] বাণী[১৬] ভাবিতে ভাবিতে জানি[১৭]
আপাত[১৮] আলপ বুধি[১৯] করি॥

॥ শ্রী[২০] ॥

দুতী[২১]মুখে শুনি কৃষ্ণ এতেক[২২] বিশেষ[২৩] আশ্বাসিতে উদ্ধব পাঠাএ[২৪] হৃষীকেশ।
ওথা রাধা-আদি জত গোপী বিরহিণী দুতীমুখে শুনিঞা[২৫] কৃষ্ণের কাহিনী।
সব গোপী চাহি রহে মথুরার পথে এখনি আসিব মোরে প্রভু গোপীনাথে।
কেহো জবে কৃষ্ণের মিছা কথা কহে প্রাণপণ করি তবে মথুরার পথে ধাএ।
নগর-উপান্তে সভে রহে সারি সারি চারি দিগে কৃষ্ণমঅ দেখে গোপনারী।
জে সে কথা কহিতে কৃষ্ণের কথা আস্তে জথা তথা জে দেখি কাহ্নাই হেন বাসে।
হেনমতে গোপীজন থাকি বৃন্দাবনে[২৬] কিবা রাতি কিবা দিন গোঙাএ কান্দনে।
হেথা রথে চড়িঞাঁ উদ্ধব মহাশএ সাঁজাসাজি উত্তরিলা নন্দের নিলএ।

১ পা লোক ২ ক.ক লাগি পরের ৩ ক.ক ঘর ভরি ৪ পা পরিষে ৫ ক.ক সে- ৬ পা-এ নাই ৭ ঐ তথাচ ৮ পা -কিছু ৯ ক.ক, ক.খ নহে ১০ পা °বরিসনে ১১ ক.খ সাদ ১২ পা শুন ১৩ ক.ক গোপাল ১৪ ক.খ সম্বাদ ১৫ ক.ক কবিশেখর ১৬ পা কহে কবিশেখর, ক.খ কবিশেখধরগন ১৭ পা পৃঅ ১৮ ক.ক আপতিত ১৯ পা ভঅ ২০ ঐ -রাগ ২১ পা দুতির, ক. ক গোপি ২২ ক.খ কৃষ্ণ সুনিঞা ২৩ পা দুতির মুখে শুনিঞা গোপির অভিসেক ২৪ ঐ পাঠাইল ২৫ ক.খ দুতীর প্রমুখে শুনি, পা শুনি ২৬ পা থাকে বৃন্দাবন

কৃষ্ণকে অধিক তার কৈল আদরে   গন্ধর্ববিধানে[১] কইল অতিথ[২]-বেহারে।
নানা দিব্য অন্নপানে করাইল ভোজনে   কর্পূর তাম্বুল দিল বসিতে আসনে।
গন্ধ মাল্য চন্দনে ভূষিত সব গাএ   উদ্ধব বেঢ়িঞাঁ সভে করিল সভাএ।
নন্দ জশোদা আগু পুছএ[৩] কুশলে   রাম কৃষ্ণ ছুই ভাই আছেন কুশলে।
ছুবল[৪] দেখিলে দোহা[৫] কিবা পুষ্ট দেহে   কারো ত শরীরে নাহি লাগে[৬] কুশরেখে।
মথুরাতে সুখে রাজ্য করু ছুই ভাই[৭]   দোহার নিছনি[৮] নিঞাঁ সভে মরি জাই।
উদ্ধব স্বরূপ কহি দিবে এক বোল[৯]   সে মোর কোলের ছা সোঙরিব কোল[১০]।
কার লাখ লাখ চুম্ব দিব এই কালে[১১]   হাসিঞাঁ নেহালি মুখ পুছিব গোপালে।
এত বলি ঢলিঞাঁ পড়িলী[১২] ভূমিতলে   জশোদার কান্দনে কান্দে নগরে সকলে[১৩]।
জত জত[১৪] কৃষ্ণের মরম-শিশু ভাই   কান্দিঞাঁ কান্দিঞাঁ সভে উদ্ধবে শুধাই।
আহ্মা[১৫] সভা সমএ[১৬] সোঙবে দআনিধি   কত দিনে দেখিব সদঅ হইব বিধি[১৭]।
শিব শিব সবে মো এক[১৮] বড় ধন্দ   একি বেলে পাসরিল সকল সম্বন্ধ।
এত বলি সুর বান্ধি সকল ছাওআলে   উভরাএ[১৯] কান্দে বোলে[২০] গোপাল গোপালে
হেনমতে নগরে কান্দেন[২১] কোলাহলে   উদ্ধব কি প্রবোধিব আপনে ব্যাকুলে[২২]।
ক্ষেণেকে সম্বিত শোক-অবসর জানি   নন্দ জশোদাকে কহে প্রিঅ বাণী।
এ তিন ভুবন-মাঝে তোহ্মারে[২৩] বাখানি   তোহ্মার[২৪] তপের ফলে কহিতে না জানি।
সে অখণ্ড[২৫] চিদানন্দ দেব ভগবানে   এতেক পিরিতি-বশ[২৬] তনঅ-গেআনে।[২৭]
অচিরে মেলিব কোলে[২৮] না থাকিব ছুরে   ভুঞ্জিবে পরম সুখ জেই মনে পুরে।
প্রতীত-নিমিত্তে[২৯] আগু পাঠাইল মোকে[৩০]   অমঙ্গল কান্দনা না কর মিছা শোকে।
হেন নানা প্রবোধে তুষিঞাঁ সর্ব জনে   কৃষ্ণকথাতে রাত্রি বঞ্চিল জাগরণে[৩১]।
প্রভাতে উদ্ধব গেলা জমুনার কূলে   রথখানি রাখিঞাঁ কদম্বের মূলে।
প্রাতঃক্রিআ করিঞাঁ বিনীত[৩২] বেশ ধরি   পরম-আনন্দে উঠে তটের উপরি।
হেন বেলে রথ দেখি কদম্বের মূলে   দেখি শুনি ধাএ গোপী আউদড়চুলে[৩৩]।

১ পা °আদরে ২ ঐ অতিত ৩ পা আছে পুছিল ৪ ঐ দুর্ব্বল ৫ পা-এ নাই ৬ ক. ক দিঞা নাহি ৭ পা ভাএ ৮ ঐ নিছ ৯ পা লোল ১০ ঐ শরির কমল ১১ পা গলের উপরে ১২ ঐ পড়িল ১৩ পা নগর সকল ১৪ ঐ -জত ১৫ পা আমা ১৬ পা-এ নাই ১৭ পা হরিনিধি ১৮ পা-এ নাই ১৯ পা -উভ বাহু করি ২০ ঐ বলে ২১ ক. ক নগরে ২২ পা ব্যাকুল ২৩ ঐ তোমারে ২৪ পা তোমার ২৫ ঐ খণ্ড ২৬ পা °কহ ২৭ পরবর্ত্তী দুই ছত্র পা-এ নাই ২৮ ক. খ কালে ২৯ ঐ °নিমিত্ত ৩০ ক. খ মোরে ৩১ পা সর্ব্ব জনে ৩২ ঐ বিবিধ ৩৩ পা °চুলি

আসিতে দেখিল রথে[১] গরুড়ধ্বজে   মথুরা হইতে প্রভু আইলা হেন বুঝে[২]।
তা দেখি সম্ভ্রমে চলে না পড়এ[৩] পাএ   আতিরসে মাতিঞাঁ[৪] ঢুলিঞাঁ পড়ে গাএ।
সভা[৫]-আগু সভে[৬] জাই হেন করে মনে   স্তনভরে ক্ষীণ মাঝা[৭] না সহে তাড়নে।
কথো দুরে গিঞাঁ গোপী সম্ভ্রমে নেহালে   উদ্ধব দেখিল জেন[৮] দ্বিতিঅ গোপালে[৯]।
সেই রূপ সেই বর্ণ সেই সব ছান্দে   সবে সে[১০] নাগরীপোঁড়া চুড়া নাহি বান্ধে।
বিরহবিচ্ছেদে গোপী হাকল[১১] বিকলে   কৃষ্ণ বলি ধরিতে চাহে চরণকমলে।
হেনকালে উদ্ধব করিঞাঁ হাহাকারে   ওঁসরিঞাঁ[১২] জাএ ভএ নাড়ে দুই করে।
সেহো দণ্ডবত হঞাঁ পড়ে ভুমিতলে   তা দেখি বিস্মিত সভে চাহে চারি পানে[১৩]।
তবে সে উদ্ধব[১৪] করপুটাঞ্জলি করি[১৫]   বিনঅসঙ্কোচে কিছু কহে ধীরি ধীরি[১৬]।
মাওঁ লক্ষ্মী সব[১৭] কিছু স্থির কর মতি   সেবকজনেরে কেনে এতেক প্রণতি।
সবে স্থিরমনে বৈস কদম্বের তলে[১৮]   প্রভুর সন্দেশ নেহ[১৯] নহত[২০] বিকলে।
এত শুনি সব সখী[২১] আনন্দে[২২] মুগধে   চলিলা উদ্ধব লঞাঁ জথা আছে রাধে।
দেখিঞাঁ রাধার বিরহ-উপচারে   নাকে হাথ দিঞাঁ উদ্ধব সকল নেহালে[২৩]।
প্রভুর সেবক বলি আপনা জানাএ[২৪]।   আনন্দে রাধিকা দেহে[২৫] উল[২৬] নাহি পাএ।
সম্ভ্রমে উঠিতে চাহে উঠিতে[২৭] না পারে   হাথসানে বসিতে আসন দিল[২৮] তারে।
শোকে সব সখী সারি বান্ধি বেড়ি রহে[২৯]   সখী-উরে শিঅর দিঞাঁ রাধে[৩০] কিছু কহে।
উসসি উসসি কান্দি কহে ধীরি ধীরি   শুনিতে শুনিল নহে জাহার বিকলি।
জতেক অভাগ্য প্রভু গেলা মধুপুরে[৩১]   তত ভাগ্যে তোহ্মাকে[৩২] পাঠাইল প্রাণেশ্বরে।
হের দেখ কৃষ্ণ হেন[৩৩] জার প্রাণপতি   সে সব[৩৪] লোকের কেনে[৩৫] হেনখ[৩৬] দুর্গতি।
তাহার সেবা[৩৭] বহি না জানি বেভারে[৩৮]   তভু এ পাপ কপালে না পাইল তারে[৩৯]।[৪০]
তাহার চরণ বিনু না দেখিল আনে   তার গুণ বহি আর না শুনিল কানে।

১ পা রথ দেখে ২ ক.ক বুঝি, পা যুজে ৩ ক.ক উপড়এ, পা উড়ে ৪ পা মাতি গেল ৫ ঐ সব ৬ পা-এ নাই ৭ পা মাঝে ৮ ঐ দেখি জন ৯ পা গোপাল ১০ পা-এ নাই ১১ পা হাকোল ১২ ক.ক তুসরিঞা ১৩ পা পানি ১৪ ঐ উদ্ধ[ব] ১৫ পা করিঞা পুটাঞ্জলি ১৬ ঐ ধিরে ১৭ পা সম ১৮ ক.ক, ক.খ মুলে ১৯ ক.ক শুন ২০ পা নহ ২১ পা লোক, ক.ক এত জবে সখি সব ২২ পা কান্দে আনন্দ ২৩ ক.ক শুনিল প্রমাদে ২৪ পা নিকট না জায়ে ২৫ ঐ দেহ ২৬ ক.ক, ক.খ তল ২৭ পা উঠেতে ২৮ ক.ক দেখাইল ২৯ ক.ক সারি বান্দি সব সখি রহে সাকে ৩০ ক.ক জেবা ৩১ পা মধুরে ৩২ ঐ তোমাকে ৩৩ পা দেহ ৩৪ ক.ক হেন ৩৫ পা হএ ৩৬ ক.ক এমন ৩৭ পা সে- ৩৮ ক.ক আর না জানিল ভাবে ৩৯ পা তারে না পাইল এ পাপ কপালে ৪০ পরবর্তী ছত্রটি পা-এ নাই

সে মথুরাগণিকার পাওর[১] নিছনি[২] জাই  ঘরে বসি পাইলেক সে হেন কানাঞি।
জে সমএ বনে বনে চরাইথা[৩] গাই  সে সমএ আহ্মা[৪] সভা বহি কেহো[৫] নাঞি[৬]।
জে বেলাএ[৭] কংস মারি হইলা মহুরাএ  সে[৮] বেলে[৯] কুবজী নারী পাটরানী তাএ[১০]।
জেন রাজা তেন রানী অপূর্ব নির্মাণে  আর জেন[১১] অনুরূপ বিধাতাসি জানে।
বিধাতা না কৈল[১২] খোড়া না কইল[১৩] কুজে[১৪]  কোন গুণে রঞ্জিব সে[১৫] রসিকরাজে[১৬]।
কাজ[১৭]-বশে কেবা[১৮] পরবাস[১৯] নাহি[২০] জাএ  কেবা[২১] নিজ গুণে[২২] কোন[২৩]
সম্পদ না পাএ।
হেন অকৃতি[২৪] নাহি শুনি কোন কালে  পরনারী পাল্যে[২৫] নিজ পদ্মিনী[২৬] ছাড়ে।
এ আহ্মা[২৭] সভার কথা সেহো বহু দূরে  মাঁও বাপ দেখিতে[২৮] কি মন নাহি ঝুরে[২৯]।
চোআইল বাছুর জার[৩০] দুধ[৩১] পিএ  মাঁও বলি জানে[৩২] তারে জত দিন জীএ।
তাহাকে ত সভেঁ ভাল ভাল বলি[৩৩] জানি  কোনঞি সম্পদে পাসরিল নন্দরানী।
বলিতে[৩৪] সুখদ[৩৫] বলি বুঝিএ[৩৬] গোপালে  তারে[৩৭] প্রেমে সুখ না ভুঞ্জিল কোন[৩৮] কালে।
তার[৩৯] লাগি ঘর[৪০] ছাড়ি বুলি[৪১] বনে বনে[৪২]  সে খাট পালঙ্ক ছাড়ি পল্লবে[৪৩] শয়নে[৪৪]।
আতি[৪৫]-ভোখে[৪৬] ভাত শোষে পানি নাহি বাসে  ছাআসম বৃন্দাবনে থাকি[৪৭] রাত্রিদিসে।
সেহো[৪৮] দুখ সুখ করি মানি জার গুণে[৪৯]  সে প্রভু সম্পদে সব[৫০] পাসরে কেমনে[৫১]।
শিব শিব আর কেনে[৫২] আদেখ[৫৩] দেখাএ  কি বাদে পরাণ নাহি লেই[৫৪] বিধাতাএ।
তার পাওর[৫৫] নিছনি লঞা[৫৬] জাউ প্রাণে[৫৭]  তাহাকে উদ্ধব দুখ নাহি এক ধানে[৫৮]।

১ ক.খ পাএ ২ ক.ক নিছি ৩ ক.খ চরাইতা ৪ পা আমা ৫ ক.খ বই আর ৬ পা নাহি ৭ ক.ক বেলা ৮ পা জে ৯ ঐ বেলাএ ১০ পা তাঅ ১১ ক.খ জেবা ১২ পা কল্প ১৩ ক.ক নাহি দিল, ক.খ না দিল ১৪ ক.খ কুবুজে ১৫ পা-এ নাই ১৬ ক.ক, ক.খ দেবরাজে ১৭ পা কার্য্য ১৮ পা -বা ১৯ ঐ পরদেশ ২০ পা না ২১ ঐ -বা ২২ পা নিগুনে লোক, ক.খ শগুনেসি ২৩ পা-এ নাই ২৪ ক.ক, ক.খ অদভুত ২৫ পা পাইলে ২৬ পা নারি, ক.খ পদ্মীনী ২৭ পা আমা ২৮ ক.ক দেখিবারে ২৯ ক.খ মনে সাধ নাহি ৩০ ক.ক, ক.খ জানের ৩১ পা দুগ্ধ ৩২ ক.ক বলে ৩৩ ক.ক, ক.খ করি ৩৪ ক.খ বলিএ ৩৫ পা সুগদ ৩৬ ক.ক বলি জে, ক.খ বলিএ ৩৭ ক.ক তার ৩৮ পা কো[ন] ৩৯ ক.খ জার ৪০ ক.ক -পর ৪১ পা ফিরি ৪২ ক.ক কিছু না দেখিল ৪৩ ক.খ পলব ৪৪ পা সজন, ক.ক জনমের দুঃখ সুখ কিছু না লইল ৪৫ পা, ক.খ সতি, ক.ক সাব ৪৬ পা ভোক্ষে, ক.খ কানু পাএ ৪৭ ক.ক না ছাড়ি ৪৮ ক.খ সেহে ৪৯ পা না ভুঞ্জিল কোন কালে; অতঃপর পা-এ অতিরিক্ত, তার লাগি ঘর ছাড়ি ৫০ পা সম্পদরস ৫১ ক.ক আপনে ৫২ ক.খ কেনে আর ৫৩ পা আ[দে]খ ৫৪ ক.ক লএ ৫৫ পা পায়ে ৫৬ ক.ক কানুর প্রাণের নিছনি এথুনি, ক.থ এথনে ৫৭ ক.ক, ক.খ প্রাণ ৫৮ পা, ক.ক, ক.খ ধান

সবে একখানি[১] বড় রহিল পোড়নি   বোল দুই ভরছিতে না পাল্য[২] আপুনি[৩]।
ভরছিলে নিলজ্জে সহজে[৪] কোন[৫] লাজে   শতবার গাঅ মাজে জে গজে সে গজে।
কিবা তাহে[৬] দোষ দিএ[৭] জগতদুল্লভে[৮]   আপনার কর্ম্মফলে[৯] অনুশুচি সভে[১০]।
সহজে জগতমনোহর[১১] কলাধরে   কুমুদ পেলিঞা[১২] জলে মৃগ কোলে করে।
জগত কলঙ্ক বোলে[১৩] তাহো[১৪] নাহি লএ[১৫]   এতেকে জানিলা প্রেম বিচার না সহে।
আপন কপাল মন্দ কিবা পরে[১৬] দোষে[১৭]   পরের সম্পদে[১৮] মূঢ়[১৯] করে আমরিষে[২০]।
জখন সে হেন[২১] প্রভু হইল নিরুপেখি[২২]   তখনে ই[২৩] ছার জীউ[২৪] ধরিব কি দেখি।
সবে বিধাতার পাএ মাগি এক দানে   মোর[২৫] পঞ্চভূত জেন[২৬] আস্তে[২৭] প্রভু-থানে।
প্রভু-গতাআত[২৮]-পথে রহে[২৯] মহীভাগে   চলিতে সে চরণের তলে[৩০] জেন লাগে।
প্রভু-কেলিসরোবরে জেন[৩১] জল পৈশে   জলকেলিকালে[৩২] জেন সে দেহ পরশে।
প্রভুর সে[৩৩] বিলাসদর্পণে[৩৪] তেজ রহে   লাসবেশে জেন[৩৫] কানুর রূপ বহে।
বাউ-ভাগে থাকে[৩৬] প্রভুর[৩৭] চামরের বাএ   সমএ সে জেন[৩৮] আলিঙ্গএ গাএ গাএ।
প্রভুকেলিকুঞ্জ-গৃহে থাকে[৩৯] আশে পাশে   আসিতে জাইতে জেন সে অঙ্গ[৪০] পরশে[৪১]।
কিবা তার চরণকে[৪২] পাঠাব সংবাদে   জাবত শরীর ধরি তাবত বিষাদে[৪৩]।
রাধার[৪৪] বচন শুনি সব সখী কান্দে   উদ্ধব এ কথা শুনি বুক নাহি বান্ধে।
রাধা[৪৫] বোলে এক বোল মরমে শুধাই   আর বার আখি ভরি দেখিব কাহ্নাই[৪৬]।
আর কি উদ্ধব সোঙরিব[৪৭] বৃন্দাবনে   এহো কি এ পাপ চক্ষে হব দরশনে।
আর কি উদ্ধব আছে জীবনের আশ[৪৮]   তার আগমনে হব[৪৯] গোপীর বিনাশ।

১ পা এক, ক. খ °মনে ২ পা পাইল ৩ ঐ আপনি ৪ ক. ক, ক. খ সহজে নিলজে ৫ ক. ক, ক. খ কিবা ৬ পা তারে ৭ ঐ দিব ৮ ক. ক জনম মুল্লখে, ক. খ °বল্লভে ৯ ক. ক আপুনী করমকে ১০ ক. ক সর্ব্ব লোকে, ক. খ পরের কি ১১ পা °মহোনোহর ১২ ঐ লেপিঞা ১৩ ক. খ বলে ১৪ পা তাহ ১৫ ক. ক বোল তাহো নাহি সহে ১৬ ক. ক পরে কিবা, ক. খ পরের কি ১৭ পা দোসী পরে ১৮ ঐ সম্পদ ১৯ ক. ক, ক. খ মুচ ২০ ক. খ অমরেশে ২১ পা-এ নাই ২২ ক. খ নিরপেখে ২৩ ঐ তখন এ ২৪ ক. খ প্রাণ ২৫ পা মোরে ২৬ ঐ জে ২৭ ক. ক, ক. খ থোএ ২৮ পা জাতাআত ২৯ ঐ থাকে ৩০ ক. খ চরণতল গাএ ৩১ ক. ক জলে, ক. খ সে প্রভুর শরোবরে জল ৩২ ক. ক °কালকালে ৩৩ পা-এ নাই ৩৪ পা °দর্পেনে ৩৫ ক. ক -সে ৩৬ ঐ ভাগ বহে ৩৭ ক. খ প্রভু ৩৮ পা জন ৩৯ ক. ক, ক. খ দ্বারে থাকিব ৪০ ক. ক দেহ ৪১ ক. খ তার কোলে পোশে ৪২ পা চরণে ৪৩ ক. ক বিবাদ, ক. খ বিবাদে ৪৪ ক. ক শ্রী- ৪৫ ক. ক, ক. খ সখি ৪৬ ঐ কানাঞি ৪৭ পা স্মরিব ৪৮ ক. ক, ক. খ পিরিতের ভাষ ৪৯ ক. ক আগমন হেতু

আপনার মন জে আপন[১] বশ নহে তেঁহো[২] ত[৩] উচিতে[৪] পব নন্দের তনএ[৫]।
জবে আপনার মাএ বাপে করে[৬] ঘৃণা তিরি[৭] হইঞাঁ তারে অনুজোগে কোন জনা।
হের আর এক কথা শুনি অপরূপে[৮] রাজা হইঞাঁ[৯] তথাগ্রি পাতিল[১০] মাও বাপে[১১]।
দৈবকী বোলাএ[১২] মা বসুদেব বাপ তাপের উপর কত সহ জাএ তাপ[১৩]।
জে হউ[১৪] সে হউ[১৫] তারে[১৬] নাহি দাঅ বোল দুই কহিহ[১৭] কুবজীরানী-পাঅ।
একে একে কহিহে সভার[১৮] পবিহার এক দিন লাগি দান মাগএ[১৯] গোপাল[২০]।
শুনিঞাঁ রাধাব[২১] এত বচনভঙ্গিমা উদ্ধবের আনন্দ শোকের নাহি[২২] সীমা।
তবে শোক সম্বরি উদ্ধব মহাশএ প্রেমগদগদ-স্বরে কহে[২৩] অনুনএ।
তুহ্মি[২৪] বহি[২৫] লক্ষ্মীকে[২৬] অধিক তার ঠাই[২৭] তোহ্মার[২৮] চরণরেণু দেবেহোঁ না পাই[২৯]।
সে[৩০] তোহ্মাব[২৮] এতেক কিবা[৩১] লাগি দুরগতি তোহ্মা[৩২] বহি প্রভুর নাহি দিবা[৩৩] রাতি।
স্বপনেহো প্রভু বাধা বাধা করি উঠে রাধানাম করিতে পরাণ জেন ফাটে[৩৪]।
ইন্দ্রকে অধিক রাজলক্ষ্মী নাহি[৩৫] ভাএ আব জত সুখ তোহ্মা[৩৬] নিছনি[৩৭] পেলাএ।
না জানিঞাঁ দুঃখ দেহ এ হেন শরীরে[৩৮] এহা[৩৯] শুনি প্রমাদ কবিব জদুবীরে।
লোকমুখে তোহ্মার[৪০] বিরহ[৪১]-কথা শুনি প্রবোধকারণে আহ্মা[৪২] পাঠাই[৪৩] আপনি[৪৪]।
সভে দুখ[৪৫] শোক ছাড়ি[৪৬] কবহ আনন্দে[৪৭] আজি কালি পাইবে[৪৮] প্রভুর চরণারবিন্দে।
সহজে তোহ্মাব[৪৯] প্রভু ভকতবতসলে ধেনুব[৫০] বাছুব-সম পাছু পাছু বুলে[৫১]।
তাহে তুহ্মি[৫২] সভা প্রভুব[৫৩] পরাণ[৫৪]-ভিতবে না জানিঞাঁ[৫৫] বিরহ-দুখ মানহ অন্তরে[৫৬]।

১ ক ক, ক খ আপনাব ২ ঐ তিহো ৩ পা এ নাই ৪ পা উচিত ৫ ক ক কুমারে ৬ ক খ হয়ে ৭ ক ক স্ত্রী ৮ ক খ হেন আব অপরূপ শুনি আর কথা ৯ ক ক হইলে ১০ পা তথাই পতিল ১১ ক খ শৃজিল মাতা পিতা ১২ পা বোলাই ১৩ ঐ তাপ সহা জায়ে কত ১৪ ক ক হবে, পা হবেক ১৫ পা হব ১৬ পা মেনে, ক খ তার ১৭ ক ক বলিহ, ক খ কবিবে ১৮ ক ক সভাবে করিবে, ক খ সভার কহিহে পা কহিঅ ১৯ ক ক মাগিএ ২০ ক খ মাগি নন্দের কুমার ২১ ক ক, ক খ গোপীব ২২ পা -অন্ত, ক খ আনন্দে শুখেব নাই ২৩ ক খ কবি ২৪ পা তুমি ২৫ ক ক বাহি ২৬ ক খ বাধালক্ষ্মীর ২৭ পা লক্ষ্মি সম সহব তত ঠোএ ২৮ ঐ তোমাব ২৯ ঐ পাএ ৩০ পা এ নাই ৩১ ক ক কি ৩২ পা তোমা ৩৩ পা দি[বা], ক ক, ক খ না জাএ ৩৪ ক ক, ক খ যুটে ৩৫ পা অধিরাজ নাহি লক্ষ্মি ৩৬ পা দুখ তোমাব ৩৭ ক ক, ক খ নিছিএা ৩৮ পয়াবেব পববর্তী অংশটি পা-এ নাই ৩৯ ক ক ইহা ৪০ পা তোমার ৪১ ক ক, ক খ বিরস ৪২ পা আমা ৪৩ ক ক পাঠাইল, পা পাঠাল ৪৪ ক খ আপনে ৪৫ পা সব দুঃখ ৪৬ ক ক, ক খ ছাড ৪৭ ঐ আনন্দ ৪৮ পা, ক ক, ক খ পাবে ৪৯ পা তোমার ৫০ ঐ ধেনুরূপ ৫১ পা ফিরে ৫২ ঐ °ত তোমরা, ক খ তিহে তোমা ৫৩ পা-এ নাহ, ক খ প্রভু ৫৪ পা প্রাণের, ক খ মরম ৫৫ ক. ক, ক. খ জানি ৫৬ ক খ তাহাবে

আপনে বাড়াহ[১] দুখ[২] আপনার দোষে জলের ভিতরে জেন মাছ মরে শোষে।
কহিল বেদের সার নাহিখ[৩] সংশএ জেই কৃষ্ণ সেই তোমে[৪] জানিহ নিশ্চএ।
প্রভুএ[৫] তোহ্মাতে[৬] ভেদ নাহি এক থানে[৭] জানিঞাঁ না জান কেনে আপন গেআনে[৮]।
কেবল আনন্দমঅ দোহে[৯] এক রূপ দেহভেদে[১০] ভেদমাত্র একি অপরূপ।
আগেআন[১১] লোকেরে বুঝাইব কে সহজে বুঝিল[১২] লোক বুঝে[১৩] একে একে।
হেন নানা পরকারে[১৪] প্রবোধি[১৫] গোপীজনে তিন দিন উদ্ধব বঞ্চিল বৃন্দাবনে।
তবে একে একে লঞাঁ সভার সংবাদে চলিলা প্রভুর[১৬] ঠাঞি হরিষ[১৭]-বিষাদে।
নিষধিতে অনুব্রজি চলিলা[১৮] পুরজনে সভাকারে প্রবোধি পাই[১৯] ততক্ষণে[২০]।
তবে সে উদ্ধব গেলা কৃষ্ণের সমুখে একে একে কহিল সভার জত দুখে।
বৃন্দাবন-দুখকথা কহিতে না জানি খাওআইলে[২১] গোধন না খাএ দুধ[২২] পানি।
সে হেন অদন্ত বৎস দুধ নাহি পিএ[২৩] ভোখে মুখে বাট[২৪] দিঞাঁ তেন মত রহে[২৫]।
ধেনুগণ চরে[২৬] নাম্বাইঞাঁ[২৭] দুই কানে নআন বুজিঞাঁ কান্দে হাকান্দ[২৮] কান্দনে।[২৯]
বৃন্দাবনে হেন কেহো না দেখিএ প্রাণী জার দুই আখি[৩০] বহি নাহি পড়ে পানি।[৩১]
বৃন্দাবনে তরু লতা ফুল নাহি ধরে বিরহে পাণ্ডুর পাতা[৩২] না জীএ না মরে।
এতেক উদ্ধব জবে বইল গোপীনাথে চরণের নখে[৩৩] ভূমি লেখে হেঠমাথে।
গোপালবিজঅ শুন উদ্ধবসংবাদ জা শুনিলে নহে আর বিষয়[৩৪] বিষাদ।
কহে কবিশেখর জানিহ[৩৫] সারোদ্ধার[৩৬] ভকত জনেরে দআ না ছাড়ে গোপাল ॥[৩৭]

১ পা বাড়াঅ ২ পা-এ নাই ৩ পা, ক খ না কর ৪ পা তুমি ৫ ঐ প্রভুতে ৬ পা তোমাতে ৭ ঐ ধান ৮ ক ক গেআন ৯ পা মোহে ১০ পা দেহতে দে, ক খ °ভেদা ১১ ক. খ অগেআন ১২ পা বুজহ ১৩ পা বুঝ ১৪ ক. ক মতে উদ্ধব ১৫ পা তুসিঞাঁ ১৬ ঐ প্রভু ১৭ পা এ হরিষ ১৮ ক. ক জাএ ১৯ পা বোধি-, ক. ক পাইল ২০ ক. ক তপোধনে ২১ পা খাওআলে ২২ ক ক অন্ন ২৩ পা কান্দে উভরাএ ২৪ ঐ ভোখেইল মুখে কাটে ২৫ পা দুগ্ধ নাহি খাএ ২৬ ঐ চরাইতে ২৭ ক. ক নাম্বা ২৮ পা অকান্দ ২৯ পরবর্তী ছত্রটি পা-এ নাই ৩০ ক. ক আখির ৩১ অতঃপর ক ক পুঁথির অতিরিক্ত, হেন মুখ নাহি জে বোলএ হরি হরি। হেন পথ নাহি জাথে নাহিথ কলসি ৩২ পা পাত্র ৩৩ ঐ -লেখে ৩৪ ক. ক বুঝহ ৩৫ পা জানিঞাঁ ৩৬ ক. ক সারধার ৩৭ অতঃপর ক. ক পুঁথির অতিরিক্ত, উদ্ধব সংবাদ

॥ বসন্ত[১] ॥

উদ্ধবের বচন শুনিঞাঁ জদুরাএ   জথা জাএ তথা সোআথ না পাএ।
তবে মাওঁ জশোদা দেখিবার ছলে   নানা পরিছেদে জাএ ভকতবতসলে।
রাজমন্ত্রণাএ বলরাম[২] থুঞাঁ পাটে   রাজা উগ্রসেনে[৩] ঠাঞি থুল সব ঠাঠে।
আপনে ত্রৈলোক্যনাথ দেব বনমালী   পরিমিত লোক লঞাঁ জাএ গোকুলপুরী[৪]।
সব-আগে দোলাএ পাঠাএ[৫] কামকলা[৬]   পাছে গোপীনাথ জাএ আনহি[৭] শৃঙ্খলা।
জবে কামকলা উত্তরিলা[৮] বৃন্দাবনে   গোপ অভাগিনী জীল পারা[৯] বাসে মনে।
দুতীর দেখি কাজ সিধি হেন লখি[১০]   হাসিঞাঁ কুশল পুছে[১১] রাধা চন্দ্রমুখী।
জবে গোপী কহিল কৃষ্ণের আগমনে[১২]   না জানিল তখনি[১৩] কিবা হই[১৪] গোপীজনে[১৫]।
জঅ কৃষ্ণ বলি রাধা উঠিলী আনন্দে[১৬]   ঘনে ঘনে বেশ করি পরম সানন্দে[১৭]।
বিরহে[১৮] ঝামরী জত গোআলা-রমণী   আনন্দে দুগুণ হইলা আনহি লাবণি।
শিশিরে দুঃখিত জত ফুল তরু লতা   বসন্তপ্রবেশে জেন আনহি বেবথা[১৯]।
রাই বলে আনন্দ করহ[২০] সব জন   অঙ্গ পাখালিঞাঁ নেহ সুগন্ধি চন্দন।
নানা দিব্য অলঙ্কারে সাজ সব অঙ্গে[২১]   জেন ছান্দে নাগরশেখরে লাগে রঙ্গে[২২]।
খুরি পুরি নেহ নানা সুগন্ধি চন্দনে[২৩]   নানা ছান্দে নেহ[২৪] গন্ধ মাল্য আভরণে[২৫]।
নানা মণিমাণিকে আরতি-সাজ[২৬] কর   চল আগুসরি জাই নাগরশেখর।
নানা ভাব-রতনে সাজিঞাঁ রূপ-ডালি[২৭]   সব সখী মেলিঞাঁ ভেটিব[২৮] বনমালী।
এত বলি সখী সব লাস-বেশ করে[২৯]   মদনে পাতিল জেন চান্দের[৩০] পসারে।
হোথা[৩১] সে জশোদা[৩২] শুনি কৃষ্ণের কাহিনী   কি করিতে কিবা[৩৩] করে হেনঞি না জানি[৩৪]।
বাল বৃদ্ধ পুর-জনা করিল সাজনা   প্রতি ঘরে ঘরে বাজিল মঙ্গল-বাজনা।
প্রতি-নাছে নৃর্ত্য গীত জঅজঅকার   গন্ধ মাল্য ধূপ দীপ নগরে[৩৫] কোহোরাল।

১ পা °রাগ  ২ ঐ °ভদ্র  ৩ পা রাজ উ[গ্র]সেনে  ৪ ঐ গোকুলনগরি  ৫ পা পাঠাল  ৬ ঐ কা[ম]কলা  ৭ পা আহি, ক.ক আনঞি  ৮ পা গেলা  ৯ ঐ হেন  ১০ পা আদর করিল সব সখি  ১১ ঐ কহিল তবে  ১২ পা গমন  ১৩ ঐ তখতনি-  ১৪ ক.ক হইল  ১৫ ক.ক বৃন্দাবন  ১৬ পা উঠে উর্চ্চস্বরে  ১৭ ঐ বেসবার আজ্ঞা করে  ১৮ পা বি[র]হে  ১৯ ক.ক বেবস্থা  ২০ পা সকল কহ  ২১ ঐ অলঙ্কারে  ২২ ক.ক ধান্দে  ২৩ পা চন্দন  ২৪ ক.ক লইল  ২৫ পা নানা সুগন্ধি চন্দনে  ২৬ ক.ক সজ, পা সাজি  ২৭ পা চাজী  ২৮ ঐ মেলি ভেঠে  ২৯ পা করি  ৩০ ক.ক রমের  ৩১ পা থে-  ৩২ ক.ক -রানি  ৩৩ পা কি  ৩৪ ঐ জানে  ৩৫ পা নগর

সারি বান্ধি দুই পাশে নগরে পতাকা[১] নন্দের নগরী জেন দুতিঅ অলকা।
সব লোক আগুসারি[২] জাএ আতিসুখে[৩] দুই[৪] আখি ভরিঞাঁ দেখিব চান্দমুখে।
ওথা দিন-অবসানে বসন্তসমএ মদনলীলাএ আসে নন্দের তনএ।
সব লোক মোহিল দেখিঞাঁ তার ছান্দে বৃন্দাবন[৫] প্রকাশিল বৃন্দাবন-চান্দে।
সব-পুরজন-আখি-ভুখিলচকোরে কৃষ্ণরূপ[৬]-সুধা পিএ মুখ নাহি মোড়ে[৭]।
জবে নন্দসুত আইলা[৮] নন্দের দুআরে মৌহুমাছি-সম লোক বেঢ়িল[৯] আপারে[১০]।
মোর বাপ্পাপুরনিঞাঁ[১১] জশোদা কইল কোলে পুতের[১২] বাৎসল্য ভাসে লোহের হিল্লোলে।
জবে কৃষ্ণ মাওঁ বাপে[১৩] কইল[১৪] সম্ভাষে[১৫] তখনি সকল গোপী পাইল অবকাশে[১৬]।
আতিশঅ আনন্দে খণ্ডিঞাঁ[১৭] ভঅ লাজে সঙ্কোচ না মানে গোপী সে হেন সমাঝে[১৮]।
একে একে প্রণাম করিল সব গোপী আপনার কর কৃষ্ণ[১৯]-চরণে আরোপি।
কৃষ্ণের চরণে ভাল শোভে গোপীকর রাতা উতপলে[২০] জেন পুজি ইন্দীবর[২১]।
রাধিকা সে[২২] কৃষ্ণের চরণ ধরি কান্দে ইন্দীবরে[২৩] অমৃত বরিষে জেন[২৪] চান্দে।
জবে গোপীনাথ-ঠাঞি আর কেহো নাহি[২৫] অবসর দেখিঞাঁ জে কিছু কহে রাহি[২৬]।
আর না ছাড়িহ প্রভু অনাথী[২৭] গোপিনী ইবেসি[২৮] জানিল জত[২৯] দুখ তোহ্মা[৩০] বিনি।
আর তুআ[৩১] চরণ না ছাড়িব পরমাদে[৩২] ইবেসি[৩৩] জানিল জত বিরহ-সোআদে।
তোহ্মা দেখি[৩৪] মোর দুখ না জানি কি[৩৫] হইল[৩৬] আঅস[৩৭] পাথরে জেন
শাল নিকলিল[৩৮]।[৩৯]
এত বুঝি[৪০] সমঅ জানিঞাঁ[৪১] গোপীজনে ইঙ্গিতে বিদাঅ কৈল অভিসার মনে।
এথা কৃষ্ণ ভোজনাদি নানা ব্যবহারে লোকলাজে গোঙাইল প্রথম প্রহরে।
তবে নানা বেশ করি উল্লসিত মনে নাগরশেখর প্রবেশিল বৃন্দাবনে।
এথা লাসবেশ করি জাএ গোপনারী কাহার পরাণে কিছু বুঝিতে[৪২] না পারি।

১ ক.ক পাতকলা ২ ঐ আগুসরি ৩ পা প্রতি অনুসারে ৪ পা দুটি ৫ ঐ বৃন্দাব প্রতি ৬ পা ˚রূপের ৭ ক.ক মূড়ে ৮ পা আলা ৯ ঐ বেড়িলে ১০ ক.ক সকলে ১১ ক.ক বাপু বলিঞা ১২ ঐ পুত্রের ১৩ পা বাপ ১৪ ক.খ করিল, ক.ক করিঞা ১৫ পা সম্ভাসন ১৬ পা আপন ১৭ ঐ করিঞা ১৮ ক.খ সমাজে ১৯ পা গোপি ২০ ঐ উত[প]ল ২১ পা পুজিল ইন্দ্রবর ২২ ক.খ সে রাধিকা ২৩ পা ইন্দ্রবর ২৪ ঐ জেন বর্ষে ২৫ ক.খ নাঞি ২৬ পা রাই ২৭ ঐ অনাথ ২৮ ক.ক ইবে সে ২৯ পা-এ নাই ৩০ পা তোমা ৩১ পা তোর, ক.খ তব ৩২ ক.ক, ক.খ প্রমাদে ৩৩ ক.ক ˚সে, ক.খ এব সে ৩৪ পা তোমা দেখা ৩৫ ক.খ কে ৩৬ পা হল ৩৭ ক.ক আগাব ৩৮ ক.ক জাল নিভাইল ৩৯ এইথানে আদর্শ পুঁথির শেষ; অতঃপর ক.ক, ক.খ ও ক.গ পুঁথিত্রয়-অবলম্বনে গ্রন্থ-সমাপ্তি ৪০ ক.খ বলি ৪১ ঐ বুঝিঞা ৪২ ক.খ করিতে

জবে গোপী[১] শুনিল কৃষ্ণের বাঁশী[২]-সানে   রসে আউলাইলা সভে হরিঞা[৩] চেতনে।
অনেক জতনে গোপী আইলা[৪] কৃষ্ণস্থানে   হাথে করি পথে কি আনিল পাঁচবাণে।
জবে গোপী গোপীনাথ[৫] হইল এক মেলী   না জানি সে বেলির[৬] সে কিবা হঞা গেলী।
কেহো কোলে কেহো পিঠে কেহো হাথে[৭] পাএ   গোপী গোপীনাথে ধরাধরি গাএ গাএ।
বিরহবিচ্ছেদে কোলে করে নানা ছান্দে   ভুখিল চকোরীগণ লুড়ি[৮] নিল চান্দে।
জবে কৃষ্ণ গাঢ়া[৯] আলিঙ্গন কৈল বাহে   দন্তাঘাতে শীৎকার করিলী মুখমোহে।
হেন বুঝি কানুর অধরসুধা-অভিষেকে[১০]   গোপীব বিরহানল[১১] নিভাইল তাপে[১২]।
হেনমত শ্রীহরির হের অনুতাপে   কথোক্ষণ নেঅাইল সরস আলাপে।
তবে নানা বিধিমতে করে রসরঙ্গে[১৩]   দেখিঞা সে রতিকেলি শিথিল অনঙ্গে।
জত গোপী তত রূপী হইলা কুঞ্জে কুঞ্জে   একে একে সকল গোপীর মন রঞ্জে।
সে সব দুঃসহরতিরণ-সমজলে   গোপিকার নিভাইল বিরহ[১৪]-আনলে।
কৃষ্ণরসে গোপী পাইল আন[১৫] দেহে   সব সখী[১৬] পাসরিল মথুরার বিরহে।
হেনমতে সব গোপনাগরীর সঙ্গে   নাগরশেখর কৃষ্ণ রঞ্জে রসরঙ্গে।
কেবল আনন্দপরিণাম বৃন্দ[া]বনে   তাহার সহজ গুণ কহিতে কে জানে।
কেবল পিরি[তি]-মঅ গোপ[১৭]-অবতারে   কেবল সে র[স]মঅ নন্দের সুন্দরে[১৮]।
তাহে সব এক ঠাই বিধির ঘটনে   হেন কৃষ্ণ রসমঅ দেখ সব জনে।[১৯]
বৃন্দাবন ভরি সব রসের[২০] বাদলে   তাহে প্রেমতরঙ্গেতে অধিক উথলে[২১]।
কৃষ্ণ নবজলধর-রসে পরিপুর   সকল গোপীর হিআশোষ হৈল[২২] দুর।
ভকত[২৩]-ওষধি-গণ[২৪] পাই[২৫] জীউ-দানে[২৬]   ভবতাপে জুড়াইল জগত-পরাণে[২৭]।
হেন সুখ-বাদলে জাউক সব কাল   অশেষ ধরম-শাস্ত্র বাঢ়ুক বিশাল[২৮]।
তপস্বীর তপ কৃষ্ণ ফলু ভাল মতে   পুণ্যের দুর্ভিক্ষ[২৯] নহু[৩০] সুখে রহু সভে[৩১]।

১ ক.খ-এ নাই ২ ক.খ বেনু ৩ ঐ আলুইল গোপী-, ক.ক হরিলা ৪ ক.খ গেলা ৫ ঐ গোপীনাথ গোপী ৬ ক.খ বেলের ৭ ঐ হাথ ৮ ক.খ লোড়ে ৯ ঐ গাঢ় ১০ ক.খ °শোষে ১১ ঐ বিরহানলে ১২ ক.ক লোকে ১৩ ক.খ রাসরঙ্গ ১৪ ক.ক বিহ ১৫ ঐ আর ১৬ ক.খ গোপীজন; অতঃপর ক.খ পুঁথির পাঠ অস্পষ্ট ১৭ ক.ক গোপি ১৮ ঐ কুমার ১৯ অতঃপর ক.গ পুঁথির অতিরিক্ত, এথা কৃষ্ণ রথে চড়ি মথুরানগরে। দেখিয়া সকল লোক আনন্দ অন্তরে॥ ২০ ক.ক রাগের ২১ পয়ারের অংশটি ক.ক-এ নাই ২২ ক.গ শোধাইল ২৩ ক.ক কততি ২৪ ক.গ ঔশধদানে ২৫ ক.ক পাইল ২৬ ক.গ দান ২৭ ক.ক, ক.গ পরাণ ২৮ ক.গ শব কাল ২৯ ঐ সুন্যের দুভিক্ষ ৩০ ক.ক নাহি ৩১ ক.গ সর্ত্তে

ভাবক-মউর ইথি নাচু[১] পাক ফিরি  কালসাপে খাউ আরে[২] দুর্জন পাঙরি[৩] ।
শ্রীগোপালবিজঅ[৪]-কথা কহিল আলপে[৫]  অনুসারে জানিবে পুরাণ-আলাপে[৬] ।
কহে কবিশেখর করিঞাঁ পুটাঞ্জলি  হাসিঞাঁ না পেলিহ[৭] লৌকিক ভাষা বলি ॥

ইতি শ্রীগোপালবিজয় ॥

ক. ক- পুষ্পিকা, শ্রীকবিশেখর মুখপদ্মনির্গত। শ্রীগোপালবিজয় সংপুর্ন। শাকে গজাব্দিসরচন্দ্রমিতে মুকুন্দজসটপদেন শ্রীনরোর্ত্তম নন্দী লিখিত মদা শ্রীগোপালবিজয় সিষ্টজন-বন্দনায় ॥ ন বাল্যং ন বৃদ্ধ…। গোপিনঅনচন্দ্রমৃথকে সোবর্ণজুগে ২ জৈষ্ঠস্ত সষ্টীস্ববিংসতিবাসরে মঙ্গলবারে কৃষ্ণপক্ষে অষ্টম্যা তিথৌ শ্রীতুশালগ্রামপুস্তক সপুর্ণ ॥ শ্রীমারন্দ-সাহস্য অভিনবকুমারক শ্রীহরিরাম দাষ পুস্তকামীদং ॥ শ্রীশ্রীকৃষ্ণসখা শ্রীরাধাকৃষ্ণগতি মম ॥ শ্রীগুরুচরণেভোঃ নম। শ্রীশ্রীপরম সকাব্দাঃ। ১৫৯৫ ॥

॥ শুদ্ধ পাঠ ॥

[ শ্রীকবিশেখরমুখপদ্মনির্গতং শ্রীগোপালবিজয়ং সম্পূর্ণম্ ॥ শাকে গজাব্দিশরচন্দ্রমিতে মুকুন্দপদপঙ্কজষট্‌পদেন শ্রীনরোত্তমনন্দিনা লিখিতম্ মুদা শ্রীগোপালবিজয়ম্ শিষ্টজনবন্দনায় ॥ ন বাল্যং ন বৃদ্ধ ……॥ গোপীনয়নচন্দ্রমিতে সৌবর্ণযুগে জ্যৈষ্ঠস্য ষড়বিংশ? বাসরে মঙ্গলবারে কৃষ্ণপক্ষে অষ্টম্যাং তিথৌ শ্রীশালগ্রামপুস্তকং*[১] সম্পূর্ণম্ ॥ শ্রীমকরন্দসাহস্য? অভিনবকুমারকহরিরামদাসস্য পুস্তকমিদম্ ॥ শ্রীশ্রীকৃষ্ণসখা শ্রীরাধাকৃষ্ণৌ গতির্মম ॥ শ্রীগুরু-চরণেভ্যো নমঃ ॥ শ্রীশ্রীপরমশকাব্দাঃ ১৫৯৫ ॥ ]

ক. গ- পুষ্পিকা, সকাব্দা ১৭০১ ॥ মাতা জদি বিশং দদ্যাৎ পিতা বিক্রয়তে শূত। অন্যায় কুরূতে রাজা কামিত্রাতা ভবিশ্বতি ॥

॥ শুদ্ধ পাঠ ॥

[ শকাব্দাঃ ১৭০১ ॥ মাতা যদি বিষং দত্তাৎ পিতা বিক্রীণীতে সুতম্। অন্যায়ং কুরুতে রাজা কো মে ত্রাতা ভবিষ্যতি ॥ ]

---

১ ক. ক নাচে ২ ক. গ তারে, ক. গ আর ৩ ক. ক, ক. গ বাউরি ৪ ক. গ গোপালবিজয় ৫ ঐ আলাপে ৬ পয়ারের অংশটি ক. ক-এ নাই ৭ ক. গ পেলাহ

*১ ইহা শপথবিশেষ, পুস্তকের নাম নহে। পুঁথিচুরি-নিরোধ করিতে এইরূপ শপথ করা হইয়াছে, মনে হয়। গ্রন্থ চুরি করা মহাপাপের কর্ম, তাহা গৃহদেবতা বা কুলদেবতা শালগ্রামশিলা চুরি করার অপরাধেরই সামিল। তু. 'এ পুথির নাম শালোগ্রামের চিহ্ন বর্ন্ন'; দ্র. পু. প, ২য় খণ্ড, পৃ ৩৭-৯

# টীকা-টিপ্পনী ও শব্দকোষ

## ॥ সঙ্কেত ও প্রমাণপঞ্জী ॥

অগ্নি=অগ্নিপুরাণম্, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১৪

অথর্ব=অথর্ব্ববেদ-সংহিতা, চতুর্থ খণ্ড, দুর্গাদাস লাহিড়ী, হাওড়া পৃথিবীর ইতিহাস মুদ্রাযন্ত্র, ১৩৩২

আ=আরবী

ঋক্=ঋগ্বেদসংহিতা, দ্বিতীয় সংস্করণ, রমেশচন্দ্র দত্ত, এলম্ প্রেস, ৬৩ বিডন ষ্ট্রীট, ১৮৮৫

ঐ. ব্রা=ঐতরেয় ব্রাহ্মণম্, (চতুর্থভাগঃ, সপ্তম পঞ্চিক।৩।৪) সামশ্রমিশ্রীসত্যব্রত শর্মণা সম্পাদিতম্, কলিকাতা সত্যযন্ত্র, ১৯৬২ সংবৎ

ও. ডি. বি. এল=Origin and Development of Bengali Language, Suniti Kumar Chatterjee, Calcutta University, 1926

কূর্ম. পূর্ব=কূর্মপুরাণম্ (পূর্বভাগঃ), পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১১

কৃত্তি=কৃত্তিবাস, শ্রীসুবোধচন্দ্র মজুমদার, প্রবোধচন্দ্র মজুমদার এণ্ড ব্রাদার্স, ২২।৫ বি, ঝামাপুকুর লেন, কলিকাতা

চণ্ডী=কবিকঙ্কণ-চণ্ডীমঙ্গল, প্রথম ও দ্বিতীয় ভাগ, অধ্যাপক শ্রীদীনেশচন্দ্র সেন, অধ্যাপক শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক শ্রীহৃষীকেশ বসু, কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯২৪-২৬

চ. প=চর্যাগীতি-পদাবলী, শ্রীসুকুমার সেন, বর্ধমান সাহিত্যসভা, ১৩৫৮

চৈ. চ=শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীরাধাগোবিন্দ নাথ, তৃতীয় সংস্করণ, ভক্তিগ্রন্থপ্রচার-ভাণ্ডার, ১১নং সুরেন ঠাকুর রোড, বালিগঞ্জ, কলিকাতা

চৈ. ভা=শ্রীশ্রীচৈতন্যভাগবত, শ্রীরাধানাথ কাবাসী, শ্রীশ্রীমদনমোহন মন্দির, খাগড়াচুড়িয়া, শ্রীচৈতন্যাব্দ ৪৪৫

ছা=ছান্দোগ্যোপনিষদ্, সীতানাথ তত্ত্বভূষণ, ২১০।৩।২ কর্ণওয়ালিস ষ্ট্রীট, ১৯২৫

তু=তুলনীয়

দ. রা=দক্ষিণ রাঢ়

দোহা=বৌদ্ধ গান ও দোহা, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ১৩৫৮

দ্র=দ্রষ্টব্য

প. ক, ৫ম=শ্রীশ্রীপদকল্পতরু, পঞ্চমখণ্ড, সতীশচন্দ্র রায়, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ১৩৩৮

পদ্ম = পদ্মপুরাণম্ ( পাতালখণ্ডম্ ), পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১০

পা = পাদটীকা

পৃ = পৃষ্ঠা

পৌ. উ = পৌরাণিক উপাখ্যান, যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, এম. সি. সরকার অ্যাণ্ড সন্স লিঃ, ১৪ বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, ১৩৬১

ফা = ফারসী

বরা = বরাহপুরাণম, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১৩

বায়ু = বায়ুপুরাণম্, ঐ ঐ ১৩১৭

বি. প = আসাম ও বঙ্গদেশের বিবাহপদ্ধতি, বিনয়ভূষণ ঘোষ চৌধুরী, ঘাটেশ্বরা, ২৪ পরগণা, প্রথম সংস্করণ, ১৩৩৯

বি. পু = বিষ্ণুপুরাণম্, দ্বিতীয় সংস্করণ, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩৩১

বি. শ = বিংশ শতাব্দী, শারদীয়, ১৩৬৪, হরপ্রসাদ মুখোপাধ্যায়, ২০ গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫

বৃহ = বৃহদ্ধর্মপুরাণম্, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১৪

ব্র. পু = ব্রহ্মপুরাণম্, ঐ ঐ ১৩১৬

ব্র. বৈ = ব্রহ্মবৈবর্তপুরাণম্, ঐ ঐ শকাব্দা ১৮২৭

ব্রহ্মা = ব্রহ্মাণ্ডপুরাণম্. ঐ ঐ ১৩১৫

ভা = শ্রীমদ্ভাগবতম্, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১০ এবং শ্রীভাগবতদশমস্কন্ধ, আনন্দমুদ্রাশালা, মাদ্রাজ, ১৯১০

ভা. ই = ভাষার ইতিবৃত্ত, পঞ্চম সংস্করণ, শ্রীসুকুমার সেন, বর্ধমান সাহিত্যসভা, ১৯৫৭

মৎস্য = মৎস্যপুরাণম্, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১৬

মনু = মনুসংহিতা, বঙ্গবাসী সংস্করণ, ১২৯৬

ম. বা. বা = মধ্যযুগের বাংলা ও বাঙালী, শ্রীসুকুমার সেন, বিশ্বভারতী গ্রন্থালয়, ২ বঙ্কিম চাটুজ্যে ষ্ট্রীট, কলিকাতা, ১৩৫২

ম. বি = Vipradāsa's Manasā-Vijaya, Sukumar Sen, The Asiatic Society, 1 Park Street, Calcutta

মহা = মহাভারতম্, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, শকাব্দা ১৮৩০

মার্ক = মার্কণ্ডেয়পুরাণম্, ঐ ঐ ১৩১৬

মৈ = মৈথিল

রা = রামায়ণম্, পঞ্চানন তর্করত্ন, বঙ্গবাসী সংস্করণ, ১৩১৫

শব্দ = শব্দকল্পদ্রুমঃ, রাধাকান্ত দেব, হিতবাদী মেশিন, ১৮৫০ শকাব্দা

শ্রী. কী — শ্রীকৃষ্ণকীর্তন, বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ১৩২৩

শ্রী. বি — শ্রীশ্রীকৃষ্ণবিজয়, শ্রীগৌড়ীয় মঠ সংস্করণ, বাগবাজার, কলিকাতা, ১৯৪৫

শ্রী. ভ — শ্রীকৃষ্ণভক্তিবল্লী, শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, সাহিত্যপ্রকাশিকা, দ্বিতীয় খণ্ড, বিশ্বভারতী, ১৩৬৩

স্কন্দ. বিষ্ণু — স্কন্দপুরাণম্ ( বিষ্ণুখণ্ডম্, নাগরখণ্ডম্ )

হ. ব — শ্রীমন্মহাভারতম্, সপ্তমভাগে হরিবংশপর্ব, রামচন্দ্র শাস্ত্রী, চিত্রশালা প্রেস, ১০২৬ সদাশিব বীথী, পুণা, প্রথম সংস্করণ, শালিবাহনশকাব্দাঃ ১৮৫৭

হিন্দ — হিন্দি

**E. T. D.** — English Tibetan Dictionary, Kazi Dousamdup, Calcutta University, 1919

**R. V. S.** — Rig-Veda-Samhitā, Max Muller, India Office, 1862.

'হেন মতে কলিকালে পণ্ডিতের বেহারে।
নরদেহ ধরি জেন বুলে অহঙ্কারে॥
লোক রঞ্জিবারে করে কপট আচার।
মনশুদ্ধি নাহিক আটোপ-মাত্র সার॥

—গোপালবিজয়, পৃষ্ঠা ৬

* তারকাচিহ্নিত শব্দগুলি আরবী, ফার্সী

**অকুল** ২৭ — অস্থির। ∠আকুল

**অকৃতী** ৩২৯ — অযোগ্য

**অক্রুর** ২৬৭, ২৬৯-৭২, ২৮১-৩, ২৮৫-৭, ৩১২-৩

**অগোর** ৪২, ৫৭ — সুরভি চন্দনবিশেষ। 'আগর চন্দন আঙ্গে মাখা' শ্রী. কী ৩৪৭

**অঘ** ৯৪ — পাপ

**অঘাসুর** ৯২, ৯৪-৫, ৯৭

**অঙ্গদ** ১২০ — বাহুতে পরিধানযোগ্য অলংকারবিশেষ, বাজু, কেয়ূর। 'আঙ্গদ যুগল হাথে' শ্রী. কী ২৬৯ 'কনক কেয়ূর অঙ্গদ তাহে শঙ্খ পরিচ্ছদ' চণ্ডী ১৭৮

**অচেট** ৩৫, ২১১ — অচেতন

**অঞ্জনগিরি** ৪৮, ২২৮ — পর্বতবিশেষ ; শ্রীকৃষ্ণরূপ অঞ্জনপর্বত। ( শ্রীকৃষ্ণের সুদৃঢ় দেহের সঙ্গে )

**অতিমোড়ে** ১৮৩

**অতিরেক** ৭, ১০১, ১১৬, ২৭১ — অতিরিক্ত

**অদিতি** ৩৫

**অধিক্ষেপ** ২৭১ — তিরস্কার, নিন্দা

**অধিদেবা** ৫০ — অধিষ্ঠাত্রী দেবতা

**অনাআত** ৬০, ৭১ — ∠অনায়ত্ত

**অনাবধি** ২৬৯ — এখন পর্যন্ত। নাই অবধি, নঞ্‌ তৎপুরুষ সমাস ; কিন্তু এখানে নঞ-এর অর্থ ধরা হয় নাই। অন্+আ+অবধি

**অনুবর** ১৩৯

**অনুবর্জি** ১৭ — ত্যাগ করিয়া

**অনুব্রজি** ১৪৮, ৩৩২ — অনুগমন করিয়া ; এখানে প্রত্যুদ্গমন-করা অর্থে ব্যবহৃত।

৯, ২০, ৫৭, ২২২, ২৩২

**অনুভএ** ১৭, ৫৪, ১০৮, ১২৪, ১৪২, ২৬০

**অনুভবে ভাবিতে …ঠাঞ্রি** ৫ আচার-বিচার বা বেদ-বেদান্তে নারায়ণকে পাওয়া যায় না; তিনি অনুভূতিগম্য; সেই অনুধ্যানে জানা যায়, তিনি সর্বত্র বিরাজমান।

**অনুরথ** ২৩ অনর্থ। অনর্থ > অনরথ, অনুরথ

**অন্তঃপট** ২৮৫ মধ্যবর্তী বস্ত্র

**অন্ধকুআএ** ৩৬ অন্ধকার কূপের মধ্যে

**অন্ধকুপ** ৪২

**অফরাধ** ৯৬, ১৫৭, ১৯৩, ২৩৫-৬, ২৪১, ২৫০

**অবগ্রহে** ১৩ অনাবৃষ্টিতে

**অবতংসে** ১৫৯ ভূষণ। 'ত্রিভুবনে অবতংস হৈয়া প্রভু জার বংশ ত্রাণ কৈলা অখিল পরাণি' চণ্ডী ৪

**অবতরিহে** ৭০ অবতীর্ণ হইবেন

**অবহু** ২৪৩ এখনই

**অবাহে** ১৫২, ১৮০ ওহে (সম্বোধনে)। 'বাহে'—এই সম্বোধন পদটি উত্তরবঙ্গে রাজ-বংশীদের মধ্যে বহুল প্রচলিত।

**অভ্যাসে** ৬ মুখস্থ করায়

**অমরণে** ২৬৪ সম্যক মৃত্যুতে। ∠আমরণে। আ—সম্যক, নিশ্চিত

**অরিষ্ট, আরিষ্ট** ২৬৫-৬, ৩০৪ অরিষ্টাসুর

**অর্জুন** ২৬০ কার্তবীর্যার্জুন

**অস্তব্যস্তে** ৩৫, ৪২ ব্যস্ততার সঙ্গে। 'আস্তেব্যস্তে পিতামাতা মুখে দিলা পানি' চৈ. চ ৬৯১ (আদি)

**অহল্যা** ১৪৫, ১৭০

**অহে** ১৮ ওহে

**আঅস** ৩৩৪ অয়স্কান্তমণি

**আআস** ৭৭, ৯৮, ১০৪ — ক্লেশ, ক্লান্তি, পরিশ্রম। 'আয়াসেঁ কাহ্নের উরে শুতিলেঁ। দিঞাঁ। শিয়রে' শ্রী. কী ৩৮৯। ∠আয়াস

**আই** ১৬০, ১৬৫-১৬৭, ১৮৭ — মা, দিদিমা, আজিমা। 'গাইল চণ্ডীদাস বাসলী আই' শ্রী. কী ৯০। ∠আর্যিকা

**আইঅন, আইআন** ৭৫, ১৩১, ১৩৪, ১৪৪, ১৫০ — আয়ান ঘোষ। 'আশেষ প্রকার করি তোষিল আইহনে' শ্রী. কী ১২

**আইতে, আইত্যে** ৯০, ১৮১ — ∠আয়ত্তে

**আইহন** ৬০, ১৭৮ — দ্রঃ আইআন

**আউট** ৯৭ — সাড়ে তিন। 'আউটহাত প্রমাণ' শ্রী. বি ২৩ 'আহুঠ হাত কলেবর তোর' শ্রী. কী ৫৫ 'আউট আশ্রমে তবে নড়িল বিশেষে' ম. বি ১৭৮। ∠অর্ধচতুর্থ

**আউদর** ২৮, ৫৪, ৭১, ৩১৪, ৩২৭ — শিথিল, আলুলায়িত। 'যশোদা যায় আউদরচুলে' শ্রী. বি ১৬ 'বস্ত্র না সম্বরে রাণী আউদরচুলী' কৃত্তি

**আউলাইল** ২৯৩, ৩৩৫ — আকুলিত (বিশেষণ)। 'খদির কুসুম মালা আউলাইল চিকুরে' শ্রী. কী ১৬৩

**আউলাইলী** ২৭৮

***আউসি, আওঁাসি** ২৬২, ৩২০ — বিলাস। আ. আ' ইশ্

**আওঁত** ২৩৫ — অধীন।∠আয়ত্ত

**আওাস** ৪৭, ৫৬-৭, ৭৭, ৭৮, ১৪৭, ২১২, ২৭৯, ২৯৬, ৩০৩ — গৃহ। 'শত শত সেনাপতি হাতে করি ঢাল কাতি আছে তার আওআস বেষ্টিত' চণ্ডী ২৮৫। ∠আবাস

**আওআস** ৮ — দ্রঃ আওাস। 'কনকপুরী লঙ্কা কৈল আওয়াস ঘর'—নলিনীকান্ত ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১২

| | |
|---|---|
| **আওঁাসের** ২৯৬, ৩০৩ | দ্রঃ আওাস |
| **আওথাএ** ৭৭ | আহ্বান করে। ∠আহ্বয়তে |
| **আওারি, আওআরি** ১৬, ৪১, ১১৯, ১২২, ১৪৩, ৩১২ | গৃহ। 'আওয়ারি আওয়ারি ঘর' ম. ।ব ৫২। ∠আগারিক। |
| **আঁতে** ১১৪ | শেষ। ∠অন্ত |
| **আঁধল, আঁধলা** ৯৮, ১৬৩, ১৮৪, ১৮৭, ১৯০, ২০৪, ২১৯ | অন্ধ |
| **আখটি** ৩১১ | বায়না। 'যে আখুটি করে তা ঈশান সমারয়' চৈ. চ। ∠অখট্টি |
| **আখণ্ডে** ৩২১ | অক্ষুন্ন, পরিপূর্ণ। ∠অখণ্ড |
| **আখয়** ৯ | |
| **আখরের পানি** ২৫৬ | বিন্যার দাগ, বিন্যাবৃদ্ধি। 'জলের আখর কিবা ভূমিতে লেখ্রিলোঁ' শ্রী. কী ৩২১ |
| **আখিলাগ** ১১০ | চক্ষুর অতিনিকটে |
| **আখিলোহ দেখিএ ...অনুসরে** ৮ | অতিথির অনুসরণে অর্থাৎ তাঁহাকে বিদায় দেওয়ার সময় মথুরা-বাসীর চোখে জল পড়ে। |
| **আখেআতি** ৬৭ | ∠অখ্যাতি |
| **আগম** ৩০, ৬৯, ৭০, ২৫১ | বেদ, তন্ত্রশাস্ত্র। 'সো কইসে আগম বেএঁ বখাণী' চ. প ৮৪। আগতঃ শিববক্ত্রেভ্যো গতশ্চ গিরিজাশ্রুতৌ। মতশ্চ বাসুদেবেন আগমঃ পরিকথ্যতে। দ্রঃ শ্রী. ভ পৃ ৩৪ |
| **আগমন-শুদ্ধি** ২৩ | আগমন-কারণ |
| **আগল** ১৭২ | প্রধান, শ্রেষ্ঠ। ∠অগ্র |
| **আগলী** ৩১৬ | অগ্রগামিনী, প্রধানা, প্রিয়তমা। 'ডোম্বিত আগলি নাহি ছিণালী' চ. প ৭০ 'আক্ষে আইহন গোআলী সব গুণে আগলী শিশুমুখেঁ পরবত টালী।' শ্রী. কী ৩৩ 'সোহাগে আগলি হইবে দেখ পরতেক'—ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৪৮ |

**আগু** ১০, ১২৭-৮, ১৫০-২, ১৫৮, ১৭৫, ১৮৯, ২৩১, ২৮১, ২৮৭, ২৯৩, ৩১৯, ৩২৭ — অগ্রে। 'আগু গেলি সত্বর গমনে' শ্রী. কী ৯ 'ধিরে ধিরে আগু বাটি বোলে শভায়'—ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ৪৪ 'আগে নাব ন তেলা দীসঅ' চ. প ৬৬ 'যেহ্ন শোভ করে সুমেরু গঙ্গার ধারে তাক দেখি মোর পাঅ আগু নাহি সরে' শ্রী. কী ৫২

**আগু** ২৬৬ — অগ্নি। 'ডোম্বী-ঘরে লাগেলি আগি' চ. প ১০৮ 'প্রেমদহন-দহ যাক হৃদয়সহ তাহে কি বজরক আগি' গোবিন্দদাস; হিন. আগ

**আগুলিল, আগোলিল** ৮০, ১১৯, ১৫২, ১৬২ — অবরোধ করিল। 'মিছাই কাহ্নাঞিঁ তোঁ আগোললি বাটে' শ্রী. কী ৪৩

**আগোলে** ১৬০ — অবরুদ্ধ করে

**আঙঁত, আঅত,** ১৪৮, ২৪৮ — অধীন। ∠আয়ত্ত

**আঙ্গিএঁ** ১৩২ — অঙ্গীকার বা স্বীকার করিয়া

**আচীরপাচীর** ৭৭ — গৃহমধ্যস্থিত প্রাচীর, চতুর্দিকের প্রাচীর

**আছিদর, আছিদরী** ১৩০, ১৫৩, ১৬০, ১৬১, ১৬৪, ২০১ — ধূর্ত, প্রগল্‌ভা। 'আতিবড় হৈলা আছিদর' শ্রী কী ৫৪

**আছুত** ২৩০, ২৩৩ — আছোঁয়া

**আজনম …কলেবরে** ২৩২ — কোকিল এবং কৃষ্ণ উভয়ই অন্যের দ্বারা লালিত; অযত্নহেতু যেন উভয়েরই দেহ কৃষ্ণবর্ণ।

**আজল** ১৩৪, ১৪৭, ১৭৪ — নেকা। 'হেন সে আজল দেবরাজে' শ্রী. কী ২৪৭

**আজাতি** ১৫২ — দুরন্ত

**আজিহো নিমিষ …কুবলঅধারী** ৮ — মথুরার রমণীগণ এতই সুন্দরী যে পদ্মহস্তা স্বর্গবিদ্যাধরীরাও অনিমেষলোচনে তাহাদের দিকে চাহিয়া থাকে।

**আটি, আটী** ৭৪, ১৭৭, ১৯০ — শাসন বা জয় করি

| | |
|---|---|
| ৭৫ | সুদৃঢ় |
| **আটে** ৬৮, ৭৫, ১৬১, ১৮৩, ২৪৩, ২৯২ | কুলায়। 'দুই অঙ্গুলি না আঁটে' শ্রী. বি ১৬ 'পুষ্প নাহি আটে' ম. বি ২৩০ |
| **আটোপ, এআটোপে** ৬, ১২০, ১২৪ | গর্ব, গর্জন, হুঙ্কার। 'কীর্তন-আটোপে পৃথিবী করে টলমল' চৈ. চ ৩৯২ ( অন্ত্য ) 'জুড়িল বিংশতি বাণ করিয়া আটোপ' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৩১ |
| **আঠ গোপিকা** ২১৩ | চন্দ্রাবলী, মাধবী, মালতী, রত্নাবতী, ইন্দুবতী, মদালসা, মনোরমা ও পদ্মাবতী; ইহারা রাধিকার অষ্টসখী-রূপে পরিগণিত। ২১৬ পৃষ্ঠায় লীলাবতীর নামোল্লেখ আছে। পদ্মপুরাণান্তর্গত পাতাল-খণ্ডের উনচত্বারিংশৎ অধ্যায়ে উল্লিখিত অষ্ট সখীর সহিত এখানে সাদৃশ্য দেখা যায় না। পুরাণে আটজন সখীর নাম—ললিতা, শ্যামলা, ধন্যা, হরিপ্রিয়া, বিশাখা, শৈবা, পদ্মা ও ভদ্রা। |
| **আঠেল ঠেলএ ...ধরে** ২৯৫ | অনড় বা জড় পদার্থকে নড়াএ এবং যা ধরা যায় না তাই ধরে। 'আঠেল' এবং 'আধরিল' দুইটি পদ যথাক্রমে -ল এবং -ইল প্রত্যয়ান্ত বিশেষণ। |
| **আড়সারে** ৯৮ | |
| **আড়সী** ১৯৫ | বক্রভাবাপন্ন |
| **আড়ম্বরী** ২৪১ | বক্র কথা |
| **আড়াক্ষে** ১২৪, ১২৭ ২২১, ২৯৩ | বক্রদৃষ্টিতে চাহে, আড় চোখে। 'কিকে চাহিলেঁ রাধা আড় নয়নে' শ্রী. কী ৩৯ |
| **আড়াখিএ** ৯০ | আড় চোখে। আড়+আখিএ |
| **আড়ে, আড়, আড়ি** ৫৩, ৬৫, ৭১, ৭২, ৯০, ১২৮, ১৩২, ১৩৯, ১৯১, ২৩১, ৩১৭ | অন্তরাল, বক্রতা, আড়ালে। 'হেন রূপ দেখি চখু আড় করে' শ্রী. কী ৬০ |
| **আড়ে** ৯০, ৯৩ | প্রস্থে। 'আড়ে দশ যোজন পুরী অতি অনুপাম'—ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৪ 'শতেক যোজন সিন্ধু আড়ে পরিসর' ম. বি ২২৭ |
| **আণ্ডি বকা** ১৩১ | ভ্রষ্টচরিত্র। উপভাষা, দ. রা |

**আতিভিতি** ২৩৬, ২৫৭ — শীঘ্র, অস্তব্যস্তে

**আতিরণে** ২৮১ — অতিশয় দ্বন্দ্ব

**আতিরেকে** ২৭১ — দ্রঃ অতিরেক

**আতিসরি** ৫৮ — অতিশয় সরাইয়া বা বাড়াইয়া

**আতোপে** ২৬৪ — ( প্রণয়জন্য ) গর্বে। ∠আটোপে

**আথান্তর, আথান্তরে** ৬০, ৬৮, ৮৯, ১৫১, ১৭৯, ১৯৮ — দুর্ভাবনায়, দুরবস্থায়, অকূলে। 'আহ্মা দুখমতী লআঁ ভৈল আথান্তর' শ্রী. কী ৯৬ 'তাহান সহিতে তুমি না কর আতান্তর'—ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১২৫

**আথালি পাথালি** ১১৩ — বাছ বিচার না করিয়া, যেখানে সেখানে

**আথির** ১২৯ — <অস্থির

**আদরিঞা** ৮৯

**আদিবসা** ২৯৫ — দুর্দিন, স্নেহমিশ্রিত ভর্ৎসনা। 'কৈলেঁ কাহ্নাঞি মোর আদিবসে' শ্রী. কী ২৩৪ 'প্রভু কহে আদিবশ্যা দুঃখ কাহে মানে' চৈ. চ ৩৯৭ ( অন্ত্য )

**আদেখ, আদেখে** ২৭৫, ৩০৪, ৩২৯ — অদৃষ্টপূর্ব, দেখার অযোগ্য। 'বড়ায়ি হয়িল আদেখ' শ্রী. কী ২৫৬

**আধরিল** ২৯৫ — ধরার অযোগ্য। ( বিশেষণ )

**আনই, আনঞি, আনহি** ১২০, ২০৫, ২১৪, ২২৭, ২৪৭, ২৮৬, ৩২৩, ৩৩৩ — অন্যপ্রকার। 'আহ্মার বচন তোহ্মে না করিহ আন' শ্রী. কী ৭৭

**আনইলে** ১৪১ — অন্য হইলে

**আন নহে…বেড়া** ৭৪ — হাঁড়ির মধ্যে মাছ জীবিত থাকিলেও সমস্ত বিষয়ই যেমন তাহার কাছে মৃত্যুসদৃশ আবেষ্টনী, তেমনই গোকুলের আবেষ্টনী যেন সকলের প্রাণ লইয়া ক্রীড়া করিতেছে। গোকুলে কংসের অত্যাচারের কথাই এখানে ব্যঞ্জিত হইতেছে।

| | |
|---|---|
| **আনলে পুড়িলে …নিএ ৭৫** | আগুনে দগ্ধ হইবার বদলে তাপকে আশ্রয় করে। |
| **আনীত ৭০** | দুর্নীতি। ∠অনীতি |
| **আনের ১৯** | |
| **আন্ন ১৯৪** | ভোজনীয় দ্রব্য। ∠অন্ন |
| **আপতি ৭** | আপত্তি |
| **আপত্তী ৪০** | সন্তান। ∠অপত্য |
| **আপাএ ১৮৫** | বিপদ। ∠অপায় |
| **আপাত ৩৮** | বর্তমান, উপস্থিত |
| **আপেখি ১২৮** | দেখিয়া। ∠আপ্রেক্ষ্য |
| **আপেলিঞাঁ ৩১১** | ফেলিয়া |
| **আপ্তুতাএ ৪২** | আত্মীয়তায়। 'প্রীতি ভয় আপ্তুতা সভার হইল মনে' চৈ. ভা |
| **আফুট আখরে ২৭০** | 'একই আখরে মো বুঝিলোঁ তোর ঠাই' শ্রী. কী ২৬৪ |
| **আবরে ৬৪, ১২৭, ২৮৫** | আবৃত করে |
| **আবর্ত ৬৪** | ঘনাবর্ত (দুগ্ধসম্বন্ধে) |
| **আবর্ত বিবর্তে ১৮৮** | ঘূর্ণিপাকে |
| **আবলি ১৯৯** | বাল্যকাল হইতে আরম্ভ করিয়া। 'তবে নাম পাড়ায়িলে আহ্মে আবালি সতী' শ্রী. কী ৩৫৭। ∠আবাল্য |
| **আবাল ৫৪, ২৬৮, ৩১৭** | শিশুবালক, বাল্যকাল হইতে আরম্ভ করিয়া। 'পন্থে বল করে যবেঁ আবাল কাহ্নাঞি' শ্রী. কী ৩২ |
| **আবুধ ৭৪** | |
| **আমরিষ ১৪৯** | রোষ। 'কিকে কাহ্ন করে আমরিষে' শ্রী. কী ৩৩৫। ∠অমর্ষ |
| **আমল ৯০** | নির্মল। ∠অমল |
| **আমানঅ ১৬৩** | অসম্মান। কোণ কাজেঁ তোর বাঁশী হরিআঁ আমান করিব আহ্মে' শ্রী. কী ১২৫। ∠অমান্য |
| **আমে ১০৭, ১১৭, ২৩৭** | |
| **আম্মের ডরে …বাসে ১৭৬** | এক বিপদ হইতে মুক্ত হইয়া অনুরূপ বিপদে পতিত। বিশিষ্ট প্রবচন, দ. রা |

**আমোদিএঁ।** ২০৩ — পুলকিত করিয়া। 'মহা আমোদিয়া নাথ করেন ভোজন, চৈ. ভা

**আরতি-ইন্ধন …সহিতে** ২৫৮ — আর্তিরূপ ইন্ধনে বিরহরূপ অনল জালিয়া পাইনমিশ্রিত মনরূপ সোনা পুড়াইয়া তাহার জালা শুদ্ধ কর। প্রেমরূপ সোহাগায় দৃঢ়ভাবে ঝালিয়া তবে কৃষ্ণকে মনের সঙ্গে জুড়িবে।

* **আরদাসে** ২৮, ৬৬ — নালিশ। ফা. অর্‌জ্‌দাশত। 'আর্দ্দাশ করয়ে আসী চামরীর ঘটা' চণ্ডী ১৪৮

**আরুণিমাএে** ৯৩

**আল** ৩৪২

**আলগ** ২০৬ — আলগা। 'হেন আলাগন কথা শুণী কোন রাজে' শ্রী. কী ৭০। ∠অলগ্ন

**আলাইল** ৬৩, ৬৮, ১২৪, ২২৮, ২৪৭, ২৫৮, ২৮৯ — স্খলিত, শিথিল। 'আলাইল চুলি' শ্রী. বি ৫১ 'খদির কুসুম মালা আউলাইল চিকুরে' শ্রী. কী ১৬৩ 'আলাইল স্থকবরি আভরণ ত্যাগ করি সঘনে নাড়য়ে আম্রডাল' চণ্ডী ১১৬

**আলিঙ্গএ** ২৪৭

**আলিএ।** ১৫৭ — আউলাইয়া, ত্যাগ করিয়া

**আলুআইল** ৫৯

**আশঅ** ৯৪, ১০৩, ১৩২ — মন, অভিলাষ। 'দুর্গম কাননে ভমি মৃগ না পাইনু আমি কেবল আশয়ে মিথ্যা ফিরি' চণ্ডী

**আশাবন্ধে** ২৩৪ — আশার বন্ধনে। 'সকল বিফল ধন্ধ দূর কর আশাবন্ধ মিথ্যা জন্ম হইল মহীতলে' চণ্ডী 'আশাবন্ধ সমুৎকণ্ঠা নামে রুচিলাভ' শ্রী. ভ ২৪

**আশুন** ২৭৫ — অশ্রাব্য

**আশোআস** ১৪১, :৪৩, ৩৯৪ — 'আশোআশ দিআঁ তোহ্মে হৈলা এক ভীতে' শ্রী. কী ∠আশ্বাস

**আসমের** ২৮১ — অসময়ের, বিষমের

**আসহিল** ১৯৩, ২৮১ — অসহনীয়। ( বিশেষণ )

**আসিহে** ২২০ — আসিবে। ভবিষ্যদর্থে প্রথম পুরুষে -হে বিভক্তির প্রয়োগ অতিপ্রাচীন ; পঞ্চদশ শতকের পরে এইরূপ প্রয়োগ লুপ্ত হইয়াছে। দ্রঃ ও. ডি. বি. এল, পৃ ৯৬৪-৫

**আসু** ১৫১ — আসুক। 'হাথে ধরী ধনু বাণে কাহ্নু আসু বিদ্যমানে' শ্রী. কী ১০৮

**আহুতি** ১১৮ — আহুতি, আহ্বান

**আহীর** ৫২, ৯৫, ২০০, ২৮৬ — গোপ। 'খনহ্ ন ছাড়অ ভুসুকু অহেরি' চ. প ৫৩ 'হইয়া আহিরি তোর কুলটা বেভার' ম. বি ১০৪ 'ঘাটি আহিড়ির যেন দীঠ' চণ্ডী ৯৮২। ∠আভীর

**আহুঁতি** ২৪৫ — আহতি, আঘাত

**আহের** ২১, ৩৭, ৪৬ — রাগবিশেষ

**আহ্মা** ১৮-৯, ২২, ২৯, ৩০, ৩৪-৬, ৩৮, ৭১, ৮৭, ৯১-২, ১০৩, ১০৭, ১০৯-১০, ১৩০, ১৩৩-৪, ১৩৭, ১৪১, ১৪৪, ১৬৬, ১৬৮, ২৮০, ৩১৫, ৩২৭, ৩২৯, ৩৩১ — আমাকে। 'আহ্মা এড়ি কেন মতেঁ ধরিলেঁ পরাণী' শ্রী. কী ১৬
'তোহ্মে পদুমিনী আহ্মে পদ্মনাভ
এহা শুন মনে মনে।' শ্রী. কী ১৬

**আহ্মাএ** ৫৯, ২৯৫

**আহ্মাতে** ১১, ৩০৫

**আহ্মার** ৭, ১৩, ১৯, ২০, ২১-২, ২৬, ৩৪, ৩৭, ৪১, ৫০, ৭২, ৭৪-৫, ৮৯, ৯৩, ৯৬, ১০৭, ১১০-১১, ১৩০, ১৪৫, ১৫৪, ১৬৬, ১৬৮, ২৫৩, ২৮১, ৩০৫, ৩১৭ — আমার। 'আহ্মার থানত তোর নাহিঁ কিছু ডর' শ্রী. কী ১৬

**আহ্মারা** ১৫০ — 'আজি হৈতেঁ আহ্মারা হৈলাহোঁ একমতী' শ্রী. কী ৭৯

**আহ্মারে** ১৯, ২০, ৫৪, ৭১, ৯৫, ১৩৩-৫, ১৪৭, ২২৪, ২৯০-১ — 'ঘরত বুলিবোঁ যবেঁ লঘুতা পাইবেঁ তবেঁ
পাছে দোষ না দিহ আহ্মারে॥' শ্রী. কী ৩৩

**আহ্মি** ১৮, ৩৪, ৪০, ৫৪, ১১৬, ১১৮, ১৩১-৪, ১৩৭, ১৪১, ১৪৩-৫ ১৫২, ১৬৬, ১৬৮, ২২৪, ২৩১, ২৬৩, ২৬৭, ২৯০, ৩১২, ৩২৩ — 'ভণই গুডরী অহ্মে কুন্দুরে বীরা' চ. প ৫২ 'গোঠে হৈতেঁ আসি আহ্মি বুঢ়ী গোআলিনী' শ্রী. কী ১১

**আহ্মি সে…দোষে** ১৬১ — আমি অনন্তব্রতের সূত্রসদৃশ; আমার উপস্থিতিতে যতটা উপকার না হইবে, তাহা অপেক্ষা অধিক অনিষ্ট হইবে যদি আমি অনুপস্থিত থাকি। সূত্র ছিন্ন হইলে যেমন সমস্তই বিচ্ছিন্ন হইয়া পড়ে, তেমনই আমার অবর্তমানে গোপীদের মধ্যে বিশৃঙ্খলা উপস্থিত হইবে।

**ই আর** ২৭৫ — এই আবার

**ইথি** ১০১, ১০৭-৮, ১৫৮, ২১২, ২২২, ২৪০, ২৫১-৫২, ২৭৫, ২৭৮, ২৮১, ২৯৯, ৩০৫-৬, ৩১৩, ৩২০, ৩৩৬ — ইহাতে, এই বিষয়ে

**ইথিহু** ১৯৩ — ইহাতেও

**ইথে** ১১, ১৩, ১৯, ২৫, ৩৩, ৩৫, ৯৪, ১০৭, ১১০, ১৫৭, ১৫৯, ১৬৬, ১৭২, ১৭৪, ২৭২, ২৯৬, ৩০৯ — এই বিষয়ে, ইহাতে। 'ইথে কিছু নাহিঁক সন্দেহা' শ্রী. কী ৭০ 'গীতা-বিষ্ণুপুরাণাদি ইথে পরমাণ' চৈ. চ ৫৪৯ ( আদি )
'তোমার কিংকরে ছার নরে মরে
ইথে নাহি বাস লাজ' চণ্ডী ১৪৭

**ইন্দুবতী, ইন্দুমতী** ২১৩, ২১৬ — রাধিকার অষ্ট সখার অন্যতম।

**ইন্দ্রাদি মুকুট** ৩৩ — ইন্দ্রনীলমণি ইত্যাদি রত্ন দ্বারা খচিত মুকুট

| | |
|---|---|
| **ই পার** ১৮৫ | ( নদীর ) এই পার |
| **ই বার** ৬০ | এইবার |
| **ইবে** ২৪, ৪০, ১৫০, ২৮৯, ২৯৭, ৩১৬, ৩২১ | এখন |
| **ইবেসি** ৩৩৪ | এখন নিশ্চয়রূপে। 'সি' অবধারণে |
| **ই বোল** ১০৭, ১১২, ১৩৭, ১৪৫, ১৪৯-৫০, ১৫২-৩, ১৬১, ১৬৭, ১৭০-১, ১৭৫ | এই কথা |
| **ই লোক** ২৩৭ | |
| **ই সব** ১১৮, ১৪৯, ১৫৬ | এই সমস্ত |
| **ইহাসি** ২০২ | ইহা নিশ্চিতরূপে |
| **ঈষ** ৪২ | লাঙ্গলের ফাল |
| **উইল, উইলে** ৩৩, ৩৯, ১২০, ২০৪, ২১২, ২১৪, ২৭৮, ৩০০, ৩০২, | উদিত হইল। 'সংপূর্ণ চান্দের দুই পাশে যেহ্ন উইল সুরুজমণ্ডলে' শ্রী. কী ৬০ |
| **উএ** ৩১, ১১০, ২১৪, ২৯১, ৩১৮ | উদিত হয়। 'উইএ গঅণ-মাঝেঁ অদভুআ' চ. প ৮৬ 'উয়ে যেন সুর' শ্রী. কী ২৭১ 'যেন উয়ে ইন্দু' ম. বি ১২ |
| **উকটিতে** ৭২ | অনুসন্ধান করিতে। 'দশ বিশ জন মেলি উকটে মূষিক ধূলি' চণ্ডী ৯০৬। ∠উৎকৃন্তন |
| **উগরে** ৯৪ | বাহির হয়, প্রকাশিত হয় |
| **উগাড়িঞা** ৯৪ | উদ্‌গীর্ণ করিয়া |
| **উগ্রসেন** ৩০৭-৮, ৩৩৩ | |
| **উছব** ১০২, ১২৫ | <উৎসব |
| **উজাগরে** ১৯ | জাগরণে। 'হাম উজাগরি সারারাতি' গোবিন্দদাস |

**উজু করিল তিন বঙ্কে ২৯১** তিন বাঁকা সোজা করিল। 'উজুয়ে উজু ছাড়ি মা লেহুবে বঙ্ক' চ. প ৮৮। ঋজু∠উজু

**উঝটের ১৯১** বাধার। 'হাঁছী জিঠী আয়র উঝট মানিলোঁ' শ্রী. কী ৩১৮

**উটাএ ১২১** ব্যাকুল হয়

**উড়াবাক ৮৭** উড়াইতে

**উত্তরিলাসিঞা ২৯৪** উত্তরিলা + আসিঞাঁ। 'কথো দিনে রেমুণায় উত্তরিলাসিয়া' চৈ. চ ১৩২ (মধ্য)

**উত্তরোল ১০** আকুল। 'কাক বলে উত্তরলি ডিম্ব ফুটাইএছি কালি' ম. বি ২০৯ 'রাধাক দেখিঞাঁ কাহ্নে উত্তরল ভৈলা মনে' শ্রী. কী ১৫১। <উত্তরল

**উথা ২৬১** ওখানে

**উথি ২১৪** ঐ স্থানে

**উদাইঞাঁ ১৯৬** অন্যমনস্ক হইয়া বা ছড়াইয়া

**উদাসে ১২৮, ১৮৬, ৩১৯** অনাবৃত হয় 'এদিকে ঝাঁপিতে তনু ওদিকে উদাস' বিদ্যাপতি

**উদিগে ১৭৯-৮০**

**উদ্দণ্ড ২২৭** প্রচণ্ড

**উদ্ধব ৩২৬-৮, ৩২৯-৩১, ৩৩৩** বৃহস্পতির শিষ্য ও শ্রীকৃষ্ণের সখা। বিস্তৃত আলোচনার জন্য দ্রষ্টব্য মৎসম্পাদিত 'শ্রীকৃষ্ণভক্তিবল্লী' পৃ ৫৪

**উধাঞাঁ ৬৬** দৌড়াইয়া গায়ে পড়িয়া। ∠ধাবিত্বা

**উনান ১৯৭** উদ্ধ্মান>উদ্ধান>উধাঁন>উনান

**উপগার ১৮০** ∠উপকার

**উপজাএ ৫৭** উৎপন্ন হয়। 'তেঁ তোহ্মাত উপজএ রোষে' শ্রী. কী ১৫৬

**উপড়এ, উপড়ে, উপাড়ে ৭২, ১২৩, ৩০২** পতিত হয়, উৎপাটিত করে। 'জেই শুম্ভ মোহা জম্ভ কি করিব তার দম্ভ ভুজবলে পর্বত উপাড়ে' চণ্ডী ১৯৫

**উপরহি ৭৮** ব্যতীত

**উপাধিক ৩২২** বেশি

**উপামা ১২০, ১৫৮, ২১২, ২১৪, ২৪৪, ২৫৫** তুলনা। 'নাভি গভীর তোর প্রেয়াগ উপামা' শ্রী. কী ৬৮

| | |
|---|---|
| **উকরিঞা** ৪২, ৭১, ৯৯ | উৎপাটিত বা পড় পড় হইয়া, ছুটিয়া |
| **উবরি, উবরিঞা** ৯০, ২১৯, ২২২ | উদ্বৃত্ত হইয়া, ফিরিয়া। উৎ–√বৃ+অ>উব্বর>উবর |
| **উবরিল** ৬৮ | বেশি হইল, উদ্বৃত্ত হইল, অতিরিক্ত হইল। 'প্রসাদ উবরিল খায় সহস্রেক জন' চৈ. চ ৫৭১ ( মধ্য ) |
| **উবারে** ১৮১ | নিস্তার, উদ্ধার |
| **উভ করি** ৫৯ | |
| **উভ নড়ি** ৭৬, ১৫২ | |
| **উভ পুছ** ৮০ | |
| **উভবাহে** ১০০, ১০৩ | |
| **উভ মুখ** ৮১ | |
| **উভরাই** ৩২১ | চতুর্দিকে শব্দ করিতে থাকে। |
| **উভরাএ** ১০০, ১০৫, ২৮৬, ৩১৪, ৩২৩, ৩২৭ | উচ্চৈঃস্বরে। 'বাড়বাড়া করে পশু কান্দে উভরায়' চণ্ডী ১৪৯ |
| **উভরি** ৯৫ | ঢালিয়া। দ্র. প. ক, ৫ম, শব্দসূচী, পৃ ১৫ |
| **উভরিঞা** ২১৯ | উছলিয়া। দ্র. ঐ ঐ ঐ |
| **উভারে** ১২৪, ১২৭, ২০০, ২৯৪ | উচ্ছলিত, উছলাইয়া দেয়। 'উভারে বীরে বীর চর্ম্ম ধরে চর্ম্মের উপরে ঘুরে' চণ্ডী ৩০২। উদ্ধার>উদ্ভার>উভার ; হিন. উভার |
| **উভে** ৯০, ৯৪ | ঊর্ধ্বে। ঊর্ধ্ব>উব্ভ>উভ |
| **উমত, উমাতা** ৪০, ২১৭ | <উন্মত্ত |
| **উল** ১৬৯, ১৮৯, ২১৯, ৩২৮ | সীমা, শৃঙ্খলা |
| **উলামালি** ৩৯ | উন্মত্তের মতো ব্যস্তভাবে |
| **উলিপালি করিঞাঁ** ৯৩ | পালি করিয়া, পর্যায়ক্রমে |
| **উল্লাল** ৫৩, ৩১০ | আদর। <উৎ—√লালি। |
| **উসারি** ৭২, ১২৪ | হাহাকার। 'উসারিয়া যায় রাজা শিব শিব বলি' ম. বি ১৬৩। <উৎসার্য |

**উশাসি, উসসি** ১০, ২৭৫, ৩২৮ — উচ্ছ্বসিত হইয়া, ফোঁপাইয়া। <উৎ—শ্বস্

**উশাস, উসাস** ১১৫ ২২৪-৫ — বিশ্রাম, মুক্তি। 'বন্ধন উসাশ আর করিল সকল' চণ্ডী ৬৯৭। উৎ + শ্বাস > উচ্ছ্বাস > উছাস > উশাস

**এক ধান** ৩১০ — রতির ¼ অংশ অর্থাৎ অত্যল্প

**এক বেরি** ১৩২ — এক বার

**একলা** ২৯৭ — 'একেলী সবরী এ বণ হিণ্ডই' চ. প ৬৪ 'একলা মালাকার আমি কাঁহা কাঁহা যাব' চৈ. চ ৬১১ (আদি)

**একাখরি** ৫৪ — একাক্ষর মন্ত্রবিশেষ, একাক্ষর বীজরূপ।

**একালা** ৪৫ — 'একেলেঁ জগ নাশিঅ রে' চ. প ৯৮ 'ষোল সহস্র গোপী একলা দামোদরে' শ্রী. কী ১০১

**একাশি** ৩, ৮৮ — এক দিকে। <একপার্শ্ব

**একু** ৬ — 'বাল তিল একু বাঙ্ক ণ ভূলহ' চ প ৬৬ 'হরি হর একু দেহ বিদিত সংসারে' শ্রী কী ১৬২

**একুই, একোই** ১৭, ১৮, ৩৩, ৪৮, ৫৫, ৬০-১, ৯৭, ১২৬, ১৪৩, ১৫৯, ১৭৫, ১৮৬, ২১৯, ২৩৮, ২৫১, ২৭১, ২৮৪, ৩১১ — 'তাহাতে চড়াআঁ একই বারে পার কৈল গোপীগণে ॥' শ্রী. কী ৬৫ 'ভাল না বুঝিএ তোর একোহি চরীত॥' ঐ ৫৩

**একেশ্বরী** ৯৫ — একাকী। মুঞি আছি একেশ্বরী' শ্রী. বি ৮৬ 'একশরী বনের ভিতরে' শ্রী কী ৩৮৯ 'একেশ্বরী পাইয়া' ম. বি ৬০ 'কহ গ সুন্দরী কেন য়েকেশ্বরী ভ্রমিতে নাহি তরাস॥' চণ্ডী ১৮৬

**এখনোক** ১৫৩ — 'কিনা লাভ লোভে কাহ্নাঞিঁ না চিহ্ন এখন' শ্রী. কী ২৩

**এড়ি** ৩৫ — 'এড়িএউ ছান্দক বান্ধ করণক পাটের আস' চ. প ৪৮

**এড়িঞা** ২৯১

**এত দগধিএ কালা** ৩১৯ — এইরূপ বিদগ্ধ কলায় অর্থাৎ নৈপুণ্যে

**এতি** ৭৪ — এথায়, এখানে

| | |
|---|---|
| **এতি ক্ষণে ১০১** | এই ক্ষণে। এতৎ > এত, এতি। 'এত খনে আসবই হৈত দরসনে' শ্রী. কী ১০১ |
| **এতি বেলি ৮৩** | এত বেলা |
| **এতেকেহো ২৪০** | ইহাতেও। 'এতেকেই মণে পরিতোষ পাএ কাহ্নু' শ্রী. কী ৯৭ |
| **এথত ৩৫** | এই বারে। ∠অথ+ত (ত=তাবৎ) |
| **এথাক্রি ১৫৪** | |
| **এবেসি ২৬৯** | এখনই। 'এবেঁসি তোহ্মার মুখে শুনী হেন বাণী' শ্রী. কী ১০ 'এবেঁ মই বুঝিল সদ্গুরুবোহে' চ. প ৯২ |
| **এভু ৮৩** | এখনও। ইদানীম্ > এম্বহিং > এবে+হো > এভো, এভু। 'এভোঁ না করাইলে' শ্রী. কী ৩০ |
| **এভোঁ** | এখনও। 'তিন পুত্র মরুক শিবার, এভো না আইল' চৈ. চ ৪১৭ 'এঁভো না করাইলেঁ মোর রাধা দরশনে' শ্রী. কী ১২ |
| **এহো ১৯** | ইহাও। 'এহো বাহ্য হেতু—পূর্বে করিয়াছি সূচন' চৈ. চ ৩২৫ (আদি) |
| **এহো বার ১৪৪** | এইবার। 'এহোবার পুর মোর আশে' শ্রী. কী ১৫২ |
| **ওদা ৭৪** | সিক্ত, আর্দ্র। সং উদ (জল) + আ = উদা |
| **ওর ৬৬** | সীমা। 'কি কহব রে সখা! (আজুক) আনন্দ-ওর' চৈ. চ ১০৭ (মধ্য) 'কি কহব রে সখি ইহ দুখ ওর' বিদ্যাপতি |
| **ওহারিয়া** | আবৃত করিয়া। 'কত না রাখিব কুচ নেতে ওহারিআঁ' শ্রী. কী ১৫৫ |
| **ওঁঠে ৯০** | ওষ্ঠে |
| **ওঁর ৩১২** | দ্র. ওর |
| **ওঁসরিএা ৩২৮** | সরিয়া যাইয়া |
| **ওঁহাচুহা ৩৫** | শিশুর ক্রন্দনধ্বনি |
| **কঙ্কতি ২৪৫** | চিরুনী |
| **কচাল ১৬১, ১৭৬** | ঝগড়া। 'ঘুচাহ কচাল কাহ্নাঞিঁ তেজ মোর আশে' শ্রী. কী ২৮ |
| **কচালে ২০৯** | বিমর্দিত করে |
| **কটালিল ৮৮** | জোয়ার বা জলোচ্ছ্বাসের মতো প্রবলবেগে পতিত হইল। (নামধাতু) কটাল=জোয়ার |
| **কটোর, কোটরি ২৭, ১৫৮** | পাত্রবিশেষ, বাটি। 'কটোরা পুরিয়া' শ্রী. বি ৫১ 'কুচ উলট কটোরে' শ্রী. কী ৯১ |

**কড়াকের ১৫৬** — এক কড়ার, স্বল্প মূল্যের। 'কড়াকের তৈল বালি এড়িল প্রদীপ জালি' ম. বি ২০৬

**কতি ১৯, ৩৬** — কোথায়। 'সে দণ্ডপ্রসাদ অন্য লোক পাবে কতি' চৈ. চ ৬৩৪ ( আদি ) 'কোয়াজ্বর সদাই ঔষধ পাব কতি' চণ্ডী ৭৪

**কথা, কথাঙ, কথায়, কথাহো, কোথাঙ, কোথাহো ৩, ৬, ৩৯, ৪১, ৪৬-৭, ৫৯, ৬৭, ৭৪, ১০১, ১০৫, ১১২, ১৩৭, ১৪১, ১৫২-৩, ১৫৯, ১৬৬-৭, ১৭৩, ২২৪, ২৩০, ২৫০, ২৭০, ২৯১, ২৯৮, ৩০৫, ৩২৩** — কোথায়। 'এতখণ কথাঁ ছিলা এড়িআঁ আন্ধারে' শ্রী. কী ৫৩ 'সে ধনুকে রাম গুণ কথা দিতে পারে' কৃত্তিবাস—রামায়ণ ( ভট্টশালী-সম্পাদিত ) পৃ ১২৯ 'কা লঞাঁ কথা কাহ্নাঞি রাতসুখ ভুঞ্জে' শ্রী. কী ১৫৩

**কথো ২৩, ৪১** — কত। 'গুণযুত দুই সুত হৈল কথো কালে' চণ্ডী ৩৩ 'তবে কথো দিনে প্রভুর জানুচঙ্ক্রমণ' চৈ. চ ৬৭৪ ( আদি )

**কথোক ৮৭** — কিছু

**কদর্থন ১৭৫** — পীড়ন, অবমাননা, লাঞ্ছনা। 'কদর্থনা দিয়া যার, এ পাপ অপার' চৈ. চ ১৩০৮ (মধ্য)

**কনকমহেশে ২৫৯**

**কনকের চাকে ১২০** — সোনার চক্র অর্থাৎ সোনার চক্রের মতো গোলাকার

**কন্দ ১০২** — কারণ, মূল

**কন্দলি ৫৩**

**কন্যাএ ৩১** — কন্যারাশিতে

**কবিলাস ১৬, ২১৫** — বাদ্যযন্ত্রবিশেষ। 'কবিলাসিকা— বীণাবিশেষঃ' শব্দ। 'কপিলাস a musical instrument' ম. বি ১৫

**কবিলাসে ৭৭** — কৈলাস

| | |
|---|---|
| **কভো, কভোঁ** ১০, ১৪, ১৮, ৬১, ৭০-১, ৯২, ১০৪, ১০৭, ১৩১, ১৪৩, ১৪৯-৫০, ১৫৫, ১৬৭, ১৭৩, ২৬৩ | কখনও। 'আহ্মা না ছাড়িব কভোঁ নান্দের নন্দন' শ্রী. কী ৫২ |
| **কমন** ১০, ২৭৬ | কোন্, কেমন। কঃ পুনঃ>কউন>কওন>কমন। 'ইহার মরণ হএ কমণ উপাএ' শ্রী. কী ১ |
| ***কমর** ১২০, ২১৫, ৩০১ | কোমর। ফা. কমর |
| **কম্বু কণ্ঠ** ৩২ | শঙ্খের মতো কণ্ঠদেশ। 'যিনি কম্বুকণ্ঠ আকারে' বিদ্যাপতি |
| **কর চালে** ১৮৭ | ( বৈঠা চালাইবার মতো ) হাত নাড়ে |
| **করসানে** ৫৫ | হাতের ইসারায় |
| **করসি** ২৪ | করিতেছ ( তুচ্ছার্থে ) |
| **করাতের আগে** ২৪৫ | করাতের (মতো) অগ্রভাগ দ্বারা। 'করাতে পাথর কাটি প্রাচীরের পরিপাটি' চণ্ডী ২৩৮ |
| **করিঙু** ৭৫ | 'যুগতী করিউ এবেঁ সুন বড়ায়ি ল' শ্রী. কী ৪৭ |
| **করিমু, করিমো** ৩৫, ৬০, ১৭৮ | করিব |
| **করিহে** ২৬৮ | করিবে। দ্র. আসিহে |
| **করু** ১১ | করিল, করিয়াছে। 'ক্ষেমা করু কাহ্ন মণে' শ্রী. কী ৮ |
| **করেন্ত** ৭২ | |
| **কলাবালী** ১৬৩ | কলার বাইল, কলার গোটা কচি পাতা |
| **কলার বালড়ি** ১৯১ | দ্র. কলাবালী ; কলার শুকনো পাতা |
| **কশ্যপ** ৩৫ | |
| **কহনে না জাএ** ৯, ২২৭, ২৯৩, ৩০৬ | বলা যায় না। 'মোহোর বিগোআ কহণ না জাই' চ. প ৭২ 'বিষম বাঁশীর সান কহিল না হয়' চণ্ডীদাস |
| **কহন্তি** ১৪৯ | 'হেন বিপরীত কথা কহন্তি কাহ্নাঞিঁ' শ্রী. কী ৩৪।<কথয়ন্তি |
| **কহসি** ১৬১ | 'কি কহসি কি পুছসি শুন প্রিয় সজনি' বিদ্যাপতি |

| | |
|---|---|
| **কহিগা ১৬০** | কহি গিয়া, কহিয়া আসি |
| **কহিঙু ৯০** | |
| **কহির ২৯৫** | কোথাকার। 'কহির নেত পাটোল' শ্রী. কী ১৯ |
| **কহিহে ৩৩১** | কহিবে। দ্র. আসিহে |
| **কাঅবূ্যহ ২১৫, ২২৯** | একের ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ |
| **কা কহিব ২৭** | |
| **কাকালিতে ১৩৮** | কটিতে। <কক্ষালিকা |
| **কাচ ১২৬** | কাঁচা। 'নহুলী যৌবন কাঁচ শিরিফল তাহাক কেহো নাহিঁ খাএ' শ্রী. কী ৩৯ |
| **কাটাএ ৯৯** | কাঠায়, পরিমিত স্থানে, দেহে। <কাষ্ঠা |
| **কাটিল কদলী ২৪৯** | নিপাতিত কদলীবৃক্ষ। 'কাটিল যাঅত লেম্বুরস দেহ কত' শ্রী. কী ১৫৭ |
| **কাঢ়সি রাএ ১৫৪, ১৭৩, ১৮৫** | শব্দ করিতেছ (তুচ্ছার্থে)। 'বিপরীত রাও কাঢ়ে' শ্রী. বি ১২ 'কমণ কারণে রাধা না কাঢ়সি রাএ' শ্রী. কী ৯৮ |
| **কাঢ়ে রাএ ৯৮** | শব্দ করে। 'শেষ পহর রাতী কুয়িলী কাঢ়ে রাএ' শ্রী. কী ৫৭ |
| **কাণ্ডুআএ ১২৭** | চুলকায় |
| **কাণ্ডে ১২৪, ১৬৬, ১৮১** | বাণে, বাঁশের তৈরী তীরে। 'বিষাইল কাণ্ডের ঘাএ যেহেন হরিণী' শ্রী. কী ৩৯২ |
| **কাতি ২৭** | কান্তি |
| **কাত্যাঅনীব্রত ১০৫** | দুর্গাব্রত। কাত্যায়ন মুনি কর্তৃক পূজিতা বলিয়া দুর্গার অন্যতম নাম কাত্যায়নী। ব্রজগোপীগণ এই ব্রতের অনুষ্ঠান করিয়া নন্দনন্দনকে পতিরূপে প্রাপ্ত হইয়াছিলেন। |
| **কান ৩২১** | কৃষ্ণ |
| **কানড় ছান্দে ১২৫** | মাথার খোপা বাঁধার প্রণালীবিশেষ, কানড় সাপের কুণ্ডলীর মতো, কানড় কুসুমের মতো। 'কানড়ী খোঁপা বড়ায়ি মুণ্ডায়িবোঁ মো' শ্রী, কী ৩৫ |
| **কানাসোঁআ** | কানায় কানায় |
| **কান্দর ৩১৫** | স্বভাবজ জলনালী, গ্রাম-প্রান্তবর্তী জলনিকাশের স্বাভাবিক নালা |
| **কামকলা ২২০** | কামশাস্ত্র-বিষয়ে অভিজ্ঞা সখী |
| **কামকার ১৭** | |

| | |
|---|---|
| **কামাইল** ৩৮ | ভগ্নবিষদন্ত ( সর্প ) ; ( বিণ ) |
| * **কামানের** ৩৫, ৮৫, ১৫৮ | ধনুর। 'কামের কামান জিনি' শ্রী. বি ৮২ 'কামাণসদৃশ শোভে' শ্রী. কী ৬ 'কামের কামান জিনি সে অঙ্গের শোভা' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৪৭ 'কিনে বীর কামান কৃপাণ' চণ্ডী ২২৩। ফা. কমান |
| * **কামিলা** ৭৮ | শিল্পী। ফা. কামিল |
| **কারণ্ড** ২০৪ | বালিহাঁস। ∠ কারণ্ডব ( কারণ্ড = জল ) |
| **কালিদহ** ৯৮-৯, ১০১-২ | যমুনার প্রসিদ্ধ বিষদহ, কালিয়নাগের বাসস্থান |
| **কালিনাগ** ৯৯, ১০১-২ | পুরাণপ্রসিদ্ধ কালিয়নাগ। এই সর্পকে দমন করায় শ্রীকৃষ্ণের অন্যতম নাম কালিয়দমন। |
| **কাশিআ** ১২৬ | কাশফুল। 'মেঘ বহিআঁ গেলেঁ ফুটিবেক কাশী' শ্রী. কী ১৫৫ |
| **কাহাঁঠালে** ১৯১ | কাঁঠালের |
| **কাহাকেহো** ৯৫ | 'তবেঁ কাহাকেহো ঘর না দিবে যাইতেঁ' শ্রী. কী ৮৭ |
| **কাহালে** ১৬ | বাদ্যবিশেষ। কলাহক ( কহালক )>কহাল, কাহাল। 'জবে করহা করহকলে চাপিউ' চ. প ৭০ |
| **কাহে** ২০১, ২৫০, ২৫৭, ২৮৪ | কি কারণে, কাহাকে। 'প্রভু কহে—বাউলিয়া! ঐছে কাহে কর' চৈ. চ ৬৪৫ ( আদি ) |
| **কাহো** ২৫৯ | কাহাকে |
| **কাহোর** ১৫, ২১৮, ২৬১, ২৯৭, ৩১২ | কাহারও। 'অইসসি জাসি ডোম্বি কাহরি নাবেঁ' চ. প ৬০ |
| **কাঁকড়ি** ২৬৮ | ছোট কাঁকুড়, ফলবিশেষ। 'কঙ্গুরি ন পাকেলা' চ. প ১১৪ (পা) 'খরমুজা কাঙ্কড়ী' শ্রী. কী ৮১ 'কঙ্গুরি না পাকেলা' দোহা ৭৫ 'ফুটিয়া কাঁকুড়ি যেন' শ্রী. বি ৫৬ 'ছিণ্ডে করিশুণ্ড ভাঙ্গিল নো মুণ্ড কাকড়ি জেন খান খান' চণ্ডী ৪৭ |
| **কাঁতি** ২৭৪ | ক্ষুদ্র অসি, কাটারি। 'শত শত সেনাপতি হাতে করি ঢাল কাতি' চণ্ডী ২৮৫। কর্ত্রিকা>কত্তিয়া>কাতি, কাঁতি। হিন. কাতী |
| **কাঁথে, কাথে** ৬৪, ৬৫, ৭৪ | দেয়ালে। ( বীরভূম-অঞ্চলে ভাঙ্গা দেওয়াল ) 'স্ফটিকে রচিত কাঁথ' শ্রী. বি ১৭১ 'সূত্র ধরি নিবড়িল কাথ' ম. বি ১৯ |

**কিকে, কীকে** ১৮, ৩৬, ১০৭, ১৫৮, ২০৩ — কি হেতু। 'কিকে কাহ্নাঞি বল করে এ কুম্ভ ময়াণে' শ্রী. কী ২০

**কিস তরে** ২০, ১৮০ — কিসের জন্যে

**কীর্তন-অমৃত** ৭ — কবিশেখরের রচিত অন্যতম গ্রন্থ

**কীল** ১৯১ — লৌহাদি-নির্মিত শঙ্কু বা গোঁজ

**কীলপাকা** ১৯১ — কীলক দিয়ে পাকানো (বোঁটার উপরে কিল অর্থাৎ গোঁজা বসাইয়া কাঁটাল শীঘ্র পাকানো)

**কুআর অন্তরে** ২৯৩ — কূপের মধ্যে

* **কুঙ্কম** ১২১ — সুবাসিত আবীরপূর্ণ আধার। 'হরিদ্রা চন্দনচূয়া কুমকুম কস্তুরী গুয়া' চণ্ডী ১৭৪। আরবী. কম্‌কুম্‌হ্‌

**কুচিলের** ২৪৩ — দ্র. কুঞ্চিচের

**কুঞ্চিচের** ২৮৯ — কুচফলের। ∠কুঞ্চিকা

**কুটজ মধু** ২৭৫ — কুড়চি গাছের তিক্ত মধু। 'কুব্জা কুটুজ কদম্ব' শ্রী. কী ৮১

**কুঠান** ২৯০ — কদাকার। ∠কুস্থান

**কুড়ি** ১৭৯ — খুঁড়িয়া, খনন করিয়া

**কুদিষ** ৩২৩ — দুর্ভাগ্য। ∠কুদিষ্ট

**কুব্‌জী** ২৯০ — কুব্জা। বিশেষ আলোচনার জন্য দ্রষ্টব্য মৎসম্পাদিত 'শ্রীকৃষ্ণভক্তি-বল্লী' পৃ ৫৪

**কুবলঅ** ৩০৩-৫ — কংসরাজের হস্তিরূপ অসুরবিশেষ ; মথুরায় কংসের ধনুর্যজ্ঞে প্রবেশ-কালে শ্রীকৃষ্ণকর্তৃক এই হস্তী রঙ্গদ্বারদেশে নিহত হয়।

**কুবেরকুমার** ৭০ — নলকুবর ও মনিগ্রীব নামে যক্ষরাজের পুত্রদ্বয় নারদের অভিশাপে যমলার্জুনবৃক্ষে পরিণত হইয়াছিলেন।

**কুমারিআ** ৩০৭ — কুমীরে পোকা। ∠কুম্ভীরিকা (কুম্ভীরমক্ষিকা)

**কুমুড়া** ৯২

**কুরকুর** ৩০৬ — ভেকের শব্দ

**কুরলে** ১৬ — কুর্‌ কুর্‌ বা কুরল কুরল শব্দ করে

**কুলবধূ·· খণ্ডে** ২৬৩ — কুলবধূ করিয়া অসতী করিয়াছেন। দেশীনামমালায় 'খংড'— অসঈই (অসতী)

**কুলিকুলি** ২৮৯ — গলিতে গলিতে। হিন. কোলিয়া

| | |
|---|---|
| **কুলীন…কুলবধুমান** ২৪১ | কুলবধূর মান গোখরা সাপের বিষের মতো |
| । **সাপ** ২০, ২৪১ | গোখরা সাপ |
| **কুসুম গেণ্ডু** ১৬ | ফুল দিয়া তৈরী গোলাকার দ্রব্যবিশেষ |
| **কুহুলে** ৭ | |
| **কেকলাশে** ১৯৩ | <কৃকলাস |
| **কেছুআর** ১৯০ | কেঁচোর। ∠কিঞ্চুলুক |
| **কেনক** ১১৩ | ক্ষণেকের জন্য। ( কেনক = ক্ষেণেক ) |
| **কেরুআল, কেরোআল** ১৮৬-৮ | হাল, দাঁড়। 'কেড়ুআল নাহি কৈঁ কি বাহবকে পারঅ' চ. প ৫৬ 'বাহিআঁ নিবোঁ নাঅ উভ কেরোআলে' শ্রী.কী ১৫৩ |
| **কেশী** ৩৭, ২৬৬-৮, ৩০৫ | দানববিশেষ ; মতান্তরে, দৈত্যরাজ কংসের অন্যতম মল্ল |
| **কেহ্নু** ২০ | কেন |
| **কৈতব** ১৯ | ছল, কপটতা |
| **কৈবল্য** ৩৫ | মুক্তি, মোক্ষ |
| **কোআসে** ১২০ | ওষ্ঠপ্রান্তদ্বয়ে |
| **কোইলী** ৭, ৫৬ | স্ত্রী কোকিল, কোকিলী |
| **কোঙ** ২৬০ | কোন |
| **কোছাএ** ৯১ | কাপড়ের কোঁচায় |
| **কোটরি** ১৫৮ | দ্র. কটোর |
| **কোটি** ২২১ | ছল, জিদ। মৈ. কট |
| * **কোটোআলে** ২০৪, ২৪৪ | প্রহরী। ফা. কোতবাল |
| **কোথাহোঁ…দেখি** ১০ | হাতের শাঁখা দেখিতে দর্পণের প্রয়োজন হয় না। 'হাথে রে কাঙ্কাণ মা লোউ দাপণ' চ. প ৮৮ |
| **কোর** ২৩৬ | 'হইবে দরশ করিতে পরশ তুরিতে করিতে কোর' চণ্ডীদাস |
| **কোহোরাল** | শব্দ বা বাদ্যবিশেষ। ∠কাহলম্ |
| **কোহ্নো** ৭৮ | কোনোও। 'সুখ ভুঞ্জিতে মো কোহ্নো না পাইলোঁ' শ্রী. কী ৩৮ |
| **খণ্ডনে না জাএ** ১৪, ২৫৯ | খণ্ডন করা যায় না। 'দৈব নিবন্ধন খণ্ডন না জাএ' শ্রী. কী ৩১১ |

**খণ্ডব্রত** ২৭৪ — নষ্টব্রত, অঙ্গহীন ব্রত। 'কইলোঁ খণ্ডব্রত আর জরমত তেঁ বা দুখিনী মোএঁ' শ্রী. কী ১৫

**খমক** ১৬ — বাদ্যবিশেষ

**খলখলে** ৪৫ — হাস্যের শব্দ, বিকট হাস্য

**খাই** ৭৭ — খাদ, গর্ত

**খাউ** ৩৩৬

**খাঁখার** ৯২, ১৪৭, ১৫৫, ১৫৯, ১৬৩, ১৭৪, ১৮৬, ১৯০, ২২৫, ২৪৫, ২৫০, ২৫৪, ২৯৮ — কলঙ্ক, নিন্দা। 'তোমার ঘুষিব খাঁখার' শ্রী. বি ৫২ 'আলপ বএসে কৈল বড়ায়ি খাঁখার' শ্রী. কী ৫৩ 'মজালো নন্দের যশ থুইলে খাঁখার' শ্রীকৃষ্ণমঙ্গল 'আদি কুলে জন্ম তোর কুলের খাঁখার' কৃত্তিবাসী-রামায়ণ, উত্তরকাণ্ড

**খাণ্ডাইবে** ৯ — খণ্ডন, নিরাকরণ বা দূর করিবে

**খালিজুলি** ৪২ — খাল ও গ্রাম্য পথের পার্শ্ববর্তী জলনালী বা 'নয়ানজুলি' (চোখের মতো নালী)। 'দেহারা পাড়িতে তের গণ্ডা খালিজুলি' চণ্ডী ২৭৪ দ্র. জুলি

**খিচনি** ১২৫ — জরাও কাজ

**খিলাএগ** ১৯৯ — অর্গল বা হুড়কা দিয়া (নাম ধাতু)

**খীরিসা** ১৫০, ১৯২ — ক্ষীরসদৃশ মিষ্ট খাদ্যবিশেষ, ক্ষীরের পায়স। দ্র. ভা. ই, পৃ ১২৭

**খুড়ি, খুরি** ১১৯, ১২২ — মাটির ছোট পাত্র। 'কংশারী পাতিয়া শাল ঝাড়ি খুরি গড়ে থাল' চণ্ডী ২৭০ 'বাটি খুরি বাটা ঝারি থালে ডাবর ভরি' ম. বি ১৯৫। কুণ্ডী > কুঁড়ি > খুড়ি।

* **খুনে** ৩১৮ — হত্যায়, অগ্নিতে হত্যাজনিত দাহে। 'হের দেখ পিঠে চূণ ভাঁড়ু-দত্ত কৈলা খুন' চণ্ডী ২৭৫। আ. খু. ন্

**খেড়া** ৭৪ — খেলা। 'বাঙ্কি-সুআ জিম কেলি করই খেলই বহুবিধ খেড়া' চ. প ১০০ 'প্রাণ লআঁ খেড়া ভৈল আগহে বড়ায়ি' শ্রী. কী ৩৪

**খেনেকে** ২৯ — ক্ষণেকের মধ্যে

**খেলিল সাপিনী** ২৪৭ — ক্রীড়াশীল স্ত্রীসর্প

| | |
|---|---|
| **খোআড় ৫৭, ১৯৬** | অনিষ্টকারী গৃহপালিত পশুকে আটক করিয়া রাখিবার স্থান |
| **খোঁইঢালা ২৯২** | খই-ছড়ানো ( পথ ) |
| **খোচ ৫৫** | খোঁচা |
| *** খোদ ৩১২** | খাস। আ খুদ |
| **খোলাভাহী ১০০, ২৭৯** | ভূমিষ্ঠ শিশুর নাড়ী কাটিয়া এবং আপোড়া খোলায় উহা লইয়া গিয়া যে-ধাই মাটিতে পুতিয়া দেয়। |
| **গজা ১২৬** | অঙ্কুর |
| **গন্ধর্ববিধানে ৩০১** | বিবাহের বিধানবিশেষ। দ্র. পু, তৃতীয় খণ্ড, পৃ ৮৪৭-৮ |
| **গর্গ ৪৯, ৫০, ২৫৬** | যদুবংশের পুরোহিত ও আচার্য। বসুদেব ইহাকে কৃষ্ণ-বলরামের নামকরণ-অনুষ্ঠানের ভার দিয়া ব্রজে প্রেরণ করেন। ‘দুর্বাসা জৈমিনি গর্গ ভৃগু পরাশর’ চণ্ডী ১৮২ |
| **গরাসে উগারে ২৪৮** | একবার গ্রাস করিতেছে, আবার উগরাইয়া ফেলিতেছে। ‘হেলায় কামিনী উগারয়ে যূথনাথে…পুনরায় রামা তায় করয়ে গরাস’ কমলে কামিনী, চণ্ডী ৮০২ |
| **গরুআ ২০৪, ২৯২** | গুরুতর, মনোহর, মহান। ‘উমত সবরো গরুআ রাবে’ চ. প ৮৪ ‘আয়র গরুঅ তোর নিতম্ব জঘন’ শ্রী. কী ৬৩ ‘গরুআ নিতম্ব’ শ্রী. বি ৮২ |
| **গরুড়বাহনে ৯০** | শ্রীকৃষ্ণ |
| **গাইল গাইল ১৩৫** | গাইল দিয়া বা ভর্ৎসনা করিয়া। ‘বাপ মাএ গালি তোরেঁ দিবোঁর বিথর’ শ্রী. কী ২০ |
| **গাগরে ৬৪** | কলস |
| **গারি ৫৭, ৬৭, ৭৮, ১৫৫** | গৃহ। ‘আঁগরি মহাকুল গারী’ বিদ্যাপতি ‘এ সুখ সম্পদ গারি’ ম. বি ৮৯ ‘লুটি হৈলা ঘর লণ্ডভণ্ড হৈলা গারী’ চণ্ডী ৩২৭। ∠আগার |
| **গা-হিল ১৩০** | গায় গায় হেলিয়া |
| **গিরি ২৪৯** | উৎপাটিত হইয়া, ঝরিয়া। হিন. √গির |
| **গুআ ২৯৩** | ‘ভাজিলোঁ এ কাঁচা গুআ’ শ্রী. কী ১২০ ‘ময়রা মোদক দেই সূত্রধর দেই খই তাম্বুলীক দেই গুয়াপান’ চণ্ডী ৮৫। ∠গুবাক |
| **গুআপান দিব হাথ ভরি ১০৬** | কলঙ্ক ( লজ্জার কথা ); প্রবচন |
| **গুটে ৮** | কয়েকটি |
| **গুণগন্ধে ৭** | গুণের গন্ধ যারা পায়, গুণমুগ্ধ |

| | |
|---|---|
| **গেণ্ডু, গেণ্ডুআ** ১৬, ৮৫, ২১০ | গোলাকৃতি ক্রীড়াদ্রব্যবিশেষ, গেন্দু। 'হাথে বাঁশী করি গেণ্ডু খেলাওঁ গোকুলে' শ্রী. কী. ২১৯। ∠কন্দুক |
| **গোআলামঅ** ১৫৫ | গোয়ালায় পূর্ণ |
| **গোঁআইল** ১৯৩ | অতিবাহিত করিল |
| **গোঁআর** ২২৪ | গ্রাম্য, একগুঁয়ে |
| **গোচরি** ১০১ | গোচরে আনিতেছি |
| **গোড়াইএঁা** ৬০, ২৯৩ | অনুসরণ করিয়া, গমন করিয়া |
| **গোড়াএ** ২৯৭, ৩০৪ | পাছে পাছে চলে, গোড়ে গোড়ে বা পায় পায় চলে। হিন. গোড় |
| **গোড়াঙ** ১২৩ | গমন করি |
| **গোড়ে** ৯৮ | পদে |
| **গোপনারী···রহে** ৫৭ | গোপীগণ এরূপ সুন্দরী যে সূর্যও তাহাদের দিকে চাহিলে নিশ্চল-গতি হইয়া যায়, আর অগ্রসর হয় না। |
| **গোপালচরিত** ৭ | কবিশেখরের রচিত অন্যতম গ্রন্থ |
| **গোপীজন্ত্র** ২১৬ | একতারবিশিষ্ট যন্ত্র ; সাধারণতঃ বাউলসম্প্রদায়-ব্যবহৃত একতারা |
| **গোপীনাথবিজঅ নাটক** ৭ | কবিশেখরের অন্যতম গ্রন্থ |
| **গোমাইলা** ২১০ | অতিবাহিত করিল, যাপন করিল |
| **গোর** ২৭ | গৌরবর্ণ |
| **গোরস** ৬৪, ১৮৯ ৩১৫ | দুধ |
| **গোরূপ** ১০ | দেবী বসুন্ধরা কংসের অত্যাচারে গোরূপ ধারণপূর্বক ব্রহ্মার নিকটে গমন করেন। |
| **গোরোচনা** ২৩৭ | গোজাত হরিদ্রাবর্ণের দীপ্তিমান দ্রব্যবিশেষ। স্বাতিনক্ষত্রে গরুর কানে জল পড়িলে ইহার উৎপত্তি হয় বলিয়া প্রবাদ। |
| **গোসানী** ১৩২ | স্ত্রীগোঁসাই, পূজনীয়া। ∠গোস্বামিনী |
| **গোহারি** ৫৮ | কাতর প্রার্থনা, মিনতি, অভিযোগ। 'মা কর গুলী গুহাড়া' চ. প ৮২ 'যদি করিবে গোহারি' শ্রী. বি. ৩৩ 'গোহারী করিবোঁ' শ্রী. কী ৩২৩ 'নাহি শুনে প্রজার গোহারি' চণ্ডী ২২। ∠*গোহরণ। হিন. গোহার |

| | |
|---|---|
| **গ্রহপতি** ২০২ | সূর্য অর্থাৎ সূর্যের ন্যায় সন্তাপক |
| **ঘটি** ২৫১ | সময়, মুহূর্ত। 'সাত ঘটি গেল হএ তৃঅজ প্রহর' শ্রী. কী ১৫৯ |
| **ঘরকে** ৫৬ | 'এহা তহ্ন জানী কর ঘরকে গমন' শ্রী. কী ১৪০ |
| **ঘরগারী** ৬৭ | বাড়িঘর। আগার > গার + ঈ |
| **ঘাএ** ৪৫, ৭২, ৯৪ ১৮০, ২৪০ | আঘাতে। 'টাকারের ঘাএ কংসে লইব পরাণে' শ্রী. কী ১৭ |
| **ঘাও** ৫৪, ৯৫ | আঘাত |
| **ঘাঁটু** ৫৭ | ঘাঁটু ঠাকুর |
| **ঘাট বাট** ৫৬ | ঘাট, পথ। 'ঘাটে বাটে হেন কেহ্নে বোল চক্রপাণী' শ্রী. কী ৯৯ |
| **ঘাটি, ঘাটী** ৯৭, ২৫২ | অপরাধ, অপরাধ স্বীকার করি। হিন. ঘাটি |
| **ঘাটিআলি** ১৫৫ | ঘাটরক্ষকের কাজ। 'শুন ঘাটিআল নাঅ চাপায়িআঁ ঘাটে' শ্রী. কী ৫৭ |
| **ঘাটে পিব পানি** ২৫০ | ঘাটে জল খাইব, কোন লজ্জায় দাঁড়াইব |
| **ঘুচাকু** ২৭৮ | দূর হউক, ঘুচুক |
| **ঘুণে** ২১, ১৮৬, ২৩২ | কীটবিশেষ, যে কীট বাঁশ বা কাঠ জীর্ণ করে। 'যাবত যৌবনে রাধা নাহিঁ লাগে ঘুণ' শ্রী. কী ২৬ |
| **ঘুমিল** ২৪৮ | নিদ্রিত। (বিশেষণ) |
| **চট** ৩৫ | শীঘ্র। ঝটিতি > ঝট > চট |
| **চতুর্ভুজ** ৮ | কবিশেখরের পিতার নাম |
| **চতুরঙ্গবল** ৩০০ | হস্তী, অশ্ব, রথ, পদাতিক—যুদ্ধের চারি অঙ্গ |
| **চন্দ্রমুখী** ২১৩ | ষোল শত গোপীর অন্যতমা |
| **চন্দ্রশালে** ৯ | বলভীতে, চিলে কোঠায় |
| **চন্দ্রাবলী** ১৬২, ১৬৬, ১৮১, | ( রাধার বিশেষণরূপে ব্যবহৃত )। 'জিআইআঁ দিবোঁ মো চন্দ্রাবলী রাধা' শ্রী. কী ১১২। ব্রহ্মবৈবর্তপুরাণে রাধার নামান্তর |
| **চন্দ্রাবলী** ২১৩, ২১৬ | রাধার অষ্ট সখীর অন্যতমা |
| * চাঙ্গরা ৫৯ | চাপ, ঢেলা। 'তান্তি বিকণঅ ডোম্বী অবর না চঙ্গতা'। 'চাঙ্গিতম্' বৃত্তি ; 'চাঙ্গড়া' চ. প ৬০। ফা. চংগ + পারা |
| **চাছি** ১৮৯ | জাল-দেওয়া দুধের উপর যে ঘন আবরণ পড়ে। < চঞ্চা |
| **চাঞ্জি** ২০২ | প্রধান, দক্ষ। < চঙ্গ। হিন. চাঁঙ্গী |
| **চাড়ে** ১৮৭ | আভ্যন্তরীন চাপে, শক্তিতে, ভারে। চণ্ড > চাঁড় > চাড় |

**চাণুর** ৩৭, ৩০৬ — মল্লবিশেষ। ধনুর্যজ্ঞকালে শ্রীকৃষ্ণকৃত নিহত কংসের মল্ল

**চাতরে** ৫৯ — চত্বরে। 'কৌশল্যা বসিলা করি নারীর চাতর' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃষ্ঠা ৫৭

**চাপড়** ৫৫ — চপেটাঘাত, থাবড়া। 'উঠী মহাপ্রভু তাঁরে চাপড় মারিয়া' চৈ. চ ১৫ (মধ্য)

**চাপি** ২২৩ — চাপিল। 'গোবিকা চুপড়ি দিয়া চাপিল পাষাণে' চণ্ডী ১৭৩

**চাবানিতে** ৫৫ — চর্বণ করিবার সময়

* **চাবুকি** ১২৫ — চাবুকের মতো। ফা. চাবুক

**চারি বস্তু** ৪২ — ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—চতুর্বর্গ

**চালিল সাপিনী** ১৯৯, ২২৫, ২৯৩ — অস্থির সাপ। চালিত > চালিল

**চালিলেক** ৯১, ১০২ — কাঁপায়। 'পর্বতস্যেব চালনম্' মহাভারতম্, ১৬।৮।১৩

**চালুনি** ১৮৬ — চাউল কলাই ইত্যাদি চালিয়া তুষ কাঁকড়াদি পৃথক করিবার পাত্রবিশেষ। 'বিউনী চালুনী চাটা ডোম ছাতা গড়ে লাটা' চণ্ডী ২৭২। < চালন

**চালে** ২৫৩ — চালনা করে

**চাসি** ৯০ — চাহিতেছ (তুচ্ছার্থে)

**চাহিঞাঁ** ২৩১ — খুজিয়া। 'বাপ নান্দ ঘোষ চাহিআঁ বুলে' শ্রী. কী ৪৩

**চিইঞা** ২৯৯ — চেতন পাইয়া, জাগ্রত হইয়া

* **চিকন** ২৯৭ — মসৃণ, মনোহর, সুন্দর। 'ঝাঁওএঁ ঘসিআঁ তাক করিল চিকণ' শ্রী. কী ৬৬। ফা. চিকন্

**চিন্তামণি** ১৭ — কাল্পনিক মণিবিশেষ। প্রবাদ, চিন্তামণি অজস্র রত্ন দান করে। 'কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ময়া'—ভর্তৃহরি

**চিহ্না বখাটের** ১৫৪ — চেনা কুচরিত্র ব্যক্তির

**চেতনী** ৫৪ — চৈতন্যসম্পাদিকা, বুদ্ধিমতী

**চেলা** ৩৮ — মাটির চাঙ্গড়। 'হনুমান বীর তোলে বড় বড় চেলা' চণ্ডী ২২৫

**চেলাঞ্চলে** ৯৫ — পরিধেয় রেশমী বস্ত্রের আঁচলে

**চোআইল** ৩২৯ — (স্তনদুগ্ধপানে) সবল

**চৌঁকে** ১১৪, ১৫০ — চমকে, কাঁপে

**চৌদন্তে ভেরি** ১১৪ অত্যন্ত শক্তিতে ভিরিয়া বা ঘিরিয়া। (অসমীয়া 'চৌদান্ত' অর্থে অত্যন্ত বলবান; দ্র. চন্দ্রকান্ত অভিধান, ১ম সং, ১৮৫৪ শকাব্দ)

**ছপ** ৯১ ক্ষিপ্রতা। ক্ষিপ্র > ক্ষপ্প > ক্ষাপ, ক্ষপ > ছপ

**ছা** ৫৭, ৩২৭ ছাওয়াল, বাচ্চা। শাবক ∠ শাব + আল > শাবাল > ছাবাল > ছাআল > ছেলে > ছা

**ছাওআল** ৪৬, ৫৬, ৮৯, ৯৮, ২৮৭ ৩১০, ৩১৬ বৎস, শিশু, পুত্র। 'ছাওআল না দেখ মোরেঁ মাথে ঘোড়া চুলে' শ্রী. কী ৩৪। শাবক > শাব + আল > শাবাল > ছাবাল > ছাওয়াল

**ছাওনি** ২১০ আচ্ছাদন। < ছাদনী

**ছান্দ** ৪১, ৫৪ কৌশল। 'লোক উপহাসেরেঁ করসি তোএ ছান্দ' শ্রী. কী ৬৮

**ছান্দ দড়ি** ৬৯, ৮১ দোহনকালে গাভীছান্দনের রজ্জু। 'ছান্দের দড়ী সবই হারাইলোঁ' শ্রী. কী ৩২

**ছান্দনে** ৬৭ আবরণ, দড়ি

**ছাহরী** ২০৫ ছায়াকারী

**ছিঞা** ২২ স্থিত হইয়া, দাঁড়াইয়া। ∠ স্থিত্বা

**ছিণ্ডি, ছিণ্ডে, ছিন্দি** ৮৩, ২৪৮, ২৮৪ ছিঁড়িয়া, ছিনাইয়া। 'হার মোর ছিণ্ডি নিলেঁ বাহের কঙ্কণ' শ্রী. কী ৪৯ 'ছিণ্ডিল শুণ্ড ভাঙ্গিল মুণ্ড' চণ্ডী ৩৯

**ছিতুস, ছিত্‌স** ১৪৭, ২৬৩ ছুতানাতা দোষ। < ছিদ্রদোষ

**ছিনার** ১৬২ ব্যভিচারিণী। 'ডোম্বিত আগলি নাহি চ্ছিণালী' চ. প ১০ 'নটকী গোআলী ছিনারী পামরী' শ্রী. কী ১২৫। < ছিন্ন-জার

**ছুতাহাড়ি** ১২৬, ১৬১ অস্পৃশ্য বা অশৌচের হাঁড়ি

**ছোআছুই** ১৯৭ পরস্পরকে স্পর্শ করা

**ছোলঙ্গে** ৭৭ লেবুবিশেষ। 'ছোলঙ্গ নারঙ্গ কামরঙ্গ' শ্রী. কী ৮১ 'করুণা কমলা ছোলঙ্গ টাবা' চণ্ডী ২৩৬

**জড়িঞা** ২৭৭ জড়যুক্ত বা আর্ত হইয়া

**জড়ে** ১৭০ নিস্পন্দ, স্তব্ধ বা জড়তাপ্রাপ্ত হয়

**জনমএ** ৮ জন্মায়

**জনমিহে** ১৩, ১৪৬ জন্মগ্রহণ করিবে। দ্র. আসিহে

**জমল-অর্জুন** ৭০-১, ৭৪, ৮৬, ২৫৪, ৩০৩ — গোকুলে জাত অর্জুনবৃক্ষদ্বয়। কুবেরের পুত্র নলকূবর ও মণিগ্রীব দেবর্ষি নারদের অভিশাপে বৃক্ষযোনিপ্রাপ্ত ও শ্রীকৃষ্ণস্পর্শে শাপমুক্ত হন।

**জরিঞা** ২৭৩ — স্তব্ধ হইয়া

**জলহরি** ৭৭ — গৃহপার্শ্বস্থ জলাশয়, খিড়কীপুকুর। 'খড়কি উত্তরভাগে জলহরি তার আগে' চণ্ডী ২৩৯। <জলভরিক

**জলে·· বচনে** ১৫ — জলে পতিত এক বিন্দু তৈলের বিস্তৃতির মতো কথা চারিদিকে রাষ্ট্র হইল।

**জহি** ৮৭ — যেখানে। 'যহিঁ গৌরাঙ্গের সর্বমোহন বিহার' চৈ ভা

**জাকু** ১৫১ — যাউক। 'মরি যাকু সারী শুয়া' চণ্ডী

**জাঙ** ১১ — যাই। 'নিতি নিতি দধি বিকে জাঙ' শ্রী. কী ১৫৯

**জাঙলি** ৯৮ — বর্বরোচিত। < জাঙ্গল

**জাঙ্গাল** ৪২ — উচ্চ আইল, পথ। 'যার কীর্তি সমুদ্রে জাঙ্গাল' চণ্ডী

**জাড়ে** ১০৭ — ঠাণ্ডায়, শীতে। হিন. জাড়া। <জাড্য

**জাঁতন** ২২৫ — চাপ

**জাতি, জাতে** ৮০, ১২৭ — চাপ, টেপে, চাপে। 'পতি-পদ জাতি' শ্রী. বি ১০৯

**জানি** ১৮৩, ২২৩, ৩২১ — যেন না। 'নয়নে না হেরি হেরয়ে জনি কেহ' বিদ্যাপতি

**জানিসি** ১৩৪ — জান (তুচ্ছার্থে)। 'না জানসি রাধা তোঁ আহ্মার মরম' শ্রী. কী ৪৫

**জাবকরস** ৩৩ — আলতা। 'যাবক-বেষ্টিত কর' চণ্ডী ২৯। যাব+ক (স্বার্থে)

**জামো** ৩১৫

**জার বন্দি···তলে** ১০ — যে-কংসরাজের বন্দীর নয়নজলে যমুনা নদীর সৃষ্টি হইয়াছিল

**জারিল** ১৮৩ — জীর্ণ করিল, ধ্বংস করিল

**জারিলেক** ১০০, ১২৮ — জর্জর করিল

**জারে** ১৪, ১০২ — জীর্ণ করে

**জাহা** ১০ — যাও। 'নিয়ড়ী বোহি দূর মা জাহী' চ. প ৫৪ 'কোণ বথু লআঁ জাহা মথুরা' শ্রী. কী ১৪

**জিহ, জিহি** ৯৩, ২৭১ — জিহ্বা। 'মেলে ঘন ঘন জীহের আগে' শ্রী. কী ১

**জীআবাকে** ১২৬ — বাঁচাইতে

**জীআহ** ১০০ — বাঁচাও। 'সরস বচন দিআঁ জিআঅ কাহ্নাঞি' শ্রী. কী ৯৬ 'জীয়াহ আমার গুরু, করহ প্রসাদ' চৈ. চ ৪০৫ (মধ্য)

**জীউ** ১৯, ১৬৪, ২২৫, ২৪২ — জীবন। 'আনি দেই পিউ রাখহ আমার জিউ' বিদ্যাপতি 'জীবনের বীজ জিউ রক্ষ য়েকবার' চণ্ডী ৩২৯। <জীব

**জীতে** ২৪, ৩১৮ — বাঁচিতে। 'তবেঁ মোরে জীতেঁ জুআএ এখনে' শ্রী. কী ৯৬

**জীবার** ২৭৬ — জীবিকার। 'জীবার আন্তরে কাহ্নাঞিঁ হৈলা মাহাদানী' শ্রী. কী ২৮

**জীলা** ১৩৭, ১৪৩, ২৪৩ — বাঁচিল। 'কালীয় সাপের মুখে জিলা দেবরাজে' শ্রী. কী ৯৩

**জীলাহোঁ** ১৮৪ — বাঁচিলাম। 'ভাগে পুনী জিলাহোঁ এখুনী মরিতাহোঁ' শ্রী. কী ১০৪

**জুখিল** ২১৪ — পরিমাপ করিল। 'পিঞ্জরের তরে স্বর্ণ দিলেন জুখিয়া' চণ্ডী ৪২৭

**জুতি** ৯০, ১১২ — দীপ্তি। 'জুতি যেন বিজুলি' ম. বি ২০১ 'দশনের যুতী' শ্রী. কী ৩২। ∠দ্যুতি

**জুলি** ৪২ — ক্ষুদ্র ও সঙ্কীর্ণ জলপ্রবাহ। তিব্বতী 'জুর' ( water course ); দ্রবিড়ীয় 'জোল', 'জোলি' (water course) ; ছুল্লুদ্ (ছুলু) water দ্র. E. T. D. ; বৃষ্টিজলবাহী নালা বা নিম্নভূমি ; দ্র. ভা. ই, পৃ ১২৭ 'খালি জুলি ভরা হইল না চলে ছাগল' চণ্ডী ৫৩৭

**জেনখ** ২৯১ — যেমন, যেন

**জোখে** ১৮৯ — পরিমাপ করে। 'চারি পাট চিরী নাঅ দিল যোখ মাপে' শ্রী. কী ৫৫

**জোগান** ৮০, ১৯৫ — যোগ, যোগদান

**জোগানী** ১৫০, ১৫৪ — যে জোগান দেয়। রাজার গন্ধচন্দন-জোগানী

**জোগে** ৬৬ — যোগ্য

**জোটনে** ১৫ — একত্র, মিলন

**জোড়াইতে** ১৪১ — যুক্ত করিতে

**ঝঁখাহ** ১৩৬ — ঘোষণা কর, ঝুঁকিয়া বল বা উচ্চৈঃস্বরে প্রকাশ কর

**ঝগড়** ৬১ — কলহ। 'মিছাই ঝগড় কর কাহ্নাঞিঁ গোআরে' শ্রী. কী ৩১

**ঝঝাঁড়ি** ৪৬ — প্রচণ্ড। ∠ঝঞ্ঝাকারী

**ঝরঝরী** ১৬ — বাদ্যবিশেষ। 'ঝাঝরি মুহরি বাজে' ম. বি ৪৩

**ঝলক দাপুনি** ১২৫ — উজ্জ্বল দর্পণ। 'বিনোদপাটের খোপ রসের দাপনি' চণ্ডী

**ঝলকএ** ৬২ — দীপ্তি পায়

**ঝাঁকরিল** ২০৭-৮ — ঝাঁকড়া দিল

**ঝাঁপানে** ১৫৩ — প্রতিদ্বন্দ্বিতায়। 'তুয়া সনে বাদ করি ধনী আওত মনমথ চড়ই ঝাঁপানে' গোবিন্দদাস 'সর্প ওঝা চালয়ে ঝাপান' চণ্ডী ২৮৮। <ঝাঁপ+গান

**ঝাঁপিল** ২৪৭ — আবৃত করিল। 'গাছের পাত তাহাক ঝাপিলেক' শ্রী. কী ৮৩

**ঝাকাড়িয়া** ৯০

**ঝাঙরাএ** ২০৮ — ঝামর, মলিন, জ্যোতির্হীন বা নিষ্প্রভ হয়

**ঝাট** ৩৫, ৪২, ৭০, ৮৭ — শীঘ্র। 'ঝাঁট গিআঁ পদুমার থানে' শ্রী. কী ৩ 'ঝাট স্নান কর গৌরী হইয়া নিরাতঙ্ক' চণ্ডী ৮৬। <ঝটিতি

**ঝাপী** ৭৬ — বাঁশের তৈরী ঢাকনা দেওয়া গোলাকার পাত্রবিশেষ

**ঝামরী** ৩৩৩ — বিবর্ণ, মলিন, বিস্রস্ত। ∠ক্ষাম

**ঝারা** ৩২ — ঝালর, নির্ঝরের ধারাসদৃশ মালা। 'দুই তার ঝারা পাট' শ্রী. কী ৩১২ 'প্রতি চালে মুকুতার ঝারা' চণ্ডী ৫২০

**ঝালিহ** ২৫৮ — সংস্কার করিও। উদ্ধার>উঝার>উঝাল>ঝাল+অনুজ্ঞা

**ঝিআরি** ১৫৯ — দুহিতা। 'বড়ার বহুআরী আহ্মে বড়ার ঝিআরী' শ্রী. কী ৮৮

**ঝিটিএ** ২৪৩ — ঝাঁটী ফুল। ঝিন্টি ঝাউ ঝোকনা কানন' চণ্ডী ১৬৬। ∠ঝিন্টী

**ঝুনা** ৬ — শুষ্ক। 'মাকড়ের হাথে যেহ্ন ঝুনা নারীকল' শ্রী. কী ২৯। জীর্ণ> জীন্ন, জুন্ন> জুন, ঝুন

**ঝুমিল** ১২৪, ১৬৬ — ঝিমাইয়া পড়িল, আর্ত বা অবচেতনপ্রায় হইল

**ঞাটোপে** ১২০ — আড়ম্বরযুক্ত। ∠আটোপ

**টলবলে** ১০ — টলমল করে। 'যমুনার জলে টলবল করে নাএ' শ্রী. কী ৬৩

**টাকরে** ১১৭ — তীক্ষ্ণ অস্ত্রে। 'টাকারের ঘাএ কংসে লইব পরাণে' শ্রী. কী ১৭ 'রণঝাঁটা টাকরে মাথার ভাঙ্গে খুলি' চণ্ডী ৮৬৩

**টাটকী** ৭৮, ২১২, ২২৪, ৩১১ — বিস্ময়। 'তা দেখিয়া নৃপসৈন্যে লাগিল টাটক'— মাণিক গাঙ্গুলি-ধর্মমঙ্গল

**টাবা** ৭৭ — লেবুবিশেষ। 'বান্ধিবে মুসরি-সুপ দিবে টাবা জল' চণ্ডী ৮৬

**টুটএ, টুটে** ১৬৩, ২১৯ — খসিয়া যায়, ছিন্ন হয়। 'তা মহামুদেরী টুটি গেলি কংখা' চ. প ৯৪ 'প্রেম না টুটয়ে' শ্রী. বি ১৬৮ 'ভাল ভাল গৃহস্থের টুটএ সকল' চণ্ডী ১৯৯। ∠ত্রুট্যতি

**ঠ হঞা** ৫৮ — বিহ্বল হইয়া

**ঠাঠে** ৭৭, ২৭৯, ২৮৫, ২৯৩, ৩৩৩ — ভঙ্গী, হাব-ভাব, ছল, দল। 'দুই কূলে তপ জপ যাত্রিকের ঠাট' চণ্ডী ৬৪০ 'অন্বেষিতে আইলা তাহাঁ গোপিকার ঠাট' চৈ. চ ৭৭৭ (আদি)

**ঠামে** ৯ — স্থানে

**ঠারজড়** ১২৬ — স্তব্ধ, নিশ্চেষ্ট। স্থাবর > ঠার

**ঠারাঠারি** ১১, ৭৯ — পরস্পর ইসারা বা ইঙ্গিত। 'ঠারাঠারি করি হাসে জত সখীগণ' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ৫৭ 'ঠারাঠারি করি হাসে ভক্তগণ সঙ্গে' চৈ. চ ১৫০ ( মধ্য )

**ঠালনী** ১২১ — হেলনি, বক্রতা। √টল্+অন্ > টালন্+ঈ > টালনী, ঠালনী

**ডরোআ** ৮৪ — ক্রীড়াদ্রব্যবিশেষ

**ডাকর** ২০৬ — দীর্ঘ, বড়, ডাগর। 'ডাকর ডালিম দুঈ কুচে' শ্রী. কী ১৪

**ডাক সারে** ৮৪ — খেলায় ডাক দেয়

**ডাঙ্গর** ৫৭ — ডাগর

**ডাবু** ৮৪ — পাত্রবিশেষ। হিন. ডাব্বা

**ডামাইল** ৩০০ — ভীষণ, দামাল ( বিশেষণ )

**ডিণ্ডিম** ১২১ — বাদ্যযন্ত্র-বিশেষ। 'উত্তর দুয়ারে ঘন বাজয়ে ডিণ্ডীম' চণ্ডী ২৯৭

**ডোমখোলা** ২৮৯ — ডোমের খোলা বা স্থান, অসভ্যের স্থান, অবোধ ?

**ঢঙ্গবৃত্তি** ২৮৮ — ঢং করিয়া বেড়ানো

**ঢামালী** ১০৬, ১৫৯, ১৬২, ১৬৩, ১৭৯, ১৮১, ২০২, ২৬২ — দুরন্তপনা, যৌবনসুলভ দৌরাত্ম্য বা মাতামাতি, রঙ্গরসিকতা, রসকলহ। 'কৌতুকে ঢামালি করি' শ্রী. বি ১৩ 'বুলিব ধামালী' শ্রী. কী ২২১

**ঢিঢিকার** ১৪২ — ধিক্কার, কলঙ্ক কথার সর্বত্র প্রচার

**তৎপরে** ৯৫ — তৎপর হইয়া

**তথি** ২৭, ৩১, ৫৫, ২০৪, ২২৭ — তাহাতে, সেইখানে। 'তথি মাঝেঁ কাহ্নাঞির থানে' শ্রী. কী ৪১ 'দশন কুন্দের আভা তথি দেবী পান শোভা' চণ্ডী ৩২খ 'বামপদে সরযু জন্ম হইলেক তথি' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ৯৭

**তবক** ১১২ — গুচ্ছ। 'অশোক তবক' শ্রী. কী ২২৬। ∠স্তবক

**তবেসি** ১৭১, ২৫৮ — তবেই। 'তবেসি মেলিব এথাঁ প্রিয় জগন্নাথে' শ্রী. কী ১২১

**তভো, তভোঁ** ১৫, ৫৪, ৬৭, ৭৫, ৮৪, ১৩০, ১৭৩, ২২২ — তথাপি। 'তভোঁ নাহিঁ পাএ মধু কমলমুকুলে' শ্রী. কী ১৮

**তমু** ৭, ১৬৪, ১৮২, ১৮৬, ২০৯, ২৩১, ৩০২, ৩০৫ — তবু, তথাপি। 'তমু মন্দ বলে' ম. বি ২২০

| | |
|---|---|
| * **তম্বুরা** ২১৫ | তানপুরা। 'দোহার তম্বুর গায় খমক টমক বায়' চণ্ডী ৩৫১। আ. তন্‌বুরহ |
| **তরজনি** ৬৩ | তর্জন |
| **তরজনী** ৬৩ | অঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি |
| **তরমানে** ২১৮ | তরণে, উত্তীর্ণ হওয়া বিষয়ে |
| **তহি** ২২, ৮৭, ১০০, ১৪০, ১৪৮ | তাহাতে, সেখানে। 'জাই ণ আবয়ি রে ণ তং হি ভাবাভাব' চ. প ১০৪ 'তহি বসি কাহ্ন বাএ বাঁশে' শ্রী. কী ১২১ 'ভক্ত-অবতার তঁহি অদ্বৈতগণন' চৈ. চ ৫০৪ ( আদি ) |
| **তাড়** ১২০, ১২৫ | বাহুর ভূষণবিশেষ। 'তাড় তোড়ল পৈরে মকর কুণ্ডল' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৪৭ 'শোভে অনুপাম কণ্ঠে মণিদাম তার মরকততায়' চণ্ডী ১৮৭ 'তেজিলোঁ মো তার চীর নূপুর কঙ্কণ বড়ায়ি' শ্রী. কী ১২৪। <তাটঙ্ক |
| **তাথে** ৫৫, ৬৪ | তাহাতে |
| **তালবন** ৯৮ | কংসানুচর ধেনুকদৈত্যের আবাসস্থান |
| **তাহো** ১০০ | তাহাও |
| **তিতিক্ষিল** | তিতিক্ষা প্রকাশ করিল |
| **তিন গ্রাম** ১৯৫ | ষড়্‌জ, মধ্যম, গান্ধার—এই তিন স্বরশ্রেণী |
| **তিন তালি** ১৭৯ | দোষ স্খালনের পন্থা হিসাবে হাতে তিন তালি দেওয়া; দৃঢ়তা প্রকাশের জন্য হাতে তিন বার তালি দেওয়া |
| **তিন পাএ** ৪৩ | বামনাবতার-প্রসঙ্গ |
| **তিরস্করিঞা** ১৪ | তিরস্কার করিয়া |
| **তিরি** ১৭, ১৯, ৪১, ১৪০ | স্ত্রী। 'হাণে কুলে এগো নাহিঁ পাটাবুকী তিরী' শ্রী. কী ১১ |
| **তিরিপিত** ৫৩ | তৃপ্ত |
| **তিলফুলতুলে** ৩২, ৩৯ | ( এমন সুন্দর নাসিকা ) যার সঙ্গে তিলফুলের তুলনা হইতে পারে। 'নাসা তিলফুল গরুড় চঞ্চু জিনি' বিদ্যাপতি |
| **তিলাঞ্জলি** ৩১৯, ৩২৩ | বাচ্যার্থ,—প্রেতের উদ্দেশ্যে প্রদত্ত তিলসহ জলাঞ্জলি; লক্ষ্যার্থ,—চিরতরে ত্যাগ, চিরবিদায়-দান, বিসর্জন |
| **তুআ** ৯৭, ১০৭, ১৬৯, ৩৩৪ | তোমার। 'তোএ সম করিবে ম সাঙ্গ' চ. প ৫৮ 'দিবানিশি তুয়া সেবি রচিল মুকুন্দ কবি' চণ্ডী ১২ |

**তুঁপে** ২৩৬ — স্তুপে

**তুমে** ১১৭ — তুমি

**তুরিতে** ১০৮ — শীঘ্র। 'বীরের জানীয়া কাজ আসীব তুরিত' চণ্ডী ৩০৮। ∠ত্বরিত

**তুলা শনি কন্যাএ বুধ বসে** ৩১ — শ্রীকৃষ্ণের জন্মলগ্নের শুভক্ষণদ্যোতক

**তুলিএ** ৩২, ১২০ — তুলি দ্বারা

**তুলিল** ৩২, ১২০ — চিত্রিত করিল

**তুহ্মি** ১৯, ২০, ৩৩-৫ ৫০, ৬০-১, ৬৬, ৭১-২, ৮৩, ৮৭, ৯৭, ১০০-১, ১০৪, ১০৭, ১১০, ১১৮, ১৩০-৩২, ১৩৪, ১৪১, ১৪৩-৪, ১৪৭, ১৫৪, ১৬৭, ১৬৯, ২২২, ২৫২, ২৮১, ৩০৫, ৩২১-৩, ৩২৫, ৩২৯ — 'জই তুম্হে লোঅ হে হোইব পারগামী' চ. প ৫৪ 'মথুরার পথ পুতা কহিআঁ দেহ তুহ্মি' শ্রী. কী ৫১ 'নরলোকের জনমহেতু তুহ্মি দেহ মন। তুহ্মা হইতে হঅ জেন ছিসটির পত্তন ॥' শূন্য পুরাণ। 'জীবের জীবন তুহ্মি গুনর গরিমা' 'রজ সত্ত তম তুহ্মি সর্বগুণ-মঅ' *তুষ্মাভিঃ = যুষ্মাভিঃ > তুম্হাহি > তুম্হহি > তুহ্মে, তুহ্মি

**তৃণাবর্ত** ৩৭, ৪৬, ৭৪, ২৪৫ — শ্রীকৃষ্ণকর্তৃক নিহত কংসচরবিশেষ

**তেঅজ** ১৯৮, ২০০ — তৃতীয়। 'বিহাণ আইলাহোঁ ভৈল তিঅজ পহর' শ্রী. কী ৩০

**তেহ্রি** ২২, ২৮, ৭৪, ১০১, ১১৭ — সেই জন্যই। < তেন + হি

**তেরছ** ৫৫, ৯৮ — বক্র, আড়ভাবে। < তির্যচ্

**তেলানি** ১৯৭ — ক্ষুদ্র তৈলাধার, ছোট মালসা। 'তেলানী গভীর নাভি লাবণ্য জল' শ্রী. কী ২৭

**তো** ১৪০ — তোর, তোমার

**তোএ** ১৪৪ — তোমাকে। 'আলো ডোম্বি তোএ সম করিবে ম সাঙ্গ' চ. প ৫৮ 'আহ্মা না চিহ্নসি তোঞঁ মুগধী গোআলী' শ্রী. কী ৩৪

**তোমে** ৩০, ৭৮, ১০১, ১১০, ১৩৩, ১৫৯, ১৭০, ১৭৪, ১৭৮, ২৭৯, ৩৩২ — তুমি। 'জই তুম্ভে লোঅ হে হোইব পারগামী' চ. প ৫৪। 'এবেঁ তোঞেঁ এথানে থাক মো গিঞঁ। চাহোঁ তাক' শ্রী. কী ১৫২ *তুষ্মাভিঃ (=যুষ্মাভিঃ) > তুম্হাহি > তুমহহি > তুম্ভে > তুমে, তোমে

**তোমেঞী** ১১ — তুমিই। < তোহ্মেই < তুম্হাহি < *তুষ্মাভিঃ (=যুষ্মাভিঃ)

**তোহ্মে** ৯০, ১১০, ১৬৩, ২০২ — তুমি। দ্র. তোমে

**তোরে** ৩৪-৬ — তোকে। 'আইস সভাবেঁ জই জগ বুঝসি তুট বাষণা তোরা' চ. প ১০০ 'সুণিআঁ করিব তোরেঁ লোক উপহাস' শ্রী. কী ৩১

**তোরেসি** ১৪৫, ১৪৭ — তোমাকেই (আদরার্থে)

**তোলবোল** ৬৩, ৬৮, ৩০২ — অতিশয় সিক্ত, আপ্লুত। 'তে কারণে দেহ মোর ঘামে তোলবলে' শ্রী. কী ১৯৬

**তোলাইঞা** ৬৩ — টলাইয়া অর্থাৎ ভয়ে চঞ্চল করিয়া

**তোলাএ** ২৭৭ — প্রচার করে

**তোলাহ** ১৯৩ — প্রচার কর

**তো সভা, তো সভার** ৮৬, ২০১ — তোমাদের সকলের

**তোহর, তোহোর** ৬৬, ৮৩, ১৯৩, ২৪২, ২৮৪ — তোমার, তোর। 'তোহোর অন্তরে মোএ ঘলিলি হাড়েরি মালী' চ. প ৬০ 'গরুর সমান তোহোর নাশা' শ্রী. কী ৫৫। তুভ্যম্ > তুব্‌ভং > তুহঁ > তুহ, তোহ + ষষ্ঠী

**তোহে** ১৮, ২৪, ১৪৪, ১৪৮, ১৬৬, ১৬৮, ২৪১, ২৮৯ — তোমার, তোমাকে
'তোহে জনমি পুন তোহে সমাওত
সাগরলহরী সমানা॥' বিদ্যাপতি

**তোহ্মা** ১৯, ২২-৩, ২৬, ৩৪, ৩৬-৮, ৪০, ৪৩, ৪৮, ৬০-১, ৬৬, ৭৮, ৮৩, ৮৯, ৯২, ৯৭, ১০৪, ১১০, ১৩০-৪, ১৪০, ১৪৩-৬, ১৬৯, ২৫১, ৩১০, ৩২৩-৪, ৩৩১, ৩৩৪ — তোমাকে, তুমি
'নান্দোঘরে বালা বাঢ়ে তোহ্মা বধিবারে
গুণী কংসে কৃত্যা কৈল কাহ্ন বধিবারে॥' শ্রী. কী ২
'তোহ্মা কি করিতে পারে' গঙ্গামঙ্গল ২০
'কন্যারত্ন দিব তোহ্মা প্রতিজ্ঞা যে মোর' দ্বিজ ভবানীকৃত লক্ষ্মণদিগ্বিজয়। দ্র. শ্রী. কী, পৃ ১৭৬
*তুষ্মাকম্ (=যুষ্মাকম্) > তুম্হাকং > তুম্হং > তোম্হা > তোহ্মা

**তোহ্মাএ** ৩৪, ৬১, ৯৬, ১৩১, ১৪১, ১৬৩ — তোমাকে, তোমাতে, তোমায়, তোমার
'আসত নিফল দুখ সহন না জাএ।
ত্রিভুবন-জনমন গোচর তোহ্মাএ' ॥ শ্রী. কী ৮৪

**তোহ্মাকে** ১১, ৪০, ৪৪, ১৪৫, ২৩২, ২৫২, ৩২৩, ৩২৮ — তোমাকে
'দুতার বচনে আতি বিরাগেঁ
তোহ্মাকে মো মাইলোঁ বাণে ॥' শ্রী. কী ১৪৩

**তোহ্মাতে** ৯৭, ১১০, ১৩০, ১৫০, ২৮১, ৩০৫, ৩৩২ — তোমাতে, তোমাকে, তোমার, তোমা
'আলিঙ্গন দিআঁ যাহা সুখ ল সুন্দরী।
তোহ্মাতে মজিল চিত ধরিতেঁ না পারী ॥' শ্রী. কী ২৩

**তোহ্মার** ১২, ১৩, ১৮, ১৯, ২২, ২৪, ৩০-১, ৩৪, ৩৯, ৪০-১, ৪৫-৬, ৪৯, ৬০-১, ৬৬, ৭১-২, ৭৪, ৮৯, ৯২, ৯৭, ১০০, ১০৪, ১০৭, ১১০, ১১৬-৭, ১৩০, ১৩২, ১৩৪-৫, ১৪৩-৪, ১৫৪, ১৬৬, ১৬৮, ২১৪, ২২২, ২৩৩, ২৬৩, ২৭১, ২৯২, ৩১৩, ৩২২-৪, ৩২৭, ৩৩১ — তোমার
'আজি হৈতেঁ বড়ায়ি দেব বনমালী
তোহ্মার ভয়িলা দাসে।
এহা যানি বড়ায়ি করহ যতন
চলহ রাধার পাশে ॥' শ্রী কী ৭
*তুষ্মাকম্ (= যুষ্মাকম্) > তুম্হাকং > তুম্হং > তোম্হা > তোহ্মা + ষষ্ঠী

**তোহ্মারে** ১১, ১৯, ৩৩, ৩৭, ৪১-২, ৪৯, ৫০, ১১৬, ১৩০, ১৩২, ১৪১-২, ১৪৪, ১৫০, ১৫২, ২৫১, ২৮১, ৩১৩, ৩২১-২, ৩২৫ — তোমাকে, তোমার
'আইস রাধা কহোঁ তোহ্মারে
কৃষ্ণের পাঁচ আবথা।
বিরহ জরেঁ তেহেঁ জরিলা
পাঠাইলে তোহ্মা বেথাঁ ॥' শ্রী. কী ৮

**তোহ্মে** ৩০ — তুমি। 'তোহ্মে নানা রূপেঁ কইলেঁ আসুরের খএ' শ্রী. কী ১

**ত্রিপুরদাহনে** ১৬৮, ২৯৫ — মহাদেবকর্তৃক ত্রিপুরধ্বংস-বিষয়ে। 'লোক-ঋপু ত্রিপুর দহন কৈল হর' চণ্ডী ৪৪

**ত্রিবঙ্ক** ২৯০ — কুব্‌জার নাম ; তিন ঠাঁই বাঁকা

**ত্রিবলিতরঙ্গী** ১৮১ — নাভীর নিম্নস্থ রেখার তরঙ্গ। 'তনুমাঝে শোভিছে ত্রিবলী' চণ্ডী ১৩১ 'ত্রিবলি মাঝা বাএ হালে তোরে' শ্রী. কী ২২ 'ত্রিবলি তরঙ্গিনি রঙ্গা' বিদ্যাপতি

**ত্রিবিক্রমের** ৯৪ — বামনাবতার শ্রীকৃষ্ণের

**ত্রিযোগনির্ম্মাণ** ২২ — উপযোগী, তৎকালোপযোগী

**থাকু** ৭১ — 'নিছন লইআঁ কাহ্নাঞি থাকু এক বাটে' শ্রী. কী ৪৮ 'গ্নই জিয়ে থাকু সই হগু বহু পরমাই' চণ্ডী ১৩৩

**থাপ্য** ৩১০ — গচ্ছিত

**থেহ** ১৮৩, ২১২ — থই, স্থৈর্য, অবস্থান। 'দুআন্তে চিখিল মাঝেঁ ন থাহী' চ. প ৫২

**থোপা** ৫৯ — স্তুপ। 'মুকুতার ঝারা পাটথোপ দুই পাশে' শ্রী. কী ১২৩ 'রত্নথোপা ঝোলে শোভে করাঙ্গুলে' চণ্ডী ১৮৬

**দআও** ৩৬ — সামান্য দয়া

**দআর** ১০০, ১০৪, ১১৬, ২৪১ — দয়ার পাত্র

**দক্ষিণাবর্ত্ত** ১৫৮ — শঙ্খবিশেষ। 'দিলেন দক্ষিণাবর্ত শঙ্খ দশভার' চণ্ডী ৪০০

**দগড়** ১৭ — বাদ্যযন্ত্রবিশেষ।∠দ্রগড়। 'ঘন বাজে দগড় দড়মসা' ম. বি ৫১ 'সাজ সাজ পড়ে ডাক দামা দড় বাজে ঢাক' চণ্ডী ২৮৯

**দড়মসা** ১৬ — বাদ্যযন্ত্রবিশেষ। 'ডিণ্ডিম দড়মস পূরয়ে দশ বিশ ঢঙ্গ ঢঙ্গ বাজয়ে ঢাক' চণ্ডী ৮০৪

**দড়াএ** ৬ — পটুতায়, গর্বের সঙ্গে।∠দৃঢ়

**দন্তের পাতনে** ৩০২ — দন্তের স্থাপন বা অবস্থান। 'শুভক্ষণ বুঝি কৈল দাণ্ডার পাতনে' শ্রী. কী ৫৫

**দরিশাএ** ৫৪ — দেখায়

**দহে** ৯৮, ১২৩, ১৬০, ১৮৪ — অগাধ জলে। 'গলাত পাথর বান্ধী দহে পসী মরে' শ্রী. কী ১৯

**দাপুনি** ১২১, ১২৫, ১২৬, ১৫৮, ৩২৪ — দর্পণ, দর্পণী। 'হাথেরে কাঙ্কাণ মা লোউ দাপণ' চ. প ৮৮ 'রত্ন জে মুকুট মাথে কনক দাপুনি হাতে' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৪৮

| | |
|---|---|
| **দামড়াদামড়ী** ১৯৬ | দামড়া বাছুর ও বকনা |
| * **দামা** ১৬ | বাদ্যযন্ত্রবিশেষ। 'দামা দরমশা বাজে ব্যালিশ বাজনা' চণ্ডী ৪৬ 'দামা দড়মসা বাজে' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৪৫ ফা. দমামহ |
| **দিঅড়ি** ১৬, ১২২, ২৯৪, ৩০৫ | দীপ। 'প্রমথ পাছে ধায় চলিল দেবরায় দেয়ড়ি ধরে দানাগণ' চণ্ডী ৭১। <.দীপবর্তি |
| **দিঠে** ৮৫, ১২১, ১৪৩, ২১৭ | দৃষ্টিতে। 'তনই লুই আম্হে সাণে দিঠা' চ. প ৪৮ 'সমুখ দীঠে পড়িলে বনত ভুখিল বাঘ না খাএ' শ্রী. কী ৩৯ |
| **দিবসকে** ২৮৪ | মাত্র এক দিনের জন্য |
| **দিবাকে** ১৫৯ | দেওয়ার বিষয়ে। 'পরাণ দিবাক পারেঁা তোহ্মার বচনে' শ্রী. কী ৬ |
| **দিমু** ২০, ৩৩, ১৮৯, ২৮৮ | দিব। 'মুঞি ভিক্ষা দিমু—সভারে এই মাগোঁ দান' চৈ. চ ১১১ ( মধ্য ) |
| **দিমো** ১৫৬ | দিব |
| **দীঘল** ৩২, ৪২ | বিস্তৃত, আয়ত, দীর্ঘ। 'গাঅ বেড়িল তোর দীঘল বসন' শ্রী. কী ৬২ 'আকর্ণ দীঘল বিলোচন' চণ্ডী ১৩১ |
| **দু-অজে** ২০০ | দ্বিতীয়ে। 'তো মোর নাতি যেহ্ন দুঅজ পরাণ' শ্রী. কী ৫ 'তো্র অনুমতি লয়্যা করিল দোওজ বিয়া' চণ্ডী ৫৮০ |
| **দু-আখরি** ৫৪ | মন্ত্রবিশেষ |
| **দুআরা** ১২২ | দ্বার। 'দশমি দুআরত চিহ্ন দেখইআ' চ. প ৫০ |
| **দুগোটা** ৮৮ | দুইটি। 'তলত গাঁথিল তার দুগুটি বেণুআ' শ্রী. কী ৬৬ |
| **দুতিঅ** ৩৫, ৺২৮, ৩৩৪ | দ্বিতীয় |
| **দুনু** ১৮৭ | দ্বিগুণ |
| **দুবল** ১৪৩, ৩২৭ | দুর্বল। 'শরীরে দুবল ভৈল কাহ্নে' শ্রী. কী ১২৯ |
| * **দুমা** ১৬ | বাদ্যযন্ত্রবিশেষ। ফা. দুমবা ; ধ্বন্যাত্মক শব্দ ? |
| **দুল্লাল** ৩১০ | আদর |
| **দুষ্খ** ৪১, ২০৫ | দুঃখ। 'দুঃখে সুখে একু করিআ ভুঞ্জই ইন্দী জানী' চ. প ৯২ |
| **দুহে** ৪৩, ২৩৪, ২৪৩, ২৭৯ | দুইজনে। 'দুই মুঠকি-ঘায় দুঁহে গড়াগাড় জায়' চণ্ডী ৩১১ |

| | |
|---|---|
| **দে ১১** | দেয় |
| **দেঅর ২৬১** | দেবর। 'শস্থর শাস্থড়ি মৈলা দেওর ভাস্থর' চণ্ডী ১৫৬ |
| **দেই ৯** | দেওয়া হয়। 'নিহএ নি-অমন দে (=দেই) উলাস' চ. প ৮৬। <দয়তে |
| **দেইলী ৫৪** | দিলে ( পুংলিঙ্গ কর্তায় স্ত্রী-প্রত্যয় ) |
| **দেউ ১০, ১৬৬** | 'মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ' শ্রী. কী ৩২ |
| **দেখসিএগা ২৭৯** | আসিয়া দেখ |
| **দেখাকু ১৫** | দেখাউক |
| **দেখাসি ১৬৫** | দেখাইতেছ ( তুচ্ছার্থে ) |
| **দেখি ৮** | দেখা যায়। 'পঞ্চ বিষয়রে নায়ক রে বিপখ কোবী ন দেখী' চ. প ৬৮ |
| **দেখিউ ২৮৪** | দেখা যাউক ( অনুজ্ঞা ) |
| **দেখিএ ৮, ১৬** | দেখা যায় ( কর্মবাচ্যে )। 'কথো দুর গিআঁ দোখএ একখানী নাএ' শ্রী. কী ৫৭ |
| **দেখিমো ৩৪** | দেখিব |
| **দেখোহোঁ ৩৩** | দেখিতেছি |
| **দেবমানে ৩৪** | দেবতার কাল-পরিমাণে |
| **দেবেহো ৯** | দেবতাও |
| **দৈফাটি ২৬৮** | দুইখান হইয়া |
| **দৈবকী ৩৮, ৭৫, ৮৬** | |
| **দোঅজ, দোঅজে, দোওজে ১০৩, ২৯৬** | দুইটি। 'তোর অনুমতি লএগা করিল দোওজ বিয়া দিব্য দিয়া কৈল সমর্পণ' চণ্ডী ৫৮০। দিত্য, দ্বিতীয়>দুইজ্জ>দুঅজ, দোঅজ। দ্র. দু অজে |
| **দোআগা ৯১** | দুই ভাগ |
| **দোলঙ্গ, দোলঙ্গি ১২১, ২১৩, ৩০১** | আন্দোলিত |
| *** দোহাই ১৬৩** | শপথ, সাহায্যপ্রার্থনা। 'কাতর খুলনা দেই সাধুর দোহাই' চণ্ডী ৪৫৫ 'বিপ্র কহে পাঠান! তোমার পাৎশার দোহাই' চৈ. চ ৭৪৫ ( মধ্য )। ফা. দুউ'আ |
| **দোহাল ২৫৪** | যে গাভী দুধ দেয় |
| **দ্বাপরের ৭০** | |
| **দ্রেকান ৩১** | নক্ষত্রবিশেষ। গ্রীক পারিভাষিক শব্দ Deshkan ; দ্র বি. প, পৃ ৩৪৬ |

| | |
|---|---|
| **দ্রোণ** ৪৩ | পূর্ব জন্মে নন্দঘোষ দ্রোণ নামে পরিচিত ; তখন যশোদার নাম ছিল ধরা বা ধরণী ; উক্ত জন্মে দ্রোণ ও ধরণী তপস্যায় চক্রপাণিকে তুষ্ট করিয়াছিলেন বলিয়া নারায়ণ তাঁহাদের পুত্ররূপে জন্মগ্রহণ করেন এবং গোপরূপ ধারণপূর্বক নানা লীলা প্রকাশ করেন। |
| **দ্রৌপদী** ১৪৫ | |
| **ধটি, ধটী** ১১৬, ৩০১ | পুরুষের পরিধেয় বস্ত্র। 'নেত ধড়ী পড়িধানে' শ্রী. কী ১০৬ 'এতবলি নেতধটী তাঁরে পরাইল' চৈ. চ ৩৭৭ (অন্ত্য) |
| **ধনাই** ৭৯ | স্নেহসূচক নাম |
| **ধনিনের** ১১৯, ২২৬ | ধনীর |
| **ধনুর্ম্মঅ** ২৭১ | কৃষ্ণ ও বলরামকে হত্যা করিবার জন্য কংসকৃত অনুষ্ঠিত ধনুর্যজ্ঞ |
| **ধবার** ১২৬ | রজকের |
| **ধম্মিল্ল** ২৩৩ | কেশ |
| **ধরগা** ১৭৫ | ধর গিয়া |
| **ধরণী** ৪৩ | দ্র. দ্রোণ |
| **ধরণে না জাএ** ৫৫, ৬৫, ১৩৪, ১৫১, ২১৬, ২৮২, ৩০২ | ধরিতে কুলায় না, রাখা যায় না। 'ডুলি ডুহি পিঠা ধরণ ন জাই' চ. প ৪৮ 'অ প্রাণ ধরণ না জাএ' শ্রী. কী ৩২৩ |
| **ধরিতে** ৫৬ | ধটিতে |
| **ধরিল কল্পতরু…ধুথুর** ২০২ | জাত কল্পবৃক্ষ ধুতুরায় পরিণত হইল ; সৌভাগ্যোদয়ের প্রারম্ভেই দুর্ভাগ্যের লক্ষণ। ('ধরিল' পদটি ইল-প্রত্যয়ান্ত বিশেষণ) |
| **ধরিল টাটকি** ২২৪ | ধৃত টিট্টিভী পক্ষী |
| **ধরিল শারিকা… পঞ্জরে** ২৬৪ | ধৃত শারিকা যেমন পিঞ্জরাবদ্ধ হইয়া ছটফট করে, তেমনই কৃষ্ণপ্রেমাতুরা রাধিকা গৃহপিঞ্জরাবদ্ধ হইয়া অনুক্ষণ কষ্ট পাইতেছেন। |
| **ধরিলেন্ত** ১৬৮ | ধরিল |
| **ধরিসিঞা** ২০৭ | আসিয়া ধরি |
| **ধর্মখেআ** ১৭৮ | যে-খেয়াপারে পারের কড়ি লাগে না |
| **ধর্ম ধর্ম… রাত্রিকাল** ৭৬ | নানা পুণ্য কর্মে রাত্রি অতিবাহিত করিল |

| | |
|---|---|
| **ধাই** ৮৬ | গতি |
| **ধাউর** ১৬২ | ধূর্ত। ধাবকর>ধাঅঅর>ধাউঅর>ধাউর |
| **ধাড়ি** ২০৬ | বাগান |
| **ধাধসে** ১২৩, ১৫১, ২৪৭, ২৯৩, ৩০৩ | বিহ্বলতায়। 'অবহু রভস রস করলহুঁ ধাধস'—জ্ঞানদাস দ্বন্দ্ব>ধন্ধ>ধাঁধা+হিন্দি 'সে' |
| **ধান** ৬৭, ২৭৫, ২৭৮, ৩১০, ৩২৯, ৩৩২ | পরিমাণবিশেষ।' সিকি রতি, ৪ ধানে ১ রতি। 'চারি ধানে রতি হয়'—শুভঙ্কর |
| **ধেআই** ২৫৫ | চিন্তা করি। 'আহোনিশি যোগ ধেআই' শ্রী. কী ১৪১ |
| **ধেউর** ১৮৫ | ধাড়ি, বয়স্ক |
| **ধেনু, ধেনুক** ৩৭, ৯৮, ২৫৪, ৩১৬ | কংসচর ধেণুকাসুর ; এই অসুর বলরামকর্তৃক নিহত হয় যমুনা-পুলিনে তালবনে |
| **ধ্যানলএ** ২৬৯ | ধ্যানে লীন হইয়া |
| **নঅ** ২৯৭ | অগ্রাহ্য |
| **নআন** ১৯, ২৪৮ | |
| **নখটঙ্কে** ২৪৪ ৩৩ | তীক্ষ্ণধার নখদ্বারা। নখরূপ টঙ্ক বা অস্ত্রবিশেষ |
| **নগরশোহনী** ৫৬ | নগরের শোভাকারী |
| **নগরিআ** ৫৯ | নগরবাসী। 'নগরিয়া লোকে প্রভু যবে আজ্ঞা দিল' চৈ. চ ৭৫২ (আদি) |
| **নঠ** ২৫ | নষ্ট। 'চিরকাল দধি দুধ ঘরে নঠ হএ' শ্রী. কী ১২ |
| **নড়ি, নঢ়ি** ৬৪, ৭৬, ৮০, ১১৫, ১৩৮ | যষ্টী। থই লয় ঘিচী কড়ি বিদমালা দেই নড়ি<br>হরিদ্রা বসন পান গুয়া॥ চণ্ডী ৩৮৫ |
| **নন্দ** ৪৩, ৭২-৪ ৭৯, ৮৭, ৯৯, ১০২, ১১১, ১১৩, ১১৭-৮, ১২২, ১৩৩-৪, ১৫৪, ১৬৮, ২৫৪, ২৬৯-৭১, ২৭৩, ২৮১, ২৮৮, ৩০২ | ইনি পূর্বে দ্রোণনামক বসু ছিলেন ; ধরা ছিলেন ইঁহার স্ত্রী। ব্রহ্মার আদেশে দ্রোণ নন্দ নামে এবং ধরা যশোদা নামে ব্রজধামে জন্মপরিগ্রহ করেন। ভগবান শ্রীকৃষ্ণ ইঁহাদের একান্ত ভক্তিতে পুত্ররূপে পৃথিবীতে অবতীর্ণ হন। |

| | |
|---|---|
| **নবগ্রহমণি, নবগ্রহী** ১২০, ১২৪ | নয়টি গ্রহের তুষ্টির জন্য নয়টি পৃথক পৃথক রত্ন |
| * **নবাতের** ৩২১ | খেজুরগুড়ের গোল ছোট পাটালির। 'নারিকেল শর্করা নবাত' ম.বি ১৫০। ফা. নবাত |
| **নবিনী** ২২০ | নবীনা |
| **নলকূবর** ৭১ | অন্যতর কুবেরকুমার। অপর পুত্রের নাম মণিগ্রীব। দুর্নীতির অপরাধে ইঁহারা দুইজন দেবর্ষি নারদকর্তৃক অভিশপ্ত হইয়া বৃন্দাবনে যমলার্জুন বৃক্ষে পরিণত হন। |
| **নশান** ২৭৪ | শানিত। 'সোহসিং নিঃশান এয়ায়' ঐ. ব্রা ৭৯ 'তীক্ষ্ণ রসান কাটারি' ম. বি ২১৩ |
| **নহলি** ১৪০, ১৫৯ | নূতন। 'দিনে দিনে বাঢ়ে তার নহলী যৌবন' শ্রী. কী ৫ |
| **নহে** ১৭২, ২৬২, ৩০৩, ৩০৬ | দ্র. নঅ |
| **নাঅর** ১৮ | নাগর। 'মুচ্ছউ নাঅর বজ্‌ঝই মুঢ়ো' চ. প ১২২।<নাগর |
| **নাকসাটে** ২৬৫ | |
| **নাগরপনা** ৫৪ | রসিকতা। 'এহা জানী তেজ কাহ্নাঞি নাগরপণা' শ্রী. কী ৯৬ |
| **নাগেশ্বর** ২০৯ | নাগকেশর। চাম্পা নাগেশ্বর আর নেআলী মাহ্লী' শ্রী. কী ৬ 'রাঙ্গন তুলিলা নাগেশ্বর' চণ্ডী ১০৯ |
| **নাচএ** ১৬ | নাচে। 'নাচএ নারদ ভেকের গতী' শ্রী. কী ১ |
| **নাছ, নাছে** ৮, ১৫, ৭৭, ৮৬, ৩২১, ৩৩৩ | পাছ দুয়ারের পথ; কিন্তু প্রচলিত অর্থ, সদর দরজা। 'নাছে গিআঁ চাহে রাহী নান্দের নন্দন' শ্রী. কী ১২২ 'জাঁদা রহে প্রতি নাছে প্রজারা পালায় পাছে' চণ্ডী ২২। রথ্যা>লচ্ছা>লাছ>নাচ |
| **নাছিল** ২৬৪ | ছিল না। 'কপট সাগর হৃদয় তোহ্মার নাছিল মোর গোচরে' শ্রী. কী. ৮৫। না+আছিল |
| **নাট** ৯৫ | নৃত্য, অভিনয়, কৌতুক। 'মিছা খড়ি পাড় কাহ্নাঞি কপট নাটে' শ্রী. কী ২২ 'নর্তক বাদক ভাট নবদ্বীপে যার নাট' চৈ. চ ৬৬৬ (আদি) |
| **নাটকী** ৭৮ | ক্রিয়াকৌশল |
| **নাটুআর** ৭৮ | নাট্যকলাবিষয়ের |

| | |
|---|---|
| **নাটের** ১৬২ | কৌতুককারী ( বিশেষণ ) |
| **নাথি** ৯৮ | পদাঘাত। লাথি>নাথি। ফা. লকদ্ |
| **নামকে** ৩৬ | নামের জন্য |
| **নাম্বএ** ৫৬ | লম্বমান হয়, ঝুলিয়া পড়ে |
| **নাম্বিলা** ১০৩ | অবতরণ করিলেন। 'বসন তেজি নাম্বিলী যমুনার জলে' শ্রী. কী ১০২ |
| **নারিকেলবাড়ি** ২০৬ | নারিকেলের বাগান। 'লক্ষকের বৃন্দাবন মোর ফুলবাড়ী' শ্রী. কী ৮৬। বাটিকা>বাডিআ>বাডী, বাড়ী, বাড়ি |
| **নারিএঁা** ১৯২ | না পারিয়া |
| **নারেঙ্গ** ৭৭ | লেবুবিশেষ। 'ছোলঙ্গ নারঙ্গ কামরঙ্গ আম্ব্ লেম্ব্ ডালিম্ব' শ্রী. কী ৮১ 'ইক্ষু-নাড়ু ভারে ভার ছোলঙ্গ নারঙ্গ আর' চণ্ডী ৩৮৬ |
| **নালা কুড়ি** ১৭৯ | নালা খুড়িয়া বা কাটিয়া |
| **নালিতা** ১২৪ | কোমলতা; নালিতা শাক অথবা পদ্মের নালের মতো কোমল। 'রান্ধিবে নালিতা শাক হাণ্ডী দুই তিন' চণ্ডী ১৭৫ |
| **নাহা** ১০ | নাথ, প্রভু। 'ন পুচ্ছসি নাহা' চ. প ৬৬।<নাথ |
| **নিঅড়, নিঅড়ি** ১৩৮, ২৩৬ | নিকট, নিকটে। 'নিঅড়ি বোহি মা জাহু রে লাঙ্ক' চ. প ৮৮ 'তোর সমে আছে মোর নিয়ড় সম্বন্ধ' শ্রী. কী ১০৪ |
| **নিঅল** ৩০১ | নিগড় |
| **নিউদ্দেশ** ২৪৮ | অন্তর্হিত, নিখোঁজ।<নিরুদ্দেশ |
| **নিকটিএঁা** ২৬৬ | বাহির করিয়া |
| **নিকপটে** ১৪৬ | অকপটে |
| **নিকরুণা** ২২৬ | নিষ্ঠুর |
| **নিকলিএঁা** ২১৯ | বাহির হইয়া। 'ঝলকে ঝলকে রক্ত নিকলয়ে তুণ্ডে' চণ্ডী ২৩১। হিন্. নিকল।<নির্গলন |
| **নিকলিতে** ১৭৩ | বাহির হইতে |
| **নিকলিল** ২৭৫, ৩৩৭ | বাহির হইল। 'নাভি হতে নিকলিল আর পদখান' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ৮১ 'ঝলকে ঝলকে রক্ত নিকলয়ে তুণ্ডে' চণ্ডী ২৩১ |
| **নিকসিএঁা, নিকশি** ৩৬, ২৩৮ | নির্গত হইয়া, চ্যুত হইয়া, ফসকাইয়া। 'কলার পাটুয়াখোলা হৈতে আম্র নিকাশিয়া' চৈ. চ ৫৩৪ (অন্ত্য ) |

**নিকালএ, নিকালিল** ৮১, ১০২, ১১৩, ১১৮, ২৪৪, ২৭৮ বহিষ্কৃত করিল। 'হিন্দু বোলি দূরহি নিকার' বিদ্যাপতির কীর্তিলতা ; দ্র. ম. বা. বা ৬ 'তুলিয়া আছাড়ে ভূঞে সুনীত নিকলে মুঞে' চণ্ডী ১৫৪। হিন. √নিকাল

**নিখকের** ২৭৬ ক্ষুদ্র উকুনের।<নিক্ষা+কের অথবা ∠নিক্ষা+ক+এর

**নিগম** ৩০, ৬৯, ৭১ দ্র. আগম

**নিচোলে** ৭২, ২২৮, ২৫৯ উত্তরীয় বস্ত্র। 'এথাঞিঁ কাহ্নাঞিঁর মোঁ ধরিবোঁ নিচোলে' শ্রী. কী ১১০ 'মাথ আধপর রহল নিচোল' জ্ঞানদাস

**নিছনি** ৫৫, ১৮০, ২১৪, ২২৪, ২৩৮, ৩০২, ৩১০, ৩২৭, ৩২৯, ৩৩১ উৎসর্গ, নিবেদন, আলাই-বালাই। 'নিছন লইআঁ কাহ্নাঞিঁ থাকু এক বাটে' শ্রী. কী ৪৮ 'চরণ-নিছনি ফুল চরণের রজ' চণ্ডী ৪৪।<নির্মঞ্ছনীয়

**নিছিঞাঁ পেলে** ২৬১ অর্ঘ্যোপহার দেয়। 'নিছিয়া পেলিল নানা বড় খই কলা' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ, পৃ ১৫৬ 'মো পুনি ইছিয়া নিছিয়া লইলু' চণ্ডীদাস

**নিধান** ৫৮ ভাণ্ডার, আগার

**নিবিঝমে** ৩২৪ স্পন্দনরহিত, স্থির

**নিবিবন্ধন** ২৮, ২৪৪ রমণীর কটিবন্ধনী। 'তনু মন বিবশ খসয়ে নিবিবন্ধ' বিদ্যাপতি

**নিবুধি** ৭৪ নির্বোধ। 'জো সো বুধী সোই-নিবুধী' চ. প ৯০।<নির্বুদ্ধিক

**নিমাথী** ১৫৩ যেখানে মাথা বা কর্তা নাই, অভিভাবকহীনা, অনাথা। 'নিমাথি দেখিআঁ মোক বল করে কাহ্নে' শ্রী. কী ১০৭

**নিমিটে** ১৫ পলক ফেলে

**নিমিষাই** ২৬১ নিমিষের মধ্যে

**নিরঞ্জন** ৩৩, ৪৭, ৬৯ পরব্রহ্ম। 'বুদ্ধরূপ ধরিআঁ চিন্তিলেঁ নিরঞ্জন' শ্রী. কী ৯২ 'যগত অধিপ নিরঞ্জন' চণ্ডী ২

**নিরিশনে, নিরির্শনে** ২৫৩, ২৫৬, ৩১৫, ৩১৭, ৩২২ চিহ্ন, নিদর্শন। 'নিজ ঘণ্টা দিয়া নিরীশন' চণ্ডী ৯০

**নির্মছিএগ** ১১৮ আরাধনা করিয়া। 'প্রাণরাজ্য করোঁ প্রভুপদে নির্মঞ্ছন' চৈ. চ ৩৭৬ (অন্ত্য)

**নিশ্চএ ভাগে** ২৮ নিশ্চিত কালে অর্থাৎ উপযুক্ত সময়ে

| | |
|---|---|
| **নিশ্চএর বেলে** ৭৫ | দ্র. নিশ্চএ ভাগে |
| **নিহরে** ১৬৫, ১৭৮ | দগ্ধ বা বিদ্ধ করে। ∠ নির্হরণ |
| **নিঃক্ষত্রিঅ** ৪৪ | বিষ্ণুর ষষ্ঠাবতারের প্রসঙ্গ |
| **নীত** ২৪, ৫৮, ২৮৮ | নীতি, শাস্ত্রবিধি |
| **নীরে ক্ষীরে···মন** ১৯১ | জল এবং দুগ্ধ যেমন মিলিয়া যায়, তেমনই রাধিকা এবং কৃষ্ণের মনও এক হইয়া গেল |
| **নুনির** ৬২, ৯৯, ২০৬ | নবনীর |
| **নেঅটাঅ** ৩২১ | প্রত্যাবর্তন করে। নি-√বৃৎ>নিবট্ট>নিঅট্ট>নিঅট, নেঅট |
| **নেঅটী** ১৬ | ফিরিয়া। 'এত বলি নেউটি প্রভু গেলা নিজস্থানে' চৈ. চ ৪৪২ (অন্ত্য) |
| **নেআই** ৫৮, ১৫৯ | তর্কবিতর্ক ; চলিত ভাষায় 'নেই করা'। 'আশেষ নেআঅ জুড়ী' শ্রী. কী ৩৯।<ন্যায় |
| **নেআই, নেআইএ, নেআএ** ১৬, ৬৭, ৭৩, ১৪৬, ১৯২, ২০০, ২৭৭, ৩০৯, ৩২০ | কাটাই, কাটায় |
| **নেআইবে** ৭৪ | হস্তচ্যুত করাইবে, লওয়াইবে |
| **নেআইল** ১৯২, ২৫৫, ২৬৩, ৩৩৫ | তর্কবিতর্ক করিল, হারাইল, অতিবাহিত করিল দ্র. নেআই |
| **নেউ** ১৭৬ | লউক। 'যে হএ মজুরি তার তাহাকেহো নেউ' শ্রী. কী ৭৮ |
| **নেউটি** ১৬৪ | দ্র. নেঅটি |
| **নেউটিএগ** ৫৮ | ফিরিয়া |
| **নেকু** ১৬২ | লউক |
| **নেঙ্গুরের** ৩০২ | লাঙ্গুলের |
| **নেতফালি** ৮০, ৯৩ | এক টুকরা সূক্ষ্ম বস্ত্রবিশেষ। 'পরিধান নেত লাসী' শ্রী. কী ১৩১ |
| **নেতের** ৫৯, ৬২, ৮২, ১৬৪ | সূক্ষ্ম বস্ত্রবিশেষের। 'নেতবাস ওহারণ দিআঁ' শ্রী. কী ৪ 'নেতের বসন পরিধান' চণ্ডী |
| **নেবারে** ৬৩ | নিবারণ করে |
| **নেহ, নেহা** ২৪০, ২৫২, ২৫৫ | স্নেহ। 'আহ্মা সনে নেহ রাধা বড় পুণ্যে পাইএ' শ্রী. কী ২৩ 'ক্ষেণেক সোয়াস্ত নাহি মন চিত কি হল্য শ্যামের নেহা' চণ্ডীদাস |

**নেহালি, নেহালে** ৪৮, ৯৫, ১০৬, ১২১, ১২৪, ১২৬, ১২৮-৯, ১৯০, ১৯৪, ২০০, ২০৩, ২০৭, ২১১, ২১৫-৭, ২২৩, ২২৬, ২৪৭, ২৪৮, ২৫৪, ৩২৮ — দেখে, দেখা যায়। 'উঠিয়া পর্বত-পাড় নেহালয়ে ঝোপঝাড়' চণ্ডী ১৬৫ 'মায়া অনুবন্ধে ছায়াল নেহালে' ভট্টশালী-সম্পাদিত কৃত্তিবাস-রামায়ণ' পৃ ৫৩ 'ষবে জাওঁ আল কাহাঞিঁ মথুরার হাটে। আহ্মাক নেহালী তোহ্মে যাহা বাটে বাটে॥ শ্রী. কী ৫২। <নিভালন

**নেহাসিঞা** ১০৭ — আসিয়া গ্রহণ কর। নেহ+আসিঞা

**পঅড়ে, পএড়ে** ৪৫, ৬৪ — প্রবাহে। রাঢ়ে, বিশেষতঃ দক্ষিণাঞ্চলে 'পএড়' (=বন্যা) কথাটি বিশেষ প্রচলিত। <*পয়গড়

**পআন** ৪১, ১২৫, ১৯৯, ২৮০-২, ২৮৬ — প্রস্থান। 'জাইয়া সঙ্গে ধর্মকেতু কথ কালে মুক্তি হেতু বারাণশী করিলা পয়ান' চণ্ডী ১৪১। <প্রয়াণ

**পঙ্গুআ, পাঙ্গুআ** ৯৬, ১৮২ — খঞ্জ, পাদবিকল। 'মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্' গীতামঙ্গলাচরণ

**পটহা** ১৬ — ঢাক, বাদ্যযন্ত্রবিশেষ। 'সন্ধ্যাবলিপটহতাং' মেঘদূত, পূর্ব।৩৪.

**পড়খা** ১৯৮ — পরখ, বোরখা ?

**পড়িএ নাঞি** ১৮ — পড়ে না

**পড়েসিঞা** ৩১৯ — আসিয়া পড়ে

**পদ্মাবতী** ২১৩, ২১৬ — অষ্ট সখীর অন্যতমা

**পর** ৩৩১ — শ্রেষ্ঠ, উত্তম। 'ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ' গীতা, ৩।৪২

**পরতেখ** ৫ — প্রত্যক্ষ। 'ভাল ভৈল বড়ায়ি মোর ভৈল পরতেখ' শ্রী. কী ৫৪

**পরহু, পড়হুঁ** ১৯, ২০, ৩৬, ৩৮, ১৩০, ২৮৫ — পড়ি, পতিত হই। 'না ভাণ্ডিহ সত্য বল পড়হুঁ চরণে' শ্রী. বি

**পরাঅত** ২৮ — পরের অধীন। <পরায়ত্ত

**পরিআসে** ২৮৮ — সম্যক আয়াসে, অতিক্লেশে

**পরিখ্যা** ২০৪ ৫ — পরিখা। 'পরিখীকৃতসাগরাম্' রঘুবংশম্, ১।৩০

**পরিৎসদে** ১৫-৭, ৮২ — পারিষদ্ লইয়া, সভাসদে, পরিচ্ছদে

| | |
|---|---|
| **পরিভএ** ৬৮ | পরাভব |
| **পরিশণে** ১২২, ১৯৭ | অন্নাদি পরিবেশনে |
| **পরিশনে** ৩০৩ | স্পর্শনে |
| **পরিশে** ৯৫ | পরিবেশন করে। 'পরিশে লহনা নারী গায় দেখি ঘর্মধারা' চণ্ডী ১৩৫ |
| **পলভ ছাড়িয়া …চিবাএ** ৭ | কণ্টকভোজী ন্যায়; লোকশাস্ত্র-প্রসিদ্ধ কতকগুলি বিশেষ দৃষ্টান্ত ( popular maxim ) আছে; ইহাদের 'ন্যায়' বলা হয়। এইরূপ ন্যায় অনেক; 'উষ্ট্রকণ্টকভক্ষণ ন্যায়' ইহাদের অন্যতম। ইহার ব্যঞ্জনা, অল্প সুখের আশায় প্রচুর দুঃখভোগ। |
| **পহিল, পহিলহি** ৮৪, ৯৯, ১০২-৩, ১০৫-৬, ১৩৩, ১৪৩, ১৫০, ১৭৩, ১৯৭, ২০০, ২০৬, ২৭৫, ২৯৬, ৩১৪, ৩১৯ | প্রথম। 'পহিল বিআণ মোর বাসনয়ুড়া' চ. প ৭২<br>'ভূঞা হাসি কহে—আমি জানিয়াছি পহিলে।<br>অষ্ট মোহর হয় তোমার সেবক-আঁচলে॥' চৈ. চ ৮২৯ (মধ্য)<br>'পহিলহি রাগ নয়নভঙ্গ ভেল।<br>অনুদিন বাঢ়ল—অবধি না গেল॥' চৈ. চ ৩৪৬ (মধ্য)।<br>হিন. পহিল |
| **পসারে** ৯ | বিক্রয়যোগ্য দ্রব্যসামগ্রীর আধারে। 'লুঁড়িআঁ সব পসার খাইবোঁ দধি তাহার' শ্রী. কী ১১ |
| **পাই** ৭ | পাওয়া যায়। 'কাঁচ ফল ভাঁগিলে কিছু রস না পাই' শ্রী. কী ৪৭ |
| **পাইএ** ৯ | পাওয়া যায়। 'আহ্মা সমে নেহ রাধা বড় পুণ্যে পাইএ' শ্রী. কী ২৩ |
| * **পাইক** ২৫ | প্রহরী, পদাতিক। 'পাইক পায়দল আগু ধায়' ম. বি ৭০ 'ধায় পাইক চাপ ঢাল' চণ্ডী ২৯৬। ফা. পইক। ∠পাদিক |
| **পাউ** ৩৬ | পাই ( উত্তম পুরুষে ) |
| **পাউটি, পাঙরি** ১৯৫, ২০৪ | পায়ের অলংকারবিশেষ |
| **পাঁউ** ২৭৮ | পাউক |
| **পাঁতরে** ৩১৬ | প্রান্তরে। 'পাঁতরে একসরী পাইলেঁ নিমাথিতী' শ্রী. কী ১৭ |
| **পাকা-মহাকাল-চিন** ২৩৯ | অত্যন্ত কুটিলতার চিহ্ন |
| **পাকিল** ৩০৭ | পক্ব ( বিশেষণ )। 'দেখিল পাকিল বেল গাছের উপরে' শ্রী. কী ১৮ |
| **পাকে** ৩৬, ১০৭, ১৩২, ২৯৫ | কারণে, প্রকারে। 'পাকে সম্বর মারি' শ্রী. বি ৮৬ 'জামাতার পাকে ঘরে হৈলা শর্পভয়' চণ্ডী ৮৩ |

| | |
|---|---|
| **পাকের** ১৪৯, ১৬১ | কুশলী |
| **পাখড়ি** ২২৭, ২৩০ | পাপড়ি। 'এক স পদমা চৌষট্টি পাখুড়ী' চ. প ১০ 'ফুল তুলি লৈল রাধা ভাঙ্গিআঁ পাখুড়ী' শ্রী. কী ৮৬ |
| **পাখালিঞা** ৩৩৩ | ধুইয়া। প্র-√ক্ষালি>পক্‌খাল>পখাল, পাখাল |
| **পাখি…উড়ি পড়ি** ২৬৯ | 'পাখী জাতি যদি হঙ পিয়া পাশে উড়ি যাঙ' বিদ্যাপতি 'পাখি নহোঁ তার ঠাই উড়া পড়ি জাওঁ' শ্রী. কী ২৯৪ |
| **পাগ** ২১৫, ২৮৯ | উষ্ণীষ। 'মৌলার বক্ষিণী বন্দ মস্তকের পাগে' চণ্ডী ১৭। হি. পাগ |
| **পাগুড়ি** ২০৪, ২২০ | পায়ের অলংকারবিশেষ |
| **পাওড়ি** ৩৩৬ | প্রাকৃত, নীচ, ইতর।<পামর |
| **পাছাড়ি** ২০৫ | পশ্চাৎ করি বা ফিরাই |
| **পাছাড়ে** ৮১, ৯৯, ৩১৭ | প্রসরণে, প্রসরণপূর্বক চাহে, আকুলি বিকুলি। ∠প্র-√সারি |
| **পাছুআ** ১৪২ | পশ্চাৎ। 'নেত ধড়ী পিন্ধি আগু পাছু গাম্বাএ' শ্রী. কী ১৩৩ |
| **পাছোড়া** ৮৫, ১২১ ১৯৪, ৩০১ | গাত্রবস্ত্র।<প্রচ্ছদ |
| **পাজ কাটে** ৭৭ | জাবর কাটে, রোমন্থন করে |
| **পাট** ৫৯ | পাটা, কাষ্ঠ, চাপ। 'চারি পাট চিরী নাঅ দিল যোখ মাপে' শ্রী. কী ৫৫ |
| **পাটছাতা** ১২১ | রেশমের ছাতা |
| **পাটতাল** ১৯৫ | |
| **পাট থোপা** ৩০১ | পট্টস্তপ, রেশমী সূত্রগুচ্ছ। 'মুকুতার ঝারা পাটথোপ দুই পাশে' শ্রী. কী ১২৩ |
| **পাটাড়ি** ৮৫ | প্রধান খেলোয়ার |
| **পাটাড়িল** ৯৮, ১০২, ১১৪, ১৯৫, ২০৯ | ঘিরিল |
| **পাটান্তর, পাটান্তরী** ৭০, ১৪৪ | তুলনা |
| **পাটী পাটী** ১২৫ | পরিপাটীরূপে |
| **পাটে** ১৬১ | সিংহাসনে, রাজতক্তে। 'না মানসি কংসরাঅ পাটে' শ্রী. কী ৪২ |
| **পাটে পাটে** ১৮৭-৮, ১৯৫ | প্রতি-অংশে |

| | |
|---|---|
| **পাটোআড়ে পাটোআর** ৫৭, ৮০, ২৫৯ | বিস্তৃত হয়, বিস্তার |
| **পাড়ি** ২০৮ | পাহাড় |
| **পাঢ়এ** ৫৭ | |
| **পাণ্ডেমা** ২৮ | পাণ্ডুবর্ণ |
| **পাতনে** ৪২ | স্থাপন, অবস্থান |
| **পাতহ পাষণ্ডে** ১০৭ | পাপিষ্ঠাচরণ কর |
| **পাতিআ** ৫৩ | শপথ। 'য়েই না কথায় পাতিয়ায় কোন জন' চণ্ডী ৩১৮।<প্রত্যয় |
| **পাতিআই** ৫৪, ১৬৯ | প্রত্যয় করাই, সান্ত্বনা দেই। 'তা স্থণি কে বা পাতিআএ' শ্রী. কী ৪২ |
| **পাতিআন** ২৪০ | সান্ত্বনা, বিশ্বাস। 'দুয়েরে বাল্মাকি মুনি দেন পাতিআন' কৃত্তিবাস |
| **পাত্যাইতে** ৫৪ | প্রত্যয় করিতে, শান্ত করিতে |
| **পাত্যাএ** ৭২ | বিশ্বাস। <প্রত্যয় |
| **পানি** ৩১৯ | প্রস্থান। <প্রয়াণ |
| **পানিসাহে** ১৫ | বিবাহে জলসাধা-বিষয়ে ( বরুণ বা গঙ্গার সাধনা ) |
| **পান্তো** ৯৩ | দিকে। <প্রান্ত |
| **পাপ-আলক্ষী .. নাঞি** ৭৮ | অলক্ষী পাপ ভিন্ন আর সমস্তই গৃহে আছে। ইহাতে বৃন্দাবনের পুণ্যবত্তা সূচিত হইতেছে |
| **পারণা** ১৭০, ২৪১ | উপবাসের পর পানীয় বা ভোজ্য গ্রহণ |
| **পারা** ১৩৬, ১৯৩, ২২৪, ৩৩৩ | সদৃশ। 'যে দেখি যে শুনি শুন বিনোদিনী পরাণ হারাবে পারা' চণ্ডীদাস 'কোথাহ না দেখি গ দুখিনী মোর পারা' চণ্ডী ৭৪।<প্রায় |
| **পারাইঞা** ১৮৫ | পার হইয়া |
| **পার্যাবার** ১৭৫ | পারাপার, পার হইবার |
| **পালাউ** ২৪১ | পলায়ন করুক। 'পালাউ আন্ধার মদন বিকার' শ্রী. কী ৮৬ |
| **পাসরহ** ১০১ | ভুলিয়া যাও |
| **পাসরি** ২১, ৪০ | বিস্মৃত হইয়া। 'আনেক ভকতি কৈলোঁ পাসরিলেঁ কিকে' শ্রী. কী ১৪০। বি-√স্মৃ>বিস্মরণ>বিসরণ>পসরণ, পাস্‌রণ। হি. বিসরনা, পাসরনা |

**পাসলী** ১৯৮ — পাদাঙ্গুলির ভূষণবিশেষ। 'কনক মল্ল তোর আর পাসলীনিকর' শ্রী. কী ১৫০ 'অঙ্গুরী অঙ্গুলে দিল পাসুল চরণে ভাল' চণ্ডী ১৭৮

**পিঅ** ৫৬ — পান কর। <পিব

**পিঅল** ১২৩ — পান করিল

**পিআঁন** ৫৯, ১৬৩, ১৭৬ পরিহিত, পিনদ্ধ। <পিন্ধন

**পিআসিআ** ৭৭ — পিপাসিত

**পিকবরি** ২৩৪ — পিকবর, কোকিলশ্রেষ্ঠ

**পিঠালি** ৪৪ — চালগুঁড়ার কাই বা আতপ চাউল বাঁটা। পিষ্ট>পিট্‌ঠ>পিঠা+লি

**পিঢ়াপিঢ়ি** ৬৪ — কাষ্ঠাসন। 'মারয়ে পিড়ির বাড়ি কোণে বস্যা কান্দী' চণ্ডী ৭৪। পীঠ>পীঢ>পীঢ়, পীঢ়া, পীঢ়ি

**পিণ্ডাএ** ৭৩ — পিঁড়াতে, বারান্দায়, বেদীতে। (মুণ্ডারি 'পিন্‌ডা'=বারান্দা)

**পিনাক** ২১৫ — বাদ্যযন্ত্রবিশেষ। 'পিনাক ধনুক যার অনন্ত সিঞ্জীনী' চণ্ডী ৪৪

**পিপীড়াকে** ২৮৯ — পিপীলিকার

**পিল** ৩০৩ — পান করিল। 'মধু পীল হৃষ্ট কাহ্নে' শ্রী. কী ১৫১

**পিশুন** ২৬৩, ২৭৫ — খল, ক্রূর। 'মনমথ পিশুন কয়ল জীউ অন্ত' জ্ঞানদাস

**পীড়এ** ৬২ — পীড়ন করে

**পুছএ** ২৫১ — জিজ্ঞাসা করে। 'পুনরপি ভঙ্গী করি পুছয়ে তাহারে' চৈ. চ ১১২ (অন্ত্য)

**পুছিল** ৭২ — মুছিয়া ফেলিল। প্র-√উঞ্ছ্‌>প্রোঞ্ছ্‌>পুঞ্ছ্‌, পুংছ>পুঁছ, পুছ

**পুছে** ১৭, ৯১, ১১৬ — √প্রচ্ছ্‌>পুচ্ছ>পুছ

**পুজাএ** ১১৩ — পূজা করে

**পুঠির** ২৫৮ — পুটি মাছের

**পুড়িল গড়্যাই** ১২৬ — পোড়া গর্ত

**পুড়ু** ৩৬ — পুড়ুক

**পুতনা** ৩৭, ৪১-৪৩, ৭৪, ৮৬, ৯২, ১৩৬, ১৬৫-৬, ২০২, ২৫৪, ২৫৬, ২৬৭, ২৯৭, ৩০৩ — কামচারিণী বালঘাতিনী রাক্ষসী। কংসের আদেশে এই রাক্ষসী স্তনে বিষ মিশ্রিত করিয়া স্তনপানচ্ছলে কৃষ্ণকে বধ করিতে গোকুলে গমন করে। পূর্ব হইতে কৃষ্ণ তাহা জানিতে পারিয়া বিষমিশ্রিত স্তনপানে রাক্ষসীকে সংহার করেন। হরিবংশে জানা যায়, পূতনা কংশের আদেশে শকুনীবেশে নন্দালয়ে উপস্থিত হয়।

**পুতন্তি** ১৫৫ — পবিত্র হয়

**পুন** ৩৪, ২৩২ — পুণ্য। 'বাঁশীগুটী দেহ যবেঁ বড় পুন পাহ তবেঁ' শ্রী. কী ১২৮

| | |
|---|---|
| **পুনি** ১২৪, ১৪২ | পোয়ান ; কাঁচা হাঁড়ি কলসী ইত্যাদি পোড়াইবার চুল্লী। 'মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী' শ্রী. কী ১১৬। পবন>পঅণ> পন, পুনি |
| **পুরল** ২২৯ | 'নিরমল গৌরপ্রেমরস সিঞ্চনে পূরল সব মন আশ' প. ক।১ |
| **পুরী…গুণিজনে** ৮ | গুণী জনের হৃদয়ানন্দস্বরূপ মথুরাপুরী দেখিয়া |
| **পুরূবে…ভগবতী** ৩৪ | দ্র. ধরণী। শ্রীমদ্‌ভাগবতে দৈবকীর বিশেষ পরিচয় আছে। দ্র. ভা।৯।২৪ |
| **পুশি** ৭৩ | প্রবেশ করিয়া। 'গলাত পাথর বান্ধি দহে পশি মরে' শ্রী. কী ১৫৯ |
| **পুষ্করাদি** ১১২, ১১৪ | চতুষ্টয় মেঘাধিপতি |
| **পূর্ণমিক** ২৩০ | পূর্ণিমার। 'কাল মেঘের পাশে শোভে পুনমির চন্দ' শ্রী. কী ৩৭ |
| **পৃষ্টি** ১০ | পৃষ্ঠপ্রদর্শন ( শত্রুকে দেখিয়া পলায়ন ) |
| **পেলাইল** ২৩০ | ফেলিল। 'পাএ পেলাইল রাধা তোর গুআ পান' শ্রী. কী ১০ 'দক্ষের কাটী শীর অনলে মোহাবীর পেলাইলা যজ্ঞের কুণ্ডে' চণ্ডী ৫২। প্র-√ঈরি>প্রের>পেল্ল>পেল |
| **পেলাউ** ৩৬, ৩৮ | ফেলিয়া দেই। 'বাতাস বুঝিয়া পেলাই' প. ক।৯৫৬ |
| **পেলাএ** ৫৮, ২৬৫ | ফেলায় |
| **পেলাঙ** ৩৮, ২০৭ | ফেলি |
| **পেলাপেলি** ৪৫, ৯৩, ১২১ | ধাক্কা, ঠেলাঠেলি। 'আরম্ভিল জলকেলি অন্যোন্যে জল-পেলাপেলি' চৈ. চ ৬৩৮ ( অন্ত্য ) |
| **পেলাহ, পেলিহ** ২৪০, ৩৩৬ | ফেলাও, ফেলিও। 'সংসারের মাঝে রাধা দুলহ জীবন। হার পেলাহ পাতল হউ [ তোর ] তন ॥' শ্রী. কী ৬৩ |
| **পেলি পেলি** ১৬ | ফেলিয়া ফেলিয়া |
| **পেলিমো** ৯৪, ১৫৬ | ফেলিয়া দিব, ফেলিব |
| **পেলিল সরিষা… জাএ** ১৫, ১২১ | নিক্ষিপ্ত অতিক্ষুদ্র কণা সরিষা পর্যন্ত তলায় যাইতে পারে না ( এতই লোকজনের ভিড় ) |
| **পেলুঁ** ২১৪ | নিক্ষেপ করি। 'দহে পেলোঁ সে ফুলের বাণ' শ্রী. কী ১১৩ |
| **পৈশে** ৮১, ২৬২ | প্রবেশ করে। 'পরঘরে পৈশে জেন চোর পাটাবুক' শ্রী. কী ১৫৯ |
| **পো** ৯২ | পুত্র। 'হআঁ কাহ্ন বড়ার পো ভাল কাম না করসি তোঁ' শ্রী. কী ২৬ |
| **পোআলী** ৫৯ | প্রবাল। 'বিম্ব পোআলেঁ এক ভৈল' শ্রী. কী ২৩০ |
| **পোখরির** ৪২ | পুষ্করিণীর |

পোখানি ৪১, ৭৪ — দ্র. পো। 'চোরের মায়ে যেন পোয়ের লাগিয়া' প. ক।৯৫৩। পুত্র>পুত্ত>পুঅ>পো।

পোওার ২৭ — প্রবাল। 'জিনি বিম্ব অধর পওারে' বিদ্যাপতি 'যেহ্ন যমজ পৌআর' শ্রী. কী ৬

পোছে ১৪৮ — মুছিয়া ফেলে। প্র-√উঞ্ছ্>পুঞ্ছ>পোঁছ, পোছ

পোড়নি ৩৩০ — কষ্ট, জ্বালা। 'দিন পাঁচ সাত রসত লাগিআঁ দুগুণ পোড়নি সারে' শ্রী. কী ১৩৭

পৌতলী ১৯৬ — পুত্তলিকাবৎ স্থির বা নিষ্পন্দ

পোসে ৬ — ভরণপোষণ করে

প্রকৃতি পুরুষ ২৪৭

প্রতিআশে ১৪১, ১৪৬ — প্রত্যাশায়। 'বড় পতিআশেঁ মোঁ খোপা ফুলে ভরী' শ্রী. কী ১৪১ 'সঙ্কেত-কুঞ্জহিঁ শেজ বিছায়ই কানু মিলব প্রতিআশ' প. ক।৩১০

প্রতীত ১৮-৯ — বিশ্বাস। 'কৃষ্ণপ্রাপ্তি প্রতীত হইল' চৈ. চ ৫৫৭ (মধ্য)

প্রবেশাল্য ১০৩ — প্রবেশ করাইলেন

প্রমাণ ২০৪ — প্রস্থ। দ্র. সি. বি. আই।২০

প্রলম্ব, প্রলম্বু ১০২- — দৈত্যবিশেষ। এই কংসচর অসুর বলরামকর্তৃক নিহত হয় বৃন্দাবনে

প্রসগতি ১৪৫ — প্রসঙ্গ

ফাগু ২১৫, ২৯০ — আবীর

ফুক ১৭, ৭৭, ১৯৭ — ফুৎকার। 'বরসা-বাদলেতে অনলে দেহ ফুক' চণ্ডী ৩৭৮ ফুৎকার>ফুক্কার>ফুকার>ফুকা, ফুক

ফুকরে ১৯৫ — প্রকাশ বা উচ্চ শব্দ করে। 'বাহা বাহা করি তবে রাধিকা ফুকরে' শ্রী. কী ৬২

ফুটল ১২১ — প্রস্ফুটিত। 'নিশসি নিহারসি ফুটল কদম্ব' প. ক।৫৩

ফুটিবাকে ৫৯ — বিদীর্ণ হইতে

ফুরিল ২৫০ — প্রকাশিত হইল। √স্ফুট>ফুট>ফুড়, ফুর

ফুরে ১৪৪, ২৬৭ — স্ফুরিত বা প্রকাশিত হয়। 'দখিন নয়ন ইহ ফূরই' প. ক।১৫৯৯

ফেখনে ৩০২ — পেখম

বআনে ৪৪ — বদন। 'নির্মল কমল বঅনে নীল উতপল নয়নে' শ্রী. কী ১৩৬

বইরাগী ১৭১ — <বৈরাগী

বইল ৩৮ — কহিল

| | |
|---|---|
| **বউলে** ১২১ | খড়মের মুকুলাকার বদ্ধ কীলক বা বলো। মুকুল>মুউল>মউল> বউল |
| **বক, বকাসুর** ৩৭, ৮৯, ৯০, ৯২, ২৫৪, ৩০৩ | কংসানুচর অসুরবিশেষ। কংসের আদেশে এই অসুর বকরূপধারণ-পূর্বক ব্রজধামে শ্রীকৃষ্ণসহ গোপালগণকে হত্যা করিবার জন্য নানা চক্রান্ত করে; পরিশেষে শ্রীকৃষ্ণকর্তৃক এই অসুর নিহত হয়। |
| **বখাটের** ১৫৪ | নীতিহীনের |
| **বচনেক** ১৫৫ | 'বচনেক বলোঁ। শুন চন্দ্রাবলী রাণী' শ্রী. কী ৬১ 'বচনেক কর অবধান' চণ্ডী ৩৩৯ |
| **বড়কে…হুএ** ১৬৫ | যে লাঘব অর্থাৎ ছোট, সে কোনো কারণে বড় হইলেও বড় বলিয়া অভিহিত হয় না |
| **বড়াই** ৮, ১২৮, ১৩২-৮, ১৪১-২, ১৪৪-৬, ১৪৮, ১৬৬ | ব্রজের বৃদ্ধাবিশেষ; প্রসিদ্ধি আছে, ইনি যশোদার মা পাটলার সহচরী। এই বৃদ্ধা নানা উপায়ে রাধা ও কৃষ্ণের মিলনে সহায়তা করেন। কেউ কেউ বলেন, ইনি যোগমায়া। |
| **বড়ি** ১৫৮ | বড়, অনেক। 'আজলী রাধা তোঁ আবালী বড়ী' শ্রী. কী ১৫ |
| **বৎস, বৎসক, বৎসকাসুর** ৮৭, ৮৯, ৯২, ১৩৬, ২৫৪ | কংসানুচর অসুরবিশেষ। কংসের নির্দেশে এই অসুর শ্রীকৃষ্ণের অনিষ্টসাধনে বৎসরূপ ধারণ-পূর্বক সুযোগ অন্বেষণ করিত। একদিন শ্রীকৃষ্ণ তাহা জানিতে পারিয়া বৎসরূপী এই অসুরকে সংহার করেন। |
| **বনপ্রিয়** ২৩৩, ২৫৪ | কোকিল |
| **বনে** ২০৫ | জল। 'সময়া বনৌঘনমদভ্রমরাণি' শিশুপালবধ, ৬।৭৩ |
| **বন্ধুকে** ২৩৭ | রক্তবর্ণ পুষ্পবিশেষে, বান্ধুলি ফুলে। 'আধর বন্ধুলী গণ্ড মধুক সমানে' শ্রী. কী ১০১ 'অধর বন্ধুক মাধ্বীক-অধিক' প. ক।২১৬৪ |
| **বন্ধের মুক্তি** ৬ | অজ্ঞানতারূপ বন্ধন অথবা সংসারের অবিদ্যারূপ বন্ধনের মোচন |
| * **বরাবরে** ২০, ৭৩ | সমীপে। 'চারি মেঘ করিবর আল্যা ইন্দ্র বরাবর' চণ্ডী ২৪৪। ফা. বরাবর |
| **বরিখএ** ১৩ | বর্ষণ করে |
| **বরুণ** ১১৭-৮ | দিক্‌পাল জলাধিপতি |
| **বলআ** ১৪৪ | বলবান। 'বাটত ভঅ খাণ্ট বি বলআ' চ. প ৯৬ |
| **বলআর** ৬২ | বলয়-ভূষণের। 'বাহুত বলআ শোভে পাএ ত নুপুর' শ্রী. কী ৬ |

| | |
|---|---|
| **বলকা-বলএ** ১২০ | অলংকারবিশেষে |
| **বলনি, বলনী** ৩৯, ৫৯ | গঠন, আকৃতি। 'উরুর বলনি রামকদলী' প. ক ।১৫৩ |
| **বলভদ্র** ৪৫ | 'বলভদ্র খানি এক গুণিলাস্ত মণে' শ্রী. কী ৯২ |
| **বলি, বলিরাজে** ৩৫, ৬৯, ৩০৫ | দৈত্যরাজ। ইঁহার পিতা বিরোচন, পিতামহ প্রহ্লাদ। ইঁহার বিশেষ পাণ্ডিত্যের পরিচয় আছে মহাভারতের অন্তর্গত শান্তিপর্বে 'বলিবাসবসংবাদে' |
| **বলিদমন** ২৪৫ | নারায়ণ |
| **বলিহে** ২৩১ | বলিবে। দ্র. আসিহে |
| **বলীআর, বলীআরি** ৪৯, ৫৩, ৮০, ১৫৩, ২৪৫-৬, ৩০০, ৩০৪ | বলবান, অতিবুদ্ধিযুক্ত। ⁄ *বলীযান্ 'বাটত ভঅ খাণ্ট বি বলআ। ভব উলোলে সব বি বোলিয়া ॥' চ. প ৯৬ |
| **বশদণ্ড** ৭৮ | |
| **বসুদেব** ৩৫, ৩৮, ৪০, ৪৯, ২৬৬ | ইক্ষ্বাকুবংশীয় বসুর পুত্র ; মতান্তরে, ইঁহার পিতা যদুবংশীয় শূর এবং জননী ভোজসুতা মহিষী |
| **বহুআরি** ১২৩, ১৫৩-৪, ১৫৯, ২০১, ২৬৩ | যুবতী বধূ। 'সসুরা নিদ গেল বহুড়ী জাগঅ' চ. প ৪৮ 'বড়ার বহুআরী আহ্মে' শ্রী. কী ৪৩ 'রাখালের হাতে খাণ্ডা বহুড়ির হাতে ভাণ্ডা' চণ্ডী ২৫৮ 'বড়াড়ি বহুআড়ি আমি বড়ারি-ঝিয়াড়ি' প. ক ।২৫৮৬ |
| **বহুত** ১৪ | অনেক। 'তাহাত দান রাধে বহুত আহ্মার' শ্রী. কী ৪৫ |
| **বহেন্তু** ৯৩ | বহন করে |
| **বাউ বই···জাএ** ৭৮ | বায়ু ভিন্ন আর কেহ গ্রাম দিয়া যাইতে পারে না অর্থাৎ বৃন্দাবনে অন্যের প্রবেশাধিকার নাই। ইহাতে বৃন্দাবনের নির্মাণকৌশল ও বিশেষ রক্ষার ব্যবস্থা সূচিত হইতেছে। |
| **বাউলে** ১৭, ২৮ | পাগল, ব্যাকুল। <বাতুল |
| **বাএ** ৮০ | বায়ু। 'পাঞ্চ পাটের নাঅ মন্থায়িল বাএ' শ্রী. কী ৬২ |
| **বাও** ৯ | |
| **বাগড়ি, বাগাড়ি, বাগুড়ি** ৮১, ৯৬, ১৬৩, ২৭৬ | কুট কৌশল, প্রতিবন্ধক। 'এড়হ বাগড় কাহ্নাঞি জাইতেঁ দেহ ঘর' শ্রী. কী ৩৩। <বাগুড়া |

**বাচহ ১৪৭** বল

**বাঞ্ছাপুরনিএ্রা ৩৩৪** আশাপূর্ণকারী

**বাজি ১২১** বাদ্য

**বাট, বাটে ৮, ১৫ ১৪৫-৬, ১৫১, ১৭৬, ১৮৭, ১৯০, ১৯৯, ২৯২-৩** পথ। 'বহল বাট তুই-আর ন দিশঅ' চ. প ৮০ 'বিঘিনি বিথারিত বাট' বিদ্যাপতি 'বাট দান হাট দান লইলেঁ৷ রাজঘরে' শ্রী. কী ১৬ 'নানা চিত্র পাশানে বান্ধিলা নাছ বাট' চণ্ডী ৯২

**বাটাইএ্রা ৯৭** ভাগ ভাগ করিয়া অর্থাৎ ছাড়িয়া দিয়া

**বাটাএ ১১৯** তাম্বুলাধারে

**বাটিএ্রাঁ ২৩০** ভাগ করিয়া। 'তুহারে প্রবোধ করি বাটিয়া দিলেন গৌরী রন্ধন করিলা ভগবতী।' চণ্ডী ৮৫

**বাটে মুখে ১৯৬** গাভীর বাঁটের মুখে

**বাড়ি ৬৩** যষ্টি। 'লাভে কিল বাড়ী খাই বান্ধিল জাই' শ্রী. কী ২৮

**বাড়ে বেঢ়া ১০৪** বেড়া দ্বারা পরিবেষ্টিত। 'পথে সিজের বারি হয়, ফুটিয়া চলিলা' চৈ. চ ৪৪২ (অন্ত্য)

**বাতে ১১৬** বার্তা, কথা। 'না চিহ্নিলি আল রাধা না শুনিলি বাত' শ্রী. কী ৩৫ 'শুনিতে তোহারি বাত পুলকে ভরয়ে গাত' প. ক।৯৪ ; হিন. বাত।<বার্তা

**বাথানে ৭৭, ৮৪** গোষ্ঠে গাভীবন্ধনের স্থানে, গোষ্ঠভূমিতে। 'বনভাগে বসায় বাথান' চণ্ডী ২৭১ 'বাথানে আসিয়া সুখে শিঙ্গা দিল চাঁদমুখে' প. ক।১২২৮

**বাদলে ২৫৮, ৩৩৫** বর্ষায়, বর্ষণে। 'ভাদ্রপদ-মাসে ঝড় দুরন্ত বাদল' চণ্ডী ২০০। ∠ বার্দল

*** বাদা বনে ২৯৮** জঙ্গলে, বহুবিস্তীর্ণ অকর্ষিত নিম্নস্থানে। আ. বাদীয়া

**বাধসে ৩৯, ১০৯** বর্ধিত হইতেছে, আতিশয্যে

**বান্ধুলি ২২৫, ২৩০** রক্তবর্ণ পুষ্পবিশেষ। 'নেয়ালী বান্ধুলী চাঁপা আর তুলসী' চণ্ডী ৯৩

**বান্ধে ২৩২** বাঁধের দ্বারা। বন্ধ>বংধ>বাঁধ। ফা. বন্ধ্

**বাপকে অধিক ৩১২** বাপ অপেক্ষা বেশি (অধিকযোগে -কে বিভক্তি)

**বাপা ৭৬** স্নেহপাত্র, পিতা। 'সরহ ভণই বপা উজুবাট ভাইলা' চ. প ৮৮

**বাপাএ ৫৪** স্নেহের দুলার পুত্রকে

**বামন ৩৫, ৪৫** বিষ্ণুর পঞ্চম অবতার

**বারেক ২০** একবার। 'বারেক করাহ যবেঁ রাধা দরশনে' শ্রী. কী ৯

**বালড়ি** ৫৬, ১৯১, ২০৬ — বাইল, কচি গোটা পাত

* **বালিসে** ২১৩, ২৯৬ — উপাধানে। ফা. বালিশ

**বালী** ১৩৭ — বালিকা। 'বহুল আনিল ঘরে যশোদার বালী' শ্রী. কী ২

**বাসহর, বাসহরে** ১৭, ১৯ — বাসর, বাসঘরে। 'গর্ত্তে নীর হেমবারী দূর্বা তণ্ডুলাদি করি পূজা লবে বাশর মঙ্গলে' চণ্ডী ৯১

**বাসাএ** ৫৩ — ইচ্ছা করে

**বাসি কাপড়** ৯০ — ধোপার ধোয়া সাদা কাপড়

**বাসুকি** ১০, ৩৫ — নাগরাজ। ইঁহার পিতা মহর্ষি কশ্যপ ও মাতা দক্ষকন্যা কদ্রু

**বাহি** ২৫৯ — বাহু

**বাহিটে, বাহিতে** ১২০, ১২৫-৬ — বাহুতে

**বাহিরাইতে** ২২৮ — বাহিরে আসিতে ( বাহির+আইতে )

**বাহিরাইল** ৯১ — বাহিরে আসিল ( বাহির+আইল ) 'চেতন পাইলে হস্ত-পদ বাহিরাইল' চৈ. চ ৫৭০ (অন্ত্য)

**বাহুক** ৭৬ — বাঁক। 'চামড় কাঠের বাঁহুক যোড়িআঁ তেবহ্ন কৈল সীকা' শ্রী. কী ৭০

**বাহুটী** ১২৫ — বাহুর অলংকারবিশেষ

**বাহুড়ি** ১৮৪ — ফিরিয়া। 'বাহুড়ী আপন ঘর করহ গমন' শ্রী. কী ৪১

**বাহুলে** ১৭৪ — পাগল, বাউল

**বাহের** ৬২, ৯১ — বাহুর। 'বাহের বলয়া না পিন্ধিবোঁ' শ্রী. কী ২৫

**বিউপতি** ৭ — জ্ঞান। ∠ ব্যুৎপত্তি

**বিউমত্তি** ২৯৩ — বিশেষ উন্মত্ত, বিমতি

**বিকে** ১৫৯, ১৬২, ১৬৬ — বিক্রয় করিতে, বিক্রয়ের জন্য। 'দধি বিকে জাইতেঁ সঙ্গে মথুরানগরী' শ্রী. কী ৫

**বিঘটাই** ১৬৭ — নষ্ট করা হইতেছে

**বিঘটাইতে** ১৭৪ — ব্যর্থ করিতে। 'মিলল রতন কিয়ে পুন বিঘটাওয়ে' প. ক ।১৭৩২

**বিঘটাসি** ১৪৬ — নষ্ট করিতেছ (তুচ্ছার্থে)

**বিচে** ৮০ — বিছাইয়া দেয়

**বিজঅ** ১৯৩, ২০৪ — যাত্রা। 'আর দিনে জগন্নাথের ভিতর-বিজয়' চৈ. চ ৬০৭ (মধ্য)

**বিতথ** ৩২১ — অনেক, বিস্তৃত। 'ত্রিভুবনে যত শোভার বিততি' প. ক।২১৪৮। ∠ বিতত

**বিতথা** ১৩ — মিথ্যা। 'ন বিতথা পরিহাসকথাস্বপি' রঘুবংশ ৯।৮। ∠ বিতথ্য

**বিতানে** ১৩০ — সমষ্টি, বিস্তার। 'বিতানিত মনসিজ-তন্ত্র' প. ক।২৬০৯

**বিথান** ৬১, ২৩০ — বিশৃঙ্খল, ইতস্ততঃ ছড়ানো, বিকীর্ণ।<বি-স্থান, বিতান

**বিথারে** ১২৪ — বিস্তৃত হয়। 'বিথর দেখিলেঁ বিথর শুনিলেঁ' শ্রী. কী ৭

